বিগর্হণামিতি। যো নরঃ, সংসদি পরমদুরাত্মনা কৃতাম্, বিগর্হণাং নিন্দাম্, সহেত। ইদং মদুক্তম্, নিদর্শনমুদাহরণঞ্চাপি পঠেৎ, স নরঃ, সদৈব দুর্জ্জনাৎ বাঙ্ময়ং কিঞ্চিদপি অপ্রিয়ং ন লভতি ন প্রাপ্নোতি। তথা শ্রবণস্যাপ্যকিঞ্চিৎকরত্বাদিত্যাশয়ঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কূটে ভস্মরাশৌ খর ইবাবুদ্ধা রজসি দুঃখে নিমজ্জতি ॥১৬॥ শালাবৃকং শ্বানমেব মনুষ্যত্বেন লোকে গৃহীতমিত্যর্থঃ ॥১৭—১৮॥ প্রত্যুচ্যমান আক্ষিপ্যমাণ এভিরসদ্ভির্নিশাম্যাভিভূয়োঽস্মৈ প্রত্যুত্তরং মা দেহীতি নিবারণীয়ঃ, তদেবাহ—মা ভূরিতি ॥১৯॥ দশার্দ্ধেন সংবৃতাঙ্গুলিপঞ্চকেন পাণিনা ইদং সর্ব্বং কুপিতমূঢ়ে সিদ্ধমেব ॥২০—২১॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১১॥

সেই দুর্জ্জন ক্রুদ্ধ হইয়া হস্তদ্বারা তাড়নও করিতে পারে, ধূলি বা তুঁষ নিক্ষেপ করিতেও পারে, কিংবা দাঁত বাহির করিয়া ভয় দেখাইতেও পারে। কারণ, মূর্খ ও নৃশংস মানুষের এই ব্যাপারগুলি প্রসিদ্ধ ॥২০॥

সে যাহা হউক, যিনি সভায় বসিয়া দুর্জ্জনকৃত নিন্দা সহ্য করিতে পারেন এবং এই নিদর্শন পাঠ করেন, তিনি কখনও দুর্জ্জনকৃত কোন অপ্রিয়বাক্য শ্রবণ করেন না" ॥২১॥

—:০:—

* '...চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ নি।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! সংশয়ো মে মহানয়ম্।
সংচ্ছেত্তব্যস্ত্বয়া রাজন্! ভবান্ কুলকরো হি নঃ ॥১॥
পুরুষাণাময়ং তাত! দুর্ব্বৃত্তানাং দুরাত্মনাম্।
কথিতো বাক্যসঞ্চারস্ততো বিজ্ঞাপয়ামি তে ॥২॥
যদ্ধিতং রাজ্যতন্ত্রস্য কুলস্য চ সুখোদয়ম্।
আয়ত্যাঞ্চ তদাত্বে চ ক্ষেমবৃদ্ধিকরঞ্চ যৎ ॥৩॥
পুত্রপৌত্রাভিরামঞ্চ রাষ্ট্রবৃদ্ধিকরঞ্চ যৎ।
অন্নপানে শরীরে চ হিতং যত্তদ্ব্রবীহি মে ॥৪॥ (যুগ্মকম্)
অভিষিক্তো হি যো রাজা রাজ্যস্থো মিত্রসংবৃতঃ।
সসুহৃৎ সমুপেতো বা স কথং রঞ্জয়েৎ প্রজাঃ ॥৫॥

ভারতকৌমুদী

পিতামহেতি। হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! কুলকরঃ কুলগৌরবকরঃ ॥১॥

পুরুষাণামিতি। বাক্যসঞ্চারঃ বাক্প্রকারঃ, ততঃ পরম্ ॥২॥

যদিতি। সুখস্য উদয়ো যস্মাৎ তৎ। আয়ত্যামুত্তরকালে, তদাত্বে বর্ত্তমানকালে চ। পুত্রপৌত্রাণামভিরামং হিতকরম্ ॥৩—৪॥

অভীতি। সমুপেতঃ শৌর্য্যাদিযুক্তঃ, কথং কেন প্রকারেণ ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—"ক্ষত্রিয়শ্রেষ্ঠ! মহাপ্রাজ্ঞ! পিতামহ! আমার এই গুরুতর সংশয়টীকে আপনার দূর করিয়া দিতে হইবে। কারণ, আপনি আমাদের বংশের গৌরবকারী ॥১॥

তাত! আপনি দুর্ব্বৃত্ত ও দুরাত্মা মানুষের বাক্যের এই সকল প্রকার বলিলেন। ইহার পর আমি আপনাকে জানাইতেছি ॥২॥

যাহা রাজ্যের হিত ও বংশের সুখজনক, যাহা ইহকালে ও পরকালে মঙ্গল ও ও উন্নতি জন্মাইয়া থাকে, যাহা পুত্র ও পৌত্রপ্রভৃতির হিতকর, রাজ্যের উন্নতিজনক এবং যাহা অন্ন, পানীয় ও দেহের পক্ষে হিতকর, তাহা আপনি আমার নিকট বলুন ॥৩—৪॥

যো হ্যসৎপ্রগ্রহরতিঃ স্নেহরাগবলাৎকৃতঃ।
ইন্দ্রিয়াণামনীশত্বাদসজ্জনবুভূষকঃ ॥৬॥
তস্য ভৃত্যা বিগুণতাং যান্তি সর্ব্বে কুলোদ্গতাঃ।
ন চ ভৃত্যফলৈরর্থৈঃ স রাজা সম্প্রযুজ্যতে ॥৭॥ (যুগ্মকম্)
এতান্মে সংশয়স্থস্য রাজধর্ম্মান্ সুদুর্বিদান্।
বৃহস্পতিসমো বুদ্ধ্যা ভবান্ সংশিতুমর্হতি ॥৮॥
শংসিতা পুরুষব্যাঘ্র! ত্বন্নঃ কুলহিতে রতঃ।
ক্ষত্তা চৈকো মহাপ্রাজ্ঞো যো নঃ শংসতি সর্ব্বদা ॥৯॥

ভারতকৌমুদী

য ইতি। অসৎপ্রগ্রহে দুষ্টবিষয়ভোগে রতিরনুরাগো যস্য সঃ, স্নেহরাগাভ্যাং বলাৎকৃতো বলেন বশীকৃতঃ। অনীশত্বাদপ্রভুত্বাৎ, অসজ্জনো বুভূষকো ভবিতুমিচ্ছুরিব বর্ত্ততে। বিগুণতাং প্রতিকূলতাম্। সম্প্রযুজ্যতে আশ্রিয়তে ॥৬—৭॥

এতানিতি। সুদুর্বিদান্ অতিদুর্জ্ঞেয়ান্। খলি গুণাভাব আর্ষঃ ॥৮॥

শংসিতেতি। শংসিতা বক্তা। ক্ষত্তা বিদুরঃ, শংসতি ধর্ম্মান্ ব্রবীতি ॥৯॥

ভারতভাবদীপঃ

পিতামহেতি ॥১॥ অয়ং নিন্দারূপঃ ॥২॥ হিতমনিন্দ্যম্, আয়ত্যামুত্তরকালে তদাত্বে বর্ত্তমানকালে ॥৩—৪॥ মিত্রসুহৃদৌ প্রত্যুপকারমপেক্ষ্যানপেক্ষ্য চোপকর্ত্তারৌ তদ্বান্, সমুপেতঃ শৌর্য্যাদিনেতি শেষঃ ॥৫॥ তথাপি জিতেন্দ্রিয়ত্বাদিগুণিতভৃত্যঃ সন্, রাজ্যে সুখং লভতে নবেতি প্রশ্নার্থঃ; সত্যপি সাধনান্তরে ভৃত্যানামানুকূল্যাভাবে রাজ্যং নশ্যতি তৎসদ্ভাবে চ সর্ব্বান্ কামান্ ফলতীত্যুত্তরমাহ—যো হীত্যাদিনা। অসৎপ্রগ্রহরতিরিন্দ্রিয়াণামনিগ্রহশীলঃ ॥৬॥ ভৃত্যফলৈ-

যে রাজা রাজ্যে অভিষিক্ত হইয়া মিত্র ও সুহৃদ্গণে পরিবেষ্টিত থাকিয়া, ক্রমে শৌর্য্যাদিসম্পন্ন হইয়া উঠিবেন, তিনি কি ভাবে প্রজারঞ্জন করিবেন ॥৫॥

অসদ্বিষয়ভোগে যাঁহার অনুরাগ, যিনি স্নেহ ও রাগের বশীভূত এবং যিনি ইন্দ্রিয়দমনে অসমর্থতানিবন্ধনই যেন অসজ্জন হইবার ইচ্ছা করিতে থাকেন, তাঁহার সৎকুলসম্ভূত ভৃত্যেরা সকলেই প্রতিকূল হইয়া উঠে; সুতরাং তিনি ভৃত্য রাখার ফল অর্থলাভ করিতে পারেন না ॥৬—৭॥

পিতামহ! এই সমস্ত বিষয়ে আমার সন্দেহ রহিয়াছে। আপনিও বুদ্ধিতে বৃহস্পতির তুল্য, অতএব আপনি আমার নিকট অতিদুর্জ্ঞেয় এই সকল রাজধর্ম্ম বলুন ॥৮॥

(৮) এতন্মে···বঙ্গ বৰ্দ্ধ নি।

ত্বত্তঃ কুলহিতং বাক্যং শ্রুত্বা রাজ্যহিতোদয়ম্ ।
অমৃতস্যাব্যয়স্যেব তৃপ্তঃ স্বপ্স্যাম্যহং সুখম্ ॥১০॥
কীদৃশাঃ সন্নিকর্ষস্থা ভৃত্যাঃ সর্ব্বগুণান্বিতাঃ ।
কীদৃশৈঃ কিংকুলীনৈর্ব্বা সহ যাত্রা বিধীয়তে ॥১১॥
নহ্যেকো ভৃত্যরহিতো রাজা ভবতি রক্ষিতা ।
রাজ্যঞ্চেদং জনঃ সর্ব্বস্তৎকুলীনোঽভিকাঙ্ক্ষতি ॥১২॥

ভীষ্ম উবাচ ।

ন হ্য প্রশাস্তুং রাজ্যং হি শক্যমেকেন ভারত ! ।
অসহায়বতা তাত ! নৈবার্থাঃ কেচিদপ্যুত ।
লব্ধুং লব্ধা হ্যপি সদা রক্ষিতুং ভরতর্ষভ ! ॥১৩॥

ভারতকৌমুদী

ত্বত্ত ইতি। রাজ্যহিতস্য উদয়ো যস্মাৎ তৎ। অব্যয়স্য অবিনশ্বরস্য, "করণে পূরণপ্রাপ্তার্থস্য চ" ইতি করণে ষষ্ঠী ॥১০॥

কীদৃশা ইতি। ভবেয়ুরিতি শেষঃ। কিংকুলীনৈঃ কীদৃশকুলোৎপন্নৈঃ, যাত্রা যুদ্ধপ্রয়াণম্ ॥১১॥

নহীতি। ভবতি ভবিতুমর্হতি। অভিকাঙ্ক্ষতি শাসিতুমিতি তাৎপর্য্যম্ ॥১২॥

নেতি। একেন রাজ্ঞা। অর্থা দুষ্করা বিষয়াঃ, সাধয়িতুং শক্যা ইতি লিঙ্গবচনবিপরিণামেনানুবৃত্তিঃ। রাজ্যং লব্ধুং ন শক্যম্, লব্ধাপি রক্ষিতুং ন শক্যমিত্যর্থঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৩॥

পুরুষশ্রেষ্ঠ ! আমাদের বংশের হিতসাধনে নিরত এক আপনি এই সকল বিষয় বলিতে পারেন এবং অপর মহাপ্রাজ্ঞ বিদুরও বলিতে সমর্থ হন। যিনি সর্ব্বদাই আমাদিগকে বলিয়া থাকেন ॥৯॥

বংশ ও রাজ্যের হিতজনক আপনার বাক্য শুনিয়া স্থায়িসুধাপানে তৃপ্ত হইয়াই যেন আমি সুখে নিদ্রা যাইব ॥১০॥

কীদৃশ সর্ব্বগুণান্বিত ভৃত্যগণ রাজার সান্নিহিত থাকিবেন এবং কীদৃশ কুলোৎপন্ন ভৃত্যগণের সহিতই বা রাজা যুদ্ধযাত্রা করিবেন ? ॥১১॥

ভৃত্যরহিত একমাত্র রাজা রাজ্যপালক হইতে পারেন না ; এই জন্যই সৎকুলসম্ভূত সমস্ত লোকই রাজার সহায়ভাবে এই রাজ্য পালন করিতে ইচ্ছা করেন" ॥১২॥

ভীষ্ম বলিলেন—"বৎস ভরতনন্দন ! সহায়শূন্য একমাত্র রাজা রাজ্যশাসন করিতে পারেন না, কিংবা অপর কোন গুরুতর বিষয়ও সম্পাদন করিতে সমর্থ হন না, অথবা রাজ্যলাভ করিতে কিংবা রাজ্যলাভ করিয়াও তাহা রক্ষা করিতে পারিয়া উঠেন না ॥১৩॥

যস্য ভৃত্যজনঃ সর্ব্বো জ্ঞানবিজ্ঞানকোবিদঃ।
হিতৈষী কুলজঃ স্নিগ্ধঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৪॥
মন্ত্রিণো যস্য কুলজা অসংহার্য্যাঃ সহোষিতাঃ।
নৃপতের্মতিদাঃ সন্তঃ সম্বন্ধজ্ঞানকোবিদাঃ ॥১৫॥
অনাগতবিধাতারঃ কালজ্ঞানবিশারদাঃ।
অতিক্রান্তমশোচন্তঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৬॥ (যুগ্মকম্)
সমদুঃখসুখা যস্য সহায়াঃ প্রিয়কারিণঃ।
অর্থচিন্তাপরাঃ সত্যাঃ স রাজ্যফলমশ্নুতে ॥১৭॥
যস্য নার্ত্তো জনপদঃ সন্নিকর্ষগতঃ সদা।
অক্ষুদ্রঃ সৎপথালম্বী স রাজা রাজ্যভাগ্ভবেৎ ॥১৮॥

ভারতকৌমুদী

যস্যেতি। জ্ঞানবিজ্ঞানয়োঃ কোবিদো নিপুণঃ। স্নিগ্ধো রাজানুরক্তঃ ॥১৪॥

মন্ত্রিণ ইতি। অসংহার্য্যা উৎকোচাদিনা বিপক্ষেণানেয়াঃ, সহোষিতা একত্রবাসযোগ্যাঃ। সম্বন্ধজ্ঞানে দেশকালাদিসম্পর্কবোধে কোবিদা নিপুণাঃ। অনাগতানাং ভাবিনামপি বিষয়াণাং বিধাতারঃ পূর্ব্বমেবোপায়কর্ত্তারঃ ॥১৫—১৬॥

সমেতি। অর্থচিন্তাপরা রাজহিতচিন্তাকারিণঃ, সত্যাঃ সত্যপরায়ণাঃ ॥১৭॥

যস্যেতি। নার্ত্তো দুর্ভিক্ষাদিনা ন পীড়িতঃ, জনপদস্তদ্বাসী জনঃ। অক্ষুদ্রঃ অনীচাশয়ঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ভৃত্যবলপ্রাপ্যৈরর্থৈর্ধনাদিভিঃ ॥৭—৮॥ ক্ষত্তা বিদুরঃ ॥৯—১২॥ লব্ধুং লব্ধাংশ্চ রক্ষিতুং শক্যা

যাঁহার সমস্ত ভৃত্যই জ্ঞান ও বিজ্ঞানে নিপুণ, হিতৈষী, সৎকুলোৎপন্ন এবং অনুরক্ত—সেই রাজাই রাজ্যের ফল লাভ করেন ॥১৪॥

যাঁহার মন্ত্রীরা সৎকুলসম্ভূত, বিপক্ষের অপক্ষপাতী, একত্র বাস করিবার যোগ্য, রাজার সদ্বুদ্ধিজনক, সৎস্বভাবসম্পন্ন, দেশকালজ্ঞ, ভবিষ্যদ্বিষয়ের পূর্ব্বেই উপায়কারী ও সময়নিরূপণে দক্ষ হন এবং অতীত বিষয়ের শোক করেন না, সেই রাজাই রাজ্যফল লাভ করেন ॥১৫—১৬॥

যাঁহার সহায়গণ সমান দুঃখী, সমান সুখী, প্রিয়কার্য্যকারী, সর্ব্বদা হিতৈষী ও সত্যপরায়ণ—সেই রাজাই রাজ্যফল ভোগ করেন ॥১৭॥

যাঁহার দেশবাসী লোক সকল কোন পীড়া অনুভব করে না, সর্ব্বদা সন্নিহিত থাকে, নীচাশয় হয় না এবং সৎপথে চলে, সেই রাজাই রাজত্বের সুখ অনুভব করেন ॥১৮॥

কোষোঽক্ষপটলং যস্য কোষবৃদ্ধিকরৈর্নরৈঃ।
আপ্তৈস্তুষ্টৈশ্চ সততং চীয়তে স নৃপোত্তমঃ ॥১৯॥
কোষ্ঠাগারমসংহার্য্যৈরাপ্তৈঃ সঞ্চয়তৎপরৈঃ।
পাত্রভূতৈরলুব্ধৈশ্চ পাল্যমানং গুণীভবেৎ ॥২০॥
ব্যবহারশ্চ নগরে যস্য কর্ম্মফলোদয়ঃ।
দৃশ্যতে শঙ্খলিখিতঃ স ধর্ম্মফলভাঙ্ নৃপঃ ॥২১॥
সংগৃহীতমনুষ্যশ্চ যো রাজা রাজধর্ম্মবিৎ।
ষড়্‌বর্গং প্রতিগৃহ্লাতি স ধর্ম্মফলমশ্নুতে ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে রাজধর্ম্মকথনে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—::০::—

ভারতকৌমুদী

কোষ ইতি। অক্ষপটলং রাজ্যাঙ্গসমূহঃ। "আচারে নয়নাদৌ দ্যূতবিশেষে তথাবয়বে। অক্ষং বিভীতকেঽপি প্রযুজ্যতে পঞ্চসু প্রাজ্ঞৈঃ॥" ইতি হলায়ুধঃ। আপ্তৈর্বিশ্বস্তৈঃ। চীয়তে বর্দ্ধ্যতে ॥১৯॥

কোষ্ঠেতি। কোষ্ঠাগারং ধান্যাদিরক্ষণগৃহম্, অসংহার্য্যৈঃ উৎকোচাদিনা ধূর্ত্তজনেনানেয়ৈঃ, আপ্তৈর্বিশ্বস্তৈঃ। পাত্রভূতৈঃ সদাচারৈঃ, গুণীভবেৎ প্রশস্তং ভবেৎ ॥২০॥

ব্যবেতি। ব্যবহারো বাদিপ্রতিবাদিনোর্বিবাদনির্ণয়ঃ, কর্ম্মফলস্য উদয়ঃ উৎপত্তির্যস্মিন্ সঃ। শঙ্খলিখিতঃ শঙ্খলিখিতাখ্যমুনিদ্বয়ব্যবহারতুল্যঃ। স চ প্রাগুক্তো দ্রষ্টব্যঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

ইতি শেষঃ ॥১৩—১৬॥ অসংহার্য্যা উৎকোচাদিনা অভেদ্যাঃ ॥১৫—১৮॥ পটলং সমূহম্ ॥১৯॥ কোষ্ঠাগারং ধান্যাদিসামগ্রীগৃহম্, গুণী ভবেদগুণিভাবং গচ্ছেৎ ॥২০॥ ব্যবহারোঽর্থিপ্রত্যর্থিনো-বিবাদে নির্ণয়ঃ, ফলোদয়োঽর্থিন্যনৃতে সত্যর্থিনা দ্বিগুণো দণ্ডো রাজ্ঞা গ্রাহ্যঃ, প্রত্যর্থিন্যনৃতে সতি

যাঁহার কোষাগারে নিযুক্ত লোকেরা বিশ্বস্ত ও সন্তুষ্ট থাকে এবং সর্ব্বদা কোষ ও রাজ্যাঙ্গ সকল বর্দ্ধিত করে, সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া গণ্য হন ॥১৯॥

অনুৎকোচগ্রাহী, বিশ্বস্ত, সঞ্চয়পরায়ণ, সদাচারী ও অলোভী লোকেরা রাজার ধান্যাদিসংগ্রহগৃহ রক্ষা করিতে থাকিলে তাহা অক্ষুন্ন থাকে ॥২০॥

যাঁহার নগরে ব্যবহার (মোকদ্দমা) শঙ্খ ও লিখিতের ন্যায় কর্ম্ম অনুসারে নিষ্পন্ন হয়, সেই রাজাই রাজধর্ম্মের ফললাভ করিয়া থাকেন ॥২১॥

(১৯) কোষাঙ্গ পটলং যস্য…পি বঙ্গ বর্দ্ধ বা।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।

——:০:——

যুধিষ্ঠির উবাচ।

ন সন্তি কুলজা যত্র সহায়াঃ পার্থিবস্থ তু।
অকুলীনাশ্চ কর্ত্তব্যা ন বা ভরতসত্তম ! ॥১॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
নিদর্শনং পরং লোকে সজ্জনাচরিতং সদা ॥২॥

ভারতকৌমুদী

সমিতি। সংগৃহীতা দুষ্টনিগ্রহশিষ্টানুগ্রহাদিনা অনুরক্তীকৃতা মনুষ্যা যেন সঃ। ষড়্‌বর্গং সন্ধিবিগ্রহাদিকম্, প্রতিগৃহ্লাতি সর্ব্বদৈবানুসন্ধত্তে ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

নেতি। কুলজাঃ সৎকুলোৎপন্নাঃ। সহায়া ইত্যনুবৃত্তিঃ ॥১॥

অত্রেতি। অত্র ভৃত্যসহায়নিয়োগবিষয়ে। নিদর্শনং দৃষ্টান্তম্, পরং শ্রেষ্ঠম্ ॥২॥

ভারতভাবদীপঃ

যাবদর্থ্যমানমর্থিনে দাপ্যং তাবানেব রাজদণ্ডশ্চ ফলপর্য্যন্তঃ। তত্র দৃষ্টান্তঃ—শঙ্খলিখিত ইতি। যথা ফলমাত্রস্তেনে শঙ্খেন লিখিতস্থ হস্তচ্ছেদো রাজানং প্রতিষেধয়িত্বা কারিতস্তদ্বদিত্যর্থঃ ॥২১॥ ষড়্‌বর্গং সন্ধিবিগ্রহাদিকম্ ॥২২॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১২॥

——:০০:——

যে রাজা প্রজাবর্গকে অনুরক্ত রাখিতে পারেন, রাজধর্ম্ম জানেন এবং সর্ব্বদা সন্ধি ও বিগ্রহপ্রভৃতির অনুসন্ধান করিয়া থাকেন, সেই রাজাই রাজধর্ম্মের ফল ভোগ করেন" ॥২২॥

——০——

যুধিষ্ঠির বলিলেন—"ভরতশ্রেষ্ঠ ! যে ক্ষেত্রে রাজা সৎকুলসম্ভূত সহায় লাভ করেন না, সে ক্ষেত্রে তিনি অসৎকুলসম্ভূত সহায় করিবেন কিনা ?" ॥১॥

---

* '…পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ বা নি।

(১) যুধিষ্ঠির উবাচ। ন সন্তি ইত্যাদিশ্লোকো নাস্তি—পি বঙ্গ বৰ্দ্ধ। (২) সজ্জনাচরিতে সদা…পি বঙ্গ বৰ্দ্ধ।

অস্যৈবার্থস্য সদৃশং যচ্ছ্রুতং মে তপোবনে।
জামদগ্ন্যস্য রামস্য যদুক্তমৃষিসত্তমৈঃ ॥৩॥
বনে মহতি কস্মিংশ্চিদমনুষ্যনিষেবিতে।
ঋষির্মূলফলাহারো নিয়তো নিয়তেন্দ্রিয়ঃ ॥৪॥
দীক্ষাদমপরিশ্রান্তঃ স্বাধ্যায়পরমঃ শুচিঃ।
উপবাসবিশুদ্ধাত্মা সততং সংপথে স্থিতঃ ॥৫॥ (যুগ্মকম্)
তস্য সংদৃশ্য সদ্ভাবমুপবিষ্টস্য ধীমতঃ।
সর্ব্বে সত্ত্বাঃ সমীপস্থা ভবন্তি বনচারিণঃ ॥৬॥
সিংহা ব্যাঘ্রাঃ সশরভা মত্তাশ্চৈব মহাগজাঃ।
দ্বীপিনঃ খড়্গভল্লুকা যে চান্যে ভীমদর্শনাঃ ॥৭॥

ভারতকৌমুদী

অস্যেতি। অর্থস্য বিষয়স্য, সদৃশং যোগ্যম, মে ময়া। অত্র যচ্ছব্দয়োরুত্তরবাক্যস্থতয়া ন তচ্ছব্দাপেক্ষা ॥৩॥

বন ইতি। নিয়তস্তপোনিষ্ঠঃ। দীক্ষাদমাভ্যাং তপস্যারম্ভেন্দ্রিয়দমনাভ্যাং পরিশ্রান্তঃ ক্লিষ্টঃ, স্বাধ্যায়ে বেদপাঠে পরমঃ অত্যন্তাভিনিবিষ্টঃ। বসতি স্মেতি শেষঃ ॥৪—৫॥

তস্যেতি। সদ্ভাবম্ অহিংসাস্বভাবম্। সত্ত্বা জন্তবঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

নৌতি। অত্র বক্ষ্যমাণে উত্তমাধমমধ্যমস্থানেষু ক্রমাদুত্তমাধমমধ্যমা এব যোজ্যা ন তুচ্চস্থানে নীচো নিযোজ্য ইত্যস্মিন্নর্থে নিদর্শনং শ্বদৃষ্টান্তরূপমিতিহাসমুদাহরন্তি ॥১-২॥ অস্যৈব বক্ষ্যমাণস্য ॥৩-৫॥

ভীষ্ম বলিলেন—"যুধিষ্ঠির! এই বিষয়েও মনস্বীরা সর্ব্বদা সজ্জনাচরিত জগতে সর্ব্বশ্রেষ্ঠ দৃষ্টান্তস্বরূপ এই ইতিহাসের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

আমি পূর্ব্বে তপোবনে যে অনুরূপ বৃত্তান্ত শুনিয়াছিলাম এবং ঋষিশ্রেষ্ঠেরা পরশুরামের নিকটে যাহা বলিয়াছিলেন (তাহারই উল্লেখ করিতেছি) ॥৩॥

পূর্ব্বকালে মনুষ্যবিহীন কোন মহাবনে এক ঋষি বাস করিতেন। তিনি ফলমূল আহার করিতেন, সর্ব্বদা তপস্যায় নিরত, জিতেন্দ্রিয়, পবিত্র, ধ্যান ও জপপ্রভৃতিতে ব্যাপৃত, ইন্দ্রিয়দমনে পরিক্লিষ্ট, বেদপাঠে নিরত ও উপবাসে পবিত্রদেহ থাকিতেন এবং সর্ব্বদাই সৎপথে অবস্থান করিতেন ॥৪—৫॥

সেই জ্ঞানী ঋষির সৎস্বভাব দেখিয়া বনবাসী প্রাণীরা তাঁহার নিকটে নিরুদ্বেগে উপস্থিত হইত ॥৬॥

(৭) অত্র পুস্তকভেদাৎ পাঠভেদো দ্রষ্টব্যঃ।

তে সুখপ্রশ্নদাঃ সর্ব্বে ভবন্তি ক্ষতজাশনাঃ।
তস্যর্ষেঃ শিষ্যবচ্চৈব চিত্তজ্ঞাঃ প্রিয়কারিণঃ ॥৮॥
দত্ত্বা তে চ সুখপ্রশ্নং সর্ব্বে যান্তি যথাসুখম্।
গ্রাম্যস্ত্বেকঃ পশুস্তত্র নাজহাৎ স মহামুনিম্ ॥৯॥
ভক্তোঽনুরক্তঃ সততমুপবাসকৃশোঽবলঃ।
ফলমূলোত্তরাহারঃ শান্তঃ শিষ্টাকৃতির্যথা ॥১০॥
তস্যর্ষেরুপবিষ্টস্য পাদমূলে মহামতে!।
মনুষ্যবদ্‌গতো ভাবং স্নেহবদ্ধোঽভবদ্‌ভৃশম্ ॥১১॥
ততোঽভ্যয়ান্মহাবীর্য্যো দ্বীপী ক্ষতজভোজনঃ।
শ্বার্থমত্যর্থমুদ্‌ঘুষ্টঃ ক্রূরঃ কাল ইবান্তকঃ ॥১২॥

ভারতকৌমুদী

সত্ত্বান্ বিবৃণোতি সিংহা ইতি। ব্যাঘ্রাঃ সাধারণাঃ। দ্বীপিনো ব্যাঘ্রবিশেষাস্তরক্ষবঃ, খড়্গা গণ্ডকাঃ ॥৭॥

ত ইতি। সুখেন প্রশ্নং দদতে কর্ব্বন্তীতি তে, ক্ষতজাশনা রক্তপায়িনঃ ॥৮॥

দত্ত্বেতি। পশুঃ কুক্কুরঃ, নাজহাৎ নাত্যজৎ ॥৯॥

ভক্ত ইতি। ফলমূলে এব উত্তরো শ্রেষ্ঠো আহারো খাদ্যে যস্য সঃ ॥১০॥

তস্যেতি। ভাবমবস্থাম্, অভবৎ স গ্রাম্যপশুরিতি শেষঃ ॥১১॥

তত ইতি। দ্বীপী কশ্চিত্তরক্ষুঃ, ক্ষতজভোজনো রক্তভোজী। শ্বার্থং তৎকুক্কুরভক্ষণার্থম্, উদ্‌ঘুষ্ট উচ্চস্বরেণ গর্জ্জনকারী। লেলিহমানো রসনামাবিষ্কুর্ব্বন্, পুচ্ছস্য লাঙ্গূলস্য আস্ফোটনে

সিংহ, ব্যাঘ্র, শরভ, মত্তহস্তী, তরক্ষু (কেন্দুয়া বাঘ), গণ্ডার ও ভল্লূক এবং অন্য যে সকল ভীষণদর্শন জন্তু আছে, তাহারাও ঋষির নিকট উপস্থিত হইত ॥৭॥

এবং রক্তপায়ী সেই সকল জন্তু ঋষির নিকটে অনায়াসে নানাবিষয়ের প্রশ্ন করিত; আর শিষ্যের ন্যায়ই সেই ঋষির মনের ভাব বুঝিত ও প্রিয়কার্য্য করিত ॥৮॥

আর সেই সকল জন্তুরা সুখে প্রশ্ন করিয়া যথাস্থানে চলিয়া যাইত; কিন্তু তাহাদের মধ্যে একটী গ্রাম্যপশু (কুকুর) সেই মহর্ষিকে ত্যাগ করিত না ॥৯॥

সেই কুকুরটী মহর্ষির ভক্ত ও অনুরক্ত হইয়া সেই আশ্রমেই সর্ব্বদা থাকিত, উপবাস করিতে করিতে সে ক্রমশঃ কৃশ ও দুর্ব্বল হইয়া গিয়াছিল এবং শাস্ত্রানুসারী শিষ্যের ন্যায় শান্তভাবে থাকিয়া, প্রধানভাবে ফল ও মূল ভোজন করিত ॥১০॥

মহামতি যুধিষ্ঠির! সেই মহর্ষি যখন উপবিষ্ট থাকিতেন, তখন সেই কুকুরটী যাইয়া মানুষের ন্যায় তাঁহার নিকটে অবস্থান করিত; তাহাতে সেই কুকুরটী ঋষির অত্যন্ত স্নেহের পাত্র হইয়াছিল ॥১১॥

লেলিহ্যমানস্তৃষিতঃ পুচ্ছাস্ফোটনতৎপরঃ।
ব্যাদিতাস্যঃ ক্ষুধা ভুগ্নঃ প্রার্থয়ানস্তদামিষম্ ॥১৩॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বা তং ক্রূরমায়ান্তং জীবিতার্থী নরাধিপ !।
প্রোবাচ শ্বা মুনিং তত্র তচ্ছৃণুষ্ব বিশাংপতে ! ॥১৪॥
শ্বশত্রুর্ভগবন্নেষ দ্বীপী মাং হন্তুমিচ্ছতি।
ত্বৎপ্রসাদাদ্ভয়ং ন স্যাদস্মান্ মম মহামুনে !।
তথা কুরু মহাবাহো ! সর্ব্বজ্ঞস্ত্বং ন সংশয়ঃ ॥১৫॥
স মুনিস্তস্য বিজ্ঞায় ভাবজ্ঞো ভয়কারণম্।
রুতজ্ঞঃ সর্ব্বসত্ত্বানাং তমৈশ্বর্য্যসমন্বিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

ভূমৌ তাড়নে তৎপরঃ। ব্যাদিতাস্যো বিবৃতমুখঃ, ভুগ্নো বক্রঃ, তদামিষং তৎকুক্কুর-মাংসম্ ॥১২—১৩॥

দৃষ্ট্বেতি। ক্রূরং হিংস্রম্। শ্বা কুক্কুরঃ ॥১৪॥

শ্বেতি। শ্বশত্রুঃ কুক্কুররিপুঃ। ভয়ং যথা ন স্যাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

স ইতি। সর্ব্বসত্ত্বানাং সকলপ্রাণিনাম্, তমুবাচেতি শেষঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

সত্ত্বাঃ প্রাণিনঃ ॥৬—৭॥ সুখপ্রশ্নদাঃ সুখিনঃ স্থ ইতি প্রশ্নস্যোত্তরং সুখিনঃ স্ম ইতি তৎপ্রদা ইত্যর্থঃ। ন্যগ্‌ভূতা দাসভূতাঃ ॥৮—১০॥ ভাবং চিত্তম্ ॥১১॥ দ্বীপী ক্ষুদ্রব্যাঘ্রঃ ॥১২—১৬॥

তাহার পর একদা মহাবল, রক্তভোজী ও হিংস্রস্বভাব একটা কেন্দুয়া বাঘ সেই কুকুরটীকে ভক্ষণ করিবার জন্য অত্যন্ত সন্তুষ্টচিত্তে কালান্তক যমের ন্যায় সেই আশ্রমে উপস্থিত হইল এবং সেই ব্যাঘ্র ক্ষুধার্ত্ত হইয়া সেই কুকুরটীর মাংস ভোজন করিবার ইচ্ছা করিয়া, মুখ ব্যাদানপূর্ব্বক বক্রভাবে থাকিয়া ভূতলে লাঙ্গূলতাড়ন-করতঃ পিপাসায় জিহ্বা বাহির করিতে থাকিল ॥১২—১৩॥

নরনাথ রাজা ! কুকুরটী হিংস্রস্বভাব সেই ব্যাঘ্র আসিয়াছে দেখিয়া, আপন প্রাণ রক্ষা করিবার ইচ্ছা করিয়া, মুনিকে যাহা বলিয়াছিল, তাহা শ্রবণ কর—॥১৪॥

"ভগবন্ মহর্ষি ! কুকুরের শত্রু এই কেন্দুয়া বাঘ আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছে ; অতএব মহাবাহু ! আপনার অনুগ্রহে যাহাতে আমার কোন ভয় না হয়, আপনি তাহা করুন। কেন না, আপনি সর্ব্বজ্ঞ; এ বিষয়ে কোন সন্দেহ নাই" ॥১৫॥

তখন সমস্ত প্রাণীর রবজ্ঞ ও ঐশ্বর্য্যশালী সেই মুনি কুকুরটীর অভিপ্রায় বুঝিয়া এবং তাহার ভয়ের কারণ জানিয়া, তাহাকে বলিলেন ॥১৬॥

মুনিরুবাচ।

ন ভয়ং দ্বীপিনঃ কার্য্যং মৃত্যুতস্তে কথঞ্চন।
এষ শ্বরূপরহিতো দ্বীপী ভবসি পুত্রক! ॥১৭॥
ততঃ শ্বা দ্বীপিতাং নীতো জাম্বূনদনিভাকৃতিঃ।
চিত্রাঙ্গো বিস্ফুরদ্দংষ্ট্রো বনে বসতি নির্ভয়ঃ ॥১৮॥
তং দৃষ্ট্বা সম্মুখে দ্বীপী আত্মনঃ সদৃশং পশুম্।
অবিরুদ্ধস্ততস্তস্য ক্ষণেন সমপদ্যত ॥১৯॥
ততোঽভ্যয়ান্মহারৌদ্রো ব্যাদিতাস্যঃ ক্ষুধান্বিতঃ।
দ্বীপিনং লেলিহদ্বক্ত্রো ব্যাঘ্রো রুধিরলালসঃ ॥২০॥
ব্যাঘ্রং দৃষ্ট্বা ক্ষুধা ভুগ্নং দংষ্ট্রিণং বনচারিণম্।
দ্বীপী জীবিতরক্ষার্থমৃষিং শরণমেযিবান্ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। শ্বরূপরহিতো কুক্কুররূপহীনঃ ॥১৭॥

তত ইতি। শ্বা কুক্কুরঃ, নীতঃ প্রাপিতঃ, জাম্বূনদনিভাকৃতিঃ স্বর্ণবর্ণঃ। বিস্ফুরদ্দংষ্ট্রঃ প্রকাশমানদশনঃ ॥১৮॥

তমিতি। দ্বীপী আগতঃ প্রকৃতো ব্যাঘ্রঃ। সমপদ্যত সমজায়ত ॥১৯॥

তত ইতি। ব্যাদিতাস্যো বিবৃতমুখঃ। লেলিহদ্বক্ত্রো বিবৃতরসনবদনঃ ॥২০॥

ব্যাঘ্রমিতি। ভুগ্নং বক্রদেহম্, দংষ্ট্রিণং বৃহদ্দন্তশালিনম্। এযিবান্ প্রাপ্তবান্ ॥২১॥

মুনি বলিলেন—“বৎস! তুমি কোন প্রকারেই কেন্দুয়া বাঘের হাতে মৃত্যুর ভয় করিও না। কেন না, এই তুমি কুক্কুররূপ পরিত্যাগ করিয়া কেন্দুয়া বাঘ হইয়া গেলে ॥১৭॥

তাহার পর সেই কুকুর কেন্দুয়া বাঘ হইয়া স্বর্ণবর্ণ, বিচিত্রগাত্র ও ভীষণদন্ত লাভ করিয়া নির্ভয়ে সেই বনে বাস করিতে লাগিল ॥১৮॥

তৎপরে সেই আগন্তুক কেন্দুয়া বাঘ সম্মুখে সেই কুকুরটীকে নিজের তুল্য দেখিয়া, ক্ষণকালমধ্যেই তাহার বিরোধিভাব ত্যাগ করিল ॥১৯॥

তাহার পর ক্ষুধার্ত্ত ও রক্তপিপাসু একটা ভীষণ ব্যাঘ্র মুখ ব্যাদান করিয়া সেই কেন্দুয়া বাঘটার দিকে আগমন করিল। তৎকালে তাহার জিহ্বা লক্‌লক্ করিতেছিল ॥২০॥

ক্ষুধার্ত্ত, বক্রদেহ ও ভীষণদন্তশালী সেই বন্য ব্যাঘ্রটাকে দেখিয়া কেন্দুয়া বাঘটী জীবন রক্ষা করিবার জন্য ঋষির শরণাপন্ন হইল ॥২১॥

ততঃ সংবাসজং স্নেহমৃষিণা কুর্ব্বতা তদা।
স দ্বীপী ব্যাঘ্রতাং নীতো রিপুভ্যো বলবত্তরঃ।
ততো দৃষ্ট্বা স শার্দ্দুলো নাহনত্তং বিশাংপতে! ॥২২॥
স তু শ্বা ব্যাঘ্রতাং প্রাপ্য বলবান্ পিশিতাশনঃ।
ন মূলফলভোগেষু স্পৃহামপ্যকরোত্তদা ॥২৩॥
যথা মৃগপতির্নিত্যং প্রকাঙ্ক্ষতি বনৌকসঃ।
তথৈব স মহারাজ! ব্যাঘ্রঃ সমভবত্তদা ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শ্বর্ষিসংবাদে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

তত ইতি। সংবাসজম্ একত্রবাসজাতম্। রিপুভ্যো দ্বীপিপ্রভৃতিভ্যঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২২॥

স ইতি। পিশিতাশনো মাংসভোজী। অতএবাহ নেতি ॥২৩॥

যথেতি। মৃগপতিঃ সিংহঃ, প্রকাঙ্ক্ষতি ভোক্তুম্, বনৌকসো বন্যজন্তূন্ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

দ্বীপিনো দ্বীপিরূপান্ন্যূতঃ, শ্বরূপরহিতঃ শ্বরূপহীনঃ ॥১৭—২০॥ ক্ষুধা ভুগ্নং পীড়িতম্ ॥২১—২৪॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

—::—

তদনন্তর তখনই ঋষি একত্র বাস নিবন্ধন স্নেহ প্রকাশ করিয়া সেই কেন্দুয়া বাঘটীকে তাহার শত্রুমধ্যে প্রবল বাঘ করিয়া ফেলিলেন। রাজা! তদনন্তর সেই ব্যাঘ্র কেন্দুয়া বাঘকে প্রকৃত বাঘ দেখিয়া, তাহাকে আর বধ করিবার ইচ্ছা করিল না ॥২২॥

তখন সেই কুকুর মাংসভোজী বলবান্ ব্যাঘ্র হইয়া আর পূর্ব্বের ন্যায় ফলমূল-ভোজনে স্পৃহাও করিতে লাগিল না ॥২৩॥

মহারাজ! সিংহ যেমন সর্ব্বদাই বন্যজন্তুর মাংস ভোজন করিবার ইচ্ছা করে, সেইরূপই সেই ব্যাঘ্র বন্যজন্তুর মাংস ভোজন করিবারই ইচ্ছা করিতে লাগিল" ॥২৪॥

(২২)···নাভ্যহনত্তং বিশাংপতে!—নি। * '···ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।' বঙ্গ বর্দ্ধ বা নি।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

ভীষ্ম উবাচ।

ব্যাঘ্রশ্চোটজমূলস্থস্তৃপ্তঃ সুপ্তো হতৈর্ম্মৃগৈঃ।
নাগশ্চাগাত্তমুদ্দেশং মত্তো মেঘ ইবোত্থিতঃ ॥১॥
প্রভিন্নকরটঃ প্রাংশুঃ পদ্মী বিততকুম্ভকঃ।
সুবিষাণো মহাকায়ো মেঘগম্ভীরনিঃস্বনঃ ॥২॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা কুঞ্জরং মত্তমায়ান্তং বলগর্ব্বিতম্।
ব্যাঘ্রো হস্তিভয়াত্তত্র তমৃষিং শরণং যযৌ ॥৩॥
ততোঽনয়ৎ কুঞ্জরত্বং ব্যাঘ্রং তমৃষিসত্তমঃ।
মহামেঘোপমং দৃষ্ট্বা স ভীতো হ্যভবদ্‌গজঃ ॥৪॥
ততঃ কমলষণ্ডানি শল্লকীগহনানি চ।
ব্যচরৎ স মুদাযুক্তঃ পদ্মরেণুবিভূষিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

ব্যাঘ্র ইতি। উটজমূলস্থো মুনেঃ পর্ণশালাসমীপস্থিতঃ, হতৈর্ম্মৃগৈস্তন্মাংসৈস্তৃপ্তঃ। নাগঃ কশ্চিদ্‌গজঃ। প্রভিন্নকরটো মদস্রাবিগণ্ডঃ, প্রাংশুরত্যুচ্চঃ, পদ্মী কুম্ভদেশে পদ্মাকারচিহ্নবান্, বিততকুম্ভকো বিশালকুম্ভঃ। সুবিষাণো বৃহদ্দশনঃ ॥১—২॥

তমিতি। কুঞ্জরং গজম্ ॥৩॥

তত ইতি। অনয়ৎ প্রাপয়ৎ। মহামেঘোপমং গজম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"ক্রমে সেই ব্যাঘ্র নিহত মৃগের মাংসে পরিতৃপ্ত হইয়া ঋষির পর্ণশালার নিকটে সুখে নিদ্রা যাইতে লাগিল। একদা একটা মত্তহস্তী আকাশোত্থিত মেঘের ন্যায় সেই স্থানে উপস্থিত হইল। তাহার দেহটা উচ্চ ও বিশাল ছিল, গণ্ডযুগল হইতে মদজল নির্গত হইতেছিল এবং বিশাল কুম্ভের উপরে পদ্মচিহ্ন ছিল, আর দন্তযুগল অতিবৃহৎ ও কণ্ঠস্বর মেঘের ন্যায় গম্ভীর ছিল ॥১—২॥

মত্ত ও বলগর্ব্বিত সেই হস্তীকে আসিতে দেখিয়া সেই ব্যাঘ্র তাহার ভয়ে ঋষির শরণাপন্ন হইল ॥৩॥

তদনন্তর সেই ঋষিশ্রেষ্ঠ সেই ব্যাঘ্রকে হস্তী করিলেন। তখন আগত সেই হস্তী ব্যাঘ্রকে মহামেঘতুল্য হস্তী হইতে দেখিয়া ভীত হইয়া চলিয়া গেল ॥৪॥

কদাচিদ্‌ভ্রমমাণস্য হস্তিনঃ সম্মুখং তদা।
ঋষেরস্যোটজস্থস্য কালোঽগচ্ছদ্দিবানিশম্‌ ॥৬॥
অথাজগাম তং দেশং কেশরী কেশরারুণঃ।
গিরিকন্দরজো ভীমঃ সিংহো নাগকুলান্তকঃ ॥৭॥
তং দৃষ্ট্বা সিংহমায়ান্তং নাগঃ সিংহভয়ার্দ্দিতঃ।
ঋষিং শরণমাপেদে বেপমানো ভয়াতুরঃ ॥৮॥
স ততঃ সিংহতাং নীতো গজেন্দ্রো মুনিনা তদা।
তঞ্চ নাগণয়ং সিংহং তুল্যজাতিসমন্বয়াৎ ॥৯॥
দৃষ্ট্বা চ সোঽভবৎ সিংহো বন্যোঽহিংসন্নবাগ্‌বলঃ।
স চাশ্রমেঽবসৎ সিংহস্তস্মিন্নেব সুখী বনে ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। কমলখণ্ডানি পদ্মবনানি। শল্লকাগহনানি শল্লকীলতাবনানি ॥৫॥

কদাচিদিতি। কদাচিৎ অস্য ঋষেঃ সম্মুখং দিবানিশং ভ্রমমাণস্যেতি সম্বন্ধঃ ॥৬॥

অথেতি। কেশরী কেশরান্বিতঃ। অতএব তৈঃ কেশরৈররুণঃ। গিরিকন্দরজঃ পর্ব্বত গুহাজাতঃ ॥৭॥

তমিতি। নাগো গজঃ। আপেদে প্রাপ, বেপমানঃ কম্পমানঃ ॥৮॥

স ইতি। নাগণয়ং ভয়কারণং মনেতি শেষঃ। তুল্যজাতেঃ সমন্বয়াৎ সাম্যাৎ ॥৯॥

দৃষ্ট্বেতি। স আগতং, অবাক্‌ অল্পীভূতং বলং যস্য স অবাগ্‌বলঃ। অতএব অহিংসন্নবলঃ। সিংহো নবং সিংহীকৃতঃ ॥১০॥

তাহার পর হইতে সেই হস্তী পদ্মরেণুবিভূষিত ও আনন্দিত হইয়া পদ্মবনে ও শল্লকীলতাবনে বিচরণ করিত ॥৫॥

আবার কোন সময়ে সেই হস্তী পর্ণশালাবাসী সেই ঋষির সম্মুখে দিবারাত্র ভ্রমণ করিত। এই অবস্থায় তাহার বহুকাল অতীত হইল ॥৬॥

তাহার পর একদা পর্ব্বতগুহাজাত, ভয়ঙ্করমূর্ত্তি, হস্তিসমূহনাশী ও অরুণবর্ণকেশরধারী একটা সিংহ সেই স্থানে আগমন করিল ॥৭॥

সেই সিংহটাকে আসিতে দেখিয়া সেই হস্তী ভয়ার্ত্ত হইয়া কাঁপিতে কাঁপিতে যাইয়া ঋষির শরণাপন্ন হইল ॥৮॥

তখন ঋষি সেই হস্তীকে সিংহ করিয়া ফেলিলেন। তাহাতে একজাতি লাভ করায় আর সে, বন্য সিংহকে গ্রাহ্য করিল না ॥৯॥

---

(১০)···বন্যো ভয়সমন্বিতঃ—পি বঙ্গ বৰ্দ্ধ। ·· তস্মিন্নেব মহাবনে—পি বঙ্গ বর্দ্ধ।

ন চান্যে ক্ষুদ্রপশবস্তপোবনসমীপতঃ ।
ব্যদৃশ্যন্ত তদা ত্রস্তা জীবিতাকাঙ্ক্ষিণস্তথা ॥১১॥

কদাচিৎ কালযোগেন সর্ব্বপ্রাণিবিহিংসকঃ ।
বলবান্ ক্ষতজাহারো নানাসত্ত্বভয়ঙ্করঃ ॥১২॥
অষ্টপাদূর্দ্ধনয়নঃ শরভো বনগোচরঃ ।
তং সিংহং হন্তুমাগচ্ছন্মুনেস্তস্য নিবেশনে ॥১৩॥ (যুগ্মকম্)

তং দৃষ্ট্বা শরভং যান্তং সিংহঃ পরভয়ান্বিতঃ ।
ঋষিং শরণমাপেদে বেপমানঃ কৃতাঞ্জলিঃ ।
তং মুনিঃ শরভং চক্রে বলোৎকটমরিন্দম ! ॥১৪॥

ততঃ স শরভো বন্যো মুনেঃ শরভমগ্রতঃ ।
দৃষ্ট্বা বলিনমত্যুগ্রং দ্রুতং সংপ্রাদ্রবদ্বনম্ ॥১৫॥

ভারতকৌমুদী

নেতি । অন্যে হরিণাদয়ঃ । ব্যদৃশ্যন্ত কৈশ্চিদপি ॥১১॥

কদাচিদিতি । ক্ষতজাহারো রক্তভোজী, নানাসত্ত্বানামনেকেষামেব প্রাণিনাং ভয়ঙ্করঃ । অষ্টৌ পাদা যস্য সঃ, বনগোচরো বনচারী । নিবেশনে আশ্রমে ॥১২—১৩॥

ঋষিমিতি । শরণমাশ্রয়ম্, ঋষিং মুনিম্ । আপেদে প্রাপ । বলেন উৎকটমুদ্ধতম্ । ষট্পাদিকঃ শ্লোকঃ ॥১৪॥

এদিকে অপেক্ষাকৃত দুর্ব্বল সেই আগন্তুক সিংহ আশ্রমস্থ সিংহকে হিংসা করিবার ইচ্ছা না করিয়াই চলিয়া গেল ; আর আশ্রমের সেই সিংহ সেই বনে সেই আশ্রমেই বাস করিতে লাগিল ॥১০॥

তৎকালে সেই সিংহের ভয়ে জীবনার্থী অন্যান্য ক্ষুদ্র পশুগণকে সেই আশ্রমের নিকটে আর দেখা যাইতে লাগিল না ॥১১॥

কালক্রমে কোন সময়ে বহুপ্রাণীর ভয়জনক, সমস্ত প্রাণীরই হিংসাকারী ও রক্তপায়ী একটা বলবান্ বন্য শরভ সেই সিংহকে বধ করিবার জন্য সেই মুনির আশ্রমে আগমন করিল। তাহার আট খানা চরণ এবং উপরের দিকে চক্ষু ছিল ॥১২—১৩॥

সেই শরভকে আশ্রমের নিকট দিয়া যাইতে দেখিয়া, সিংহ অত্যন্ত ভীত হইয়া কাঁপিতে থাকিয়া, কৃতাঞ্জলিপুটে ঋষির শরণাপন্ন হইল। শত্রুদমনকারী রাজা ! তখন ঋষি সেই সিংহকে বলমত্ত শরভ করিলেন ॥১৪॥

(১৫) অস্য পূর্ব্বার্দ্ধযুগলং নাস্তি পি বঙ্গ বর্দ্ধ।

স এবং শরভস্থানে ন্যস্তো বৈ মুনিনা তদা।
মুনেঃ পার্শ্বগতো নিত্যং শরভঃ সুখমাপ্তবান্ ॥১৬॥
ততঃ শরভসন্ত্রস্তাঃ সর্ব্বে মৃগগণা বনাৎ।
দিশঃ সংপ্রাদ্রবন্ রাজন্! ভয়াজ্জীবিতকাঙ্ক্ষিণঃ ॥১৭॥
শরভোঽপ্যতিসংহৃষ্টো নিত্যং প্রাণিবধে রতঃ।
ফলমূলাশনং কর্ত্তুং নৈচ্ছৎ স পিশিতাশনঃ ॥১৮॥
ততঃ ক্ষুদ্রসমাচারো বলেন চ সমন্বিতঃ।
ইয়েষ তং মুনিং হন্তুমকৃতজ্ঞঃ শ্বযোনিজঃ ॥১৯॥
চিন্তয়ামাস চ তদা শরভঃ শ্বানপূর্ব্বকঃ।
অস্য প্রভাবাৎ সংপ্রাপ্তো বাঙ্মাত্রেণৈব কেবলম্।
শরভত্বং সুদুষ্প্রাপং সর্ব্বভূতভয়ঙ্করম্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। অগ্রতো মুনেরেব। বনম্ অন্যদ্গহনম্ ॥১৫॥
স ইতি। শরভস্থানে ন্যস্তঃ শরভীকৃতঃ ॥১৬॥
তত ইতি। মৃগাণাং পশূনাং গণাঃ। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥১৭॥
শরভ ইতি। ফলমূলানামশনং ভক্ষণম্। পিশিতাশনো মাংসভোজী ॥১৮॥
তত ইতি। ক্ষুদ্রসমাচারো নিকৃষ্টব্যবহারঃ। শ্বযোনিজো বস্তুতঃ কুক্কুরযোনিজাতঃ ॥১৯॥
চিন্তেতি। শ্বানং কুক্কুরসম্বন্ধিরূপং পূর্ব্বং যস্য সঃ। অস্য ঋষেঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২০॥

তদনন্তর সেই বন্য শরভ বলবান্ ও অতিভীষণ মুনির শরভকে তাহার সম্মুখে দেখিয়া, সত্বর সেস্থান হইতে অন্য বনে চলিয়া গেল ॥১৫॥

এইভাবে মুনি সেই সিংহকে শরভ করিলে, সেই শরভ সর্ব্বদা মুনির নিকটে থাকিয়া সুখ অনুভব করিতে লাগিল ॥১৬॥

রাজা! তাহার পর সমস্ত পশুগণ শরভের ভয়ে ভীত হইয়া প্রাণ রক্ষা করিবার ইচ্ছায় নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥১৭॥

এদিকে সেই মাংসভোজী শরভও সর্ব্বদা প্রাণিহিংসায় ব্যাপৃত থাকিয়া অত্যন্ত আনন্দিত হইয়া, আর ফলমূল ভোজন করিতে ইচ্ছা করিত না ॥১৮॥

তদনন্তর কুক্কুরযোনিজাত, নিকৃষ্ট ব্যবহারী, অকৃতজ্ঞ ও বলবান্ সেই শরভ সেই মুনিকেই বধ করিবার ইচ্ছা করিল ॥১৯॥

সর্ব্বপ্রথমে যাহার কুক্কুররূপ ছিল, এখন সে শরভ হইয়া গিয়াছে; সুতরাং সে

(১৯)... কৃতজ্ঞঃ কৃতাশ্বরঃ—নি। (২০) ইতঃপ্রভৃতি পঞ্চ শ্লোকাঃ পি বঙ্গ বৰ্দ্ধ ন সন্তি।

অন্যেঽপ্যত্র ভয়ত্রস্তাঃ সন্তি সত্ত্বা ভয়ার্দ্দিতাঃ।
মুনিমাশ্রিত্য জীবন্তো মৃগাঃ পক্ষিগণাস্তথা ॥২১॥
তেষামপি কদাচিচ্চ শরভত্বং প্রযচ্ছতি।
সর্ব্বসত্ত্বোত্তমং লোকে বলং যত্র প্রতিষ্ঠিতম্।
পক্ষিণামপ্যয়ং দদ্যাৎ কদাচিদ্‌গারুড়ং বলম্ ॥২২॥
যাবদন্যস্য সংপ্রীতঃ কারুণ্যস্তু সমাশ্রিতঃ।
ন দদাতি বলং তুষ্টঃ সত্ত্বস্যান্যস্য কস্যচিৎ ॥২৩॥
তাবদেনমহং বিপ্রং বধিষ্যামি চ শীঘ্রতঃ।
স্থাতুং ময়া শক্যমিহ মুনিঘাতান্ন সংশয়ঃ ॥২৪॥ (যুগ্মকম্)
ততস্তেন তপঃশক্ত্যা বিদিতো জ্ঞানচক্ষুষা।
বিজ্ঞায় চ মুনিঃ প্রাজ্ঞস্ততঃ শাপং প্রযুক্তবান্ ॥২৫॥

ভারতকৌমুদী

অন্য ইতি। সত্ত্বাঃ প্রাণিনঃ। মৃগাঃ পশবঃ ॥২১॥

তেষামিতি। প্রযচ্ছতি এষ ঋষির্দদাতি। সর্ব্বসত্ত্বোত্তমং সর্ব্বপ্রাণিবলাধিকম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২২॥

যাবদিতি। কারুণ্যং দয়াম্। সত্ত্বস্য জন্তোঃ। বধফলমাহ স্থাতুমিতি ॥২৩—২৪॥

তত ইতি। তেন মুনিনা, বিদিতস্তাদৃশাভিপ্রায়কঃ শরভঃ ॥২৫॥

চিন্তা করিতে লাগিল—"এই মুনির প্রভাবে কেবল বাক্যদ্বারাই আমি সমস্ত প্রাণীর ভয়জনক অতিদুর্ল্লভ শরভত্ব প্রাপ্ত হইয়াছি ॥২০॥

এই আশ্রমে অন্য প্রাণীরাও ভয়ার্ত্ত অবস্থায় রহিয়াছে এবং বহু পশুপক্ষীও এই মুনিকে আশ্রয় করিয়া জীবন ধারণ করিয়া আছে ॥২১॥

হয় ত ইনি কখনও সেই সকল পশুপক্ষীকেও শরভত্ব দিয়া ফেলিবেন, যাহাদের উপরে সমস্ত প্রাণী অপেক্ষা শ্রেষ্ঠ বল থাকিবে। এমন কি, সকল পক্ষীকেই গরুড় করিয়া ফেলিতে পারেন ॥২২॥

যে পর্য্যন্ত ইনি সন্তুষ্ট হইয়া, দয়া করিয়া, অন্য প্রাণীর বল দান না করেন, তাহার মধ্যেই আমি সত্বর ইঁহাকে বধ করিব। তাহা হইলেই আমি এইখানে থাকিতে পারিব, ইহাতে কোন সন্দেহ নাই" ॥২৩—২৪॥

তাহার পর জ্ঞাননয়ন সেই ঋষি তপস্যার প্রভাবে শরভের সেই অভিপ্রায় জানিতে পারিলেন। তাহা জানিতে পারিয়া, শরভকে অভিসম্পাত করিলেন—॥২৫॥

অহমগ্নিপ্রভো নাম মুনির্ভৃগুকুলান্বয়ঃ।
মনসা নির্দহেয়ঞ্চ জগৎসন্ধারয়ামি চ ॥২৬॥
মম বশ্যং জগৎ সর্ব্বং দেবা যচ্চ চরাচরম্।
সন্তি দেবাশ্চ যে ভীতাঃ স্বধর্ম্মং ন ত্যজন্তি যে।
স্বধর্ম্মাচ্চলিতান্ সর্ব্বান্ বাঙ্মাত্রেণাপি নির্দহে ॥২৭॥
কিমঙ্গ ! ত্বং ময়া নীতঃ শরভত্বমনাময়ম্।
ক্রূরঃ স সর্ব্বভূতেষু হীনশ্চাশুচিরেব চ ॥২৮॥
শ্বা ত্বং দ্বীপিত্বমাপন্নো দ্বীপী ব্যাঘ্রত্বমাগতঃ।
ব্যাঘ্রান্নাগো মদপটুর্নাগঃ সিংহত্বমাগতঃ ॥২৯॥
সিংহস্ত্বং বলমাপন্নো ভূয়ঃ শরভতাং গতঃ।
ময়া স্নেহপরীতেন বিসৃষ্টো ন কুলান্বয়ঃ ॥৩০॥

ভারতকৌমুদী

অহমিতি। ভৃগুকুলে অন্বয়ো জন্মসম্বন্ধো যস্য সঃ। মনসা মনস ইচ্ছামাত্রেণ ॥২৬॥
মমেতি। চলিতান্ বিচ্যুতান্। নির্দহে নির্দগ্ধুং শক্নোমি। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥
কিমিতি। অঙ্গেতি সম্বোধনে। অনাময়ং বলাতিরেকান্নিরুপদ্রবম্ ॥২৮॥
শ্বেতি। শ্বা কর্কুরঃ, দ্বীপিত্বং ক্ষুদ্রব্যাঘ্রত্বম্। নাগো গজঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

ব্যাধশ্চেতি। মৃগেন্দ্রঃ ॥১—৭॥ কমলখণ্ডানি কমলসমূহান্ ॥৫॥ নিশানিশং নক্তন্দিবম্ ৬—৮॥ সমন্তাৎ সম্বন্ধাৎ ॥৯—১৮॥ অকৃতজ্ঞত্বে হেতুঃ—শ্বযোনিজ ইতি ॥১৯—২১॥ মদপটুঃ

"আমি ভৃগুবংশে জন্মগ্রহণ করিয়াছি ; আমার নাম 'অগ্নিপ্রভ' ; আমি ইচ্ছা করিলে জগৎ রক্ষাও করিতে পারি, আবার সংহারও করিতে পারি ॥২৬॥

আমার তপস্যার প্রভাবে সমগ্র জগতই আমার বশীভূত রহিয়াছে এবং যে সকল দেবতা ভীত এবং যাঁহারা স্বধর্ম্ম ত্যাগ করেন না ; সেই সকল দেবতা ও মনুষ্যেরা আমার বশীভূত ; আর যাহারা স্বধর্ম্মভ্রষ্ট, তাহাদিগকে আমি কেবল বাক্যদ্বারাই দগ্ধ করিতে পারি ॥২৭॥

দুষ্ট ! আমি তোমাকে কেন নিরুপদ্রব শরভ করিলাম ; যে হেতু তুমি সমস্ত প্রাণীর মধ্যে ক্রূর, নিকৃষ্ট ও অপবিত্র ॥২৮॥

তুমি প্রথমে কুকুর ছিলে, তাহার পরে কেন্দুয়া বাঘ, তৎপরে বড় বাঘ, তদনন্তর মদমত্ত হস্তী, তাহার পরে সিংহ হইয়াছিলে ॥২৯॥

(২৬) ইতঃপ্রভৃতি ত্রয়ঃ শ্লোকাঃ পি বর্দ্ধ বঙ্গ ন সন্তি।

যস্মাদেবমপাপং মাং পাপ! হিংসিতুমিচ্ছসি।
তস্মাৎ স্বযোনিমাপন্নঃ পুনঃ শ্বৈব ভবিষ্যসি ॥৩১॥
ততো মুনিজনদ্বেষ্টা দুষ্টাত্মা প্রাকৃতোঽবুধঃ।
ঋষিণা শরভঃ শপ্তস্তদ্রূপং পুনরাপ্তবান্ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষিসংবাদে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:॰:——

ভারতকৌমুদী

সিংহ ইতি। স্নেহেন পরীতো ব্যাপ্তহৃদয়স্তেন, বিশ্বস্তো দত্তঃ, কুলাম্বয়ঃ বাস্তবিকশরভত্বেন সম্বন্ধঃ ॥৩০॥

যস্মাদিতি। স্বযোনিমাত্মজন্মাবস্থাম্। শ্বা কুক্কুরঃ ॥৩১॥

তত ইতি। প্রাকৃতো নীচঃ, অবুধো মূর্খঃ। তদ্রূপং কুক্কুররূপম্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:॰:——

ভারতভাবদীপঃ

[illegible] ॥২৯॥ বিশ্বস্তো বিবিধেন স্নেহেন দত্তঃ, ন তু কুলাম্বয়ঃ তেন তেন কুলেন অথবাঃ [illegible] [illegible] কুলাম্বয়সাদৃশ্যং ন ভবসি ॥৩০—৩২॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

——:॰:——

তাহার পরে আবার বলবান্ শরভ হইয়াছিলে; কিন্তু আমি স্নেহ করিয়াও তোমাকে বাস্তবিক শরভত্ব দান করি নাই ॥৩০॥

পাপাত্মা! আমি নির্দ্দোষ; তথাপি তুই যখন আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছিস্, তখন তুই আবার সেই কুক্কুরজাতি লাভ করিয়া, কুক্কুরই হইবি" ॥৩১॥

তাহার পর সেই মুনিজনদ্বেষী, দুরাত্মা, নীচস্বভাব ও মূর্খ শরভ ঋষির অভিসম্পাতে পুনরায় কুক্কুররূপ প্রাপ্ত হইল" ॥৩২॥

——০——

* 'সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ।' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

স শ্বা প্রকৃতিমাপন্নঃ পরং দৈন্যমুপাগতঃ।
ঋষিণা হুংকৃতঃ পাপস্তপোবনবহিষ্কৃতঃ ॥১॥

এবং রাজ্ঞা মতিমতা বিদিত্বা শীলশৌচতাম্।
আর্জ্জবং প্রকৃতিং সত্যং শ্রুতং বৃত্তং কুলং দমম্ ॥২॥

অনুক্রোশং বলং বীর্য্যং প্রভাবং প্রশ্রয়ং ক্ষমাম্।
ভৃত্যা যে যত্র যোগ্যাঃ স্যুস্তত্র স্থাপ্যাঃ সুরক্ষিতাঃ ॥৩॥ (যুগ্মকম্)

নাপরীক্ষ্য মহীপালঃ সচিবং কর্ত্তুমর্হতি।
অকুলীননরাকীর্ণো ন রাজা সুখমেধতে ॥৪॥

কুলজঃ প্রকৃতো রাজ্ঞা স্বকুলীনতয়া সদা।
ন পাপে কুরুতে বুদ্ধিং ভিদ্যমানোঽপ্যনাগসি ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। শ্বা কুক্কুরঃ, প্রকৃতিং কুক্কুরভাবম্, দৈন্যম্ উপাগতো নিকৃষ্টপশুত্বাদেবেতি ভাবঃ ॥১॥

এবমিতি। আর্জবং সরলতাম্, প্রকৃতিমবস্থাম্, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, বৃত্তং ব্যবহারম্, দমং ইন্দ্রিয়দমনম্। অনুক্রোশং দয়াম্, বলং দৈহিকীং শক্তিম্, বীর্য্যং মানসিকীং শক্তিম্, প্রভাবং স্বযোগ্যতাপ্রকাশসামর্থ্যম্, প্রশ্রয়মনুরাগম্, যত্র যেষু কর্ম্মসু ॥২—৩॥

নেতি। অকুলীনৈর্নরৈরাকীর্ণো ব্যাপ্তঃ, এধতে বর্দ্ধতে ॥৪॥

ভীষ্ম বলিলেন—"সেই পাপাত্মা কুকুরটা তখন পুনরায় কুক্কুরত্ব প্রাপ্ত হইয়া অত্যন্ত দুঃখিত হইল এবং ঋষি হুঙ্কার করিয়া তাহাকে তপোবন হইতে বাহির করিয়া দিলেন ॥১॥

যুধিষ্ঠির! বুদ্ধিমান্ রাজা এইভাবে ভৃত্যগণের স্বভাবের পবিত্রতা, সরলতা, অবস্থা, সত্য, শাস্ত্রজ্ঞান, ব্যবহার, বংশ, ইন্দ্রিয়দমনের যোগ্যতা, দয়া, দৈহিক বল, মানসিক বল, প্রভাব, অনুরাগ ও ক্ষমাগুণ জানিয়া যাহারা যে যে পদের যোগ্য হইবে, তাহাদিগকে সেই সেই পদে সুরক্ষিত করিয়া স্থাপন করিবেন ॥২—৩॥

রাজা পরীক্ষা না করিয়া কাহাকেও ভৃত্য করিবেন না। কারণ, রাজা অসৎকুলসম্ভূত লোকে পরিবেষ্টিত হইলে, কখনও অনায়াসে উন্নতি লাভ করিতে পারেন না ॥৪॥

(৩)…ভৃত্যা যে মন্ত্রিণো যোগ্যাস্তত্র—নি।

অকুলীনস্তু পুরুষঃ প্রাকৃতঃ সাধুসংশ্রয়াৎ।
দুর্লভৈশ্বর্য্যতাং প্রাপ্তো নিন্দিতঃ শক্রতাং ব্রজেৎ ॥৬॥
কাকঃ শ্বানোঽকুলীনশ্চ বিড়ালঃ সর্প এব চ।
অকুলীনা চ যা নারী তুল্যাস্তে পরিকীর্ত্তিতাঃ ॥৭॥
লোকপালাঃ সদোদ্বিগ্নাঃ পশ্যন্ত্যকুলজান্ যথা।
নারীং বা পুরুষং বাথ শীলং তত্রাপি কারণম্ ॥৮॥
দুষ্কুলীনা চ যা স্ত্রী স্যাদ্দুষ্কুলীনশ্চ যঃ পুমান্।
অহিংসাশীলসংযোগাদ্ধর্ম্মশ্চাকুলতাং ব্রজেৎ ॥৯॥

ভারতকৌমুদী

কুলজ ইতি। প্রকৃতো যোগ্যপদে স্থাপিতো ভৃত্যঃ। ভিদ্যমানোঽপি উৎকোচাদিনা পরেণ সংগ্রহীতুমিষ্যমাণোঽপি, অনাগসি রাজ্ঞোঽপরাধাভাবে ॥৫॥

অকুলীন ইতি। প্রাকৃতো নীচঃ, সাধোর্নৃপতেঃ সংশ্রয়াৎ। দুর্লভম্ ঐশ্বর্য্যং যস্য স তস্য ভাবস্তাম্, শক্রতাং রাজ্ঞ এব ॥৬॥

কাক ইতি। শ্বৈব শ্বানঃ কুক্কুরঃ। প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্‌ বৃদ্ধ্যাগমাভাব আর্ষঃ ॥৭॥

লোকেতি। উদ্বিগ্না তৎকার্য্যসম্পাদনাশঙ্কাবশাদিতি ভাবঃ, অকুলজান্ নারীপুরুষান্, যথা [illegible] ॥৮॥

দুরিতি। ন বিদ্যতে হিংসাশীলো যাভ্যাং তয়োরহিংসাশীলয়োঃ স্ত্রীপুংসয়োঃ সংযোগাৎ সম্পর্কাৎ ॥৯॥

রাজা সদ্বংশজাত লোককে উপযুক্তপদে নিযুক্ত করিলে, সেই লোক রাজার অপরাধ না থাকিলে, অন্য লোক উৎকোচাদিদ্বারা হস্তগত করিবার ইচ্ছা করিলেও, নিজের বংশের গুণেই রাজার অনিষ্ট সাধনের ইচ্ছা করে না ॥৫॥

আর অসৎকুলজাত, নীচ ও নিন্দিত লোক নিযুক্ত হইয়া, উপযুক্ত রাজার আশ্রয়বশতঃ দুর্লভ সম্পদ লাভ করিয়াও তাঁহারই শক্রতা করিয়া থাকে ॥৬॥

কাক, কুকুর, বিড়াল, সর্প, অসৎকুলজাত স্ত্রী ও অসৎকুলজাত পুরুষ—ইহারা সকলেই সমান বলিয়া কথিত হইয়া থাকে ॥৭॥

দিক্‌পালেরা সর্ব্বদা উদ্বিগ্ন হইয়াই যে অসৎকুলজাত স্ত্রী ও পুরুষকে দেখিয়া থাকেন, তাহার প্রতি তাঁহাদের স্বভাবই একমাত্র কারণ ॥৮॥

যাহাদের অপেক্ষা হিংসাশীল প্রাণী নাই, সেইরূপ যে অসৎকুলজাত স্ত্রী ও অসৎকুলজাত পুরুষ—তাহাদের সংস্রবে আসিলে, ধর্ম্মই আকুল হইয়া উঠে ॥৯॥

(১) ইতঃপ্রভৃতি একাদশশ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

ধর্ম্মং প্রতি মহারাজ ! শ্লোকানাহ বৃহস্পতিঃ ।
শৃণু সর্ব্বান্ মহীপাল ! হৃদি তাংশ্চ করিষ্যসি ॥১০॥
অসিতং সিতকর্ম্মাণং তথা দান্তং তপস্বিনম্ ।
বৃত্তস্থমপি চণ্ডালং তং দেবা ব্রাহ্মণং বিদুঃ ॥১১॥
যদি ঘাতয়তে কশ্চিৎ পাপসত্ত্বং প্রজাহিতঃ ।
সর্ব্বসত্ত্বহিতার্থায় ন তেনাসৌ বিহিংসকঃ ॥১২॥
দ্বীপিনং শরভং সিংহং ব্যাঘ্রং কুঞ্জরমেব চ ।
মহিষঞ্চ বরাহঞ্চ শূকরং শ্বানপন্নগান্ ॥১৩॥
গোব্রাহ্মণহিতার্থায় বালস্ত্রীরক্ষণায় চ ।
বৃদ্ধাতুরপরিত্রাণে যো হিনস্তি স ধর্ম্মবিৎ ॥১৪॥ (যুগ্মকম্)
ব্রাহ্মণঃ পাপকর্ম্মা চ ম্লেচ্ছো বা ধার্ম্মিকঃ শুচিঃ ।
শ্রেয়াংস্তত্র ভবেন্ম্লেচ্ছো ব্রাহ্মণঃ পাপকৃত্তমঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ধর্ম্মমিতি। তান্ শ্লোকান্ হৃদি করিষ্যসি চিরমেব স্মরিষ্যসীত্যর্থঃ ॥১০॥

অসিতমিতি। অসিতং জাতৌ দেহে বা কৃষ্ণমপি, সিতকর্ম্মাণং শুভ্রক্রিয়াং সৎকার্য্যকরমিত্যর্থঃ, দান্তম্ ইন্দ্রিয়দমনশীলম্। বৃত্তস্থং সদাচারস্থং চণ্ডালমপি ॥১১॥

যদীতি। ঘাতয়তে হন্তি, পাপসত্ত্বং পাপিষ্ঠং জন্তুম্। সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং হিতার্থায় ॥১২॥

দ্বীপিনমিতি। দ্বীপিনং তরক্ষুম্, বরাহশূকরয়োর্বর্ণভেদাদ্ভেদঃ। বৃদ্ধাতুরয়োঃ পরিত্রাণে তদর্থে ॥১৩—১৪॥

মহারাজ ! বৃহস্পতি ধর্ম্মের নিকটে যে সকল শ্লোক বলিয়াছেন, তুমি সেই সকল শ্লোক শ্রবণ কর এবং সেগুলিকে চিরকাল মনে রাখিবে ॥১০॥

চণ্ডাল কৃষ্ণবর্ণ হইয়াও যদি শুভ্র কর্ম্ম করে এবং জিতেন্দ্রিয় ও তপস্বী হয়; আর সদাচারে থাকে, তাহা হইলে দেবতারা তাহাকে ব্রাহ্মণ বলিয়াই মনে করেন ॥১১॥

মানুষ যদি লোকের হিতসাধনে নিরত থাকিয়া, সমস্ত প্রাণীর হিতের জন্য কোন পাপিষ্ঠ প্রাণীকে হত্যা করে, তাহা হইলে তাহাকে হিংসক বলা যায় না ॥১২॥

যে লোক গো, ব্রাহ্মণ, বালক, স্ত্রী, বৃদ্ধ ও পীড়িত ব্যক্তিকে রক্ষা করিবার জন্য কেন্দুয়াবাঘ, বাঘ, শরভ, সিংহ, হাতী, মহিষ, দন্তযুক্ত শূকর, দন্তহীন শূকর, কুকুর ও সর্পকে বধ করে, সে লোক ধর্ম্মজ্ঞই বটে ॥১৩—১৪॥

দুষ্কুলীনঃ কুলীনো বা যঃ কশ্চিচ্ছীলবান্ নরঃ ।
প্রকৃতিং তস্য বিজ্ঞায় স্থিরাং বা যদি বাস্থিরাম্ ॥১৬॥
শীলং বানুত্তমং কর্ম্ম কুর্য্যাদ্রাজা সমাহিতঃ ।
নিযুঞ্জীত মহীপালো দুর্ব্বৃত্তং পাপকর্ম্মসু ॥১৭॥ (যুগ্মকম্)
কুলীনং শিক্ষিতং প্রাজ্ঞং জ্ঞানবিজ্ঞানপারগম্ ।
সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞং সহিষ্ণুং দেশজং তথা ॥১৮॥
কৃতজ্ঞং বলবন্তঞ্চ ক্ষান্তং দান্তং জিতেন্দ্রিয়ম্ ।
অলুব্ধং লব্ধসন্তুষ্টং স্বামিমিত্রবুভূষকম্ ॥১৯॥
সচিবং দেশকালজ্ঞং সত্ত্বসংগ্রহণে রতম্ ।
সততং যুক্তমনসং হিতৈষিণমতন্দ্রিতম্ ॥২০॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। শুচিঃ পবিত্রঃ। পাপকৃত্তমস্তু এবাধমঃ ॥১৫॥

দুষ্কুলীনেতি। প্রকৃতিং স্বভাবম্। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ। দুর্ব্বৃত্তং জনম্, পাপকর্ম্মসু প্রচণ্ডেন দণ্ডিতানাং হত্যাসু ॥১৬—১৭॥

কুলীনমিতি। দেশজম্ উত্তমজনপদজাতম্। স্বামিনো মিত্রং বুভূষকং ভবিতুমিচ্ছুম্। সত্ত্ব-সংগ্রহণে স্বামিনো দ্রব্যসঞ্চয়ে। যুক্তমনসং স্বামিনঃ কার্য্যে মনোযোগিনম্। যুক্তাচারং স্বামি-সম্মতাচারম্। ত্রিবর্গবেত্তারং ধর্ম্মার্থকামজ্ঞম্। খাতকানাং কূপতড়াগাদীনাং ব্যূহানাং

ভারতভাবদীপঃ

সর্ব্বেতি ॥১॥ দৃষ্টান্তমুপপাদ্য দার্ষ্টান্তিকমাহ, এবমিত্যাদিনা ॥২—৪॥ রাজ্ঞা অনাগসি দণ্ড্যমানোঽপি কুলীনঃ পাপে বুদ্ধিং ন কুরুতে ইত্যন্বয়ঃ ॥৫॥ কুলীনস্তু নিন্দামাত্রেণ শক্রত্বং গচ্ছেৎ ॥৬—১৮॥ স্বামিনো মিত্রাণাং বুভূষকমৈশ্বর্য্যলিপ্সুম্ ॥১৯॥ সত্ত্বসংগ্রহণে প্রাণিমাত্ররঞ্জনে

যে ক্ষেত্রে ব্রাহ্মণ পাপিষ্ঠ; আর ম্লেচ্ছ ধার্ম্মিক ও পবিত্র—সে ক্ষেত্রে ম্লেচ্ছই শ্রেষ্ঠ, আর ব্রাহ্মণ নিকৃষ্ট ॥১৫॥

সৎকুলজাত বা অসৎকুলজাত যে কোন লোকই হউক না কেন, সে যদি সচ্চরিত্র হয়, সচ্চরিত্রের কার্য্য বা সর্ব্বোত্তম কার্য্য করে, তাহা হইলে পৃথিবীপালক রাজা মনোযোগী হইয়া তাহার স্থির বা অস্থির স্বভাবের পরীক্ষা করিয়া উপযুক্তপদে নিযুক্ত করিবেন এবং দুর্ব্বৃত্ত লোককে পাপের কার্য্যে স্থাপন করিবেন ॥১৬—১৭॥

সৎকুলোৎপন্ন, নানাবিষয়ে শিক্ষাপ্রাপ্ত, বুদ্ধিমান্, জ্ঞান ও বিজ্ঞানে নিপুণ, সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ, সহিষ্ণু, উত্তমদেশজাত, কৃতজ্ঞ, বলবান্, ক্ষমাশীল, অন্তরিন্দ্রিয় ও বহিরিন্দ্রিয় জয়ী, লোভশূন্য, লব্ধসন্তুষ্ট, প্রভুর প্রিয় হইতে অভিলাষী, দেশকালজ্ঞ, স্বামীর দ্রব্য সঞ্চয়ে নিরত, উপকার সাধনে মনোযোগী, হিতৈষী, আলস্যশূন্য,

যুক্তাচারং স্ববিষয়ে সন্ধিবিগ্রহকোবিদম্ ।
রাজ্ঞস্ত্রিবর্গবেত্তারং পৌরজানপদপ্রিয়ম্ ॥২১॥
খাতকব্যূহতত্ত্বজ্ঞং বলহর্ষণকোবিদম্ ।
ইঙ্গিতাকারতত্ত্বজ্ঞং যাত্রাজ্ঞানবিশারদম্ ॥২২॥
হস্তিশিক্ষাসু তত্ত্বজ্ঞমহঙ্কারবিবর্জিতম্ ।
প্রগল্‌ভং দক্ষিণং দান্তং বলিনং যুক্তকারিণম্ ॥২৩॥
চৌক্ষং চৌক্ষজনাকীর্ণং সুমুখং সুখদর্শনম্ ।
নায়কং নীতিকুশলং গুণচেষ্টাসমন্বিতম্ ॥২৪॥
অস্তব্ধং প্রসৃতং শ্লক্ষ্ণং মৃদুবাদিনমেব চ ।
ধীরং শূরং মহর্দ্ধিঞ্চ দেশকালোপপাদকম্ ॥২৫॥
সচিবং যঃ প্রকুরুতে ন চৈনমবমন্যতে ।
তস্য বিস্তীর্য্যতে রাজ্যং জ্যোৎস্না গ্রহপতেরিব ॥২৬॥ (কুলকম্)
এতৈরেব গুণৈর্যুক্তো রাজা শাস্ত্রবিশারদঃ ।
এষ্টব্যো ধর্ম্মপরমঃ প্রজাপালনতৎপরঃ ॥২৭॥

ভারতকৌমুদী

সৈন্যসন্নিবেশানাঞ্চ তত্ত্বজ্ঞম্, বলহর্ষণকোবিদং সৈন্যসন্তোষণবিশারদম্। প্রগল্‌ভং ধৃষ্টম্, দক্ষিণমুদারচেতসম্, যুক্তকারিণং ন্যায্যকার্য্যকারকম্। চৌক্ষং চতুরম্, চৌক্ষজনৈশ্চতুরলোকৈঃ আকীর্ণং ব্যাপ্তম্। নায়কং লোকপরিচালনদক্ষম্, অস্তব্ধমুদ্যমিনম্, প্রসৃতং বিস্তৃতদৃষ্টিম্, শ্লক্ষ্ণ মৃদুস্বভাবম্। মহর্দ্ধিং ধনসম্পন্নম্। এনম্ ঈদৃশং সচিবম্। গ্রহপতেশ্চন্দ্রস্য ॥১৮—২৬॥

এতৈরিতি। এতৈঃ সৎকুলত্বাদিভিঃ ॥২৭॥

স্বামীর মনোমত আচারসম্পন্ন, স্বদেশের সন্ধিবিগ্রহাভিজ্ঞ, রাজার ধর্ম্মার্থকামবেত্তা, পৌরজানপদপ্রিয়, খাতব্যূহতত্ত্বজ্ঞ, সৈন্যগণকে সন্তুষ্ট রাখিতে নিপুণ, পরের ইঙ্গিত ও আকারাভিজ্ঞ, যুদ্ধযাত্রাজ্ঞাননিপুণ, হস্তিশিক্ষাতত্ত্বজ্ঞ, অহঙ্কারশূন্য, ধৃষ্ট, উদারস্বভাব, ন্যায্যকার্য্যকারী, চতুর, চতুর লোকে পরিবেষ্টিত, প্রসন্নবদন, প্রিয়দর্শন, লোক-পরিচালনদক্ষ, নীতিনিপুণ, গুণবান্, অধ্যবসায়ী, উদ্যমী, বহুদর্শী, কোমলস্বভাব, কোমলভাষী, ধীরপ্রকৃতি, বীর, ধনসম্পন্ন এবং দেশ ও কাল অনুসারে কার্য্যসম্পাদক লোককে যে রাজা মন্ত্রী করেন এবং তাঁহার অবমাননা করেন না, চন্দ্রের জ্যোৎস্নার ন্যায় তাঁহার রাজ্য বৃদ্ধি পায় ॥১৮—২৬॥

এই সকল গুণযুক্ত, শাস্ত্রবিশারদ, ধার্ম্মিক ও প্রজাপালনে নিরত রাজাই প্রজাদের বাঞ্ছনীয় হইয়া থাকেন ॥২৭॥

ধীরো মর্ষী শুচিস্তীক্ষ্ণঃ কালে পুরুষকারবিৎ।
শুশ্রূষুঃ শ্রুতবান্ শ্রোতা ঊহাপোহবিশারদঃ ॥২৮॥
মেধাবী ধারণাযুক্তো যথান্যায়োপপাদকঃ।
দান্তঃ সদা প্রিয়াভাষী ক্ষমাবাংশ্চ বিপর্য্যয়ে ॥২৯॥
দানাচ্ছেদে স্বয়ংকারী শ্রদ্ধালুঃ সুখদর্শনঃ।
আর্ত্তহস্তপ্রদো নিত্যমাপ্তামাত্যো নয়ে রতঃ ॥৩০॥
নাহংবাদী ন নির্দ্বন্দ্বো ন যৎকিঞ্চনকারকঃ।
কৃতে কর্ম্মণ্যমাত্যানাং কর্ত্তা ভৃত্যজনপ্রিয়ঃ ॥৩১॥
সংগৃহীতজনোঽস্তব্ধঃ প্রসন্নবদনঃ সদা।
সদা ভৃত্যজনাপেক্ষো ন ক্রোধী সুমহামনাঃ ॥৩২॥
যুক্তদণ্ডো ন নির্দণ্ডো ধর্ম্মকার্য্যানুশাসনঃ।
চারনেত্রঃ প্রজাবেক্ষী ধর্ম্মার্থকুশলঃ সদা।
রাজা গুণশতাকীর্ণ এষ্টব্যস্তাদৃশো ভবেৎ ॥৩৩॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ধীর ইতি। কালে মর্ষী ক্ষমাবান্ তীক্ষ্ণশ্চ। শুশ্রূষুঃ রাজবৃত্তান্তশ্রবণেচ্ছুঃ, শ্রুতবান্ রাজবৃত্তান্তশ্রবণবান্, শ্রোতা গুরুবৃদ্ধোপদেশানাম, ঊহাপোহবিশারদঃ তর্কবিতর্কদক্ষঃ। যথান্যায় উপপাদকঃ কার্য্যসম্পাদকঃ। দান্ত ইন্দ্রিয়দমনবান্। বিপর্য্যয়ে অপরাধেঽপি ক্ষমাবান্। দানে আচ্ছেদে গ্রহণে চ। আর্ত্তানাং রোগাদিনা পীড়িতানাং হস্তে এব প্রদদাতীতি সঃ। আপ্তা বিশ্বস্তা অমাত্যা যস্য সঃ, নয়ে নীতিপর্য্যালোচনে নাহংবাদী অহঙ্কারশূন্যঃ, ন নির্দ্বন্দ্বো দ্বন্দ্বদুঃখসহিষ্ণুঃ। কর্ত্তা অনুমোদনকারী। সংগৃহীতাঃ সদ্ব্যবহারেণায়ত্তীকৃতা জনা যেন সঃ, অস্তব্ধঃ অনলসঃ। যুক্তদণ্ডো ন্যায্যদণ্ডকর্ত্তা, ন নির্দণ্ডঃ সর্ব্বথাদণ্ডবিধানাপরিত্যাগী। ধর্ম্মকার্য্যাণামনু-

ধীর, কালানুসারে ক্ষমাশীল, তীক্ষ্ণ ও পবিত্র, পুরুষকারজ্ঞ, রাজ্যবৃত্তান্ত-শ্রবণাভিলাষী, শ্রুতরাজ্যবৃত্তান্ত, গুরুজন ও বৃদ্ধজনের উপদেশশ্রোতা, তর্ক-বিতর্কনিপুণ, বুদ্ধিমান্, মেধাবী, ন্যায়ানুসারে কার্য্যকারী, জিতেন্দ্রিয়, সর্ব্বদা প্রিয়ভাষী, অপরাধে ক্ষমাকারী, নিজেই দান ও গ্রহণকারী, ধর্ম্মে ও গুরুজনে শ্রদ্ধাশীল, সুখদর্শন, পীড়িতজনের হস্তেই দানকারী, বিশ্বস্ত সচিবরক্ষক, সর্ব্বদা নীতিপর্য্যালোচনায় ব্যাপৃত, অহঙ্কারশূন্য, দ্বন্দ্বদুঃখসহিষ্ণু, তুচ্ছকার্য্যত্যাগী, অমাত্য-কৃতকার্য্যের অনুমোদক, ভৃত্যজনপ্রিয়, লোকসংগ্রাহক, আলস্যশূন্য, সর্ব্বদা প্রসন্ন-বদন, সর্ব্বদা ভৃত্য পর্য্যবেক্ষক, ক্রোধশূন্য, উদারচেতা, ন্যায্যদণ্ডদাতা, সর্ব্বথা

(৩৩)···নিত্যমমাত্যো হি হিতে রতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

যোধাশ্চৈব মনুষ্যেন্দ্র ! সর্ব্বৈর্গুণগণৈর্ব্বৃতাঃ ।
অন্বেষ্টব্যাঃ সুপুরুষাঃ সহায়া রাজ্যধারণে ।
ন বিমানয়িতব্যাস্তে রাজ্ঞা বৃদ্ধিমভীপ্সতা ॥৩৪॥
যোধাঃ সমরশৌণ্ডীরাঃ কৃতজ্ঞাঃ শাস্ত্রকোবিদাঃ ।
ধর্ম্মশাস্ত্রসমাযুক্তাঃ পদাতিজনসংবৃতাঃ ॥৩৫॥
অভয়া গজপৃষ্ঠস্থা রথচর্য্যাবিশারদাঃ ।
ইষ্বস্ত্রকুশলা যস্য তস্যেয়ং নৃপতের্মহী ॥৩৬॥ (যুগ্মকম্)
জ্ঞাতীনামনবজ্ঞানং ভৃত্যেষ্বশঠতা তথা ।
নৈপুণং চার্থচর্য্যাসু যস্যৈতে তস্য সা মহী ॥৩৭॥
আলস্যঞ্চৈব নিদ্রা চ ব্যসনান্যতিহাস্যতা ।
যস্যৈতানি ন বিদ্যন্তে তস্যৈব সুচিরং মহী ॥৩৮॥

ভারতকৌমুদী

শাসন উপদেষ্টা। চারা গুপ্তচরা এব নেত্রে যস্য সঃ। গুণশতাকীর্ণো দয়াদিসদ্গুণান্বিতঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮—৩৩॥

যোধা ইতি। রাজ্যস্য ধারণে রক্ষণে। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৪॥

যোধা ইতি। সমরে শৌণ্ডীরা নিপুণাঃ। ইষুষু বাণেষু, তদন্যেষু অস্ত্রেষু চ কুশলাঃ ॥৩৫—৩৬॥

জ্ঞাতীনামিতি। নৈপুণং দক্ষতা, অর্থচর্য্যাসু কার্য্যসাধনেষু ॥৩৭॥

দণ্ডাপরিত্যাগী, ধর্ম্মকার্য্যে উপদেষ্টা, চারচক্ষু, প্রজাপর্য্যবেক্ষক ও ধর্ম্মার্থনিপুণ—এইরূপ বহুগুণসমন্বিত রাজাই প্রজাদের বাঞ্ছনীয় হইয়া থাকেন ॥২৮—৩৩॥

মনুষ্যশ্রেষ্ঠ ! সর্ব্বগুণসম্পন্ন যোদ্ধা এবং সৎপুরুষরূপ সহায়—রাজ্য রক্ষার জন্য রাজা অন্বেষণ করিবেন ; কিন্তু রাজ্যবৃদ্ধিকামী রাজা তাঁহাদের অবমাননা করিবেন না ॥৩৪॥

যুদ্ধনিপুণ, কৃতজ্ঞ, শাস্ত্রাভিজ্ঞ, ধর্ম্মশাস্ত্রবিৎ, নির্ভয়চিত্ত, গজারোহণদক্ষ, রথারোহণবিশারদ লোকেরা যাহার পদাতিসৈন্য ও অন্যান্য সৈন্য হয়, সেই রাজারই এই পৃথিবী হইয়া থাকে ॥৩৫—৩৬॥

যে রাজা জ্ঞাতিবর্গের অবমাননা ও ভৃত্যবর্গের সহিত শঠতাচরণ করেন না এবং কার্য্যসাধনে যাঁহার নৈপুণ্য থাকে, সেই রাজারই এই পৃথিবী হইয়া থাকে ॥৩৭॥

যে রাজার আলস্য, নিদ্রা, ব্যসন ও অত্যন্ত আমোদ না থাকে, সেই রাজার রাজ্যই অধিক দিন থাকে ॥৩৮॥

(৩৭) ইতঃপ্রভৃতি সপ্ত শ্লোকাঃ পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

বৃদ্ধসেবী মহোৎসাহী বর্ণানাঞ্চৈব রক্ষিতা।
ধর্ম্মচর্য্যাঃ সদা যস্য তস্যেয়ং সুচিরং মহী ॥৩৯॥
নীতিবর্ত্মানুসরণং নিত্যমুত্থানমেব চ।
রিপূণামনবজ্ঞানং তস্যেয়ং সুচিরং মহী ॥৪০॥
উত্থানঞ্চৈব দৈবঞ্চ তয়োর্নানাত্বমেব চ।
মনুনা বর্ণিতং পূর্ব্বং বক্ষ্যে শৃণু তদেব হি ॥৪১॥
উত্থানং হি নরেন্দ্রাণাং বৃহস্পতিরভাষত।
নয়ানয়বিধানজ্ঞঃ সদা ভব কুরূদ্বহ ! ॥৪২॥
দুর্হৃদাং ছিদ্রদর্শী যঃ সুহৃদামুপকারবান্।
বিশেষবিচ্চ ভৃত্যানাং স রাজ্যফলমশ্নুতে ॥৪৩॥

ভারতকৌমুদী

আলস্যমিতি। ব্যসনানি মৃগয়াদীনি। যস্য রাজ্ঞঃ ॥৩৮॥
বৃদ্ধেতি। বৃদ্ধসেবী তদুপদেশগ্রহণায়। ধর্ম্মস্য চর্য্যা আচরণম্ ॥৩৯॥
নীতীতি। উত্থানমুদ্যোগঃ। অনবজ্ঞানং তুর্দিনত্যাবোধেনাবজ্ঞানাভাবঃ ॥৪০॥
উত্থানমিতি। উত্থানমুদ্যোগঃ, নানাত্বং বহুবিধত্বম্ ॥৪১॥
উত্থানমিতি। নয়ানয়বিধানজ্ঞঃ সুনীতিদুর্নীতিপ্রয়োগাভিজ্ঞঃ ॥৪২॥
দুর্হৃদামিতি। দুর্হৃদাং শত্রূণাম্। বিশেষবিৎ ভিন্নভিন্নাবস্থাভিজ্ঞঃ ॥৪৩॥

যে রাজা বৃদ্ধজনের সেবা করেন, অত্যন্ত উৎসাহী থাকেন এবং ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত বর্ণকে রক্ষা করেন, আর সর্ব্বদাই ধর্ম্মাচরণ করিয়া থাকেন, সেই রাজার রাজ্যই দীর্ঘকাল থাকে ॥৩৯॥

যে রাজা সর্ব্বদা নীতিপথের অনুসরণ করেন, সর্ব্বদা উদ্যোগী থাকেন এবং শত্রুগণের প্রতি অবজ্ঞা করেন না, সেই রাজার রাজ্যই চিরকাল থাকে ॥৪০॥

যুধিষ্ঠির ! পূর্ব্বকালে মনু উদ্যোগ ও দৈব এবং তাহার বহুবিধত্ব বর্ণনা করিয়াছেন, আমি তাহা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৪১॥

কৌরবশ্রেষ্ঠ ! বৃহস্পতি রাজাদের উদ্যোগের কথা বলিয়াছেন ; সুতরাং তুমি সুনীতি ও দুর্নীতি প্রয়োগের বিষয় জানিয়া, সর্ব্বদাই সেই বিষয়ে অবহিত থাক ॥৪২॥

যিনি শত্রুপক্ষের ছিদ্র দর্শন করিতে সমর্থ হন, মিত্রপক্ষের উপকার করেন এবং ভৃত্যগণের ভিন্ন ভিন্ন অবস্থা বুঝিতে পারেন, সেই রাজাই রাজ্যের ফল ভোগ করেন ॥৪৩॥

সর্ব্বসংগ্রহণে যুক্তো নৃপো ভবতি যঃ সদা।
উত্থানশীলো মন্ত্রাঢ্যঃ স রাজা রাজসত্তমঃ ॥৪৪॥
শক্যা চাশ্বসহস্রেণ বীরারোহেণ ভারত!।
সংগৃহীতমনুষ্যেণ কৃৎস্না জেতুং বসুন্ধরা ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষিসংবাদে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সর্ব্বেতি। সর্ব্বেষামেব জনানাং সংগ্রহণে দানমানাদিনা আয়ত্তীকরণে যুক্তো নিরতঃ ॥৪৪॥

সংগ্রহণফলমাহ শক্যেতি। বীরাঃ আরোহা আরোহিণো যস্য তেন। সংগৃহীতা আয়ত্তীকৃতা মনুষ্যা যেন তেন রাজ্ঞা ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

ভারতভাবদীপঃ

॥২০—২১॥ খাতকাঃ পরসৈন্যাবদারকা যে ব্যূহাদয়স্তেষাং তত্ত্বজ্ঞম্ ॥২২—২৩॥ চৌক্ষং শুদ্ধম্ ॥২৪॥ প্রস্থিতং সূক্ষ্মার্থগামিনম্ ॥২৫—২৭॥ মর্ষী ক্ষমী ॥২৮॥ বিপর্য্যয়েঽক্ষমাবত্যর্থকারিণি ক্ষমাবান্ ॥২৯॥ দানস্যাচ্ছেদ বিষয়ে স্বধর্ম্মবিচ্ছেদকর্ত্তা ॥৩০॥ ন নির্দ্বন্দ্বো ন নিষ্পরিগ্রহঃ, কর্ত্তা উপকর্ত্তা ॥৩১—৩২॥ গুণশতং কুলীনত্বাদয় একপঞ্চাশদমাত্যগুণাস্তৎসহিতঃ ধর্ম্মপরমত্বাদয় একচত্বারিংশদেবমষ্টোনং গুণশতম্; এতেষাং সন্ধিবিগ্রহকোবিদমিত্যাদিরীত্যান্যদ্‌গুণাষ্টক-মূহয়িত্বা পূর্ণং শতং জ্ঞেয়ম ॥৩৩—৪৫॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

—০০:—

যে রাজা সর্ব্বদাই সর্ব্বপ্রকার মানুষকে আয়ত্ত রাখিতে ব্যাপৃত থাকেন, উদ্‌যোগী হন এবং যথাসময়ে মন্ত্রণা করেন, সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৪৪॥

ভরতনন্দন! যিনি সর্ব্বপ্রকার মনুষ্যকে আয়ত্ত রাখিতে পারেন, সেই রাজা কেবল এক সহস্র অশ্বারোহী সৈন্যদ্বারাই সমগ্র পৃথিবী জয় করিতে সমর্থ হন” ॥৪৫॥

—:০:—

* '…অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ।

———:o:———

ভীষ্ম উবাচ।

এবংগুণযুতান্ ভৃত্যান্ স্বে স্বে স্থানে নরাধিপঃ।
নিযোজয়তি কৃত্যেষু স রাজ্যফলমশ্নুতে ॥১॥
ন বা স্বস্থানমুৎক্রম্য প্রমাণমপি সৎকৃতম্।
আরোপ্য চাপি স্বস্থানমুৎক্রমান্যৎ প্রপদ্যতে ॥২॥
স্বজাতিগুণসম্পন্নাঃ স্বেষু কর্ম্মসু সংস্থিতাঃ।
প্রকর্ত্তব্যা হ্যমাত্যাস্তু নাস্থানে প্রক্রিয়া ক্ষমা ॥৩॥
অনুরূপাণি কর্ম্মাণি ভৃত্যেভ্যো যঃ প্রযচ্ছতি।
স ভৃত্যগুণসম্পন্নো রাজা ফলমুপাশ্নুতে ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। স্বে স্বে স্থানে নিজনিজযোগ্যপদে। কৃত্যেষু কার্য্যমধ্যে ॥১॥

নেতি। প্রমাণং দৃষ্টপ্রমাণসিদ্ধম্, সংকৃতমপি অন্যৈস্তথৈবাদৃতঞ্চ। স্বস্থানং নিজযোগ্যপদম্ উৎক্রম্য অতিক্রম্য। কিঞ্চ স্বস্থানম্ আরোপ্য চ; অন্যৎ বেতনাদিকম্ উৎক্রম্য অদত্ত্বা, প্রপদ্যতে রাজা বিপদ্যতে ॥২॥

স্বেতি। স্বজাতিগুণৈঃ সত্যশৌচাদিগুণৈঃ সম্পন্না ব্রাহ্মণাদয়ঃ, কর্ম্মসু বৃত্তিষু। অস্থানে অযোগ্যপদে প্রক্রিয়া নিয়োগঃ, ন ক্ষমা নোচিতা ॥৩॥

অন্বিতি। অনুরূপাণি যোগ্যানি, ভৃত্যগুণৈঃ ভৃত্যসুষ্ঠুসম্পাদিতকার্য্যফলৈঃ সম্পন্নঃ ॥৪॥

ভীষ্ম বলিলেন—"যে রাজা এইরূপ গুণসম্পন্ন ভৃত্যগণকে আপন আপন যোগ্যপদে নিযুক্ত করেন, সেই রাজাই রাজ্যের ফল ভোগ করিতে পারেন ॥১॥

যে লোক অন্য কার্য্যে নিজের কৃতিত্ব প্রমাণ করিয়াছে এবং লোকে তাহার আদরও করিয়াছে, তাহাকেও তাহার নিজ যোগ্যপদে আরোপিত না করিলে কিংবা আরোপিত করিয়াও তাহার উপযুক্ত বেতনাদি না দিলে, রাজা বিপন্ন হইয়া থাকেন ॥২॥

আপন আপন জাতীয় গুণযুক্ত লোক সকল যদি আপন আপন বৃত্তিতেই থাকে, তাহা হইলেই রাজা তাহাদিগকে মন্ত্রিপদে নিযুক্ত করিবেন; কিন্তু অযোগ্য-পদে কাহাকেও নিযুক্ত করা উচিত নহে ॥৩॥

(১) অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

শরভঃ শরভস্থানে সিংহঃ সিংহ ইবোর্জ্জিতঃ।
ব্যাঘ্রো ব্যাঘ্র ইব স্থাপ্যো দ্বীপী দ্বীপী যথা তথা ॥৫॥
কর্ম্মস্বিহানুরূপেষু ন্যস্যা ভৃত্যা যথাবিধি।
প্রতিলোমং ন ভৃত্যাস্তে স্থাপ্যাঃ কর্ম্মফলৈষিণা ॥৬॥
যঃ প্রমাণমতিক্রম্য প্রতিলোমং নরাধিপঃ।
ভৃত্যান্ স্থাপয়তেঽবুদ্ধির্ন স রঞ্জয়তে প্রজাঃ ॥৭॥
ন বালিশা ন চ ক্ষুদ্রা নাপ্রাজ্ঞা নাজিতেন্দ্রিয়াঃ।
নাকুলীনা নরাঃ সর্ব্বে স্থাপ্যা রাজ্ঞা গুণৈষিণা ॥৮॥
সাধবঃ কুলজাঃ শূরাঃ জ্ঞানবন্তোঽনসূয়কাঃ।
অক্ষুদ্রাঃ শুচয়ো দক্ষাঃ স্যুর্নরাঃ পারিপার্শ্বকাঃ ॥৯॥

ভারতকৌমুদী

শরভ ইতি। শরভঃ অষ্টচরণো ভীষণো জন্তুবিশেষঃ। উর্জ্জিতস্তেজস্বী। দ্বীপী তরক্ষুঃ ॥৫॥

কর্ম্মস্বিতি। ন্যস্যাঃ স্থাপ্যাঃ। প্রতিলোমমননুরূপম্ ॥৬॥

য ইতি। প্রমাণমুক্তনিয়মম্, প্রতিলোমমননুরূপং যথা স্যাত্তথা। অবুদ্ধির্নরাধিপ ইতি সম্বন্ধঃ ॥৭॥

নেতি। বালিশা মূর্খাঃ, অপ্রাজ্ঞা নির্ব্বোধাঃ। গুণৈষিণা উৎকর্ষাভিলাষিণা ॥৮॥

সাধব ইতি। অনসূয়কাঃ পরদোষাবিষ্কাররহিতাঃ। শুচয়ঃ পবিত্রাঃ, পারিপার্শ্বকাঃ পার্শ্বচরা ভৃত্যাঃ ॥৯॥

যে রাজা ভৃত্যগণকে অনুরূপ কর্ম্ম সকল বণ্টন করিয়া দেন, সেই রাজাই সেই সকল ভৃত্যের কর্ম্মফলভোগী হইয়া, রাজ্যের ফল ভোগ করেন ॥৪॥

যেমন শরভ স্থানে শরভ, সিংহ স্থানে তেজস্বী সিংহ, ব্যাঘ্র স্থানে ব্যাঘ্র এবং কেন্দুয়া বাঘের জায়গায় কেন্দুয়া বাঘ লোকে নিযুক্ত করে ॥৫॥

কর্ম্মফলাভিলাষী রাজা যথাবিধানে যোগ্য যোগ্য পদে ভৃত্যগণকে নিযুক্ত করিবেন; কিন্তু অযোগ্য স্থানে তাহাদিগকে নিযুক্ত করিবেন না ॥৬॥

যে নির্ব্বোধ রাজা উক্তবিধ নিয়ম লঙ্ঘন করিয়া অযোগ্যভাবে ভৃত্য নিয়োগ করেন, তিনি প্রজা রঞ্জন করিতে পারেন না ॥৭॥

উন্নতিকামী রাজা—মূর্খ, ক্ষুদ্র, নির্ব্বোধ, অজিতেন্দ্রিয় ও অসৎকুলোৎপন্ন লোকদিগকে ভৃত্য (কর্ম্মচারী) করিবেন না ॥৮॥

কিন্তু সৎস্বভাব, সৎকুলজাত, বীর, বুদ্ধিমান্, অসূয়াশূন্য, অনীচাশয়, পবিত্রহৃদয় ও কার্য্যদক্ষ লোকেরাই রাজার পার্শ্বচর কর্ম্মচারী হইবেন ॥৯॥

ন্যগ্‌ভূতাস্তৎপরাঃ শান্তাশ্চৌক্ষাঃ প্রকৃতিজৈঃ শুভাঃ।
স্বস্থানানপক্রুষ্টা যে তেস্যু রাজ্ঞাং বহিশ্চরাঃ ॥১০॥
সিংহস্য সততং পার্শ্বে সিংহ এবানুগো ভবেৎ।
অসিংহঃ সিংহসহিতঃ সিংহবল্লভতে ফলম্ ॥১১॥
যস্তু সিংহঃ শ্বভিঃ কীর্ণঃ সিংহকর্ম্মফলে রতঃ।
ন স সিংহফলং ভোক্তুং শক্তঃ শ্বভিরুপাসিতঃ ॥১২॥
এবমেতন্মনুষ্যেন্দ্র! শূরৈঃ প্রাজ্ঞৈর্বহুশ্রুতৈঃ।
কুলীনৈঃ সহ শক্যেত কৃৎস্না জেতুং বসুন্ধরা ॥১৩॥
নাবিদ্যো নানৃজুঃ পার্শ্বে নাপ্রাজ্ঞো নামহাধনঃ।
সংগ্রাহ্যো বসুধাপালৈর্ভৃত্যো ভৃত্যবতাংবর! ॥১৪॥

ভারতকৌমুদী

ন্যগিতি। ন্যগ্‌ভূতা অবনতাঃ, তৎপরাঃ কার্য্যেষু মনোযোগিনঃ, চৌক্ষাশ্চতুরাঃ, প্রকৃতিজৈঃ স্বভাবজাতৈঃ প্রিয়দর্শনত্বাদিভির্গুণৈঃ। স্বস্থানেষু অনপক্রুষ্টা অনিন্দিতাঃ। বহিশ্চরা দূরবর্ত্তিনো ভৃত্যাঃ ॥১০॥

সিংহস্যেতি। অনুগঃ সহগন্তা। উক্তনিয়মে ব্যভিচারমাহ অসিংহ ইতি ॥১১॥

য ইতি। শ্বভিঃ কুক্কুরৈঃ, কীর্ণো ব্যাপ্তঃ। শ্বভিরেব উপাসিতঃ সেবিতঃ ॥১২॥

দৃষ্টান্তধর্ম্মং দার্ষ্টান্তিকে যোজয়তি এবমিতি। শক্যেত রাজ্ঞেতি শেষঃ ॥১৩॥

নেতি। অনৃজুঃ কুটিলঃ, অপ্রাজ্ঞো নির্ব্বোধঃ, অমহাধনঃ স্বল্পধনো নির্ধনো বা ॥১৪॥

আর যাহারা অবনত, কার্য্যপরায়ণ, শান্তস্বভাব, চতুর, স্বাভাবিক শুভগুণসম্পন্ন এবং আপন আপন পদে নিন্দাশূন্য—তাহারাই রাজাদের বাহিরের (মফঃস্বলের) কর্ম্মচারী হইবেন ॥১০॥

সিংহের পার্শ্বে সিংহই সর্ব্বদা গমন করিয়া থাকে; আর কখনও সিংহভিন্ন পশুও সিংহের সহিত মিলিত হইয়া সিংহের ন্যায় ফল লাভ করে ॥১১॥

আর যে সিংহ কুক্কুরগণে পরিবেষ্টিত হইয়া সিংহের কার্য্যে ব্যাপৃত হয়, কুক্কুর পরিবেষ্টিত সেই সিংহ, সিংহের কর্ম্মফল ভোগ করিতে সমর্থ হয় না ॥১২॥

নরশ্রেষ্ঠ! এইরূপই রাজা বীর, বুদ্ধিমান, বহুশাস্ত্রজ্ঞ ও সৎকুলোৎপন্ন লোকগের সহিত মিলিত হইয়াই সমগ্র পৃথিবী জয় করিতে সমর্থ হন ॥১৩॥

ভৃত্যরক্ষিশ্রেষ্ঠ! রাজারা বিদ্যাশূন্য, কুটিল, নির্ব্বোধ কিংবা স্বল্প ধন বা নির্ধন লোককে ভৃত্যরূপে (কর্ম্মচারিভাবে) গ্রহণ করিবেন না ॥১৪॥

বাণবদ্বিস্হৃতা যান্তি স্বামিকার্য্যপরা নরাঃ।
যে ভৃত্যাঃ পার্থিবহিতাস্তেষাং সান্ত্বং প্রয়োজয়েৎ ॥১৫॥
কোশশ্চ সততং রক্ষ্যো যত্নমাস্থায় রাজভিঃ।
কোশমূলা হি রাজানঃ কোশবৃদ্ধিকরো ভবেৎ ॥১৬॥
কোষ্ঠাগারঞ্চ তে নিত্যং স্ফীতৈর্ধান্যৈঃ সুসংবৃতম্।
সদাস্তু সৎসু সংন্যস্তং ধনধান্যপরো ভব ॥১৭॥
নিত্যযুক্তাশ্চ তে ভৃত্যা ভবন্তু রণকোবিদাঃ।
বাজিনাঞ্চ প্রয়োগেষু বৈশারদ্যমিহেষ্যতে ॥১৮॥
জ্ঞাতিবন্ধুজনাবেক্ষী মিত্রসম্বন্ধিসৎকৃতঃ।
পৌরকার্য্যহিতান্বেষী ভব কৌরবনন্দন! ॥১৯॥

ভারতকৌমুদী

বাণবদিতি। বিস্হৃতা অগ্রেসরা এব। সান্ত্বং কোমলবাক্যম্ ॥১৫॥
কোশ ইতি। কোশো ধনসঞ্চয়ঃ। রাজানো রাজপদানি ॥১৬॥
কোষ্ঠেতি। কোষ্ঠাগারং শস্যগৃহম্। সৎসু সজ্জনেষু, সংন্যস্তমর্পিতরক্ষাভারম্ ॥১৭॥
নিত্যেতি। নিত্যযুক্তা রণকৌশলে সর্ব্বদাভিনিবিষ্টাঃ। বৈশারদ্যং দক্ষত্বম্ ॥১৮॥
জ্ঞাতীতি। মিত্রৈঃ সম্বন্ধিভিশ্চ সৎকৃতঃ সর্ব্বদা সদ্ব্যবহারলাভাদাদৃতঃ ॥১৯॥

প্রভুকার্য্যপরায়ণ লোকেরা বাণের ন্যায় সম্মুখের দিকে গমন করে; সুতরাং যে সকল ভৃত্য রাজার হিতৈষী, রাজা তাহাদের সহিত মধুর বাক্য ব্যবহার করিবেন ॥১৫॥

মহামনা ভবেদ্ধর্ম্মে বিবহেচ্চ মহাকুলে।
ব্রাহ্মণাংশ্চাপি সেবেত ক্ষমাযুক্তান্ মনস্বিনঃ ॥২১॥
জপেদুদকশীলঃ স্যাৎ সততং সুখমাস্থিতঃ।
ধর্ম্মান্বিতান্ সংপ্রবিশেদ্বহিঃ কৃত্বেহ দুষ্কৃতীন্ ॥২২॥
প্রসাদয়েন্মধুরয়া বাচা বাপ্যথ কর্ম্মণা।
তবাস্মীতি বদেন্নিত্যং পরেষাং কীর্ত্তয়ন্ গুণান্ ॥২৩॥
অপাপো হ্যেবমাচারঃ ক্ষিপ্রং বহুমতো ভবেৎ।
পাপান্যপি হি কৃচ্ছ্রাণি শময়েন্নাত্র সংশয়ঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অত্রেতি। পরিবর্হণং নিবারণোপায়ম্। সৎকারো দানাদিনা ॥২০॥

মহেতি। মহামনা অভিনিবেশাদেব প্রশস্তচিত্তঃ ॥২১॥

জপেদিতি। জপেদিষ্টং মন্ত্রম্, উদকশীলো নিত্যস্নায়ী, সুখমাস্থিতঃ শীতকালেঽপি স্নানাং কষ্টমনাস্থিতঃ। সংপ্রবিশেৎ সংস্পৃজেৎ ॥২২॥

প্রেতি। প্রসাদয়েৎ ধর্ম্মান্বিতানেব। অস্মি প্রেষ্যভূতঃ ॥২৩॥

অপাপ ইতি। এবমীদৃশ আচারো যস্য সঃ, বহুমতঃ সর্ব্বৈরেব আদৃতঃ ॥২৪॥

এই বিষয়ে আচার্য্যেরা পাপের এই প্রায়শ্চিত্ত বলিয়া থাকেন—বেদবিদ্যার সেবা করিবে এবং ব্রাহ্মণগণের সৎকার করিবে ॥২০॥

ধর্ম্মে অভিনিবিষ্ট হইবে, উচ্চবংশে বিবাহ করিবে এবং ক্ষমাশীল ও মনস্বী ব্রাহ্মণগণের সেবা করিবে ॥২১॥

ইষ্টমন্ত্র জপ করিবে, সুখ মনে করিয়াই নিত্যস্নায়ী হইবে এবং পাপীদিগকে অপসারিত করিয়া, ধার্ম্মিকদিগের সহিত সংসর্গ করিবে ॥২২॥

মধুর বাক্যে কিংবা মধুর ব্যবহারে ধার্ম্মিকদিগকে প্রসন্ন করিবে; আর পরের গুণ কীর্ত্তন করতঃ সর্বদা এরূপ বলিবে যে, 'আমি আপনারই' ॥২৩॥

এইরূপ আচরণ করিলে, মানুষ সত্বরই নিষ্পাপ হইয়া সকলের আদৃত হইতে পারে। এমন কি কষ্টনাশ্য পাপও বিনষ্ট করিতে সমর্থ হয়, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৪॥

(২০) পাপস্য পরিগর্হণম্—পি বঙ্গ বর্দ্ধ, পাপস্য পরিবর্ত্তনম্—নি।

গুরবো হি পরং ধর্ম্মং যং ব্রূয়ুস্তং তথা কুরু।
গুরূণাং হি প্রসাদাদ্ধি শ্রেয়ঃ পরমবাপ্স্যসি ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজ-ধর্ম্মে কামন্দকাঙ্গরিষ্ঠসংবাদে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।
ইমে জনা নরশ্রেষ্ঠ! প্রশংসন্তি সদা ভুবি।
ধর্ম্মস্য শীলমেবাদৌ ততো মে সংশয়ো মহান্ ॥১॥
যদি তচ্ছক্যমস্মাভির্জ্ঞাতুং ধর্ম্মভৃতাং বর!।
শ্রোতুমিচ্ছামি তৎ সর্ব্বং যথৈতদুপলভ্যতে ॥২॥

ভারতকৌমুদী

গুরব ইতি। পরং শ্রেষ্ঠম্। প্রসাদাদনুগ্রহাৎ, শ্রেয়ো মঙ্গলম্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০—

ইম ইতি। ধর্ম্মস্য কারণীভূতমিতি শেষঃ, শীলং স্বভাবম্, ততস্তত্র ॥১॥

যদীতি। উপলভ্যতে জ্ঞায়তে ॥২॥

রাজা! গুরুজনেরা যাহাকে পরম ধর্ম্ম বলেন, আপনি তাহা করুন। গুরুজন-গণের অনুগ্রহে আপনি পরম মঙ্গল লাভ করিবেন' ॥২৫॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'নরশ্রেষ্ঠ পিতামহ! ভূমণ্ডলে এই মনুষ্যেরা প্রথমে ধর্ম্মের কারণ বলিয়া স্বভাবেরই প্রশংসা করিয়া থাকে, তাহাতে আমার গুরুতর সংশয় রহিয়াছে ॥১॥

ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ! তাহা যদি আমরা জানিতে পারি, তবে সে সমস্ত শুনিতে ইচ্ছা করি, যাহাতে ইহা বুঝিতে পারিব ॥২॥

* '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।' পি বঙ্গ বর্দ্ধ নি।

কথং তৎ প্রাপ্যতে শীলং শ্রোতুমিচ্ছামি ভারত !।
কিংলক্ষণঞ্চ তৎ প্রোক্তং ব্রূহি মে বদতাং বর ! ॥৩॥

ভীষ্ম উবাচ।

পুরা দুর্য্যোধনেনেহ ধৃতরাষ্ট্রায় মানদ !।
আখ্যাতং তপ্যমানেন শ্রিয়ং দৃষ্ট্বা তথাগতাম্ ॥৪॥
ইন্দ্রপ্রস্থে মহারাজ ! তব সভ্রাতৃকস্য হ।
সভায়াঞ্চাহ বচনং তৎ সর্ব্বং শৃণু ভারত ! ॥৫॥ (যুগ্মকম্)
ভবতস্তাং সভাং দৃষ্ট্বা সমৃদ্ধিং চাপ্যনুত্তমাম্।
দুর্য্যোধনস্তদাসীনঃ সর্ব্বং পিত্রে ন্যবেদয়ৎ ॥৬॥
শ্রুত্বা হি ধৃতরাষ্ট্রশ্চ দুর্য্যোধনবচস্তদা।
অব্রবীৎ কর্ণসহিতং দুর্য্যোধনমিদং বচঃ ॥৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

কিমর্থং তপ্যসে পুত্র ! শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
শ্রুত্বা ত্বামনুনেষ্যামি যদি সম্যগ্ ভবিষ্যতি ॥৮॥

ভারতকৌমুদী

কথমিতি। কিং কীদৃশং লক্ষণং স্বরূপং যস্য তৎ ॥৩॥
পুরেতি। তথাগতাং তথাভূতাম্। আহ দুর্য্যোধনঃ ॥৪—৫॥
ভব ইতি। ন বিদ্যতে উত্তমা যস্যাস্তাং সর্ব্বোত্তমামিত্যর্থঃ ॥৬॥
শ্রুত্বেতি। কর্ণসহিতমিত্যনেন তৎসহচরস্য কর্ণস্যাপি তাপ আসীদিতি সূচিতম্ ॥৭॥
কিমিতি। শ্রুত্বা যদি সম্যগ্ ভবিষ্যতি মদুপদেশঃ সফলো ভবিষ্যতীতি মন্যে, তদা ত্বামনুনেষ্যামি উপদেক্ষ্যামি ॥৮॥

বাগ্মিশ্রেষ্ঠ ভরতনন্দন ! সেই স্বভাব কি করিয়া লাভ করা যায়, তাহা শুনিতে ইচ্ছা করি এবং সেই স্বভাবের লক্ষণ কি—তাহা আমার নিকট বলুন' ॥৩॥

ভীষ্ম বলিলেন—'গুরুজনের সম্মানদাতা ! মহারাজ ! ভরতনন্দন ! পূর্ব্বে ইন্দ্রপ্রস্থে ভ্রাতৃবর্গের সহিত তোমার এবং সেই সভাটীর সমৃদ্ধি দেখিয়া সন্তপ্ত হইয়া দুর্য্যোধন ধৃতরাষ্ট্রকে যে সকল কথা বলিয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৪—৫॥

তোমার সেই সর্ব্বোত্তম সভা এবং সমৃদ্ধি দেখিয়া তখন দুর্য্যোধন পিতার সম্মুখে উপবিষ্ট হইয়া তাঁহাকে সমস্তই নিবেদন করিয়াছিলেন ॥৬॥

ধৃতরাষ্ট্র তখন দুর্য্যোধনের কথা শুনিয়া কর্ণের সহিত দুর্য্যোধনকে এই কথা বলিয়াছিলেন ॥৭॥

ত্বয়া চ মহদৈশ্বর্য্যং প্রাপ্তং পরপুরঞ্জয় ! ।
কিঙ্করা ভ্রাতরঃ সর্ব্বে মিত্রসম্বন্ধিবান্ধবাঃ ॥৯॥
আচ্ছাদয়সি প্রাবারানশ্নাসি পিশিতৌদনম্ ।
আজানেয়া বহন্ত্যশ্বাঃ কেনাসি হরিণঃ কৃশঃ ॥১০॥

দুর্য্যোধন উবাচ ।

দশ তাত ! সহস্রাণি স্নাতকানাং মহাত্মনাম্ ।
ভুঞ্জতে রুক্মপাত্রীভির্যুধিষ্ঠিরনিবেশনে ॥১১॥
দৃষ্ট্বা চ তাং সভাং দিব্যাং দিব্যপুষ্পফলান্বিতাম্ ।
অশ্বাংস্তিত্তিরিকল্মাষান্ রত্নানি বিবিধানি চ ॥১২॥
দৃষ্ট্বা তাং পাণ্ডবেয়ানামৃদ্ধিং বৈশ্রবণীং শুভাম্ ।
অমিত্রাণাং সুমহতীমনুশোচামি ভারত ! ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত্বয়েতি। ঐশ্বর্য্যং প্রভুত্বম্। কিঙ্করা ভৃত্যবৎ স্থিতাঃ ॥৯॥

আচ্ছেতি। আচ্ছাদয়সি পরিদধাসি, প্রাবারান্ উত্তমসূক্ষ্মবস্ত্রাণি, পিশিতৌদনং মাংসযুক্তমন্নম্। আজানেয়া উত্তমাঃ, হরিণো বিষাদেন হরিদ্বর্ণঃ ॥১০॥

বিষাদকারণমাহ শ্লোকত্রয়েণ দশেতি। স্নাতকানাং গৃহমেধিনাং ব্রাহ্মণানাম্। রুক্মপাত্রীভিঃ স্বর্ণভাজনৈঃ ॥১১॥

দৃষ্ট্বেতি। তিত্তিরিকল্মাষান্ তিত্তিরিপক্ষিবৎ নানাবর্ণান্। ঋদ্ধিং সম্পদম্, বৈশ্রবণীং কুবেরসম্পত্তুল্যাম্ ॥১২—১৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'পুত্র ! তুমি সন্তপ্ত হইতেছ কেন ? তাহা আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি, শুনিয়া যদি মনে করি যে, আমার উপদেশ সমীচীন হইবে, তাহা হইলে আমি তোমাকে উপদেশ দিব ॥৮॥

বিপক্ষনগরবিজয়ী পুত্র ! তুমি বিশাল ঐশ্বর্য্য লাভ করিয়াছ এবং তোমার সকল ভ্রাতা, মিত্র, সম্বন্ধী ও বন্ধুবর্গ তোমার নিকটে ভৃত্যের ন্যায় অবস্থান করে ॥৯॥

এবং তুমি উত্তম সূক্ষ্ম বস্ত্র পরিধান কর, পলান্ন (পোলাও) ভোজন কর, আর উত্তম অশ্ব সকল তোমাকে বহন করে, তথাপি তুমি কেন মলিন ও কৃশ হইতেছ ?' ॥১০॥

দুর্য্যোধন বলিলেন—'পিতঃ ! দশ সহস্র মহাত্মা স্নাতক ব্রাহ্মণ প্রত্যহ যুধিষ্ঠিরের গৃহে স্বর্ণপাত্রে ভোজন করেন ॥১১॥

ভরতনন্দন ! আর আমার শত্রু পাণ্ডবগণের দিব্যপুষ্পফলসমন্বিত সেই দিব্য সভা, তিত্তিরিপক্ষীর ন্যায় নানাবর্ণের বহুতর অশ্ব, নানাবিধ রত্ন এবং কুবেরের ন্যায় বিশাল সমৃদ্ধি দেখিয়া আমি অনুতপ্ত হইতেছি' ॥১২—১৩॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যদীচ্ছসি শ্রিয়ং তাত! যাদৃশী সা যুধিষ্ঠিরে।
বিশিষ্টাং বা নরশ্রেষ্ঠ! শীলবান্ ভব পুত্রক! ॥১৪॥
শীলেন হি ত্রয়ো লোকাঃ শক্যা জেতুং ন সংশয়ঃ।
ন হি কিঞ্চিদসাধ্যং বৈ লোকে শীলবতাং ভবেৎ ॥১৫॥
একরাত্রেণ মান্ধাতা ত্র্যহেণ জনমেজয়ঃ।
সপ্তরাত্রেণ নাভাগঃ পৃথিবীং প্রতিপেদিরে ॥১৬॥
এতে হি পার্থিবাঃ সর্ব্বে শীলবন্তো দয়ান্বিতাঃ।
অতস্তেষাং গুণক্রীতা বসুধা স্বয়মাগতা ॥১৭॥

দুর্য্যোধন উবাচ।

কথং তৎ প্রাপ্যতে শীলং শ্রোতুমিচ্ছামি ভারত!।
যেন শীলেন তৈঃ প্রাপ্তা ক্ষিপ্রমেব বসুন্ধরা ॥১৮॥

ভারতকৌমুদী

যদীতি। শ্রিয়ং সম্পদম্। বিশিষ্টামধিকাম্। শীলবান্ সৎস্বভাবঃ ॥১৪॥
শীলেনেতি। অসাধ্যং সাধয়িতুমশক্যম্ ॥১৫॥
শীলফলমাহ একেতি। প্রতিপেদিরে জয়েন লেভিরে ॥১৬॥
এত ইতি। গুণেন ক্রীতা ক্রীতদ্রব্যবদায়ত্তীকৃতা ॥১৭॥
কথমিতি। তত্তাদৃশমুত্তমম্ ॥১৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'বৎস! নরশ্রেষ্ঠ! পুত্র! যুধিষ্ঠিরের যেরূপ সমৃদ্ধি হইয়াছে, তুমি যদি সেইরূপ সমৃদ্ধি কিংবা তদপেক্ষা অধিক সমৃদ্ধি লাভ করিবার ইচ্ছা কর, তাহা হইলে সৎস্বভাবসম্পন্ন হও ॥১৪॥

কারণ, মানুষ স্বভাবের গুণেই ত্রিভুবন জয় করিতে পারে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কেন না, সৎস্বভাবসম্পন্ন লোকদিগের পক্ষে কোন বিষয়ই অসাধ্য নহে ॥১৫॥

মান্ধাতা একরাত্রে, জনমেজয় তিন দিনে এবং নাভাগ সাত দিনে পৃথিবী লাভ করিয়াছিলেন ॥১৬॥

কারণ, এই রাজারা সকলেই সৎস্বভাবসম্পন্ন ও দয়ালু ছিলেন; সেই জন্যই পৃথিবী তাঁহাদের গুণে বশীভূত হইয়া, নিজেই তাঁহাদের নিকটে আসিয়াছিলেন' ॥১৭॥

দুর্য্যোধন বলিলেন—'ভরতনন্দন! সেই রাজারা যে স্বভাবের গুণে সত্বরই পৃথিবী লাভ করিয়াছিলেন, সেই স্বভাব কিপ্রকারে লাভ করা যায়, তাহা আমি শুনিতে ইচ্ছা করি' ॥১৮॥

ধৃতরাষ্ট্র উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
নারদেন পুরা প্রোক্তং শীলমাশ্রিত্য ভারত! ॥১৯॥
প্রহ্লাদেন হৃতং রাজ্যং মহেন্দ্রস্য মহাত্মনঃ।
শীলমাশ্রিত্য দৈত্যেন ত্রৈলোক্যঞ্চ বশে কৃতম্ ॥২০॥
ততো বৃহস্পতিং শক্রঃ প্রাঞ্জলিঃ সমুপস্থিতঃ।
তমুবাচ মহাপ্রাজ্ঞঃ শ্রেয় ইচ্ছামি বেদিতুম্ ॥২১॥
ততো বৃহস্পতিস্তস্মৈ জ্ঞানং নৈশ্রেয়সং পরম্।
কথয়ামাস ভগবান্ দেবেন্দ্রায় কুরূদ্বহ! ॥২২॥
এতাবচ্ছ্রেয় ইত্যেব বৃহস্পতিরভাষত।
ইন্দ্রস্তু ভূয়ঃ পপ্রচ্ছ কো বিশেষো ভবেদিতি ॥২৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। অত্রাপি অস্মিন্নপি বিষয়ে, উদাহরন্তি মনস্বিন ইতি শেষঃ ॥১৯॥
প্রেতি। শীলমাশ্রিত্য স্বভাবগুণৈনৈবেত্যর্থঃ ॥২০॥
তত ইতি। শক্রো মহেন্দ্রঃ। তং বৃহস্পতিম্ ॥২১॥
তত ইতি। নৈশ্রেয়সং পরমমঙ্গলবিধায়ি ॥২২॥
এতাবদিতি। বিশেষ এতদপেক্ষয়াপি অধিকং শ্রেয়ঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ইমে জনা ইতি। শীলাধ্যায়ঃ ধর্ম্মস্য কারণমিতি শেষঃ ॥১—১৬॥ গুণাক্রীড়েতি পাঠে গুণারামা ॥১৭—২১॥ নৈশ্রেয়সং মোক্ষোপযোগি ॥২২॥ কো বিশেষঃ নৈশ্রেয়সাদপি কিং শ্রেয়

ধৃতরাষ্ট্র বলিলেন—'ভরতনন্দন! পূর্ব্বকালে নারদ স্বভাবের বিষয় অবলম্বন করিয়া যাহা বলিয়াছিলেন, মনস্বীরা এই বিষয়েও সেই প্রাচীন ঘটনার উল্লেখ করিয়া থাকেন ॥১৯॥

দিতিবংশসম্ভূত প্রহ্লাদ স্বভাবের গুণে মহাত্মা ইন্দ্রের রাজ্য হরণ করিয়াছিলেন এবং ত্রিভুবনকেই বশীভূত করিয়াছিলেন ॥২০॥

তাহার পর মহাপ্রাজ্ঞ ইন্দ্র বৃহস্পতির নিকটে যাইয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিলেন—'আমি নিজের মঙ্গলের বিষয় জানিতে ইচ্ছা করি'॥২১॥

কৌরবশ্রেষ্ঠ! তদনন্তর ভগবান্ বৃহস্পতি সেই দেবরাজের নিকট পরমমঙ্গলজনক জ্ঞানের বিষয় বলিলেন ॥২২॥

তিনি আরও বলিলেন—'এই পরিমাণই মঙ্গল'; কিন্তু ইন্দ্র পুনরায় জিজ্ঞাসা করিলেন—'ইহা অপেক্ষা অধিক মঙ্গল কি হইতে পারে?' ॥২৩॥

বৃহস্পতিরুবাচ।

বিশেষোঽস্তি মহাংস্তাত! ভার্গবস্য মহাত্মনঃ।
অত্রাগময় ভদ্রং তে ভূয় এব সুরোত্তম! ॥২৪॥
আত্মনস্তু ততঃ শ্রেয়ো ভার্গবাৎ সুমহাতপাঃ।
জ্ঞানমাগময়ৎ প্রীত্যা পুনঃ স পরমদ্যুতিঃ ॥২৫॥
তেনাপি সমনুজ্ঞাতো ভার্গবেণ মহাত্মনা।
শ্রেয়োঽস্তীতি পুনর্ভূয়ঃ শুক্রমাহ শতক্রতুঃ ॥২৬॥
ভার্গবস্ত্বাহ সর্ব্বজ্ঞঃ প্রহ্লাদস্য মহাত্মনঃ।
জ্ঞানমস্তি বিশেষেণেত্যুক্তো হৃষ্টশ্চ সোঽভবৎ ॥২৭॥
স ততো ব্রাহ্মণো ভূত্বা প্রহ্লাদং পাকশাসনঃ।
গত্বা প্রোবাচ মেধাবী শ্রেয় ইচ্ছামি বেদিতুম্ ॥২৮॥

ভারতকৌমুদী

বিশেষ ইতি। ভার্গবস্য ভৃগুপুত্রস্য শুক্রস্য বিদিত ইতি শেষঃ। আগময় তস্মাচ্ছিক্ষস্ব, তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥২৪॥

আত্মন ইতি। জ্ঞানং জ্ঞানরূপম্, আগময়ৎ প্রাপ্নোৎ, স শক্রঃ ॥২৫॥

তেনেতি। ভার্গবেণ শুক্রেণ। শ্রেয়োঽস্তি কিমিতি কাকুঃ ॥২৬॥

ভার্গব ইতি। জ্ঞানং শ্রেয়োনিরূপণে বুদ্ধিঃ। স শতক্রতুঃ ॥২৭॥

স ইতি। পাকশাসন ইন্দ্রঃ। শ্রেয়ঃ কিংকারণকং মঙ্গলম্ ॥২৮॥

বৃহস্পতি বলিলেন—'বৎস দেবশ্রেষ্ঠ! ইহা অপেক্ষাও অধিক মঙ্গল আছে বটে, তবে তাহা মহাত্মা শুক্রাচার্য্য জানেন; সুতরাং তুমি পুনরায় তাঁহার নিকট যাইয়া তাহা শিক্ষা কর, তোমার মঙ্গল হউক' ॥২৪॥

তদনন্তর অতিমহাতপা ও মহাতেজা ইন্দ্র যাইয়া প্রীতিসহকারে শুক্রাচার্য্যের নিকট জ্ঞানরূপ নিজের মঙ্গল শিক্ষা করিলেন ॥২৫॥

সেই মহাত্মা শুক্রাচার্য্যও অনুমতি করিলে, ইন্দ্র পুনরায় শুক্রাচার্য্যকে বলিলেন—'মঙ্গল আছে ত?' ॥২৬॥

তখন সর্ব্বজ্ঞ শুক্রাচার্য্য কহিলেন—'মহাত্মা প্রহ্লাদের এ বিষয়ে বিশেষ জ্ঞান আছে'। তিনি এইরূপ বলিলে ইন্দ্র আনন্দিত হইলেন ॥২৭॥

তাহার পর বুদ্ধিমান্ ইন্দ্র ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া যাইয়া প্রহ্লাদকে বলিলেন—'আমি আপনার নিকট মঙ্গল জানিতে ইচ্ছা করি' ॥২৮॥

প্রহ্লাদস্ত্বব্রবীদ্বিপ্রং ক্ষণো নাস্তি দ্বিজর্ষভ !।
ত্রৈলোক্যরাজ্যসক্তস্য ততো নোপদিশামি তে ॥২৯॥
ব্রাহ্মণস্ত্বব্রবীদ্রাজন্ ! যস্মিন্ কালে ক্ষণো ভবেৎ।
তদোপাদেষ্টুমিচ্ছামি যদাচর্য্যমনুত্তমম্ ॥৩০॥
ততঃ প্রীতোঽভবদ্রাজা প্রহ্লাদো ব্রহ্মবাদিনঃ।
তথেত্যুক্ত্বা শুভে কালে জ্ঞানতত্ত্বং দদৌ তদা ॥৩১।
ব্রাহ্মণোঽপি যথান্যায়ং গুরুবৃত্তিমনুত্তমাম্।
চকার সর্ব্বভাবেন যদস্য মনসেপ্সিতম্ ॥৩২॥
পৃষ্টশ্চ তেন বহুশঃ প্রাপ্তং কথমনুত্তমম্।
ত্রৈলোক্যরাজ্যং ধর্ম্মজ্ঞ ! কারণং তদ্ব্রবীহি মে।
প্রহ্লাদোঽপি মহারাজ ! ব্রাহ্মণং বাক্যমব্রবীৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

প্রহ্লাদ ইতি। ক্ষণ শ্রেয়ঃকথনে মম সময়ঃ। তত্র হেতুমাহ ত্রৈলোক্যেতি। ত্রৈলোক্যরাজ্যে ত্রিভুবনরাজত্বসম্পাদনে সক্তস্য ব্যাপৃতস্য মম ক্ষণো নাস্তীতি সম্বন্ধঃ ॥২৯॥

ব্রাহ্মণ ইতি। ক্ষণঃ শ্রেয়ঃকথনাবসরঃ। উপাদেষ্টুম্ উপাগন্তুম্, আচর্য্যং শ্রেয়ঃকথনং কর্ত্তব্যম্ ॥৩০॥

তত ইতি। ব্রহ্মবাদিনো বেদবক্তুর্ব্রাহ্মণরূপিণ ইন্দ্রস্য ॥৩১॥

ব্রাহ্মণ ইতি। অনুত্তমাম্ অত্যুত্তমাম্। অস্য ব্রাহ্মণস্য মনসা যদীপ্সিতং তৎপ্রাপ্তুমিতি শেষঃ ॥৩২॥

পৃষ্ট ইতি। তেন ব্রাহ্মণরূপিণা ইন্দ্রেণ, অনুত্তমং সর্ব্বোত্তমম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥২৩—২৯॥ আচর্য্যমাচরণীয়ম্ ॥৩০—৩৩॥ কাব্যানি শুক্রপ্রোক্তানি নীতিশাস্ত্রাণি সর্ব্বজ্ঞত্বাভি-

কিন্তু প্রহ্লাদ সেই ব্রাহ্মণকে বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি ত্রিভুবন শাসনে ব্যাপৃত রহিয়াছি ; সুতরাং আপনার জিজ্ঞাসিত বিষয়ের উত্তর দিবার পক্ষে আমার অবসর নাই, সেই জন্যই আমি আপনার নিকট তাহা বলিতে পারিতেছি না' ॥২৯॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র বলিলেন—'রাজা ! যে সময়ে আপনার অবসর হইবে, সেই সময়ে আমি পুনরায় আসিতে ইচ্ছা করি, তখন যাহা ভাল হইবে, আপনি তাহা করিবেন' ॥৩০॥

তৎপরে রাজা প্রহ্লাদ ব্রাহ্মণরূপী ইন্দ্রের উপরে সন্তুষ্ট হইলেন এবং 'তাহাই হইবে' এই কথা বলিয়া উপযুক্ত সময়ে ইন্দ্রকে মঙ্গলবিষয়ে জ্ঞান দান করিলেন ॥৩১॥

ব্রাহ্মণরূপী ইন্দ্রও নিজের অভীষ্ট লাভ করিবার জন্য যথানিয়মে সর্ব্বপ্রকারে অত্যুত্তম গুরুসেবা করিতে লাগিলেন ॥৩২॥

প্রহ্লাদ উবাচ।

নাসূয়ামি দ্বিজান্ বিপ্র! রাজাস্মীতি কদাচন।
কাব্যানি বদতাং তেষাং সংযচ্ছামি বহামি চ ॥৩৪॥
তে বিশ্রব্ধাঃ প্রভাষন্তে সংযচ্ছন্তি চ মাং সদা।
তে মাং কাব্যপথে যুক্তং শুশ্রূষুমনসূয়কম্ ॥৩৫॥
ধর্ম্মাত্মানং জিতক্রোধং নিয়তং সংযতেন্দ্রিয়ম্।
সমাসিঞ্চন্তি শাস্তারঃ ক্ষৌদ্রং মধ্বিব মক্ষিকাঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
সোহহং বাগগ্রবিদ্যানাং রসানামবলেহিতা।
স্বজাত্যানধিতিষ্ঠামি নক্ষত্রাণীব চন্দ্রমাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

নেতি। দ্বিজান্ ব্রাহ্মণান্। কাব্যঃ শুক্রস্তস্যেমানীতি কাব্যানি শুক্রোক্তনীতিবাক্যানীত্যর্থঃ, তেষাং ব্রাহ্মণানাম্, সংযচ্ছামি নিজবাক্যং সংবৃণোমি, বহামি তানি নীতিবাক্যানি ॥৩৪॥

ত ইতি। তে দ্বিজাঃ বিশ্রব্ধা বিশ্বস্তাঃ, সংযচ্ছন্তি উপদেশেন সংযতং কুর্ব্বন্তি। কাব্যপথে শুক্রোক্তনীতিমার্গে, যুক্তং সর্ব্বদা বিচরণপ্রবৃত্তম্। নিয়তং নিয়মেন সৎপথে চলিতম্। শাস্তার উপদেষ্টারস্তে ব্রাহ্মণাঃ, ক্ষৌদ্রং চক্রসম্ভবম্ ॥৩৫—৩৬॥

স ইতি। বাগগ্রে বাক্যাৎ পূর্ব্বং যা বিদ্যা নীতিজ্ঞানানি তাসাম্, রসানাম্ অবলেহিতা আস্বাদকর্ত্তা। স্বজাত্যান্ স্বজাতিষু জাতান্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

মানেন নাসূয়ামি ॥৩৪॥ তে মুনয়ঃ, তে ত্বাং সংযচ্ছামি নিয়ময়ামীতি মাং প্রভাষন্তে ॥৩৫॥ ক্ষুদ্রাভির্মধুমক্ষিকাভির্নির্ম্মিতং ক্ষৌদ্রং মধু, তত্র মক্ষিকা মধ্বিব মাং তে শাস্ত্রেণ সিঞ্চন্তি ॥৩৬॥

এবং তিনি বহুবার জিজ্ঞাসা করিলেন যে, 'হে ধর্ম্মজ্ঞ! আপনি কি প্রকারে এই অত্যুত্তম ত্রৈলোক্য রাজ্য লাভ করিলেন, তাহার কারণ আপনি আমার নিকট বলুন।' মহারাজ! তখন প্রহ্লাদও ব্রাহ্মণকে এই কথা বলিলেন ॥৩৩॥

প্রহ্লাদ বলিলেন—'ব্রাহ্মণ! আমি রাজা বলিয়া কখনও ব্রাহ্মণগণের প্রতি অসূয়া করি না এবং তাঁহারা যখন শুক্রপ্রণীত নীতি বলিতে থাকেন, তখন আমি নিজের বাক্য সংবরণ করি এবং তাঁহাদের বাক্য তন্ময়চিত্তে শ্রবণ করি ॥৩৪॥

তখন তাঁহারা বিশ্বস্ত হইয়া আমাকে নীতিবাক্য বলেন এবং সর্ব্বদাই আমাকে সংযত রাখেন, আর আমি সর্ব্বদাই সংযতচিত্ত, সৎপথপ্রবৃত্ত, ক্রোধশূন্য, ধর্ম্মলিপ্সু, অসূয়াবিহীন ও শ্রবণেচ্ছু হইয়া, শুক্রোক্তনীতিমার্গে চলিতে থাকি; সুতরাং মধুমক্ষিকা যেমন চক্রের মধু নিসারণ করে, সেইরূপ সেই ব্রাহ্মণেরা আমাকে উপদেশ দিতে থাকিয়া বাক্যামৃত নিসারণ করিতে থাকেন ॥৩৫—৩৬॥

এতৎ পৃথিব্যামমৃতমেতচ্চক্ষুরনুত্তমম্ ।
যদ্ব্রাহ্মণমুখে কাব্যমেতচ্ছ্রুত্বা প্রবর্ত্ততে ॥৩৮॥
এতাবচ্ছ্রেয় ইত্যাহ প্রহ্লাদো ব্রহ্মবাদিনম্ ।
শুশ্রূষিতস্তেন তদা দৈত্যেন্দ্রো বাক্যমব্রবীৎ ॥৩৯॥
যথাবদ্গুরুবৃত্ত্যা তে প্রীতোঽস্মি দ্বিজসত্তম ! ।
বরং বৃণীষ ভদ্রং তে প্রদাতাস্মি ন সংশয়ঃ ॥৪০॥
কৃতমিত্যেব দৈত্যেন্দ্রমুবাচ স চ বৈ দ্বিজঃ ।
প্রহ্লাদস্ত্বব্রবীৎ প্রীতো গৃহ্যতাং বর ইত্যুত ॥৪১॥

ব্রাহ্মণ উবাচ ।

যদি রাজন্ ! প্রসন্নস্ত্বং মম চেদিচ্ছসি প্রিয়ম্ ।
ভবতঃ শীলমিচ্ছামি প্রাপ্তুমেষ বরো মম ॥৪২॥

ভারতকৌমুদী

এতদিতি । অমৃতম্ অমৃতবন্মঙ্গলকরম্ । কাব্যং শুক্রপ্রণীতনীতিবাক্যম্, এতচ্ছ্রুত্বা রাজা রাজ্যশাসনে প্রবর্ত্ততে ॥৩৮॥

এতাবদিতি । শুশ্রূষিতঃ সেবিতঃ, তেন ব্রাহ্মণরূপিণা ইন্দ্রেণ ॥৩৯॥

যথাবদিতি । গুরুবৃত্ত্যা গুরুসেবয়া । ভদ্রং মঙ্গলম্ ॥৪০॥

কৃতমিতি । কৃতম্ উপদেশরূপমঙ্গলং ত্বয়া বিহিতমেব ॥৪১॥

যদীতি । শীলং স্বভাবম্ । মঙ্গলং নিজস্বভাবং দেহীতি ভাবঃ ॥৪২॥

'আমি তাঁহাদের নীতিজ্ঞানের রস অবলেহন করি এবং চন্দ্র যেমন নক্ষত্রগণকে আশ্রয় করিয়া থাকেন, আমিও তেমন স্বজাতীয়গণকে আশ্রয় করিয়া থাকি ॥৩৭॥

ব্রাহ্মণমুখে যে শুক্রপ্রণীত নীতিবাক্য থাকে, তাহাই পৃথিবীতে অমৃততুল্য এবং তাহাই রাজাদের সর্ব্বোত্তম চক্ষু; আর রাজারা তাহা শুনিয়াই রাজ্যশাসনে প্রবৃত্ত হন ॥৩৮॥

'ইহাই মঙ্গল' এইরূপ প্রহ্লাদ ব্রাহ্মণকে বলিলেন। পরে আবার ব্রাহ্মণরূপী ইন্দ্রের শুশ্রূষায় সন্তুষ্ট হইয়া প্রহ্লাদ তাঁহাকে কহিলেন—॥৩৯॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনার যথাবিধি গুরু শুশ্রূষায় আমি সন্তুষ্ট হইয়াছি ; অতএব আপনি বর গ্রহণ করুন, আমি আপনাকে অভীষ্ট মঙ্গল দান করিব, ইহাতে কোন সন্দেহ নাই' ॥৪০॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র প্রহ্লাদকে বলিলেন—'আপনি ত আমাকে মঙ্গল প্রদান করিয়াছেন' ; কিন্তু প্রহ্লাদ তাহাতে আরও সন্তুষ্ট হইয়া বলিলেন—'আপনি বর গ্রহণ করুন' ॥৪১॥

ততঃ প্রীতস্তু দৈত্যেন্দ্রো ভয়মস্যাভবন্মহৎ।
বরে প্রদিষ্টে বিপ্রেণ নাল্পতেজায়মিত্যুত ॥৪৩॥
এবমস্ত্বিতি স প্রাহ প্রহ্লাদো বিস্মিতস্তদা।
উপাকৃত্য তু বিপ্রায় বরং দুঃখান্বিতোঽভবৎ ॥৪৪॥
দত্তে বরে গতে বিপ্রে চিন্তাসীন্মহতী তদা।
প্রহ্লাদস্য মহারাজ! নিশ্চয়ং ন চ জগ্মিবান্ ॥৪৫॥
তস্য চিন্তয়তস্তাবচ্ছায়াভূতং মহাদ্যুতি।
তেজো বিগ্রহবত্তাত! শরীরমজহাত্তদা ॥৪৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অস্য দৈত্যেন্দ্রস্য। প্রদিষ্টে গৃহীতে, অয়ং বিপ্রঃ অল্পতেজা ন ইতি হেতোরেব মহদ্ভয়মভবৎ। সন্ধিরার্ষঃ ॥৪৩॥

এবমিতি। এবমস্তু মদীয়ং শীলং ত্বদীয়মস্তু। উপাকৃত্য প্রদায়, দুঃখান্বিতোঽভবৎ আত্মনঃ শীলদানেন দুর্নিবারক্ষতিসম্ভাবনা ইতি ভাবঃ ॥৪৪॥

দত্ত ইতি। নিশ্চয়ং কীদৃশী ক্ষতির্ভবেদিত্যর্থে নির্ণয়ম্, ন চ জগ্মিবান্ ন চ প্রাপ্তবান্ ॥৪৫॥

তস্যেতি। ছায়াভূতং ছায়াবদস্পষ্টদৃশ্যম্। বিগ্রহবৎ আকৃতিমৎ তেজঃ, শরীরং তস্য প্রহ্লাদস্য দেহম্ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

স ইতি। বাগগ্রবিদ্যানাং বাগগ্রে এব ন তু পুস্তকে বিদ্যা যেষাং তেষাম্ ॥৩৭—৪২॥ তেজায়মিতি সন্ধিরার্ষঃ ॥৪৩—৪৫॥ তেজোবিগ্রহবত্তেজোময়শরীরং শীলম্ ॥৪৬—৭১॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২১॥

তখন ব্রাহ্মণরূপী ইন্দ্র বলিলেন, দৈত্যরাজ! আপনি যদি আমার উপরে প্রসন্ন হইয়া থাকেন এবং আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তাহা হইলে আমি আপনার স্বভাব লাভ করিবার ইচ্ছা করি, ইহাই আমার বর হউক' ॥৪২॥

তাহার পর প্রহ্লাদ সন্তুষ্ট হইলেন বটে; কিন্তু ব্রাহ্মণ বর গ্রহণ করিলে, 'ইনি অল্পতেজা হইবেন না' ইহা ভাবিয়া প্রহ্লাদের গুরুতর ভয় জন্মিল ॥৪৩॥

তখন প্রহ্লাদ বিস্ময়াপন্ন হইয়া বলিলেন—'এইরূপই হউক'। প্রহ্লাদ এইভাবে ব্রাহ্মণকে বর দান করিয়া দুঃখিত হইলেন ॥৪৪॥

মহারাজ! প্রহ্লাদ বর দান করিলে এবং সেই ব্রাহ্মণরূপী ইন্দ্র চলিয়া গেলে, প্রহ্লাদের গুরুতর চিন্তা উপস্থিত হইল। কেন না, তিনি সে বিষয়ে কোন নিশ্চয় করিতে পারিলেন না ॥৪৫॥

বৎস! তিনি চিন্তা করিতেছিলেন, এমন সময়ে ছায়ার ন্যায় অস্পষ্ট, অতিশয় উজ্জ্বল ও আকৃতিশালী একটা তেজ প্রহ্লাদের শরীর ত্যাগ করিয়া নির্গত হইল ॥৪৬॥

তমপৃচ্ছন্মহাকায়ং প্রহ্লাদঃ কো ভবানিতি।
প্রত্যাহ তস্তু শীলোঽস্মি ত্যক্তো গচ্ছাম্যহং ত্বয়া ॥৪৭॥
তস্মিন্ দ্বিজোত্তমে রাজন্! বৎস্যাম্যহমনিন্দিতে!।
যোঽসৌ শিষ্যত্বমাগম্য ত্বয়ি নিত্যং সমাহিতঃ।
ইত্যুক্ত্বান্তর্হিতং তদ্বৈ শক্রং চান্বাবিশৎ প্রভো! ॥৪৮॥
তস্মিংস্তেজসি যাতে তু তাদৃগ্রূপস্ততোঽপরঃ।
শরীরান্নিঃসৃতস্তস্য কো ভবানিতি চাব্রবীৎ ॥৪৯॥
ধর্ম্মং প্রহ্লাদ! মাং বিদ্ধি যত্রাসৌ দ্বিজসত্তমঃ।
তত্র যাস্যামি দৈত্যেন্দ্র! যতঃ শীলং ততো হ্যহম্ ॥৫০॥
ততোঽপরো মহারাজ! প্রজ্বলন্নিব তেজসা।
শরীরান্নিঃসৃতস্তস্য প্রহ্লাদস্য মহাত্মনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তমিতি। প্রত্যাহ প্রতিব্রবীতি স্ম, শীলঃ স্বভাবঃ ॥৪৭॥

তস্মিন্নিতি। সমাহিতঃ শিক্ষায়াং কৃতমনোযোগঃ। তৎ শীলম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৮॥

তস্মিন্নিতি। তস্য প্রহ্লাদস্য, অব্রবীৎ প্রহ্লাদঃ ॥৪৯॥

ধর্ম্মমিতি। দ্বিজসত্তমো ব্রাহ্মণরূপী ইন্দ্রঃ। যতো যত্র, ততস্তত্র ॥৫০॥

তত ইতি। প্রজ্বলন্নিব আলোকপ্রসারণাদিত্যাশয়ঃ ॥৫১॥

তখন প্রহ্লাদ সেই দীর্ঘাকৃতি তেজঃপুঞ্জের নিকট জিজ্ঞাসা করিলেন—"আপনি কে?" তেজঃপুঞ্জ উত্তর করিল—'আমি স্বভাব, তুমি আমাকে ত্যাগ করিয়াছ; সুতরাং আমি যাইতেছি' ॥৪৭॥

রাজা! ঐ যিনি তোমার শিষ্য হইয়া শিক্ষা লাভের জন্য সর্ব্বদা তোমার নিকট নিবিষ্ট চিত্ত থাকিতেন, সেই অনিন্দিত ব্রাহ্মণে যাইয়া আমি বাস করিব' প্রভাবশালী মহারাজ! এই কথা বলিয়া সেই তেজঃপুঞ্জ অন্তর্হিত হইল এবং ইন্দ্রের দেহে যাইয়া প্রবেশ করিল ॥৪৮॥

সেই তেজ চলিয়া গেলে, তাহার পর সেইরূপই আর একটী তেজ প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইল। তখন প্রহ্লাদ আবার জিজ্ঞাসা করিলেন—'আপনি কে?' ॥৪৯॥

সেই তেজ বলিল—'দৈত্যশ্রেষ্ঠ প্রহ্লাদ! তুমি আমাকে ধর্ম্ম বলিয়া অবগত হও। সেই ব্রাহ্মণ যেখানে গিয়াছেন, আমিও সেইখানে যাইব। কেন না, যেখানে স্বভাব থাকে, আমিও সেইখানেই থাকি ॥৫০॥

কো ভবানিতি পৃষ্টশ্চ তমাহ স মহাদ্যুতিঃ।
সত্যং বিদ্ধ্যসুরেন্দ্রাগ্য প্রয়াস্যে ধর্ম্মমন্বহম্ ॥৫২॥
তস্মিন্ননুগতে সত্যে মহান্ বৈ পুরুষোঽপরঃ।
নিশ্চক্রাম ততস্তস্মাৎ পৃষ্টশ্চাহ মহাবলঃ ॥৫৩॥
বৃত্তং প্রহ্লাদ! মাং বিদ্ধি যতঃ সত্যং ততো হ্যহম্।
তস্মিন্ গতে মহাশব্দঃ শরীরাত্তস্য নির্যযৌ ॥৫৪॥
পৃষ্টশ্চাহ বলং বিদ্ধি যতো বৃত্তমহং ততঃ।
ইত্যুক্ত্বা প্রযযৌ তত্র যতো বৃত্তং নরাধিপ! ॥৫৫॥
ততঃ প্রভাময়ী দেবী শরীরাত্তস্য নির্যযৌ।
তামপৃচ্ছৎ স দৈত্যেন্দ্রঃ সা শ্রীরিত্যেনমব্রবীৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

ক ইতি। পৃষ্টঃ প্রহ্লাদেন। বিদ্ধি মাং জানীহি, ধর্ম্মমনু ধর্ম্মেণ সহ ॥৫২॥
তস্মিন্নিতি। অনুগতে ধর্ম্মেণ সহ প্রস্থিতে। তস্মাৎ প্রহ্লাদশরীরাৎ ॥৫৩॥
বৃত্তমিতি। বৃত্তং চরিত্রম্। মহাশব্দঃ কস্যচিৎ নির্গমস্য বিশালো ধ্বনিঃ ॥৫৪॥
পৃষ্ট ইতি। পৃষ্টঃ প্রহ্লাদেন, মাং বলং বিদ্ধি ॥৫৫॥
তত ইতি। তস্য প্রহ্লাদস্য। এনং দৈতেন্দ্রং প্রহ্লাদম্ ॥৫৬॥

মহারাজ! তাহার পর আর একটী পুরুষ তেজে যেন জ্বলিতে থাকিয়া, সেই মহাত্মা প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইল ॥৫১॥

তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলেন—'আপনি কে'; সেই মহাতেজা পুরুষ বলিল—'অসুররাজ! আপনি আমাকে সত্য বলিয়া অবগত হউন, এখন আমি ধর্ম্মের অনুসরণ করিব' ॥৫২॥

সেই সত্য ধর্ম্মের অনুসরণ করিলে, আর একটী বিশাল পুরুষ প্রহ্লাদের দেহ হইতে নির্গত হইল এবং প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই মহাবল পুরুষ বলিল—॥৫৩॥

'প্রহ্লাদ! তুমি আমাকে চরিত্র বলিয়া অবগত হও, যেখানে সত্য থাকেন, আমিও সেইখানেই থাকি' এই কথা বলিয়া সেই চরিত্র চলিয়া গেলে, প্রহ্লাদের দেহ হইতে একটা বিশাল শব্দ নির্গত হইল ॥৫৪॥

তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই পুরুষ বলিল—'তুমি আমাকে বল বলিয়া অবগত হও, যেখানে চরিত্র থাকে, আমিও সেইখানেই থাকি'; রাজা! এই কথা বলিয়া চরিত্র যেখানে ছিল, বল সেই খানে চলিয়া গেল ॥৫৫॥

তাহার পর তেজস্বিনী এক দেবী প্রহ্লাদের শরীর হইতে নির্গত হইলেন, তখন প্রহ্লাদ জিজ্ঞাসা করিলে, সেই দেবী প্রহ্লাদকে বলিলেন—'আমি লক্ষ্মী ॥৫৬॥

উষিতাऽস্মি স্বয়ং বীর ! ত্বয়ি সত্যপরাক্রম ! ।
ত্বয়া ত্যক্তা গমিষ্যামি বলং হ্যনুগতা হ্যহম্ ॥৫৭॥
ততো ভয়ং প্রাদুরাসীৎ প্রহ্লাদস্য মহাত্মনঃ ।
অপৃচ্ছৎ স ততো ভূয়ঃ ক্ব যাসি কমলালয়ে ! ॥৫৮॥
ত্বং হি সত্যব্রতা দেবী লোকস্য পরমেশ্বরী ।
কশ্চাসৌ ব্রাহ্মণশ্রেষ্ঠস্তত্ত্বমিচ্ছামি বেদিতুম্ ॥৫৯॥

শ্রীরুবাচ ।

স শক্রো ব্রহ্মচারী যস্ত্বত্তশ্চৈবোপশিক্ষিতঃ ।
ত্রৈলোক্যে তে যদৈশ্বর্য্যং তত্তেনাপহৃতং প্রভো ! ॥৬০॥
শীলেন হি ত্রয়ো লোকাস্ত্বয়া ধর্ম্মজ্ঞ ! নির্জ্জিতাঃ ।
তদ্বিজ্ঞায় সুরেন্দ্রেণ তব শীলং হৃতং প্রভো ! ॥৬১॥

ভারতকৌমুদী

উষিতেতি । উষিতা স্থিতা । ত্বয়া ত্যক্তা একশীলত্যাগেনৈব সর্ব্বেষাং ত্যাগাদিতি ভাবঃ বলং শক্তিম্ ॥৫৭॥

তত ইতি । ভয়ং প্রাদুরাসীৎ লক্ষ্মীত্যাগাদিতি ভাবঃ । হে কমলালয়ে ! লক্ষ্মি ! ॥৫৮॥

ত্বমিতি । সত্যে ব্রতং স্থিতিনিয়মো যস্যাঃ সা । তত্ত্বং তস্য যাথার্থ্যম্ ॥৫৯॥

স ইতি । উপশিক্ষা অস্য সঞ্জাতেতি উপশিক্ষিতঃ, তারকাদিত্বাদিতচ্ ॥৬০॥

শীলেনেতি । হৃতং বরদানেন দানাদ্গৃহীতম্ ॥৬১॥

যথার্থপরাক্রমশালী বীর ! আমি আপনাতে বাস করিয়াছি, এখন আপনি আমাকে ত্যাগ করিয়াছেন বলিয়া আমি চলিয়া যাইব । কেন না, আমি চিরদিনই বলের অনুসরণ করিয়া থাকি' ॥৫৭॥

তাহার পর মহাত্মা প্রহ্লাদের গুরুতর ভয় জন্মিল ; সুতরাং তিনি পুনরায় জিজ্ঞাসা করিলেন—"লক্ষ্মীদেবি ! আপনি কোথায় যাইতেছেন ॥৫৮॥

আপনি সত্যব্রতা এবং জগতের পরমেশ্বরী ; আর ঐ ব্রাহ্মণটী কে ? উহার তত্ত্ব আমি জানিতে ইচ্ছা করি' ॥৫৯॥

লক্ষ্মীদেবী বলিলেন—'রাজা ! যিনি ব্রহ্মচারী থাকিয়া আপনার নিকট হইতে শিক্ষা লাভ করিয়া গিয়াছেন, তিনি ইন্দ্র । ত্রিভুবনে আপনার যে ঐশ্বর্য্য ছিল, তাহা তিনি অপহরণ করিয়াছেন ॥৬০॥

ধর্ম্মজ্ঞ অসুররাজ ! আপনি স্বভাবের গুণেই ত্রিভুবন জয় করিয়াছিলেন, তাহা বুঝিয়া দেবরাজ আপনার সেই স্বভাব অপহরণ করিয়াছেন ॥৬১॥

ধর্ম্মঃ সত্যং তথা বৃত্তং বলঞ্চৈব তথাপ্যহম্।
শীলমূলা মহাপ্রাজ্ঞ! সদা নাস্ত্যত্র সংশয়ঃ ॥৬২॥

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা গতা শ্রীস্তু তে চ সর্ব্বে যুধিষ্ঠির!।
দুর্য্যোধনস্তু পিতরং ভূয় এবাব্রবীত্তদা ॥৬৩॥
শীলস্য তত্ত্বমিচ্ছামি বেত্তুং কৌরবনন্দন!।
প্রাপ্যতে চ যথা শীলং তং চোপায়ং ব্রবীহি মে ॥৬৪॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সোপায়ং পূর্ব্বমুদ্দিষ্টং প্রহ্লাদেন মহাত্মনা।
সংক্ষেপেণ তু শীলস্য শৃণু প্রাপ্তিং নরেশ্বর! ॥৬৫॥
অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা।
অনুগ্রহশ্চ দানঞ্চ শীলমেতৎ প্রশস্যতে ॥৬৬॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। অহং লক্ষ্মীঃ। শীলমূলা ইতি একশীলগমনেনৈব সর্ব্বে গতা ইতি ভাবঃ; নাস্তি ধর্ম্মাদিকঃ সর্ব্বঃ ॥৬২॥

এবমিতি। তে ধর্ম্মাদয়ঃ। ভূয় এব পুনরপি ॥৬৩॥

শীলস্যেতি। তত্ত্বং স্বরূপম্, বেত্তুং বেদিতুম্ ॥৬৪॥

সোপায়মিতি। উপায়েন সহেতি সোপায়ং শীলম্, উদ্দিষ্টম্ উপক্রম এবোক্তম্। ৬৫॥

অদ্রোহ ইতি। ক্রোধেনাপকারো দ্রোহস্তদভাবঃ অদ্রোহঃ, সর্ব্বভূতেষু সকলপ্রাণিষু। ৬৬।

মহাপ্রাজ্ঞ! ধর্ম্ম, সত্য, চরিত্র, বল এবং আমি—আমাদের সকলেরই মূল একমাত্র স্বভাব; সুতরাং আপনার সেই স্বভাব না থাকায় ধর্ম্মপ্রভৃতি আর কোনটীই নাই, এ বিষয়ে কোন সন্দেহও নাই' ॥৬২॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এইরূপ বলিয়া লক্ষ্মীদেবী চলিয়া গেলেন এবং ধর্ম্মপ্রভৃতি আর সকলেও প্রস্থান করিলেন। তখন দুর্য্যোধন পুনরায় ধৃতরাষ্ট্রকে এই কথা বলিলেন—॥৬৩॥

'কৌরবনন্দন! আমি স্বভাবের স্বরূপ জানিতে ইচ্ছা করি; আর সেই স্বভাব যে ভাবে লাভ করা যায়, তাহার উপায়ও আপনি আমার নিকট বলুন' ॥৬৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'রাজা! মহাত্মা প্রহ্লাদ প্রথমেই ইন্দ্রের নিকটে স্বভাব ও তাহার প্রাপ্তির উপায় বলিয়াছিলেন। সে যাহা হউক, তুমি এখন সংক্ষেপে সেই স্বভাবপ্রাপ্তির উপায় শ্রবণ কর ॥৬৫॥

ক্রোধবশতঃ কায়মনোবাক্যে কোন প্রাণীরই অপকার না করা এবং সকলকেই অনুগ্রহ ও দান করা—এইরূপ স্বভাবই প্রশস্ত ॥৬৬॥

যদন্যেষাং হিতং ন স্যাদাত্মনঃ কর্ম্ম পৌরুষম্‌ ।
অপত্রপেত বা যেন ন তৎ কুর্য্যাৎ কথঞ্চন ॥৬৭॥
তত্তু কর্ম্ম তথা কুর্য্যাদ্‌যেন শ্লাঘ্যেত সংসদি ।
শীলং সমাসেনৈতত্তে কথিতং কুরুসত্তম ! ॥৬৮॥
যদ্যপ্যশীলা নৃপতে ! প্রাপ্নুবন্তি শ্রিয়ং ক্বচিৎ ।
ন ভুঞ্জতে চিরং তাত ! সমূলাশ্চ ন সন্তি তে ॥৬৯॥
এতদ্বিদিত্বা তত্ত্বেন শীলবান্‌ ভব পুত্রক ! ।
যদীচ্ছসি শ্রিয়ং তাত ! সুবিশিষ্টাং যুধিষ্ঠিরাৎ ॥৭০॥

ভীষ্ম উবাচ ।

এতৎ কথিতবান্‌ পুত্রে ধৃতরাষ্ট্রো নরাধিপঃ ।
এতৎ কুরুষ্ব কৌন্তেয় । ততঃ প্রাপ্স্যসি তৎফলম্‌ ॥৭১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে শীলবর্ণনে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যদীতি । পৌরুষং কৃতিসাধ্যম্‌ । অপত্রপেত লজ্জেত ॥৬৭॥
তদিতি । শ্লাঘ্যেত লোকৈঃ কর্ত্তা প্রশস্যেত । সমাসেন সংক্ষেপেণ ॥৬৮॥
যদীতি । অশীলা অপ্রশস্তস্বভাবা জনাঃ । ন সন্তি ন তিষ্ঠন্তি নশ্যন্তীত্যর্থঃ ॥৬৯॥
এতদিতি । শীলবান্‌ উক্তবিধস্বভাববান্‌ । সুবিশিষ্টামত্যধিকাম্‌ ॥৭০॥
এতদিতি । পুত্রে পুত্রদুর্য্যোধনাস্তিকে । তৎফলং শীলফলম্‌ ॥৭১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

নিজের যে কার্য্য অন্যের হিতজনক না হয়, কিংবা যে কার্য্যদ্বারা লজ্জিত হইতে হয়, সেই কার্য্য কোন প্রকারেই করিবে না ॥৬৭॥

মানুষ সভামধ্যে যে কার্য্যের গুণে তাহার কর্ত্তাকে প্রশংসা করে, সেই কার্য্য সেইভাবে করিবে। কৌরবশ্রেষ্ঠ ! এই আমি তোমার নিকট সংক্ষেপে স্বভাবের বিষয় বলিলাম ॥৬৮॥

রাজা ! বৎস ! দুষ্ট স্বভাবান্বিত লোকেরা যদি কখনও সম্পদ্‌ প্রাপ্ত হয়, তথাপি তাহারা তাহা চিরকাল ভোগ করিতে পারে না, প্রত্যুত সমূলে বিনষ্টই হয় ॥৬৯॥

বৎস ! পুত্র ! তুমি যদি যুধিষ্ঠির অপেক্ষা অধিক সম্পদ্‌ লাভ করিবার ইচ্ছা কর, তাহা হইলে এই বিষয় যথার্থরূপে জানিয়া সৎস্বভাবসম্পন্ন হও' ॥৭০॥

(৬৯) ইতঃ পরম্‌ 'ধৃতরাষ্ট্র উবাচ'—বঙ্গ বর্দ্ধ নি।

* '...চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

শীলং প্রধানং পুরুষে কথিতং তে পিতামহ!।
কথমাশা সমুৎপন্না কা চ সা তদ্বদস্ব মে ॥১॥
সংশয়ো মে মহানেষ সমুৎপন্নঃ পিতামহ!।
ছেত্তা চ তস্য নান্যোঽস্তি ত্বত্তঃ পরপুরঞ্জয়!॥২॥
পিতামহাশা মহতী মমাসীদ্ধি সুযোধনে।
প্রাপ্তে যুদ্ধে তু তদ্যুক্তং তৎকর্ত্তায়মিতি প্রভো!॥৩॥

ভারতকৌমুদী

শীলমিতি। পুরুষে পুরুষস্য, বৃক্ষে শাখা বৃক্ষস্য শাখা ইত্যাদিবৎ ষষ্ঠীসপ্তম্যোরর্থভেদাভাবাৎ। তে ত্বয়া ॥১॥

সংশয় ইতি। ছেত্তা অপনোদনকর্ত্তা। অতএব তদেব বদস্বেতি ভাবঃ ॥২॥

পিতামহেতি। প্রাপ্তে উপস্থিতে, তৎ ময়ি রাজ্যার্দ্ধদানম্, যুক্তং ন্যায্যম্। অতএব অয়ং সুযোধনঃ তৎ রাজ্যার্দ্ধদানং কর্ত্তা করিষ্যতি, ইতি আশা ॥৩॥

ভীষ্ম বলিলেন—'কুন্তীনন্দন! রাজা ধৃতরাষ্ট্র পুত্র দুর্য্যোধনের নিকট ইহা বলিয়াছিলেন; অতএব তুমিও এইরূপই কর, তাহা হইলে তাহার ফল লাভ করিবে' ॥৭১॥

—————

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! আপনি পুরুষের গুণের মধ্যে স্বভাবকেই প্রধান বলিলেন; কিন্তু আশা কি করিয়া উৎপন্ন হইল এবং সেই আশাটাই বা কি, তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

বিপক্ষনগরবিজয়ী পিতামহ! আমার এই গুরুতর সন্দেহ উৎপন্ন হইয়াছে; অথচ আপনি ভিন্ন অন্য কেহই ইহার ছেত্তা নাই ॥২॥

প্রভাবশালী পিতামহ! যুদ্ধ উপস্থিতির সম্ভাবনা হইলে, আমাকে রাজ্যের অর্দ্ধ দান করা দুর্য্যোধনের উচিত; সুতরাং তিনি তাহা অবশ্যই করিবেন—এইরূপ দুর্য্যোধনের বিষয়ে আমার গুরুতর আশা জন্মিয়াছিল ॥৩॥

(১)···কথং ত্বাশা······যা চ সা—পি বঙ্গ বর্দ্ধ।

সর্ব্বস্যাশা সুমহতী পুরুষস্যোপজায়তে।
তস্যাং বিহন্যমানায়াং দুঃখো মৃত্যুর্ন সংশয়ঃ ॥৪॥
সোঽহং হতাশো দুর্বুদ্ধিঃ কৃতস্তেন দুরাত্মনা।
ধার্ত্তরাষ্ট্রেণ রাজেন্দ্র ! পশ্য মন্দাত্মতাং মম ॥৫॥
আশাং মহত্তরাং মন্যে পর্ব্বতাদপি সদ্রুমাৎ।
আকাশাদপি বা রাজন্নপ্রমেয়ৈব বা পুনঃ ॥৬॥
এষা চৈব কুরুশ্রেষ্ঠ ! দুর্ব্বিচিন্ত্যা সুদুর্ল্লভা।
দুর্ল্লভত্বাচ্চ পশ্যামি কিমন্যদ্‌দুর্ল্লভং ততঃ ॥৭॥
ভীষ্ম উবাচ।
অত্র তে বর্ত্তয়িষ্যামি যুধিষ্ঠির ! নিবোধ তৎ।
ইতিহাসং সুমিত্রস্য নির্ব্বৃত্তমৃষভস্য চ ॥৮॥

ভারতকৌমুদী

সর্ব্বস্যেতি। দুঃখো দুঃখজনকো ভাবঃ মৃত্যুর্ব্বা স্যাৎ ॥৪॥

স ইতি। দুর্বুদ্ধিঃ যুদ্ধে প্রবর্ত্তকতয়া দুষ্টবুদ্ধিঃ। মন্দাত্মতাং মূঢ়তাম্ ॥৫॥

আশামিতি। হে রাজন্ ! ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! অপ্রমেয়ৈব পরিমাতুমশক্যৈব, সা আশেতি শেষঃ ॥৬॥

এষেতি। সুদুর্ল্লভফলত্বাদেব সুদুর্ল্লভা। পশ্যামি কিমিতি কাকুঃ ॥৭॥

অত্রেতি। হে যুধিষ্ঠির ! অত্র বিষয়ে, সুমিত্রস্য রাজ্ঞঃ, ঋষভস্য চ মুনেঃ সংবাদে নির্ব্বৃত্তং নিষ্পন্নমিতিহাসম, তে ভবান্তিকে বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি, তৎ ত্বং নিবোধ শৃণু ॥৮॥

ভারতভাবদীপঃ

শীলমিতি ॥১—২॥ যুক্তং যুদ্ধং বিনৈব রাজ্যার্দ্ধদানং কর্ত্তা করিষ্যতি ॥৩—৫। পর্ব্বতাদ্দহ-

সকল পুরুষেরই গুরুতর আশা জন্মিয়া থাকে; আবার তাহা প্রতিহত হইলে তাহার গুরুতর দুঃখ, এমন কি মৃত্যুও হইতে পারে, ইহাতে কোন সন্দেহ নাই ॥৪॥

কিন্তু দুরাত্মা দুর্য্যোধন আমার সেই আশা বিনষ্ট করিয়াছিল, তাহাতেই আমার দুর্বুদ্ধি জন্মিয়াছিল; অতএব ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! দেখুন—আমার কি মূঢ়তা আসিয়াছিল ॥৫॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! আমি মনে করি, মানুষের আশা বৃক্ষসমন্বিত পর্ব্বত কিংবা আকাশ হইতেও বৃহত্তর হইতে পারে; অথবা সেই আশার পরিমাণই করিতে পারা যায় না ॥৬॥

কৌরবশ্রেষ্ঠ ! এই আশা অচিন্তনীয় এবং উহার ফলও অতিদুর্ল্লভ, সেই অতি-দুর্ল্লভত্বনিবন্ধনই আশা অপেক্ষা দুর্ল্লভ অন্য কিছুই দেখিতে পাই না' ॥৭॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির ! এ বিষয়ে সুমিত্ররাজা ও ঋষভমুনির ইতিহাস তোমার নিকট বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর ॥৮॥

সুমিত্রো নাম রাজর্ষির্হৈহয়ো মৃগয়াং গতঃ।
সসার স মৃগং বিদ্ধা বাণেনানতপর্ব্বণা ॥৯॥
স মৃগো বাণমাদায় যযাবমিতবিক্রমঃ।
স চ রাজা বলাত্তূর্ণং সসার মৃগযূথপম্ ॥১০॥
ততো নিম্নং স্থলং চৈব স মৃগোঽদ্রবদাশুগঃ।
মুহূর্ত্তমিব রাজেন্দ্র! সমেন স পথাগমৎ ॥১১॥
ততঃ স রাজা তারুণ্যাদৌরসেন বলেন চ।
সসার বাণাসনভৃৎ সখড়্গোঽসৌ তনুত্রবান্ ॥১২॥
ততো নদান্ নদীশ্চৈব পল্বলানি বনানি চ।
অতিক্রম্যাভ্যতিক্রম্য সসারৈকো বনেচরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

সুমিত্র ইতি। হৈহয়ো হৈহয়বংশোৎপন্নঃ। সসার মৃগমেবানুজগাম ॥৯॥

স ইতি। অমিতবিক্রমত্বাদেব বাণবিদ্ধোঽপি যযাবিতি ভাবঃ ॥১০॥

তত ইতি। অদ্রবদ্দ্রুতমগচ্ছৎ, আশুগঃ শীঘ্রগামী ॥১১॥

তত ইতি। তারুণ্যাদ্যৌবনবলাৎ, ঔরসেন দৈহিকেন। বাণাসনভৃৎ ধনুর্দ্ধরঃ, তনুত্রবান্ বর্ম্মাবৃতদেহঃ ॥১২॥

তত ইতি। পল্বলানি ক্ষুদ্রসরাংসি। বনেচরো মৃগঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

স্বরামবিচাল্যত্বেন ক্রমাম্মহত্তরাং ন চ ফলং দর্শকত্বেন ॥৬॥ দুর্লভা দুর্জ্জয়া ॥৭—১১॥ বাণাসন-

---

হৈহয়বংশজাত সুমিত্রনামে এক রাজা কোন সময়ে মৃগয়া করিতে যাইয়া আনত-পর্ব্ব একটী বাণদ্বারা একটী মৃগকে বিদ্ধ করিয়া, তাহার অনুসরণ করিতে লাগিলেন ॥৯॥

অসাধারণবিক্রমশালী সেই হরিণ সেই বাণ লইয়া চলিতে লাগিল এবং রাজাও নিজের শক্তি অনুসারে বেগে সেই মৃগযূথপতির অনুসরণ করিতে থাকিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সেই দ্রুতগামী মৃগ কখনও বেগে নিম্নস্থলে গমন করিতে লাগিল; আবার কখনও মুহূর্ত্তমধ্যেই যেন সমান পথে ধাবিত হইতে থাকিল ॥১১॥

তাহার পর বর্ম্মাবৃতদেহ, ধনুর্দ্ধারী ও তরবারিহস্ত সেই রাজা যৌবনবয়স ও দেহের বলে সেই মৃগের পিছনে ছুটিতে লাগিলেন ॥১২॥

ওদিকে একক সেই মৃগ নদ, নদী, ক্ষুদ্র জলাশয় ও বন অতিক্রম করিয়া করিয়া ধাবিত হইতে থাকিল ॥১৩॥

স তু কামান্মৃগো রাজন্নাসাগ্যাস্থায় তং নৃপম্ ।
পুনরভ্যেতি জবনো জবেন মহতা ততঃ ॥১৪॥
স তস্য বাণৈর্বহুভিঃ সমভ্যস্তো বনেচরঃ ।
প্রক্রীড়ন্নিব রাজেন্দ্র ! পুনরভ্যেতি চান্তিকম্ ॥১৫॥
পুনশ্চ জবমাস্থায় জবনো মৃগযূথপঃ ।
অতীত্যাতীত্য রাজেন্দ্র ! পুনরভ্যেতি চান্তিকম্ ॥১৬॥
তস্য মর্ম্মচ্ছিদং ঘোরং তীক্ষ্ণং চামিত্রকর্শনঃ ।
সমাদায় শরং শ্রেষ্ঠং কার্ম্মুকে তু তথাসৃজৎ ॥১৭॥
ততো গব্যূতিমাত্রেণ মৃগযূথপযূথপঃ ।
তস্য বাণপথং মুক্ত্বা তস্থিবান্ প্রহসন্নিব ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। কামাৎ ইচ্ছাত এব। অভ্যেতি দূরম্, জবনো বেগবান্, জবেন বেগেন ॥১৪॥
স ইতি। সমভ্যস্তঃ অভ্যাসেন পৌনঃপুন্যেন বিদ্ধঃ, বনেচরো মৃগঃ ॥১৫॥
পুনরিতি। জবং বেগম্, জবনো বেগবান্, মৃগযূথপো হরিণসমূহপতিঃ ॥১৬॥
তস্যেতি। অমিত্রকর্শনঃ শত্রুদমনঃ সুমিত্ররাজঃ। অসৃজৎ নৃক্ষিপৎ ॥১৭॥
তত ইতি। গব্যূতিমাত্রেণ ক্রোশদ্বয়দূরেণ। "গব্যূতিঃ স্ত্রী ক্রোশযুগম্" ইত্যমরঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ভূদ্ধর্ষুদ্ধ রঃ ॥১২—১৪॥ সমভ্যস্তো বিদ্ধঃ ॥১৫—২৩॥ হে ভদ্র ! ॥২৪—৩০॥ পুরস্ত চ ত্যাগ

রাজা ! কিন্তু সেই বেগবান্ হরিণ ইচ্ছানুসারেই যেন রাজার নিকটে আসিয়া আসিয়া আবার মহাবেগে দূরে যাইতে লাগিল ॥১৪॥

রাজশ্রেষ্ঠ ! সেই হরিণ রাজার বহুতর বাণে বার বার বিদ্ধ হইয়াও খেলা করিতে করিতেই যেন পুনরায় তাঁহার নিকটে আসিতে লাগিল ॥১৫॥

নরনাথ ! বেগবান্ সেই হরিণ পুনরায় বেগ অবলম্বন করিয়া দূরে যাইয়া যাইয়া আবার তাঁহার নিকটে আসিতে থাকিল ॥১৬॥

তখন শত্রুদমন রাজা সুমিত্র একটী ভয়ঙ্কর, তীক্ষ্ণ ও মর্ম্মচ্ছেদন সমর্থন উত্তম বাণ ধনুর উপরে যোজনা করিয়া সেই হরিণের উপরে নিক্ষেপ করিলেন ॥১৭॥

তখন সেই হরিণশ্রেষ্ঠ হাসিতে হাসিতেই যেন রাজার বাণের পথ অতিক্রম করিয়া দুই ক্রোশ দূরে যাইয়া দাঁড়াইল ॥১৮॥

তস্মিন্নিপতিতে বাণে ভূমৌ জ্বলিততেজসি।
প্রবিবেশ মহারণ্যং মৃগো রাজাপ্যথাদ্রবৎ ॥১৯॥
প্রবিশ্য স মহারণ্যং তাপসানামথাশ্রমম্।
আসসাদ ততো রাজা শ্রান্তশ্চোপাবিশত্তদা ॥২০॥
তং কার্ম্মুকধরং দৃষ্ট্বা শ্রমার্ত্তং ক্ষুধিতং তদা।
সমেত্য ঋষয়স্তস্মিন্ পূজাং চক্রুর্যথাবিধি ॥২১॥
স পূজামৃষিভির্দত্তাং সম্প্রগৃহ্য নরাধিপঃ।
অপৃচ্ছত্তাপসান্ সর্ব্বাংস্তপসো বৃদ্ধিমুত্তমাম্ ॥২২॥
তে তস্য রাজ্ঞো বচনং সম্প্রগৃহ্য তপোধনাঃ।
ঋষয়ো রাজশার্দ্দূলং তমপৃচ্ছন্ প্রয়োজনম্ ॥২৩॥
কেন ভদ্র! সুখার্থেন সংপ্রাপ্তোঽসি তপোবনম্।
পদাতির্ব্বদ্ধনিস্ত্রিংশো ধন্বী বাণী নরেশ্বর! ॥২৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অদ্রবৎ মৃগমন্বসরৎ ॥১৯॥
প্রবিশ্যেতি। রাজা চাশ্রমমাসাদ্য শ্রান্ত উপাবিশদিতি সম্বন্ধঃ ॥২০॥
তমিতি। তং রাজানম্। তস্মিন্ রাজ্ঞি, পূজাং পরিচর্য্যাম্ ॥২১॥
স ইতি। অপৃচ্ছৎ ভবতাং তপো নিতরাং বর্দ্ধতে কিমিতি জিজ্ঞাসিতবান্ ॥২২॥
ত ইতি। সম্প্রগৃহ্য যোগ্যোত্তরদানেনাঙ্গীকৃত্য। প্রয়োজনম্ আশ্রমাগমনে ॥২৩॥
কেনেতি। পদাতিঃ পাদচারী, বদ্ধনিস্ত্রিংশ কটিধৃততরবারিঃ ॥২৪॥

সেই উজ্জ্বল বাণটী ভূতলে নিপতিত হইলে হরিণটী মহাবনমধ্যে প্রবেশ করিল। রাজাও তাহার পিছনে ধাবিত হইলেন ॥১৯॥

ক্রমে সেই হরিণ মহাবনে প্রবেশ করিয়া তপস্বিগণের আশ্রমে যাইয়া উপস্থিত হইল। তখন রাজাও সেই আশ্রমে যাইয়া পরিশ্রান্ত হইয়া উপবেশন করিলেন ॥২০॥

তখন ঋষিরা ধনুর্দ্ধর সেই রাজাকে পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত দেখিয়া নিকটে যাইয়া যথাবিধানে তাঁহার শুশ্রূষা করিতে লাগিলেন ॥২১॥

রাজা সুমিত্র ঋষিগণকৃত পরিচর্য্যা গ্রহণ করিয়া তপস্বিগণের তপোবৃদ্ধির কথা জিজ্ঞাসা করিলেন ॥২২॥

আবার সেই ঋষিরাও যথাযোগ্য উত্তর দান করিয়া, তাঁহার আশ্রমে আসিবার কারণ জিজ্ঞাসা করিলেন—॥২৩॥

(১৯) ইতঃ পরম্ 'পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। ভীষ্ম উবাচ।' বঙ্গ বর্দ্ধ নি।

এতদিচ্ছামহে শ্রোতুং কুতঃ প্রাপ্তোঽসি মানদ ।
কস্মিন্ কুলে তু জাতস্ত্বং কিংনামা চাসি ব্রূহি নঃ ॥২৫॥
ততঃ স রাজা সর্ব্বেভ্যো দ্বিজেভ্যঃ পুরুষর্ষভ ।
আচচক্ষে যথান্যায়ং পরিচর্য্যাঞ্চ ভারত ! ॥২৬॥
হৈহয়ানাং কুলে জাতঃ সুমিত্রো মিত্রনন্দনঃ ।
চরামি মৃগযূথানি নিঘ্নন্ বাণৈঃ সহস্রশঃ ॥২৭॥
বলেন মহতা গুপ্তঃ সামাত্যঃ সাবরোধনঃ ।
মৃগস্তু বিদ্ধো বাণেন ময়া সরতি শল্যবান্ ॥২৮॥ (যুগ্মকম্)
তং দ্রবন্তমনুপ্রাপ্তো বনমেতদ্যদৃচ্ছয়া ।
ভবৎসকাশং নষ্টশ্রীর্হতাশঃ শ্রমকর্শিতঃ ॥২৯॥

ভারতকৌমুদী

এতদিতি। প্রাপ্ত আগতঃ, মাননীয়ানাং মানং দদাতীতি স তৎসম্বোধনম্ ॥২৫॥
তত ইতি। পরিচর্য্যাং ভবতাং পরিচর্য্যাকরণমেব মমাগমনপ্রয়োজনম্ ॥২৬॥
হৈহয়ানামিতি। মিত্রস্য তদাখ্যস্য রাজ্ঞো নন্দনঃ পুত্রঃ। বলেন সৈন্যেন, গুপ্তো রক্ষিতঃ, অবরোধনৈঃ অন্তঃপুরস্ত্রীভিঃ সহেতি সঃ। সরতি দ্রুতং ব্রজতি, শল্যবান্ দেহপ্রবিষ্টবাণধারী ॥২৭-২৮॥
তমিতি। দ্রবন্তং দ্রুতমাগচ্ছন্তম্, যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া। নষ্টশ্রীঃ শ্রান্তত্বাদেব বিগতকান্তিঃ ॥২৯॥

'ভদ্র! নরনাথ! আপনি ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া কোন্ প্রয়োজনে পাদচারে এই তপোবনে আগমন করিয়াছেন? ॥২৪॥

মাননীয়গণের মানদাতা! আপনি কোথা হইতে আসিয়াছেন, তাহা শুনিতে ইচ্ছা করি; আর আপনি কোন্ বংশে জন্মিয়াছেন এবং আপনার নাম কি? তাহা আমাদিগকে বলুন' ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ ভরতনন্দন! তাহার পর রাজা সুমিত্র ব্রাহ্মণগণের নিকট বলিলেন—'আমি যথানিয়মে আপনাদের পরিচর্য্যা করিবার নিমিত্ত আসিয়াছি ॥২৬॥

আমি হৈহয়বংশে জন্মিয়াছি, আমার নাম সুমিত্র এবং পিতার নাম মিত্র। আমি সহস্র সহস্র বাণদ্বারা হরিণগণকে সংহার করিতে থাকিয়া বনে বনে বিচরণ করিয়া থাকি। আমি বিশাল সৈন্যে পরিবেষ্টিত এবং অমাত্য ও অন্তঃপুরস্ত্রীগণসমন্বিত ছিলাম; কিন্তু একটা হরিণ আমার বাণে বিদ্ধ হইয়া, সেই বাণ লইয়া বেগে এখানে আসিয়াছে ॥২৭—২৮॥

সেই হরিণটা বেগে আসিয়া এই আশ্রমে প্রবেশ করিয়াছে; সুতরাং আমিও ঈশ্বরেচ্ছাবশতঃ আপনাদের নিকটে আসিয়াছি। আমার আশা লোপ পাইয়াছে,

(২৮) বলেন মহতা ব্রহ্মন্! সামাত্যঃ সাবরোধকঃ—নি।

কিংনু দুঃখমতোঽন্যদ্বৈ যদহং শ্রমকর্শিতঃ।
ভবতামাশ্রমং প্রাপ্তো হতাশো ভ্রষ্টলক্ষণঃ ॥৩০॥
ন রাজলক্ষণত্যাগো ন পুরস্য তপোধনাঃ!।
দুঃখং করোতি তত্তীব্রং যথাশা বিহতা মম ॥৩১॥
হিমবান্ বা মহাশৈলঃ সমুদ্রো বা মহোদধিঃ।
মহত্ত্বান্নান্বপদ্যেতাং নভসো বান্তরং তথা ॥৩২॥
আশায়াস্তপসি শ্রেষ্ঠাস্তথা নান্তমহং গতঃ।
ভবতাং বিদিতং সর্ব্বং সর্ব্বজ্ঞা হি তপোধনাঃ ॥৩৩॥
ভবন্তঃ সুমহাভাগাস্তস্মাৎ পৃচ্ছামি সংশয়ম্। •
আশাবান্ পুরুষো যঃ স্যাদন্তরিক্ষমথাপি বা ॥৩৪॥

ভারতকৌমুদী

কিমিতি। হতাশো হরিণাপ্রাপ্তেঃ, ভ্রষ্টলক্ষণো হীনরাজচিহ্নঃ ॥৩০॥

নেতি। পুরস্য ত্যাগোঽপি ন। আশা বিহতা বিদ্ধহরিণালাভাৎ ॥৩১॥

হিমবানিতি। মহোদধিঃ বিশালজলধারী। নান্বপদ্যেতাং তস্যা আশায়াস্তুল্যতাং ন লভেয়াতাম্, নভসো গগনস্য, অন্তরং মধ্যম্ ॥৩২॥

আশায়া ইতি। অন্তং পারম্, ন গতঃ বিদ্ধহরিণাপ্রাপ্তেঃ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

ইতি পদৈকদেশোঽপি নিরূপ্যতে। আশা মৃগাশা ॥৩১॥ হিমবানুচ্চত্বেন মহোদধির্বিস্তৃতত্বেন চ গগনাদ্যং নান্বপদ্যেতাং তস্য ততোঽপ্যুচ্চত্বাদ্বিততত্বাচ্চ অবান্তরং একাংশমপি ॥৩২—৩৪॥

আমি পরিশ্রমে ক্লান্ত হইয়া পড়িয়াছি, তাহাতে আমার দেহের কান্তিও নষ্ট হইয়াছে ॥২৯॥

আমি পরিশ্রান্ত, হতাশ ও রাজচিহ্নশূন্য হইয়া আপনাদের আশ্রমে যে আসিয়াছি, ইহা অপেক্ষা অধিক দুঃখ আর কি হইতে পারে? ॥৩০॥

তপস্বিগণ! আমার আশা বিনষ্ট হইয়া যেরূপ তীব্র দুঃখ উৎপাদন করিতেছে, রাজচিহ্ন ত্যাগ বা রাজধানী ত্যাগও সেরূপ তীব্র দুঃখ উৎপাদন করিতেছে না ॥৩১॥

মহাপর্ব্বত হিমালয় অথবা বিশাল জলরাশিধারী সমুদ্র কিংবা আকাশ—মহত্ত্ব গুণে আমার সে আশার তুল্যতা লাভ করিতে পারে না ॥৩২॥

তাপসশ্রেষ্ঠগণ! আমি সে আশার পরপারে যাইতে পারিলাম না; এই সমস্তই আপনাদের বিদিত হইয়াছে। কারণ, তপস্বীরা সর্ব্বজ্ঞই হইয়া থাকেন ॥৩৩॥

আপনারা সকলেই অতিমহাত্মা; সুতরাং আমি আপনাদের নিকট সন্দিগ্ধ

কিংনু জ্যায়স্তরং লোকে মহত্ত্বাৎ প্রতিভাতি বঃ।
এতদিচ্ছামি তত্ত্বেন শ্রোতুং কিমিহ দুর্লভম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
যদি গুহ্যং ন বো নিত্যং তদা প্রব্রূত মা চিরম্।
ন গুহ্যং শ্রোতুমিচ্ছামি যুষ্মত্তো দ্বিজসত্তমাঃ! ॥৩৬॥
ভবত্তপোবিঘাতো বা যদি স্যাদ্বিরমে ততঃ।
যদি বাস্তি কথাযোগো যোঽয়ং প্রশ্নো ময়েরিতঃ ॥৩৭॥
এতৎ কারণসামর্থ্যং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
ভবন্তোঽপি তপোনিত্যা ব্রূয়ুরেতৎসমন্বিতাঃ ॥৩৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষভগীতাসু দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ভবন্ত ইতি। সংশয়ং সংশয়িতবিষয়ম্। জ্যায়স্তরং তয়োর্মহত্তরম্ ॥৩৪—৩৫॥
যদীতি। ন গুহ্যম্ এতদ্বিবরণং যদি ন গোপনীয়ম্। মা চিরং ন বিলম্বধ্বম্ ॥৩৬॥
ভবদিতি। বিরমে প্রষ্টুং বিরমামি। কথাযোগ এতৎকথনসম্ভবঃ। এতস্যা আশায়াঃ কারণং সামর্থ্যং শক্তিঞ্চ। সমন্বিতা উদ্যমযুক্তাঃ ॥৩৭—৩৮॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

আশাবান্ আশায়া মহত্ত্বেন তদ্বতোঽপি মহত্ত্বমন্তরিক্ষবৎ ॥৩৫—৩৮॥
ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২২॥

বিষয় জিজ্ঞাসা করিতেছি যে, যে পুরুষ আশান্বিত এবং আকাশ—এই দু'য়ের মধ্যে কোন্‌টীকে আপনাদের বিশাল বলিয়া মনে হয়? ইহা আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি। সে শুনা কি আমার পক্ষে দুর্লভ হইবে? ॥৩৪—৩৫॥

ব্রাহ্মণগণ! এই বিষয় যদি সর্ব্বদা আপনাদের গোপনীয় না হয়, তাহা হইলে বলুন, বিলম্ব করিবেন না; আর যদি গোপনীয়ই হয়, তবে আমি আপনাদের নিকট শুনিতে ইচ্ছা করি না ॥৩৬॥

আর যদি এই বিষয় বলিতে গেলে, আপনাদের তপস্যার ব্যাঘাত হয় তবে আমি বিরত হই। পক্ষান্তরে যদি বলা সম্ভবপর হয় তাহা হইলে আমি যে প্রশ্ন করিয়াছি, তাহাতে আশার কারণ ও শক্তি আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি। তপস্যায় নিরত আপনারাও উদ্‌যোগী হইয়া এই বিষয় বলুন' ॥৩৭—৩৮॥

* '......ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ নি।

ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

ভীষ্ম উবাচ ।

ততস্তেষাং সমস্তানামৃষীণামৃষিসত্তমঃ ।
ঋষভো নাম বিপ্রর্ষির্বিস্ময়ন্নিদমব্রবীৎ ॥১॥
পুরাহং রাজশার্দ্দূল ! তীর্থান্যনুচরন্ প্রভো ! ।
সমাসাদিতবান্ দিব্যং নরনারায়ণাশ্রমম্ ॥২॥
যত্র সা বদরী রম্যা সরো বৈহায়সং তথা ।
যত্র চাশ্বশিরা রাজন্ ! বেদান্ পঠতি শাশ্বতান্ ॥৩॥
তস্মিন্ সরসি কৃত্বাহং বিধিবত্তর্পণং পুরা ।
পিতৃণাং দেবতানাঞ্চ ততোশ্রমমিয়াং তদা ॥৪॥
রেমাতে যত্র তৌ নিত্যং নরনারায়ণাবৃষী ।
অদূরাদাশ্রমং কঞ্চিদ্বাসার্থমগমং তদা ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি । ঋষীতি ভাবপ্রধানো নির্দ্দেশঃ । তেন চ ঋষিণা মন্ত্রদ্রষ্টৃভাবেন সত্তমঃ । বিস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥১॥

পুরেতি । সমাসাদিতবান্ প্রাপ্তবান্, দিব্যং স্বর্গীয়ভাবান্বিতম্ ॥২॥

যত্রেতি । বদরী কুবলবৃক্ষঃ, বৈহায়স্যা গগনগামিন্যা মন্দাকিন্যা ইদমিতি বৈহায়সং মন্দাকিনী-স্রোতঃসংপৃক্তমিত্যর্থঃ । অশ্বশিরা নাম মুনিঃ, শাশ্বতান্ নিত্যান্ ॥৩॥

তস্মিন্নিতি । তত আশ্রমং ততোশ্রমম্ । ঈদৃশঃ সন্ধির্ষঃ । ইয়াম্ অগচ্ছম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর সেই সমস্ত ঋষির মধ্যে আর্যগুণে শ্রেষ্ঠ ঋষভনামে ব্রহ্মর্ষি ঈষৎ হাস্য করিয়া এই কথা বলিলেন—॥১॥

'প্রভাবশালী রাজশ্রেষ্ঠ ! পূর্ব্বে আমি তীর্থ পর্য্যটন করিতে করিতে যাইয়া দিব্য নরনারায়ণাশ্রমে উপস্থিত হইয়াছিলাম ॥২॥

রাজা ! যে আশ্রমে মনোহর বদরীবৃক্ষ এবং মন্দাকিনীর জলসংপৃক্ত একটী সরোবর রহিয়াছে এবং যে আশ্রমে অশ্বশিরা মুনি সর্ব্বদা বেদপাঠ করেন ॥৩॥

আমি সেই সরোবরে যথাবিধানে পিতৃতর্পণ ও দেবতর্পণ করিয়া, তাহার পর তখনই সেই আশ্রমে গমন করিয়াছিলাম ॥৪॥

(৩)···হ্রদো বৈহায়সং তথা—পি বঙ্গ বর্দ্ধ । (৫) অদূরাদাশ্রমং কিঞ্চিৎ—পি বঙ্গ নি ।

তত্র চীরাজিনধরং কৃশমুচ্চমতীব চ ।
অদ্রাক্ষমৃষিমায়ান্তং তনুং নাম তপোনিধিম্ ॥৬॥
অন্যৈর্নরৈর্মহাবাহো ! বপুষাষ্টগুণান্বিতম্ ।
কৃশতা চাপি রাজর্ষে ! ন দৃষ্টা তাদৃশী ক্বচিৎ ॥৭॥ (যুগ্মকম্)
শরীরমপি রাজেন্দ্র ! তস্য কানিষ্ঠিকাসমম্ ।
গ্রীবা বাহূ তথা পাদৌ কেশাশ্চাদ্ভুতদর্শনাঃ ॥৮॥
শিরঃ কায়ানুরূপঞ্চ কর্ণৌ নেত্রে তথৈব চ ।
তস্য বাক্ চৈব চেষ্টা চ সামান্যে রাজসত্তম ! ॥৯॥
দৃষ্ট্বাহং তং কৃশং বিপ্রং ভীতঃ পরমদুর্ম্মনাঃ ।
পাদৌ তস্যাভিবাদ্যাথ স্থিতঃ প্রাঞ্জলিরগ্রতঃ ॥১০॥

ভারতকৌমুদী

রেমাতে ইতি । রেমাতে আনন্দতুঃ । অদূরাৎ তস্য সরসঃ ॥৫॥

তত্রেতি । চীরাজিনধরং কৌপীনকৃষ্ণমৃগচর্ম্মধারিণম্, উচ্চং দীর্ঘম্ । অন্যৈর্নরৈঃ অন্যনরাপেক্ষয়েত্যর্থঃ ॥৬—৭॥

শরীরমিতি । কানিষ্ঠিকাসমং হস্তকনিষ্ঠাঙ্গুলীতুল্যকৃশম্ ॥৮॥

শির ইতি । কায়ানুরূপং দেহতুল্যকৃশম্ । সামান্যে সাধারণমনুষ্যতুল্যে ॥৯॥

দৃষ্ট্বেতি । ভীতঃ পরমদুর্ম্মনাশ্চ তদীয়রোষসংশয়াৎ ॥১০॥

যে আশ্রমে সেই নর ও নারায়ণ ঋষি সর্ব্বদা ব্রহ্মানন্দ অনুভব করিতেন ; সেই সরোবরের অদূরবর্ত্তী কোন আশ্রমে বাস করিবার জন্য আমি যাইয়া উপস্থিত হইয়াছিলাম ॥৫॥

সেখানে যাইয়া দেখিলাম—তনুনামে এক ঋষি আসিতেছেন ; তাঁহার পরিধানে কৌপীন ও কৃষ্ণমৃগের চর্ম্ম এবং দেহ কৃশ অথচ অত্যন্ত দীর্ঘ। মহাবাহু রাজর্ষি ! সে দেহ এত দীর্ঘ যে, অন্য মানুষ অপেক্ষা আটগুণ হইবে ; আবার সে প্রকার দেহের কৃশতাও আমি আর কোথায়ও দেখি নাই ॥৬—৭॥

রাজশ্রেষ্ঠ ! তাঁহার শরীরটী হস্তের কনিষ্ঠাঙ্গুলীর তুল্য কৃশ এবং তাঁহার গ্রীবা, বাহুযুগল, চরণযুগল ও কেশকলাপ অদ্ভুতদর্শন ॥৮॥

রাজশ্রেষ্ঠ ! তাঁহার মস্তকটী দেহের ন্যায় কৃশ আর কর্ণযুগল এবং নয়নযুগলও সেইরূপই ; কিন্তু বাক্য ও ক্রিয়া সাধারণ মানুষের ন্যায় ॥৯॥

আমি সেই কৃশ ব্রাহ্মণটীকে দেখিয়া ভীত ও অত্যন্ত আকুলচিত্ত হইলাম ; তাহার পর তাঁহার চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া সম্মুখে দাঁড়াইলাম ॥১০॥

নিবেদ্য নামগোত্রে চ পিতরঞ্চ নরর্ষভ !।
প্রদিষ্টে চাসনে তেন শনৈরহমুপাবিশম্ ॥১১॥
ততঃ স কথয়ামাস কথাং ধর্ম্মার্থসংহিতাম্।
ঋষিমধ্যে মহারাজ! তনুর্ধর্ম্মভৃতাং বরঃ ॥১২॥
তস্মিংস্তু কথয়ত্যেব রাজা রাজীবলোচনঃ।
উপায়াজ্জবনৈরশ্বৈঃ সবলঃ সাবরোধনঃ ॥১৩॥
স্মরন্ পুত্রমরণ্যে বৈ নষ্টং পরমদুর্ম্মনাঃ।
ভূরিদ্যুম্নপিতা শ্রীমান্ বীরদ্যুম্নো মহাযশাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ইহ দ্রক্ষ্যামি তং পুত্রং দ্রক্ষ্যামীহেতি ভারত !।
এবমাশাহৃতো রাজা চরন্ বনমিদং পুরা ॥১৫॥
দুর্ল্লভঃ স ময়া দ্রষ্টুং নূনং পরমধার্ম্মিকঃ।
একঃ পুত্রো মহারণ্যে নষ্ট ইত্যসকৃত্তদা ॥১৬॥

ভারতকৌমুদী

নিবেদ্যেতি। নিবেদ্য বিজ্ঞাপ্য। তেন ঋষিণা, প্রদিষ্টে নির্দ্দিষ্টে ॥১১॥

তত ইতি। ধর্ম্মার্থাভ্যাং সংহিতাং সমন্বিতাম্ ॥১২॥

তস্মিন্নিতি। রাজীবলোচনঃ পদ্মনেত্রঃ। জবনৈর্ব্বেগবদ্ভিঃ, সবলঃ সসৈন্যঃ, সাবরোধনঃ সস্ত্রীকঃ। নষ্টম্ অদৃশ্যতাং গতম্। বীরদ্যুম্নো নাম ॥১৩—১৪॥

ইহেতি। এবম্ ঈদৃশ্যা আশয়া হৃত আকৃষ্টঃ ॥১৫॥

দুর্ল্লভ ইতি। নষ্টঃ অদর্শনং গতঃ, ইতি অসকৃদ্ ব্যলপদিতি শেষঃ ॥১৬॥

নরশ্রেষ্ঠ! পরে আমি পিতার নাম, নিজের নাম ও গোত্র জানাইয়া তাঁহারই নির্দ্দিষ্ট আসনে ধীরে ধীরে উপবেশন করিলাম ॥১১॥

মহারাজ! তাহার পর ধার্ম্মিকশ্রেষ্ঠ সেই তনু ঋষিদের মধ্যে ধর্ম্মার্থসংশ্লিষ্ট কথা বলিতে লাগিলেন ॥১২॥

তিনি বলিতেছিলেন এমন সময়ে পদ্মনয়ন, সুন্দর মূর্ত্তি ও যশস্বী, ভূরিদ্যুম্নের পিতা বীরদ্যুম্ন নামে এক রাজা বনমধ্যে নিরুদ্দিষ্ট পুত্রকে স্মরণ করিয়া, অত্যন্তদুঃখিতচিত্তে পত্নীর সহিত বেগবান্ অশ্বে আরোহণ করিয়া সসৈন্যে উপস্থিত হইলেন ॥১৩—১৪॥

ভরতনন্দন! সেই রাজা 'সেই পুত্রটীকে এইখানে দেখিতে পাইব, না হয় এইখানে দেখিতে পাইব' এইরূপ আশায় আকৃষ্ট হইয়া ঐ বনে বিচরণ করিতেছিলেন ॥১৫॥

এবং তিনি তখন এইরূপ বার বার বিলাপও করিতেছিলেন যে, 'আমার একটীমাত্র পুত্র, সে আবার পরমধার্ম্মিক; কিন্তু সে এখন মহাবনে নিরুদ্দিষ্ট হইয়াছে; সুতরাং তাহাকে দেখিতে পাওয়া আমার পক্ষে দুষ্কর ॥১৬॥

ন স শক্যো ময়া দ্রষ্টুমাশা চ মহতী মম।
তয়া পরীতমাত্রোঽহং মুমূর্ষুর্নাত্র সংশয়ঃ ॥১৭॥
এতচ্ছ্রুত্বা তু ভগবাংস্তনুর্মুনিবরোত্তমঃ।
অবাক্‌শিরা ধ্যানপরো মুহূর্ত্তমিব তস্থিবান্ ॥১৮॥
তমনুধ্যাতমালক্ষ্য রাজা পরমদুর্ম্মনাঃ।
উবাচ বাক্যং দীনাত্মা মন্দং মন্দমিবাসকৃৎ ॥১৯॥
দুর্ল্লভং কিং নু দেবর্ষে! আশায়াশ্চৈব কিং মহৎ।
ব্রবীতু ভগবানেতদ্‌যদি গুহ্যং ন তে ময়ি ॥২০॥

মুনিরুবাচ।

মহর্ষির্ভগবাংস্তেন পূর্ব্বমাসীদ্বিমানিতঃ।
বালিশাং বুদ্ধিমাস্থায় মন্দভাগ্যতয়াত্মনঃ।
অর্থয়ন্ কলসং রাজন্! কাঞ্চনং বল্কলানি চ ॥২১॥

ভারতকৌমুদী

নেতি। আশা তদ্দর্শনে। তয়া আশয়া, পরীতমাত্রঃ স্পৃষ্টমাত্রঃ, মুমূর্ষুর্জাতঃ ॥১৭॥

এতদিতি। অবাক্‌শিরা অধোবদনঃ, ধ্যানপরো বীরদ্যুম্নোক্তবিষয়ে ॥১৮॥

তমিতি। অনুধ্যাতং ধ্যানপরম্, পরমদুর্ম্মনা পুত্রং বিপন্নম্ অবিপন্নং বা জ্ঞাস্যামীতিশঙ্কমান ইতি ভাবঃ ॥১৯॥

দুর্ল্লভমিতি। কিং বস্তু দুর্ল্লভম্, কিং বস্তু বা আশায়া অপি মহৎ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ বৈহায়সঃ বিহায়সা গচ্ছন্ত্যা মন্দাকিন্যা বৈহায়স্যা অয়ং বৈহায়সঃ ॥৩॥ ততোশ্রমং তত আশ্রমং মণ্ডপম্, ইয়াং গতবানহম্ ॥৪—৮॥ কায়ানুরূপং স্থূলম্ ॥৯—২০॥ তেন

আমি তাহাকে দেখিতে পাইব না, অথ চ তাহাকে দেখিবার জন্য আমার প্রবল আশা হইয়াছে, সেই আশা হওয়ামাত্র আমি যেন মুমূর্ষু হইয়া পড়িয়াছি, এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৭॥

এই কথা শুনিয়া ভগবান্ মুনিশ্রেষ্ঠ তনু অধোবদন হইয়া মুহূর্ত্তকালই যেন ধ্যাননিষ্ঠ হইলেন ॥১৮॥

তখন বীরদ্যুম্নরাজা তাঁহাকে ধ্যাননিষ্ঠ দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন ও কাতরচিত্ত হইয়া বার বার ধীরে ধীরে এই কথা বলিলেন—॥১৯॥

'দেবর্ষি! জগতে কোন্ বস্তু দুর্ল্লভ এবং কোন্ বস্তুই বা আশা হইতে মহৎ? ইহা যদি আমার নিকটে আপনার গোপনীয় না হয়, তাহা হইলে বলুন' ॥২০॥

(১৭) দুর্ল্লভঃ স ময়া দ্রষ্টুম্—পি বঙ্গ বৰ্দ্ধ, তয়া পরীতগাত্রোঽহং—পি বৰ্দ্ধ নি।

অবজ্ঞাপূর্ব্বকেণাপি ন সম্পাদিতবাংস্ততঃ।
নির্ব্বিণ্ণঃ স তু বিপ্রর্ষির্নিরাশঃ সমপদ্যত ॥২২॥
এবমুক্তোঽভিবাদ্যাথ তমৃষিং লোকপূজিতম্।
শ্রান্তোঽবসীদদ্ধর্ম্মাত্মা যথা ত্বং নরসত্তম ! ॥২৩॥
অর্ঘ্যং ততঃ সমানীয় পাদ্যঞ্চৈব মহাযশাঃ।
আরণ্যেনৈব বিধিনা রাজ্ঞে সর্ব্বং ন্যবেদয়ৎ ॥২৪॥
ততস্তে মুনয়ঃ সর্ব্বে পরিবার্য্য নরর্ষভম্।
উপাবিশন্ নরব্যাঘ্র ! সপ্তর্ষয় ইব ধ্রুবম্ ॥২৫॥
অপৃচ্ছংশ্চৈব তে তত্র রাজানমপরাজিতম্।
প্রয়োজনমিদং সর্ব্বমাশ্রমস্য প্রবেশনে ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঋষভগীতাসু ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মহর্ষিরিতি। তেন ভবৎপুত্রেণ। বালিশাং মূর্খোচিতাম্। অর্থয়ন্ যাচমানঃ, কাঞ্চনং স্বর্ণময়ম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২১॥

অবজ্ঞেতি। অবজ্ঞাপূর্ব্বকেণ ভাবেন, ন সম্পাদিতবান্ মহর্ষেঃ প্রার্থনাং ন পূরিতবান্ ॥২২॥

ঋষভমুনিরাহ এবমিতি। উক্তস্তনুমুনিনা। অবসীদদিতি অভাগমাভাব আর্ষঃ, ধর্ম্মাত্মা বীরদ্যুম্নঃ, ত্বং সুমিত্রঃ ॥২৩॥

অর্ঘ্যমিতি। মহাযশাস্তনুঃ। আরণ্যেনৈব বনবাসিযোগ্যেনৈব ॥২৪॥

তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। নরর্ষভং বীরদ্যুম্নম্ ॥২৫॥

অপৃচ্ছন্নিতি। তে মুনয়ঃ, রাজানং বীরদ্যুম্নম্ ॥২৬।

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তব পুত্রেণ ভূরিদ্যুম্নেন ॥২১—২২॥ এবং মুনিনা উক্তঃ বীরদ্যুম্নঃ অবসীদৎ নষ্টপ্রায়োঽভূদিত্যর্থঃ ॥২৩-২৪। তত এবং মুনিনা রাজপূজানন্তরম্ আগতাঃ কিমর্থম্ আশ্রমে ত্বং প্রবিষ্টোঽসীত্যপৃচ্ছ ॥২৫--২৬॥

ইতি শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৩॥

তনুমুনি বলিলেন—'মহারাজ ! পূর্ব্বে কোন মাহাত্মশালী মহর্ষি একটী স্বর্ণকুম্ভ ও বল্কল প্রার্থনা করিয়াছিলেন, তখন আপনার পুত্র নিজের মন্দভাগ্যবশতঃ মূর্খোচিত বুদ্ধি অবলম্বন করিয়া, সেই মহর্ষির অবমাননা করিয়াছিল ॥২১॥

আপনার পুত্র অবজ্ঞা করিয়াও মহর্ষির সে আশা পূরণ করিল না, তখন তিনি

---

(২৪)...পাদ্যঞ্চৈব মহানৃষিঃ—বঙ্গ বৰ্দ্ধ। (২৬) আশ্রমস্য নিবেশনে—পি বঙ্গ বৰ্দ্ধ।

* '... সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

রাজোবাচ।

বীরদ্যুম্ন ইতি খ্যাতো রাজাহং দিক্ষু বিশ্রুতঃ।
ভূরিদ্যুম্নং সুতং নষ্টমন্বেষ্টুং বনমাগতঃ ॥১॥
একঃ পুত্রঃ স বিপ্রাগ্র্য! বাল এব চ মেঽনঘ!।
ন দৃশ্যতে বনে চাস্মিংস্তমন্বেষ্টুং চরাম্যহম্ ॥২॥

ভারতকৌমুদী

বীরেতি। বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। নষ্টমদর্শনং গতম্ ॥১॥
এক ইতি। একঃ পুত্র ইত্যনেন তস্মিন্নাত্মনঃ স্নেহাতিশয়ঃ সূচিতঃ ॥২॥

নিরাশ হইলেন এবং আত্মগ্লানি অনুভব করিতে লাগিলেন' ॥২২॥

(ঋষভমুনি বলিলেন—) নরশ্রেষ্ঠ সুমিত্র! তনুমুনি এইরূপ বলিলে, ধার্ম্মাত্মা বীরদ্যুম্ন রাজা পরিশ্রান্ত অবস্থাতেই জগৎপূজিত সেই তনুমুনিকে অভিবাদন করিয়া, আপনার ন্যায়ই অবসন্ন হইয়া পড়িলেন ॥২৩॥

তাহার পর মহর্ষি তনুমুনি পাদ্য ও অর্ঘ্য আনয়ন করিয়া, বনবাসিগণের নিয়মে সে সমস্তই বীরদ্যুম্ন রাজাকে নিবেদন করিলেন ॥২৪॥

নরশ্রেষ্ঠ! তদনন্তর সপ্তর্ষিগণ যেমন ধ্রুবকে পরিবেষ্টন করিয়া উপবেশন করেন, তেমন সেই মুনিরা সকলে নরশ্রেষ্ঠ বীরদ্যুম্নকে পরিবেষ্টন করিয়া উপবেশন করিলেন ॥২৫॥

এবং তাঁহারা বীরদ্যুম্নরাজার সেই আশ্রমপ্রবেশের সমস্ত প্রয়োজন তাঁহার নিকট জিজ্ঞাসা করিলেন' ॥২৬॥

বীরদ্যুম্নরাজা বলিলেন—'আমি রাজা, আমার 'বীরদ্যুম্ন' এই নাম সকল দিকে বিখ্যাত রহিয়াছে; আমার পুত্রের নাম—ভূরিদ্যুম্ন, সে নিরুদ্দেশ হইয়াছে; সুতরাং তাহাকে অন্বেষণ করিবার জন্য আমি বনে আসিয়াছি ॥১॥

নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার একটীমাত্র পুত্র, অথ চ সে বালক; বনে তাহাকে দেখিতে পাই নাই; সুতরাং তাহাকে অন্বেষণ করিবার জন্যই বিচরণ করিতেছি' ॥২॥

ঋষভ উবাচ।

ইত্যেবমুক্তে বচনে রাজ্ঞা মুনিরধোমুখঃ।
তূষ্ণীমেবাভবত্তত্র ন চ প্রত্যুক্তবান্ নৃপম্ ॥৩॥
স হি তেন পুরা বিপ্রো রাজ্ঞা নাত্যর্থমানিতঃ।
আশাকৃতশ্চ রাজেন্দ্র! তপো দীর্ঘং সমাশ্রিতঃ ॥৪॥
প্রতিগ্রহমহং রাজ্ঞাং ন করিষ্যে কথঞ্চন।
অন্যেষাঞ্চৈব বর্ণানামিতি কৃত্বা ধিয়ং তদা ॥৫॥ (যুগ্মকম্)
আশা হি পুরুষং বালমুত্থাপয়তি তস্থুষী।
তামহং ব্যপনেষ্যামি ইতি কৃত্বা ব্যবস্থিতঃ।
বীরদ্যুম্নস্তু তং ভূয়ঃ পপ্রচ্ছ মুনিসত্তমম্ ॥৬॥

রাজোবাচ।

আশায়াঃ কিঞ্চ বৃত্তং বৈ কিঞ্চেহ ভুবি দুর্ল্লভম্।
ব্রবীতু ভগবানেতত্ত্বং হি ধর্ম্মার্থদর্শিবান্ ॥৭॥

ভারতকৌমুদী

ইতীতি। মুনিস্তনুঃ। তূষ্ণীং নীরব এব ॥৩॥

স ইতি। আশয়া কৃতো হতঃ, নিরাশঃ সন্নিত্যর্থঃ। কৃঞ্ হিংসায়ামিত্যস্য প্রয়োগঃ। ইতি ইত্থম ॥৪—৫॥

আশেতি। বালং মূর্খম্, উত্থাপয়তি কার্য্যে উদ্‌যোজয়তি, তস্থুষী চিরস্থায়িনী। ব্যপনেষ্যামি পরিহাস্যামি। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬॥

আশায়া ইতি। বৃত্তং বৃত্তান্তঃ। দর্শিবান্ ইতীড়াগম আর্ষঃ ॥৭॥

ঋষভ বলিলেন—বীরদ্যুম্ন এইরূপ বলিলে, তনুমুনি অধোমুখ হইয়া নীরব রহিলেন; কিন্তু রাজাকে কোন কথাই বলিলেন না ॥৩॥

রাজশ্রেষ্ঠ! তাহার কারণ, পূর্ব্বে সেই রাজা সেই ব্রাহ্মণকে বিশেষ সম্মান করেন নাই, প্রত্যুত তাঁহার আশা ভঙ্গ করিয়াছিলেন; তাহাতেই মুনি 'আমি কোন প্রকারেই রাজাদের বা অন্যান্য বর্ণের নিকট প্রতিগ্রহ করিব না' এইরূপ বুদ্ধি করিয়া দীর্ঘকালের জন্য তপস্যা অবলম্বন করিলেন ॥৪—৫॥

কারণ, চিরস্থায়িনী আশা মূর্খ পুরুষকে কার্য্যে উদ্‌যোগী করে; সুতরাং 'আমি সে আশাকে দূর করিব,' এইরূপ বুদ্ধি করিয়া তিনি তপস্যায় নিরত রহিলেন; কিন্তু বীরদ্যুম্নরাজা পুনরায় সেই মুনিশ্রেষ্ঠকে জিজ্ঞাসা করিলেন ॥৬॥

(৭) আশায়াঃ কিং কৃশত্বঞ্চ—পি বঙ্গ বর্দ্ধ।

ঋষভ উবাচ।

ততঃ সংস্মৃত্য তৎ সর্ব্বং স্মারয়িষ্যন্নিবাব্রবীৎ।
রাজানং ভগবান্ বিপ্রস্ততঃ কৃশতনুস্তদা ॥৮॥

ঋষিরুবাচ।

কৃশত্বেন সমং রাজন্! নাশায়া বিদ্যতে নৃপ!।
তস্যা বৈ দুর্ল্লভত্বাচ্চ প্রার্থিতঃ পার্থিবো ময়া ॥৯॥

রাজোবাচ।

কৃশাকৃশে ময়া ব্রহ্মন্! গৃহীতে বচনাত্তব।
দুর্ল্লভত্বঞ্চ তস্যৈব বেদবাক্যমিব দ্বিজ! ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ পূর্ব্ববৃত্তম্। রাজানং বীরদ্যুম্নং স্মারয়িষ্যন্নিবেতি সম্বন্ধঃ ॥৮॥

কৃশত্বেনেতি। তস্যা আশায়া বিষয়ীভূতস্য বস্তুন ইতি শেষঃ, দুর্ল্লভত্বাদ্ধেতোঃ, আশায়া আশাযুক্তস্য পুরুষস্য কৃশত্বেন সমম্ অন্যৎ কিমপি কৃশং ন বিদ্যতে আশায়াঃ সফলত্বনিষ্ফলত্বশঙ্কয়া নিতান্তদোদুল্যমানহৃদয়ত্বাদিতি ভাবঃ। ময়া পার্থিবঃ অভীষ্টং প্রার্থিতঃ, তত এব চ মে কৃশত্বমিত্যাশয়ঃ ॥৯॥

তুমি বুদ্ধিতে সাক্ষাৎ শুক্রাচার্য্য এবং বলদ্বারা আমাকে আয়ত্ত করিয়াছ; আর আজ তুমি আমার জীবনদান করিয়া মন্ত্রবলশালীও হইয়াছ' ॥১৩০॥

মার্জার এইরূপ পরম মধুর বাক্য বলিলে, সত্যবিষয়াভিজ্ঞ মূষিক কোমল ও নিজের হিতকর বাক্য বলিল— ॥১৩১॥

বেদিতব্যানি মিত্রাণি বোদ্ধব্যাশ্চাপি শত্রবঃ।
এতৎ সুসূক্ষ্মং লোকেঽস্মিন্ দৃশ্যতে প্রাজ্ঞসম্মতম্ ॥১৩৩॥
শত্রুরূপা হি সুহৃদো মিত্ররূপাশ্চ শত্রবঃ।
সন্ধিতাস্তে ন বুধ্যন্তে কামক্রোধবশংগতাঃ ॥১৩৪॥
নাস্তি জাতু রিপুর্নাম মিত্রং নাম ন বিদ্যতে।
সামর্থ্যযোগাজ্জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা ॥১৩৫॥
যো যস্মিন্ জীবতি স্বার্থে পশ্যেৎ পীড়াং ন জীবতি।
স তস্য মিত্রং তাবৎ স্যাদ্‌যাবন্ন স্যাদ্বিপর্য্যয়ঃ ॥১৩৬॥

ভারতকৌমুদী

বেদীতি। এতৎ সুসূক্ষ্মং নিপুণবুদ্ধিবেদ্যং প্রাজ্ঞৈশ্চ সম্মতমভিমতম্ ॥১৩৩॥

শত্রুরূপা ইতি। সুহৃদোঽপি ব্যবহারেণ শত্রুরূপা ভবন্তি, শত্রবশ্চাপি তথৈব মিত্ররূপা ভবন্তি। সন্ধিরেষাং সঞ্জাতা ইতি সন্ধিতাঃ, কৃতসন্ধয়স্তে কামক্রোধবশংগতাঃ সন্তঃ প্রাজ্ঞৈরপি ন বুধ্যন্তে। তথা চ সুহৃদোঽপি ব্যবহারেণ শত্রুরূপাঃ সন্তঃ পুনঃ কামেন ক্রোধেন বা সুহৃদ এব জায়ন্তে, তথা শত্রবোঽপি ব্যবহারেণ মিত্ররূপাঃ সন্তঃ পুনঃ কামেন ক্রোধেন বা শত্রব এব ভবন্তি, তচ্চ প্রাক্ প্রাজ্ঞেনাপি ন বুধ্যতে। ইত্থঞ্চ সহজশত্রুস্ত্বং ব্যবহারেণ মিত্ররূপো জাতঃ, পুনর্মন্মাংসভক্ষণকামেন শত্রুরপি ভবিতুমর্হসীতি ভাবঃ ॥১৩৪॥

নেতি। স্বভাবত ইতি শেষঃ। সামর্থ্যযোগাদ্‌ব্যবহারসম্বন্ধাৎ ॥১৩৫॥

য ইতি। যো জনঃ, যস্মিন্ জনে, আশ্রয়ং কৃত্বেতি শেষঃ, জীবতি, স জনঃ, তস্য চেৎ পীড়াং পশ্যেৎ, তদা স্বার্থে স্বকার্য্যসাধনে ন প্রবর্ত্তত এবেতি শেষঃ; কিন্তু ন জীবত্যপি পরমসৌহার্দ্দ্যাৎ ॥১৩৬॥

'লোমশ! তুমি যাহা বলিলে, সে সমস্তই আমি শুনিয়াছি; আবার আমিও বলিতেছি, তুমি শ্রবণ কর। আমার সে কথা সিদ্ধান্তবুদ্ধিবেদ্যই হইবে ॥১৩২॥

মিত্রগণকেও বুঝিতে হইবে, আবার শত্রুগণকেও জানিতে হইবে। এই দুইটী বিষয়ই এই জগতে অত্যন্ত সূক্ষ্ম এবং প্রাজ্ঞজনের অভিমত বলিয়া দেখা যায় ॥১৩৩॥

ব্যবহারবশতঃ মিত্রেরাও শত্রুস্বরূপ হয়, আবার শত্রুরাও মিত্রস্বরূপ হইয়া থাকে। সন্ধি করিলে পর তাহারা কামের বা ক্রোধের অধীন হইয়া পুনরায় বিপরীত হইতে পারে, তাহা প্রাজ্ঞেরাও বুঝিতে পারেন না ॥১৩৪॥

কোন কালেই স্বাভাবিক শত্রুও নাই বা স্বাভাবিক মিত্রও নাই; কিন্তু ব্যবহারবশতই শত্রু বা মিত্র হইয়া থাকে ॥১৩৫॥

যে লোক যাহাকে আশ্রয় করিয়া জীবনধারণ করে, সে লোক তাহার যদি পীড়া দেখিতে পায়, তাহা হইলে সে নিজের প্রয়োজনসাধনে প্রবৃত্ত ত হয়ই না, এমন কি বাঁচিয়া থাকিতেও পারে না; কিন্তু সে সেই পর্য্যন্তই তাহার মিত্র থাকে, যে পর্য্যন্ত তাহার সেই ভাবের ব্যতিক্রম না হয় ॥১৩৬॥

নাস্তি মৈত্রী স্থিরা নাম ন চ ধ্রুবমসৌহৃদম্।
অর্থযুক্ত্যা তু জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা ॥১৩৭॥
মিত্রঞ্চ শত্রুতামেতি কস্মিংশ্চিৎ কালপর্য্যয়ে।
শত্রুশ্চ মিত্রতামেতি স্বার্থো হি বলবত্তরঃ ॥১৩৮॥
যো বিশ্বসিতি মিত্রেষু ন বিশ্বসিতি শত্রুষু।
অর্থযুক্তিমবিজ্ঞায় যঃ প্রীতৌ কুরুতে মনঃ।
মিত্রে বা যদি বা শত্রৌ তস্যাপি চলিতা মতিঃ ॥১৩৯॥
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মুৎপন্নমপি মূলানি কৃন্ততি ॥১৪০॥

ভারতকৌমুদী

নেতি। স্থিরা চিরস্থায়িনী, এবং শাশ্বতম্। অর্থযুক্ত্যা ব্যবহারযোগেন ॥১৩৭॥

মিত্রমিতি। কালস্য পর্য্যয়ে অতিক্রমে। স্বার্থবশাদেব তদ্ভবতীতি ভাবঃ ॥১৩৮॥

য ইতি। যঃ অর্থযুক্তিং কার্য্যপরম্পরাম্, অবিজ্ঞায়, মিত্রেষু কেবলমেব বিশ্বসিতি, তথা অর্থযুক্তিমবিজ্ঞায় শত্রুষু চ কেবলমেব ন বিশ্বসিতি, যশ্চ অর্থযুক্তিমবিজ্ঞায় মিত্রে বা যদি বা শত্রৌ, প্রীতৌ মনঃ কুরুতে, তস্য তস্যাপি মতিশ্চলিতা বস্তুনির্ণয়াদ্ভ্রষ্টা, কদাচিৎ মিত্রেণাপ্যপকরণাৎ শত্রুণাপি চোপকরণাদিত্যাশয়ঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৩৯॥

নেতি। বিশ্বাসাদুৎপন্নং ভয়ং কর্তৃ, মূলান্যপি প্রধানস্থানান্যেব কৃন্ততি ছিনত্তি নাশয়তীত্যর্থঃ ॥১৪০॥

চিরস্থায়িনী মিত্রতাও নাই, আবার চিরস্থায়িনী শত্রুতাও নাই; কিন্তু ব্যবহারবশতই মিত্রতা ও শত্রুতা হইয়া থাকে ॥১৩৭॥

কোন কাল অতীত হইলে মিত্রও শত্রু হয়, আবার শত্রুও মিত্র হইয়া যায়। কারণ, জগতে স্বার্থই প্রবল ॥১৩৮॥

যে ব্যক্তি কার্য্যপরম্পরা না জানিয়া মিত্রগণের উপরে কেবল বিশ্বাসই করে এবং শত্রুগণের উপরে কেবল অবিশ্বাসই করে, আর মিত্রই হউক বা শত্রুই হউক, তাহার প্রীতির প্রতি যে ব্যক্তি মনোনিবেশ করে, তাহার তাহার বুদ্ধিকে চঞ্চলই বলিতে হইবে ॥১৩৯॥

অবিশ্বাসী লোকের উপরে বিশ্বাস করিবে না, বিশ্বাসী লোকের উপরেও অত্যন্ত বিশ্বাস করিবে না। কারণ, বিশ্বাস হইতে ভয় উৎপন্ন হইলে, তাহা মূলপর্য্যন্ত বিনষ্ট করে ॥১৪০॥

অর্থযুক্ত্যা হি জায়ন্তে পিতা মাতা সুতস্তথা।
মাতুলা ভাগিনেয়াশ্চ তথা সম্বন্ধিবান্ধবাঃ ॥ ৪১॥
পুত্রং হি মাতাপিতরৌ ত্যজতঃ পতিতং প্রিয়ম্।
লোকো রক্ষতি চাত্মানং পশ্য স্বার্থস্য সারতাম্ ॥১৪২॥
সামান্যা নিষ্কৃতিঃ প্রাজ্ঞ! যো মোক্ষাৎ প্রত্যনন্তরম্।
কৃত্যং মৃগয়সে শত্রুসুখোপায়মসংশয়ম্ ॥১৪৩॥
অস্মিন্নিলয় এব ত্বং ন্যগ্রোধাদবতারিতঃ।
পূর্ব্বং নিবিষ্টমুন্মাথং চপলত্বান্ন বুদ্ধবান্ ॥১৪৪॥

ভারতকৌমুদী

অর্থেতি। অর্থযুক্ত্যা বিষয়সম্বন্ধেন। তথা চ—জননব্যাপারযোগেন পিতা মাতা তথা সুতো জায়তে। মাতৃভ্রাতৃত্বসম্বন্ধেন মাতুলঃ, ভগিনীপুত্রত্বসম্বন্ধেন চ ভাগিনেয়ঃ। এবমন্যত্রা-প্যূহ্যম্ ॥১৪১॥

স্বাভিপ্রায়ং ব্যনক্তি পুত্রমিতি। মাতাপিতরৌ হি প্রিয়মপি পুত্রম্, পতিতম্ অপরাধবিশেষেণ স্নেহাদ্বিচ্যুতং সন্তং ত্যজতঃ। লোকশ্চ আত্মানং রক্ষতি সর্ব্বাধিকপ্রিয়ত্বাৎ ॥১৪২॥

সামান্যেতি। হে প্রাজ্ঞ! মার্জার! যত্ত্বম্, মোক্ষাৎ পাশমুক্তেঃ, প্রত্যনন্তরং পরমেব; কৃত্যং কর্ত্তব্যতয়া বুদ্ধম্, শত্রোর্মম, সুখোপায়ং সম্মেলনাদিরূপম্, মৃগয়সে অন্বিষ্যসি, তস্য তব, নিষ্কৃতিঃ বিপদো নিস্তারঃ, সামান্যা সাধারণী মম সমানৈব, ইত্যর্থে অসংশয়ং সংশয়াভাবঃ। তথা চ ময়া যথা ত্বং পাশচ্ছেদনেন মোচিতঃ, তথৈবাহমপি ত্বয়া নকুলোলূকতাড়নেন ভয়ান্মোচিত ইতি নিষ্কৃতিরাবয়োঃ সমানৈব, ইত্থঞ্চ সতি ত্বৎসুখোপায়মহং ন মৃগয়ামি, ত্বন্তু মৎ-সুখোপায়ং মৃগয়সে ইত্যধিকসুখোপায়ান্বেষণং তব ন শোভত ইতি ভাবঃ ॥১৪৩॥

অস্মিন্নিতি। নিলয়ে বাসস্থান এব ত্বং মাংসাদিলোভেন কর্ত্রা, ন্যগ্রোধাদ্‌বটবৃক্ষাৎ অবতারিতঃ সন্, পূর্ব্বম্, নিবিষ্টং স্থিতম্, উন্মাথং কূটযন্ত্রম্, চপলত্বাৎ অস্থিরবুদ্ধিত্বাৎ ন বুদ্ধবান্। অতএব তত্র বদ্ধ ইত্যাশয়ঃ ॥১৪৪॥

জগতে পিতা, মাতা, পুত্র, মাতুল, ভাগিনেয়, সম্বন্ধী ও বান্ধবপ্রভৃতি সম্বন্ধ-বিশেষবশতই হইয়া থাকে ॥১৪১॥

পুত্র প্রিয় হইয়াও যদি কোন কারণবশতঃ স্নেহচ্যুত হয়, তবে পিতা এবং মাতাও তাহাকে ত্যাগ করেন। আর সমস্ত লোকই আত্মরক্ষা করে; অতএব স্বার্থের শ্রেষ্ঠত্ব দেখ ॥১৪২॥

প্রাজ্ঞ মার্জার! যে তুমি মুক্তির পরই কর্ত্তব্যবোধে শত্রুর সুখের উপায় অন্বেষণ করিতেছ, সেই তোমার ও আমার বিপদ্ হইতে উদ্ধার লাভ করা সমানই হইয়াছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই (ভাব টীকায় দ্রষ্টব্য) ॥১৪৩॥

আত্মনশ্চপলো নাস্তি কুতোঽন্যেষাং ভবিষ্যতি।
তস্মাৎ সর্ব্বাণি কার্য্যাণি চপলো হন্ত্যসংশয়ম্ ॥ ৪৫॥
ব্রবীষি মধুরং যচ্চ প্রিয়ো মেঽদ্য ভবানিতি।
তন্মিত্রকারণং সর্ব্বং বিস্তরেণাপি মে শৃণু ॥১৪৬॥
কারণাৎ প্রিয়তামেতি দ্বেষ্যো ভবতি কারণাৎ।
অর্থার্থী জীবলোকোঽয়ং ন কশ্চিৎ কস্যচিৎ প্রিয়ঃ ॥১৪৭॥
সখ্যং সোদর্য্যয়োর্ভ্রাত্রোর্দম্পত্যোর্ব্বা পরস্পরম্।
কস্যচিন্নাভিজানামি প্রীতিং নিষ্কারণামিহ ॥১৪৮॥

ভারতকৌমুদী

আত্মন ইতি। আত্মনঃ স্বস্মাৎ, অন্যঃ অধিকশ্চপলো নাস্তি; অতএব কুতঃ অন্যেষাং তাদৃশী বিপদ্ভবিষ্যতি ॥১৪৫॥

ব্রবীষীতি। মিত্রস্য মিত্রতায়াঃ কারণম্ ॥১৪৬॥

কারণাদিতি। উভয়ত্রাপি কারণাৎ কারণবিশেষাৎ। অর্থার্থী উদ্দেশ্যান্বেষী, প্রিয় ইত্যুপলক্ষণং দ্বেষ্যোঽপি স্বভাবতঃ ॥১৪৭॥

সখ্যমিতি। সোদর্য্যয়োর্ভ্রাত্রোঃ পরস্পরং সখ্যং পরস্পরোপকরণাৎ, দম্পত্যোঃ পরস্পরং সখ্যং পরস্পরকামপূরণাৎ ॥১৪৮॥

এই স্থানেই তোমার লোভ তোমাকে বটবৃক্ষ হইতে নামাইয়াছিল; তা'র পর, প্রথমে তুমি বুদ্ধির চঞ্চলতাবশতঃ চাণ্ডালপাতিত জালের বিষয় বুঝিতে পার নাই ॥১৪৪॥

তোমা অপেক্ষা অধিক চঞ্চল অন্য কেহ নাই; সুতরাং অন্যের এরূপ বিপদ্ হইবে কেন; অতএব চঞ্চল ব্যক্তি সমস্ত কার্য্যই নষ্ট করে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৪৫॥

মার্জার! তুমি যে মধুর বাক্য বলিলে—'তুমি আমার প্রিয়', সেই মিত্রতার কারণসকলও তুমি আমার নিকট বিস্তরক্রমে শ্রবণ কর ॥১৪৬॥

লোক বিশেষ কারণবশতঃ প্রিয় হয়, আবার বিশেষ কারণবশতই দ্বেষ্য হইয়া থাকে। এই জীবলোকেরা সকলেই উদ্দেশ্যসাধনার্থী; অতএব কেহই স্বভাবতঃ কাহারও প্রিয় বা দ্বেষ্য হয় না ॥১৪৭॥

দুই সহোদরভ্রাতার কিংবা দুই পতিপত্নীর পরস্পর সৌহার্দ্দ্যও কারণবশতই হইয়া থাকে; কিন্তু এই জগতে বিনাকারণে কাহারও প্রীতি হইয়াছে, ইহা আমার জানা নাই ॥১৪৮॥

যদ্যপি ভ্রাতরঃ ক্রুদ্ধা ভার্য্যা বা কারণান্তরে।
স্বভাবতস্তে প্রীয়ন্তে নেতরঃ প্রীয়তে জনঃ ॥১৪৯॥
প্রিয়ো ভবতি দানেন প্রিয়বাদেন চাপরঃ।
মন্ত্রহোমজপৈরন্যঃ কার্য্যার্থং প্রীয়তে জনঃ ॥১৫০॥
উৎপন্না কারণাৎ প্রীতিরাসীন্নৌ কারণান্তরে।
প্রধ্বস্তে কারণস্থানে সা প্রীতির্নাভিবর্ত্ততে ॥১৫১॥
কিন্তু তৎকারণং মন্যে যেনাহং ভবতঃ প্রিয়ঃ।
অন্যত্রাভ্যবহারার্থং তত্রাপি চ বুধা বয়ম্ ॥১৫২॥

ভারতকৌমুদী

যদীতি। কারণান্তরে সতি। স্বভাবতো ভ্রাতৃত্বাদিসম্বন্ধাৎ, ইতরো জনঃ স্বভাবতো ন প্রীয়তে ॥১৪৯॥

কারণাৎ প্রীতিরিতি বিবৃণোতি প্রিয় ইতি। কার্য্যার্থম্ উদ্দেশ্যসাধনার্থম্ ॥১৫০॥

উৎপন্নেতি। কারণাৎ পরস্পরত্রাণহেতোঃ, নৌ আবয়োঃ। তস্মিন্ কারণান্তরে প্রধ্বস্তে অতীতে তৎকারণস্থানে লোভাদৌ সতীতি শেষঃ, নাভিবর্ত্ততে ন স্থাস্যতি ॥১৫১॥

কিন্ত্বিতি। মন্যে সমীচীনমিতি শেষঃ। অভ্যবহারার্থং ভোজনার্থং জায়মানে অন্যত্র তত্রাপি কারণে বয়ং বুধা অভিজ্ঞাঃ। তথা চ তদানীং পরস্পরত্রাণমেব প্রীতেঃ কারণমাসীৎ, ইদানীন্তু মদ্-ভোজনার্থমেব তব প্রীতিপ্রদর্শনমিতি তল্লোভাভিজ্ঞা বয়মিতি নিষ্কর্ষঃ ॥১৫২॥

তবে ভ্রাতারা কিংবা পতিপত্নীরা যদিও পরস্পরের প্রতি কখনও ক্রুদ্ধ হয়, তথাপি সে স্থলেও অন্য কারণ থাকে; নতুবা স্বভাবতঃ তাহাদের পরস্পরের মধ্যে প্রীতিই থাকে; কিন্তু অপর নিঃসম্পর্ক লোকদিগের মধ্যে পরস্পর প্রীতি থাকে না ॥১৪৯॥

কেহ দানে প্রীতিলাভ করে, কেহ প্রিয়বাক্যে প্রিয় হয় এবং অন্য লোক মন্ত্র, হোম ও জপদ্বারা সন্তোষ লাভ করে; অতএব লোক উদ্দেশ্যসাধনেই প্রীত হয় ॥১৫০॥

তোমার ও আমার বিশেষ কারণবশতই প্রীতি হইয়াছিল; কিন্তু সে কারণ অতীত হওয়ায় এবং সেই কারণের স্থানে অন্য কারণ আসায়, সে প্রীতি আর থাকিবে না ॥১৫১॥

কিন্তু যে কারণে আমি তোমার প্রিয় হইয়াছিলাম, তৎকালে সে কারণ সমীচীনই হইয়াছিল; তবে বর্ত্তমান সময়ে ভোজনের জন্য অন্য যে কারণ উপস্থিত হইয়াছে, তাহাও আমি বুঝিতেছি ॥১৫২॥

(১৫১)···প্রশস্তে কারণস্থানে সা প্রীতির্বিনিবর্ত্ততে—বঙ্গ বৰ্দ্ধ।

কালো হেতুং বিকুরুতে স্বার্থস্তমনুবর্ত্ততে।
স্বার্থং প্রাজ্ঞোঽভিজানাতি প্রাজ্ঞং লোকোঽনুবর্ত্ততে।
ন ত্বীদৃশং ত্বয়া বাচ্যং বিদুষি স্বার্থপণ্ডিতে ॥১৫৩॥
অকালে হি সমর্থস্থ স্নেহহেতুরয়ং তব।
তস্মান্নাহং চলে স্বার্থাৎ সুস্থিরঃ সন্ধিবিগ্রহে ॥১৫৪॥
অভ্রাণামিব রূপাণি বিকুর্ব্বন্তি ক্ষণে ক্ষণে।
অদ্যৈব হি রিপুর্ভূত্বা পুনরদ্যৈব মে সুহৃৎ।
পুনশ্চ রিপুরদ্যৈব যুক্তীনাং পশ্য চাপলম্ ॥১৫৫॥
আসীন্মৈত্রী তু তাবন্নৌ যাবদ্ধেতুরভূৎ পুরা।
সা গতা সহ তেনৈব কালযুক্তেন হেতুনা ॥১৫৬॥
ত্বং হি মে জাতিতঃ শত্রুঃ সামর্থ্যান্মিত্রতাং গতঃ।
তৎকৃত্যমভিনির্ব্বর্ত্ত্য প্রকৃতিঃ শত্রুতাং গতা ॥১৫৭॥

ভারতকৌমুদী

কাল ইতি। বিকুরুতে অন্যথাকরোতি, তং হেতুম্। স্বার্থং পরকীয়োদ্দেশ্যম্। স্বার্থপণ্ডিতে স্বোদ্দেশ্যাভিজ্ঞে ময়ি। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫৩॥

অকাল ইতি। সমর্থস্থ মদাক্রমণে শক্তস্থ। চলে অস্থিরে ॥১৫৪॥

অভ্রাণামিতি। অভ্রাণাং মেঘানাম্, বিকুর্ব্বন্তি লোকানাং স্বভাবাঃ পরিবর্ত্তন্তে। যুক্তীনামবস্থানাম্, চাপলমস্থিরতাম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫৫॥

আসীদিতি। নৌ আবয়োঃ। সা মৈত্রী, গতা নষ্টা ॥১৫৬॥

কাল কারণকে অন্যরূপ করে, স্বার্থ সেই কারণের অনুসরণ করিয়া থাকে, বুদ্ধিমান্ লোক সেই স্বার্থ বুঝিতে পারেন, লোক সেই বুদ্ধিমানের অনুসরণ করে; সুতরাং আমি বিদ্বান্, তোমার স্বার্থ বুঝি; অতএব তুমি আমার নিকট এরূপ বলিও না ॥১৫৩॥

তুমি শক্তিশালী, তোমার এই সৌহার্দ্দ্যপ্রদর্শন অকালে হইতেছে; সুতরাং আমি স্বার্থবশতঃ চঞ্চল এই সন্ধিবিগ্রহে আর স্থিরসঙ্কল্প নহি ॥১৫৪॥

মেঘের রূপের ন্যায় লোকের স্বভাব ক্ষণে ক্ষণে বিকৃত হয় (তাহা দেখ—) তুমি অদ্যই শত্রু হইয়া, আবার অদ্যই আমার সুহৃৎ হইয়াছিলে, আবার অদ্যই শত্রু হইয়াছ; অতএব স্বভাবের অস্থিরতা দেখ ॥১৫৫॥

পূর্ব্বে যে পর্য্যন্ত কারণ ছিল, সেই পর্য্যন্তই আমাদের মিত্রতা ছিল; কিন্তু সেই কালযুক্ত কারণের সহিত সে মিত্রতা এখন গিয়াছে ॥১৫৬॥

সোঽহমেবং প্রণীতানি জ্ঞাত্বা শাস্ত্রাণি তত্ত্বতঃ।
প্রবিশেয়ং কথং পাশং ত্বৎকৃতে তদ্বদস্ব মে ॥১৫৮॥
ত্বদ্বীর্য্যেণ প্রমুক্তোঽহং মদ্বীর্য্যেণ তথা ভবান্।
অন্যোন্যানুগ্রহে বৃত্তে নাস্তি ভূয়ঃ সমাগমঃ ॥১৫৯॥
ত্বং হি সৌম্য! কৃতার্থোঽদ্য নির্বৃত্তার্থাস্তথা বয়ম্।
ন তেঽস্ত্যদ্য ময়া কৃত্যং কিঞ্চিদন্যত্র ভক্ষণাৎ ॥১৬০॥
অহমন্নং ভবান্ ভোক্তা দুর্ব্বলোঽহং ভবান্ বলী।
নাবয়োর্বিদ্যতে সন্ধির্বিযুক্তে বিষমে বলে ॥১৬১॥
স মন্যেঽহং তব প্রজ্ঞাং যন্মোক্ষাৎ প্রত্যনন্তরম্।
ভক্ষ্যং মৃগয়সে নূনং সুখোপায়েন কর্ম্মণা ॥১৬২॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সামর্থ্যাৎ প্রয়োজনাৎ। তৎকৃত্যং পরস্পরত্রাণম্, অভিনির্বর্ত্ত্য সর্ব্বথা নিষ্পাদ্য ॥১৫৭॥
স ইতি। প্রণীতানি শুক্রাদিভির্বিরচিতানি। পাশং পাশবন্তদ্গ্রহণবিষয়তাম্ ॥১৫৮॥
ত্বদিতি। বৃত্তে জাতে, নাস্তি মদ্বিপৎসম্ভাবনাৎ ॥১৫৯॥
ত্বমিতি। কৃতার্থঃ পাশান্মুক্তেঃ, নির্বৃত্তার্থা নিষ্পন্নপ্রয়োজনা ভয়ান্মুক্তেঃ। অন্যত্র অন্যৎ ॥১৬০॥
অহমিতি। অন্নম্ অন্নস্থানীয়ঃ খাদ্যঃ। বিযুক্তে বিশেষেণ মিলিতে, বিষমে অসমানে ॥১৬১॥
স ইতি। মন্যে বুধ্যে প্রজ্ঞাং বুদ্ধিম্, প্রত্যনন্তরং পরমেব। মৃগয়সে অন্বিষ্যসি ॥১৬২॥

তুমি আমার জাতিগত শত্রু, অথচ সে সময়ে প্রয়োজনবশতঃ মিত্র হইয়াছিলে। সেই মিত্রতার কার্য্য সম্পাদন করিয়া, তোমার প্রকৃতি এখন আবার শত্রুভাবে পরিণত হইয়াছে ॥১৫৭॥

সেই আমি যথাযথভাবে শুক্রাদিপ্রণীত এইরূপ নীতিশাস্ত্র সকল জানিয়া, তোমার জন্য কি প্রকারে পাশের ভিতরে প্রবেশ করিব, তাহা আমার নিকট বল ॥১৫৮॥

তোমার শক্তিতে আমি মুক্তিলাভ করিয়াছি, আবার আমার শক্তিতে তুমি মুক্তিলাভ করিয়াছ; এইরূপ পরস্পরের প্রতি পরস্পরের অনুগ্রহ চলিয়া গিয়াছে, এখন আর আমাদের সম্মেলন হইতে পারে না ॥১৫৯॥

সৌম্য মার্জার! এখন তোমার প্রয়োজন সিদ্ধ হইয়াছে, আমার প্রয়োজনও নিষ্পন্ন হইয়াছে; সুতরাং বর্ত্তমান সময়ে ভক্ষণ করা ভিন্ন আমাদ্বারা তোমার অন্য কোন কার্য্য হইতে পারে না ॥১৬০॥

আমি ভক্ষ্য, তুমি ভক্ষক এবং আমি দুর্ব্বল, তুমি বলবান্; এইরূপ অসমান শক্তি থাকা সত্ত্বে আমাদের সন্ধি হইতে পারে না ॥১৬১॥

ভক্ষ্যার্থং হ্যববদ্ধস্ত্বং স মুক্তঃ পীড়িতঃ ক্ষুধা।
শাস্ত্রজাং মতিমাস্থায় নূনং ভক্ষয়িতাদ্য মাম্ ॥১৬৩॥
জানামি ক্ষুধিতন্তু ত্বামাহারসময়শ্চ তে।
স ত্বং মামভিসন্ধায় ভক্ষ্যং মৃগয়সে পুনঃ ॥১৬৪॥
ত্বঞ্চাপি পুত্রদারস্থো যৎ সন্ধিং সৃজসে ময়ি।
শুশ্রূষাং যতসে কর্ত্তুং সখে! মম ন তৎক্ষমম্ ॥১৬৫॥
ত্বয়া মাং সহিতং দৃষ্ট্বা প্রিয়া ভার্য্যা সুতাশ্চ তে।
কস্মাত্তে মাং ন খাদেয়ুর্হৃষ্টাঃ প্রণয়িনস্ত্বয়ি ॥১৬৬॥
নাহং ত্বয়া সমেষ্যামি বৃত্তো হেতুঃ সমাগমে।
শিবং ধ্যায়স্ব মে স্বস্থং সুকৃতং স্মরসে যদি ॥১৬৭॥

ভারতকৌমুদী

ভক্ষ্যেতি। ভক্ষ্যার্থং খাদ্যমাংসগ্রহণার্থম্, অববদ্ধঃ পাশেন। শাস্ত্রজাং নীতিশাস্ত্রজনিতাম্ ॥১৬৩॥

জানামীতি। অভিসন্ধায় প্রতার্য্য। মৃগয়সে অন্বিষ্যসি ॥১৬৪॥

ত্বমিতি। সৃজসে স্রষ্টুং কর্ত্তুমিচ্ছসি। ক্ষমমুচিতম্ ॥১৬৫॥

ত্বয়েতি। ত্বয়া সহিতং মাং দৃষ্ট্বেতি সম্বন্ধঃ। ত্বয়ি প্রণয়িন ইত্যনেন ত্বং তান্ ন বারয়িষ্যসীতি সূচিতম্ ॥১৬৬॥

আমি তোমার মনের ভাব বুঝিতে পারিয়াছি যে, তুমি মুক্তিলাভের পরে নিশ্চয়ই অনায়াসে খাদ্যের অন্বেষণ করিতেছ ॥১৬২॥

তুমি খাদ্যের জন্যই যাইয়া পাশে বদ্ধ হইয়াছিলে, এখন মুক্তিলাভ করিয়া ক্ষুধার পীড়া অনুভব করিতেছ, তাই তুমি নীতিশাস্ত্রের বুদ্ধি অবলম্বন করিয়া নিশ্চয়ই অদ্য আমাকে ভক্ষণ করিবে ॥১৬৩॥

তুমি যে ক্ষুধার্ত্ত হইয়াছ, ইহা আমি জানি এবং এইটাই যে তোমার আহারের সময়, ইহাও বুঝি; সুতরাং তুমি প্রতারণা করিয়া খাদ্যরূপে আমাকে চাহিতেছ ॥১৬৪॥

সখে মার্জার! তুমিও পুত্রকলত্রের সহিত বাস করিতেছ; তথাপি আমার সহিত যে সন্ধি করিবার ইচ্ছা করিতেছ এবং আমার পরিচর্য্যা করিবার অভিলাষ জানাইতেছ, তাহার কোনটাই সঙ্গত নহে ॥১৬৫॥

তা'র পর, তোমার প্রিয়তমা ভার্য্যা ও প্রিয়তম পুত্রগণ তোমার সহিত আমাকে দেখিয়া আনন্দিত হইবে এবং তোমার প্রণয়ের পাত্র বলিয়া তাহারা কেন আমাকে ভক্ষণ করিবে না? ॥১৬৬॥

শত্রোরনার্য্যভূতস্য ক্লিষ্টস্য ক্ষুধিতস্য চ।
ভক্ষ্যং মৃগয়মাণস্য কঃ প্রাজ্ঞো বিষয়ং ব্রজেৎ ॥১৬৮॥
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি দূরাদপি তবোদ্বিজে।
বিশ্বস্তং বা প্রমত্তং বা এতদেব কৃতং ভবেৎ ॥১৬৯॥
নাহং ত্বয়া সমেষ্যামি নিবৃত্তো ভব লোমশ!।
বলবৎসন্নিকর্ষো হি ন কদাচিৎ প্রশস্যতে ॥১৭০॥
যদি ত্বং সুকৃতং বেৎসি তৎসখ্যমনুসারয়।
প্রশান্তাদপি মে পাপাদ্ভেতব্যং বলিনঃ সদা ॥১৭১॥

ভারতকৌমুদী

নেতি। ত্বয়া সহ অহং ন সমেষ্যামি সম্মিলিতো ন ভবিষ্যামি। যেন হি সমাগমে আবয়োঃ সম্মেলনে হেতুঃ বৃত্তঃ অতীতঃ। যদি মে সুকৃতমুপকারম্, স্মরসে, তর্হি স্বস্থঃ স্বস্থানস্থ এব ত্বং মে, শিবং মঙ্গলম্, ধ্যায়স্ব চিন্তয় ॥১৬৭॥

মৎসান্নিধ্যমসম্ভবমেবেত্যাহ শত্রোরিতি। অনার্য্যভূতস্য অসজ্জনস্য, মৃগয়মাণস্য অন্বিষ্যতঃ, বিষয়ং সান্নিধ্যেনাক্রমণগোচরতাম্ ॥১৬৮॥

স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্, গমিষ্যামি গর্ত্তস্য তলদেশম্। তত্র হেতুমাহ দূরাদিতি। বিশ্বস্তং ত্বয়ি বিশ্বাসযুক্তং বা, প্রমত্তম্ অনবধানতাযুক্তং বা, ময়ৈতদপসরণং ভবত্বিতি শেষঃ। তথাপি এতদপসরণমেব কৃতং কালোচিতং কার্য্যং ভবেৎ। উদ্বেগাদেবেতি ভাবঃ ॥১৬৯॥

নেতি। সমেষ্যামি সম্মিলিতো ভবিষ্যামি, নিবৃত্তো ভব সম্মেলনাগ্রহপ্রকাশাৎ। উক্তার্থে হেতুমাহ বলবদিতি। বলবতঃ সন্নিকর্ষঃ সন্নিধানম্ ॥১৭০॥

আমাদের সম্মেলনের হেতু চলিয়া গিয়াছে; সুতরাং আমি আর তোমার সহিত মিলিত হইব না। তুমি যদি আমার উপকার স্মরণ কর, তবে স্বস্থানে থাকিয়াই আমার মঙ্গল চিন্তা কর ॥১৬৭॥

কারণ, অসৎ, ক্লিষ্ট ও ক্ষুধার্ত্ত শত্রু খাদ্য অন্বেষণ করিতে থাকিলে, কোন্ বুদ্ধিমান্ লোক তাহার নিকটে যায়? ॥১৬৮॥

তোমার মঙ্গল হউক, আমি যাই। কেন না, আমি দূর হইতেও তোমার ভয় করিতেছি। আমার এই অপসরণ বিশ্বাসকৃতই হউক বা অনবধানতাকৃতই হউক, ইহাই এখন আমার কর্ত্তব্য ॥১৬৯॥

লোমশ! আমি তোমার সহিত মিলিত হইব না; সুতরাং তুমি সম্মেলনের আগ্রহপ্রকাশে নিবৃত্ত হও। কারণ, মনস্বীরা বলবানের নিকটে যাওয়ার কখনও প্রশংসা করে না ॥১৭০॥

(১৬৯) ইতঃ পরং 'লোমশ উবাচ' পি বঙ্গ বর্দ্ধ।

যদি স্বার্থং ন তে কার্য্যং ব্রূহি কিং করবাণি তে।
কামং সর্ব্বং প্রদাস্যামি ন ত্বাত্মানং কদাচন ॥১৭২॥
আত্মার্থে সন্ততিস্ত্যাজ্যা রাজ্যং রত্নং ধনানি চ।
অপি সর্ব্বস্বমুৎসৃজ্য রক্ষেদাত্মানমাত্মনা ॥১৭৩॥
ঐশ্বর্য্যধনরত্নানাং প্রত্যমিত্রে নিবর্ত্ততাম্।
দৃষ্টা হি পুনরাবৃত্তির্জীবতামিতি নঃ শ্রুতম্ ॥১৭৪॥
ন ত্বাত্মনঃ সম্প্রদানং ধনরত্নবদিষ্যতে।
আত্মা হি সর্ব্বদা রক্ষ্যো দারৈরপি ধনৈরপি ॥১৭৫॥

ভারতকৌমুদী

যদীতি। সুকৃতমদুপকৃতম্, বেৎসি স্মরসি, অনুসারয় শুভানুধ্যানেনানুসর। প্রশান্তাদপি নিবৃত্তক্রোধাদপি, বলিনঃ পাপাৎ হিংস্রাৎ ত্বত্তো মে ভেতব্যম্ ॥১৭১॥

যদীতি। স্বার্থং ভক্ষণার্থকম্। কামং যথেষ্টম্ ॥১৭২॥

প্রিয়েম্বাত্মানঃ প্রাধান্যমাহ আত্মেতি। সন্ততিঃ পুত্রাদ্যপত্যম্। সর্ব্বস্বং সর্ব্বং স্বত্বাস্পদীভূতং বস্তু ॥১৭৩॥

ঐশ্বর্য্যেতি। প্রত্যমিত্রে শত্রৌ, নিবর্ত্ততাং নিবর্ত্তমানাম্, শত্রুভির্ব্বলাদ্‌গৃহীতানামিত্যর্থঃ, ঐশ্বর্য্যধনরত্নানাং পুনরাবৃত্তির্জীবতাং লোকৈর্দৃষ্টা ইতি নঃ শ্রুতমাস্তে। অতো জীবনরক্ষণং সর্ব্বথা কর্ত্তব্যমিতি ভাবঃ ॥১৭৪॥

নেতি। সম্প্রদানং কুত্রাপার্পণম্ ॥১৭৫॥

তুমি যদি বস্তুতই আমার উপকার স্মরণ কর, তবে চিরকাল আমাদের সেই সখিত্বের অনুসরণ করিও; কিন্তু পাপিষ্ঠ ও বলবান্ ক্রোধশূন্য হইলেও তাহার ভয় করা আমার উচিত ॥১৭১॥

আমাকে ভক্ষণ করাই যদি তোমার কার্য্য না হয়, তাহা হইলে বল, আমি তোমার কি করিব। আমি ইচ্ছানুসারে সমস্তই দিব; কিন্তু কখনও আপনাকে দিব না ॥১৭২॥

আপনার জন্য সন্তান, রাজ্য, রত্ন ও ধন ত্যাগ করা যাইতে পারে; এমন কি সর্ব্বস্ব পরিত্যাগ করিয়াও নিজে নিজেকে রক্ষা করিবে ॥১৭৩॥

আমরা শুনিয়াছি যে—শত্রু নিজের প্রভুত্ব, ধন ও রত্নপ্রভৃতি বলপূর্ব্বক হরণ করিলেও, জীবিত ব্যক্তির সে সমস্তই পুনরায় ফিরিয়া আসিয়াছে, ইহা অনেকে দেখিয়াছে ॥১৭৪॥

কিন্তু ধন ও রত্নপ্রভৃতির ন্যায় আত্মার দান কেহই ইচ্ছা করে না; সুতরাং ভার্য্যা ও ধনপ্রভৃতি দান করিয়াও সর্ব্বদাই আত্মরক্ষা করিবে ॥১৭৫॥

আত্মরক্ষণতন্ত্রাণাং সুপরীক্ষিতকারিণাম্ ।
আপদো নোপপদ্যন্তে পুরুষাণাং স্বদোষজাঃ ॥১৭৬॥
শত্রুঃ সম্যগবিজ্ঞাতো বিপ্রিয়ো হ্যবলীয়সা ।
শঙ্কনীয়ঃ স সর্ব্বত্র প্রিয়মপ্যাচরন্ সদা ॥১৭৭॥
কুলজানাং সুমিত্রাণাং ধার্ম্মিকাণাং মহাত্মনাম্ ।
ন তেষাং চাল্যতে বুদ্ধিঃ শাস্ত্রার্থকৃতনিশ্চয়া ॥১৭৮॥
ইত্যভিব্যক্তমেবং স পলিতেনাভিভৎ'সিতঃ ।
মার্জারো ব্রীড়িতো ভূত্বা মূষিকং বাক্যমব্রবীৎ ॥১৭৯॥
সত্যং শপে ত্বয়াহং বৈ মিত্রদ্রোহো বিগর্হিতঃ ।
তন্মন্যেহহং তব প্রজ্ঞাং যস্ত্বং মম হিতে রতঃ ॥১৮০॥

ভারতকৌমুদী

আত্মেতি। আত্মরক্ষণমেব তন্ত্রং প্রধানং যেষাং তেষাম্, সুপরীক্ষিতং যথা স্যাত্তথা কুর্ব্বন্তীতি তেষাম্। নোপপদ্যন্তে নাগচ্ছন্তি ॥১৭৬॥

শত্রুরিতি। অবিজ্ঞাতো ধর্ম্মাধর্ম্মবত্তয়া অনবগতঃ ॥১৭৭॥

কুলজানামিতি। শাস্ত্রার্থেন শাস্ত্রার্থবোধেন কৃতো নিশ্চয়ঃ কর্ত্তব্যনির্ণয়ো যয়া সা, তেন চ অশাস্ত্রার্থকৃতনিশ্চয়া তে বুদ্ধির্দুরভিসন্ধিনা চাল্যত এবেত্যাশয়ঃ ॥১৭৮॥

ইতীতি। অভিব্যক্তং সর্ব্বথা স্পষ্টম্, পলিতেন তদাখ্যেন মূষিকেণ ॥১৭৯॥

সত্যমিতি। প্রজ্ঞাং বুদ্ধিং সমীচীনামিতি শেষঃ ॥১৮০॥

যাহারা সর্ব্বপ্রকারে আত্মরক্ষা করে এবং বিশেষ পরীক্ষা করিয়া কার্য্য করে, সেই লোকদিগের আপন দোষজাত আপৎ সকল উপস্থিত হয় না ॥১৭৬॥

যে শত্রু চিরদিন অপ্রিয়াচরণ করিয়া আসিতেছে; অথ চ সে ধার্ম্মিক কি অধার্ম্মিক—ইহা সমীচীনভাবে জানা যায় নাই, সেই শত্রু কোন সময়ে প্রিয় আচরণ করিলেও তাহাকে দুর্ব্বলের আশঙ্কা করিতেই হইবে ॥১৭৭॥

যাঁহারা সৎকুলজাত, বহুমিত্রসম্পন্ন, ধার্ম্মিক ও মহাত্মা এবং যাঁহারা শাস্ত্রার্থজ্ঞানের প্রভাবে আপন বুদ্ধিকে পরিমার্জিত করিতে পারিয়াছেন, তাঁহাদের বুদ্ধি দুরভিসন্ধির দিকে যায় না' ॥১৭৮॥

পলিতনামক মূষিক এইভাবে সুস্পষ্ট তিরস্কার করিলে, মার্জার লজ্জিত হইয়া মূষিককে এই কথা বলিল—॥১৭৯॥

(১৭৭) অত্র পুস্তকভেদে এব পাঠভেদঃ।

(১৭৯) ইতঃ পরং 'লোমশ উবাচ' পি বঙ্গ বৰ্দ্ধ।

উক্তবানর্থতত্ত্বেন ময়া সংভিন্নদর্শনঃ।
ন তু মামন্যথা সাধো! ত্বং গ্রহীতুমিহার্হসি ॥১৮১॥
প্রাণপ্রদানজং ত্বত্তো ময়ি সৌহৃদমাগতম্।
ধর্ম্মজ্ঞোঽসি গুণজ্ঞোঽসি কৃতজ্ঞোঽস্মি বিশেষতঃ ॥১৮২॥
মিত্রেষু বৎসলশ্চাস্মি ত্বদ্‌ভক্তশ্চ বিশেষতঃ।
তস্মাদেবং পুনঃ সাধো! ময়া চরিতুমর্হসি ॥১৮৩॥
ত্বয়া হি বাচ্যমানোঽহং জহ্যাং প্রাণান্ সবান্ধবঃ।
বিশ্রম্ভো হি বুধৈর্দৃষ্টো মদ্বিধেষু মনস্বিষু।
পতনং ধর্ম্মতত্ত্বজ্ঞ! ন মে শঙ্কিতুমর্হসি ॥১৮৪॥

ভারতকৌমুদী

উক্তবানিতি। ময়া, সংভিন্নং সংমিশ্রিতং দর্শনং যস্য স তাদৃশস্ত্বম্, অর্থতত্ত্বেন বিষয়যাথার্থ্যে-নৈব উক্তবান্। কিন্তু হে সাধো! ত্বং মাম্, অন্যথা শত্রুভাবেন, গ্রহীতুং বোদ্ধুং নার্হসি ॥১৮১॥

কুত ইত্যাহ প্রাণেতি। প্রাণপ্রদানাৎ জায়ত ইতি তৎ ॥১৮২॥

মিত্রেষ্বিতি। ত্বদ্‌ভক্তশ্চ ত্বয়া প্রাণদানাদিত্যাশয়ঃ ॥১৮৩॥

ত্বয়েতি। বাচ্যমানো নিন্দ্যমানঃ, জহ্যাং ত্যজেয়ম্। বিশ্রম্ভো বিশ্বাসঃ। পতনং মিত্রদ্রোহেণ পাতিত্যম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮৪॥

'সখে মূষিক! আমি তোমাদ্বারা সত্য শপথ করিতেছি যে, মিত্রদ্রোহ অত্যন্ত গর্হিত; সে যাহা হউক, আমি তোমার বুদ্ধিকে সমীচীন বলিয়া মনে করিতেছি, যে তুমি আমার হিতসাধনে নিরত রহিয়াছ ॥১৮০॥

সাধু মূষিক! আমি তোমার দর্শন পাইয়াছি, তুমিও সমস্ত কথাই যথার্থ বলিয়াছ; কিন্তু তুমি আমার উপরে অন্যরূপ ধারণা করিতে পার না ॥১৮১॥

কারণ, তুমি আমার প্রাণদান করায় আমাদের সৌহার্দ্দ্য জন্মিয়াছে, আমি ধর্ম্মজ্ঞ, গুণজ্ঞ এবং বিশেষতঃ কৃতজ্ঞ ॥১৮২॥

আমি মিত্রবৎসলও বটি, বিশেষতঃ তোমার ভক্তও বটি; অতএব সাধু! তুমি পুনরায় আমার সহিত বিচরণ করিতে পার ॥১৮৩॥

তুমি নিন্দা করিতে থাকিলে, আমি বন্ধুবর্গের সহিত প্রাণত্যাগই করিব; তা'র-পর দেখা গিয়াছে যে, আমার মত মনস্বিগণের উপরে বুদ্ধিমান্ লোকেরা বিশ্বাসই করিয়া থাকেন; অতএব হে ধর্ম্মতত্ত্বজ্ঞ! তুমি আমার পাতিত্যের আশঙ্কা করিতে পার না' ॥১৮৪॥

(১৮৪) যদেতদ্ধর্ম্মতত্ত্বজ্ঞ!—পি বঙ্গ বৰ্দ্ধ।

ইতি সংস্তূয়মানোঽপি মার্জ্জারেণ স মূষিকঃ।
মনসা ভাবগম্ভীরং মার্জ্জারং বাক্যমব্রবীৎ ॥১৮৫॥
সাধুর্ভবান্ শ্রুতার্থোঽস্মি প্রিয়ে চ ন চ বিশ্বসে।
সংস্তবৈর্ব্বা ধনৌঘৈর্ব্বা নাহং শক্যঃ পুনস্ত্বয়া ॥১৮৬॥
ন হ্যমিত্রে বশং যান্তি প্রাজ্ঞা নিষ্কারণং সখে!।
অস্মিন্নর্থে চ গাথে দ্বে নিবোধোশনসা কৃতে ॥১৮৭॥
শত্রুসাধারণে কৃত্যে কৃত্বা সন্ধিং বলীয়সা।
সমাহিতশ্চরেদ্‌যুক্ত্যা কৃতার্থশ্চ ন বিশ্বসেৎ ॥১৮৮॥
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তেনাতিবিশ্বসেৎ।
নিত্যং বিশ্বাসয়েদন্যান্ পরেষান্তু ন বিশ্বসেৎ ॥১৮৯॥

ভারতকৌমুদী

ইতীতি। সংস্তূয়মানঃ প্রশস্যমানঃ। ভাবোঽভিপ্রায়ঃ গম্ভীরো দুরবগাহো দুর্বোধো যস্য তম্ ॥১৮৫॥

সাধুরিতি। ভবান্ সাধুরিতি শ্রুতার্থোঽস্মি ভবন্মুখাদেব শ্রুতবিষয়োঽস্মি, প্রিয়ে মাং প্রতি ত্বয়া প্রিয়াচরণে। সংস্তবৈঃ প্রশংসাভিঃ, শক্য আয়ত্তীকর্ত্তুমিতি শেষঃ ॥১৮৬॥

নেতি। গাথে গানযোগ্যে বচনে, নিবোধ শৃণু, উশনসা শুক্রেণ ॥১৮৭॥

শত্রি তি। লোকঃ, শত্রুসাধারণে শত্রুকৃত্যসমানে, কৃত্যে কার্য্যে, বলীয়সা তেন শত্রুণা সহ, সন্ধিং কৃত্বা, সমাহিত একাগ্রচিত্তঃ সন্, যুক্ত্যা আত্মরক্ষোপায়েন চরেৎ বর্ত্তেত, কৃতার্থশ্চ কৃতকৃত্যশ্চ তস্মিন্ শত্রৌ, ন বিশ্বসেৎ ॥১৮৮॥

নেতি। । নিত্যম্ অন্যান্ জনান্ আত্মনি বিশ্বাসয়েৎ, অপরিচিতানাং পরেষামুপরি তু স্বয়ং ন বিশ্বসেৎ ॥১৮৯॥

মার্জার এইভাবে প্রশংসা করিতে লাগিলেও মূষিক দুর্ব্বোধাভিপ্রায়যুক্ত মার্জারকে এই কথা বলিল—॥১৮৫॥

'নিশ্চয়ই তুমি ভাল লোক, ইহা আমি শুনিলাম; কিন্তু তুমি যে প্রিয় আচরণ করিবে, ইহা আমি বিশ্বাস করি না; অতএব তুমি আমার প্রশংসাই কর বা প্রচুর ধনই দাও, পুনরায় আমার সহিত মিলিত হইতে পারিবে না ॥১৮৬॥

সখে-মার্জার! বুদ্ধিমান্ লোকেরা বিনাকারণে শত্রুর বশীভূত হন না। এই বিষয়ে শুক্রাচার্য্যকৃত দুইটী বাক্য শ্রবণ কর—॥১৮৭॥

'নিজের কার্য্য ও শত্রুর কার্য্য সমান হইলে; দুর্ব্বল লোক প্রবল লোকের সহিত সন্ধি করিয়া, সর্ব্বদা সতর্ক থাকিয়া, আত্মরক্ষার উপায় অবলম্বনপূর্ব্বক চলিতে থাকিবে এবং কৃতকার্য্য হইয়া আর সে প্রবল শত্রুর উপরে বিশ্বাস করিবে না ॥১৮৮॥

তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু রক্ষেজ্জীবিতমাত্মনঃ।
দ্রব্যাণি সন্ততিশ্চৈব সর্ব্বং ভবতি জীবতঃ ॥১৯০॥
সংক্ষেপো নীতিশাস্ত্রাণামবিশ্বাসঃ পরো মতঃ।
নৃষু তস্মাদবিশ্বাসঃ পুষ্কলং হিতমাত্মনঃ ॥১৯১॥
বধ্যন্তে ন হ্যবিশ্বস্তাঃ শত্রুভির্দুর্ব্বলা অপি।
বিশ্বাসাত্ত্বাশু বধ্যন্তে বলবন্তোঽপি দুর্ব্বলৈঃ ॥১৯২॥
ত্বদ্বিধেভ্যো ময়া হ্যাত্মা রক্ষ্যো মার্জার ! সর্ব্বদা।
রক্ষ ত্বমপি চাত্মানং চাণ্ডালাজ্জাতিকিল্বিষাৎ ॥১৯৩॥
স তস্য ব্রুবতস্ত্বেবং সন্ত্রাসাজ্জাতসাধ্বসঃ।
শাখাং হিত্বা জবেনাশু মার্জারঃ প্রযযৌ ততঃ ॥১৯৪॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। তস্মাৎ শুক্রোক্তের্যুক্তিযুক্তত্বাৎ। জীবনরক্ষায়াঃ ফলমাহ দ্রব্যাণীতি ॥১৯০॥

সংক্ষেপ ইতি। সর্ব্বেষামেব নীতিশাস্ত্রাণাং সংক্ষেপ এষ সংক্ষিপ্তার্থঃ। যৎ, সর্ব্বত্রৈব অবিশ্বাসঃ পরঃ শ্রেষ্ঠ উপকারী মতঃ। পুষ্কলং প্রচুরম্ ॥১৯১॥

বধ্যন্ত ইতি। ন বধ্যন্তে হন্তুং ন শক্যন্তে, অবিশ্বাসেনাত্মরক্ষায়াং সাবধানত্বাৎ। বধ্যন্তে বিশ্বাসেনাত্মরক্ষায়ামসাবধানত্বাৎ ॥১৯২॥

ত্বদিতি। জাত্যৈব কিল্বিষঃ পাপস্তস্মাৎ ॥১৯৩॥

স ইতি। সন্ত্রাসাদেবং ব্রুবত ইতি সম্বন্ধঃ, জাতসাধ্বসশ্চাণ্ডালাজ্জাতভয়ঃ ॥১৯৪॥

অবিশ্বাসী লোকের উপরে বিশ্বাস করিবে না, বিশ্বাসী লোকের উপরেও অত্যন্ত বিশ্বাস করিবে না, নিজের উপরে সর্ব্বদা সকলের বিশ্বাস জন্মাইতে থাকিবে এবং অপরিচিত পরের উপরে বিশ্বাস করিবে না' ॥১৮৯॥

অতএব সমস্ত অবস্থাতেই নিজের জীবন রক্ষা করিবে। কেন না, জীবিত থাকিলে ধন ও সন্তানপ্রভৃতি সমস্ত বস্তুই পুনরায় হইয়া থাকে ॥১৯০॥

সমস্ত নীতিশাস্ত্রেরই ইহা সংক্ষিপ্ত অর্থ যে—সর্ব্বত্র অবিশ্বাস করাই উত্তম নীতি; অতএব মানুষের উপরে অবিশ্বাস করা নিজের পক্ষে প্রচুর হিতজনক ॥১৯১॥

অবিশ্বাসকারী দুর্বলদিগকেও শত্রুরা বধ করিতে পারে না; আর বিশ্বাসকারী প্রবল লোকদিগকেও দুর্বলেরা শীঘ্রই বধ করিতে পারে ॥১৯২॥

অতএব মার্জার ! তোমার ন্যায় প্রাণী হইতে সর্বদাই আমার আত্মরক্ষা করিতে হইবে এবং তুমিও পাপজাতি চাণ্ডাল হইতে আত্মরক্ষা কর' ॥১৯৩॥

(১৯৩)···বিশ্বস্তাস্তেষু বধ্যন্তে—বঙ্গ বর্দ্ধ নি।

ততঃ শাস্ত্রার্থতত্ত্বজ্ঞো বুদ্ধিসামর্থ্যমাত্মনঃ।
বিশ্রাব্য পলিতঃ প্রাজ্ঞো বিলমন্যজ্জগাম হ ॥১৯৫॥
এবং প্রজ্ঞাবতা বুদ্ধ্যা দুর্ব্বলেন মহাবলাঃ।
একেন বহবোঽমিত্রাঃ পলিতেনাভিসন্ধিতাঃ ॥১৯৬॥
অরিণাপি সমর্থেন সন্ধিং কুর্ব্বীত পণ্ডিতঃ।
মূষিকশ্চ বিড়ালশ্চ মুক্তাবন্যোন্যসংশ্রয়াৎ ॥১৯৭॥
ইত্যেবং ক্ষত্রধর্ম্মস্য ময়া মার্গো নিদর্শিতঃ।
বিস্তরেণ মহারাজ! সংক্ষেপমপি মে শৃণু ॥১৯৮॥
অন্যোন্যং কৃতবৈরৌ তু চক্রতুঃ প্রীতিমুত্তমাম্।
অন্যোন্যমভিসন্ধাতুং সংবভূব তয়োর্মতিঃ ॥১৯৯॥
তত্র প্রাজ্ঞোঽভিসন্ধত্তে সম্যগ্ বুদ্ধিবলাশ্রয়াৎ।
অভিসন্ধীয়তে প্রাজ্ঞঃ প্রমাদাদপি বা বুধৈঃ ॥২০০॥

ভারতকৌমুদী

তত ইতি। বিশ্রাব্য মার্জারমিতি শেষঃ, পলিতো নাম মূষিকঃ, বিলং গর্ত্তম্ ॥১৯৫॥

এবমিতি। প্রজ্ঞাবতা বুদ্ধিমতা। অমিত্রাঃ শত্রবঃ, অভিসন্ধিতা বঞ্চিতাঃ ॥১৯৬॥

অরিণেতি। সমর্থেন শক্তিমতা। মুক্তৌ ভয়াৎ পাশাচ্চ ॥১৯৭॥

ইতীতি। মার্গো নীতিপথঃ ॥১৯৮॥

অন্যোন্যমিতি। কৃতবৈরৌ মার্জারমূষিকৌ। অভিসন্ধাতুং প্রতারয়িতুম্ ॥১৯৯॥

মূষিক ভয়বশতঃ এইরূপ বলিতে লাগিলে, মার্জারের চাণ্ডাল হইতে ভয় জন্মিল; সুতরাং মার্জার সেই শাখা পরিত্যাগ করিয়া, বেগে সেস্থান হইতে চলিয়া গেল ॥১৯৪॥

তাহার পর বুদ্ধিমান্ ও শাস্ত্রার্থতত্ত্বজ্ঞ মূষিক নিজের বুদ্ধির শক্তি মার্জ্জারকে শুনাইয়া, অন্য গর্ত্তে চলিয়া গেল ॥১৯৫॥

দুর্বল অথচ বুদ্ধিমান্ একমাত্র মূষিক এইভাবে নিজের বুদ্ধির বলে বহুতর শত্রুকে প্রতারিত করিয়াছিল ॥১৯৬॥

অতএব যুধিষ্ঠির! বুদ্ধিমান্ লোক শক্তিশালী শত্রুর সহিতও সন্ধি করিবেন। দেখ—মূষিক ও বিড়াল পরস্পর সন্ধি করার গুণে মুক্তিলাভ করিয়াছিল ॥১৯৭॥

মহারাজ যুধিষ্ঠির! আমি এইরূপ বিস্তরক্রমে তোমাকে ক্ষত্রিয়ধর্ম্মের পথ দেখাইলাম। এখন আমার নিকট ইহার সংক্ষেপও শ্রবণ কর ॥১৯৮॥

পরস্পর শত্রুতাসম্পন্ন মার্জার ও মূষিক পরস্পর পরমপ্রণয় করিয়াছিল; আবার পরস্পর প্রতারণা করিবার জন্যও তাহাদের ইচ্ছা হইয়াছিল ॥১৯৯॥

তস্মাদভীতবদ্ভীতো বিশ্বস্তবদবিশ্বসন্।
নহ্যপ্রমত্তশ্চলতি চলিতো বাপি নশ্যতি ॥২০ ॥
কালে হি রিপুণা সন্ধিঃ কালে মিত্রেণ বিগ্রহঃ।
কার্য্য ইত্যেব তত্ত্বজ্ঞাঃ প্রাহুর্নিত্যং নরাধিপ ! ॥২ ২॥
এতজ্ জ্ঞাত্বা মহারাজ ! শাস্ত্রার্থমভিগম্য চ।
অভিযুক্তোঽপ্রমত্তশ্চ প্রাগ্ ভয়াদ্ভীতবচ্চরেৎ ॥২০৩॥
ভীতবৎ সন্নিধিঃ কার্য্যঃ প্রতিসন্ধিস্তথৈব চ।
ভয়াদুৎপদ্যতে বুদ্ধিরপ্রমত্তাভিযোগজা ॥২০৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। অভিসন্ধত্তে প্রতারয়তি। অভিসন্ধীয়তে প্রতার্য্যতে, প্রমাদাৎ অনবধানত্বাৎ ॥২০০॥

তস্মাদিতি। অপ্রমত্তঃ সাবধানঃ চলতি, তথা চলিতো বা নহি নশ্যতীতি সম্বন্ধঃ ॥২০১॥

কাল ইতি। রিপুণা সহ। এবমন্যত্র। তত্ত্বজ্ঞা নীতিমর্ম্মজ্ঞাঃ ॥২০২॥

এতদিতি। অভিযুক্তঃ সর্ব্বতো মনোযোগী, অপ্রমত্তঃ সাবধানশ্চ সন্, ভয়াদ্ভয়াগমাৎ প্রাক্ ॥২০৩॥

ভীতবদিতি। ভীতাৎ ভীতেনেব, প্রবলস্য শত্রোঃ সন্নিধিঃ কার্য্যঃ, তথা প্রতিসন্ধিঃ প্রতিপক্ষভাবেন সন্ধিঃ কার্য্যঃ। তৎফলমাহ ভয়াদিতি। অপ্রমত্তস্য সাবধানস্য, অভিযোগজা উপায়জাতা ॥২০৪॥

তাহার মধ্যে বুদ্ধিমান্ লোক নিজের প্রখর বুদ্ধির গুণে অন্যকে প্রতারিত করেন; আবার বুদ্ধিমান্ লোক অসাবধান হইলে, তাঁহাকেও অন্য বুদ্ধিমান্ লোক প্রতারিত করিতে পারেন ॥২০০॥

অতএব মানুষ ভীত হইয়াও নির্ভয়ের ন্যায় এবং বিশ্বাস না করিয়াও বিশ্বাসকারীর ন্যায় সাবধান হইয়া চলিবে এবং সেইভাবে চলিতে থাকিয়া সে কখনও বিনষ্ট হইবে না ॥২০১॥

রজা! প্রাজ্ঞেরা সর্ব্বদাই বলিয়া থাকেন যে, সময়ানুসারে শত্রুর সহিতও সন্ধি করিবে, আবার সময়ানুসারে মিত্রের সহিতও বিগ্রহ করিতে হইবে ॥২০২॥

মহারাজ! ইহা জানিয়া এবং শাস্ত্রার্থ বুঝিয়া মনোযোগী ও সাবধান হইয়া, ভয় আসিবার পূর্ব্বে ভীতের ন্যায় আচরণ করিবে ॥২০৩॥

প্রবল শত্রুর নিকটে ভীতের ন্যায় উপস্থিত হইবে এবং তাহার সহিত সন্ধি করিবে। কেন না, ভয় হইতেই বুদ্ধি উৎপন্ন হয় এবং সে বুদ্ধি সাবধান লোকের নানা উপায়ে জন্মিয়া থাকে ॥২০৪॥

(২০২) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

ন ভয়ং জায়তে রাজন্! ভীতস্যানাগতে ভয়ে।
অভীতস্য চ বিশ্রম্ভাৎ সুমহজ্জায়তে ভয়ম্ ॥২০৫॥
ন ভীরুরিতি চাত্যন্তং মন্ত্রো দেয়ঃ কথঞ্চন।
অবিজ্ঞানাদ্ধি বিজ্ঞানে গচ্ছেদাস্পদদর্শনম্ ॥২০৬॥
তস্মাদভীতবদ্ভীতো বিশ্বস্তবদবিশ্বসন্।
কার্য্যাণাং গুরুতাং জ্ঞাত্বা নানৃতং কিঞ্চিদাচরেৎ ॥২০৭॥
এবমেতন্ময়া প্রোক্তমিতিহাসং যুধিষ্ঠির!।
শ্রুত্বা ত্বং সুহৃদাং মধ্যে যথাবৎ সমুপাচর ॥২০৮॥
উপলভ্য মতিং চাগ্র্যামরিমিত্রান্তরং তথা।
সন্ধিবিগ্রহকালৌ চ মোক্ষোপায়ং তথাপদি ॥২০৯॥
শত্রুসাধারণে কৃত্যে কৃত্বা সন্ধিং বলীয়সা।
সমাগতশ্চরেদ্বুদ্ধ্যা কৃতার্থো ন চ বিশ্বসেৎ ॥২১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। ভয়ে অনাগতেঽপি তৎসম্ভাবনয়া ভীতস্য জনস্য ভয়ং ন জায়তে। কিন্তু বিশ্রম্ভাৎ ভয়ং ন ভবেদিতি বিশ্বাসাৎ, অভীতস্য জনস্য সুমহদেব ভয়ং জায়তে ॥২০৫॥

পক্ষান্তরমাহ নেতি। কিঞ্চ 'ত্বং ভীরুর্ভব' ইতি মন্ত্রোঽপি কথঞ্চন নিযোজ্যায় অত্যন্তং ন দেয়ঃ। হি যস্মাৎ, ভয়স্য অবিজ্ঞানাৎ ভয়স্য বিজ্ঞানে সতি, আস্পদদর্শনম্ আশ্রয়সাক্ষাৎকারম্, লোকো গচ্ছেৎ। তথা চ—ন ভীরুর্ভব ইত্যনেন ভয়সম্ভাবনাং সূচয়েদিতি ভাবঃ ॥২০৬॥

তস্মাদিতি। কিঞ্চিদনৃতং মিথ্যা নাচরেৎ ধর্ম্মলোপভয়াৎ ॥২০৭॥

এবমিতি। সমুপাচর সর্ব্বং ব্যবহর ॥২০৮॥

রাজা! যে লোক ভয় আসিবার পূর্বেই ভীত হয় তাহার ভয় হয় না; আর যে লোক ভয় আসিবে না—এই বিশ্বাসে ভীত হয় না, তাহারই গুরুতর ভয় উপস্থিত হয় ॥২০৫॥

ভয় আসিতে লাগিলে 'তুমি ভীত হইও না' এইরূপ পরামর্শ কোন প্রকারেই দিবে না। কারণ, ভয় না জানা অপেক্ষা, জানিতে পারিলে মানুষ আশ্রয়ের সাক্ষাৎকার লাভ করে ॥২০৬॥

অতএব ধার্ম্মিক লোক ভীত হইয়াও নির্ভয়ের ন্যায় এবং বিশ্বাস না করিয়াও বিশ্বাসকারীর ন্যায় চলিতে থাকিয়া এবং কার্য্যের গুরুত্ব বুঝিয়াও কোন মিথ্যা আচরণ করিবেন না ॥২০৭॥

যুধিষ্ঠির! এই আমি তোমার নিকট এইরূপ ইতিহাস বলিলাম। তুমি ইহা শুনিয়া সুহৃজ্জনের মধ্যে যথাযথভাবে ব্যবহার করিও ॥২০৮॥

অবিরুদ্ধাং ত্রিবর্গেণ নীতিমেতাং মহীপতে ! ।
অভ্যুত্তিষ্ঠ শ্রুতাদস্মাদ্ভূয়ঃ সংরঞ্জয়ন্ প্রজাঃ ॥২১১॥
ব্রাহ্মণৈশ্চাপি তে সার্দ্ধং যাত্রা ভবতু পাণ্ডব ! ।
ব্রাহ্মণা বৈ পরং শ্রেয়ো দিবি চেহ চ ভারত ! ॥২১২॥
এতে ধর্ম্মস্য বেত্তারঃ কৃতজ্ঞাঃ সততং প্রভো ! ।
পূজিতাঃ শুভকর্ত্তারং পূজয়েৎ তান্ নরাধিপ ! ॥২১৩॥
রাজ্যং শ্রেয়ঃ পরং রাজন্ ! যশঃ কীর্ত্তিঞ্চ লপ্স্যসে ।
কুলস্য সন্ততিং চৈব যথান্যায়ং যথাক্রমম্ ॥২১৪॥

ভারতকৌমুদী

উপেতি। অগ্র্যাং শ্রেষ্ঠাম্, মতিং বুদ্ধিম্, অরিমিত্রয়োঃ শত্রুসুহৃদোঃ, অন্তরং ভেদম্, সন্ধিবিগ্রহকালৌ চ, আপদি মোক্ষোপায়ঞ্চ উপলভ্য যথাসম্ভবং প্রাপ্য জ্ঞাত্বা চ, সমাগতঃ শত্রুণা সহ মিলিতঃ সন্, বুদ্ধ্যা বিবেচনেন, চরেদ্ব্যবহরেৎ। কৃতার্থঃ সন্ শত্রৌ ন বিশ্বসেৎ ॥২০৯—২১০॥

অবীতি। হে মহীপতে ! ভূয়ঃ, শ্রুতাদস্মাদুপদেশাৎ, প্রজাঃ, সংরঞ্জয়ন্, ত্রিবর্গেণ ধর্ম্মার্থকামৈঃ, অবিরুদ্ধাম্ এতাং নীতিম্, অভ্যুত্তিষ্ঠ লক্ষীকৃত্য উন্নতো ভব ॥২১১॥

ব্রাহ্মণৈরিতি। যাত্রা উৎসবঃ। শ্রেয়ো মঙ্গলকরাঃ ॥২১২॥

এত ইতি। এতে ব্রাহ্মণাঃ। পূজিতাঃ সম্মানিতাঃ সন্তঃ ॥২১৩॥

রাজা মন্ত্রিবর্গের সহিত পরামর্শ করিয়া, উত্তম বুদ্ধি প্রাপ্ত হইয়া, শত্রু ও মিত্রের ভেদ জানিয়া এবং সন্ধি ও বিগ্রহের কাল, আর বিপদে মুক্তির উপায় অবগত হইয়া, নিজের ও শত্রুর সমান কার্য্যস্থলে প্রবল শত্রুর সহিত সন্ধি করিয়া, ক্রমে তাহার সহিত মিলিত হইয়া বিবেচনাপূর্ব্বক চলিতে থাকিবেন এবং কৃতকার্য্য হইয়া শত্রুর উপরে আর বিশ্বাস করিবেন না ॥২০৯—২১০॥

রাজা ! তুমি আমার নিকট এই উপদেশ বিস্তরক্রমে শুনিলে ; ইহা অনুসরণ করিয়া প্রজারঞ্জন করিতে থাকিয়া, ধর্ম্ম, অর্থ ও কামের অবিরুদ্ধ এই নীতি আশ্রয় করিয়া উন্নতিলাভ করিতে থাক ॥২১১॥

পাণ্ডুনন্দন ! ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়াই যেন তোমার উৎসবকার্য্য হইতে থাকে। কারণ, ভরতনন্দন ! ব্রাহ্মণেরা ইহলোকে ও পরলোকে পরমমঙ্গল বিধান করিয়া থাকেন ॥২১২॥

প্রভাবশালী নরনাথ ! ব্রাহ্মণেরা ধর্ম্ম জানেন, সর্ব্বদা কৃতজ্ঞ থাকেন এবং সম্মান করিলে মঙ্গলবিধান করেন ; অতএব উঁহাদের সম্মান করিবে ॥২১৩॥

দ্বয়োরিমং ভারত ! সন্ধিবিগ্রহং সুভাষিতং বুদ্ধিবিশেষকারকম্
যথা ত্ববেক্ষ্য ক্ষিতপেন সর্ব্বদা নিষেবিতব্যং নৃপ ! শত্রুমণ্ডলম্ ॥২১৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
আপদ্ধর্ম্মে মার্জারমূষিকসংবাদে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
উক্তো মন্ত্রো মহাবাহো ! বিশ্বাসো নাস্তি শত্রুষু।
কথং হি রাজা বর্ত্তেত যদি সর্ব্বত্র নাশ্বসেৎ ॥১॥

ভারতকৌমুদী

রাজ্যমিতি। যশো দানাদিজনিতাং প্রশংসাম্, কীর্ত্তিং শৌর্য্যনিবন্ধনাং প্রশংসাম্। "শৌর্য্যপ্রভবা কীর্ত্তির্দানাদিপ্রভবং যশঃ" ইতি বৃদ্ধসিদ্ধান্তাৎ, লপ্স্যসে ব্রাহ্মণপূজনাদেব। সন্ততিমবিচ্ছিন্নং সন্তানম্ ॥২১৪॥

দ্বয়োরিতি। হে ভারত ! নৃপ ! ক্ষিতিপেন রাজ্ঞা, সুভাষিতং ময়া সুস্পষ্টমুক্তম্, বুদ্ধিবিশেষকারকম্, দ্বয়োর্মার্জারমূষিকয়োঃ, ইমং সন্ধিনা যুক্তো বিগ্রহঃ সন্ধিবিগ্রহস্তম্। মধ্যপদলোপী সমাসঃ। যথা যথাবৎ, অবেক্ষ্য পর্য্যালোচ্য, সর্ব্বদা, শত্রুমণ্ডলং নিষেবিতব্যং শত্রুভিঃ সহ ব্যবহর্ত্তব্যমিত্যর্থঃ ॥২১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

উক্ত ইতি। মন্ত্রো মন্ত্রণাসিদ্ধো বিচক্ষণো নির্ণয়ঃ। নাশ্বসেৎ ন বিশ্বসেৎ ॥১॥

রাজা ! তুমি ব্রাহ্মণগণের পূজা করিলে যথানিয়মে ও যথাক্রমে রাজ্য, পরমমঙ্গল, যশ, কীর্ত্তি ও অবিচ্ছিন্ন সন্তান লাভ করিতে পারিবে ॥২১৪॥

ভরতনন্দন রাজা ! এই আমি মার্জার ও মূষিকের সন্ধিবিগ্রহের বৃত্তান্ত সুস্পষ্ট ভাবে বলিলাম। ইহা উত্তম বুদ্ধি উৎপাদন করে ; সুতরাং নৃপতিগণ যথানিয়মে এই বৃত্তান্ত পর্য্যালোচনা করিয়া, সর্ব্বদা শত্রুগণের সহিত ব্যবহার করিবেন' ॥২১৫॥

* '...অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ নি।

বিশ্বাসাদ্ধি পরং রাজন্! রাজ্ঞামুৎপদ্যতে ভয়ম্।
কথং হি নাশ্বসন্ রাজা শত্রূন্ জয়তি পার্থিবঃ ॥২॥
এতং মে সংশয়ং ছিন্দি মনো মে সম্প্রমুহ্যতি।
অবিশ্বাসকথামেতামুপশ্রুত্য পিতামহ! ॥৩॥

ভীষ্ম উবাচ।

শৃণুষ্ব রাজন্! যদ্‌বৃত্তং ব্রহ্মদত্তনিবেশনে।
পূজন্যা সহ সংবাদং ব্রহ্মদত্তস্য ভূপতেঃ ॥৪॥
কাম্পিল্যে ব্রহ্মদত্তস্য ত্বন্তঃপুরনিবাসিনী।
পূজনী নাম শকুনির্দীর্ঘকালং সহোষিতা ॥৫॥

ভারতকৌমুদী

ভীষ্মমতমভিধায় তত্রানুপপত্তিং দর্শয়তি বিশ্বাসাদিতি। হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! নাশ্বসন্ ন বিশ্বসন্। স্বসৈন্যাদিষু বিশ্বাসাভাবেন শত্রুজয়াসম্ভব ইতি ভাবঃ ॥২॥

এতমিতি। সম্প্রমুহ্যতি কর্ত্তব্যনির্ণয়ং কর্ত্তুং নার্হতি ॥৩॥

শৃণুষ্বেতি। বৃত্তং জাতম্। পূজন্যা পূজনীসমাখ্যায়া পক্ষিণ্যা। পূজ্যত ইতি পূজনী, "কৃত্যল্যুটো-ঽন্যত্রাপি" ইতি কর্ম্মণি ল্যুট্। ঋষেরিব জ্ঞানগৌরবাদিয়ং সমাখ্যা। সংবাদঞ্চ শৃণুষ্ব ॥৪॥

কাম্পিল্য ইতি। কাম্পিল্যে তদাখ্যে নগরে। শকুনিঃ পক্ষিণী ॥৫॥

ভারতভাবদীপঃ

উক্তো মন্ত্র ইতি ॥১—৩। অবিশ্বস্তং যথা স্যাত্তথা বহুবিশ্বসেদিত্যুক্তম্, তত্র সর্ব্বত্রাবিশ্বাসে রাজ্যাসিদ্ধিরেব স্যাদিত্যাশঙ্ক্য পূজনীদৃষ্টান্তেন পূর্ব্বং কৃতাপকারো ন বিশ্বসেদিতি নিরূপয়তি—উক্ত

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু! আপনি এই সিদ্ধান্ত বলিয়াছেন যে, শত্রুপ্রভৃতির উপরে বিশ্বাস করিবে না; কিন্তু রাজা যদি সর্ব্বত্রই বিশ্বাস না করেন, তাহা হইলে তিনি চলিবেন কি প্রকারে? ॥১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! আপনার এই মত যে, বিশ্বাস করিলেই রাজাদের গুরুতর ভয় উৎপন্ন হয়; কিন্তু রাজা কুত্রাপি বিশ্বাস না করিয়া কি প্রকারে শত্রুজয় করিবেন? ॥২॥

পিতামহ! আপনি আমার এই সংশয় ছেদন করুন। কেন না, আপনার এই অবিশ্বাসের কথা শুনিয়া আমার মন যেন মুগ্ধ হইতেছে' ॥৩॥

ভীষ্ম বলিলেন—'রাজা! ব্রহ্মদত্তের গৃহে যে ঘটনা ঘটিয়াছিল, তাহা তুমি শ্রবণ কর এবং পূজনীনাম্নী পক্ষিণীর সহিত ব্রহ্মদত্তরাজার সংবাদ অবগত হও ॥৪॥

কাম্পিল্যনগরে ব্রহ্মদত্তরাজার অন্তঃপুরে পূজনীনামে এক পক্ষিণী দীর্ঘকাল বাস করিয়াছিল ॥৫॥

কৃতজ্ঞা সর্ব্বভূতানাং যথা বৈ জীবজীবকঃ।
সর্ব্বজ্ঞা সর্ব্বতত্ত্বজ্ঞা তির্য্যগ যোনিং গতাপি সা ॥৬॥
অভিপ্রজাতা সা তত্র পুত্রমেকং সুবর্চ্চসম্।
সমকালঞ্চ রাজ্ঞোঽপি দেব্যাং পুত্রো ব্যজায়ত ॥৭॥
তয়োরর্থে কৃতজ্ঞা সা খেচরী পূজনী সদা।
সমুদ্রতীরং সা গত্বা আজহার ফলদ্বয়ম্ ॥৮॥
পুষ্ট্যর্থঞ্চ স্বপুত্রস্য রাজপুত্রস্য চৈব হ।
ফলমেকং সুতায়াদাদ্রাজপুত্রায় চাপরম্ ॥৯॥
অমৃতাস্বাদসদৃশং বলতেজোঽভিবর্দ্ধনম্।
আদায়াদায় সৈবাশু তয়োঃ প্রাদাৎ পুনঃ পুনঃ ॥১০॥

ভারতকৌমুদী

কৃতজ্ঞেতি। জীবান্ জীবয়তি অরিষ্টকথনতৎসমাধানাভ্যাং তেষাং জীবনং রক্ষতীতি জীব
জীবকঃ শাকুনিকঃ ॥৬॥

অভীতি। অভিপ্রজাতা জনিতবতী, সকর্ম্মকত্বমার্ষম্ ॥৭॥

তয়োরিতি। সা খেচরী গগনচারিণী, পূজনী, সদা, কৃতজ্ঞা রাজগৃহে নিবাসাত্মোপকার-
স্মারিণী আসীৎ। অতএব সা সমুদ্রতীরং গত্বা, তয়ো রাজপুত্রনিজপুত্রয়োরর্থে নিমিত্তে, ফলদ্বয়
আজহার ॥৮॥

পুষ্ট্যর্থমিতি। সুতায় নিজপুত্রায় ॥৯॥

অমৃতেতি। অমৃতাস্বাদস্য সদৃশঃ সদৃশাস্বাদো যস্য তৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

ইত্যধ্যায়েন। পূজন্যা টিকয়া। ৪—৫॥ জীবজীবকঃ শাকুনিকঃ, স হয়ং পক্ষী অস্যাং দিশি লাভমল-
মলাভং দিশতীতি বর্ণয়তি। জীবজীবক ইতি পক্ষিবিশেষ ইত্যন্যে ॥৬॥ অভিপ্রজাতা প্রসূতবতী

সেই পূজনী পক্ষিণী হইয়াও সর্ব্বভূতরুতজ্ঞ মনুষ্যের ন্যায় সমস্ত প্রাণীর রব
বুঝিত, সমস্ত বিষয়ের তত্ত্ব জানিত; এমন কি একপ্রকার সর্ব্বজ্ঞই ছিল ॥৬॥

পূজনী সেই রাজভবনেই সুন্দর একটী পুত্র প্রসব করিল এবং সেই সময়েই
মহিষীর গর্ভে রাজার একটী পুত্র জন্মিল ॥৭॥

পক্ষিণী পূজনী সর্ব্বদাই রাজকৃত উপকার স্মরণ করিত; সুতরাং সে সমুদ্রতীরে
যাইয়া পুত্র দুইটীর জন্য দুইটী ফল আনয়ন করিত ॥৮॥

পূজনী নিজপুত্র ও রাজপুত্রের পুষ্টির জন্য একটী ফল নিজপুত্রকে এবং অপর
ফলটী রাজপুত্রকে দান করিত ॥৯॥

ততোঽগচ্ছৎ পরাং বৃদ্ধিং রাজপুত্রঃ ফলাশনাৎ।
ততঃ স ধাত্র্যা কক্ষেণ উহ্যমানো নৃপাত্মজঃ ॥১১॥
দদর্শ তং পক্ষিশিশুং তঞ্চামার্গত বালকঃ।
ততো ধাত্র্যা প্রদত্তেন তেনাক্রীড়ত পক্ষিণা ॥১২॥ (যুগ্মকম্)
শূন্যে চ সমুপাদায় পক্ষিণং সমজাতকম্।
হত্বা ততঃ স রাজেন্দ্র! ধাত্র্যা হস্তমুপাগতঃ ॥১৩॥
অথ সা পূজনী রাজন্নাগমৎ ফলহারিণী।
অপশ্যন্নিহতং পুত্রং তেন বালেন ভূতলে ॥১৪॥
বাষ্পপূর্ণমুখী দীনা দৃষ্ট্বা সা তু হতং সুতম্।
পূজনী দুঃখসন্তপ্তা রুদতী বাক্যমব্রবীৎ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ফলস্য অশনাদ্ভক্ষণাৎ। অমার্গত অম্বিষ্টবান্ ॥১১—১২॥

শূন্য ইতি। সমং সমানকালং জাত ইতি সমজাতকস্তম্। স রাজপুত্রঃ ॥১৩॥

অথেতি। ফলহারিণী তৎফলগ্রাহিণী ॥১৪॥

বাষ্পেণ বাষ্পেতি অশ্রুজলেন পূর্ণং মুখং যস্যাঃ সা, দীনা শোককাতরা ॥১৫॥

পূজনী অমৃতের ন্যায় সুস্বাদ এবং বল ও তেজোবর্দ্ধক সেই ফল আনয়ন করিয়া করিয়া বার বার সেই পুত্র দুইটীকে দান করিত ॥১০॥

তাহার পর রাজপুত্র সেই ফল ভক্ষণ করিয়া করিয়া অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হইলেন। তদনন্তর একদা ধাত্রী সেই রাজপুত্রকে কক্ষদেশে বহন করিতে লাগিলে, তিনি সেই পক্ষিশিশুটীকে দেখিতে পাইলেন এবং তাহাকে ধরিবার ইচ্ছা করিতে লাগিলেন। তখন ধাত্রী সেই পক্ষিশিশুটীকে আনিয়া রাজপুত্রের হস্তে দান করিলে, রাজপুত্র তাহার সহিত খেলা করিতে লাগিলেন ॥১১—১২॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে রাজপুত্র সমবয়স্ক সেই পক্ষীটীকে শূন্যে উঠাইয়া বধ করিয়া পরে ধাত্রীর হস্তে আগমন করিলেন ॥১৩॥

রাজা! তাহার পর সেই পূজনী ফল লইয়া আগমন করিল এবং দেখিল—রাজপুত্র নিজের পুত্রটীকে বধ করিয়া ভূতলে ফেলিয়া রাখিয়াছেন ॥১৪॥

পূজনী নিজের পুত্রটীকে নিহত দেখিয়া শোকার্ত্তা, অশ্রুপূর্ণবদনা ও দুঃখসন্তপ্তা হইয়া রোদন করিতে থাকিয়া এই কথা বলিল—॥১৫॥

(১২) দদর্শ তং পক্ষিসুতং বাল্যাদাগত্য বালকঃ। ততো বাল্যাচ্চ যত্নেন তেনাক্রীড়ত পক্ষিণা ॥—বঙ্গ বর্দ্ধ নি।

(১৫)…দৃষ্ট্বা তং পতিতং সুতম্—পি নি, দৃষ্ট্বা তং রুদতী সুতম্—বঙ্গ।

ক্ষত্রিয়ে সঙ্গতং নাস্তি ন প্রীতির্ন চ সৌহৃদম্ ।
কারণাৎ সান্ত্বয়ন্ত্যেতে কৃতার্থাঃ সংত্যজন্তি চ ॥১৬॥
ক্ষত্রিয়েষু ন বিশ্বাসঃ কার্য্যঃ সর্ব্বাপকারিষু ।
অপকৃত্যাপি সততং সান্ত্বয়ন্তি নিরর্থকম্ ॥১৭॥
অহমস্য করোম্যদ্য সদৃশীং বৈরযাতনাম্ ।
কৃতঘ্নস্য নৃশংসস্য ভৃশং বিশ্বাসঘাতিনঃ ॥১৮॥
সহসঞ্জাতবৃদ্ধস্য তথৈব সহভোজিনঃ ।
শরণাগতস্য চ বধস্ত্রিবিধং হ্যেব পাতকম্ ॥১৯॥
ইত্যুক্ত্বা চরণাভ্যাস্তু নেত্রে নৃপসুতস্য সা ।
হৃত্বা খস্থা তত ইদং পূজনী বাক্যমব্রবীৎ ॥২০॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। সঙ্গতং মেলনম্, নাস্তি উচিতং ন ভবতি। কারণাৎ প্রয়োজনাৎ, সান্ত্বয়ন্তি মধুরং ব্রুবন্তি, এতে ক্ষত্রিয়াঃ কৃতার্থা নিষ্পাদিতপ্রয়োজনাঃ সন্তঃ ॥১৬॥

ক্ষত্রিয়েষ্বিতি। নিরর্থকম উপকারশূন্যম্ ॥১৭॥

অহমিতি। অস্য বালকস্য, বৈরযাতনাং শত্রুতাপ্রতিশোধম্ ॥১৮॥

সহেতি। সহ সঞ্জাতশ্চাসৌ বৃদ্ধশ্চেতি তস্য মৎপুত্রস্য। উক্তত্রিবিধবিশেষণবিশিষ্টস্য হননে পাপস্যাপি ত্রিবিধত্বমিতি ভাবঃ ॥১৯॥

ইতীতি। খস্থা আকাশস্থিতা সতী ॥২০॥

'ক্ষত্রিয়দের সহিত মিলিত হওয়া উচিত নহে। কেন না, উহাদের সহিত কাহারই প্রণয় বা সৌহার্দ্দ্য হয় না, উহারা প্রয়োজনবশতঃ মধুর বাক্য বলে, আবার কৃতকার্য্য হইয়াই পরিত্যাগ করে ॥১৬॥

সকলেরই অপকারী ক্ষত্রিয়গণের উপরে বিশ্বাস করা উচিত নহে। কারণ, উহারা সর্ব্বদাই অপকার করিয়াও অনর্থক মধুর বাক্য বলে ॥১৭॥

অতএব আমি এখনই এই কৃতঘ্ন, নৃশংস ও অত্যন্ত বিশ্বাসঘাতক ক্ষত্রিয়বালকের শত্রুতার উপযুক্ত প্রতিশোধ লইব ॥১৮॥

কারণ, আমার পুত্রটী—একদিনে জন্মিয়াছিল, এক সঙ্গে বৃদ্ধি পাইতেছিল, এক সঙ্গে ভোজন করিত এবং ইহার শরণাগত ছিল ; সুতরাং তাহাকে বধ করায় এই রাজপুত্রের ত্রিবিধ পাপই হইয়াছে' (টীকা দ্রষ্টব্য) ॥১৯॥

এই কথা বলিয়া পূজনী চরণযুগলদ্বারা রাজপুত্রের নয়নযুগল উৎপাটন করিয়া আকাশে উঠিয়া এই কথা বলিল—॥২০॥

(২০)···ভিত্ত্বা খস্থা তত ইদং—পি বঙ্গ বর্দ্ধ।

ইচ্ছয়েহ কৃতং পাপং সদ্য এবোপসর্পতি।
কৃতং প্রতিকৃতং যেষাং ন নশ্যতি শুভাশুভম্ ॥২১॥
পাপং কর্ম্ম কৃতং কিঞ্চিদ্‌যদি তস্মিন্ন দৃশ্যতে।
নিপাত্যতেঽস্য পুত্রেষু পৌত্রেষ্বপি চ নপ্তৃষু ॥২২॥
ব্রহ্মদত্তঃ সুতং দৃষ্ট্বা পূজন্যা হৃতলোচনম্।
কৃতে প্রতিকৃতং মত্বা পূজনীমিদমব্রবীৎ ॥২৩॥
অস্তি বৈ কৃতমস্মাভিরস্তি প্রতিকৃতং ত্বয়া।
উভয়ং তৎসমীভূতং বস পূজনি! মা গমঃ ॥২৪॥

ভারতকৌমুদী

ইচ্ছয়েতি। পাপং কর্ত্তৃ, তং পাপকারিণম্, সদ্য এবোপসর্পতি ফলজননেনোপগচ্ছতি। যেষাং তৈঃ প্রতিকৃতং কৃতং প্রতীকারো বিহিতঃ, তেষাং শুভাশুভং ন নশ্যতি যথাবদেবাবতিষ্ঠতে। অতএব প্রতীকারকরণান্মমাপি শুভাশুভং ন নঙ্ক্ষ্যতীতি ভাবঃ ॥২১॥

পাপমিতি। তস্মিন্ কর্ত্তরি যদি ন দৃশ্যতে ফলজনকামিতি শেষঃ, পুণ্যপ্রাবল্যাদিতি ভাবঃ। অস্য পাপকর্ত্তুঃ পুত্রেষু পৌত্রেষু নপ্তৃষু প্রপৌত্রেষু বা নিপাত্যতে বিধাত্রা তৎপাপং প্রবর্ত্ত্যতে ॥২২॥

ব্রহ্মেতি। হৃতে উৎপাট্য নীতে লোচনে যস্য তম্। কৃতে দোষে প্রতিকৃতং বিহিতং প্রতীকারম্ ॥২৩॥

অস্তীতি। হে পূজনি! অস্মাভিঃ কৃতং দূষণমস্তি, ত্বয়াপি তস্য প্রতিকৃতমস্তি। তদুভয়ং কিন্ত্বয়ং সমীভূতং তুল্যং জাতম্, অতএব বস মদ্‌গৃহে তিষ্ঠ, মা গমো ন যাহি ॥২৪॥

ভারতভাবদীপঃ

পূজন্যাং রাজভার্য্যায়াম্ ॥৭—১২॥ সমজাতকং সমানবয়সম্ ॥১৩—২০॥ ইচ্ছয়া বুদ্ধিপূর্ব্বকম্, উপসর্পতি ফলরূপেণ কর্ত্তারম্ ॥২১॥ কর্ত্তর্য্যদৃষ্টং তৎপুত্রাদাবপি পাপং দৃশ্যত এবেত্যাহ—পাপ-

'এই জগতে ইচ্ছা করিয়া পাপ করিলে, তাহা সদ্যই ফল উৎপাদন করে; আর যাহারা সেই পাপের প্রতীকার করে, তাহাদের শুভাশুভ নষ্ট হয় না ॥২১॥

কোন পাপকর্ম্ম করিলে যদিও তাহার ফল সেই পাপকর্ত্তাতে দেখা না যায়, তথাপি বিধাতা সেই পাপের ফল সেই পাপকর্ত্তার পুত্র, পৌত্র কিংবা প্রপৌত্রে দিয়া থাকেন' ॥২২॥

পূজনী পুত্রের নয়নযুগল উৎপাটন করিয়া নিয়াছে দেখিয়া এবং দোষের প্রতীকার করিয়াছে মনে করিয়া, ব্রহ্মদত্ত পূজনীকে এই কথা বলিলেন—॥২৩॥

'পূজনী! আমরাও দোষ করিয়াছি, তুমিও তাহার প্রতীকার করিয়াছ; সুতরাং সে কার্য্য দুইটী সমান হইয়াছে; অতএব তুমি এখানেই থাক, যাইও না' ॥২৪॥

পূজন্যুবাচ।

সকৃৎ কৃতাপরাধস্য তত্রৈব পরিলম্বতঃ।
ন তদ্বুধাঃ প্রশংসন্তি শ্রেয়স্তত্রাপসর্পণম্ ॥২৫॥
সান্ত্বে প্রযুক্তে সততং কৃতবৈরে ন বিশ্বসেৎ।
ক্ষিপ্রং স বধ্যতে মূঢ়ো ন হি বৈরং প্রশাম্যতি ॥২৬॥
অন্যোন্যকৃতবৈরাণাং পুত্রপৌত্রং নিয়চ্ছতি।
পুত্রপৌত্রবিনাশে চ পরলোকং নিয়চ্ছতি ॥২৭॥
সর্ব্বেষাং কৃতবৈরাণামবিশ্বাসঃ সুখোদয়ঃ।
একান্ততো ন বিশ্বাসঃ কার্য্যো বিশ্বাসঘাতকৈঃ ॥২৮॥
ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মুৎপন্নমপি মূলং নিকৃন্ততি।
কামং বিশ্বাসয়েদন্যান্ পরেষাঞ্চ ন বিশ্বসেৎ ॥২৯॥

ভারতকৌমুদী

সকৃদিতি। পরিলম্বতঃ পরিলম্বমানস্য দৃঢ়ং লগ্নীভবতস্তত্রার্থঃ। তৎ পরিলম্বনম্, অপসর্পণম্ অপসরণম্ ॥২৫॥

সান্ত্ব ইতি। সান্ত্বে মধুরবাক্যে প্রাক্ প্রযুক্তে সতি ॥২৬॥

অন্যোন্যেতি। নিয়চ্ছতি তদ্বৈরং কর্ত্তৃ নিপীড়য়তি। পরলোকং নিয়চ্ছতি অনুসৃত্য নিপীড়য়তি ॥২৭॥

সর্ব্বেষামিতি। সুখস্য উদয়ো যস্মাৎ সঃ ॥২৮॥

পূজনী বলিল—‘একবার যে অপরাধ করিয়াছে, তাহারই গৃহে যে লাগিয়া থাকে, পণ্ডিতেরা তাহার সে কার্য্যের প্রশংসা করেন না ; সুতরাং তাহার সে স্থান হইতে চলিয়া যাওয়াই ভাল ॥২৫॥

পূর্ব্বে সর্ব্বদাই মধুর বাক্য বলিয়াছে, তাহার পরে কদাচিৎ শত্রুতা করিয়াছে, এমন লোকের উপরে বিশ্বাস করিবে না ; যদি বিশ্বাস করে তাহা হইলে সত্বরই সে মূর্খ নিহত হয়। কারণ, শত্রুতা কখনও নিবৃত্তি পায় না ॥২৬॥

যাহারা পরস্পর শত্রুতা করিয়াছে, তাহাদের সেই শত্রুতা তাহাদের পুত্রপৌত্রকে পীড়ন করে এবং পুত্রপৌত্র বিনষ্ট হইলে, পরলোকপর্য্যন্ত যাইয়া তাহাদিগকে পরস্পর পীড়ন করিয়া থাকে ॥২৭॥

যাহারা পরস্পর শত্রুতা করে, তাহাদের উপরে পরস্পর বিশ্বাস না করিলেই ভাল হয়। যদি বিশ্বাস করিতেই হয়, তাহা হইলেও বিশ্বাসঘাতকেরা একান্ত বিশ্বাস করিবে না ॥২৮॥

মাতা পিতা বান্ধবানাং বরিষ্ঠৌ ভার্য্যা জরা বীজমাত্রন্তু পুত্রঃ।
ভ্রাতা শত্রুঃ ক্লিন্নপাণির্বয়স্য আত্মা হ্যেকঃ সুখদুঃখস্য ভোক্তা ॥৩০॥
অন্যোন্যকৃতবৈরাণাং ন সন্ধিরুপপদ্যতে।
স চ হেতুরতিক্রান্তো যদর্থমহমাবসম্ ॥৩১॥
পূজিতস্যার্থমানাভ্যাং জন্তোঃ পূর্ব্বাপকারিণঃ।
মনো ভবত্যবিশ্বস্তং কর্ম্ম ত্রাসয়তেঽবলান্ ॥৩২॥

ভারতকৌমুদী

নেতি। বক্তৃপ্রসঙ্গয়োর্ভেদান্ন পৌনরুক্ত্যম্। ব্যাখ্যাতমেতৎ প্রাক্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৯॥

মাতেতি। মাতা পিতা চ বান্ধবানাং মধ্যে বরিষ্ঠৌ শ্রেষ্ঠৌ। অতএব সর্ব্বথা তাবেবাদরণীয়াবিতি ভাবঃ। ভার্য্যা জরা তদ্রূপা বীর্য্যহরণাৎ, পুত্রস্তু বীজমাত্রং কেবলশুক্রস্বরূপঃ সন্তানমাত্রকরণাৎ। ভ্রাতা শত্রুঃ অংশহরণাৎ, বয়স্যঃ সখা ক্লিন্নপাণির্নিজদানজলেন আর্দ্রহস্তঃ কেবলমেব গ্রহীতেত্যর্থঃ। অতএবৈতে তুচ্ছা ইত্যাশয়ঃ। কিন্তু এক আত্মা হি সুখদুঃখস্য ভোক্তা। অতএব তস্যাত্মনো দুঃখভোগসম্ভবাদত্রাবস্থানং ন মে যুক্তমিত্যভিপ্রায়ঃ ॥৩০॥

অন্যোন্যেতি। হেতুঃ পরস্পরপ্রীতিরূপং কারণম্, আবসং ভবদ্বেশ্মন্যতিষ্ঠম্ ॥৩১॥

পূজিতস্যেতি। পূর্ব্বাপকারিণো জন্তোঃ প্রাণিনঃ, অর্থমানাভ্যাং পূজিতস্য আদৃতস্য সতোঽপি মনঃ, অবিশ্বস্তং ভবতি স্বাপকারস্মরণাৎ। কিঞ্চ, কর্ম্ম তদপকারাত্মকং কার্য্যং কর্তৃ, অবলান্ দুর্ব্বলান্, ত্রাসয়তে প্রত্যপকারসম্ভাবনাৎ। অতএব ভবদপকারিণ্যা মমাপি মনঃ ত্বয়ি অবিশ্বস্তং জাতম্, তদপকরণঞ্চ দুর্ব্বলাং মাং ত্রাসয়ত ইতি নাত্র বসামীতি ভাবঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

মিতি। তেষাং মহতাং পাপমপরাধকৃতমেনঃ ॥২২—২৩॥ মা গমো মা স্ম গমঃ ॥২৪॥ পরিলম্বতো বিশ্বাসং কুর্ব্বতঃ ॥২৫—২৬॥ নিযচ্ছতি মৃত্যুর্নাশয়তি। ততো নষ্টসন্ততিত্বাৎ পরলোকঞ্চ নিযচ্ছতি ॥২৭—২৯॥ জরা বীর্য্যহরত্বাৎ। বীজমাত্রং প্রসবরূপত্বাৎ। শত্রুঃ রিক্থহরত্বাৎ। ক্লিন্নপাণিরুপক্রিয়মাণঃ। ধনাদিনা পূজ্যমানমেব মিত্রং নান্যদিত্যর্থঃ ॥৩০॥ হেতুঃ পুত্ররক্ষা স্নেহো

অবিশ্বাসী লোকের উপরে বিশ্বাস করিবে না, বিশ্বাসী লোকের উপরেও অত্যন্ত বিশ্বাস করিবে না। কারণ, বিশ্বাস হইতে ভয় উৎপন্ন হইলে, তাহা মূল পর্য্যন্ত বিনাশ করে। ইচ্ছানুসারে নিজের উপরে অন্যের বিশ্বাস জন্মাইবে; কিন্তু অপরিচিত পরের উপরে বিশ্বাস করিবে না ॥২৯॥

এই জগতে মাতা ও পিতা বন্ধুগণের মধ্যে শ্রেষ্ঠ, ভার্য্যা জরাস্বরূপা, পুত্র কেবল বীর্য্য, ভ্রাতা শত্রু ও সখা আর্দ্রহস্ত; একমাত্র আত্মাই সুখ ও দুঃখের ভোক্তা ॥৩০॥

যাহারা পরস্পর শত্রুতা করিয়াছে, তাহাদের সন্ধি হইতে পারে না। বিশেষতঃ, যে জন্য আমি এইখানে বাস করিতেছিলাম, সে কারণ চলিয়া গিয়াছে ॥৩১॥

পূর্ব্বং সম্মাননা যত্র পশ্চাচ্চৈব বিমাননা ।
জহ্যাত্তৎ সত্ত্ববান্ স্থানং শত্রোঃ সম্মানিতোঽপি সন্ ॥৩৩॥
উষিতাস্মি তবাগারে দীর্ঘকালং সমর্চ্চিতা ।
তদিদং বৈরমুৎপন্নং সুখমাস্স্ব ব্রজাম্যহম্ ॥৩৪॥

ব্রহ্মদত্ত উবাচ ।

যঃ কৃতং প্রতিকুর্য্যাদ্বৈ ন স তত্রাপরাধ্নুয়াৎ ।
অনৃণস্তেন ভবতি বস পূজনি ! মাগমঃ ॥৩৫॥

পূজন্যুবাচ ।

ন কৃতস্য তু কর্ত্তুশ্চ সখ্যং সন্ধীয়তে পুনঃ ।
হৃদয়ং তচ্চ জানাতি কর্ত্তুশ্চৈব কৃতস্য চ ॥৩৬॥

ভারতকৌমুদী

পূর্ব্বমিতি। জহ্যাৎ ত্যজেৎ, সত্ত্ববান্ অধ্যবসায়বান্ জনঃ। অতএব মমাপি পূর্ব্বং সম্মাননা পরঞ্চ বিমাননা জাতেতি স্থানত্যাগ এবোচিত ইতি ভাবঃ ॥৩৩॥

উষিতেতি। বৈরমুৎপন্নম্ উভয়োরেব পুত্রনাশাৎ। আস্স্ব তিষ্ঠ ॥৩৪॥

য ইতি। কৃতং প্রতিকুর্য্যাৎ কৃতস্য দোষস্য প্রতীকারং কুর্য্যাৎ ॥৩৫॥

নেতি। কৃতস্য অপকৃতস্য, কর্ত্তুরপকর্ত্তুশ্চ, সখ্যং পুনর্ন সন্ধীয়তে সন্ধাতুং সংযোজয়িতুং শক্যতে। কর্ত্তুরপকর্ত্তুঃ, কৃতস্য অপকৃতস্য চ হৃদয়ং কর্ত্তৃ, তচ্চ জানাতি ॥৩৬॥

যে প্রাণী পূর্ব্বে অপকার করিয়াছে, পরে ধন ও মানদ্বারা তাহার আদর করিলেও তাহার মন অবিশ্বাসীই হয়; আর কৃত অপকার দুর্ব্বলদের ভয় উৎপাদন করে ॥৩২॥

যে স্থানে পূর্ব্বে সম্মান এবং পরে অপমান হয়, উদ্যমী লোক শত্রুকর্ত্তৃক সম্মানিত হইয়াও সেস্থান পরিত্যাগই করিবে ॥৩৩॥

রাজা ! আমি সম্মানিত হইয়া দীর্ঘকাল আপনার ভবনে বাস করিয়াছি; কিন্তু এখন এই শত্রুতা উৎপন্ন হইয়াছে; সুতরাং আপনি সুখে থাকুন, আমি চলিয়া যাই' ॥৩৪॥

ব্রহ্মদত্ত বলিলেন—'পূজনি ! যে অপকারীর প্রত্যপকার করে, সে তাহাতে অপরাধী হয় না; বরং তাহাতে অনৃণীই হয়; অতএব তুমি থাক, যাইও না' ॥৩৫॥

পূজনী বলিল—'অপকৃত ও অপকর্ত্তার পুনরায় সন্ধি হইতে পারে না। অপকৃত ও অপকারীর হৃদয় তাহা জানে' ॥৩৬॥

(৩৪)···সুখমাস্ত ব্রজাম্যহম্--পি বঙ্গ বর্দ্ধ।

ব্রহ্মদত্ত উবাচ।

কৃতস্য চৈব কর্ত্তুশ্চ সখ্যং সন্ধীয়তে পুনঃ।
বৈরস্যোপশমো দৃষ্টঃ পাপং নোপাশ্নুতে পুনঃ ॥৩৭॥

পূজন্যুবাচ।

নাস্তি বৈরমতিক্রান্তং সান্ত্বিতোঽস্মীতি নাশ্বসেৎ।
বিশ্বাসাদ্বধ্যতে লোকস্তস্মাচ্ছ্রেয়োঽপ্যদর্শনম্ ॥৩৮॥
তরসা যে ন শক্যন্তে শস্ত্রৈঃ সুনিশিতৈরপি।
সাম্না তেঽপি নিগৃহ্যন্তে গজা ইব করেণুভিঃ ॥৩৯॥

ব্রহ্মদত্ত উবাচ।

সংবাসাজ্জায়তে স্নেহো জীবিতান্তকরেষ্বপি।
অন্যোন্যস্য চ বিশ্বাসঃ শ্বপচেন শুনো যথা ॥৪০॥

ভারতকৌমুদী

কৃতস্যেতি। পাপমনিষ্টং পুনর্নোপাশ্নুতে অপকৃতো নানুভবতি ॥৩৭॥

নেতি। নাস্তি উপশমনীয়ং ন ভবতি, নাশ্বসেৎ ন বিশ্বসেৎ ॥৩৮॥

তরসেতি। যে জনাঃ, তরসা বলেন আয়ত্তীকর্ত্তুং ন শক্যন্তে, সুনিশিতৈঃ সুধারৈঃ। করেণুভির্হস্তিনীভিঃ ॥৩৯॥

সংবাসাদিতি। শ্বপচেন চণ্ডালেন সহ, শুনঃ কুক্কুরস্য ॥৪০॥

ভারতভাবদীপঃ

বা ॥৩১॥ কর্ম্ম স্বকৃতম্, অবলান্ মাদৃশান্ ॥৩২—৩৫॥ নেতি অন্যোন্যস্যাপকারমুভাবপি নিত্যং স্মরত ইত্যর্থঃ ॥৩৬॥ প্রতিকৃতং প্রায়শ্চিত্তং জাতমিতি মন্বানঃ সাধুঃ পুনর্নাপকরোতীত্যাশয়েনাহ—কৃতস্যেতি ॥৩৭—৩৮॥ ন শক্যং তে জেতুমিতি শেষঃ ॥৩৯॥ শ্বপচশ্চাণ্ডালঃ, শ্বমাংসা-

ব্রহ্মদত্ত বলিলেন—'অপকৃত ও অপকারীর সন্ধি হইতে পারে। কেন না, শত্রুতার নিবৃত্তি দেখিতে পাওয়া যায়; সুতরাং অপকৃত ব্যক্তি পুনরায় অনিষ্টভোগ করে না' ॥৩৭॥

পূজনী বলিল—'শত্রুতা অতীত হইয়াছে বলিয়া তাহার নিবৃত্তি হয় না; আবার ইনি আমাকে মধুর কথা বলিতেছেন বলিয়াও বিশ্বাস করিবে না। কারণ, জগতে লোক বিশ্বাস করিয়াই নিহত হয়; অতএব পরস্পর দেখা না হওয়াই ভাল ॥৩৮॥

বলপূর্ব্বক সুধার অস্ত্রদ্বারাও যাহাদিগকে আয়ত্ত করা যায় না, হস্তিনীগণদ্বারা হস্তিগণের ন্যায় মধুর বাক্যদ্বারা তাহাদিগকে আয়ত্ত করা যায়' ॥৩৯॥

ব্রহ্মদত্ত বলিলেন—'প্রাণ বিনাশ করিয়াও যদি একত্র বাস করে, তবে তাহাদের মধ্যে পরস্পর স্নেহ উৎপন্ন হয় এবং চণ্ডাল ও কুক্কুরের ন্যায় তাহাদের মধ্যে পরস্পর বিশ্বাসও জন্মিয়া থাকে ॥৪০॥

অন্যোন্যকৃতবৈরাণাং সংবাসান্মৃদুতাং গতম্ ।
নৈব তিষ্ঠতি তদ্বৈরং পুষ্করস্থমিবোদকম্ ॥৪১॥

পূজন্যুবাচ ।

বৈরং পঞ্চসমুত্থানং তচ্চ বুধ্যন্তি পণ্ডিতাঃ ।
স্ত্রীকৃতং বাস্তুজং বাগ্‌জং সাপত্নমপরাধজম্ ॥৪২॥
তত্র দাতা ন হন্তব্যঃ ক্ষত্রিয়েণ বিশেষতঃ ।
প্রকাশং বাঽপ্রকাশং বা বুদ্ধ্বা দোষবলাবলম্ ॥৪৩॥
কৃতবৈরে ন বিশ্বাসঃ কার্য্যস্ত্বিহ সুহৃদ্যপি ।
ছন্নং সংতিষ্ঠতে বৈরং গূঢ়োঽগ্নিরিব দারুষু ॥৪৪॥

ভারতকৌমুদী

অন্যোন্যেতি। পুষ্করস্থং পদ্মপত্রস্থিতম্, উদকং জলম্ ॥৪১॥

বৈরমিতি। সমুত্তিষ্ঠতি সঞ্জায়তে যেভ্যস্তানি সমুত্থানানি পঞ্চসমুত্থানানি কারণানি যস্য তৎ। স্ত্রীকৃতং বৈরং সুন্দোপসুন্দয়োরিব, বাস্তুজম্ একস্থানাধিকারজাতং বৈরং কৌরবপাণ্ডবয়োরিব, বাগ্‌জং কৃপকর্ণয়োরিব, সপত্নোরিদমিতি সাপত্নং বৈরং সুনীতিসুরুচ্যোরিব, অপরাধজং রামরাবণয়োরিব। আবয়োর্বৈরন্তু পরস্পরাপরাধজমিতি ভাবঃ ॥৪২॥

তত্রেতি। দাতা প্রতীকারকর্ত্তা। অপ্রকাশং রহঃ ॥৪৩॥

কৃতেতি। ছন্নং গুপ্তম্, গূঢ়ো গুপ্তঃ, দারুষু কাষ্ঠেষু ॥৪৪॥

ভারতভাবদীপঃ

হারোঽপি শুনা সহ সখ্যমেতি সংবাসাদেবং মামপি জানীহীত্যর্থঃ ॥৪০—৪১॥ বৈরং স্ত্রীকৃতং কৃষ্ণশিশুপালয়োঃ। বাস্তু গৃহাদিকং স্থানং তজ্জং কৌরবপাণ্ডবানাম্। বাগ্‌জং দ্রোণদ্রুপদয়োঃ। সাপত্নং জাতিবৈরং মূষিকমার্জারয়োঃ। অপরাধজমাবয়োঃ। তচ্চ তচ্চেতি দ্বন্দ্বঃ তাভ্যাং সহিতং সসাপত্নাপরাধজম্ ॥৪২॥ কৃতবৈরোঽপি দাতার্থাদিনা মানয়িতার্থাশাবতা রাজ্ঞা ন হন্তব্যঃ ॥৪৩॥ যদ্যপ্যেবং নিত্যং ফলদ্বয়দানাত্ত্বং মাং ন হনিষ্যসীতি জানামি, তথাপি কৃতবৈরে বিশ্বাসো নীতিবিরুদ্ধ ইত্যাহ—

পরস্পর শত্রুতা ঘটাইয়াও যদি একত্র বাস করে, তাহা হইলে তাহাদের সেই শত্রুতা পদ্মপত্রস্থিত জলের ন্যায় দীর্ঘকাল থাকে না' ॥৪১॥

পূজনী বলিল—'স্ত্রীঘটিত, একস্থানাধিকার নিবন্ধন, বাক্যজনিত, সমানপতিসম্ভূত ও অপরাধজাত—এই পঞ্চ কারণজনিত শত্রুতা হইয়া থাকে, তাহা পণ্ডিতেরা বোঝেন ॥৪২॥

কিন্তু সাধারণ লোক বিশেষতঃ রাজা দোষের গুরুলাঘব বিবেচনা করিয়া, প্রকাশ্যভাবে বা অপ্রকাশ্যভাবে দোষের প্রতীকারকারীকে বধ করিবেন না ॥৪৩॥

(৪২)···সসপত্নাপরাধজম্—বঙ্গ বৰ্দ্ধ নি।

ন বিত্তেন ন পারুষ্যৈর্ন চ সান্ত্বেন চ শ্রুতৈঃ।
বৈরাগ্নিঃ শাম্যতে রাজন্! নিমগ্নোঽগ্নিরিবার্ণবে ॥৪৫॥
নহি বৈরাগ্নিরুদ্ভূতঃ কর্ম্ম চাপ্যপরাধজম্।
শাম্যত্যদগ্ধ্বা নৃপতে! বিনা হ্যেকতরক্ষয়াৎ ॥৪৬॥
সংকৃতস্যার্থমানাভ্যাং তত্র পূর্ব্বাপকারিণঃ।
নাদেয়োঽমিত্রবিশ্বাসঃ কর্ম্ম ত্রাসয়তেঽবলান্ ॥৪৭॥
নৈবাপকার্য্যে কস্মিংশ্চিদহং ত্বয়ি তথা ভবান্।
উষিতাস্মি গৃহেঽহং তে নেদানীং বিশ্বসাম্যহম্ ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। বিত্তেন ধনেন, পারুষ্যৈর্নিষ্ঠুরব্যবহারৈঃ, শ্রুতৈঃ শাস্ত্রজ্ঞানৈঃ ॥৪৫॥

নহীতি। হে নৃপতে! উদ্ভূতো বৈরাগ্নিঃ, একমুভয়ং বা অদগ্ধ্বা নহি শাম্যতি, অপরাধজং কর্ম্ম চ একতরক্ষয়াৎ বিনা হি নহি শাম্যতি ॥৪৬॥

সদিতি। পূর্ব্বাপকারিণো জনস্য পরেণ অর্থমানাভ্যাং সংকৃতস্যাপি সতঃ, তস্মিন্ অমিত্রে শত্রৌ বিশ্বাস ইত্যমিত্রবিশ্বাসঃ, নাদেয়ো ন গ্রাহ্যো ন কর্ত্তব্যঃ। যেন হি দুষ্টং কর্ম্ম অবলান্ ত্রাসয়তে ॥৪৭॥

নেতি। ত্বয়ি তব, অপকার্য্যে কস্মিংশ্চিদপি বিষয়ে অহং ন প্রবৃত্তা তথা ভবানপি মম নাপকার্য্যে বিষয়ে প্রবৃত্ত ইত্যর্থঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

কৃতেতি ॥৪৪॥ পারুষ্যৈগুরুশিক্ষার্থং গুরুভিরুক্তৈঃ ॥৪৫॥ বৈরাগ্নিরদগ্ধ্বা ন শাম্যত্যপরাধজং কর্ম্মৈকতরক্ষয়াদ্বিনা ন শাম্যতীতি যোজনা ॥৪৬—৪৭॥ কস্মিংশ্চিদন্যতরে অপকার্য্যেঽন্যতরেণ বাধ্যে সতি অহঞ্চ ত্বয়ি তথাস্মোবং ভবানপি ময়ি তথাস্তীতি যোজ্যম্; অতো নাবয়োরন্যোন্যং বিশ্বাসঃ

এই জগতে বন্ধুজনও যদি শত্রুতা করে, তাহা হইলে তাহার উপরেও বিশ্বাস করা উচিত নহে। কারণ, অগ্নি যেমন কাষ্ঠে গুপ্তভাবে থাকে, তেমন শত্রুতাও হৃদয়ে গুপ্তভাবে থাকে ॥৪৪॥

রাজা! সমুদ্রের বাড়বানল যেমন কোন প্রকারেই নির্ব্বাপিত হয় না, তেমন ধন, নিষ্ঠুর ব্যবহার, মধুর বাক্য বা শাস্ত্রজ্ঞান প্রকাশপ্রভৃতি কোন উপায়েই কোপানল নির্ব্বাপিত হয় না ॥৪৫॥

রাজা! উৎপন্ন বৈরাগ্নি একপক্ষকে বা উভয়পক্ষকে দগ্ধ না করিয়া নির্ব্বাণ প্রাপ্ত হয় না এবং অপরাধের কার্য্যও একপক্ষকে বিনষ্ট না করিয়া নিবৃত্তি পায় না ॥৪৬॥

যে ব্যক্তি পূর্ব্বে অপকার করিয়াছে, সেই অপকৃত ব্যক্তি যদি ধন ও মানদ্বারা তাহার আদরও করে, তথাপি তাহার উপরে আর তাহার বিশ্বাস করা উচিত নহে; বিশেষতঃ দুষ্কার্য্য দুর্ব্বলের ভয় উৎপাদন করে ॥৪৭॥

ব্রহ্মদত্ত উবাচ।

কালেন ক্রিয়তে কার্য্যং তথৈব বিবিধাঃ ক্রিয়াঃ।
কালেনৈব প্রবর্ত্তন্তে কঃ কস্যেহাপরাধ্যতি ॥৪৯॥
তুল্যং চোভে প্রবর্ত্তেতে মরণং জন্ম চৈব হ।
কার্য্যতে চৈব কালেন তন্নিমিত্তং ন জীবতি ॥৫০॥
বধ্যন্তে যুগপৎ কেচিদেকৈকং চাপরে তথা।
কালো দহতি ভূতানি সংপ্রাপ্তোঽগ্নিরিবেন্ধনম্ ॥৫১॥
নাহং প্রমাণং নৈব ত্বমন্যোন্যং কারণং শুভে !।
কালো নিত্যমুপাদত্তে সুখং দুঃখঞ্চ দেহিনাম্ ॥৫২॥

ভারতকৌমুদী

অস্মিন্ পরস্পরপুত্রহননে নাবয়োর্দোষোঽস্তীত্যাহ কালেনেতি। প্রবর্ত্তন্তে ভবন্তি ॥৪৯॥

তুল্যমিতি। কালেন কার্য্যতে সর্ব্বমেব কার্য্যং লোক ইতি শেষঃ, তন্নিমিত্তং কালেন মারণ-নিমিত্তম্, জীবো ন জীবতি ॥৫০॥

বধ্যন্ত ইতি। কালেন যুগপদেব কেচিদ্‌বাত্যাদিনা বধ্যন্তে, অপরে লোকাস্তু প্রায়েণৈকৈক-মেব তথা ঘ্নন্তীতি শেষঃ ॥৫১॥

নেতি। প্রমাণং সুখদুঃখনিরূপণেঽপি সমর্থঃ সমর্থা বা, কারণং সুখদুঃখোৎপাদনে হেতুঃ। উপাদত্তে জনয়তি ॥৫২॥

আমি পূর্ব্বে আপনার কোন অপকারে প্রবৃত্ত হই নাই এবং আপনিও আমার কোন অপকারে প্রবৃত্ত হন নাই ; সুতরাং আমি আপনার গৃহে বাস করিয়াছিলাম ; কিন্তু এখন আমি আর আপনাকে বিশ্বাস করিতে পারি না' ॥৪৮॥

ব্রহ্মদত্ত বলিলেন—'পূজনি ! কালই সমস্ত কার্য্য করে এবং নানাবিধ ক্রিয়া কালের প্রভাবেই উৎপন্ন হয় ; অতএব কে কাহার নিকট অপরাধ করে ? ॥৪৯॥

জন্ম ও মৃত্যু—এই দুইটী ক্রিয়া সমানভাবেই চলিতেছে এবং উহা কালই করাইতেছে ; তা'র পর, কালই মৃত্যু ঘটাইতেছে বলিয়া প্রাণীরা বাঁচিয়া থাকিতেছে না ॥৫০॥

কাল একদাই কতকগুলি প্রাণীকে সংহার করে ; কিন্তু অন্যান্য প্রাণীরা প্রায়ই একটী একটী করিয়া প্রাণীকে বিনাশ করে ; অতএব অগ্নি যেমন সংলগ্ন হইয়া কাষ্ঠ দগ্ধ করে, কালও তেমনই সংসৃষ্ট হইয়া প্রাণিগণকে দগ্ধ করে ॥৫১॥

(৪৯) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

এবং বসেহ সস্নেহা যথাকামমহিংসিতা।
যৎ কৃতং তত্তু মে ক্ষান্তং ত্বঞ্চ বৈ ক্ষম পূজনি! ॥৫৩॥

পূজন্যুবাচ।

যদি কালঃ প্রমাণং তে ন বৈরং কস্যচিদ্‌ভবেৎ।
কস্মাদপচিতিং যান্তি বান্ধবা বান্ধবৈর্হতৈঃ ॥৫৪॥
কস্মাদ্দেবাসুরাঃ পূর্ব্বমন্যোন্যমভিজঘ্নিরে।
যদি কালেন নির্য্যাণং সুখদুঃখে ভবাভবৌ ॥৫৫॥
ভিষজো ভৈষজং কর্ত্তুং কস্মাদিচ্ছন্তি রোগিণঃ।
যদি কালেন পচ্যন্তে ভেষজৈঃ কিং প্রয়োজনম্ ॥৫৬॥

ভারতকৌমুদী

এবমিতি। অহিংসিতা অস্মাভিরিতি শেষঃ। মে ময়া, ক্ষম ক্ষমস্ব ॥৫৩॥

যদীতি। প্রমাণং সর্ব্বকারণত্বেন স্বীকৃতম্। অপচিতিং নিষ্কৃতিং তৎপ্রতিক্রিয়ামিত্যর্থঃ। যান্তি প্রাপ্নুবন্তি কুর্ব্বন্তীতি যাবৎ। "ভবেদপচিতিঃ পূজাব্যয়নিষ্কৃতিহানিষু" ইতি মেদিনী ॥৫৪॥

কস্মাদিতি। নির্য্যাণং নিষ্পাদনম্, ভবাভবৌ জন্মমৃত্যু অধিকৃত্যেতি শেষঃ ॥৫৫॥

ভিষজ ইতি। যদি কালেন পচ্যন্তে সর্ব্বে পদার্থাঃ পরিণম্যন্তে, তদা কস্মাৎ ভিষজশ্চিকিৎসকাঃ, রোগিণোঽর্থে, ভৈষজমৌষধং কর্ত্তুমিচ্ছন্তি, তৈর্ভেষজৈশ্চ কিং প্রয়োজনম্ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

সম্ভবতীত্যর্থঃ ॥৪৮॥ কালাধীনে জগত্যাবয়োর্মধ্যে কস্যাপি দোষো নাস্তীত্যাহ—কালেনেত্যাদিনা ॥৪৯॥ কার্য্যতে জায়তে, তন্নিমিত্তং কালনিমিত্তম্, ন জীবতি ম্রিয়তে ॥৫০॥ একৈকস্যৈকেকেন

কল্যাণি পূজনি! আমি বা তুমি সুখদুঃখ নিরূপণেও সমর্থ নহি এবং পরস্পরের সুখদুঃখের কারণও নহি; কিন্তু কালই সর্বদা প্রাণিগণের সুখ ও দুঃখ উৎপাদন করিতেছে ॥৫২॥

পূজনি! আমরা তোমার কোনরূপ হিংসা করিব না; সুতরাং তুমি পূর্ব্বের ন্যায়ই আমার গৃহে ইচ্ছানুসারে স্নেহের সহিত বাস কর। তুমি আমার যাহা করিয়াছ, আমি সে বিষয়ে ক্ষমা করিয়াছি, তুমিও আমার উপরে ক্ষমা কর' ॥৫৩॥

পূজনী বলিল—'রাজা! আপনার মতে কালই যদি সমস্ত করে বলিয়া প্রমাণিত হয়, তাহা হইলে কাহারও সহিত কাহারও শত্রুতা হইতে পারিত না এবং বন্ধুজনকে বধ করিলে তাহার বন্ধুরাই বা কেন তাহার প্রতিক্রিয়া করিবে? ॥৫৪॥

কালই যদি সুখ ও দুঃখ এবং জন্ম ও মৃত্যুর কারণ হইত, তাহা হইলে কি জন্যই বা পূর্ব্বকালে দেবগণ ও অসুরগণ পরস্পর পরস্পরকে সংহার করিয়াছিলেন ॥৫৫॥

কালেই যদি সমস্ত পরিণত হইবে তাহা হইলে কি জন্যই বা চিকিৎসকেরা রোগীর জন্য ঔষধ নির্ম্মাণ করিতে ইচ্ছা করেন, সে ক্ষেত্রে ঔষধেরই বা প্রয়োজন কি? ॥৫৬॥

প্রলাপঃ সুমহান্ কস্মাৎ ক্রিয়তে শোকমূর্চ্ছিতৈঃ।
যদি কালঃ প্রমাণং তে কস্মাদ্ধর্ম্মোঽস্তি কর্ত্তৃষু ॥৫৭॥
তব পুত্রো মমাপত্যং হতবান্ স হতো ময়া।
অনন্তরং ত্বয়াহঞ্চ হন্তব্যা হি নরাধিপ! ॥৫৮॥
অহং হি পুত্রশোকেন কৃতপাপা তবাত্মজে।
তথা ত্বয়া প্রহর্ত্তব্যং ময়ি তত্ত্বঞ্চ মে শৃণু ॥৫৯॥
ভক্ষার্থং ক্রীড়নার্থঞ্চ নরা বাঞ্ছন্তি পক্ষিণঃ।
তৃতীয়ো নাস্তি সংযোগো বধবন্ধাদৃতে ক্ষমঃ ॥৬০॥
বধবন্ধভয়াদেতে মোক্ষতন্ত্রমুপাশ্রিতাঃ।
জনীমরণজং দুঃখং প্রাহুর্বেদবিদো জনাঃ ॥৬১॥

ভারতকৌমুদী

প্রলাপ ইতি। প্রলাপঃ পুত্রাদিমরণে বিলাপঃ। কর্ত্তৃষু নিযোজ্যেষু বিষয়েষু ধর্ম্মো বেদাদৌ বিধিনিষেধন্যায়ঃ ॥৫৭॥

ইদানীং নিষ্কর্ষমাহ তবেতি। অপত্যং পুত্রম্, স তব পুত্রঃ ॥৫৮॥

অহমিতি। কৃতং পাপং তৎপাপনিবন্ধনং হননং যয়া সা ॥৫৯॥

ভক্ষার্থমিতি। সংযোগঃ সম্বন্ধঃ, ক্ষমো যোগ্যঃ ॥৬০॥

বধেতি। এতে পক্ষিণঃ, মোক্ষতন্ত্রং গগনাদৌ প্রাধান্যেন মুক্তিম্। যেন হি জনী জন্ম চ মরণঞ্চ তাভ্যাং জায়ত ইতি তৎ ॥৬১॥

আপনার মতে যদি কালই সমস্তের কারণ বলিয়া স্বীকৃত হয়, তবে শোকার্ত্ত লোকেরা কি জন্য গুরুতর বিলাপ করে এবং কি জন্যই বা বেদ ও স্মৃতিপ্রভৃতি শাস্ত্রে অধিকারীর বিষয়ে বিধিনিষেধের নিয়ম রহিয়াছে ॥৫৭॥

নরনাথ! আপনার পুত্র আমার পুত্রকে বধ করিয়াছে এবং আমি আপনার পুত্রকে বধ করিয়াছি, এখন আপনি আমাকে বধ করিবেন (ইহাই ত আপনার ইচ্ছা) ॥৫৮॥

আমি পুত্রশোকে আপনার পুত্রকে বধ করিয়াছি, আবার আপনি আমাকে বধ করিবেন। আমার নিকট যথার্থ কথা শুনুন—॥৫৯॥

"ভক্ষণ ও ক্রীড়নের জন্যই মানুষেরা পক্ষী কামনা করে। বধ ও বন্ধনব্যতীত তৃতীয় কোন সম্পর্ক পক্ষীদের সহিত মানুষদের নাই ॥৬০॥

পক্ষীরা সেই বধ-বন্ধনের ভয়েই প্রধানতঃ মুক্তি আশ্রয় করিয়া রহিয়াছে। কারণ, বেদবিৎ লোকেরা বলেন—জন্মেও দুঃখ হয়, মরণেও দুঃখ ॥৬১॥

সর্ব্বস্য দয়িতাঃ প্রাণাঃ সর্ব্বস্য দয়িতাঃ সুতাঃ।
দুঃখাদুদ্বিজতে সর্ব্বঃ সর্ব্বস্য সুখমীপ্সিতম্ ॥৬২॥
দুঃখং জরা ব্রহ্মদত্ত! দুঃখমর্থবিপর্য্যয়ঃ।
দুঃখং চানিষ্টসংবাসো দুঃখমিষ্টবিয়োজনম্ ॥৬৩॥
বধবন্ধকৃতং দুঃখং স্ত্রীকৃতং সহজং তথা।
দুঃখং সুতেন সততং জনান্ বিপরিবর্ত্ততে ॥৬৪॥
ন দুঃখং পরদুঃখে বৈ কেচিদাহুরবুদ্ধয়ঃ।
যো দুঃখং নাভিজানাতি স জল্পতি মহাজনে ॥৬৫॥
যস্তু শোচতি দুঃখার্ত্তঃ স কথং বক্তুমুৎসহেৎ।
রসজ্ঞঃ সর্ব্বদুঃখস্য যথাত্মনি তথা পরে ॥৬৬॥
যৎ কৃতং তে ময়া রাজন্! ত্বয়া চ মম যৎ কৃতম্।
ন তদ্বর্ষশতৈঃ শক্যং ব্যপোহিতুমরিন্দম! ॥৬৭॥

ভারতকৌমুদী

কথং নাম তে দুঃখাদ্ভীতিরিত্যাহ সর্ব্বস্যেতি। দয়িতাঃ প্রিয়াঃ ॥৬২॥

দুঃখমিতি। দুঃখং দুঃখজনিকা। এবমন্যত্র। অর্থবিপর্য্যয়ো ধননাশঃ। অনিষ্টসংবাসঃ অপ্রিয়সংযোগঃ ॥৬৩॥

বধেতি। সহজং ভ্রাতৃকৃতম্। সুতেন বিপথগামিনা, বিপরিবর্ত্ততে আশ্রয়তি ॥৬৪॥

মদ্দুঃখেন ত্বমপি দুঃখিত এব ভবিষ্যসীত্যাহ নেতি। জল্পতি উক্তবিধং ব্রবীতি ॥৬৫॥

য ইতি। বক্তুং পরদুঃখে দুঃখং নেতি শেষঃ, উৎসহেৎ শক্নুয়াৎ। রসজ্ঞ আস্বাদবিৎ ॥৬৬॥

প্রাণ সকলেরই প্রিয় এবং পুত্রও সকলেরই প্রিয়, সকলেই দুঃখের ভয় করে এবং সকলেরই সুখ অভীষ্ট হইয়া থাকে ॥৬২॥

রাজা ব্রহ্মদত্ত! জরা দুঃখ উৎপাদন করে, অর্থনাশ দুঃখ জন্মাইয়া থাকে, অপ্রিয়-সংযোগ দুঃখজনক হয় এবং প্রিয়বিয়োগও দুঃখের হেতু হইয়া থাকে ॥৬৩॥

বধ ও বন্ধন দুঃখ উৎপাদন করে, স্ত্রী ও ভ্রাতা দুঃখ উৎপাদন করিয়া থাকে এবং পুত্রও দুঃখ জন্মাইয়া থাকে, এই দুঃখগুলি লোকের সর্ব্বদাই হয় ॥৬৪॥

কতকগুলি নির্ব্বোধ লোক বলে—'পরদুঃখে দুঃখ হয় না'; কিন্তু যে দুঃখ জানে না, সে-ই প্রধান লোকদের নিকটে ঐরূপ বলে ॥৬৫॥

যে দুঃখার্ত্ত হইয়া শোক করে, নিজের ও পরের সমস্ত দুঃখের রসজ্ঞ সেই লোক কি প্রকারে ঐরূপ বলিতে সমর্থ হয়? ॥৬৬॥

আবয়োঃ কৃতমন্যোন্যং পুনঃ সন্ধির্ন বিদ্যতে।
স্মৃত্বা স্মৃত্বা হি তে পুত্রং নবং বৈরং ভবিষ্যতি ॥৬৮॥
বৈরমন্তিকমাসাদ্য যঃ প্রীতিং কর্ত্তুমিচ্ছতি।
মৃন্ময়স্যেব ভগ্নস্য যথা সন্ধির্ন বিদ্যতে ॥৬৯॥
নিশ্চয়ঃ স্বার্থশাস্ত্রেষু বিশ্বাসশ্চাসুখোদয়ঃ।
উশনা চৈব গাথে দ্বে প্রহ্লাদায়াব্রবীৎ পুরা ॥৭০॥
যে বৈরিণঃ শ্রদ্দধতে সত্যে সত্যেতরেঽপি বা।
বধ্যন্তে শ্রদ্দধানাস্তু মধু শুষ্কতৃণৈর্যথা ॥৭১॥

ভারতকৌমুদী

যদিতি। যৎ পুত্রনাশনম্, ত্বয়া ত্বৎপুত্রেণ। ব্যপোহিতুং নাশয়িতুম্, তাং ক্ষতিং পূরয়িতুমিত্যর্থঃ ॥৬৭॥

আবয়োরিতি। কৃতমনিষ্টম্, সন্ধ্যসম্ভবে হেতুমাহ স্মৃত্বেতি ॥৬৮॥

বৈরমিতি। অন্তিকং সমীপস্থম্, সদ্যো জাতমিত্যর্থঃ। যথা ভগ্নস্য মৃন্ময়স্য দগ্ধপাত্রস্য তথা সন্ধির্ন বিদ্যত ইতি তাৎপর্য্যম্ ॥৬৯॥

নিশ্চয় ইতি। স্বার্থশাস্ত্রেষু নীতিশাস্ত্রেষু অয়ং নিশ্চয়ঃ। যৎ, বিশ্বাসঃ অসুখস্য দুঃখস্য উদয় উৎপত্তির্যস্মাৎ সঃ। উশনা শুক্রঃ, দ্বে গাথে গানবৎপ্রচারযোগ্যং বাক্যদ্বয়ম্ ॥৭০॥

তদ্‌গাথাদ্বয়ং ক্রমেণাহ য ইতি। যে জনাঃ, বৈরিণঃ শত্রোঃ, সত্যে সত্যেতরে মিথ্যারূপেঽপি বা বাক্যে, শ্রদ্দধতে বিশ্বসন্তি, তে জনাঃ, শুষ্কতৃণৈরাচ্ছন্নং গভীরকূপস্থং মধু, শ্রদ্দধানাঃ কৌতুকাক্রান্তবালবাক্যাদ্‌বিশ্বসন্তস্তত্র পতন্তো যথা তথা বধ্যন্তে ॥৭১॥

ভারতভাবদীপঃ

॥৫১—৫২॥ ক্ষম ক্ষমস্ব ॥৫৩—৫৬॥ কস্মাদ্ধর্ম্মোঽস্তি কর্ত্তৃষু তদা বিধিনিষেধকথা ব্যর্থা স্যাদিতি ভাবঃ ॥৫৭—৬৩॥ সুতেন নষ্টেন বা ॥৬৪—৬৭॥ কৃতমলং পর্য্যাপ্তং সখ্যমিতি শেষঃ ॥৬৮—৭০॥ বৈরিণো

শত্রুদমনকারী রাজা! আমি আপনার যে ক্ষতি করিয়াছি এবং আপনার পুত্র আমার যে ক্ষতি করিয়াছে, তাহা শত শত বৎসরেও পূর্ণ করিতে পারা যাইবে না ॥৬৭॥

আমরা পরস্পর ক্ষতি করিয়াছি; সুতরাং আর আমাদের সন্ধি হইতে পারে না। কারণ, পুত্রটীকে স্মরণ করিয়া করিয়াই আপনার শত্রুতা নূতন হইয়া উঠিবে ॥৬৮॥

যে লোক নূতন শত্রুতা অনুভব করিয়া আবার প্রণয় করিবার ইচ্ছা করে, ভগ্ন মৃন্ময় পাত্রের ন্যায় তাহার সন্ধি হয় না ॥৬৯॥

নীতিশাস্ত্রে ইহাই নিশ্চয় করা আছে যে, বিশ্বাস হইতে দুঃখ উৎপন্ন হয়। এই বিষয়ে পূর্ব্বকালে শুক্রাচার্য্য প্রহ্লাদের নিকট দুইটী গাথা বলিয়াছিলেন—॥৭০॥

নহি বৈরাণি শাম্যন্তি কুলে দুঃখগতানি চ।
আখ্যাতারশ্চ বিদ্যন্তে কুলে বৈ খ্রিয়তে পুমান্ ॥৭২॥
উপগৃহ্য তু বৈরাণি সান্ত্বয়ন্তি নরাধিপ!।
অথৈনং প্রতিপিংষন্তি পূর্ণং ঘটমিবাশ্মনি ॥৭৩॥
সদা ন বিশ্বসেদ্রাজন্! পাপং কৃত্বেহ কস্যচিৎ।
অপকৃত্য পরেষাং হি বিশ্বাসাদ্দুঃখমশ্নুতে ॥৭৪॥

ব্রহ্মদত্ত উবাচ।

নাবিশ্বাসাদ্বিন্দতেঽর্থানীহন্তে চাপি কিঞ্চন।
ভয়াত্ত্বেকতরান্নিত্যং মৃতকল্পা ভবন্তি চ ॥৭৫॥

ভারতকৌমুদী

নহীতি। দুঃখগতানি জনকতয়া দুঃখং প্রাপ্তানি দুঃখজনকানীত্যর্থঃ, বৈরাণি কুলে নহি শাম্যন্তি, অপি তু কুলপরম্পরৈব প্রচলন্তীতি তাৎপর্য্যম্। নন্থ বৃদ্ধানাং মরণে শিশূনাং জননে চ তেষু শিশুষু তদ্বৈরসংবাদঃ কথমাগচ্ছতীত্যাহ আখ্যাতার ইতি। কুলে বংশে, পুমান্ খ্রিয়তে তিষ্ঠতি। অতএব তস্মিন্ পুংসি আখ্যাতারস্তদ্বৈরসংবাদবক্তারশ্চ বিদ্যন্তে। তেষু শিশুষু ক্রমেণ বর্দ্ধমানেষু অন্যে তদ্বৈরসংবাদং ক্রবন্তীত্যর্থঃ। অতএব বৈরাণি কুলপরম্পরৈব প্রচলন্তীতি ভাবঃ ॥৭২॥

উপেতি। হে নরাধিপ! খলা লোকাঃ খলু বৈরাণি উপগৃহ্য পরং বৈরিণং সান্ত্বয়ন্তি। অথাবসরপ্রাপ্তৌ অশ্মনি পাষাণে জলাদিভিঃ পূর্ণং মৃন্ময়ং ঘটমিব এনং বৈরিণং প্রতিপিংষন্তি চূর্ণয়ন্তি ॥৭৩॥

সদেতি। পাপমনিষ্টম্। অশ্নুতে অনুভবতি ॥৭৪॥

'এই শুষ্ককূপে তৃণাবৃত মধু রহিয়াছে' এইরূপ কৌতুকী বালকের বাক্যে বিশ্বাস করিয়া, সেই কূপপ্রবিষ্ট লোক যেমন নিহত হয়, সেইরূপ শত্রুর সত্য বা মিথ্যাবাক্যে যাহারা বিশ্বাস করে, তাহারাও নিহত হয় ॥৭১॥

দুঃখজনক শত্রুতা বংশে কখনও নিবৃত্তি পায় না। কারণ, বক্তা লোকেরাও থাকে, আবার বংশে পুরুষও থাকে ॥৭২॥

নরনাথ! খলপ্রকৃতি লোকেরা শত্রুতা ঘটাইয়া শত্রুর সহিত মধুর আলাপ করে, তাহার পর মানুষ যেমন জলপূর্ণ মৃন্ময় কুম্ভ প্রস্তরের উপরে নিপাতিত করিয়া চূর্ণ করে, সেইরূপ সেই শত্রুকে অবসরক্রমে চূর্ণ করে ॥৭৩॥

রাজা! এই জগতে কাহারও অনিষ্ট করিয়া সর্ব্বদাই তাহার উপরে বিশ্বাস করিবে না। কারণ, পরের অপকার করিয়া বিশ্বাস করিলে লোক দুঃখভোগ করে' ॥৭৪॥

(৭৪) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

পূজন্যুবাচ।

যস্যেহ ব্রণিনৌ পাদৌ পদ্ভ্যাঞ্চ পরিধাবতঃ।
খন্যেতে তস্য তৌ পাদৌ সুগুপ্তমপি ধাবতঃ ॥৭৬॥
নেত্রাভ্যাং সরুজাভ্যাং যঃ প্রতিবাতমুদীক্ষতে।
তস্য বায়ুরুজাত্যর্থং নেত্রয়োর্ভবতি ধ্রুবম্ ॥৭৭॥
দুষ্টং পন্থানমাসাদ্য যো মোহাদভিপদ্যতে।
আত্মনো বলমজ্ঞাত্বা তদন্তং তস্য জীবিতম্ ॥৭৮॥
যস্তু বর্ষমবিজ্ঞায় ক্ষেত্রং কর্ষতি কর্ষকঃ।
হীনঃ পুরুষকারেণ তস্য বৈ নাপ্নুতে ফলম্ ॥৭৯॥

ভারতকৌমুদী

যুধিষ্ঠিরপৃষ্টমেব পৃচ্ছতি নেতি। লোকঃ সর্ব্বত্রাবিশ্বাসাৎ অর্থান্ প্রয়োজনবিষয়ান্ ন বিন্দতে ন লভতে, কিঞ্চ কেঽপি কিঞ্চনাপি নেহন্তে চেষ্টিতুং কর্ত্তুং শক্নুবন্তি। অপি চ সর্ব্ব এব সর্ব্বত্রা-বিশ্বাসেন একতরাদ্‌ভয়াৎ হননাশঙ্কাবশাৎ নিত্যং মৃতকল্পা ভবন্তি তিষ্ঠন্তি চ। তৎসর্ব্বত্রাবিশ্বাসঃ কথং করণীয়ঃ স্যাদিত্যাশয়ঃ ॥৭৫॥

যস্যেতি। ব্রণিনৌ ব্রণযুক্তৌ ক্ষতৌ। খন্যেতে অবদার্য্যেতে, সুগুপ্তং সুরক্ষিতং সাবধানং যথা স্যাত্তথা ॥৭৬॥

নেত্রাভ্যামিতি। রুজয়া রোগেণ সহেতি তাভ্যাম্, প্রতিবাতং বায়ুপ্রতিকূলম্। বায়ুরুজা বায়ুজনিতরোগঃ ॥৭৭॥

দুষ্টমিতি। দুষ্টং বিষকণ্টকাদিনা বিষমীকৃতম্, অভিপদ্যতে চলতি ॥৭৮॥

য ইতি। বর্ষং বৃষ্টিম্। ফলং শস্যাদিকম্ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

বাক্যে ইতি শেষঃ। শক্রুনা দর্শিতং পুরঃস্থিতং মধু শ্রদ্দধানাঃ শুষ্কতৃণৈশ্ছন্নে প্রপাতে যথা পতন্তি তদ্বদেতে ইত্যর্থঃ ॥৭১—৭৪॥ সর্ব্বথানাশ্বাসে নৃণাং জীবনমেব ন স্যাদিত্যাহ—নেতি ॥৭৫॥ স্বয়ং

ব্রহ্মদত্ত বলিলেন—'সর্ব্বত্র অবিশ্বাস করিলে কিছুই ত লাভ করা যায় না, কোন কার্য্যই ত করা চলে না। বিশেষতঃ, অবিশ্বাসবশতঃ একের ভয়ে সকলেরই সর্ব্বদা মৃতকল্প হইয়া থাকিতে হয়' ॥৭৫॥

পূজনী বলিল—'যাহার দুই চরণেই ক্ষত রহিয়াছে, অথ চ সে সেই চরণদ্বারাই চলে, তাহা হইলে সে সাবধানে চলিতে লাগিলেও তাহার চরণ বিদীর্ণ হইতে থাকে ॥৭৬॥

যে লোক রুগ্‌ণ নয়নদ্বারা বায়ুর প্রতিকূলে দৃষ্টিপাত করে, তাহার নয়নে নিশ্চয়ই আবার বায়ুজনিত রোগও জন্মে ॥৭৭॥

যে লোক নিজের শক্তি না জানিয়া, মোহবশতঃ দূষিতপথে উপস্থিত হইয়া চলিতে আরম্ভ করে, সেই পর্য্যন্তই তাহার জীবন থাকে ॥৭৮॥

যস্তু তিক্তং কষায়ং বাঽস্বাদু বা মধুরং হিতম্।
আহারং কুরুতে নিত্যং সোঽমৃতত্বায় কল্পতে ॥৮০॥
পথ্যং মুক্ত্বা তু যো মোহাদ্দুষ্টমশ্নাতি ভোজনম্।
পরিণামমবিজ্ঞায় তদন্তং তস্য জীবিতম্ ॥৮১॥
দৈবং পুরুষকারশ্চ স্থিতাবন্যোন্যসংশ্রয়াৎ।
উদারাণান্তু সৎ কর্ম্ম দৈবং ক্লীবা উপাসতে ॥৮২॥
কর্ম্ম চাত্মহিতং কার্য্যং তীক্ষ্ণং বা যদি বা মৃদু।
গ্রস্যতেঽকর্ম্মশীলস্তু সদাঽনর্থৈরকিঞ্চনঃ ॥৮৩॥
তস্মাৎ সর্ব্বং ব্যপোহ্যার্থং কার্য্য এব পরাক্রমঃ।
সর্ব্বস্বমপি সংত্যজ্য কার্য্যমাত্মহিতং নরৈঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

য ইতি। অমৃতত্বায় অমরণায় দীর্ঘজীবনলাভায়েত্যর্থঃ, কল্পতে শক্নোতি ॥৮০॥

পথ্যমিতি। মুক্ত্বা ত্যক্ত্বা, অশ্নাতি খাদতি, ভুজ্যত ইতি ভোজনং খাদ্যম্ ॥৮১॥

দৈবমিতি। অন্যোন্যসংশ্রয়াৎ দৈবপুরুষকারোভয়াবলম্বনাৎ। উদারাণাং মহতাম্, সৎ কর্ম্ম প্রবর্ত্ততে, ক্লীবা হীনবীর্য্যাঃ ॥৮২॥

কর্ম্মেতি। কার্য্যং কর্ত্তব্যম্, গ্রস্যতে আশ্রীয়তে ॥৮৩॥

তস্মাদিতি। ব্যপোহ্য বিহায়, অর্থং বিষয়ম্, কার্য্যঃ কর্ত্তব্যঃ, পরাক্রম উদ্যমঃ ॥৮৪॥

পুরুষকারহীন যে কৃষক বৃষ্টির লক্ষণ না জানিয়াই ক্ষেত্র কর্ষণ করে, সে তাহার ফল পায় না ॥৭৯॥

তিক্তই হউক বা কষায়ই হউক কিংবা অস্বাদু বা সুস্বাদুই হউক, যে লোক দেহের হিতকর বস্তু প্রত্যহ ভোজন করে, সে লোক দীর্ঘকাল জীবন ধারণ করে ॥৮০॥

যে লোক মোহবশতঃ হিতকর বস্তু পরিত্যাগ করিয়া, পরিণাম না বুঝিয়া দূষিত বস্তু ভোজন করে, সেই পর্য্যন্তই তাহার জীবন থাকে ॥৮১॥

দৈব আছে, পুরুষকারও রহিয়াছে; সুতরাং মহাপুরুষেরা সেই দুইটীকে অবলম্বন করিয়াই কার্য্য করেন, আর কাপুরুষেরা কেবল দৈবেরই উপাসনা করে ॥৮২॥

কার্য্য কষ্টসাধ্যই হউক বা সুখসাধ্যই হউক, নিজের হিতজনক হইলে তাহাই করিবে; কিন্তু নিষ্কর্ম্মা ও নিঃস্বলোককে অনর্থ আসিয়া সর্ব্বদাই গ্রাস করে ॥৮৩॥

অতএব মানুষ সমস্ত বিষয় পরিত্যাগ করিয়া, উদ্যমই করিতে থাকিবে এবং অন্য সমস্ত বিষয় পরিত্যাগ করিয়া, নিজের হিতসাধনই করিবে ॥৮৪॥

বিদ্যা শৌর্য্যঞ্চ দাক্ষ্যঞ্চ বলং ধৈর্য্যঞ্চ পঞ্চমম্ ।
মিত্রাণি সহজান্যাহুর্বর্ত্তয়ন্তীহ তৈর্বুধাঃ ॥৮৫॥
নিবেশনঞ্চ কুপ্যঞ্চ ক্ষেত্রং ভার্য্যা সুহৃজ্জনঃ ।
এতান্যুপহিতান্যাহুঃ সর্ব্বত্র লভতে পুমান্ ॥৮৬॥
সর্ব্বত্র রমতে প্রাজ্ঞঃ সর্ব্বত্র চ বিরাজতে ।
ন বিভীষয়তে কশ্চিদ্ভীষিতো ন বিভেতি চ ॥৮৭॥
নিত্যং বুদ্ধিমতোঽপ্যর্থঃ স্বল্পকোঽপি বিবর্দ্ধতে ।
দাক্ষ্যেণ কুর্ব্বতঃ কর্ম্ম সংযমাৎ প্রতিতিষ্ঠতি ॥৮৮॥
গৃহস্নেহাববদ্ধানাং নরাণামল্পমেধসাম্ ।
কুস্ত্রী খাদতি মাংসানি মাঘমাসে গবামিব ॥৮৯॥

ভারতকৌমুদী

বিদ্যেতি। দাক্ষ্যং নৈপুণ্যম্। সহজানি স্বাভাবিকানি, বর্ত্তয়ন্তি জীবিকাং নির্ব্বাহয়ন্তি ॥৮৫॥

নিবেশনমিতি। নিবেশনং গৃহম্, কুপ্যং সুবর্ণরজতাভ্যামন্যদ্ধনম্। উপহিতানি উপধিমিত্রাণি তত্তৎ কালে চেষ্টয়া সংগ্রাহ্যত্বাৎ ॥৮৬॥

সর্ব্বত্রেতি। রমতে মোদতে। বিভীষয়তে ভীতং কর্ত্তুমিচ্ছতি ॥৮৭॥

নিত্যমিতি। অর্থো ধনম্। সংযমাৎ ব্যয়সঙ্কোচাৎ, প্রতিতিষ্ঠতি অর্থঃ স্থিতিং লভতে ॥৮৮॥

ভারতভাবদীপঃ

দোষবতী অহং নির্দ্দোষমপি ত্বয়া সহ বাসং কর্ত্তুং ন শক্নোমীত্যাহ দৃষ্টান্তমুখেন—যস্যেত্যাদিনা ॥৭৬—৮২॥ অকর্ম্মশীল ইতি চ্ছেদঃ ॥৮৩॥ অর্থং কালদৈবস্বভাবাখ্যাম্ ॥৮৪॥ বলং স্বৈরাগ্যম্ ॥৮৫। কুপ্যং তাম্রাদি চাদকুপ্যং স্বর্ণরত্নাদি, উপহিতান্যুপধিমিত্রাণি। ৮৬॥ বিদ্যাদীনাং ফলানি ক্রমেণাহ—সর্ব্বত্রেতি । কশ্চিত্তমিতি শেষঃ ॥৮৭॥ দাক্ষ্যেণ বর্দ্ধতে সংযমাদ্দাক্ষ্যসঙ্কোচাৎ

মনস্বীরা বলেন—বিদ্যা, বীরত্ব, কার্য্যনৈপুণ্য, শক্তি ও ধৈর্য্য—এই পাঁচটী স্বাভাবিক মিত্র। বুদ্ধিমান্ লোকেরা সেইগুলিদ্বারাই জীবিকানির্ব্বাহ করেন ॥৮৫॥

আর গৃহ, স্বর্ণ ও রৌপ্য ভিন্ন অন্য দ্রব্য, ভূমি, ভার্য্যা ও বন্ধুজন—এই পাঁচটী অস্বাভাবিক মিত্র। মানুষ এগুলি সর্বত্রই লাভ করিয়া থাকে ॥৮৬॥

বুদ্ধিমান্ লোক সর্বত্রই আনন্দ অনুভব করেন, সর্বত্রই গৌরবান্বিত হন এবং কেহই তাঁহার ভয় উৎপাদন করে না বা করিলেও তিনি ভীত হন না ॥৮৭॥

বুদ্ধিমান্ লোক সর্বদা বিবেচনাপূর্ব্বক কার্য্য করিতে থাকিলে, তাঁহার ধন অল্প হইলেও তাহা বৃদ্ধি পাইতে থাকে এবং তিনি ব্যয়সঙ্কোচ করিলে তাঁহার সে ধন থাকিয়াই যায় ॥৮৮॥

(৮৯)···কুস্ত্রী খাদতি মাংসানি মাঘমাং সেগবা ইব—বঙ্গ বর্দ্ধ নি।

গৃহং ক্ষেত্রাণি মিত্রাণি স্বদেশ ইতি চাপরে।
ইত্যেবমবসীদন্তি নরা বুদ্ধিবিপর্য্যয়ে ॥৯০॥
উৎপতেৎ সহজাদ্দেশাদ্ব্যাধিদুর্ভিক্ষপীড়িতাৎ।
অন্যত্র বস্তুং গচ্ছেদ্বা বসেদ্বা নিত্যমানিতঃ ॥৯১॥
তস্মাদন্যত্র যাস্যামি বস্তুং নাহমিহোৎসহে।
কৃতমেতদনার্য্যং মে তব পুত্রে চ পার্থিব! ॥৯২॥

ভারতকৌমুদী

বুদ্ধিমতোঽবস্থামভিধায় নির্বুদ্ধেরবস্থামভিধত্তে গৃহেতি। কুস্ত্রী ম্লেচ্ছনারী, মাঘমাসে গবাং ধেনূনামিব, কুস্ত্রী দুর্দ্ধর্ষা ভার্য্যা, গৃহস্নেহাববদ্ধানাম্ অল্পমেধসাম্ অল্পবুদ্ধীনাম্, নরাণাম, মাংসানি খাদতীব, সর্ব্বদা কটুবাক্যাদিনা নিতরামেব সন্তাপং জনয়তীত্যর্থঃ। ভীষণশীতপ্রধানে হি মাঘমাসে প্রায়েণান্যেঽপি সুস্বাদুতয়া খাদ্যানি মাংসানি খাদন্তি, ম্লেচ্ছনার্য্যস্তু বাহুল্যেন গোমাংসান্যেব খাদন্তীতি প্রত্যক্ষসিদ্ধ এবার্থোঽভিহিতঃ। এতেন 'মাঘমাং সেগবা ইব' ইতি পাঠমঙ্গীকৃত্য মাঘমাং কর্কটীম্, সেগবাস্তদপত্যানি ইতি নীলকণ্ঠেন যদ্ব্যাখ্যাতং তৎপ্রমাণাভাবাৎ পরিহেয়ম্ ॥৮৯॥

গৃহমিতি। অপরে বুদ্ধিমন্তোঽপি বুদ্ধের্বিপর্য্যয়ে স্বগৃহাদৌ স্নেহাতিরেকেণ বিলোপে অবসীদন্তি ধনার্জনাদ্যভাবেন স্বগৃহ এব তিষ্ঠন্তঃ ক্লেশমনুভবন্তীত্যর্থঃ ॥৯০॥

উৎপাতে কিং কর্ত্তব্যমিত্যাহ উৎপতেদিতি। উৎপতেৎ উৎপত্যেব তূর্ণং ব্রজেৎ, সহজাৎ স্বকীয়াৎ। বস্তুং চিরায় স্থাতুম্, নিত্যমানিতঃ স্বদেশীয়ৈঃ। স্বদেশীয়ানামাগ্রহাতিরেকেণ সাবধানতয়া বসেদ্বেতি ভাবঃ ॥৯১॥

ইদানীং পূজনী স্বকর্ত্তব্যমাহ তস্মাদিতি। তস্মাৎ ত্বৎপীড়নাশঙ্কাবশাৎ। অনার্য্যম্ অসজ্জনোচিতং কার্য্যম্, মে ময়া ॥৯২॥

ভারতভাবদীপঃ

প্রতিতিষ্ঠতি প্রতিষ্ঠাং স্থিতিমেব গচ্ছতি বর্দ্ধত ইত্যর্থঃ।৮৮। বলহীনস্যাবস্থামাহ—গৃহেতি। খাদতি স্বাপরাধৈস্তং সন্তাপয়তি শুষ্কং করোতি। মাঘমাং কর্কটীং সেগবাস্তদপত্যানি কর্কট্যা নশহেতু-

পক্ষান্তরে অল্পবুদ্ধি লোক গৃহস্নেহে আবদ্ধ হইয়া পড়িলে, ম্লেচ্ছস্ত্রী যেমন মাঘমাসে প্রায়ই গোমাংস খায়, সেইরূপ তাহার কুভার্য্যা প্রায়ই তাহার মাংস খাইয়া থাকে (সর্ব্বদা কটুবাক্যদ্বারা তাহাকে যাতনা দিতে থাকে) ॥৮৯॥

অন্য বুদ্ধিমান্ লোকেরাও বুদ্ধির বিপর্য্যয় ঘটিলে 'আমার গৃহ, আমার ক্ষেত্র, আমার মিত্র ও আমার দেশ' এইরূপ ভাবিয়া (দেশেই থাকিয়া) দারিদ্র্যের যাতনায় অবসন্ন হইয়া থাকেন ॥৯০॥

অতএব নিজের দেশ রোগে বা দুর্ভিক্ষে পীড়িত হইলে, তথা হইতে কিছুকালের জন্য সত্বর চলিয়া যাইবে কিংবা চিরকালের জন্যই অন্যত্র বাস করিবার নিমিত্ত গমন করিবে; আর দেশবাসীরা গৌরব করিয়া সর্ব্বদা রাখিতে চাহিলে, সাবধানে সেই দেশেই থাকিবে ॥৯১॥

কুভার্য্যাঞ্চ কুপুত্রঞ্চ কুরাজানং কুসৌহৃদম্ ।
কুসম্বন্ধং কুদেশঞ্চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥৯৩॥
কুপুত্রে নাস্তি বিশ্বাসঃ কুভার্য্যায়াং কুতো রতিঃ ।
কুরাজ্যে নির্বৃতির্নাস্তি কুদেশে নাস্তি জীবিকা ॥৯৪॥
কুমিত্রে সঙ্গতির্নাস্তি নিত্যমস্থিরসৌহৃদে ।
অবমানঃ কুসম্বন্ধে ভবত্যর্থবিপর্য্যয়ে ॥৯৫॥
সা ভার্য্যা যা প্রিয়ং ব্রূতে স পুত্রো যত্র নির্বৃতিঃ ।
তন্মিত্রং যত্র বিশ্বাসঃ স দেশো যত্র জীব্যতে ॥৯৬॥
যত্র নাস্তি বলাৎকারঃ স রাজা তীব্রশাসনঃ ।
সদৈব নাস্তি ভীরেব দরিদ্রং যো বুভূষতি ॥৯৭॥

ভারতকৌমুদী

উক্তার্থে কারণান্তরমপ্যাহ কুভার্য্যামিতি। পুত্রশোকেন দূষিতচিত্ততয়া ত্বমিদানীং কুৎসিতো রাজৈবাসীতি ভাবঃ ॥৯৩॥

কুপুত্র ইতি। নির্বৃতিঃ সুখম্। ইদানীং কুরাজাধীনত্বাৎ কুরাজ্যমেবেদমিত্যাশয়ঃ ॥৯৪॥

কুমিত্র ইতি। সঙ্গতিঃ সম্মেলনম্। অর্থবিপর্য্যয়ে ধনক্ষয়ে ॥৯৫॥

সেতি। নির্বৃতিঃ সুখম্। জীব্যতে জীবিকানির্ব্বাহোপযোগিধনং লভ্যতে ॥৯৬॥

অতএব রাজা! আমি আর এখানে থাকিতে ইচ্ছা করি না, বাস করিবার জন্য অন্যত্রই যাইব। কারণ, আমি আপনার পুত্রের উপরে এটা অসজ্জনোচিত কার্য্যই করিয়া ফেলিয়াছি ॥৯২॥

কেননা, কুভার্য্যা, কুপুত্র, কুরাজা, কুবন্ধু, কুসম্বন্ধ ও কুদেশ দূর হইতেই পরিত্যাগ করিবে ॥৯৩॥

যেহেতু, কুপুত্রে বিশ্বাস থাকে না, কুভার্য্যায় রতি হইতে পারে না, কুরাজ্যে শান্তি থাকে না এবং কুদেশে জীবিকানির্বাহ হয় না ॥৯৪॥

কুমিত্রের সহিত সৌহার্দ্দ্য স্থায়ী হয় না; সুতরাং তাহার সহিত সর্বদা সম্মেলনও হইতে পারে না এবং ধন নষ্ট হইলে কুসম্বন্ধে অপমানই হইয়া থাকে ॥৯৫॥

যে প্রিয়বাক্য বলে, সে-ই ভার্য্যা, যাহাতে সুখশান্তি হয়, সে-ই পুত্র, যাহার উপরে বিশ্বাস করা যায়, সে-ই মিত্র এবং যেখানে জীবিকানির্বাহ হইতে পারে, সে-ই দেশ ॥৯৬॥

(৯৭) ··ভীরেব নাস্তি সম্বন্ধো দরিদ্রং যো বুভূষতে—বঙ্গ বর্দ্ধ নি

ভার্য্যা দেশোঽথ মিত্রাণি পুত্রসম্বন্ধিবান্ধবাঃ।
এতে সর্ব্বে গুণবতি ধর্ম্মনেত্রে মহীপতৌ ॥৯৮॥
অধর্ম্মজ্ঞস্য বিলয়ং প্রজা গচ্ছন্তি নিগ্রহাৎ।
রাজা মূলং ত্রিবর্গস্য স্বপ্রমত্তোঽনুপালয়েৎ ॥৯৯॥
বলিষড়্ভাগমুদ্ধৃত্য বলিং সমুপযোজয়েৎ।
ন রক্ষতি প্রজাঃ সম্যগ্ যঃ স পার্থিবতস্করঃ ॥১০০॥

ভারতকৌমুদী

যত্রেতি। যত্র রাজনি, বলাৎকারো বলেন প্রজাপীড়নং নাস্তি, তত্র সদৈব ভীরেব নাস্তি, যশ্চ রাজা দরিদ্রং জনম্, বুভূষতি ভবিতুং পালনেন প্রাপ্তুমিচ্ছতি, তীব্রশাসনোঽপি স এব রাজা ॥৯৭॥

ভার্য্যেতি। মহীপতৌ রাজনি, গুণবতি দয়াদাক্ষিণ্যাদিমতি, ধর্ম্মস্য নেতা প্রাপয়িতেতি ধর্ম্মনেত্রস্তস্মিংশ্চ সতি, এতে ভার্য্যাদয়ঃ সর্ব্বেঽপি গুণবন্তো ভবন্তীতি শেষঃ, রাজশাসনভয়াদিতি ভাবঃ ॥৯৮॥

অধর্ম্মেতি। অধর্ম্মজ্ঞস্য রাজ্ঞঃ, প্রজা নিগ্রহাৎ পীড়নাৎ বিলয়ং গচ্ছন্তি। যেন হি ত্রিবর্গস্য প্রজাধর্ম্মার্থকামানাং রাজৈব মূলং কারণম্। অতএব রাজা স্বপ্রমত্তঃ সুতরাং সাবধানঃ সন্ প্রজা অনুপালয়েৎ ॥৯৯॥

বলিমিতি। যো রাজা, বলীনাং শস্যাদীনাং ষড়্ভাগমুদ্ধৃত্য আনীয়, বলিং স্বভোগ্যং সমুপযোজয়েৎ কুর্য্যাৎ; অথ চ প্রজাঃ সম্যক্ ন রক্ষতি, স পার্থিবেষু রাজসু তস্করঃ, স্বভোগায়ৈব পরদ্রব্যহরণাৎ ॥১০০॥

ভারতভাবদীপঃ

গর্ভ এবেতি প্রসিদ্ধম্ ॥৮০॥ নির্বৈর্ধ্যস্যাহ—গৃহমিতি ॥৯০—৯১॥ মে ময়া ॥৯২—৯৬॥ যত্রেতি। যত্র দেশে বলাৎকারো নাস্তি তত্র ভীরেব নাস্তি যো রাজা দরিদ্রং জনং বুভূষতি পালয়িতুমিচ্ছতি স এব তেন সহ পাল্যপালকভাবলক্ষণঃ সম্বন্ধ ইতি যোজ্যম্ ॥৯৭॥ ধর্ম্মনেত্রো ধর্ম্মনেতা ॥৯৮॥ নিগ্রহাদ্বন্দীরূপাৎ ন তু স্বেচ্ছয়া, স্বপ্রমত্তঃ সুতরামপ্রমত্তঃ ॥৯৯॥ সমুপযোজয়েদ্ভক্ষয়েৎ, অথ চ ন

যিনি বলপূর্ব্বক প্রজাপীড়ন করেন না এবং দরিদ্র ব্যক্তিকে পালন করিবার ইচ্ছা করেন, তীব্রশাসন করিলেও তিনিই রাজা এবং তাঁহা হইতে কখনও ভয় হয় না ॥৯৭॥

রাজা গুণবান্ ও ধর্ম্মের পরিচালক হইলে ভার্য্যা, দেশ, মিত্র, পুত্র, সম্বন্ধী ও বন্ধুবর্গ—এই সমস্তই গুণবান্ হইয়া থাকে ॥৯৮॥

আর রাজা অধার্ম্মিক হইলে, তাঁহার পীড়নে প্রজারা লয় পায়। কারণ, রাজাই প্রজাগণের ধর্ম্ম, অর্থ ও কামের মূল; সুতরাং রাজা অত্যন্ত সাবধান হইয়া প্রজাপালন করিবেন ॥৯৯॥

দত্ত্বাঽভয়ং যঃ স্বয়মেব রাজা ন তৎ প্রমাণং কুরুতেঽর্থলোভাৎ।
স সর্ব্বলোকাদুপলভ্য পাপং সোঽধর্ম্মবুদ্ধির্নিরয়ং প্রয়াতি ॥১০১॥
দত্ত্বাঽভয়ং স্বয়ং রাজা প্রমাণং কুরুতে যদি।
স সর্ব্বং সুখমাপ্নোতি প্রজা ধর্ম্মেণ পালয়ন্ ॥১০২॥
মাতা পিতা গুরুর্গোপ্তা বহ্নির্বৈশ্রবণো যমঃ।
সপ্ত রাজ্ঞো গুণানেতান্ মনুরাহ প্রজাপতিঃ ॥১০৩॥
পিতা হি রাজা রাষ্ট্রস্য প্রজানাং যোঽনুকম্পনঃ।
তস্মিন্মিথ্যাবিনীতো হি তির্য্যগ্ গচ্ছতি মানবঃ ॥১০৪॥

ভারতকৌমুদী

দত্ত্বেতি। যো রাজা, স্বয়মেব প্রজাসু দুর্ভিক্ষাদৌ অভয়ং দত্ত্বা, পরঞ্চ অর্থলোভাৎ ধনরক্ষণোৎকটেচ্ছাবশাৎ তদভয়দানং প্রমাণং সত্যং ন কুরুতে স রাজা অধর্ম্মবুদ্ধিঃ প্রখ্যায়তে। কিঞ্চ স রাজা, সর্ব্বলোকাৎ পাপমুপলভ্য নিরয়ং প্রয়াতি। তদ্ধনং গৃহীত্বাপি তদুপকারাকরণাৎ ॥১০১॥

দত্ত্বেতি। প্রমাণং তদভয়দানং সত্যম্ ॥১০২॥

মাতেতি। মাতুর্গুণঃ প্রজাসু স্নেহঃ, পিতুর্গুণঃ শিক্ষাদানম্, গুরোর্গুণঃ সদুপদেশঃ, গোপ্তা রক্ষিতা তদ্গুণো ভয়নিবারণম্, বহ্নের্গুণস্তেজঃপ্রকাশঃ, বৈশ্রবণো কুবেরঃ, তদ্গুণো ধনার্পণেন দারিদ্র্যমোচনম্, যমস্য গুণশ্চ ন্যায্যো দণ্ডঃ ॥১০৩॥

এষাং স্বাভিমতান্ গুণানাহ স্বয়মেব ত্রিভিঃ। পিতেতি। অনুকম্পনো দয়াকর্ত্তা। মিথ্যাবিনীতো মিথ্যাবিনয়প্রদর্শকঃ, তির্য্যক্ তির্য্যগ্ যোনিম্ ॥১০৪॥

যে রাজা প্রজাদের নিকট হইতে শস্যপ্রভৃতির ছয়ভাগের একভাগ গ্রহণ করিয়া, তাহা নিজেই ভোগ করেন, অথ চ সমীচীনভাবে প্রজারক্ষা করেন না, তিনি রাজাদের মধ্যে চোর ॥১০০॥

যে রাজা নিজেই দুর্ভিক্ষপ্রভৃতির সময়ে প্রজাবর্গকে অভয়দান করিয়া, পরে ধনরক্ষার ইচ্ছায় সে অভয়দান সত্য করেন না, সেই রাজা অধর্ম্মবুদ্ধি বলিয়া প্রসিদ্ধ হন এবং তিনি সকল প্রজা হইতে পাপ গ্রহণ করিয়া, পরিশেষে নরকে গমন করেন ॥১০১॥

রাজা নিজে প্রজাবর্গকে অভয় দান করিয়া, তাহা যদি সত্য করেন, তাহা হইলে তিনি ধর্ম্মানুসারে প্রজা পালন করিতে থাকিয়া, সর্ব্বপ্রকার সুখ লাভ করেন ॥১০২॥

প্রজাপতি মনু বলেন—মাতা, পিতা, গুরু, রক্ষক, অগ্নি, কুবের ও যম—এই সাতজনের গুণ একমাত্র রাজাতে থাকে ॥১০৩॥

সম্ভাবয়তি মাতেব দীনমপ্যুপপদ্যতে।
দহত্যগ্নিরিবানিষ্টান্ যময়ন্নসতো যমঃ ॥১০৫॥
ইষ্টেষু বিসৃজন্নর্থান্ কুবের ইব কামদঃ।
গুরুর্ধর্ম্মোপদেশেন গোপ্তা চ পরিপালনাৎ ॥১০৬॥
যস্তু রঞ্জয়তে রাজা পৌরজানপদান্ গুণৈঃ।
ন তস্য ভ্রশ্যতে রাজ্যং গুণধর্ম্মানুপালনাৎ ॥১০৭॥
যঃ সম্যক্প্রতিগৃহ্লাতি পৌরজানপদার্চ্চনম্।
স সুখং প্রেক্ষতে রাজা ইহ লোকে পরত্র চ ॥১০৮॥
নিত্যোদ্বিগ্নাঃ প্রজা যস্য করভারপ্রপীড়িতাঃ।
অনর্থৈর্বিপ্রলুপ্যন্তে স গচ্ছতি পরাভবম্ ॥১০৯॥

ভারতকৌমুদী

সমিতি। সম্ভাবয়তি পালয়তি, উপপদ্যতে আদরেণ গৃহ্লাতি। অসতো জনান্ যময়ন্ দণ্ডার্থং বধ্নন্ যম ইব ভবতি ॥১০৫॥

ইষ্টেম্বিতি। বিসৃজন্ বিতরন্। সর্ব্বত্র রাজেতি সম্বন্ধঃ ॥১০৬॥

য ইতি। গুণৈর্দয়াদাক্ষিণ্যাদিভিঃ ॥১০৭॥

য ইতি। প্রতিগৃহ্লাতি অঙ্গীকরোতি। পরত্র চ লোকে ॥১০৮॥

নিত্যেতি। অনর্থৈর্দুর্ভিক্ষাদ্যুৎপাতৈঃ, বিপ্রলুপ্যন্তে সর্ব্বথা লয়ং গচ্ছন্তি, স রাজা ॥১০৯॥

কারণ, যিনি প্রজাবর্গের প্রতি দয়া করেন, সেই রাজা রাজ্যের পিতা। তাঁহার প্রতি যে মানুষ মিথ্যা বিনয় প্রকাশ করে, সে পরজন্মে তির্য্যগ্ যোনিতে জন্মগ্রহণ করে ॥১০৪॥

রাজা মাতার ন্যায় প্রজাকে পালন করেন, দীন ব্যক্তিকেও আদরপূর্ব্বক গ্রহণ করেন, অগ্নির ন্যায় অনিষ্ট বিনষ্ট করেন এবং যমের ন্যায় অসজ্জনের দণ্ড বিধান করেন ॥১০৫॥

এবং রাজা কুবেরের ন্যায় অর্থ বিতরণ করিয়া, প্রিয় ব্যক্তিগণের কামনা পূরণ করেন, গুরুর ন্যায় ধর্ম্মোপদেশ দিয়া থাকেন এবং পরিপালন করায় রক্ষক হন ॥১০৬॥

যে রাজা আপনগুণে পুরবাসিগণ ও দেশবাসিগণকে সন্তুষ্ট করেন, গুণ ও ধর্ম্ম পালন করায় তাঁহার রাজ্য হস্তচ্যুত হয় না ॥১০৭॥

যিনি পুরবাসিগণ ও দেশবাসিগণের সেবা করেন, সেই রাজা ইহলোকে ও পরলোকে সর্বপ্রকার সুখভোগ করিয়া থাকেন ॥১০৮॥

---

(১০৬) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

প্রজা যস্য বিবর্দ্ধন্তে সরসীব মহোৎপলম্ ।
স সর্ব্বফলভাগ্ রাজা স্বর্গলোকে মহীয়তে ॥১১০॥
বলিনা বিগ্রহো রাজন্ ! ন কদাচিৎ প্রশস্যতে ।
বলিনা বিগ্রহো যস্য কুতো রাজ্যং কুতঃ সুখম্ ॥১১১॥

ভীষ্ম উবাচ ।

সৈবমুক্ত্বা শকুনিকা ব্রহ্মদত্তং নরাধিপ ! ।
রাজানং সমনুজ্ঞাপ্য জগামাভীপ্সিতাং দিশম্ ॥১১২॥
এতত্তে ব্রহ্মদত্তস্য পূজন্যা সহ ভাষিতম্ ।
ময়োক্তং নৃপতিশ্রেষ্ঠ ! কিমন্যচ্ছ্রোতুমিচ্ছসি ॥১১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ব্রহ্মদত্তপূজন্যোঃ সংবাদে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রজা ইতি। মহোৎপলং পদ্মম্ ॥১১০॥
বলিনেতি। বলিনা শত্রুণা সহ ॥১১১॥
সেতি। শকুনিকা পক্ষিণী। সমনুজ্ঞাপ্য গমনানুমতিং কারয়িত্বা ॥১১২॥
এতদিতি। পূজন্যা তদাখ্যয়া পক্ষিণ্যা ॥১১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

রক্ষতি ॥১০০॥ অভয়মিতি চ্ছেদঃ ॥১০১—১০৪॥ সম্ভাবয়তি ইষ্টং চিন্তয়তি, উপপদ্যতে পালয়তি ॥১০৫—১১৩॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আপদ্ধর্ম্মে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

যে রাজার প্রজারা সর্বদা উদ্বিগ্ন থাকে, করভারে প্রপীড়িত হয় এবং নানা উৎপাতে লয় পাইতে থাকে, সেই রাজা পরাভব প্রাপ্ত হন ॥১০৯॥

আর জলাশয়ে পদ্মের ন্যায় যে রাজার প্রজারা বৃদ্ধি পাইতে থাকে, সেই রাজা ইহলোকে সর্ব্বপ্রকার ফল প্রাপ্ত হন এবং মৃত্যুর পরে স্বর্গে গমন করেন ॥১১০॥

রাজা! বলবানের সহিত কলহ করা কখনও প্রশস্ত নহে। কারণ, বলবানের সহিত যাঁহার কলহ চলিতে থাকে, সেই রাজার রাজ্যই বা কি করিয়া থাকে, সুখই বা কি করিয়া হয়?' ॥১১১॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ! সেই পক্ষিণী ব্রহ্মদত্তরাজাকে এইরূপ বলিয়া এবং তাঁহার অনুমতি লইয়া অভীষ্টদিকে গমন করিল ॥১১২॥

* '...একোনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ নি।

ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

যুগক্ষয়াৎ পরিক্ষীণে ধর্ম্মে লোকে চ ভারত ! ।
দস্যুভিঃ পীড্যমানে চ কথং স্থেয়ং পিতামহ ! ॥১॥

ভীষ্ম উবাচ।

অত্র তে বর্ত্তয়িষ্যামি নীতিমাপৎসু ভারত ! ।
উৎসৃজ্যাপি ঘৃণাং কালে যথা বর্ত্তেত ভূমিপঃ ॥২॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
ভারদ্বাজস্য সংবাদং রাজ্ঞঃ শত্রুঞ্জয়স্য চ ॥৩॥

ভারতকৌমুদী

যুগেতি। যুগক্ষয়াৎ সত্যত্রেতাদ্বাপরাণামতিক্রমাৎ। কলিযুগমাগতমিত্যবগমাৎ প্রশ্নোঽয়মুপপদ্যতে ॥১॥

অত্রেতি। বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি বক্ষ্যামীত্যর্থঃ। ঘৃণাং দয়াম্। "জুগুপ্সাকরুণে ঘৃণে" ইত্যমরঃ ॥২॥

অত্রেতি। ভারদ্বাজস্য ভরদ্বাজগোত্রস্য কণিকস্য। অতএবাধ্যায়শেষে বক্ষ্যতি—কণিকোপদেশ ইতি। সংবাদং সংলাপাত্মকম্ ॥৩॥

রাজশ্রেষ্ঠ! এই আমি তোমার নিকট পূজনীপক্ষিণীর সহিত ব্রহ্মদত্তরাজার কথোপকথনের বিষয় বলিলাম, এখন আর কি শুনিতে ইচ্ছা কর' ॥১১৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ভরতনন্দন! পিতামহ! সত্য, ত্রেতা ও দ্বাপরযুগ অতীত হওয়ায় ধর্ম্ম পরিক্ষীণ হইয়া গিয়াছে, লোকসকলও দস্যুগণকর্ত্তৃক পীড়িত হইতেছে, এমন সময়ে কি করিয়া থাকা যাইবে?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! এই সময়ে রাজা দয়া পরিত্যাগ করিয়াও যেভাবে চলিবেন, সেই আপৎকালের নীতি এখন আমি তোমার নিকট বলিতেছি ॥২॥

মনস্বীরা এই বিষয়েও ভারদ্বাজ কণিক ও শত্রুঞ্জয়রাজার সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

রাজা শত্রুঞ্জয়ো নাম সৌবীরেষু মহারথঃ।
ভারদ্বাজমুপাগম্য পপ্রচ্ছার্থবিনিশ্চয়ম্ ॥৪॥
অলব্ধস্য কথং লিপ্সা লব্ধং কেন বিবর্দ্ধতে।
বর্দ্ধিতং পাল্যতে কেন পালিতং প্রণয়েৎ কথম্ ॥৫॥
তস্মৈ বিনিশ্চিতার্থায় পরিপৃষ্টোঽর্থনিশ্চয়ম্।
উবাচ ব্রাহ্মণো বাক্যমিদং হেতুমদুত্তমম্ ॥৬॥
নিত্যমুদ্যতদণ্ডঃ স্যান্নিত্যং বিবৃতপৌরুষঃ।
অচ্ছিদ্রশ্ছিদ্রদর্শী চ পরেষাং বিবরানুগঃ ॥৭॥
নিত্যমুদ্যতদণ্ডস্য ভৃশমুদ্বিজতে নরঃ।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি দণ্ডেনৈব প্রসাধয়েৎ ॥৮॥

ভারতকৌমুদী

রাজেতি। সৌবীরেষু তদাখ্যদেশে। অর্থবিনিশ্চয়ং কর্ত্তব্যনির্দ্ধারণম্ ॥৪॥

অলব্ধস্যেতি। অলব্ধস্য দ্রব্যস্য। প্রণয়েৎ নিযোজয়েৎ ॥৫॥

তস্মা ইতি। বিনিশ্চিতঃ অর্থঃ প্রশ্নো যেন তস্মৈ। ব্রাহ্মণো ভরদ্বাজঃ ॥৬॥

রাজ্ঞা বিষয়ান্তরে পৃষ্টেঽপি তস্য হিতায়ৈব বিষয়ান্তরমপ্যাহ নিত্যমিতি। উদ্যতঃ সজ্জিতো দণ্ডঃ সৈন্যং যস্য সঃ, বিবৃতং পৌরুষং পুরুষকারো যেন সঃ। বিবরমনুগচ্ছতি প্রবিশতীতি সঃ ॥৭॥

নিত্যমিতি। ভূতানি প্রাণিনঃ, প্রসাধয়েৎ আয়ত্তীকুর্য্যাৎ ॥৮॥

সৌবীরদেশে শত্রুঞ্জয়নামে এক মহারথ রাজা ছিলেন। তিনি একদা মহর্ষি ভারদ্বাজ কণিকের নিকটে উপস্থিত হইয়া কর্ত্তব্যনির্দ্ধারণের বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৪॥

‘অলব্ধ দ্রব্য কি প্রকারে লাভ করা যায়, লব্ধ দ্রব্যই বা কি ভাবে বৃদ্ধি পায়, বর্দ্ধিত দ্রব্যই বা কোন্‌ভাবে রক্ষিত হইতে পারে এবং রক্ষিত দ্রব্যই বা কোন্‌রূপে নিয়োগ করা উচিত’ ॥৫॥

শত্রুঞ্জয়রাজা প্রশ্ন করা নিশ্চয় করিয়া কর্ত্তব্যনির্দ্ধারণের বিষয় প্রশ্ন করিলে, ভারদ্বাজ কণিক এই যুক্তিযুক্ত উত্তম বাক্য বলিলেন—॥৬॥

‘রাজা সর্ব্বদাই সৈন্যগণকে সজ্জিত রাখিবেন, সর্ব্বদা পুরুষকার প্রকাশ করিবেন, নিজের কোন ছিদ্র না হয়, এমন ভাবে চলিবেন, শত্রুপক্ষের ছিদ্র অন্বেষণ করিবেন এবং ছিদ্র পাইলে, তাহাতে প্রবিষ্ট হইবেন ॥৭॥

সর্ব্বদা সৈন্যগণকে সজ্জিত রাখিলে, মানুষ অত্যন্ত ভয় করে। অতএব রাজা সৈন্যদ্বারাই সকল প্রাণীকে আয়ত্ত করিবেন ॥৮॥

এবং দণ্ডং প্রশংসন্তি পণ্ডিতাস্তত্ত্বদর্শিনঃ।
তস্মাচ্চতুষ্টয়ে তস্মিন্ প্রধানো দণ্ড উচ্যতে ॥৯॥
ছিন্নমূলে ত্বধিষ্ঠানে সর্ব্বেষাং জীবনং হতম্।
কথং হি শাখাস্তিষ্ঠেয়ুশ্ছিন্নমূলে বনস্পতৌ ॥১০॥
মূলমেবাদিতশ্ছিন্দ্যাৎ পরপক্ষস্য পণ্ডিতঃ।
ততঃ সহায়ান্ পক্ষঞ্চ মূলমেবানুসাধয়েৎ ॥১১॥
সুমন্ত্রিতং সুবিক্রান্তং সুযুদ্ধং সুপলায়িতম্।
আপদাগমকালে তু কুর্ব্বীত ন বিচারয়েৎ ॥১২॥
বাঙ্মাত্রেণ বিনীতঃ স্যাদ্ধৃদয়েন যথা ক্ষুরঃ।
শ্লক্ষ্ণপূর্ব্বাভিভাষী চ কামক্রোধৌ বিবর্জ্জয়েৎ ॥১৩॥
সপত্নসহিতে কার্য্যে কৃত্বা সন্ধিং ন বিশ্বসেৎ।
অপক্রামেত্ততঃ শীঘ্রং কৃতকার্য্যো বিচক্ষণঃ ॥১৪॥

ভারতকৌমুদী

এবমিতি। চতুষ্টয়ে সাম-দান-ভেদ-দণ্ডরূপোপায়চতুষ্টয়মধ্যে ॥৯॥

কথমুদ্বিজত ইত্যাহ ছিন্নেতি। অধিষ্ঠানে আশ্রয়ে, ছিন্নং মূলং যস্য তস্মিন্ সতি, সর্ব্বেষামেব জীবনং হতং স্যাৎ ॥১০॥

মূলমিতি। মূলং প্রধানম্। অনুসাধয়েৎ অনুগময়েৎ ॥১১॥

স্বিতি। অত্র ক্তপ্রত্যয়া ভাবে ॥১২॥

বাগিতি। বিনীতো বিনয়ী, ক্ষুরো যথা তথা তীক্ষ্ণঃ। শ্লক্ষ্ণপূর্ব্বাভিভাষী কোমলতাপূর্ব্বকবক্তা ॥১৩॥

তত্ত্বদর্শী পণ্ডিতেরা এইভাবে দণ্ডের প্রশংসা করেন; সেই জন্যই সাম, দান, ভেদ ও দণ্ড—এই চারিটী উপায়ের মধ্যেই দণ্ডকে প্রধান বলা হয় ॥৯॥

আশ্রয়ের মূল চ্ছেদন করিলে, সকলেরই জীবন নিহত হয়। বৃক্ষের মূল চ্ছেদন করিলে, তাহার শাখা কি করিয়া থাকিতে পারে? ॥১০॥

অতএব বুদ্ধিমান্ লোক প্রথমে বিপক্ষের মূলই ছেদন করিবেন, তাহার পর তাহার সহায় ও পক্ষপাতী লোকদিগকে সেই মূলেরই অনুসরণ করাইবেন ॥১১॥

বিপদ্ আসিয়া পড়িলে রাজা উত্তম পরামর্শ, গুরুতর বিক্রম, তীব্র যুদ্ধ ও অবস্থাবিশেষে সুন্দরভাবে পলায়ন করিবেন, ইহাতে কোন বিবেচনা করিবেন না ॥১২॥

মুখে বিনয়ী হইবেন, মনে ক্ষুরের ন্যায় তীক্ষ্ণ থাকিবেন, প্রথমে কোমল বাক্য বলিবেন এবং কাম ও ক্রোধ পরিত্যাগ করিবেন ॥১৩॥

(১২)···আপদাস্পদকালেন—পি বঙ্গ বৰ্দ্ধ।

শত্রুঞ্চ মিত্ররূপেণ সান্ত্বেনৈবাভিসান্ত্বয়েৎ।
নিত্যশশ্চোদ্বিজেত্তস্মাৎ সর্পাদ্বেশ্মগতাদিব ॥১৫॥
যস্য বুদ্ধিং পরিভবেত্তমতীতেন সান্ত্বয়েৎ।
অনাগতেন দুষ্প্রজ্ঞং প্রত্যুৎপন্নেন পণ্ডিতম্ ॥১৬॥
অঞ্জলিং শপথং সান্ত্বং শিরসা পাদবন্দনম্।
অশ্রুপ্রপাতনঞ্চৈব কর্ত্তব্যং ভূতিমিচ্ছতা ॥১৭॥
বহেদমিত্রং স্কন্ধেন যাবৎ কালস্য পর্য্যয়ঃ।
প্রাপ্তকালন্তু বিজ্ঞায় ভিন্দ্যাদ্ঘটমিবাশ্মনি ॥১৮॥
মুহূর্ত্তমপি রাজেন্দ্র! তিন্দুকালাতবজ্জ্বলেৎ।
ন তুষাগ্নিরিবানর্চ্চির্ধূমায়েত চিরং নরঃ ॥১৯॥

ভারতকৌমুদী

সপত্নেতি। সপত্নসহিতে শত্রুণা সহ নিষ্পাদ্যে। ততো বিবাদস্থানাৎ ॥১৪॥

শত্রুমিতি। সান্ত্বেন মধুরবাক্যেন, অভিসান্ত্বয়েৎ প্রসাদয়েৎ ॥১৫॥

যস্যেতি। অতীতেন কৃতোপকারপ্রদর্শনেন। অনাগতেন প্রলোভনেন, দুষ্প্রজ্ঞং নির্ব্বোধম্, প্রত্যুৎপন্নেন সহসা কৃতেন ভাবেন ॥১৬॥

অঞ্জলিমিতি। শপথং নাহং পুনর্বিরোধাচরণং করিষ্যামীতি দিব্যম্। ভূতিং সম্পদমিচ্ছতা দুর্ব্বলেন ॥১৭॥

বহেদিতি। অমিত্রং শত্রুম্, পর্য্যয়ঃ পরিবর্ত্তনম্ ॥১৮॥

বিচক্ষণ লোক শত্রুর সহিত বিবাদে সন্ধি করিয়া, তাহার উপরে বিশ্বাস করিবেন না এবং কৃতকার্য্য হইয়া সেস্থান হইতে সত্বর চলিয়া যাইবেন ॥১৪॥

মিত্ররূপে মধুর বাক্যদ্বারা শত্রুকে প্রসন্ন করিবে এবং গৃহগত সর্পের ন্যায় সর্ব্বদাই শত্রুর ভয় করিয়া চলিবে ॥১৫॥

যাহার বুদ্ধিকে অভিভূত করিতে হইবে, তাহাকে কৃত-উপকার দেখাইয়া প্রসন্ন করিবে, আর প্রলোভন দেখাইয়া নির্ব্বোধকে এবং প্রত্যুৎপন্নবুদ্ধিদ্বারা বুদ্ধিমান্‌কে আয়ত্ত করিবে ॥১৬॥

সমৃদ্ধিকামী দুর্ব্বল লোক—প্রবল লোকের নিকটে অঞ্জলিবন্ধন, শপথ, অনুনয়-বাক্যপ্রয়োগ, মস্তকদ্বারা চরণবন্দন ও অশ্রুপাত করিবে ॥১৭॥

যে পর্য্যন্ত কালের পরিবর্ত্তন না হয়, সে পর্য্যন্ত শত্রুকে স্কন্ধে করিয়া বহন করিবে, আর উপযুক্ত কাল আসিয়াছে জানিয়া, পাষাণের উপরে জলপূর্ণ কুম্ভের ন্যায় সেই শত্রুকে চূর্ণ করিবে ॥১৮॥

(১৫)···গৃহাৎ সর্পযুতাদিব—বঙ্গ বর্দ্ধ। (১৭)···প্রণম্য শিরসা বন্দেৎ—বঙ্গ বর্দ্ধ।

নানার্থিকোঽর্থসম্বন্ধং কৃতঘ্নে ন সমাচরেৎ।
অর্থী তু শক্যতে ভোক্তুং কৃতকার্য্যোঽবমন্যতে।
তস্মাৎ সর্ব্বাণি কার্য্যাণি সাবশেষাণি কারয়েৎ ॥২০॥
কোকিলস্য বরাহস্য মেরোঃ শূন্যস্য বেশ্মনঃ।
নটস্য ভক্তিমিত্রস্য যচ্ছ্রেয়স্তৎ সমাচরেৎ ॥২১॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তমিতি। তিন্দুকালাতবৎ শিতিসারককাষ্ঠলগ্নবহ্নিবৎ। অনর্চ্চিঃ শিখাশূন্যঃ। "তিন্দুকঃ স্ফূর্জ্জকঃ কালস্কন্ধশ্চ শিতিসারকে" ইত্যমরঃ ॥১৯॥

নানেতি। নানার্থিকো বহুপ্রয়োজনশালিপুরুষঃ, কৃতঘ্নে জনে বিষয়ে অর্থসম্বন্ধং ন সমাচরেৎ। সজ্জনেন তু অর্থী স নানার্থিকঃ, ভোক্তুং সৌহার্দ্দ্যেন ব্যবহর্ত্তুং শক্যতে, কৃতঘ্নস্তু কৃতকার্য্যঃ সন্, সহকর্ম্মিণমবমন্যতে। সাবশেষাণি কৃতঘ্নবিষয়ে অবশিষ্টানি। ষট্পাদঃ শ্লোকঃ ॥২০॥

কোকিলস্যেতি। কোকিলস্য শ্রেয়ঃ কণ্ঠমাধুর্য্যম্, বরাহস্য শ্রেয়ো দুর্নিবারোদ্যমত্বম্, মেরোঃ শ্রেয়ঃ সর্ব্বোন্নতত্বম্, শূন্যস্য বেশ্মনঃ শ্রেয়ঃ অনেকাশ্রয়দাতৃত্বম্, নটস্য শ্রেয়ঃ পরসন্তোষণম্, ভক্ত্যা অনুরাগেণ মিত্রং ভক্তিমিত্রং তস্য, শ্রেয়ো হিতকারিত্বম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

যুগেতি ॥১॥ ঘৃনাং দয়াম্ ॥২—১৮॥ নিত্যমুদ্যতদণ্ডঃ স্যাদিত্যাদ্যেতদন্তো গ্রন্থ আদিপর্ব্বণি ব্যাখ্যাতঃ ॥১৯॥ নানার্থিকো বহুপ্রয়োজনবান্, কৃতঘ্নে পুরুষেঽর্থসম্বন্ধং ন সমাচরেৎ। মানার্থিক ইতি পাঠে মানী যস্যাচরেত্তর্হি তৎকার্য্যসমাপ্তেঃ প্রাগেবাচরেদিত্যাহ—অর্থীতি। ফলিতমাহ—তস্মাদিতি। সার্দ্ধঃ ॥২০॥ "কোকিলস্য বরাহস্য মেরোঃ শূন্যস্য বেশ্মনঃ। নটস্য ভক্তিমিত্রস্য যচ্ছ্রেয়স্তৎ সমাচরেৎ ॥" কোকিলস্য শ্রেয়ঃ স্বপোষ্যাণাং পরৈঃ পোষণম্। তথা হি—"কৃষির্ব্বণিক্পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং সঞ্চয়ার্থাষ্টকং মতম্ ॥" যঃ কীনাশঃ শতং নিবর্ত্তনানি ভূমেঃ কর্ষতি তেন বিষ্টিরূপেণ রাজকীয়মপি নিবর্ত্তনদশকং কর্ষণীয়ং স্বীয়বদ্রক্ষণীয়ঞ্চ তদুৎপন্নং ধান্যাদিকং রাজ্ঞে দেয়ম্। এবমেব যো বণিক্ শতেন বলীবর্দ্দৈঃ পণ্যমাহরতি তেন রাজকীয়া অপি দশ বলীবর্দ্দা বোঢ়ব্যাঃ পোষণীয়াশ্চ। দুর্গেঽটব্যাদৌ মার্গং রক্ষাম ইতি ব্যপদেশেন পান্থেভ্যো বেতনং গ্রাহ্যম্। এবং সেতৌ নদীতরণে। প্রতিগ্রামং কুঞ্জরান্ বিভজ্য বধ্নীয়াৎ গ্রামীণৈরেব তেষাং

রাজশ্রেষ্ঠ! মানুষ গাবকাঠের মশালের ন্যায় মুহূর্ত্ত কালও জ্বলিয়া উঠিবে; কিন্তু চিরকাল তুষাগ্নির ন্যায় শিখাশূন্য হইয়া ধূম উদ্গার করিবে না ॥১৯॥

বহুপ্রয়োজনশালী মানুষ কৃতঘ্নের সহিত অর্থসম্বন্ধ করিবে না। কারণ, সজ্জনের সহিত অর্থসম্বন্ধ করিলে সৌহার্দ্দ্যসুখ ভোগ করিতে পারে; আর কৃতঘ্ন কৃতকার্য্য হইয়া অবজ্ঞা করে; অতএব কৃতঘ্নের সহিত সমস্ত কার্য্যেরই কিছু অবশিষ্ট রাখিবে ॥২০॥

(২১)…ব্যালস্য ভক্তমিত্রস্য…পি নি।

উত্থায়োত্থায় গচ্ছেত নিত্যযুক্তো রিপোর্গৃহম্ ।
কুশলঞ্চাস্য পৃচ্ছেত যদ্যপ্যকুশলং ভবেৎ ॥২২॥
নালসাঃ প্রাপ্নুবন্ত্যর্থান্ন ক্লীবা নাভিমানিনঃ ।
ন চ লোকরবাদ্ভীতা ন বৈ শশ্বৎপ্রতীক্ষিণঃ ॥২৩॥
নাস্যচ্ছিদ্রং রিপুর্বিদ্যাদ্বিদ্যাচ্ছিদ্রং পরস্য তু ।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ ॥২৪॥
বকবচ্চিন্তয়েদর্থান্ সিংহবচ্চ পরাক্রমেৎ ।
বৃকবচ্চাবলুম্পেত শরবচ্চ বিনিষ্পতেৎ ॥২৫॥

ভারতকৌমুদী

উত্থায়েতি। নিত্যযুক্তঃ সর্ব্বদা সাবধানঃ ॥২২॥

নেতি। অর্থান্ প্রয়োজনীয়বিষয়ান্, ক্লীবা নিস্তেজস্কাঃ। শশ্বৎপ্রতীক্ষিণঃ সর্ব্বদা কাল-প্রতীক্ষিণো বিলম্বকরা ইত্যর্থঃ ॥২৩॥

নেতি। বিদ্যাৎ জানীয়াৎ। গূহেৎ সংবৃণুয়াৎ ॥২৪॥

বকবদিতি। বকবদেকাগ্রভাবেন। বৃকবৎ ক্ষুদ্রব্যাঘ্রবৎ, অবলুম্পেত গ্রাহ্যং গৃহ্নীয়াৎ, বিনি-ষ্পতেৎ সবেগং নির্গচ্ছেৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

পোষণং কর্ত্তব্যমিত্যেবমাদি যথাযথমূহ্যম্। এবং সর্ব্বোঽপি রাজকীয়ঃ কুটুম্বার্থঃ প্রজাদ্বারৈব নির্ব্বোঢ়ব্যঃ ষড়্ভাগহারস্তু কোশার্থমুপযুজ্যতে, কোশশ্চ ধর্ম্মায় পরাবমর্দ্দায় বোপযুজ্যতে ইত্যন্তৎ। বরাহস্য শ্রেয়ো মূলোৎখননম্, তচ্চ রাজ্ঞা শত্রূণাং কুর্য্যাৎ। মেরোরচঞ্চলত্বমনুল্লঙ্ঘনীয়ত্বঞ্চ তৎ স্বয়মাত্মন ইচ্ছেৎ। শূন্যস্য বেশ্মনঃ সম্পদাগম ইষ্টস্তমিচ্ছেৎ। নটস্য নানারূপত্বমিষ্টম্। এবং রাজা স্নিগ্ধপ্রসন্নাদীন্ গুণান্ বিভৃয়াৎ। ব্যালস্যেতি পাঠে সর্পবদবন্ধ্যকোপত্বমিষ্টম্, ভক্তিমিত্রস্য স্বারাধ্যোদয় ইষ্টঃ, এবং স্বপ্রতিপাল্যানাং প্রজানামুদয়ো রাজ্ঞা নিত্যমেষ্টব্য ইত্যর্থঃ ॥২১—২৪॥

কোকিল, শূকর, সুমেরুপর্ব্বত, শূন্য গৃহ, নট ও অনুরক্ত সুহৃদের যাহা যাহা ভাল, তাহা তাহা রাজা গ্রহণ করিবেন (টীকা দ্রষ্টব্য) ॥২১॥

রাজা প্রত্যহ উঠিয়া উঠিয়া সর্ব্বদা সাবধান থাকিয়া শত্রুর গৃহে গমন করিবেন এবং তাহার অমঙ্গল চলিতে থাকিলেও মঙ্গলই জিজ্ঞাসা করিবেন ॥২২॥

অলস, নিস্তেজা, অভিমানী, লোকের কথা শুনিয়াই ভীত এবং বিলম্বকারী লোকেরা অভীষ্ট বিষয় লাভ করিতে পারে না ॥২৩॥

শত্রু যেন নিজের ছিদ্র জানিতে পারে না, রাজা নিজে শত্রুর ছিদ্র জানিবার চেষ্টা করিবেন, কচ্ছপের ন্যায় সমস্ত অঙ্গ সংবৃত রাখিবেন এবং নিজের ছিদ্র গোপন করিবেন ॥২৪॥

পানমক্ষাস্তথা নার্য্যো মৃগয়া গীতবাদিতম্।
এতানি যুক্ত্যা সেবেত প্রসঙ্গো হ্যত্র দোষবান্ ॥২৬॥
কুর্য্যাত্তৃণময়ং চাপং শয়ীত মৃগশায়িকাম্।
অন্ধঃ স্যাদন্ধবেলায়াং বাধির্য্যমপি সংশ্রয়েৎ ॥২৭॥
দেশকালৌ সমাসাদ্য বিক্রমেত বিচক্ষণঃ।
দেশকালব্যতীতো হি বিক্রমো নিষ্ফলো ভবেৎ ॥২৮॥
কালাকালৌ সম্প্রধার্য্য বলাবলমথাত্মনঃ।
পরস্য চ বলং জ্ঞাত্বা তত্রাত্মানং নিয়োজয়েৎ ॥২৯॥

ভারতকৌমুদী

পানমিতি। পানং সুরাপানম্, অক্ষা দ্যূতক্রীড়াঃ। যুক্ত্যা যোগ্যভাবেন, প্রসঙ্গঃ প্রবলাসক্তিঃ, অত্র এষু, দোষবান্ অনিষ্টজনকঃ ॥২৬॥

কুর্য্যাদিতি। তৃণময়ং বংশময়ম্, চাপং ধনুঃ কুর্য্যাৎ, যেন ব্যয়সঙ্কোচঃ স্যাৎ। মৃগশায়িকাং মৃগরীতিমবলম্ব্য শয়ীত, যেন নিত্যং সতর্কতা সম্পদ্যেত। অন্ধবেলায়াম্ অন্ধীভবনসময়ে দুর্জ্জননির্য্যাতনকাল ইত্যর্থঃ, অন্ধঃ স্যাৎ যেন তদ্দর্শনেন তন্নিবারণং ন স্যাৎ। বাধির্য্যং বধিরতামপি সংশ্রয়েৎ যেন দুর্জ্জনস্য কষ্টশ্রবণেন তন্নিবারণেচ্ছা ন স্যাৎ ॥২৭॥

দেশেতি। দেশকালৌ ব্যতীতঃ অতিক্রান্তঃ ॥২৮॥

কালেতি। সম্প্রধার্য্য সম্যঙ্‌নিরূপ্য। তত্র যুদ্ধে সন্ধৌ চ ॥২৯॥

রাজা বকপক্ষীর ন্যায় একাগ্রচিত্তে কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিবেন, সিংহের ন্যায় পরাক্রম প্রকাশ করিবেন, কেন্দুয়াবাঘের মত হঠাৎ যাইয়া পরদ্রব্য হরণ করিবেন এবং বাণের ন্যায় সবেগে শত্রুর দিকে নির্গত হইবেন ॥২৫॥

সুরাপান, দ্যূতক্রীড়া, স্ত্রীসম্ভোগ, মৃগয়া, গীত ও বাদ্য—রাজা উপযুক্তভাবে এইগুলির ব্যবহার করিবেন; কিন্তু এইগুলিতে গুরুতর আসক্তি জন্মিলেই, তাহা অনিষ্টজনক হইয়া থাকে ॥২৬॥

রাজা বংশদ্বারা ধনু নির্ম্মাণ করিবেন, হরিণের ন্যায় সতর্ক হইয়া শয়ন করিবেন, অন্ধ হইবার সময়ে অন্ধ হইবেন এবং ক্ষেত্রবিশেষে বধিরতাও অবলম্বন করিবেন ॥২৭॥

বিচক্ষণ লোক নিজের অনুকূল দেশ ও কাল পাইয়া, বিক্রম প্রকাশ করিবেন। কারণ, অনুকূল দেশ ও কালব্যতীত বিক্রম প্রকাশ করিলে, তাহা নিষ্ফল হইয়া যায় ॥২৮॥

রাজা নিজের সুসময় ও দুঃসময় এবং সবলতা ও দুর্বলতা নিরূপণ করিয়া, আর শত্রুর শক্তির পরিমাণ জানিয়া, যুদ্ধে বা সন্ধিতে আত্মনিয়োগ করিবেন ॥২৯॥

দণ্ডেনোপনতং শত্রুং যো রাজা ন নিয়চ্ছতি।
স মৃত্যুমুপগৃহ্লাতি গর্ভমশ্বতরী যথা ॥৩০॥
সুপুষ্পিতঃ স্যাদফলঃ ফলবান্ স্যাদ্দুরারুহঃ।
আমঃ স্যাৎ পক্বসঙ্কাশো ন চ শীর্য্যেত কস্যচিৎ ॥৩১॥
আশাং কালবতীং কুর্য্যাত্তাঞ্চ বিঘ্নেন যোজয়েৎ।
বিঘ্নং নিমিত্ততো ব্রূয়ান্নিমিত্তং চাপি হেতুতঃ ॥৩২॥
ভীতবৎ সংবিধাতব্যং যাবদ্ভয়মনাগতম্।
আগতন্তু ভয়ং দৃষ্ট্বা প্রহর্ত্তব্যমভীতবৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

দণ্ডেনেতি। দণ্ডেন সৈন্যেন, উপনতমুপস্থাপিতম্, ন নিয়চ্ছতি প্রাণদণ্ডেন ন নিগৃহ্লাতি। গর্দভাজ্জাতা অশ্বী অশ্বতরী, সা হি উদরবিদারণেন গর্ভনিঃসারণাৎ তং গর্ভমেব মৃত্যুমুপগৃহ্লাতি ॥৩০॥

সুপুষ্পিত ইতি। জবাদিবৃক্ষো যথা প্রচুরপুষ্পশালী সন্নপি ফলবান্ ন ভবতি, তথা রাজাপি শত্রুষু প্রলোভনকারী ভবন্নপি তৎফলদাতা ন স্যাৎ। তালাদিবৃক্ষো যথা ফলবান্ সন্নপি দুরারুহো দুরারোহো ভবতি, গুণাভাব আর্ষঃ। তথা রাজাপি অঙ্গীকারং পালয়ন্নপি শত্রুভির্দুর্জ্জয়ঃ স্যাৎ। কশ্চিদাম্রাদিফলসমূহো যথা আমঃ অপক্বঃ সন্নপি বর্ণেন পক্বসঙ্কাশঃ স্যাৎ, তথা রাজাপি অপূর্ণযুদ্ধায়োজনোঽপি পূর্ণযুদ্ধায়োজন ইব শত্রুষু প্রকাশিতো ভবেৎ, তথা রাজা কস্যচিদপি সমীপে ন শীর্য্যেত আত্মদুর্ব্বলতাং ন প্রকাশয়েৎ ॥৩১॥

আশামিতি। রাজা শত্রোরাশাং বিবাদস্থানপ্রাপ্ত্যাকাঙ্ক্ষাম্, কালবতীং বিলম্বযুক্তাং কুর্য্যাৎ, তাং তাদৃশীঞ্চাশাম্, বিঘ্নেন যোজয়েৎ সবিঘ্নাং কুর্য্যাৎ। তঞ্চ বিঘ্নম্, নিমিত্ততঃ কস্মাচ্চিৎ কারণাজ্জাতম, ব্রূয়াৎ, তৎ নিমিত্তঞ্চাপি হেতুতো দৈবাদিকারণাদুৎপন্নং ব্রূয়াৎ ॥৩২॥

সৈন্যেরা শত্রুকে ধরিয়া আনিলে, যে রাজা তাহার প্রাণদণ্ড না করেন, তিনি অশ্বতরী যেমন তাহার মৃত্যুস্বরূপ গর্ভধারণ করে, সেইরূপ মৃত্যুকেই গ্রহণ করেন ॥৩০॥

জবাপ্রভৃতি বৃক্ষ যেমন প্রচুর পুষ্প ধারণ করে, অথ চ ফল ধারণ করে না, সেইরূপ রাজা শত্রুকে বিবাদের স্থান দান করিবার প্রলোভন দেখাইবেন; কিন্তু তাহা দিবেন না, তালপ্রভৃতি বৃক্ষ যেমন ফলবান্ হইয়াও দুরারোহ হয়, তেমন রাজাও অঙ্গীকার পালন করিয়া দুর্জ্জয় হইবেন, কতকগুলি আম্রফল যেমন অপক্ব অবস্থায়ও বর্ণে পক্কের ন্যায় হয়, রাজাও তেমন সম্পূর্ণ সজ্জিত না লইয়াও শত্রুপক্ষে সম্পূর্ণ সজ্জিতের ন্যায় প্রকাশিত হইবেন এবং কাহারও নিকটে নিজের দুর্ব্বলতা প্রকাশ করিবেন না ॥৩১॥

রাজা শত্রুর আশায় বিলম্ব ঘটাইবেন এবং তাহাতে বিঘ্ন করিবেন, সে বিঘ্নের কারণ বলিবেন, সে কারণের আবার হেতু প্রকাশ করিবেন ॥৩২॥

ন সংশয়মনারুহ্য নরো ভদ্রাণি পশ্যতি।
সংশয়ং পুনরারুহ্য যদি জীবতি পশ্যতি ॥৩৪॥
অনাগতং বিজানীয়াত্ত্যজেদ্ভয়মুপস্থিতম্।
পুনর্বৃদ্ধিভয়াৎ কিঞ্চিদনিবৃত্তং নিশাময়েৎ ॥৩৫॥
প্রত্যুপস্থিতকালস্য সুখস্য পরিবর্জ্জনম্।
অনাগতসুখাশা চ নৈব বুদ্ধিমতাং নয়ঃ ॥৩৬॥
যোঽরিণা সহ সন্ধায় সুখং স্বপিতি বিশ্বসন্।
স বৃক্ষাগ্রে প্রসুপ্তো বা পতিতঃ প্রতিবুধ্যতে ॥৩৭॥

ভারতকৌমুদী

ভীতবদিতি। সংবিধাতব্যং যুদ্ধসজ্জাদিকং কর্ত্তব্যম্। ভয়ং শত্রুবটিতম্ ॥৩৩॥

ননু প্রহারে জয়ঃ সর্ব্বত্রৈব সংশয়িত ইতি তত্র কথং প্রবর্ত্তেতেত্যাহ নেতি। পশ্যতি তানি ভদ্রাণীতি শেষঃ ॥৩৪॥

অনেতি। অনাগতং ভাবি ভয়ম্, বিজানীয়াৎ প্রাগেব সম্ভাবয়েৎ, উপস্থিতন্তু ভয়ং ত্যজেৎ ত্যক্ত্বা তৎপ্রতীকারায় যতেত। তস্য ভয়স্য পুনর্বৃদ্ধিভয়াৎ অনিবৃত্তম্ অবিনষ্টং কিঞ্চিদ্ভয়ম্, নিশাময়েৎ সমূলমেব নাশয়েৎ ॥৩৫॥

প্রতীতি। প্রত্যুপস্থিতঃ কালো ভোগসময়ো যস্য তস্য। নয়ো নীতিঃ ॥৩৬॥

য ইতি। সুখং স্বপিতি অসতর্কস্তিষ্ঠতীত্যর্থঃ। অরিকৃতাং ক্ষতিমনুভূয় বিশ্বাসফলং বুধ্যত ইতি ভাবঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

বকাদীনামেকাগ্রত্বং নির্ভয়ত্বং শীঘ্রকারিত্বমপরাবৃত্তিত্বঞ্চ গুণস্তান্ পরার্থাদানে রাজাশ্রয়েদিত্যর্থঃ ॥২৫—২৯॥ অশ্বতরী গর্দ্দভজাশ্ব উদরভেদেনৈব প্রসূত ইতি প্রসিদ্ধম্ ॥৩০—৩৪॥ নিগৃহীতমপি

যে পর্য্যন্ত ভয় না আইসে, সেই পর্য্যন্ত মানুষ ভীতের ন্যায় থাকিয়া তাহার প্রতীকারের উপায় করিবে ; কিন্তু ভয় আসিয়া পড়িয়াছে দেখিয়া, নির্ভয়ের ন্যায় তাহার উপরে প্রহার করিতে থাকিবে ॥৩৩॥

মানুষ সংশয়াপন্ন না হইয়া কখনও মঙ্গল দেখিতে পায় না, সংশয়াপন্ন হইয়া যদি জীবিত থাকে, তবে মঙ্গল দেখিতে পায় ॥৩৪॥

মানুষ পূর্ব্বেই ভাবী ভয়ের সম্ভাবনা করিবে এবং ভয় উপস্থিত হইলে তাহা ত্যাগ করিয়া তাহার প্রতীকারের চেষ্টা করিবে, অল্প ভয়ও আবার বাড়িতে পারে, এই আশঙ্কা করিয়া অবিনষ্ট সেই অল্প ভয়কেও সমূলে বিনষ্ট করিবে ॥৩৫॥

সময় উপস্থিত হইলে সুখভোগ পরিত্যাগ করা এবং ভাবী সুখের আশা করা- বুদ্ধিমানের নীতি নহে ॥৩৬॥

কর্ম্মণা যেন তেনৈব মৃদুনা দারুণেন চ।
উদ্ধরেদ্দীনমাত্মানং সমর্থো ধর্ম্মমাচরেৎ ॥৩৮॥
যে সপত্নাঃ সপত্নানাং সর্ব্বাংস্তানুপসেবয়েৎ।
আত্মনশ্চাপি বোদ্ধব্যাশ্চারা বিনিহিতাঃ পরৈঃ ॥৩৯॥
চারস্ত্ববিদিতঃ কার্য্য আত্মনোঽথ পরস্য চ।
পাষণ্ডাংস্তাপসাদীংশ্চ পররাষ্ট্রে প্রবেশয়েৎ ॥৪০॥
উদ্যানেষু বিহারেষু প্রপাস্বাবসথেষু চ।
পানাগারে প্রবেশেষু তীর্থেষু চ সভাসু চ ॥৪১॥ (যুগ্মকম্)
ধর্ম্মাভিচারিণঃ পাপাশ্চৌরা লোকস্য কণ্টকাঃ।
সমাগচ্ছন্তি তান্ বুদ্ধা নিয়চ্ছেচ্ছময়ীত চ ॥৪২॥

ভারতকৌমুদী

কর্ম্মণেতি। দীনং দুর্ব্বলত্বাদিনা অবসন্নম্, যদা সমর্থঃ শক্তিমান্ ভবেৎ, তদা ধর্ম্মমাচরেৎ। এতেন দীনস্যাত্মন উদ্ধারে অধর্ম্মমপ্যঙ্গীকুর্য্যাদিতি সূচিতম্ ॥৩৮॥

য ইতি। সপত্নানাং শত্রূণাম্, পুনর্যে সপত্নাঃ শত্রবঃ, তান্ সর্ব্বানেব উপসেবয়েৎ স্বপক্ষী-করণায় পরিচরেৎ। পরৈর্বিপক্ষৈঃ, বিনিহিতাঃ স্থাপিতাশ্চারা গুপ্তচরাঃ, আত্মনোঽপি বোদ্ধব্যাঃ ॥৩৯॥

চার ইতি। অবিদিতঃ স্বকর্ত্তব্যবিষয়ে। পাষণ্ডান্ বৃথারক্তপটাদিধারিণঃ। প্রবেশয়েৎ চাররূপেণ বিহারেষু বৌদ্ধমঠেষু, প্রপাসু পানীয়শালাসু, আবসথেষু গৃহেষু। প্রবিশন্ত্যেষ্বিতি প্রবেশা বেশ্যালয়াস্তেষু ॥৪০—৪১॥

ধর্ম্মেতি। ধর্ম্মাভিচারিণঃ কপটধর্ম্মচারিণঃ। সমাগচ্ছন্তি বিপক্ষচাররূপেণ, নিয়চ্ছেৎ কারায়া-মাবধ্নীয়াৎ, শময়ীত উৎকোচাদিনা স্বপক্ষমানয়েৎ ॥৪২॥

যিনি শত্রুর সহিত সন্ধি করিয়া, তাহার উপরে বিশ্বাসবশতঃ অসতর্ক থাকেন, তিনি বৃক্ষাগ্রে নিদ্রিত ও তথা হইতে পতিত হইয়া জাগরিত হন ॥৩৭॥

মানুষ কোমল বা তীক্ষ্ণ কিংবা যে কোন প্রকার কার্য্যদ্বারা অবসন্ন আপনাকে উদ্ধার করিবে, তাহার পর সমর্থ হইলে, ধর্ম্মাচরণ করিবে ॥৩৮॥

যাহারা শত্রুর শত্রু, তাহাদের সকলেরই সেবা করিবে এবং শত্রুস্থাপিত গুপ্ত-চরদিগকেও নিজের চিনিতে হইবে ॥৩৯॥

নিজের হউক বা বিপক্ষেরই হউক, রাজা গুপ্তচরকে নিজের উদ্দেশ্য জানাইবেন না এবং ধর্ম্মধ্বজী ও তাপসপ্রভৃতিকে বিপক্ষের রাজ্যে, উদ্যানে, বিহারে, পানীয়-শালায়, গৃহে, সুরাপানস্থানে, বেশ্যালয়ে, তীর্থে ও সভায় গুপ্তচররূপে প্রেরণ করিবেন ॥৪০—৪১॥

ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তে নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ভয়মভ্যেতি নাপরীক্ষ্য চ বিশ্বসেৎ ॥৪৩॥
বিশ্বাসয়িত্বা তু পরং তত্ত্বভূতেন হেতুনা।
অথাস্য প্রহরেৎ কালে কিঞ্চিদ্বিচলিতে পদে ॥৪৪॥
অশঙ্ক্যমপি শঙ্কেত নিত্যং শঙ্কেত শঙ্কিতাৎ।
ভয়ং হ্যশঙ্কিতাজ্জাতং সমূলমপি কৃন্ততি ॥৪৫॥
অবধানেন মৌনেন কাষায়েণ জটাজিনৈঃ।
বিশ্বাসয়িত্বা দ্বেষ্টারমবলুম্পেদ্‌যথা বৃকঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

উক্তমপ্যর্থং কিঞ্চিদ্‌বিশেষপ্রতিপাদনায় পুনরাহ নেতি। অপরীক্ষ্য চ ন বিশ্বসেদিত্যেবাত্র বিশেষঃ ॥৪৩॥

বীতি। তত্ত্বভূতেন যথার্থরূপেণ হেতুনা, পরমন্যং নিযোজ্যম, বিশ্বাসয়িত্বা স্বার্থে ইন্ যবাদেশঃ-ভাবশ্চার্ষঃ, অথ অস্য পদে ব্যবসায়ে কার্য্যে, কিঞ্চিদ্বিচলিতে অবিশ্বাসাস্পদীভূতে সতি, তং প্রহরেৎ দণ্ডয়েৎ ॥৪৪॥

অশঙ্ক্যমিতি। "ন বিশ্বসেদবিশ্বস্তে" ইত্যাদিশ্লোকসমানার্থোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

অবেতি। অবধানেন তদীয়হিতং প্রতি মনোযোগপ্রদর্শনেন, মৌনেন তূষ্ণীম্ভাবেন, কাষায়েণ কাষায়বস্ত্রধারণেন, জটাজীনৈস্তত্তদ্ধারণৈশ্চ। দ্বেষ্টারং শত্রুম্, বিশ্বাসয়িত্বা বিশ্বস্তং কারয়িত্বা, যথা বৃকঃ ক্ষুদ্রো ব্যাঘ্রঃ, তথা অবলুম্পেৎ আক্রামেৎ ॥৪৬॥

কপটধর্ম্মচারী, পাপাত্মা, চোর ও সাধারণ লোকেরাই শত্রুর ছদ্মবেশে আসিয়া থাকে; রাজা তাহাদিগকে বুঝিতে পারিয়া কারাগারে আবদ্ধ করিবেন কিংবা ঘুষ দিয়া আয়ত্ত করিবেন ॥৪২॥

অবিশ্বাসী ব্যক্তির প্রতি বিশ্বাস করিবে না এবং বিশ্বাসীর প্রতিও অত্যন্ত বিশ্বাস করিবে না। কারণ, বিশ্বাস হইতে ভয় উৎপন্ন হইয়া থাকে; আর পরীক্ষা না করিয়া কাহাকেও বিশ্বাস করিবে না ॥৪৩॥

যথার্থ কারণ দেখিয়া অন্য ব্যক্তিকে বিশ্বাস করিয়া কার্য্যে নিযুক্ত করার পরে, সে যদি কিছু অবিশ্বাসের কার্য্য করে, তবে তাহার দণ্ডবিধান করিবে ॥৪৪॥

যাহার উপরে আশঙ্কা হয় না, তাহার উপরেও আশঙ্কা করিবে এবং যাহার উপরে আশঙ্কা হয়, তাহার উপরে সর্ব্বদাই আশঙ্কা করিবে। কেন না, যাহার উপরে আশঙ্কা হয় না, তাহা হইতে ভয় জন্মিলে, সে ভয় সমূলে বিনাশ করে ॥৪৫॥

শত্রুর হিতের প্রতি মনোযোগ দেখাইয়া, মৌনাবলম্বন করিয়া, কাষায় বস্ত্র পরিয়া অথবা জটা ও চর্ম্ম ধারণ করিয়া, বিশ্বাসের পাত্র হইয়া—পরে কেন্দুয়াবাঘের মত শত্রুকে আক্রমণ করিবে ॥৪৬॥

পুত্রো বা যদি বা ভ্রাতা পিতা বা যদি বা সুহৃৎ।
অর্থস্য বিঘ্নং কুর্ব্বাণা হন্তব্যা ভূতিমিচ্ছতা ॥৪৭॥
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথং প্রতিপন্নস্য দণ্ডো ভবতি শাসনম্ ॥৪৮॥
প্রত্যুত্থানাভিবাদাভ্যাং সম্প্রদানেন কেনচিৎ।
প্রতিপুষ্পফলাঘাতী তীক্ষ্ণতুণ্ড ইব দ্বিজঃ ॥৪৯॥
নাচ্ছিত্ত্বা পরমর্ম্মাণি নাকৃত্বা কর্ম্ম দারুণম্।
নাহত্বা মৎস্যঘাতীব প্রাপ্নোতি মহতীং শ্রিয়ম্ ॥৫০॥
নাস্তি জাত্যা রিপুর্নাম মিত্রং বাপি ন বিদ্যতে।
সামর্থ্যযোগাজ্জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা ॥৫১॥

ভারতকৌমুদী

পুত্র ইতি। ভূতিং সম্পদম্ ॥৪৭॥

গুরোরিতি। অবলিপ্তস্য গর্ব্বিতস্য। প্রতিপন্নস্য প্রাপ্তস্য। শাসনং তত্তদ্দোষনিবারণকারণম্ ॥৪৮॥

প্রতীতি। শত্রূন্ দৃষ্ট্বা প্রত্যুত্থানম্ অভিবাদশ্চ তাভ্যাম্, কেনচিৎ লোভনীয়েন সম্প্রদানেন চ। তীক্ষ্ণতুণ্ডঃ তীক্ষ্ণচঞ্চুঃ, দ্বিজঃ পক্ষীব, পুষ্পাৎ ফলং পুষ্পফলসমাত্রাদিকম্, পুষ্পফলং পুষ্পফলং প্রতীতি প্রতিপুষ্পফলং শত্রোঃ প্রতিকার্য্যঞ্চ আহন্তীতি স তাদৃশঃ স্যাৎ ॥৪৯॥

নেতি। মৎস্যঘাতী ধীবরাদিঃ। শ্রিয়ং সম্পদম্ ॥৫০॥

ভারতভাবদীপঃ

ভয়ং পুনর্বিবৃদ্ধিভয়াদনিবৃত্তমিব নিশাময়েজ্জানীয়াৎ, সর্ব্বাবহিতস্তিষ্ঠেদিতি ভাবঃ ॥৩৫—৪৮॥ অভ্যুত্থানাদিমৃদূপায়ৈঃ শত্রোঃ প্রতিপুষ্পফলাঘাতী স্যাৎ। পুষ্পফলং পুষ্পফলং প্রতীতি প্রতিপুষ্পফলং সর্ব্বং পুষ্পং পুরুষার্থসাধনং সর্ব্বং ফলং পুরুষার্থরূপঞ্চ তদ্বিনাশয়েৎ, তীক্ষ্ণতুণ্ডো দ্বিজঃ পক্ষী যথা

পুত্র, ভ্রাতা, পিতা কিংবা সুহৃদ্ই হউন, তাঁহারা যদি কার্য্যের বিঘ্ন করেন, তাহা হইলে সমৃদ্ধিকামী ব্যক্তি তাঁহাদিগকেও বধ করিবে ॥৪৭॥

গুরুও যদি গর্ব্বিত হন বা কর্ত্তব্যাকর্ত্তব্য না বোঝেন, কিংবা অসৎপথে চলিতে আরম্ভ করেন, তাহা হইলে তাঁহারও দণ্ড করা উচিত ॥৪৮॥

শত্রুকে দেখিলে—গাত্রোত্থান, অভিবাদন কিংবা কোন লোভনীয় বস্তু দান করিয়া প্রথমে তাহাকে বশীভূত করিবে; তাহার পর তীক্ষ্ণচঞ্চু পক্ষী যেমন প্রত্যেক পক্ক ফলের উপরে আঘাত করে, সেইরূপ শত্রুর প্রত্যেক কার্য্যে ব্যাঘাত করিবে ॥৪৯॥

মৎস্যহন্তার ন্যায় পরের মর্ম্মচ্ছেদন না করিয়া কিংবা দারুণ কর্ম্ম না করিয়া অথবা বধ না করিয়া, বিপুল সম্পদ লাভ করা যায় না ॥৫০॥

অমিত্রং নৈব মুঞ্চেত বদন্তং করুণং বহু।
দুঃখং তত্র ন কর্ত্তব্যং হন্যাৎ পূর্ব্বাপকারিণম্ ॥৫২॥
সংগ্রহানুগ্রহে যত্নঃ সদা কার্য্যোঽনসূয়তা।
নিগ্রহশ্চাপি যত্নেন কর্ত্তব্যো ভূতিমিচ্ছতা ॥৫৩॥
প্রহরিষ্যন্ প্রিয়ং ব্রূয়াৎ প্রহৃত্যৈব প্রিয়োত্তরম্।
অসিনাপি শিরশ্ছিত্ত্বা শোচেত চ রুদেত চ ॥৫৪॥
নিমন্ত্রয়ীত সান্ত্বেন সম্মানেন তিতিক্ষয়া।
লোকারাধনমিত্যেতৎ কর্ত্তব্যং ভূতিমিচ্ছতা ॥৫৫॥
ন শুষ্কবৈরং কুর্ব্বীত বাহুভ্যাং ন নদীং তরেৎ।
অনর্থকমনায়ুষ্যং গোবিষাণস্য ভক্ষণম্।
দন্তাশ্চ পরিমৃদ্যন্তে রসশ্চাপি ন লভ্যতে ॥৫৬॥

ভারতকৌমুদী

নেতি। সামর্থ্যযোগাৎ অন্যস্য কর্ম্মশক্তিসম্বন্ধাৎ উপকারাদপকারাচ্চেত্যর্থঃ ॥৫১॥
অমিত্রমিতি। করুণং সানুনয়ম্। তত্র হননে ॥৫২॥
সংগ্রহেতি। সংগ্রহঃ প্রজানামায়ত্তীকরণম্। ভূতিং সম্পদম্ ॥৫৩॥
প্রেতি। প্রিয়ং বাক্যমেব উত্তরং শ্রেষ্ঠং যত্র তং প্রিয়োত্তরং বাক্যসমূহং ব্রূয়াদিতি সম্বন্ধঃ ॥৫৪॥
নীতি। সান্ত্বেন প্রিয়বাক্যেন, তিতিক্ষয়া ক্ষময়া। লোকস্য আরাধনং সন্তোষণম্ ॥৫৫॥

জাতিদ্বারাই কেহ শত্রুও হয়না, কেহ মিত্রও হয়না; কিন্তু ব্যবহারদ্বারাই শত্রু ও মিত্র হইয়া থাকে ॥৫১॥

শত্রুকে পাওয়ার পর, সে বহু কাকুতিমিনতি করিলেও তাহাকে ছাড়িবে না এবং তাহার বধে দুঃখও করিবে না, সেই পূর্বাপকারী শত্রুকে বধই করিবে ॥৫২॥

সমৃদ্ধিকামী লোক অসূয়া পরিত্যাগ করিয়া সর্ব্বদা লোকদিগকে আয়ত্ত করিবার পক্ষে ও অনুগ্রহবিষয়ে যত্ন করিবে এবং যত্নপূর্ব্বক দুষ্ট লোকের দমনও করিবে ॥৫৩॥

যাহাকে প্রহার করিবে, তাহার প্রতিও প্রিয়বাক্য বলিবে, প্রহার করিয়াও প্রিয়বহুল বাক্যই কহিবে এবং অসিদ্বারা শিরশ্ছেদ করিয়াও শোক ও রোদন করিবে ॥৫৪॥

প্রিয় বাক্য, সম্মান ও ক্ষমা প্রদর্শনপূর্ব্বকই লোকদিগকে আহ্বান করিবে। লোককে সন্তুষ্ট করা উচিত—এই জন্যই সমৃদ্ধিকামীর ইহা কর্ত্তব্য ॥৫৫॥

(৫৬) দন্তাশ্চ পরিমৃজ্যন্তে—পি বঙ্গ বৰ্দ্ধ।

ত্রিবর্গস্ত্রিবিধা পীড়া অনুবন্ধাস্তথৈব চ।
অনুবন্ধং তথা জ্ঞাত্বা পীড়াঞ্চ পরিবর্জ্জয়েৎ ॥৫৭॥
ঋণশেষমগ্নিশেষং শত্রুশেষং তথৈব চ।
পুনঃ পুনঃ প্রবর্দ্ধন্তে তস্মাচ্ছেষং ন কারয়েৎ ॥৫৮॥
বর্দ্ধমানমৃণং তিষ্ঠেৎ পরিভূতাশ্চ শত্রবঃ।
জনয়ন্তি ভয়ং তীব্রং ব্যাধয়শ্চাপ্যুপেক্ষিতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

নেতি। শুষ্কবৈরং পুরাতনকলহম্। উক্তার্থে দৃষ্টান্তমাহ অনর্থকমিতি। যথা শত্রো-র্গোশৃঙ্গস্য ভক্ষণং শত্রোর্বিশেষাপকারাভাবাদনর্থকম্, অনায়ুষ্যম্ অনায়ুষ্করম্, তেন দন্তাশ্চ পরিমৃদ্যন্তে দৃঢ়তয়া ব্যথ্যন্তে, তত্র রসশ্চাপি ন লভ্যতে, তথা শুষ্কবৈরকরণমনর্থকম্, তেন দেহো মনশ্চ পরিমৃদ্যতে, তত্র রসশ্চাপি ন লভ্যতে, বাহুভ্যাং নদীতরণঞ্চানায়ুষ্যমিতি ভাবঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৬॥

ত্রীতি। ত্রয়াণাং ধর্ম্মার্থকামানাং বর্গস্ত্রিবর্গঃ, ত্রিবিধা পীড়া ব্যাঘাতঃ, ধর্ম্মেণার্থস্য, অর্থেন কামস্য, কামেন চ ধর্ম্মার্থয়োরিতি। অনুবধ্যন্তে ইত্যনুবন্ধাঃ ফলানি, ধর্ম্মস্য ফলে অর্থকামৌ অর্থস্য ফলে ধর্ম্মকামৌ, কামস্য ফলে চ ধর্ম্মার্থাবিতি। অনুবন্ধম্ এষাং পরস্পরবাধ্যবাধকতা-সম্বন্ধম্, জ্ঞাত্বা, উক্তাং ত্রিবিধামেব পীড়াম্, পরিবর্জ্জয়েৎ ॥৫৭॥

ঋণেতি। শেষং ন কারয়েৎ সর্ব্বমেব নাশয়েৎ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

সর্ব্বং বৃক্ষস্য পুষ্পং ফলঞ্চ নাশয়তি তদ্বৎ ॥৪৯—৫০॥ নাস্তীতি। সমর্থস্য তেজীয়াংসো রিপবো ভবন্ত্যপি মিত্রাণি ভবন্তীত্যর্থঃ ॥৫১—৫৫॥ শুষ্কং লাভশূন্যম্, তত্র দৃষ্টান্তো গোবিষাণস্য ভক্ষণ-মিতি। শত্রোরিয়ং গৌরিতি তদ্বিষাণচর্ব্বণে প্রবৃত্তস্যায়াসো ব্যর্থস্তদ্বদিত্যর্থঃ। সার্দ্ধঃ ॥৫৬॥ ত্রিবর্গো ধর্ম্মার্থকামাঃ; তত্র ত্রিবিধা পীড়া, ধর্ম্মেণার্থস্য পীড়া, অর্থেন ধর্ম্মস্য, কামেন তয়োরিতি।

শুষ্কবৈরিতা করিবে না এবং কেবল বাহুযুগলদ্বারা নদী পার হইবে না। কেন না, গরুর শৃঙ্গ ভক্ষণ করা অনর্থক এবং তাহাতে দন্ত সকল ব্যথা পায়, আর রসও পাওয়া যায় না; তা'র পর, কেবল বাহুযুগলদ্বারা নদী পার হওয়ায় আয়ুক্ষয়ও হইতে পারে ॥৫৬॥

ধর্ম্ম, অর্থ ও কাম—এই ত্রিবর্গ সেগুলির মধ্যে পরস্পরদ্বারা পরস্পরের ত্রিবিধ ব্যাঘাত এবং সেগুলির ফল হইয়া থাকে; অতএব সেগুলির পরস্পর বাধ্যবাধকতা সম্বন্ধ জানিয়া, সেগুলির পরস্পর ব্যাঘাত পরিহার করিবে ॥৫৭॥

ঋণের শেষ, অগ্নির শেষ ও শত্রুর শেষ ক্রমশঃ বৃদ্ধি পাইয়া থাকে; অতএব ঋণপ্রভৃতির শেষ রাখিবে না ॥৫৮॥

নাসম্যক্কৃতকারী স্যাদপ্রমত্তঃ সদা ভবেৎ।
কণ্টকোঽপি হি দুশ্ছিন্নো বিকারং কুরুতে চিরম্ ॥৬০॥
বধেন চ মনুষ্যাণাং মার্গাণাং দূষণেন চ।
অগারাণাং বিনাশৈশ্চ পররাষ্ট্রং বিনাশয়েৎ ॥৬১॥
গৃধ্রদৃষ্টির্বকালীনঃ শ্বচেষ্টঃ সিংহবিক্রমঃ।
অনুদ্বিগ্নঃ কাকশঙ্কী ভুজঙ্গচরিতং চরেৎ ॥৬২॥
শূরমঞ্জলিপাতেন ভীরুং ভেদেন ভেদয়েৎ।
লুব্ধমর্থপ্রদানেন সমং তুল্যেন বিগ্রহঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

উক্তমপ্যর্থং কিঞ্চিদ্বিশেষপ্রতিপাদনায় পুনরাহ বর্দ্ধেতি। ঋণমৃণশেষম্, পরিভূতা অভিভূতাঃ শত্রবশ্চ তিষ্ঠন্তি, উপেক্ষিতা ব্যাধয়শ্চ তে চ তীব্রং ভয়ং জনয়ন্তি ॥৫৯॥

নেতি। অসম্যক্ কৃতং ক্রিয়াং করোতীতি স তাদৃশো ন স্যাৎ, অপ্রমত্তঃ সাবধানঃ। কণ্টকো গাত্রপ্রবিষ্টঃ, দুশ্ছিন্নঃ অসম্যক্‌চ্ছিন্নঃ ॥৬০॥

বধেনেতি। মনুষ্যাণাং পররাষ্ট্রস্থানাম্। এবং মার্গাদীনামপি ॥৬১॥

গৃধ্রেতি। গৃধ্রস্য শকুনস্যেব দৃষ্টির্যস্য স দূরদর্শী, বকবৎ বকপক্ষীব আলীনো নিস্পন্দভাবেন স্থিরলক্ষ্যঃ, শুনঃ কুক্কুরস্যেব চেষ্টা যস্য স শ্বচেষ্টঃ কুক্কুরবৎ নিদ্রিতোঽপি সতর্কঃ, সিংহস্যেব বিক্রমো যস্য সঃ। অনুদ্বিগ্নো নির্ভয়চিত্তঃ, কাক ইব শঙ্কতে সর্ব্বমিতি কাকশঙ্কী ভবেৎ, ভুজঙ্গচরিতং সর্পাচরণম্, চরেৎ কুর্য্যাৎ। পরস্য বিবরং দৃষ্ট্বৈব তত্র প্রবিশেদিত্যর্থঃ ॥৬২॥

ভারতভাবদীপঃ

অনুবন্ধাঃ ফলানি ধর্মস্যার্থোঽর্থস্য কামঃ কামস্যেন্দ্রিয়প্রীতিরিতি ক্ষুদ্রাঃ; ধর্ম্মস্য চিত্তশুদ্ধিরর্থস্য যজ্ঞঃ কামস্য জীবনমাত্রমিতি প্রাজ্ঞাঃ। তত্র বলাবলং জ্ঞাত্বানুবন্ধান্ লিপ্সেত পীড়াস্তু পরিবর্জ্জয়েদেবেত্যর্থঃ ॥৫৭—৬১॥ গৃধ্রদৃষ্টির্গৃধ্রবদ্দূরদর্শী। বকবদালীনো নিশ্চলো বকালীনঃ।

ঋণের শেষ বৃদ্ধি পাইতে থাকে, পরাজিত শত্রুও বৃদ্ধি পাইতে পারে; সুতরাং ঋণশেষ ও শত্রুশেষ এবং উপেক্ষিত ব্যাধি গুরুতর ভয় জন্মাইয়া থাকে ॥৫৯॥

কার্য্য সম্পূর্ণরূপে না করিয়া ছাড়িবে না, কখনও অসাবধান হইবে না। কারণ, গাত্রপ্রবিষ্ট কণ্টক সম্পূর্ণ চ্ছেদন না করিলে, তাহা দীর্ঘকাল যাতনা দিয়া থাকে ॥৬০॥

মানুষ মারিয়া, পথ দূষিত করিয়া এবং ঘর-বাড়ী ভাঙ্গিয়া শত্রুর রাজ্য ধ্বংস করিবে ॥৬১॥

শকুনের ন্যায় দূরদৃষ্টি, বকের ন্যায় স্থিরলক্ষ্য, কুক্কুরের ন্যায় সতর্ক, সিংহের ন্যায় বিক্রমশালী ও কাকের ন্যায় আশঙ্কিত হইবে এবং সর্ব্বদা অনুদ্বিগ্ন থাকিবে, আর সর্পের ন্যায় আচরণ করিবে (পরের ছিদ্র দেখিয়াই প্রবেশ করিবে) ॥৬২॥

শ্রেণীমুখ্যোপজাপেষু বল্লভানুনয়েষু চ।
অমাত্যান্ পরিরক্ষেত ভেদসঙ্ঘাতয়োরপি ॥৬৪॥
মৃদুরিত্যবজানন্তি তীক্ষ্ণ ইত্যুদ্বিজন্তি চ।
তীক্ষ্ণকালে ভবেত্তীক্ষ্ণো মৃদুকালে মৃদুর্ভবেৎ ॥৬৫॥
মৃদুনৈব মৃদুং হন্তি মৃদুনা হন্তি দারুণম্।
নাসাধ্যং মৃদুনা কিঞ্চিত্তস্মাত্তীক্ষ্ণতরো মৃদুঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

শূরমিতি। অঞ্জলিপাতেনানুনয়েন, শূরং বিপক্ষাশ্রিতং বীরম্, ভেদেন উৎকোচাত্মকদানাদি-ভেদোপায়েন। অর্থপ্রদানেন চ সমং লুব্ধম্, ভেদয়েৎ পৃথক্কুর্য্যাৎ, তুল্যেন চ সহ বিগ্রহঃ কর্ত্তব্যঃ ॥৬৩॥

শ্রেণীতি। শ্রেণীমুখ্যৈঃ বিপক্ষকর্ম্মচারিগণপ্রধানৈঃ যে উপজাপা উৎকোচাদিভির্ভেদাস্তেষু, বল্লভা অমাত্যানামেব বিপক্ষাশ্রিতা প্রিয়া জনাস্তেষামনুনয়েষু চ স্বপক্ষে চ সম্ভাব্যমানো যো ভেদঃ সঙ্ঘাত একযোগেন স্ববিরুদ্ধে যঃ সংহতভাবশ্চ তয়োরপি, স্বান্ অমাত্যান্ পরিরক্ষেত ॥৬৪॥

মৃদুরিতি। রাজা মৃদুরিতি হেতুনা প্রজাস্তমবজানন্তি, তথা রাজা তীক্ষ্ণ ইতি হেতুনা প্রজাস্তস্মাদুদ্বিজন্তি চ ॥৬৫॥

মৃদুনেতি। মৃদুনা কোমলেনোপায়েন। মৃদুরেব তীক্ষ্ণতরঃ তীক্ষ্ণাদপি তীক্ষ্ণো ভবতীত্যর্থঃ ॥৬৬॥

ভারতভাবদীপঃ

শ্বচেষ্টঃ শুনকবজ্জাগরূকশ্চারে সূচকশ্চ। সিংহবদ্বিক্রমো যস্যানির্দ্দিষ্টস্য তদ্বদেব। কাকবচ্ছঙ্কী পরেঙ্গিতজ্ঞঃ। ভুজঙ্গচরিতমকস্মাৎ পরকৃতে দুর্গাদৌ প্রবেশনম্, তৎ কুর্য্যাৎ ॥৬২—৬৩॥ নানা-জাতীয়াঃ সন্ত এককার্য্যে নিবিষ্টাঃ শ্রেণয়স্তাসাং মুখ্যাস্তেষ্বপজাপো ভেদঃ। উপতাপেষ্বিতি পাঠে

হাত জোড় করিয়া বীরকে, ঘুষ দিয়া ভীরুকে এবং অর্থ দিয়া লোভীকে বিপক্ষ হইতে পৃথক্ করিয়া আনিবে এবং সমকক্ষ লোকের সহিত যুদ্ধ করিবে ॥৬৩॥

বিপক্ষগণের মধ্যে প্রধান ব্যক্তিরা ভেদ ঘটাইতে পারে, বিপক্ষমধ্যের প্রিয় ব্যক্তিরা অনুনয় করিয়া বশীভূত করার সম্ভাবনা হয়, স্বপক্ষের মধ্যেও পরস্পর ভেদ ঘটিবার সম্ভব হয় এবং স্বপক্ষমধ্যেও পরস্পর একমতাবলম্বী হইয়া নিজের বিরুদ্ধে চলিবার সম্ভাবনা থাকে—এই সকল অবস্থায় অমাত্যগণকে রাজা রক্ষা করিবেন ॥৬৪॥

রাজা মৃদু—ইহা জানিলে, প্রজারা তাঁহাকে অবজ্ঞা করে এবং তিনি তীক্ষ্ণ—ইহা বুঝিলে প্রজারা উদ্বিগ্ন হয়; অতএব রাজা তীক্ষ্ণতার সময় তীক্ষ্ণ হইবেন এবং মৃদুতার সময়ে মৃদু হইবেন ॥৬৫॥

(৬৬) মৃদুনৈব মৃদুং ছিন্দি—পি বঙ্গ বৰ্দ্ধ।

কালে মৃদুর্যো ভবতি কালে ভবতি দারুণঃ।
প্রসাধয়তি কৃত্যানি শত্রুং চাপ্যধিতিষ্ঠতি ॥৬৭॥
পণ্ডিতেন বিরুদ্ধঃ সন্ দূরস্থোঽস্মীতি নাশ্বসেৎ।
দীর্ঘৌ বুদ্ধিমতো বাহূ যাভ্যাং হিংসতি হিংসিতঃ ॥৬৮॥
ন তত্তরেদ্‌যস্য ন পারমুত্তরেন্ন তদ্ধরেদ্‌যৎ পুনরাহরেৎ পরঃ।
ন তৎ খনেদ্‌যস্য ন মূলমুদ্ধরেন্ন তং হন্যাদ্‌যস্য শিরো ন পাতয়েৎ ॥৬৯॥

ভারতকৌমুদী

কাল ইতি। প্রসাধয়তি প্রকর্ষেণ নিষ্পাদয়তি, কৃত্যানি কার্য্যাণি। অধিতিষ্ঠতি আরোহতি ॥৬৭॥

পণ্ডিতেনেতি। পণ্ডিতেন বুদ্ধিমতা জনেন। বাহূ বাহুবদাক্রমণোপায়ঃ, হিংসতি হিনস্তি ॥৬৮॥

নেতি। যস্য নদনদীজলস্য কার্য্যস্য বা পারং ন উত্তরেৎ উত্তরীতুং ন শক্নুয়াৎ, তৎ ন তরেৎ ন প্রবিশেৎ নারভেত চ। যদ্দ্রব্যং পরঃ পুনরাহরেৎ তৎপরদ্রব্যং ন হরেৎ। যস্য শত্রুবৃন্দস্য মূলং ন উদ্ধরেৎ উদ্ধর্ত্তুং ন শক্নুয়াৎ, তৎশত্রুবৃন্দং ন খনেৎ নোপদ্রবেৎ। যস্য শত্রোঃ শিরো ন পাতয়েৎ পাতয়িতুং ন শক্নুয়াৎ, তৎ শত্রুং ন হন্যাৎ ন প্রহরেৎ ॥৬৯॥

ভারতভাবদীপঃ

উপতাপঃ ক্লেশো বা। বল্লভানাং মিত্রাণামনুনয়ৈশ্চৈঃ ক্রিয়মাণেষ্বমাত্যান্ পরিরক্ষেত। ভেদাৎ সঙ্ঘাতাৎ সন্তয়কার্য্যকারিত্বাচ্চ। সংহতা হ্যমাত্যাঃ সদ্যো রাজানমরাজানং কুর্য্যুর্বিপরীতং বা

বিচক্ষণ রাজা কোমল উপায়ে কোমলকে জয় করিতে পারেন এবং কোমল উপায়েই তীক্ষ্ণকেও জয় করিতে সমর্থ হন। কেন না, কোমল উপায়ের অসাধ্য কিছু নাই; অতএব কোমলই অতিশয় তীক্ষ্ণ ॥৬৬॥

যিনি যথাকালে কোমল হন এবং যথাসময়ে তীক্ষ্ণ হইয়া থাকেন, তিনি সমস্ত কার্য্য সম্পন্ন করিতে সমর্থ হন এবং শত্রুর উপরে অধিষ্ঠান করিতে পারেন ॥৬৭॥

বুদ্ধিমান্ লোকের সহিত বিরোধ উপস্থিত হইলে 'আমি দূরে আছি' ইহা ভাবিয়া আশ্বস্ত থাকিবে না। কারণ, বুদ্ধিমানের বাহুযুগল অতিদীর্ঘ (উপায় সকল দূর-প্রসারী); সুতরাং তাঁহার হিংসা করিলে, তিনি সেই বাহুযুগলদ্বারা দূরেও হিংসা করিতে পারেন ॥৬৮॥

যে কার্য্যের পার পাইতে পারিবে না, সে কার্য্য আরম্ভ করিবে না; যে দ্রব্য অন্যে আবার লইয়া যাইবে, সে দ্রব্য হরণ করিবে না; যে শত্রুর মূল উৎপাটন করিতে পারিবে না, সে শত্রুর উপদ্রব করিবে না এবং যে শত্রুর মস্তক ছেদন করিতে সমর্থ হইবে না, সে শত্রুকে প্রহার করিবে না ॥৬৯॥

ইতীদমুক্তং বৃজিনাভিসংহিতং ন চৈতদেবং পুরুষঃ সমাচরেৎ।
পরপ্রযুক্তে ন কথং বিভাবয়েদতো ময়োক্তং ভবতো হিতার্থিনা ॥৭০॥
ভীষ্ম উবাচ।
যথাবদুক্তং বচনং হিতার্থিনা নিশম্য বিপ্রেণ সুবীররাষ্ট্রপঃ।
তথাকরোদ্বাক্যমদীনচেতনঃ শ্রিয়ঞ্চ দীপ্তাং বুভুজে সবান্ধবঃ ॥৭১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কণিকোপদেশে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্রাহ্মণস্ত্বেদৃশঃ পাপোপদেশো নিতরামনুচিত ইতি বিভব্যাহ ইতীতি। ময়া ইদং বৃজিনাভিসংহিতং পাপসম্বন্ধমুক্তম্। অতএব পুরুষঃ, এবংভাবেন এতৎ সম্পৎকালে ন সমাচরেৎ; কিন্তু পরেণ শত্রুণা প্রযুক্তে বিরোধে বিপদুপস্থিতৌ কথং ন বিভাবয়েৎ ঈদৃশাচরণং কর্ত্তুং ন চিন্তয়েৎ, অপি তু আপৎকালে ইদং বিভাবয়েদেবেত্যর্থঃ। অতো ভবতো হিতার্থিনা ময়া ইদমুক্তম্ ॥৭০॥

যথাবদিতি। বিপ্রেণ ভারদ্বাজেন কণিকেন, সুবীররাষ্ট্রপঃ সৌবীরদেশাধিপতিঃ শত্রুঞ্জয়ঃ। অদীনচেতনঃ অকাতরচিত্তঃ, দীপ্তামুজ্জ্বলাম্ ॥৭১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কুর্য্যাদিত্যর্থঃ ॥৬৪—৬৯॥ বৃজিনাভিসংহিতমাপৎকালাভিপ্রায়েণৈবৈতদুক্তং ন ত্বেবমেতদেবং পুরুষঃ সমাচরেৎ। পরপ্রযুক্তে পরেণাভিযোগে কৃতে সতীদং মদুক্তং কথং ন ভাবয়েদপি তু ভাবয়েদেব, আপত্স্বেতদনুষ্ঠানাদধর্ম্মো নাস্তীতি ভাবঃ ॥৭০—৭১॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৬॥

মহারাজ! আমি এই সকল পাপসংযুক্ত কথা বলিলাম; সুতরাং মানুষ সম্পদের সময়ে এইরূপ আচরণ করিবে না; কিন্তু শত্রু বিরোধ আরম্ভ করিলে এবং তাহাতে বিপদ্ হইবার সম্ভাবনা হইলে, মানুষ কেন এইরূপ আচরণ করিবার ইচ্ছা করিবে না? অতএব আমি আপনার হিতার্থী হইয়াই এইরূপ বলিলাম' ॥৭০॥

ভীষ্ম বলিলেন—'ভরদ্বাজবংশসম্ভূত ব্রাহ্মণ কণিক হিতার্থী হইয়া যে কথাগুলি বলিলেন, সৌবীররাজ্যাধিপতি শত্রুঞ্জয় যথাকালে অকাতরচিত্তে সেই অনুসারে কার্য্য করিয়াছিলেন এবং তাহাতে তিনি বন্ধুবর্গের সহিত উজ্জ্বল রাজলক্ষ্মী ভোগ করিয়াছিলেন' ॥৭১॥

(৭০) ইতঃ পরং 'ভীষ্ম উবাচ' ইতি নাস্তি পি বঙ্গ।

* '…চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ নি।

সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—০॥০—

যুধিষ্ঠির উবাচ।

হীনে পরমকে ধর্ম্মে সর্ব্বলোকাভিলঙ্ঘিতে।
অধর্ম্মে ধর্ম্মতাং নীতে ধর্ম্মে চাধর্ম্মতাং গতে ॥১॥
মর্য্যাদাসু বিনষ্টাসু ক্ষুভিতে ধর্ম্মনিশ্চয়ে।
রাজভিঃ পীড়িতে লোকে পরৈর্ব্বাপি বিশাংপতে! ॥২॥
সর্ব্বাশ্রমেষু মূঢ়েষু কর্ম্মসূপহতেষু চ।
কামাল্লোভাচ্চ মোহাচ্চ ভয়ং পশ্যৎসু ভারত! ॥৩॥
অবিশ্বস্তেষু সর্ব্বেষু নিত্যং ভূতেষু পার্থিব!।
নিকৃত্যা হন্যমানেষু বঞ্চয়ৎসু পরস্পরম্ ॥৪॥
সম্প্রদীপ্তেষু দেশেষু ব্রাহ্মণে চাতিপীড়িতে।
অবর্ষতি চ পর্জ্জন্যে মিথো ভেদে সমুত্থিতে ॥৫॥
সর্ব্বস্মিন্ দস্যুসাদ্ভূতে পৃথিব্যামুপজীবনে।
কেন স্বিদ্ব্রাহ্মণো জীবেজ্জঘন্যে কাল আগতে ॥৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

হীন ইতি। সর্ব্বৈরেব লোকৈঃ অভিলঙ্ঘিতে অতিক্রান্তে। অধর্ম্মে অন্ত্যজসংসর্গাদৌ, ধর্ম্মে সদাচারাদৌ। মর্য্যাদাসু গৌরবাদিসীমাসু। হে বিশাংপতে! প্রজানাথ! রাজ্ঞোঽপি নিয়ন্তৃত্বাৎ। মূঢ়েষু মোহাৎ কর্ত্তব্যচ্যুতেষু, কর্ম্মসু যাগাদিকার্য্যেষু। নিকৃত্যা শাঠ্যেন। সম্প্রদীপ্তেষু দুর্জ্জনাত্যাচারাৎ সন্তপ্তেষু। পর্জ্জন্যে মেঘে। উপজীবনে খাদ্যাদৌ। জঘন্যে নিকৃষ্টে ॥১—৬॥

যুধিষ্ঠির বলিলেন—‘নরনাথ! ভরতনন্দন! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! সমস্ত লোকে লঙ্ঘন করিতে থাকায় পরম ধর্ম্ম ক্ষীণ হইতে থাকিলে, অধর্ম্মকে ধর্ম্ম করিয়া তুলিলে, ধর্ম্মকে অধর্ম্ম করিয়া লইলে, মর্য্যাদা নষ্ট হইলে, ধর্ম্মনিরূপণ বিচলিত হইয়া পড়িলে, রাজারা ও প্রবল লোকেরা লোকের পীড়ন করিতে থাকিলে, মোহবশতঃ সমস্ত আশ্রম কর্ত্তব্যভ্রষ্ট হইলে, যাগ-যজ্ঞাদি কার্য্য উঠিয়া যাইতে থাকিলে, কাম, লোভ ও মোহবশতঃ সকলেই ভয় অনুভব করিতে লাগিলে, সমস্ত লোকই সর্ব্বদা অবিশ্বাসী হইলে এবং শঠতাপূর্ব্বক পরস্পর বধ ও বঞ্চনা করিতে লাগিলে, সমস্ত দেশই সন্তপ্ত হইয়া উঠিলে,

অতিতিক্ষুঃ পুত্রপৌত্রাননুক্রোশান্নরাধিপ ! ।
কথমাপৎসু বর্ত্তেত তন্মে ব্রূহি পিতামহ ! ॥৭॥
কথঞ্চ রাজা বর্ত্তেত লোকে কলুষতাং গতে ।
কথমর্থাচ্চ ধর্ম্মাচ্চ ন হীয়েত পরন্তপ ! ॥৮॥

ভীষ্ম উবাচ ।

রাজমূলা মহাবাহো ! যোগক্ষেমসুবৃষ্টয়ঃ ।
প্রজাসু ব্যাধয়শ্চৈব মরণঞ্চ ভয়ানি চ ॥৯॥
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চ ভরতর্ষভ ! ।
রাজমূলা ইতি মতির্মম নাস্ত্যত্র সংশয়ঃ ॥১০॥

ভারতকৌমুদী

অতীতি। অনুক্রোশাদ্দয়াতঃ, পুত্রপৌত্রান্, অতিতিক্ষুঃ পালনাশক্তাবপি ত্যক্তুমনিচ্ছুঃ। সর্ব্বো লোক ইতি শেষঃ ॥৭॥

কথমিতি। কলুষতাং পাপিত্বম্। ন হীয়েত ভ্রশ্যেৎ ॥৮॥

রাজেতি। অনাগতস্যানয়নং যোগঃ, আগতস্য রক্ষণং ক্ষেমম্, প্রয়োজনোপযোগিনীবৃষ্টিঃ সুবৃষ্টিস্তাঃ ॥৯॥

কৃতমিতি। রাজ্ঞো নিষ্পাপত্বে কৃতম্, কিঞ্চিৎপাপশালিত্বে ত্রেতা, অর্দ্ধপাপত্বে দ্বাপরম্, পাপময়ত্বে চ কলিরিত্যভিপ্রায়ঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

হীন ইতি। আপদ্যকার্য্যমপি কণিকেনোক্তম্, তত্র বিশ্বামিত্রাশ্বজাঘনীপচনরূপং শিষ্টাচারং প্রমাণয়তি ॥১—৬॥ অতিতিক্ষুস্ত্যক্তুমনিচ্ছুঃ, অনুক্রোশাদ্দয়াতঃ, ব্রাহ্মণান্ পালয়িতুমশক্তো রাজা

ব্রাহ্মণেরা পীড়া অনুভব করিতে লাগিলে, মেঘ বর্ষা না করিতে থাকিলে, লোকের মধ্যে পরস্পর ভেদ উপস্থিত হইলে এবং পৃথিবীর সমস্ত জীবিকানির্ব্বাহের উপায়ই দস্যুদের করতলগত হইলে—এইরূপ নিকৃষ্ট কাল আসিয়া পড়িলে, ব্রাহ্মণেরা কিপ্রকারে জীবনধারণ করিবেন ? ॥১—৬॥

পিতামহ ! নরনাথ ! মানুষ পালন করিতে না পারিয়াও দয়াবশতঃ পুত্রপৌত্র-প্রভৃতিকে পরিত্যাগ করিতে অসমর্থ হইয়া, আপৎকালে কিপ্রকারে চলিবে, তাহা আপনি আমার নিকট বলুন ॥৭॥

শত্রুসন্তাপক পিতামহ ! লোক সকল পাপী হইয়া পড়িলে, রাজা কিভাবে চলিবেন এবং কিপ্রকারেই বা ধর্ম্ম ও অর্থ হইতে বিচ্যুত হইবেন না' ॥৮॥

ভীষ্ম বলিলেন—'মহাবাহু ! প্রজাদের অর্জ্জন, রক্ষণ, উপযুক্ত বৃষ্টি, রোগ, মৃত্যু ও ভয়—এই সমস্তেরই কারণ রাজা ॥৯॥

তস্মিংস্ত্বভ্যাগতে কালে প্রজানাং দোষকারকে।
বিজ্ঞানবলমাস্থায় জীবিতব্যং ভবেত্তদা ॥১১॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
বিশ্বামিত্রস্য সংবাদং চাণ্ডালস্য চ পক্কণে ॥১২॥
ত্রেতাদ্বাপরয়োঃ সন্ধৌ তদা দৈববিধিক্রমাৎ।
অনাবৃষ্টিরভূদ্‌ঘোরা লোকে দ্বাদশবার্ষিকী ॥১৩॥
প্রজানাম'তবৃদ্ধানাং যুগান্তে সমুপস্থিতে।
ত্রেতাবিমোক্ষসময়ে দ্বাপরপ্রতিপাদনে ॥১৪॥
ন ববর্ষ সহস্রাক্ষঃ প্রতিলোমোঽভবদ্‌গুরুঃ।
জগাম দক্ষিণং মার্গং সোমো ব্যাবৃত্তলক্ষণঃ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ কলৌ। বিজ্ঞানবলং বিবেকশক্তিম্ ॥১১॥

অত্রেতি। পক্কণে অন্ত্যজভবনে। "পক্কণঃ শবরালয়ঃ" ইত্যমরঃ ॥১২॥

ত্রেতেতি। দৈববিধিক্রমাৎ দৈববিধানবশাৎ। দ্বাদশবর্ষাণি ব্যাপ্নোতি দ্বাদশবার্ষিকী ॥১৩॥

প্রজানামিতি। অতিবৃদ্ধানামত্যন্তবাহুল্যপ্রাপ্তানাম্। ত্রেতাবিমোক্ষসময়ে ত্রেতাযুগসমাপ্তি-কালে, দ্বাপরস্য প্রতিপাদনে প্রাপ্তিসময়ে। সহস্রাক্ষ ইন্দ্রঃ, প্রতিলোমো বক্রগামী, গুরুর্বৃহস্পতিঃ। ব্যাবৃত্তলক্ষণস্তিরোহিতনৈর্ম্মল্যঃ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

কিং কুর্য্যাদিত্যর্থঃ ॥৭—৮॥ অপ্রাপ্তপ্রাপণং যোগঃ, প্রাপ্তসংরক্ষণং ক্ষেমঃ, সুবৃষ্টিশ্চ তাঃ; ব্রাহ্মণা-দীনাং বিপদাগমং রাজ্ঞ এব দোষ ইত্যর্থঃ ॥৯—১১॥ পক্কণে চাণ্ডালাগারে ॥১২॥ দৈববিধির্দৈব-

আর ভরতশ্রেষ্ঠ! রাজাই সত্য, ত্রেতা, দ্বাপর ও কলিযুগের মূল—ইহাই আমার ধারণা, এমন কি এ বিষয়ে আমার কোন সংশয়ই নাই ॥১০॥

কলিযুগ লোকের নানাবিধ দোষ উৎপাদন করে, সেই কলিকাল আসিয়া পড়িলে, তখন বিশেষ বিবেচনা করিয়া, মানুষের বাঁচিতে হইবে ॥১১॥

এই বিষয়েও মনস্বীরা কোন অন্ত্যজপল্লীতে মহর্ষি বিশ্বামিত্র এবং চাণ্ডালের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥১২॥

ত্রেতা ও দ্বাপরযুগের সন্ধিসময়ে দৈববশতঃ জগতে দ্বাদশবর্ষব্যাপক ভয়ানক অনাবৃষ্টি হইয়াছিল ॥১৩॥

ত্রেতাযুগ চলিয়া যায় এবং দ্বাপরযুগ উপস্থিত হয়, এইরূপ সেই সময়ে অত্যন্ত-বৃদ্ধিপ্রাপ্ত মনুষ্যগণের প্রলয় উপস্থিত হইলে, ইন্দ্র বর্ষা করেন নাই, বৃহস্পতি বক্রী হইয়াছিলেন এবং চন্দ্র মলিনমণ্ডল হইয়া দক্ষিণদিকে গমন করিতেছিলেন ॥১৪—১৫॥

নাবশ্যায়োঽপি তত্রাভূৎ কুত এবাভ্রজাতয়ঃ।
নদ্যঃ সংক্ষিপ্ততোয়ৌঘাঃ কিঞ্চিদন্তর্গতাস্ততঃ ॥১৬॥
সরাংসি সরিতশ্চৈব কূপাঃ প্রস্রবণানি চ।
হতত্বিষো ন লক্ষ্যন্তে নিসর্গাদ্দৈবকারিতাৎ ॥১৭॥
উপশুষ্কজলস্থায়া বিনিবৃত্তসভাপ্রপা।
নিবৃত্তযজ্ঞস্বাধ্যায়া নির্বষট্‌কারমঙ্গলা ॥১৮॥
উৎসন্নকৃষিগোরক্ষা নিবৃত্তবিপণাপণা।
নিবৃত্তযূপসম্ভারা বিপ্রনষ্টমহোৎসবা ॥১৯॥
অস্থিকঙ্কালসঙ্কীর্ণা হাহাভূতনরাকুলা।
শূন্যভূয়িষ্ঠনগরা দগ্ধগ্রামনিবেশনা ॥২০॥
ক্বচিচ্চৌরৈঃ ক্বচিচ্ছস্ত্রৈঃ ক্বচিদ্রাজভিরাতুরৈঃ।
পরস্পরভয়াচ্চৈব শূন্যভূয়িষ্ঠনির্জনা ॥২১॥
গতদৈবতসংস্থানা বৃদ্ধবালবিনাকৃতা।
গোঽজাবিমহিষীহীনা পরস্পরপরাহতা ॥২২॥
হতবিপ্রা হতরক্ষা প্রনষ্টৌষধিসঞ্চয়া।
শবভূতনরপ্রায়া বভূব বসুধা তদা ॥২৩॥ (কুলকম্)

ভারতকৌমুদী

নেতি। অবশ্যায়স্তুষারঃ, অভ্রজাতয়ো মেঘমালাঃ। সংক্ষিপ্ততোয়াঃ শুষ্কজলাঃ, কিঞ্চিৎ কিয়ত্যো নদ্যশ্চ অন্তর্গতাস্তিরোহিতখাতাঃ ॥১৬॥

সরাংসীতি। প্রস্রবণানি জলপ্রপাতাঃ। হতত্বিষো নষ্টশোভাঃ, নিসর্গাদনাবৃষ্টিস্বভাবাৎ ॥১৭॥

ভারতভাবদীপঃ

বিহিতঃ ॥১৩—১৪॥ প্রতিলোমো বক্রী, ব্যাবৃত্তমন্থথাভূতং লক্ষণং চিহ্নং যস্য ॥১৫॥ অবশ্যায়ো ধূমিকা ॥১৬—১৭॥ জলস্থায়াঃ ক্ষুদ্রজলাশয়াঃ ॥১৮॥ বিপণো বিক্রয়াদিঃ, আপণো হট্টঃ ॥১৯—২২॥ হতা আরক্ষা রক্ষাকর্ত্তারো যস্যাং সা, ভূততরুঃ শ্মশানবৃক্ষস্তদ্বদগম্যা ভূততরুপ্রায়া, ভূতনরপ্রায়েতি

সেই সময়ে কুয়াসাই হইত না, মেঘ আর হইবে কি প্রকারে! অনেক নদী শুকাইয়া গিয়াছিল এবং কতকগুলি নদী একেবারে খাতশূন্য হইয়া পড়িয়াছিল ॥১৬॥

দৈবকৃত ও স্বভাববশতঃ অনাবৃষ্টি—জলাশয়, নদী, কূপ ও প্রস্রবণের শোভা নষ্ট হওয়ায়, সেগুলিকে জলাশয়প্রভৃতি বলিয়াই লক্ষ্য করা যাইত না ॥১৭॥

(১৮) অত্র দাক্ষিণাত্যপুস্তকে বিবিধাঃ পাঠভেদা দ্রষ্টব্যাঃ।

তস্মিন্ প্রতিভয়ে কালে ক্ষীণধর্ম্মে যুধিষ্ঠির !।
বভ্রমুঃ ক্ষুধিতা মর্ত্ত্যাঃ খাদমানাঃ পরস্পরম্ ॥২৪॥

ভারতকৌমুদী

উপেতি। জলানি তিষ্ঠন্ত্যেষ্বিতি জলস্থায়া জলাশয়াঃ। অধিকরণে ঘঙি রূপম্, উপশুষ্কা জলস্থায়া যস্যাঃ সা, বিনিবৃত্তাঃ সভ: প্রপাঃ পানীয়শালাশ্চ যস্যাঃ সা। নিবৃত্তা যজ্ঞাঃ স্বাধ্যায়া বেদপাঠাশ্চ যস্যাং সা, নির্ন বিত্বস্তে বষট্কার দেবহবির্দানানি মঙ্গলানি বিবাহাদিমঙ্গলকর্ম্মাণি চ যস্যাং সা। উৎসন্নাঃ কৃষয়ো গোরক্ষাশ্চ যস্যাং সা, নিবৃত্তা বিপণাঃ ক্রয়বিক্রয়া আপণাস্তৎস্থানানি চ যস্যাং সা। নিবৃত্তা যূপসম্ভারা যূপাদিযজ্ঞোপকরণানি যস্যাং সা, বিপ্রনষ্টা বিলুপ্তা মহোৎসবা যস্যাং সা। অস্থিভিঃ কঙ্কালৈশ্চ সঙ্কীর্ণ ব্যাপ্তা, হাহাভূতৈঃ হাহাকারিভির্নরৈঃ আকুলা আকীর্ণা। শূন্যানি শূন্যস্থানান্যেব ভূয়িষ্ঠানি বহুলানি যেষাং তানি তাদৃশানি নগরাণি যস্যাং সা, দগ্ধানি গ্রামা নিবেশনানি গৃহাণি চ যস্যাং সা। আতুরৈঃ ক্ষুৎপীড়িতৈঃ। শূন্যানি শূন্যস্থানানি ভূয়িষ্ঠানি বহুলানি যস্যাং সা চাসৌ নির্জ্জনা চেতি সা। গতানি নষ্টানি দৈবতসংস্থানানি দেবতায়তনানি যস্যাং সা, বৃদ্ধৈর্বালৈশ্চ বিনাকৃতা রহিতা, অল্পপ্রাণতয়া তেষাং মরণাদিতি ভাবঃ। গোভিঃ অজৈশ্ছাগৈঃ অবিভির্মেষৈঃ মহিষীভিশ্চ হীনা, পরস্পরং পরাহতা খাদ্যান্বেষণায় নিখাতা। হতা খাদ্যাভাবেনৈব মারিতা বিপ্রা যস্যাঃ সা, তথা হতা আরক্ষা রক্ষাকর্ত্তারো যস্যাঃ সা, প্রনষ্ট ওষধীনাং লতাগুল্মাদীনাং সঞ্চয়ো যস্যাঃ সা। শবভূতা নরা প্রায়া বহুলা যত্র সা চ ॥১৮—২৩॥

তস্মিন্নিতি। প্রতিভয়ে ভয়ঙ্করে। "ভয়ঙ্করং প্রতিভয়ম্" ইত্যমরঃ ॥২৪॥

সমস্ত জলাশয়ের জল শুকাইয়া গিয়াছিল, সভা, জলসত্র, যজ্ঞ, বেদপাঠ, দেবপূজা ও বিবাহপ্রভৃতি মাঙ্গলিক কর্ম্ম একেবারে তিরোহিত হইয়াছিল; কৃষি ও পশুপালন উৎসন্ন হইয়াছিল; ক্রয়-বিক্রয় হইত না, দোকানগুলি উঠিয়া গিয়াছিল; যূপ-প্রভৃতি যজ্ঞোপকরণ সংগ্রহ হইত না এবং মহোৎসবসকল অন্তর্হিত হইয়াছিল; পৃথিবী অস্থি ও কঙ্কালে পরিপূর্ণ হইয়াছিল, মনুষ্যেরা হাহাকার করিতেছিল, নগরের বহু স্থানই শূন্য হইয়া গিয়াছিল, গ্রাম ও গৃহসকল সূর্য্যের তাপে দগ্ধপ্রায় হইয়াছিল; কোথায়ও চোর, কোথায়ও অস্ত্র, কোথায়ও রাজা এবং কোথায়ও ক্ষুধার্ত্ত লোকের উপদ্রবে, আর পরস্পরের ভয়ে বহুস্থানই জনমানবশূন্য হইয়া গিয়াছিল; দেবালয় সকল উঠিয়া গিয়াছিল, বালক ও বৃদ্ধগণ মরিয়া গিয়াছিল, গরু, ছাগল, মেষ ও মহিষ ছিল না, ক্ষুধার্ত্তেরা পরস্পর তাড়ন করিতেছিল; ব্রাহ্মণগণ ও রক্ষকগণ বিধ্বস্ত হইয়াছিলেন; লতাগুল্মপ্রভৃতি বিনষ্ট হইয়াছিল এবং প্রায় মনুষ্যই মরিয়া গিয়াছিল ॥১৮—২৩॥

যুধিষ্ঠির ! ধর্ম্মহীন সেই ভয়ঙ্কর সময়ে ক্ষুধার্ত্ত মনুষ্যেরা পরস্পর ভক্ষণ করিতে থাকিয়া, ভ্রমণ করিতে লাগিল ॥২৪॥

ঋষয়ো নিয়মাংস্ত্যক্ত্বা পরিত্যজ্যাগ্নিদেবতাঃ।
আশ্রমান্ সংপরিত্যজ্য পর্য্যধাবন্নিতস্ততঃ ॥২৫॥
বিশ্বামিত্রোঽথ ভগবান্ মহর্ষিরনিকেতনঃ।
ক্ষুধাপরীগতো ধীমান্ সমন্তাৎ পর্য্যধাবত ॥২৬॥
ত্যক্ত্বা দারাংশ্চ পুত্রাংশ্চ কস্মিংশ্চ জনসংসদি।
ভক্ষ্যাভক্ষ্যসমো ভূত্বা নিরগ্নিরনিকেতনঃ ॥২৭॥ (যুগ্মকম্)
স কদাচিৎ পরিপতন্ শ্বপচানাং নিবেশনম্।
হিংস্রাণাং প্রাণিঘাতানামাসসাদ বনে ক্বচিৎ ॥২৮॥
বিভিন্নকলসাকীর্ণং শ্বচর্ম্মচ্ছেদনাযুতম্।
বরাহখরভগ্নাস্থিকপালঘটসঙ্কুলম্ ॥২৯॥
মৃতচেলপরিস্তীর্ণং নির্ম্মাল্যকৃতভূষণম্।
সর্পনির্ম্মোকমালাভিঃ কৃতচিহ্নকুটীমঠম্ ॥৩০॥
কুক্কুটারাববহুলং গর্দ্দভধ্বনিনাদিতম্।
উদ্ঘোষদ্ভিঃ খরৈর্বাক্যৈঃ কলহদ্ভিঃ পরস্পরম্ ॥৩১॥
উলূকপক্ষিধ্বনিভির্দেবতায়তনৈর্বৃতম্।
লোহঘণ্টাপরিষ্কারং শ্বযূথপরিবারিতম্ ॥৩২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ঋষয় ইতি। নিয়মান্ জপস্নানাদীন্, অগ্নিদেবতাঃ অগ্নিহোত্রাগ্নিদেববিগ্রহান্ ॥২৫॥

বিশ্বেতি। অনিকেতনো গৃহশূন্যঃ। ক্ষুধাং পরীগতঃ প্রাপ্তঃ। ভক্ষ্যাভক্ষ্যে সমে ক্ষুধার্ত্ততয়া তুল্যে যস্য সঃ ॥২৬—২৭॥

স ইতি। পরিপতন্ পর্য্যটন্, শ্বপচানাং চাণ্ডালানাম্। প্রাণিনাং ঘাতো বধো যেভ্যস্তেষাম্। বিভিন্নৈর্নানাপ্রকারৈঃ কলসৈ রক্তমাংসরক্ষাকুম্ভৈঃ আকীর্ণং ব্যাপ্তম্, শুনাং কুক্কুরাণাং চর্ম্মাণি ছিদ্যন্তে যৈস্তৈরস্ত্রৈঃ আযুতং সমন্বিতম্। বরাহখরাণাং শূকরগর্দ্দভানাং ভগ্নৈঃ অস্থিভিঃ কপালৈঃ ঘটৈশ্চ সঙ্কুলং ব্যাপ্তম্। মৃতানাং চেলৈর্বসনৈঃ পরিস্তীর্ণং পরিপূর্ণম্, নির্ম্মাল্যৈর্মৃতানামেব মাল্যাদিভিঃ কৃতং ভূষণং শোভা যস্য তৎ। সর্পাণাং নির্ম্মোকমালাভিঃ পরিত্যক্তচর্ম্মশ্রেণীভিঃ কৃতচিহ্নানি কুটীমঠানি ক্ষুদ্রগৃহমৃদ্গৃহাণি যত্র তৎ। কুক্কুটানাং পক্ষিণাম্ আরাবাঃ শব্দা বহবো যত্র তৎ। বাক্যৈঃ পরস্পরং কলহদ্ভিঃ বিবদদ্ভির্জনৈঃ। উলূকপক্ষিধ্বনিভিঃ পেচকরবৈঃ দেবতায়তনৈশ্চ বৃতম্।

ঋষিরা জপ, স্নান, তপস্যা, অগ্নি, দেবতার বিগ্রহ এবং আশ্রম পরিত্যাগ করিয়া নানাদিকে ধাবিত হইতে লাগিলেন ॥২৫॥

ক্রমে জ্ঞানী ও মহর্ষি ভগবান্ বিশ্বামিত্র ক্ষুধার্ত্ত হইয়া, গৃহ ত্যাগ করিয়া, কোন লোকসমাজের নিকট স্ত্রীপুত্র রাখিয়া, অগ্নিহোত্রের অগ্নি পরিত্যাগ করিয়া, খাদ্যাখাদ্য-সমান হইয়া সকল দিকে ছুটাছুটি করিতে লাগিলেন ॥২৬—২৭॥

তৎ প্রবিশ্য ক্ষুধাবিষ্টো বিশ্বামিত্রো মহানৃষিঃ।
আহারান্বেষণে যুক্তঃ পরং যত্নং সমাস্থিতঃ ॥৩৩॥
ন চ ক্কচিদবিন্দৎ স ভিক্ষমাণোঽপি কৌশিকঃ।
মাংসমন্নং ফলং মূলমন্যদ্বা তত্র কিঞ্চন ॥৩৪॥
অহো কৃচ্ছ্রং ময়া প্রাপ্তমিতি নিশ্চিত্য কৌশিকঃ।
পপাত ভূমৌ দৌর্ব্বল্যাত্তস্মিংশ্চাণ্ডালপক্কণে ॥৩৫॥
স চিন্তয়ামাস মুনিঃ কিং নু মে সুকৃতং ভবেৎ।
কথং বৃথা ন মৃত্যুঃ স্যাদিতি পার্থিবসত্তম! ॥৩৬॥

ভারতকৌমুদী

লোহঘণ্টাঃ পরিষ্কারা ভূষণানি যস্য তৎ, শ্বযূথেন কুক্কুরসমূহেন পরিবারিতং পরিবেষ্টিতম্ ॥২৮—৩২॥

তদিতি। যুক্তো মনোযোগী সন্, পরমত্যন্তম্ ॥৩৩॥

নেতি। অবিন্দৎ অলভত। কৌশিকো বিশ্বামিত্রঃ ॥৩৪॥

অহো ইতি। যদ্যপি পক্কণশব্দেনৈব চণ্ডালপল্লীপ্রতীতিঃ, "পক্কণঃ শবরালয়ঃ" ইত্যমরকোষাৎ, তথাপি তদানীং চণ্ডালস্থিতিবোধার্থং চাণ্ডালেত্যুক্তং কর্ণকুণ্ডলমিত্যাদিবৎ ॥৩৫॥

স ইতি। সুকৃতং সুষ্ঠুক্রিয়া। বৃথা মৃত্যুঃ ক্ষুধয়া চাণ্ডালবেশ্মন্যপমৃত্যুঃ ॥৩৬॥

তিনি পর্য্যটন করিতে করিতে কোন সময়ে হিংস্রস্বভাব ও প্রাণিঘাতী চাণ্ডালগণের কোন বনস্থিত পল্লীতে যাইয়া উপস্থিত হইলেন। সেই পল্লীতে নানাবিধ কলস, কুক্কুরচর্ম্মচ্ছেদনের অস্ত্র, শূকর ও গর্দ্দভের ভগ্ন অস্থি ও কঙ্কাল, শবের বস্ত্র ও মাল্য ইতস্ততঃ বিক্ষিপ্ত ছিল। ক্ষুদ্র ক্ষুদ্র তৃণগৃহ ও মৃত্তিকগৃহ পতাকার ন্যায় সাপের খোলস দিয়া চিহ্নিত করা ছিল; সেস্থানে কুক্কুট ও গর্দ্দভগণ রব করিতেছিল, কতকগুলি গর্দ্দভ ও মনুষ্য উচ্চস্বরে ও কর্কশবাক্যে পরস্পর কলহ করিতেছিল, পেচক ডাকিতেছিল, নানাদিকে দেবালয় ছিল, লৌহময় ঘণ্টা সকল বুঝিতেছিল এবং কুক্কুরগণ সেই পল্লীটাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥২৮—৩২॥

ক্ষুধার্ত্ত মহর্ষি বিশ্বামিত্র সেই চাণ্ডালভবনে প্রবেশ করিয়া মনোযোগী হইয়া খাদ্যান্বেষণে গুরুতর যত্ন করিতে লাগিলেন ॥৩৩॥

কিন্তু বিশ্বামিত্র যত্ন করিয়াও সেই চাণ্ডালভবনের কোন স্থানেই মাংস, অন্ন, ফল, মূল কিংবা অন্য কোন খাদ্যই পাইলেন না ॥৩৪॥

'হায়! আমি কষ্টেই পড়িয়াছি' এইরূপ নিশ্চয় করিয়া বিশ্বামিত্র দুর্ব্বলতাবশতঃ সেই চাণ্ডালভবনে ভূতলে পতিত হইলেন ॥৩৫॥

স দদর্শ শ্বমাংসস্য কুতন্ত্রীং পতিতাং মুনিঃ।
চাণ্ডালস্য গৃহে রাজন্! সদ্যঃ শস্ত্রহতস্য বৈ ॥৩৭॥
স চিন্তয়ামাস তদা স্তেয়ং কার্য্যমিতো ময়া।
ন হীদানীমুপায়ো মে বিদ্যতে প্রাণধারণে ॥৩৮॥
আপৎসু বিহিতং স্তেয়ং বিশিষ্টসমহীনতঃ।
বিপ্রেণ প্রাণরক্ষার্থং কর্ত্তব্যমিতি নিশ্চয়ঃ ॥৩৯॥
হীনাদাদেয়মাদৌ স্যাৎ সমানাত্তদনন্তরম্।
অসম্ভবে ত্বাদদীত বিশিষ্টাদপি ধার্ম্মিকাৎ ॥৪০॥
সোঽহমন্ত্যাবসায়ীনাং হরমাণঃ পরিগ্রহাৎ।
ন স্তেয়দোষং পশ্যামি হরিষ্যাম্যেতদামিষম্ ॥৪১॥

ভারতকৌমুদী

স ইতি। শ্বা কুক্কুরস্তন্মাংসস্য। কুতন্ত্রীং স্থানচ্যুতৈর্বিকলাং নাড়ীম্। "তন্ত্রী স্যাদ্বল্লকীগুণে। অমৃতায়াঞ্চ নাড্যাঞ্চ শিরায়াং বপুষোঽপি চ" ইতি হেমচন্দ্রঃ ॥৩৭॥

স ইতি। স্তেয়ং চৌর্য্যম্, কার্য্যং কর্ত্তব্যম্, ইতঃ স্থানাৎ ॥৩৮॥

আপৎস্বিতি। বিশিষ্টঃ স্বাপেক্ষয়া শ্রেষ্ঠঃ, সমস্তুল্যঃ, হীনঃ স্বাপেক্ষয়া নিকৃষ্টো জনস্তেভ্যঃ। বিপ্রেণেতি ক্ষত্রিয়াদীনামপ্যুপলক্ষণম্ ॥৩৯॥

বিশিষ্টাদীনাং ক্রমমাহ হীনাদিতি। আদেয়মপহর্ত্তব্যম্ ॥৪০॥

রাজশ্রেষ্ঠ! সেই অবস্থায় বিশ্বামিত্র চিন্তা করিলেন—এখন আমার কি করা ভাল হইবে, কিপ্রকারেই বা অপমৃত্যু হইবে না ॥৩৬॥

রাজা! ক্রমে তিনি দেখিতে পাইলেন—সেই চাণ্ডালভবনে সদ্য শস্ত্রহত কুকুরের মাংস ও নাড়ী ভূতলে পতিত রহিয়াছে ॥৩৭॥

তখন তিনি চিন্তা করিলেন—এ স্থান হইতে আমার চুরি করিতে হইবে। কারণ, এখন আমার প্রাণধারণের অন্য উপায় নাই ॥৩৮॥

বিপৎকালে প্রাণরক্ষার নিমিত্ত শ্রেষ্ঠ, সমান ও নিকৃষ্ট লোকের নিকট হইতে সকলেরই চুরি করা কর্ত্তব্য, ইহা শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে ॥৩৯॥

প্রথমে নিকৃষ্ট লোকের বস্তু হরণ করিবে, পরে সমান লোকের, তাহারও সম্ভব না হইলে, বিপদের সময়ে প্রধান ধার্ম্মিক লোকেরও বস্তু হরণ করিতে পারে ॥৪০॥

(৩৯) আপৎসু বিহিতং স্তৈন্যং বিশিষ্টঞ্চ মহীয়সঃ—পি বঙ্গ বর্দ্ধ।

(৪১) সোঽহমন্ত্যাবসানায় হরাম্যেনাং প্রতিগ্রহাৎ। ন স্তৈন্যদোষং পশ্যামি হরিষ্যামি শ্বজাঘনীম্॥ বঙ্গ বর্দ্ধ।

এতাং বুদ্ধিং সমাস্থায় বিশ্বামিত্রো মহামুনিঃ।
তস্মিন্ দেশে স সুষ্বাপ পতিতো যত্র ভারত। ॥৪২॥
স বিগাঢ়াং নিশাং দৃষ্ট্বা সুপ্তে চাণ্ডালপক্কণে।
শনৈরুত্থায় ভগবান্ প্রবিবেশ কুটীমুখম্ ॥৪৩॥
সুষুপ্ত ইব চাণ্ডালঃ শ্লেষ্মাপিহিতলোচনঃ।
পরিভিন্নস্বরো রূক্ষঃ প্রোবাচাপ্রিয়দর্শনঃ ॥৪৪॥
কঃ কুতন্ত্রীং ঘটয়তি সুপ্তে চাণ্ডালপক্কণে।
জাগর্ম্মি নাত্র সুপ্তোঽস্মি হতোঽসীতি চ দারুণঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। অন্ত্যাবসায়ীনাম্ অন্ত্যজানাং শ্বপচানাম্। দীর্ঘত্বমার্ষম্। প্রতিগ্রহাৎ পরিগ্রহদোষাৎ অধিকমিতি শেষঃ। আমিষং কুক্কুরমাংসম্। তথা চ—"চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ। পতত্যজ্ঞানতো বিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি॥" ইতি মনুবচনাৎ চাণ্ডালাৎ প্রতিগ্রহে যাবান্ দোষঃ, তদীয়দ্রব্যস্তেয়ে তু ন খলু তাবান্ দোষঃ। কিঞ্চ চাণ্ডালস্য দানসন্দেহাৎ ততঃ প্রতিগ্রহোঽপি সন্দিগ্ধ এবেতি ভাবঃ ॥৪১॥

এতামিতি। যত্র দেশে পতিতোঽভবৎ ॥৪২॥

স ইতি। বিগাঢ়ামধিকাম্, সুপ্তে নিদ্রিতে ॥৪৩॥

সুষুপ্ত ইতি। শ্লেষ্মণা লোচনমলেন পিহিতে আবৃতে লোচনে যস্য সঃ। পরিভিন্নস্বরো বিকৃতকণ্ঠঃ ॥৪৪॥

ক ইতি। ঘটয়তি সঞ্চালয়তি। সুপ্তো নিদ্রিতঃ ॥৪৫॥

অতএব আমি চাণ্ডালগণের এই বস্তু হরণ করিতে থাকিয়া, ইহার প্রতিগ্রহ করা অপেক্ষা চুরি করায় অধিক দোষ দেখিতেছি না; সুতরাং এই মাংসই আমি হরণ করিব ॥৪১॥

ভরতনন্দন! মহর্ষি বিশ্বামিত্র এইরূপ বুদ্ধি করিয়া যেখানে পতিত হইয়াছিলেন, সেইখানেই শয়ন করিলেন ॥৪২॥

ক্রমে তিনি রাত্রি অধিক হইয়াছে দেখিয়া এবং চাণ্ডালগৃহের সকলেই শয়ন করিয়াছে জানিয়া, ধীরে ধীরে উঠিয়া কুটীরদ্বারে প্রবেশ করিলেন ॥৪৩॥

ওখানে চণ্ডাল যেন নিদ্রিতের ন্যায় হইয়া রহিয়াছিল; কেন না, তাহার নয়নযুগল মলে আবৃত হইয়া পড়িয়াছিল। এই অবস্থায় সেই অপ্রিয়দর্শন ও রূক্ষমূর্ত্তি চণ্ডাল বিকৃতস্বরে বলিল—॥৪৪॥

'চণ্ডালগৃহের সকলে শয়ন করিলে কে এই নাড়ীগুলি টানিতেছে, আমি জাগিয়া রহিয়াছি, ঘুমায় নাই, তুই মরিলি' সেই দারুণমূর্ত্তি এইরূপ বলিল ॥৪৫॥

(৪৪) ইতঃ পরম্ 'শ্বপচ উবাচ' ইত্যধিকঃ বঙ্গ বর্দ্ধ।

বিশ্বামিত্রস্ততো ভীতঃ সহসা তমুবাচ হ।
তত্র ব্রীড়াকুলমুখঃ সোদ্বেগস্তেন কর্ম্মণা ॥৪৬॥
বিশ্বামিত্রোঽহমায়ুষ্মন্নাগতোঽহং বুভুক্ষিতঃ।
মাং মা বধীঃ শ্বপচাদ্য যদি সম্যক্ প্রপশ্যসি ॥৪৭॥
চাণ্ডালস্তদ্বচঃ শ্রুত্বা মহর্ষের্ভাবিতাত্মনঃ।
শয়নাদুপসংভ্রান্ত উদ্‌যযৌ প্রতি তং ততঃ ॥৪৮॥
স বিমৃজ্যাশ্রু নেত্রাভ্যাং বহুমানাৎ কৃতাঞ্জলিঃ।
উবাচ কৌশিকং রাত্রৌ ব্রহ্মন্! কিং তে চিকীর্ষিতম্ ॥৪৯॥
বিশ্বামিত্রস্তু মাতঙ্গমুবাচ পরিসান্ত্বয়ন্।
ক্ষুধিতোঽহং গতপ্রাণো হরিষ্যামি শ্বজাঘনীম্ ॥৫০॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। ব্রীড়য়া লজ্জয়া আকুলং বিবর্ণং মুখং যস্য সঃ ॥৪৬॥

বিশ্বেতি। হে আয়ুষ্মন্ শ্বপচ!। সম্যক্ প্রপশ্যসি তত্ত্বং জানাসি ॥৪৭॥

চাণ্ডাল ইতি। ভাবিতাত্মনঃ তপঃশোধিতচিত্তস্য। শয়নাৎ শয্যাতঃ ॥৪৮॥

স ইতি। কৌশিকং বিশ্বামিত্রম্। তে তয়া, চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্ ॥৪৯॥

বিশ্বেতি। মাতঙ্গং চাণ্ডালম্। গতপ্রাণো ভোজনাভাবাৎ তিরোহিতবলঃ। শুনঃ কুক্কুরস্য জঘনস্যেয়মিতি জাঘনী মাংসপিণ্ডিকা তাম্। কটীপুরোভাগো জঘনম্, "ক্লীবে তু জঘনং পুরঃ" ইত্যমরঃ। এবমন্যত্র ॥৫০॥

ভারতভাবদীপঃ

পাঠে ভূতপ্রায়নরেত্যর্থঃ। শাবভূতনরপ্রায়েতি প্রাচাং পাঠঃ স্পষ্টার্থঃ। শব এব শাবঃ ॥২৩—৩৫॥ বৃথা অন্নং বিনা ॥৩৬॥ কুতন্ত্রীং দণ্ডিকাম্ ॥৩৭—৪০॥ প্রতিগ্রহাত্তজ্জদোষাৎ স্তৈন্যদোষমধিকং ন পশ্যামীত্যর্থঃ। শ্বজাঘনীং শুনো জঙ্ঘাম্ ॥৪১—৪৪॥ ঘটয়তি চালয়তি ॥৪৫—৪৬॥

তখন সেই কার্য্যে বিশ্বামিত্রের ভয় ও উদ্বেগ জন্মিয়াছিল এবং লজ্জায় মুখ বিবর্ণ হইয়াছিল, সেই অবস্থায় তিনি সহসা চাণ্ডালকে বলিলেন—॥৪৬॥

'আয়ুষ্মন্! চণ্ডাল! আমি বিশ্বামিত্র, আমি ক্ষুধার্ত্ত হইয়া আসিয়াছি; অতএব তুমি যদি আমার এই অবস্থা বুঝিয়া থাক, তবে আমাকে বধ করিও না' ॥৪৭॥

চাণ্ডাল তপস্যায় শুদ্ধচিত্ত মহর্ষি বিশ্বামিত্রের সেই কথা শুনিয়া, ব্যস্ত হইয়া শয্যা হইতে উঠিয়া তাঁহার নিকট গমন করিল ॥৪৮॥

এবং নয়নযুগল হইতে অশ্রু মার্জ্জনা করিয়া, বিশ্বামিত্রের প্রতি অত্যন্ত গৌরববশতঃ কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিল—'ব্রাহ্মণ! আপনি এই রাত্রিতে কি করিবার ইচ্ছা করিয়াছেন?' ॥৪৯॥

(৪৭)...মা বধীর্মম সদ্‌বুদ্ধে!—বঙ্গ বৰ্দ্ধ নি।

ক্ষুধিতঃ কলুষং যাতো নাস্তি হ্রীরশনার্থিনঃ।
ক্ষুচ্চ মাং দূষয়ত্যত্র হরিষ্যামি শ্বজাঘনীম্ ॥৫১॥
অবসীদন্তি মে প্রাণাঃ শ্রুতির্মে নশ্যতি ক্ষুধা।
দুর্ব্বলো নষ্টসংজ্ঞশ্চ ভক্ষ্যাভক্ষ্যবিবর্জ্জিতঃ।
সোঽধর্ম্মং বুধ্যমানোঽপি হরিষ্যামি শ্বজাঘনীম্ ॥৫২॥
অটন্ ভৈক্ষ্যং ন বিন্দামি যদা যুষ্মাকমালয়ে।
তদা বুদ্ধিঃ কৃতা পাপে হরিষ্যামি শ্বজাঘনীম্ ॥৫৩॥
অগ্নির্মুখং পুরোধাশ্চ দেবানাং শুচিষাড়্বিভুঃ।
যথাবৎ সর্ব্বভুগ্ ব্রহ্মা তথা মাং বিদ্ধি ধর্ম্মতঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

ক্ষুধিত ইতি। কলুষং চৌর্য্যপাপম্, যাতঃ প্রাপ্তঃ, হ্রীর্লজ্জা, অশনার্থিনো ভোজনার্থিনঃ ॥৫১॥

অবেতি। শ্রুতিঃ শ্রবণশক্তিঃ। অধর্ম্মং চৌর্য্যপাপম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫২॥

অটন্নিতি। ন বিন্দামি ন লভে। পাপে চৌর্য্যজনিতে ॥৫৩॥

অগ্নিরিতি। অগ্নির্দেবানাং মুখম্, তেনৈব দেবৈঃ খাদ্যগ্রহণাৎ "অগ্নির্বৈ দেবানাং মুখম্" ইতি শ্রুতেশ্চ; দেবানাং পুরোধা অগ্রবর্ত্তী চ, শুচিং পবিত্রং পদার্থমেব সহত ইতি শুচিষাট্, বিভুর্মহাতেজাশ্চ। তথাপি স যথা যথাবৎ সর্ব্বভুক্ সময়ানুসারেণ বিমূত্রাদিকমপি ভুঙ্‌ক্তে, ব্রহ্মা ব্রাহ্মণোঽপি তথৈব। মাঞ্চ ধর্ম্মতত্ত্বং ব্রহ্মাণং বিদ্ধি জানীহি। তেন চাহং চাণ্ডালস্বামিকমপি কুক্কুরমাংসমপি চ ভোক্তুমর্হামীতি ভাবঃ ॥৫৪॥

ভারতভাবদীপঃ

মম মাম্ ॥৪৭—৪৮॥ নেত্রাভ্যাং শ্লেষ্মপিহিতাভ্যাম্ ॥৪৯—৫০॥ কলুষং যাতঃ পাপঃ কর্ম্মানুস্যূতঃ ॥৫১—৫৩॥ অগ্নির্দেবানাং মুখঞ্চ পুরোধাশ্চ সঃ শুচিষাট্ শুচি মেধ্যমেব সহতে নামেধ্যম্ ॥৫৪॥

বিশ্বামিত্র চণ্ডালকে প্রসন্ন করিবার ইচ্ছায় বলিলেন—'আমি ক্ষুধার্ত্ত এবং ভোজন না করায় আমার শরীর দুর্ব্বল হইয়া পড়িয়াছে; অতএব আমি এই কুকুরের জঘনের মাংস হরণ করিব ॥৫০॥

আমি ক্ষুধার্ত্ত হইয়া পাপে প্রবৃত্ত হইয়াছি এবং ক্ষুধার্ত্তের লজ্জাও থাকে না—এই-ভাবে ক্ষুধা আমাকে দূষিত করিয়াছে; অতএব আমি কুকুরের জঘনের মাংস হরণ করিব ॥৫১॥

ক্ষুধায় আমার প্রাণ অবসন্ন হইয়া পড়িয়াছে, শ্রবণশক্তি নষ্ট হইয়া গিয়াছে, দেহে বল নাই, চৈতন্যও লোপ পাইতে বসিয়াছে এবং খাদ্যাখাদ্য জ্ঞানও হারাইয়াছি; অতএব ইহা পাপ—এইরূপ বুঝিয়াও কুকুরের জঘনের মাংস হরণ করিব ॥৫২॥

যখন তোমাদের পল্লীতে পর্য্যটন করিয়া ভিক্ষা পাই নাই, তখন এই পাপবুদ্ধি করিয়াছি; সুতরাং কুকুরের জঘনের মাংস হরণ করিব ॥৫৩॥

তমুবাচ স চাণ্ডালো মহর্ষে ! শৃণু মে বচঃ ।
শ্রুত্বা তত্ত্বং তথাতিষ্ঠ যথা ধর্ম্মো ন হীয়তে ॥৫৫॥
ধর্ম্মং তবাপি বিপ্রর্ষে ! শৃণু যত্তে ব্রবীম্যহম্ ।
শৃগালাদধমং শ্বানং প্রবদন্তি মনীষিণঃ ।
তস্যাপ্যধম উদ্দেশঃ শরীরস্য শ্বজাঘনী ॥৫৬॥
নেদং সম্যগ্ ব্যবসিতং মহর্ষে ! ধর্ম্মগর্হিতম্ ।
চাণ্ডালস্বস্য হরণমভক্ষ্যস্য বিশেষতঃ ॥৫৭॥
সাধ্বন্যমনুপশ্য ত্বমুপায়ং প্রাণধারণে ।
শ্বমাংসলোভাত্তপসো নাশস্তে স্যান্মহামুনে ! ॥৫৮॥
জানতা বিহিতং ধর্ম্মং ন কার্য্যো ধর্ম্মসঙ্করঃ ।
মা স্ম ধর্ম্মং পরিত্যাক্ষীস্ত্বং হি ধর্ম্মভৃতাং বরঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তমিতি। তথা আতিষ্ঠ অনুতিষ্ঠ কুরু ॥৫৫॥

ধর্ম্মমিতি। শ্বানং কুক্কুরম্। তস্য শুনঃ শরীরস্যাপি শ্বজাঘনী কটীপুরোভাগস্থমাংসপেশী, অধম উদ্দেশঃ অঙ্গম্। অত্র শ্বপদমধিকম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৬॥

নেতি। ব্যবসিতং কর্ত্তুমিষ্টম্। চাণ্ডালস্য স্বং দ্রব্যং তস্য ॥৫৭॥

সাধ্বিতি। সাধু সম্যক্, অনুপশ্য অন্বিষ্য ॥৫৮॥

জানতেতি। বিহিতং ধর্ম্মং জানতা জনেন ধর্ম্মস্য সঙ্করঃ অধর্ম্মেণ মিশ্রণং ন কার্য্যঃ ॥৫৯॥

অগ্নি দেবগণের মুখ ও অগ্রবর্ত্তী, পবিত্র দ্রব্যই গ্রহণ করেন এবং মহাপ্রভাবশালী। তিনিও যেমন অবস্থানুসারে সর্ব্বভুক্ হইয়া থাকেন, ব্রাহ্মণও তেমনই। চাণ্ডাল! তুমি আমাকে ধর্ম্মানুসারে সেই ব্রাহ্মণ বলিয়া অবগত হও' ॥৫৪॥

তখন সেই চাণ্ডাল বিশ্বামিত্রকে বলিল—'মহর্ষি! আপনি আমার বাক্য শ্রবণ করুন, শ্রবণ করিয়া সেইরূপ অনুষ্ঠান করুন, যাহাতে ধর্ম্ম নষ্ট না হয় ॥৫৫॥

ব্রহ্মর্ষি! আমি আপনাকে যাহা বলিতেছি, আপনি আপনার সেই ধর্ম্মও শ্রবণ করুন। পণ্ডিতেরা কুকুরকে শৃগাল অপেক্ষাও অধম পশু বলিয়া থাকেন, সেই কুকুরেরও শরীরের আবার অধম দেশ জঘন (কটীর সম্মুখভাগ) ॥৫৬॥

মহর্ষি! একে ত চাণ্ডালের দ্রব্যহরণ, তাহাতে আবার বিশেষ অখাদ্য দ্রব্যহরণ ধর্ম্মগর্হিত; অতএব আপনি এইটা ভাল আরম্ভ করেন নাই ॥৫৭॥

মহামুনি! ভাল, আপনি প্রাণধারণের পক্ষে অন্য উপায় অন্বেষণ করুন। কারণ, কুকুরের মাংসে লোভ করায় আপনার তপস্যার ক্ষয় হইবে ॥৫৮॥

বিশ্বামিত্রস্ততো রাজন্নিত্যুক্তো ভরতর্ষভ !।
ক্ষুধার্ত্তঃ প্রত্যুবাচেদং পুনরেব মহামুনিঃ ॥৬০॥
নিরাহারস্য সুমহান্মম কালোঽভিধাবতঃ।
ন বিদ্যতেঽপ্যুপায়শ্চ কশ্চিন্মে প্রাণধারণে ॥৬১॥
যেন যেন বিশেষেণ কর্ম্মণা যেন কেনচিৎ।
উজ্জিহীর্ষেৎ সীদমানঃ সমর্থো ধর্ম্মমাচরেৎ ॥৬২॥
ঐন্দ্রো ধর্ম্মঃ ক্ষত্রিয়াণাং ব্রাহ্মণানামথাগ্নিকঃ।
ব্রহ্মবহ্নির্মম বলং ভোক্ষ্যামি শময়ন্ ক্ষুধাম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

বিশ্বেতি। ইত্যুক্তশ্চাণ্ডালেনেতি শেষঃ ॥৬০॥

নিরিতি। অভিধাবতঃ ভক্ষ্যান্বেষণায় বেগেন পর্য্যটতো মম সুমহান্ কালো গত ইতি শেষঃ ॥৬১॥

যেনেতি। বিশেষেণ উপায়েন। উজ্জিহীর্ষেৎ জীবনমুদ্ধর্ত্তুমিচ্ছেৎ, সীদমানঃ ক্ষুধাদিনা অবসন্নীভবন্ ॥৬২॥

ঐন্দ্র ইতি। ক্ষত্রিয়াণাম্ ঐন্দ্র ইন্দ্রসম্বন্ধী ধর্ম্মঃ, প্রজাপালনাত্মিকা বৃত্তিঃ, ব্রাহ্মণানাম্ আগ্নিকঃ অগ্নিসম্বন্ধী ধর্ম্মঃ, সর্ব্বভুক্স্বরূপা বৃত্তিঃ। তেন চ মম ব্রহ্মবহ্নির্ব্রহ্মতেজোরূপো বহ্নিঃ, বলং শক্তির্বস্তি, ততশ্চ ক্ষুধাং শময়ন্ শময়িতুমিচ্ছন্, অভক্ষ্যমপি ভোক্ষ্যামি। পরঞ্চ তেন ব্রহ্মবহ্নিবলেন তৎপাপং নাশয়িষ্যামীতি ভাবঃ ॥৬৩॥

যিনি বেদবিহিত ধর্ম্ম জানেন, তাঁহার পক্ষে অধর্ম্মের সহিত ধর্ম্মের মিশ্রণ করা সঙ্গত নহে; অতএব আপনি ধর্ম্ম পরিত্যাগ করিবেন না। কেন না, আপনি ধার্ম্মিক-শ্রেষ্ঠ' ॥৫৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা! চণ্ডাল এইরূপ বলিলে, ক্ষুধার্ত্ত মহর্ষি বিশ্বামিত্র পুনরায় এই কথা বলিলেন —॥৬০॥

'আমি নিরাহারে থাকিয়া নানাদিকে ছুটাছুটি করিতেছি, এই অবস্থায় আমার দীর্ঘকাল অতীত হইয়াছে; কিন্তু আমার প্রাণ ধারণের পক্ষে অন্য কোন উপায়ই নাই বুঝিয়াছি ॥৬১॥

মানুষ বিপদে অবসন্ন হইয়া যে কোন উপায় কিংবা যে কোন কার্য্যদ্বারা প্রাণ রক্ষা করিবার জন্য চেষ্টা করিবে; তা'রপর, সমর্থ হইয়া ধর্ম্ম আচরণ করিবে ॥৬২॥

ক্ষত্রিয়গণের ইন্দ্রের ধর্ম্ম (প্রজাপালন) এবং ব্রাহ্মণগণের অগ্নির ধর্ম্ম (সর্ব্বভোজিত্ব); তা'রপর, আমার ব্রহ্মতেজঃস্বরূপ শক্তি রহিয়াছে; অতএব আমি ক্ষুধার নিবৃত্তি করিবার জন্য অভক্ষ্যও ভক্ষণ করিব ॥৬৩॥

যথা যথৈব জীবেদ্ধি তৎকর্ত্তব্যমহেলয়া।
জীবিতং মরণাচ্ছ্রেয়ো জীবন্ ধর্ম্মমবাপ্নুয়াৎ ॥৬৪॥
সোঽহং জীবিতমাকাঙ্ক্ষন্নভক্ষ্যস্যাপি ভক্ষণম্।
ব্যবস্যে বুদ্ধিপূর্ব্বং বৈ তদ্‌ভবাননুমন্যতাম্ ॥৬৫॥
জীবন্ ধর্ম্মং চরিষ্যামি প্রণোৎস্যাম্যশুভানি তু।
তপোভির্বিদ্যয়া চৈব জ্যোতীংষীব মহত্তমঃ ॥৬৬॥

শ্বপচ উবাচ।

নৈতৎ খাদন্ প্রাপ্নুতে দীর্ঘমায়ুর্নৈব প্রাণানামৃতস্যেব তৃপ্তিঃ।
ভিক্ষ্যামন্যাং ভিক্ষ মা তে মনোঽস্তু শ্বভক্ষণে শ্বা হ্যভক্ষ্যো দ্বিজানাম্ ॥৬৭॥

ভারতকৌমুদী

যথেতি। অহেলয়া অনবজ্ঞয়া। শ্রেয়স্ত্বং প্রতি হেতুমাহ জীবন্নিত্যাদি ॥৬৪॥
স ইতি। জীবিতং জীবনরক্ষাম্। ব্যবস্যে কর্ত্তুমিচ্ছামি ॥৬৫॥
জীবন্নিতি। প্রণোৎস্যামি নাশয়িষ্যামি, অশুভানি পাপানি ॥৬৬॥
নেতি। ভিক্ষ যাচস্ব। শ্বভক্ষণে কুক্কুরমাংসভোজনে, শ্বা কুক্কুরঃ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

তস্যাপি যথা সর্ব্বভুক্ত্বং তথাহং ব্রহ্মা ব্রাহ্মণোঽপি তত্তুল্যত্বাৎ সর্ব্বভুগ্‌ভবিষ্যামীত্যর্থঃ ॥৫৫—৬২॥ ঐন্দ্রঃ পালনাত্মকঃ, আগ্নিকঃ সর্ব্বভুক্ত্বরূপঃ, ব্রহ্ম বেদঃ স এব বহ্নিঃ ॥৬৩—৬৫॥ জ্যোতীংষীব

মানুষ যে যে ভাবে জীবিত থাকিতে পারে, অবহেলা না করিয়া তাহা তাহাই করিবে। কারণ, মরণ অপেক্ষা জীবন ভাল। কেন না, জীবিত থাকিয়া ধর্ম্ম লাভ করিতে সমর্থ হয় ॥৬৪॥

অতএব আমি সেই জীবন কামনা করিয়া বুদ্ধিপূর্ব্বকই অভক্ষ্য ভক্ষণও করিবার ইচ্ছা করিতেছি; সুতরাং তুমি তাহার অনুমোদন কর ॥৬৫॥

আমি জীবিত থাকিয়া ধর্ম্ম আচরণ করিব এবং তেজ যেমন গাঢ় অন্ধকার নাশ করে, সেইরূপ আমি তপস্যা ও বিদ্যাদ্বারা পাপ নাশ করিব' ॥৬৬॥

চাণ্ডাল বলিল—'মহর্ষি! এই কুকুরের মাংস ভক্ষণ করিয়া দীর্ঘ আয়ু লাভ করা যায় না কিংবা প্রাণ রক্ষাও করিতে পারা যায় না, অথবা অমৃত ভক্ষণে যেরূপ তৃপ্তি হয়, সেরূপ তৃপ্তিও হয় না; সুতরাং আপনি অন্য ভিক্ষা প্রার্থনা করুন; কিন্তু আপনার মন যেন কুকুরের মাংস ভক্ষণের দিকে যায় না; কেন না, কুকুর ব্রাহ্মণগণের অভক্ষণীয়' ॥৬৭॥

বিশ্বামিত্র উবাচ।

ন দুর্ভিক্ষে সুলভং মাংসমন্যচ্ছ্বপাক! মন্যে ন চ মেঽস্তি বিত্তম্।
ক্ষুধার্ত্তশ্চাহমগতির্নিরাশঃ শ্বমাংসে চাস্মিন্ ষড়্রসান্ সাধু মন্যে ॥৬৮॥

শ্বপচ উবাচ।

পঞ্চ পঞ্চনখা ভক্ষ্যা ব্রহ্মক্ষত্রস্য বৈ বিশঃ।
যদি শাস্ত্রং প্রমাণং তে মাঽভক্ষ্যে বৈ মনঃ কৃথাঃ ॥৬৯॥

বিশ্বামিত্র উবাচ।

অগস্ত্যেনাসুরো জগ্ধো বাতাপিঃ ক্ষুধিতেন বৈ।
অহমাপদ্গতঃ ক্ষুত্তো ভক্ষয়িষ্যে শ্বজাঘনীম্ ॥৭০॥

শ্বপচ উবাচ।

ভিক্ষ্যামন্যামাহরেতি ন চ কর্ত্তুমিহার্হসি।
ন নূনং কার্য্যমেতদ্বৈ হর কামং শ্বজাঘনীম্ ॥৭১॥

ভারতকৌমুদী

নেতি। হে শ্বপাক! চাণ্ডাল! বিত্তং ধনং নাস্তি, যেন খাদ্যং ক্রেতুমর্হামীতি ভাবঃ। অগতির্নিরুপায়ঃ। ষড়্রসা যথা—কষায়ঃ, মধুরঃ, লবণঃ, কটুঃ, তিক্তঃ, অম্লশ্চেতি ॥৬৮॥

পঞ্চেতি। পঞ্চ নখানি যেষাং তে। তে চ যথা—"শশকঃ শল্লকী গোধা খড়্গী কূর্ম্মস্তু পঞ্চমঃ" ইতি ॥৬৯॥

অগস্ত্যেনেতি। জগ্ধো ভক্ষিতঃ। ক্ষুত্তঃ ক্ষুধার্ত্তঃ ॥৭০॥

ভিক্ষ্যামিতি। কর্ত্তুং তদ্ভিক্ষাহরণমিতি শেষঃ, নার্হসি নিরাহারতয়া দুর্ব্বলত্বাৎ। এতৎ কুক্কুরমাংসভক্ষণম্। অনিচ্ছয়া পক্ষান্তরমাহ হরেতি ॥৭১॥

বিশ্বামিত্র বলিলেন—'চাণ্ডাল! আমি মনে করি, এই দুর্ভিক্ষের সময়ে আমার পক্ষে অন্য মাংস সুলভ হইবে না, আমার ধনও নাই, আমি ক্ষুধার্ত্তও হইয়াছি, ক্ষুধা নিবারণের অন্য উপায়ও নাই; সুতরাং জীবনে নিরাশ হইয়াছি; অতএব আমি ধারণা করি, এই কুকুরের মাংসেই ঠিক্ ছয়টী রস আছে' ॥৬৮॥

চাণ্ডাল বলিল—'মহর্ষি! ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের পক্ষে পঞ্চ প্রকার পঞ্চনখ প্রাণীই ভক্ষণীয়। আপনার নিকট এই শাস্ত্র যদি প্রমাণ হয়, তবে এই অভক্ষণীয় মাংসের প্রতি মনোনিবেশ করিবেন না' ॥৬৯॥

বিশ্বামিত্র বলিলেন—'মহর্ষি অগস্ত্য ক্ষুধার্ত্ত হইয়া বাতাপিনামক অসুরের মাংস ভক্ষণ করিয়াছিলেন, আমিও ক্ষুধার জ্বালায় বিপন্ন হইয়া কুকুরের নিকৃষ্ট মাংস ভক্ষণ করিব' ॥৭০॥

বিশ্বামিত্র উবাচ।

শিষ্টা বৈ কারণং ধর্ম্মে তদ্বৃত্তমনুবর্ত্তয়ে।

পরাং মেধ্যাশনাদেনাং ভক্ষ্যাং মন্যে শ্বজাঘনীম্ ॥৭২॥

শ্বপচ উবাচ।

অসদ্ভির্যঃ সমাচীর্ণো ন স ধর্ম্মঃ সনাতনঃ।

নাকার্য্যমিহ কার্য্যং বা মা ছলেনাশুভং কৃথাঃ ॥৭৩॥

বিশ্বামিত্র উবাচ।

ন পাতকং নাবমতমৃষিঃ সন্ কর্ত্তুমর্হতি।

সমৌ চ শ্বমৃগৌ মন্যে তস্মাদ্ভোক্ষ্যে শ্বজাঘনীম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

শিষ্টা ইতি। শিষ্টাঃ শাস্ত্রানুযায়িনো জনাঃ, কারণং প্রমাণম্, তেষাং বৃত্তং চরিত্রম্, অনুবর্ত্তয়ে অনুসরামি। মেধ্যাশনাৎ পবিত্রদ্রব্যভক্ষণাৎ, পরাং শ্রেষ্ঠাম্। অন্যস্যাপ্রাপ্যত্বাদিতি ভাবঃ ॥৭২॥

অসদ্ভিরিতি। সমাচীর্ণঃ সমাচরিতঃ। অশুভং পাপম্ ॥৭৩॥

নেতি। অবমতং সদ্ভিরবজ্ঞাতম্। শ্বমৃগৌ কুক্কুরহরিণৌ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

তপইন্ধনের বলবন্তং করিষ্যামি আত্মানমিতি শেষঃ ॥৬৭—৬৮॥ পঞ্চ শশশল্যকাদয়ঃ পঞ্চৈব ভক্ষ্যা নান্যে ইতি হেতোরভক্ষ্যে শ্বমাংসে মনো মা কৃথাঃ ॥৬৯—৭০॥ ইতি কর্ত্তুং নার্হসীতি

চাণ্ডাল বলিল—'আমি বলিতেছি—আপনি অন্য ভিক্ষা আহরণ করুন; অথ চ এ অবস্থায় আপনি তাহা করিতে পারিতেছেন না; তথাপি এই কার্য্য আপনি করিবেন না; অথবা ইচ্ছা হইয়া থাকিলে, এই কুকুরের মাংসই হরণ করুন' ॥৭১॥

বিশ্বামিত্র বলিলেন—'শাস্ত্রানুসারী লোকেরাই ধর্ম্মবিষয়ে প্রমাণ; আমি তাঁহাদেরই চরিত্রের অনুসরণ করিতেছি; সুতরাং আমি মনে করি—বর্ত্তমান সময়ে আমার পক্ষে অন্য পবিত্র খাদ্য অপেক্ষা এই খাদ্য শ্রেষ্ঠ' ॥৭২॥

চাণ্ডাল বলিল—'অসৎ লোকেরা যাহা করে, তাহা সনাতন ধর্ম্ম নহে; অতএব আপনি এই অকার্য্য করিবেন না কিংবা ছল করিয়া পাপ করিবেন না' ॥৭৩॥

বিশ্বামিত্র বলিলেন—'মানুষ ঋষি হইয়া পাপ বা শিষ্টজনের অবজ্ঞাত বিষয় করিতে পারে না; সে যাহা হউক, আমি মনে করি, এ সময়ে আমার পক্ষে কুকুরের মাংস ও হরিণের মাংস সমান; অতএব আমি কুকুরের মাংস ভক্ষণ করিব' ॥৭৪॥

শ্বপচ উবাচ।

যদ্‌ব্রাহ্মণার্থে কৃতমর্থিতেন তেনর্ষিণা তদভক্ষ্যং ন কামাৎ।
স বৈ ধর্ম্মো যত্র ন পাপমস্তি সর্ব্বৈরুপায়ৈর্গুরবো হি রক্ষ্যাঃ ॥৭৫॥

বিশ্বামিত্র উবাচ।

মিত্রঞ্চ মে ব্রাহ্মণস্যায়মাত্মা প্রিয়শ্চ মে পূজ্যতমশ্চ লোকে।
তদ্‌ভোক্তুকামোঽহমিমাং জিহীর্ষে নৃশংসানামীদৃশানাং ন বিভ্যে ॥ ৭৬॥

শ্বপচ উবাচ।

কামং নরা জীবিতং সংত্যজন্তি ন চাভক্ষ্যে ক্বচিৎ কুর্ব্বন্তি বুদ্ধিম্।
সর্ব্বান্ কামান্ প্রাপ্নুবন্তীহ বিদ্বন্! প্রিয়স্ব কামং সহিতঃ ক্ষুধৈব ॥৭৭॥

ভারতকৌমুদী

যদিতি। অর্থিতেন আত্মরক্ষার্থং ব্রাহ্মণৈরেব 'বাতাপিং নাশয়' ইতি প্রার্থিতেন তেন ঋষিণা অগস্ত্যেন তদবস্থাধিকারে বাতাপিকর্তৃকব্রাহ্মণহননপ্রসঙ্গে ব্রাহ্মণার্থে ব্রাহ্মণরক্ষার্থে যদ্‌বাতাপি-ভক্ষণং কৃতং স ধর্ম্মঃ, যত্র প্রাণিহননেঽপি পাপং নাস্তি। হি যস্মাৎ, সর্ব্বৈরুপায়ৈর্গুরবো ব্রাহ্মণা রক্ষ্যাঃ। ভবতস্তু তাদৃশপ্রয়োজনাভাবাৎ কুক্কুরমাংসভক্ষণম্ অধর্ম্ম এবেতি ভাবঃ ॥৭৫॥

মিত্রমিতি। ব্রাহ্মণস্য মে অয়মাত্মা মে মিত্রঞ্চ প্রিয়শ্চ লোকে পূজ্যতমশ্চ। তত্তস্মাৎ, তস্যাত্মনো রক্ষণীয়ত্বাৎ ভোক্তুকামোঽহম্, ইমাং শ্বজাঘনীম্, জিহীর্ষে হর্ত্তুমিচ্ছামি। তেন হি ঈদৃশানাং নৃশংসানাং কর্ম্মণাং ন বিভ্যে ন বিভেমি ॥৭৬॥

ভারতভাবদীপঃ

যোজনা ॥৭১। শিষ্টা অগস্ত্যাদয়ঃ ॥৭২—৭৩॥ সমৌ পশুত্বাদিতি ভাবঃ ॥৭৪॥ যদিতি। তেনাগস্ত্যেন ব্রাহ্মণানামর্থেঽর্থিতেন প্রার্থিতেনার্থাদ্‌ব্রাহ্মণৈরেব বাতাপিভক্ষণং কৃতং ন স্বার্থে, তদপ্যবস্থাধিকারে স তাদৃশ এব সময়ো নান্যৎ কিঞ্চিৎ কর্ত্তুং শক্যমিত্যর্থঃ। নৃশংসমপি ভক্ষিত্বা তেন বাতাপিনা ভক্ষ্যমাণা ব্রাহ্মণা রক্ষিতা ইতি ধর্ম্ম এবেত্যর্থঃ ॥৭৫॥ তর্হ্যয়মাত্মা দেহো মম

চাণ্ডাল বলিল—'ব্রাহ্মণেরা আত্মরক্ষার্থে প্রার্থনা করিয়াছিলেন বলিয়াই অগস্ত্য ঋষি সেই অবস্থায় ব্রাহ্মণগণের রক্ষার জন্য সেই অভক্ষ্য বাতাপিকে যে ভক্ষণ করিয়াছিলেন, কিন্তু ইচ্ছাবশতঃ নহে, তাঁহার সেটা ধর্ম্মই হইয়াছিল, যাহাতে কোন পাপই হয় নাই। কারণ, ব্রাহ্মণগণ সকল বর্ণেরই গুরু; সুতরাং সমস্ত উপায়ে তাঁহাদিগকে রক্ষা করিতেই হইবে' ॥৭৫॥

বিশ্বামিত্র বলিলেন—'আমি ব্রাহ্মণ, আমার এই আত্মা আমার মিত্রও বটে, প্রিয়ও বটে এবং জগতে পূজনীয়ও বটে; অতএব সেই আত্মরক্ষার জন্যই ভোজন করিবার ইচ্ছায় এই কুকুরের মাংস হরণ করিবার ইচ্ছা করিতেছি; কিন্তু ঈদৃশ ঘৃণিত কার্য্যেও আমি ভয় করি না' ॥৭৬॥

বিশ্বামিত্র উবাচ।

স্থানে ভবেৎ স যশঃ প্রেত্যভাবে নিঃসংশয়ঃ কর্ম্মণাং বৈ বিনাশঃ।
অহং পুনর্ব্রতনিত্যঃ শমাত্মা মূলং রক্ষ্যং ভক্ষয়িষ্যাম্যভক্ষ্যম্ ॥৭৮॥
বুদ্ধ্যাত্মকে ব্যক্তমস্তীতি পুণ্যং মোহাত্মকে যত্র যথা শ্বভক্ষে।
যদ্যপ্যেতৎ সংশয়াত্মা চরামি নাহং ভবিষ্যামি যথা ত্বমেব ॥৭৯॥

ভারতকৌমুদী

কামমিতি। কামং যথেষ্টম্। প্রাপ্নুবন্তি ক্ষুধায়ামপ্যভক্ষ্যত্যাগিনঃ। অতস্ত্বমপি ক্ষুধৈব সহিতঃ সন্ কামং পর্য্যাপ্তম্, ইষ্টলাভেন প্রিয়স্ব প্রীতো ভব ॥৭৭॥

স্থান ইতি। স কামঃ, প্রেত্যভাবে অভক্ষণেন মৃত্যৌ সতি যশো যশস্করো ভবেৎ ইতি স্থানে যুক্তম্, "যুক্তে দ্বে সাম্প্রতং স্থানে" ইত্যমরঃ। অথ চ অনশনেন মরণে কর্ম্মণাং তপস্যাদিসৎকার্য্যাণাম্, বিনাশো নিঃসংশয়ঃ। অধুনা চ মূলং সর্ব্বকর্ম্মণাং কারণীভূতং শরীরং রক্ষ্যং সর্ব্বথা রক্ষণীয়ম্, তেন অভক্ষ্যমপি কুক্কুরমাংসং ভক্ষয়িষ্যামি, পুনঃ পরঞ্চাহং ব্রতনিত্যঃ শমাত্মা চেতি চান্দ্রায়ণাদি-ব্রতেন নিষ্কামতপসা চ তৎপাপং নাশয়িষ্যামীতি ভাবঃ ॥৭৮॥

বুদ্ধীতি। বুদ্ধ্যাত্মকে এতদ্ভক্ষণেনৈব জীবামীতি জ্ঞানপ্রযুক্তে অভক্ষ্যভক্ষণেঽপি পুণ্যমস্তীতি ব্যক্তং স্পষ্টম্ "আত্মানং সততং গোপায়ীত" ইতি শ্রুতেঃ। ব্যতিরেকেণ দৃষ্টান্তমাহ—মোহেতি। যথা মোহাত্মকে এতদ্ভক্ষণেন প্রীতো ভবামীতি মোহপ্রযুক্তে যত্র শ্বভক্ষে কুক্কুরমাংসভক্ষণে পাপমস্তীতি শেষঃ। সংশয়াত্মা এতদ্ভক্ষণে জীবামি ন বেতি সন্দিগ্ধচিত্তঃ অহং যদ্যপি এতৎ-কুক্কুরমাংসভক্ষণং চরামি করোমি তথাপ্যহং যথা ত্বং কুক্কুরমাংসভক্ষণাৎ পাপী তথা পাপী ন ভবিষ্যামি এতদ্ভক্ষণস্য জীবনরক্ষণার্থত্বাৎ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

মিত্রমেতস্য রক্ষণার্থং ময়াপ্যেতদ্ভুক্তং চেন্ন কশ্চিদ্দোষোঽস্তীত্যাহ—মিত্রং চেতি ॥৭৬॥ ক্ষুধৈব [illegible]জিত্বা সর্ব্বান্ কামানন্তে আপ্নুবন্তি অতস্ত্বমপি ক্ষুধৈব সহিতোঽনাহারেণৈব কামং প্রিয়স্ব পূরয়স্ব ॥৭৭॥ স্থান ইতি। স কামঃ প্রেত্যভাবে মরণে সতি যশো যশস্করো ভবেদিতি স্থানে যুক্তম্, অনশনেন মরণং শ্রেয় ইতি সত্যমিত্যর্থঃ জীবতস্ত্বনশ্নতো ধর্ম্মলোপঃ প্রত্যক্ষঃ মূলং ধর্ম্মস্য শরীরং

চাণ্ডাল বলিল—'মানুষ ইচ্ছানুসারে জীবন ত্যাগ করে; কিন্তু কখনও অভক্ষ্যভক্ষণে বুদ্ধি করে না, তাহাতেই সে সমস্ত অভীষ্ট লাভ করে; অতএব হে বিদ্বন্! আপনি ইচ্ছানুসারে ক্ষুধার্ত্ত থাকিয়াই সন্তুষ্ট থাকুন' ॥৭৭॥

বিশ্বামিত্র বলিলেন—'অনশনে মৃত্যু হইলে মানুষের অভিলাষ যে যশ উৎপাদন করে, তাহা সঙ্গত বটে; কিন্তু তাহাতে সৎকার্য্যের লোপ হওয়া নিঃসন্দেহ, সমস্ত কার্য্যেরই মূল শরীর; সুতরাং তাহাকে রক্ষা করিতেই হইবে; অতএব আমি অভক্ষ্যভক্ষণ করিব, তাহার পরে আমি ব্রতপরায়ণ ও শান্তচিত্ত বলিয়া উপযুক্ত প্রায়শ্চিত্তদ্বারা সে পাপ নষ্ট করিব' ॥৭৮॥

শ্বপচ উবাচ।

গোপনীয়মিদং দুঃখমিতি মে নিশ্চিতা মতিঃ।
দুষ্কৃতং ব্রাহ্মণং সন্তং যস্ত্বামহমুপালভে ॥৮০॥

বিশ্বামিত্র উবাচ।

পিবন্ত্যেবোদকং গাবো মণ্ডূকেষু রুবৎস্বপি।
ন তেঽধিকারো ধর্ম্মেঽস্তি মা ভূরাত্মপ্রশংসকঃ ॥৮১॥

ভারতকৌমুদী

গোপনীয়মিতি। ইদং দুঃখং দুঃখজনকপাপকরং কুক্কুরমাংসভক্ষণং গোপনীয়ং রক্ষণীয়ং ময়াবশ্যমেব বারণীয়মিত্যর্থঃ, ইতি মে মতির্নিশ্চিতা। যোঽহং ব্রাহ্মণং দুষ্কৃতং পাপকারিণম্, সন্তং ত্বাম্, উপালভে নিন্দামি ॥৮০॥

পিবন্তীতি। মণ্ডূকেষু তদুদকবাসিষু ভেকেষু, রুবৎস্বপি তদুদকপানং নিষেদ্ধুমিব শব্দায়মানেষু সৎস্বপি গাবঃ উদকং পিবন্ত্যেব। তথা চ ত্বয়ি নিষেধং কুর্ব্বত্যাপি অহং কুক্কুরমাংসং ভক্ষয়াম্যেবেতি ভাবঃ। কিঞ্চ চণ্ডালস্য তে ধর্ম্মে ধর্ম্মোপদেশে অধিকারো নাস্তি, অপি চ ত্বং ধর্ম্মজ্ঞতয়া আত্মপ্রশংসকো মা ভূঃ ॥৮১॥

ভারতভাবদীপঃ

রক্ষাং তস্য বৈকল্যেন ধর্ম্মবিরোধো ভবতীত্যর্থঃ ॥৭৮॥ বুদ্ধ্যাত্মকে প্রমাতরি বিচারিতে শ্বজাঘনীভক্ষণেঽপি পুণ্যমস্তীতি জানে; জ্ঞানোৎপত্তিযোগ্যং শরীরমপথেনাপি রক্ষ্যমেবেতি ভাবঃ। মোহাত্মকে কর্ত্তৃত্বাদ্যভিমানভাজি যথা শ্বভক্ষণে দোষস্তথৈব তত্র বিষয়েঽস্তি সংশয়াত্মা অন্যতরস্যাত্মনো দৃঢ়পরিগ্রহাভাবাৎ। তথাপি শ্বভক্ষণমাত্রেণ তাদৃশঃ শ্বপচোঽহং ন ভবিষ্যামি, তপসা দোষং দূরীকর্ত্তুং শক্তোঽস্মীতি ভাবঃ ॥৭৯॥ ইদং শ্বজাঘনীভক্ষণজং দুঃখম্, পাপং গোপনীয়ং গূহনীয়ং ত্বয়া ক্রিয়মাণং নিরসনীয়মিতি মে বুদ্ধির্নিশ্চিতাস্তি ততোঽহং দুষ্কৃতঃ পাপীয়ানপ্যব্রাহ্মণোঽপি

যেখানে কুক্কুরের মাংসভক্ষণ ভ্রমপ্রযুক্ত হয়, সেইখানে যেমন তাহাতে পাপ হয়, তেমন জ্ঞানপূর্ব্বক জীবনরক্ষার্থ এই কুক্কুরমাংসভক্ষণে পুণ্যই হইবে, ইহা ধ্রুব। তা'র পর, আমি জীবনে সন্দিগ্ধ হইয়া যদিও এই কার্য্য করিতেছি, তথাপি আমি তোমার মত হইব না' ॥৭৯॥

চাণ্ডাল বলিল—'দুঃখজনক এই পাপকার্য্য হইতে আপনাকে আমার বারণ করিতেই হইবে, এই বুদ্ধি আমি স্থির করিয়াছি। যে আমি পাপ করিতে উদ্যত ব্রাহ্মণ আপনাকে নিন্দা করিতেছি' ॥৮০॥

বিশ্বামিত্র বলিলেন—'চণ্ডাল! ভেকগণ রব করিতে থাকিলেও গোগণ জলপানই করে। বিশেষতঃ, ধর্ম্মোপদেশে তোমার অধিকার নাই; তা'র পর, তুমি ধর্ম্মজ্ঞ বলিয়া আত্মপ্রশংসা করি না' ॥৮১॥

(৮০) দুষ্কৃতো ব্রাহ্মণঃ সত্রং—পি বঙ্গ বৰ্দ্ধ।

শ্বপচ উবাচ।

সুহৃদ্ভূত্বানুশাসে ত্বাং কৃপা হি ত্বয়ি মে দ্বিজ!।
যদিদং শ্রেয় আধৎস্ব মা লোভাৎ পাতকং কৃথাঃ ॥৮২॥

বিশ্বামিত্র উবাচ।

সুহৃন্মে ত্বং সুখেপ্সুশ্চেদাপদো মাং সমুদ্ধর।
জানেঽহং ধর্ম্মতোত্মানং শৌনীমুৎসৃজ্য জাঘনীম্ ॥৮৩॥

শ্বপচ উবাচ।

নৈবোৎসহে ভবতো দাতুমেতাং নোপেক্ষিতুং হ্রিয়মাণং স্বমন্নম্।
উভৌ স্যাবঃ পাপলোকাবলিপ্তৌ দাতা চাহং ব্রাহ্মণস্ত্বং প্রতীচ্ছন্ ॥৮৪॥

ভারতকৌমুদী

সুহৃদিতি। অনুশাসে উপদিশামি। ইদং মম বচনং যৎ শ্রেয়ো মঙ্গলকরং তৎ আধৎস্ব মনসি ধারয়, লোভাৎ পাতকং মা কৃথাঃ ॥৮২॥

সুহৃদিতি। আপদঃ অনশনবিপদঃ। শুনঃ কুক্কুরস্যেয়মিতি তাম্, জঘনস্যেয়মিতি জাঘনী তাং মাংসপেশীম্, উৎসৃজ্য বিহায়, আত্মানং ধর্ম্মতো ধর্ম্মে, রক্ষিতমিতি শেষঃ, অহং জানে। ধর্ম্মতোত্মানমিত্যার্ষঃ সন্ধিঃ ॥৮৩॥

নেতি। এতাং শৌনীং জাঘনীম্, উপেক্ষিতুঞ্চ নোৎসহ ইতি সম্বন্ধঃ, অন্নং খাদ্যম্। উভাবাবাম্, পাপেন লোকেন তন্নিবন্ধননরকেণ চ অবলিপ্তৌ সম্বদ্ধৌ। প্রতীচ্ছন্ গৃহ্নন্ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

ত্বামুপালভে যঃ সোঽহং সত্রং কৈতবকার্য্যস্মি। স ত্বমিতি পাঠে স ত্বং প্রসিদ্ধো বিশ্বামিত্রস্ত্বাং যদব্রাহ্মণোঽহমুপালভেঽতঃ চকিতোঽস্মীতি যোজনা ॥৮০॥ ধর্ম্মে ধর্ম্মানুশাসনে ॥৮১—৮৩॥

চাণ্ডাল বলিল—'ব্রাহ্মণ! আমার উপরে আপনার দয়া আছে এবং আমিও আপনার বন্ধু হইয়াই আপনাকে উপদেশ দিতেছি; তা'র পর, আমার এই বাক্য যখন আপনার মঙ্গলজনক; অতএব আপনি ইহা গ্রহণ করুন; কিন্তু লোভবশতঃ পাপ করিবেন না' ॥৮২॥

বিশ্বামিত্র বলিলেন—'চাণ্ডাল! তুমি যদি আমার সুহৃৎ ও সুখলিপ্সু হও, তাহা হইলে আমাকে এই বিপদ্ হইতে উদ্ধার কর। আমি ইহা জানি যে, এই কুকুরের মাংস পরিত্যাগ করিলে, আমার আত্মা ধর্ম্ম বিষয়ে রক্ষিত হইবে' ॥৮৩॥

চাণ্ডাল বলিল—'মহর্ষি! আমি আপনাকে এই কুকুরের মাংস দিতে পারি না কিংবা আপনি আমার এই খাদ্য হরণ করিতে থাকিলেও তাহা উপেক্ষা করিতে সমর্থ নহি। কারণ, আমি ইহা দান করিলে এবং আপনি ব্রাহ্মণ হইয়া ইহা গ্রহণ করিলে, আমরা উভয়েই পাপে লিপ্ত হইয়া নরকে যাইব' ॥৮৪॥

বিশ্বামিত্র উবাচ।

অদ্যাহমেতদ্‌বৃজিনং কর্ম্ম কৃত্বা জীবংশ্চরিষ্যামি মহাপবিত্রম্।
স পূতাত্মা ধর্ম্মমেবাভিপৎস্যে যদেতয়োর্গুরু তদ্বৈ ব্রবীহি ॥৮৫॥

শ্বপচ উবাচ।

আত্মৈব সাক্ষী কিল ধর্ম্মকৃত্যে ত্বমেব জানাসি যদত্র দুষ্কৃতম্।
যো হ্যাদ্রিয়াদ্‌ভক্ষ্যমিতি শ্বমাংসং মন্যে ন তস্যাস্তি বিবর্জ্জনীয়ম্ ॥৮৬॥

বিশ্বামিত্র উবাচ।

উপাদানে খাদনে চাস্তি দোষঃ কার্য্যাত্যয়ে নিত্যমত্রাপবাদঃ।
যস্মিন্ হিংসা নানৃতং বাচ্যলেশোঽভক্ষ্যক্রিয়া যত্র ন তদ্‌গরীয়ঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

অদ্যেতি। বৃজিনং পাপং তজ্জনকমিত্যর্থঃ, মহাপবিত্রং চান্দ্রায়ণাদিব্রতম্। অভিপৎস্যে প্রাপ্স্যামি, এতয়োর্জীবনমরণয়োঃ ॥৮৫॥

আত্মেতি। দুষ্কৃতং পাপম্। আদ্রিয়াৎ আদরেণ গৃহ্ণীয়াৎ, বিবর্জ্জনীয়ং কিমপি দুষ্টং বস্ত্বিতি শেষঃ ॥৮৬॥

উপেতি। উপাদানে চাণ্ডালাদ্‌গ্রহণে কুক্কুরমাংসস্য খাদনে চ দোষোঽস্তি; কিন্তু কার্য্যাত্যয়ে জীবনরক্ষাকার্য্যাসম্ভবে অত্র উপাদানে খাদনে চ নিত্যং তস্য দোষস্য অপবাদঃ প্রতিপ্রসবোঽপি বর্ত্ততে। যস্মিন্ কর্ম্মণি হিংসা, অনৃতং মিথ্যা, বাচ্যলেশো নিন্দাকণোঽপি চ নাস্তি, যত্র চ অভক্ষ্যক্রিয়া প্রাণাত্যয়েঽপি অভক্ষণাচরণম্, তৎ ন গরীয়ঃ সাধু "আত্মানং সততং গোপায়ীত" ইতি শ্রুতেঃ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

পাপলোকৌ চ তাঽবলিপ্তৌ চেতি সমাসঃ। প্রতীচ্ছন্ প্রতিগৃহ্ণন্ ॥৮৪—৮৬॥ কার্য্যাত্যয়ে প্রাণাত্যয়েঽভক্ষ্যমপি ভক্ষণীয়মিতি ভক্ষ্যাভক্ষ্যবিধেরপবাদোঽস্তি। তথা চ সূত্রম্—"সর্ব্বান্নানুমতিশ্চ প্রাণাত্যয়ে তদ্দর্শনা"দিতি। যত্রাভক্ষ্যক্রিয়াভক্ষ্যতাপাদকং বাক্যং তচ্ছাস্ত্রং গরীয়ো ন। যতো যস্মিন্ ভক্ষ্যাভক্ষণে হিংসানৃতঞ্চ নেদমেব দ্বয়মধর্ম্মস্য জ্ঞাপকম্; কিং তর্হি ভক্ষ্যাভক্ষ্যশাস্ত্রমনর্থকং নেত্যাহ—বাচ্যলেশ ইতি। ভবপ্রধানো নির্দ্দেশঃ। তত্র বাচ্যত্বস্য নিন্দ্যত্বস্য লেশমাত্রম্, ন তু

বিশ্বামিত্র বলিলেন—'আমি আজ এই পাপ কার্য্য করিয়া জীবন রক্ষা করিতে পারিলে মহাপবিত্র চান্দ্রায়ণাদি ব্রত করিব এবং তাহাতেই পবিত্র হইয়া ধর্ম্মলাভই করিতে পারিব; অতএব তুমি বল যে, জীবন ও মরণ—এই দুইটীর মধ্যে কোন্‌টী প্রধান' ॥৮৫॥

চাণ্ডাল বলিল—'মহর্ষি! আপনার আত্মাই ধর্ম্মকার্য্যের সাক্ষী; যেহেতু, এই জগতে যাহা পাপ, তাহা আপনিই জানেন; কিন্তু যে লোক কুকুরের মাংস খাদ্য বলিয়া সাদরে গ্রহণ করে, আমি মনে করি, তাহার বর্জ্জনীয় কোন বস্তুই নাই' ॥৮৬॥

শ্বপচ উবাচ।

যদ্যেষ হেতুস্তব খাদনে স্যাম্ন তে বেদঃ কারণং নার্য্যধর্ম্মঃ।
তস্মাদ্ভক্ষেঽভক্ষণে বা দ্বিজেন্দ্র ! দোষং ন পশ্যামি যথেদমত্র ॥৮৮॥

বিশ্বামিত্র উবাচ।

নৈবাতিপাপং ভক্ষমাণস্য দৃষ্টং সুরান্তু পীত্বা পততীতি শব্দঃ।
অন্যোন্যকার্য্যাণি যথা তথৈব ন পাপমাত্রেণ কৃতং হিনস্তি ॥৮৯॥

ভারতকৌমুদী

যদীতি। হে দ্বিজেন্দ্র! যদি তব কুক্কুরমাংসস্য খাদনে এষ প্রাণরক্ষণাগ্রহ এব হেতুঃ স্যাৎ, তদা তে তবাস্তিকে বেদঃ "শুনো মাংসমভক্ষ্য"মিতি বেদবাক্যম্, কারণং ততো নিবৃত্তের্হেতুর্ন স্যাৎ, আর্য্যধর্ম্মঃ সজ্জনব্যবহারশ্চ ন তিষ্ঠেৎ। তস্মাদ্ভক্ষে অভক্ষণীয়স্য ভক্ষণে, অভক্ষণে শ্রাদ্ধশেষান্নাদেরখাদনে বা তব মতে দোষং ন পশ্যামি। যথা যতঃ ইদমভক্ষ্যং কুক্কুরমাংসং ত্বমত্র ভোক্তুমুদ্যত ইতি শেষঃ ॥৮৮॥

নেতি। ভক্ষমাণস্য নিষিদ্ধমপি কুক্কুরমাংসাদিকং ভক্ষয়তো জনস্য, অতিপাপং গুরুতরং পাপং শাস্ত্রেণৈব দৃষ্টম্। তর্হি কুত্র গুরুতরং পাপমিত্যাহ—সুরান্তু পীত্বা পততি ইতি শব্দঃ স্মৃতাবস্তীতি শেষঃ। অন্যোন্যকার্য্যাণি স্ত্রীপুংসয়োঃ পরস্পরকর্ত্তব্যানি অবৈধকর্ম্মাণি মৈথুনাদীনি, যথা তথৈব তানি সন্তি, কিন্তু পাপমাত্রেণ কেবলক্ষুদ্রপাপকরণেন, কৃতং পুণ্যম্, ন হিনস্তি মানুষো ন হন্তি ॥৮৯॥

ভারতভাবদীপঃ

তদ্ধিংসানৃতবদত্যন্তং নিন্দ্যমিত্যর্থঃ ॥৮৭॥ হেতুঃ প্রাণপোষণেচ্ছাস্তি, কারণং প্রমাণং ভক্ষ্যে ভক্ষণে। অভক্ষণে ইতি চ্ছেদঃ ॥৮৮॥ অতিপাপং হিংসাবদভক্ষ্যং ভক্ষমাণস্য ন দৃষ্টং পততীতিশব্দঃ শব্দশাস্ত্রস্যাজ্ঞামাত্রম্, পরন্তু পাপহেতুর্মুখ্যো হিংসাখ্যোঽত্র ন দৃশ্যত ইতি ভাবঃ। অন্যোন্যকার্য্যাণি মৈথুনানি পাপমাত্রেণ কৃতং পুণ্যং হিনস্তি নাশয়তি, তত ঈষৎ পাপোৎপত্তিরস্তু ন ব্রাহ্মণ্যাদি-

বিশ্বামিত্র বলিলেন—'চণ্ডালের নিকট হইতে প্রতিগ্রহে এবং অভক্ষ্যভক্ষণে দোষ আছে বটে; কিন্তু প্রাণরক্ষার অসম্ভব স্থলে সর্ব্বদাই তাহার প্রতিপ্রসবও আছে, যাহাতে হিংসা, মিথ্যা বা নিন্দার লেশও নাই। প্রাণ যাইবার সম্ভবস্থলেও যে অভক্ষ্যভক্ষণ না করা হয়, তাহা ভাল নহে' ॥৮৭॥

চণ্ডাল বলিল—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই কুক্কুরমাংসভক্ষণে প্রাণ রক্ষা করাই যদি হেতু হয়, তাহা হইলে আপনার নিকট 'অভক্ষ্যভক্ষণ করিবে না' এই বেদবাক্য প্রমাণ নহে এবং সজ্জনের আচরণও আপনার গ্রাহ্য নহে; অতএব আপনার মতে অভক্ষ্য ভক্ষণে বা ভক্ষ্য অভক্ষণে দোষ নাই দেখিতেছি; যেহেতু, এই কুক্কুরমাংস ভক্ষণে আপনার আগ্রহ হইয়াছে' ॥৮৮॥

শ্বপচ উবাচ।

অস্থানতো হীনতঃ কুৎসিতাদ্বা তদ্বিদ্বাংসং বাধতে সাধুবৃত্তম্।
শ্বানং পুনর্যো লভতেঽভিষঙ্গাত্তেনাপি দণ্ডঃ সহিতব্য এব ॥৯০॥

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা নিববৃতে মাতঙ্গঃ কৌশিকং তদা।
বিশ্বামিত্রো জহারৈব কৃতবুদ্ধিঃ শ্বজাঘনীম্ ॥৯১॥
ততো জগ্রাহ স শ্বাঙ্গং জীবিতার্থী মহামুনিঃ।
সদারস্তামুপাহৃত্য বনে ভোক্তুমিয়েষ সঃ ॥৯২॥

ভারতকৌমুদী

অস্থানত ইতি। তৎপ্রসিদ্ধং সাধুবৃত্তং সচ্চরিত্রং কর্তৃ, অস্থানতো ঘৃণিতস্থানাৎ হীনতশ্চাণ্ডালাদেঃ, কুৎসিতাৎ চৌরাদের্বা প্রতিগ্রহ ইতি শেষঃ। বিদ্বাংসং বাধতে নিবর্ত্তয়তি। অতো মত্তঃ কুক্কুরমাংসপ্রতিগ্রহে স্বচরিত্রাদেব ভবতো নিবর্ত্তিতব্যমিতি ভাবঃ। যঃ পুনঃ, অভিষঙ্গাৎ আগ্রহাতিরেকাৎ, শ্বানং কুক্কুরমাংসং প্রতিগ্রহেণ চৌর্য্যেণ বা লভতে, তেনাপি জনেন দণ্ডো দণ্ডবৎ পাপকষ্টং সহিতব্য এব ॥৯০॥

এবমিতি। মাতঙ্গশ্চণ্ডালঃ, কৌশিকং বিশ্বামিত্রম্। শ্বজাঘনীং প্রাগুক্তং কুক্কুরমাংসম্ ॥৯১॥

তত ইতি। শ্বাঙ্গং কুক্কুরনিকৃষ্টাঙ্গমাংসম্। সদারঃ সভার্য্যঃ, তাং শ্বজাঘনীম্ ॥৯২॥

বিশ্বামিত্র বলিলেন—'কুক্কুরমাংস ভক্ষণ করিলে মানুষের গুরুতর পাপ হয়, ইহা ধর্ম্মশাস্ত্রে দেখা যায় না; কিন্তু 'সুরাপান করিয়াই পতিত হয়' এই কথা ধর্ম্মশাস্ত্রে আছে, আর স্ত্রীপুরুষের ব্যভিচারে যে পাপ হয়, তাহাও ধর্ম্মশাস্ত্রে আছে; কিন্তু মানুষ সামান্য পাপ করিয়া কৃতপুণ্য নাশ করে না' ॥৮৯॥

চাণ্ডাল বলিল—'জগৎপ্রসিদ্ধ সাধুচরিত্রই ঘৃণিতস্থান, চণ্ডালাদি হীনজাতি ও কুৎসিত ব্যক্তির নিকট হইতে প্রতিগ্রহবিষয়ে জ্ঞানী লোককে নিবর্ত্তিত করে: তা'র পর, যে লোক অত্যন্ত আগ্রহবশতঃ প্রতিগ্রহ বা চৌর্য্য করিয়া কুক্কুরের মাংস লাভ করে, তাহার পাপদণ্ড সহ্য করিতেই হইবে' ॥৯০॥

ভীষ্ম বলিলেন—'চণ্ডাল তখন বিশ্বামিত্রকে এইরূপ বলিয়া নিবৃত্তি পাইল; আর বিশ্বামিত্র জ্ঞানপূর্ব্বক কুক্কুরের মাংস হরণই করিলেন ॥৯১॥

তাহার পর, মহর্ষি বিশ্বামিত্র জীবনরক্ষার্থী হইয়া কুক্কুরের নিকৃষ্টাঙ্গের মাংস লইয়া গেলেন এবং বনে যাইয়া ভার্য্যার সহিত মিলিত হইয়া সেই মাংস ভোজন করিবার ইচ্ছা করিলেন ॥৯২॥

অথাস্য বুদ্ধিরভবদ্বিধিনাহং শ্বজাঘনীম্ ।
ভক্ষয়ামি যথাকামং পূর্ব্বং সন্তর্প্য দেবতাঃ ॥৯৩॥
ততোঽগ্নিমুপসংহৃত্য ব্রাহ্মেণ বিধিনা মুনিঃ ।
ঐন্দ্রাগ্নেয়েন বিধিনা চরুং শ্রপয়ত স্বয়ম্ ॥৯৪॥
ততঃ সমারভৎ কর্ম্ম দৈবং পিত্র্যঞ্চ ভারত ! ।
আহূয় দেবানিন্দ্রাদীন্ ভাগং ভাগং বিধিক্রমাৎ ॥৯৫॥
এতস্মিন্নেব কালে তু প্রববর্ষ স বাসবঃ ।
সঞ্জীবয়ন্ প্রজাঃ সর্ব্বা জনয়ামাস চৌষধীঃ ॥৯৬॥
বিশ্বামিত্রোঽপি ভগবাংস্তপসা দগ্ধকিল্বিষঃ ।
কালেন মহতা সিদ্ধিমবাপ পরমাদ্ভুতাম্ ॥৯৭॥

ভারতকৌমুদী

অথেতি। বিধিনা "দেবান্ পিতৄন্ সমর্ভ্যর্চ্চ্য খাদন্ মাংসং ন দোষভাক্" ইতি বিধ্যনুসারেণ ॥৯৩॥

তত ইতি। মুনির্বিশ্বামিত্রঃ, ব্রাহ্মেণ বেদোক্তেন বিধিনা, অগ্নিমুপসংহৃত্য সংস্থাপ্য। ঐন্দ্রাগ্নেয়েন ইন্দ্রাগ্নিদেবতাকেন বিধিনা স্বয়মেব চরুং শ্রপয়ত অপচৎ। স্বার্থে ইন্ অড়াগমাভাবশ্চার্ষঃ। সৎকর্ম্মনিষ্ঠানাং তাদৃশানাং জীবনাদপি সৎকর্ম্মণঃ প্রাধান্যাঙ্গীকারাৎ তদ্গৃহে চরূপযোগী তণ্ডুল আসীদিতি বোধ্যম্ ॥৯৪॥

তত ইতি। ইন্দ্রাদিদেবতার্থে তৎকুক্কুরমাংসস্যৈব ভাগং ভাগং বিধায়েতি শেষঃ ॥৯৫॥

এতস্মিন্নিতি। বাসব ইন্দ্রঃ। ওষধীর্ধান্যাদিশস্যানি। তাদৃশব্রাহ্মণনিবেদনস্যাপরিহার্য্যতয়া কুক্কুরমাংসভক্ষণভয়াদেব বাসবঃ প্রববর্ষ, তদানীমেব চৌষধীর্জনয়ামাস তদ্ভক্ষণেন চ জীবনরক্ষাসম্ভবাৎ বিশ্বামিত্রস্তন্মাংসং জহাবৈব ন তু তদ্ভক্ষয়ামাসেতি মন্তব্যম্ ॥৯৬॥

বিশ্বেতি। দগ্ধং কিল্বিষং চণ্ডালাৎ শ্বজাঘনীহরণপাপং যেন সঃ ॥৯৭॥

তদনন্তর বিশ্বামিত্রের এইরূপ বুদ্ধি হইল যে, আমি যথাবিধানে প্রথমে দেবতাদিগকে তৃপ্ত করিয়া, ইচ্ছানুসারে কুক্কুরের মাংস ভোজন করিব ॥৯৩॥

তদনন্তর তিনি বেদোক্তবিধানে অগ্নিস্থাপন করিয়া ইন্দ্র ও অগ্নির উদ্দেশে নিজেই চরু পাক করিলেন ॥৯৪॥

ভরতনন্দন ! তৎপরে বিশ্বামিত্র বিধি অনুসারে সেই কুকুরের মাংস ভাগ ভাগ করিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণকে আহ্বানপূর্ব্বক দৈব ও পৈত্র্য কার্য্য করিতে আরম্ভ করিলেন ॥৯৫॥

এই সময়েই ইন্দ্র সমস্ত প্রাণীকে সঞ্জীবিত করিবার ইচ্ছায় প্রচুর বর্ষা করিলেন এবং ধান্যপ্রভৃতি সমস্ত শস্য জন্মাইয়া দিলেন ॥৯৬॥

ভগবান্ বিশ্বামিত্রও তপস্যার প্রভাবে পাপ বিনষ্ট করিয়া, দীর্ঘকালে পরমাশ্চর্য্য সিদ্ধিলাভ করিয়াছিলেন ॥৯৭॥

স সংহৃত্য চ তৎকর্ম্ম অনাস্বাদ্য চ তদ্ধবিঃ ।
তোষয়ামাস দেবাংশ্চ পিতৄংশ্চ দ্বিজসত্তমঃ ॥৯৮॥
এবং বিদ্বানদীনাত্মা ব্যসনস্থো জিজীবিষুঃ ।
সর্ব্বোপায়ৈরুপায়জ্ঞো দীনমাত্মানমুদ্ধরেৎ ॥৯৯॥
এতাং বুদ্ধিং সমাস্থায় জীবিতব্যং সদা ভবেৎ ।
জীবন্ পুণ্যমবাপ্নোতি পুরুষো ভদ্রমশ্নুতে ॥১০০॥
তস্মাৎ কৌন্তেয় ! বিদুষা ধর্ম্মাধর্ম্মবিনিশ্চয়ে ।
বুদ্ধিমাস্থায় লোকেঽস্মিন্ বর্ত্তিতব্যং কৃতাত্মনা ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে বিশ্বামিত্রশ্বপচসংবাদে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। সংহৃত্য তৎকর্ম্ম পরিহায়, অনাস্বাদ্য অভুক্ত্বা। তোষয়ামাস অন্যেন হবিষা ॥৯৮॥

এবমিতি। অদীনাত্মা অনবসন্নচিত্তঃ, ব্যসনস্থো বিপন্নঃ ॥৯৯॥

এতামিতি। এতামীদৃশীম্। ভদ্রং মঙ্গলম্, অশ্নুতে প্রাপ্নোতি ॥১০০॥

তস্মাদিতি। কৃতাত্মনা শিক্ষিতবুদ্ধিনা ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মহানিরস্তীতি ভাবঃ ॥৮৯॥ অস্থানতশ্চাণ্ডালগৃহাৎ, হীনতশ্চৌর্য্যতঃ, কুৎসিতাদদিৎসতঃ, কদর্য্যাৎ অভিষঙ্গাদত্যাগ্রহাৎ শ্বানং লভতে, তেনাপি তেনৈব দণ্ডঃ সহিতব্যঃ সোঢ়ব্য এব ন তু দাতুর্মম দোষোঽস্তীতি ভাবঃ ॥৯০—১০১॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৭॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ বিশ্বামিত্র সেই সময়ে সেই কার্য্যের উপসংহার করিয়া এবং সেই যজ্ঞশেষ ভক্ষণ না করিয়া অন্য দ্রব্যদ্বারা দেবগণ ও পিতৃগণের তৃপ্তিসাধন করিয়াছিলেন ॥৯৮॥

যুধিষ্ঠির ! উপায়াভিজ্ঞ জ্ঞানী লোক বিপদে পড়িয়া জীবনার্থী হইয়া অনবসন্ন থাকিয়া এইরূপ সমস্ত উপায়ে অবসন্ন দেহকে উদ্ধার করিবেন ॥৯৯॥

মানুষ এইরূপ বুদ্ধি অবলম্বন করিয়া সর্ব্বদাই জীবন রক্ষা করিবে। কেন না, মানুষ জীবিত থাকিয়া পুণ্য লাভ করিতে পারে এবং নানাবিধ মঙ্গলও লাভ করিয়া থাকে ॥১০০॥

* '...একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ নি।

অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ ।

যদিদং ঘোরমুদ্দিষ্টমশ্রদ্ধেয়মিবানৃতম্ ।
অস্তি স্বিদ্দস্যুমর্য্যাদা যামহং পরিবর্জয়ে ॥১॥
সংমুহ্যামি বিষীদামি ধর্ম্মো মে শিথিলীকৃতঃ ।
উদ্যমং নাধিগচ্ছামি কুতশ্চিৎ পরিচিন্তয়ন্ ॥২॥

ভারতকৌমুদী

যদিতি। হে পিতামহ! ভবতা অনৃতং মিথ্যেব, অশ্রদ্ধেয়ং ঘৃণয়া অবজ্ঞেয়ম্, ইদং ঘোরং পাপকর্ম্ম, উদ্দিষ্টং সাধূনামপি কর্ত্তব্যত্বেনোক্তম্, তদাকর্ণ্য ব্রবীমীতি শেষঃ। স্বিৎ প্রশ্নে, দস্যূনামপি মর্য্যাদা কর্ত্তব্যসীমা, অস্তি কিম্, যাং মর্য্যাদাম্, অহং পরিবর্জ্জয়ে ॥১॥

সমিতি। সংমুহ্যামি মহর্ষেবিশ্বামিত্রস্যাপি চাণ্ডালাচ্চৌর্য্যেণ কুক্কুরনিকৃষ্টাঙ্গমাংসভক্ষণে-উদ্যমং শ্রুত্বা ধর্ম্মনির্ণয়ে সংমূঢ়ো ভবামি, তত এব চ বিষীদামি মে ধর্ম্মো ধর্ম্মোদ্যমঃ, এতদাখ্যানেন ত্বয়া শিথিলীকৃতঃ। নির্ণয়ং পরিচিন্তয়ংশ্চাহং কুতশ্চিদপি প্রকারাৎ ধর্ম্মকর্ম্মণ্যুদ্যমং নাধিগচ্ছামি ন লভে। তদদ্ভুতমিদমাখ্যানমিতি ভাবঃ ॥২॥

ভারতভাবদীপঃ

যদি মহদ্ভিরপি ঘোরং কর্ম্ম কর্ত্তব্যত্বেন সমুদ্দিষ্টং যদশ্রদ্ধেয়মিবানৃতমিব চ তর্হি দস্যূনামকার্য্যকারিণামপি মর্য্যাদা কাচিদস্তি ইতোঽধিকং দস্যূনাং ন কর্ত্তব্যমিতি ॥১॥ অস্মিংশ্চাকৃত্যে কর্ত্তব্যে সম্মোহাদিকং প্রাপ্তোঽপ্যাত্মানং সান্ত্বয়ন্নপ্যুদ্যমমধ্যবসায়ং নাধিগচ্ছামি, এতান্ ধর্ম্মান্ কর্ত্তুমহং ন

অতএব কুন্তীনন্দন! শিক্ষিতবুদ্ধি জ্ঞানী লোক এই জগতে নিপুণ বুদ্ধির অনুসরণ করিয়া ধর্ম্ম ও অধর্ম্মের নিরূপণ করিয়া চলিবেন' ॥১০১॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! মিথ্যার ন্যায় অশ্রদ্ধেয় সাধুজনের পক্ষেও এই যে ভীষণ কর্ম্মের উল্লেখ আপনি করিলেন, ইহা শুনিয়া আমি জিজ্ঞাসা করিতেছি যে, দস্যুগণেরও কর্ত্তব্যের সীমা আছে ত? যাহা আমি পরিত্যাগ করিব ॥১॥

আপনার এই উপাখ্যান শুনিয়া আমি মুগ্ধ ও বিষণ্ণ হইয়া পড়িয়াছি এবং আপনি আমার ধর্ম্মোদ্যম শিথিল করিয়া দিয়াছেন; সুতরাং আমি চিন্তা করিয়াও কোন প্রকারেই ধর্ম্মোদ্যম লাভ করিতে পারিতেছি না' ॥২॥

(১) যদি ঘোরং সমুদ্দিষ্টম্—পি বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

নৈতচ্ছ্রুত্বাগমাদেব তব ধর্ম্মানুশাসনম্।
প্রজ্ঞাসমবহারোঽয়ং কবিভিঃ সংভৃতং মধু ॥৩॥
বহ্ব্যঃ প্রতিবিধাতব্যাঃ প্রজ্ঞা রাজ্ঞা ততস্ততঃ।
নৈকশাখেন ধর্ম্মেণ যত্রৈষা সম্প্রবর্ত্ততে ॥৪॥
বুদ্ধিং সংজনয়েদ্রাজ্ঞাং ধর্ম্মমাচরতাং সদা।
জয়ো ভবতি কৌরব্য! সদা তদ্বুদ্ধিরেব চ ॥৫॥

ভারতকৌমুদী

নেতি। বৎস! শ্রুত্বা শাস্ত্রাদেবাবগম্য, আগমাৎ তচ্ছাস্ত্রানুসারাদেব, তব এতৎ ধর্ম্মস্য অনুশাসনমুপদেশঃ, ন কৃতমিতি শেষঃ। তর্হি কথমিদমুক্তমিত্যাহ—প্রজ্ঞেতি। কবিভির্বিদ্বদ্ভিঃ, সংভৃতং রোগে সঞ্চিতম্, মধ্বিব, অয়ং প্রজ্ঞাসমবহারঃ প্রাণসঙ্কটে উক্তপ্রকারবুদ্ধিসঞ্চয়ঃ কৃত ইতি শেষঃ। কাদাচিৎকতয়া ঈদৃশে কর্ম্মণি ত্বয়া মোহো বিষাদো বা ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥৩॥

বহ্ব্য ইতি। রাজ্ঞা, ততস্ততো নানাজনেভ্যঃ, বহ্ব্যঃ প্রজ্ঞা বুদ্ধয়ঃ, প্রতিবিধাতব্যাঃ সময়ানুসারেণ কর্ত্তব্যাঃ। তেনচ একা শাখা প্রকারো যস্য তেন ধর্ম্মেণ রাজ্ঞা ন বর্ত্তিতব্যমিতি শেষঃ। যত্র রাজনি এষা ঈদৃশী বিপৎকালীনবুদ্ধিঃ, সংপ্রবর্ত্ততে সর্ব্বথৌচিত্যেন ভবতি ॥৪॥

বুদ্ধিমিতি। সংজনয়েৎ উপদেষ্টেতি শেষঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

শক্নোমীত্যর্থঃ ॥২॥ এতদাগমাদেব শ্রুত্বা তব ধর্ম্মানুশাসনং ময়া কৃতমিতি নাস্তি; কিন্তু প্রজ্ঞায়াঃ সমবহারো নিষ্ঠা কল্পিতেয়মিত্যর্থঃ। এতদগ্নিহোত্রাদিবদ্বিধেয়ং নাপি তু কবিভিরকরণে মহান্তং দোষং পশ্যদ্ভিঃ কল্পিতমিতি ভাবঃ ॥৩॥ ততস্ততঃ কোকিলবরাহবৃকসিংহাদিভ্যঃ শিক্ষিত্বা যত্র যাসু প্রজ্ঞাস্বনুষ্ঠেয়াসু এষা তব বুদ্ধিরেকশাখেনৈকদেশিনা ধর্ম্মেণোপলক্ষিতা ন সম্প্রবর্ত্ততে, তাঃ প্রজ্ঞাঃ

ভীষ্ম বলিলেন—'বৎস! আমি শাস্ত্রে শুনিয়া সেই শাস্ত্র অনুসারেই তোমাকে এই ধর্ম্মোপদেশ দেই নাই; কিন্তু রোগীর আত্মীয় যেমন রোগবিপদে মধু (মদ্য) সঞ্চয় করে, সেইরূপ বিদ্বান্ লোকেরা বিপদের সময়ে এইরূপ বুদ্ধির সঞ্চয় করিয়াছেন ॥৩॥

যুধিষ্ঠির! রাজার নানাজনের নিকট হইতে নানাবিধ বুদ্ধি গ্রহণ করা উচিত। রাজা একপ্রকার ধর্ম্ম লইয়াই থাকিবেন না, বিপদের সময়ে যাঁহার ঈদৃশ বুদ্ধির আশ্রয় লওয়া হইয়া থাকে ॥৪॥

কৌরবনন্দন! আচার্য্যপ্রভৃতি গুরুজনেরা ধর্ম্মাচরণকারী রাজাদের বুদ্ধি জন্মাইয়া দিবেন, তাহা হইলে তাঁহাদের জয় ও উন্নতি হইবে ॥৫॥

(৫) অত্র পুস্তকভেদাদেব পাঠভেদঃ।

বুদ্ধিশ্রেষ্ঠা হি রাজানো জয়ন্তি বিজয়ৈষিণঃ।
ধর্ম্মঃ প্রতিবিধাতব্যো বুদ্ধ্যা রাজ্ঞা ততস্ততঃ ॥৬॥
নৈকশাখেন ধর্ম্মেণ রাজ্ঞো ধর্ম্মো বিধীয়তে।
দুর্ব্বলস্য কুতঃ প্রজ্ঞা পুরস্তাদনুপাহৃতা ॥৭॥
অদ্বৈধজ্ঞঃ পথি দ্বৈধে সংশয়ং প্রাপ্তুমর্হতি।
বুদ্ধিদ্বৈধং বেদিতব্যং পুরস্তাদেব ভারত! ॥৮॥
পার্শ্বতঃ করণং প্রাজ্ঞো বিষ্টম্ভিত্বা প্রকারয়েৎ।
জনস্তচ্চরিতং ধর্ম্মং বিজানাত্যন্যথান্যথা ॥৯॥

ভারতকৌমুদী

বুদ্ধীতি। বুদ্ধিরেব শ্রেষ্ঠা উপায়েষু প্রধানা যেষাং তে। প্রতিবিধাতব্যঃ কর্ত্তব্যঃ ॥৬॥

নেতি। একশাখেন একপ্রকারেণ, ইযমভেদে তৃতীয়া। অনুপাহৃতা অনর্জ্জিতা ॥৭॥

অদ্বৈধজ্ঞ ইতি। দ্বৈধে দ্বিপ্রকারে। বেদিতব্যম্ আচার্য্যাদিভ্যঃ ॥৮॥

পার্শ্বত ইতি। প্রাজ্ঞো লোকঃ, বিষ্টম্ভিত্বা পূর্ব্বমালোচনাকালে গোপয়িত্বা, করণম্ আত্মনঃ ক্রিয়াম্, পার্শ্বতঃ পার্শ্বদ্বয়ে সর্ব্বত্রেত্যর্থঃ, প্রকারয়েৎ পরং প্রকাশয়েৎ। অন্যথা জনঃ, তচ্চরিতং তৎপ্রাজ্ঞানুষ্ঠিতম্, ধর্ম্মমাচরণম্, অন্যথা ধূর্ত্তকার্য্যতয়া বিজানাতি অবগচ্ছতি ॥৯॥

ভারতভাবদীপঃ

বহ্ব্যঃ প্রতিবিধাতব্যাঃ সন্তি ॥৪॥ ধর্ম্মাদিজ্ঞৈর্যঃ, তত্তত্র বিষয়ে মে মম বচো বিদ্ধি ॥৫॥ প্রতিবিধাতব্যশ্চিকিৎসনীয়ঃ ॥৬॥ যতঃ পুরস্তাদধ্যয়নকালেঽনুপাহৃতা শিক্ষিতাতো দুর্ব্বলস্যৈকদেশাধ্যয়নবতঃ প্রজ্ঞা কুতঃ ন কুতশ্চিদিত্যর্থঃ ॥৭॥ দ্বৈধমেকস্যৈব ধর্ম্মণঃ ক্বচিৎকালে ধর্ম্মত্বং ক্বচিদধর্ম্মত্বমিতি দ্বিপ্রকারত্বম্, তস্মিন্ প্রাপ্তে তদনভিজ্ঞঃ সংশয়ং সঙ্কটং প্রাপ্নোতি অহিংসায়া ধর্ম্মত্বেঽপি চোররক্ষয়া পাপং ভবতি তদ্বদিদং জ্ঞেয়ম্ ॥৮॥ পার্শ্বতঃ পশ্চাৎ করণং করণীয়ং বিষ্টম্ভিত্বা নিশ্চিত্যাগ্রিমবর্ষে প্রজাভ্যঃ ষড়্ভাগস্যার্দ্ধমংশত্রয়ং বা গ্রহীষ্যামীত্যভিসন্ধায় প্রকারয়েদাপৎকালে তমেব ষড়্ভাগং সার্দ্ধগুণং সপাদগুণং বা প্রকর্ষেণ গৃহ্নীয়াত্তৎ কুর্ব্বন্মূঢ়দৃষ্ট্যাধর্ম্মো ভবতি ন তু প্রজ্ঞাদৃষ্ট্যেত্যর্থঃ ॥৯॥

রাজাদের উপায়ের মধ্যে বুদ্ধিই শ্রেষ্ঠ উপায়; সুতরাং জয়ার্থী রাজারা উপায়রূপে সেই বুদ্ধিকে অবলম্বন করিলে, তাঁহারা জয়লাভ করিতে পারেন, আর রাজা আপন নিপুণবুদ্ধি অনুসারে নানাস্থানে ধর্ম্মাচরণ করিবেন ॥৬॥

মহর্ষিরা রাজার একপ্রকার ধর্ম্মবিধান করেন নাই এবং পূর্ব্বে শিক্ষা না করিলে, দুর্ব্বলের বুদ্ধি হইবে কি প্রকারে? ॥৭॥

ভরতনন্দন! এই বিষয়টা দুইপ্রকার হইতে পারে, ইহা যিনি না জানেন, তিনি দ্বৈধভাব উপস্থিত হইলে, সংশয়াপন্ন হইয়া পড়েন, অতএব পূর্ব্বেই মানুষের নানাপ্রকার বুদ্ধি শিক্ষা করা উচিত ॥৮॥

অমিথ্যাজ্ঞানিনঃ কেচিন্মিথ্যাবিজ্ঞানিনঃ পরে।
তদ্বৈ যথাযথং বুদ্ধ্বা জ্ঞানমাদদতে সতাম্ ॥১০॥
পরিমুষ্ণন্তি শাস্ত্রাণি ধর্ম্মস্য পরিপন্থিনঃ।
বৈষম্যমর্থবিদ্যানাং নিরর্থাঃ স্থাপয়ন্তি তে ॥১১॥
আজিজীবিষবো বিদ্যাং যশঃকামৌ সমন্ততঃ।
তে সর্ব্বে নৃপ! পাপিষ্ঠা ধর্ম্মস্য পরিপন্থিনঃ ॥১২॥
অপক্কমতয়ো মন্দা ন জানন্তি যথাতথম্।
যথা হ্যশাস্ত্রকুশলাঃ সর্ব্বত্রাযুক্তিনিষ্ঠিতাঃ ॥১৩॥
পরিমুষ্ণন্তি শাস্ত্রাণি শাস্ত্রদোষানুদর্শিনঃ।
বিজ্ঞানমর্থবিদ্যানাং ন সম্যগিতি বর্ত্ততে ॥১৪॥

ভারতকৌমুদী

অমিথ্যেতি। সতাম্ অমিথ্যাজ্ঞানিনাম্, আদদতে উন্নতিলিপ্সবো রাজানো গৃহ্নন্তি ॥১০॥

পরীতি। পরিমুষ্ণন্তি অপহরন্তি অপলপন্তীত্যর্থঃ। বৈষম্যং পার্থক্যম্, অর্থবিদ্যানাং যথার্থশাস্ত্রাণাম্, নিরর্থা বাস্তবিকার্থজ্ঞানশূন্যাঃ ॥১১॥

আজীতি। আজিজীবিষবঃ সম্যক্ জীবিতুমিচ্ছবঃ, বিদ্যামবলম্বন্তে তয়া চ বিদ্যয়া যশঃকামাবপি কাময়ন্তে। পাপিষ্ঠা জ্ঞানার্জনাদিত্যাশয়ঃ ॥১২॥

অপক্কেতি। মন্দা মূঢ়াঃ। অযুক্তিনিষ্ঠিতা নিন্দিতযুক্তিপ্রদর্শিনঃ ॥১৩॥

বুদ্ধিমান্ লোক নিজের কর্ত্তব্য বিষয় প্রথমে গোপন রাখিয়া, পরে তাহা সর্ব্বত্র প্রকাশ করিবেন। না হইলে তাঁহার অনুষ্ঠিত কার্য্য সকল সাধারণ লোকে অন্যরূপ বুঝিয়া থাকে ॥৯॥

কতকগুলি লোক আছে তাহারা সত্যজ্ঞানসম্পন্ন; আবার অনেক লোক আছে তাহারা মিথ্যাজ্ঞানসমন্বিত; ইহা যথাযথভাবে বুঝিয়া উন্নতিলিপ্সু রাজারা সেই সত্যজ্ঞানসম্পন্ন লোকদিগের মত গ্রহণ করিয়া থাকেন ॥১০॥

ধর্ম্মবিদ্বেষী লোকেরা শাস্ত্রসমূহের অপলাপ করে এবং সেই বাস্তবিকার্থজ্ঞানশূন্য লোকেরা অর্থশাস্ত্রের বৈষম্য ঘটাইয়া থাকে ॥১১॥

যাহারা জীবিকার্থী হইয়া বিদ্যা অর্জ্জন করে এবং সকলদিকের সেই বিদ্যার বলে যশ লাভ করিবার ইচ্ছা করে ও কামনা পূরণ করিবার ইচ্ছা করিয়া থাকে, রাজা! তাহারা সকলেই পাপিষ্ঠ এবং ধর্ম্মের শত্রু ॥১২॥

অপরিণতবুদ্ধি মূর্খ লোকেরা বস্তুর তত্ত্ব জানে না, শাস্ত্রে নিপুণ হয় না এবং সর্ব্বত্রই অসঙ্গত যুক্তির উপরে নির্ভর করে ॥১৩॥

(১৪)···বিজ্ঞতমর্থং বিদ্যানাং······বঙ্গ।

নিন্দয়া পরবিদ্যানাং স্ববিদ্যাং খ্যাপয়ন্তি চ।
বাগস্ত্রা বাক্‌শরীভূতা দ্রুগ্ধবিদ্যাফলা ইব ॥১৫॥
তান্ বিদ্যাবণিজো বিদ্ধি রাক্ষসানিব ভারত!।
ব্যাজেন সদ্ভির্বিহিতো ধর্ম্মস্তে পরিহাস্যতি ॥১৬॥
ন ধর্ম্মবচনং বাচা নৈব বুদ্ধ্যেতি নঃ শ্রুতম্।
ইতি বার্হস্পতং জ্ঞানং প্রোবাচ মঘবা স্বয়ম্ ॥১৭॥
ন ত্বেব বচনং কিঞ্চিদনিমিত্তাদিহোচ্যতে।
সুবিনীতেন শাস্ত্রেণ ন ব্যবস্যন্ত্যথা পরে ॥১৮॥

ভারতকৌমুদী

পরীতি। পরিমোষপ্রকারমাহ বিজ্ঞানমিতি। অর্থবিদ্যানাম্ অর্থশাস্ত্রাণাম্ ॥১৪॥

নিন্দয়েতি। বাগেব অস্ত্রং যেষাং তে, বাগেব শরীভূতা বাণতাং প্রাপ্তা যেষাং তে, দ্রুগ্ধং দ্রোহবিষয়ীকৃতং বিদ্যাফলং তত্ত্বজ্ঞানং যৈস্তে তাদৃশা ইব সন্ত ইতি শেষঃ ॥১৫॥

তানিতি। বিদ্যায়াং বণিজো বিদ্যাবণিজা বিদ্যাবিক্রয়েণ ধনলাভকারিণ ইত্যর্থঃ। সদ্ভির্মম্বাদিভি-র্বিহিতঃ, তে তব ধর্ম্মঃ, ব্যাজেন তাদৃশবিদ্যাবণিগ্‌গ্রহণাপদেশেন পরিহাস্যতি নঙ্ক্ষ্যতি ॥১৬॥

নেতি। বাচা বাঙ্‌মাত্রেণ ধর্ম্মস্য বচনং প্রকাশনং নঃ, বুদ্ধ্যাপি নৈব, অপি তু আচরণেনৈব ভবতীতি ভাবঃ। মঘবা ইন্দ্রঃ ॥১৭॥

নেতি। ন ব্যবস্যন্তি নাচরন্তি ॥১৮॥

ভারতভাবদীপঃ

সতাং মতমিতি শেষঃ ॥১০॥ মুষ্ণন্তি ধর্ম্মশাস্ত্রবিরুদ্ধমর্থশাস্ত্রং নাদর্ত্তব্যমিতি বদন্তি, বৈবম্যমপ্রামাণ্য-মধর্ম্মত্বং বা ॥১১॥ শাস্ত্রচোরনিন্দাপ্রসঙ্গাত্তদুপজীবিনোঽপি নিন্দতি—আজিজীবিষব ইতি সার্দ্ধৈ-শ্চতুর্ভিঃ ॥১২—১৫॥ দম্ভিনং নিন্দত্যর্দ্ধেন—ব্যাজেনেতি। কৃত ইতি শেষঃ। তে তব ॥১৬॥ প্রকৃতমাহ—নেতি। বাচা কেবলয়া বুদ্ধ্যা তর্কেণ বা কেবলেন ধর্ম্মবচনং ধর্ম্মনিশ্চয়ো নাস্ত্যপি

শাস্ত্রদোষদর্শী লোকেরা শাস্ত্রের অপলাপ করে এবং বলে 'অর্থশাস্ত্রের জ্ঞান' সমীচীন নহে ॥১৪॥

যাহাদের বাক্যই অস্ত্র এবং বাক্যই বাণ, তাহারা বিদ্যার ফল তত্ত্বজ্ঞানের প্রতি বিদ্রোহ করিয়াই যেন পর বিদ্যার নিন্দা করিয়া আপন বিদ্যার সুখ্যাতি করে ॥১৫॥

ভরতনন্দন! তুমি তাহাদিগকে রাক্ষসের ন্যায় বিদ্যাবণিক্ বলিয়া জানিবে; সুতরাং তুমি তাহাদিগকে গ্রহণ করিলে তোমার সজ্জনবিহিত ধর্ম্ম নষ্ট হইবে ॥১৬॥

আমার এইরূপ শুনা আছে যে, কেবল বাক্য বা বুদ্ধিদ্বারা ধর্ম্মের সম্যক্ প্রকাশ হয় না (কিন্তু আচরণদ্বারা হইয়া থাকে)। ইহা বৃহস্পতির মত স্বয়ং ইন্দ্র ইহা বলিয়াছেন ॥১৭॥

লোকযাত্রামিহৈকে তু ধর্ম্মং প্রাহুর্মনীষিণঃ।
সমুদ্দিষ্টং সতাং ধর্ম্মং স্বয়মূহেত পণ্ডিতঃ॥১৯॥
অমর্ষাচ্ছাস্ত্রসম্মোহাদবিজ্ঞানাচ্চ ভারত!।
শাস্ত্রং প্রজ্ঞস্য বদতঃ সমূহে যাত্যদর্শনম্॥২০॥
আগতাগময়া বুদ্ধ্যা ন চান্যেন প্রশস্যতে।
অজ্ঞানাজ্‌জ্ঞানহেতুত্বাদ্বচনং সাধু মন্যতে॥২১॥

ভারতকৌমুদী

লোকেতি। লোকযাত্রাং শিষ্টলোকাচরণম্। ঊহেত তর্কেণ নির্ণয়েৎ॥১৯॥

অমর্ষাদিতি। অমর্ষাৎ ক্রোধাৎ, শাস্ত্রে সম্মোহাৎ ভ্রমাৎ অবিজ্ঞানাচ্চ, বদতঃ প্রাজ্ঞস্য শাস্ত্রম্, সমূহে লোকসমাজে, অদর্শনং লোপং যাতি অকিঞ্চিৎকরমেব ভবতীত্যর্থঃ॥২০॥

আগতেতি। অন্যেন বুদ্ধিমতা জনেন, আগতাগময়া জ্ঞাতশাস্ত্রয়া নিজয়া বুদ্ধ্যা, অজ্ঞানাৎ অমর্ষাদীনাম্ অজ্ঞানপ্রসূতত্বাৎ তৎপ্রাজ্ঞবচনং ন প্রশস্যতে কিন্তু জ্ঞানহেতুত্বাৎ জ্ঞানেন প্রযুক্তত্বাৎ তদ্বচনং সাধু মন্যতে॥২১॥

ভারতভাবদীপঃ

তু সমুচ্চিতাভ্যামুভাভ্যাং ধর্ম্মনির্ণয় ইত্যর্থঃ॥১৭॥ নত্বিতি। আততায়ী ব্রাহ্মণোঽপি হন্তব্য ইত্যাদিবচনং "কামতো ব্রাহ্মণং হত্বা প্রায়শ্চিত্তং ন বিদ্যতে" ইত্যনেন বিরুদ্ধমপি নিষ্কারণং ন প্রবর্ত্ততে। কো হি তদ্বেদ যদ্যমুষ্মিল্লোঁকেঽস্তি বা ন বেতি বচনম্; যথা দিক্ষতীকাশান্ করোতীত্যতীকাশবিধিপরম্, ন তু পরলোকফলে সন্দেহোপন্যাসপরম্, এবমাততায়িব্রাহ্মণবধবাক্যমপ্যাততায়ী সর্ব্বথা হন্তব্য ইত্যেবংপরং ন তু ব্রাহ্মণরূপোঽপ্যাততায়ী হন্তব্য ইত্যেবংপরমিতি কৈশ্চিদুচ্যতে; অপরে তু সুবিনীতেন যুক্তিমতাপি শাস্ত্রেণ শিক্ষিতমাততায়িবধং ন ব্যবস্যন্তি কর্ত্তব্যত্বেন ন নিশ্চিন্বন্ত্যহিংসাশাস্ত্রপ্রাবল্যাৎ। আত্মবধার্থমুদ্যতাদ্গোরিবাততায়িনোঽপ্যাত্মানং রক্ষেন্ন গামিব তং হন্যাদিতি তেষাং ভাবঃ॥১৮॥ ইহলোকে তু একে মুখ্যাস্বাচার্য্যাঃ লোকযাত্রাং তন্নির্ব্বাহমেব ধর্ম্মং প্রাহুঃ। সা চ চোরাদীনাং বধমন্তরেণ ন সম্ভবতীত্যবশ্যং হিংসাপি কর্ত্তব্যেতি তেষামাশয়ঃ। তথা হি—"বহুকারাঃ শ্রুতিমুদাহরন্তি অন্নাদেভ্রূর্ণহা মাষ্টি‌র্ম্‌ অনেনা অভিশংসতি স্তেনঃ প্রমুক্তো রাজনি যাচন্ননৃতসঙ্করে গুরৌ যাজশ্চ শিষ্যশ্চ স্ত্রিয়শ্চ ভর্ত্ত্র্ব্যভিচারিণী।" ইতি। মষ্টিং পাপমিতি শেষঃ। এবং সত্যপি মতভেদে যুক্ত্যৈব ধর্ম্মমূহেতেত্যাহ—সমিতি॥১৯॥ তস্মাদমর্ষাদীং-

---

বিচক্ষণ লোকেরা বিনাকারণে কোন বাক্য বলেন না, আবার কতকগুলি লোক সুনির্ম্মিত শাস্ত্র অনুসারেও কার্য্য করে না॥১৮॥

একশ্রেণীর পণ্ডিতেরা বলেন—শিষ্ট লোকের আচরণই ধর্ম্ম; কিন্তু বিচক্ষণ লোক আপন তর্কদ্বারাই সাধুগণের ধর্ম্ম নির্ণয় করিয়া লইবেন॥১৯॥

ভরতনন্দন! যিনি প্রাজ্ঞ হইয়াও ক্রোধ, মোহ বা অজ্ঞানবশতঃ শাস্ত্র বলেন, তাঁহার সে শাস্ত্র লোকসমাজে অকিঞ্চিৎকরই হইয়া থাকে॥২০॥

অনয়া হতমেবেদমিতি শাস্ত্রমপার্থকম্ ।
দৈতেয়ানুশনা প্রাহ সংশয়চ্ছেদনং পুরা ॥২২॥
জ্ঞানমপ্যপদেশ্যং হি যথা নাস্তি তথৈব তৎ ।
তং তথা চ্ছিন্নমূলেন সন্নোদয়িতুমর্হসি ॥২৩॥
অন্যব্যবহিতং লোকা নেদং বাক্যমুপাশ্নুতে ।
উগ্রায়ৈব হি সৃষ্টোঽসি কর্ম্মণে ন ত্বমীক্ষসে ॥২৪॥

ভারতকৌমুদী

অনেতি। ইদং শাস্ত্রম্ অনয়া যুক্ত্যৈব হতং বিহীনমিতি হেতোঃ, অপার্থকং ব্যর্থং মন্যেতেতি শেষঃ। উশনাঃ শুক্রাচার্য্যঃ পুরা ইদং সংশয়চ্ছেদনং বচনং দৈতেয়ান্ প্রাহ ॥২২॥

জ্ঞানমিতি। যথা প্রেক্ষাযুক্তে উপদেষ্টরি, অপদেশ্যং ছলপ্রয়োজ্যম্, জ্ঞানমপি নাস্তি অপি-শব্দাৎ সন্দেহোঽপি নাস্তি, তথৈব তত এব তদ্বচনং গ্রাহ্যমিতি শেষঃ। অতএব চ্ছিন্নমূলেন ভাবেন সন্দেহাভাবেনেত্যর্থঃ তং তাদৃশমুপদেষ্টারম্, তথা উপদেশায় সন্নোদয়িতুং নিযোজয়িতুমর্হসি ॥২৩॥

ভারতভাবদীপঃ

শুক্রো সমূহে সভায়াং শাস্ত্রং বদেদিত্যাশয়েনাহামর্ষাদিতি ॥২০॥ আগতাগমঃ বুদ্ধ্যা শ্রুত্যুপগৃহীতেন তর্কেণ সহিতং যদ্বচনং তেন প্রশস্যতে শাস্ত্রং নান্যতরেণ। অন্যস্য জ্ঞানহেতুত্বাৎ অজ্ঞাত-জ্ঞাপকতয়া বচনং তর্কেণ হীনং শব্দমেব সাধু মন্যতে কুতোঽজ্ঞানাৎ ॥২১॥ অন্যঃ পুনরনয়া যুক্ত্যা ইদং শাস্ত্রং হতং দূষিতমিতি হেতোরপার্থকং ব্যর্থমিতি মন্যতে তদপ্যজ্ঞানাদেব। তস্মাত্তর্কেণ শাস্ত্রস্য শাস্ত্রেণ তর্কস্য বা বাধমকৃত্বা যদুভয়সম্মতং তদেবানুষ্ঠেয়মিত্যুশনসো মতং পূর্ব্বোক্তেন বার্হস্পত্যেন জ্ঞানেনৈক্যং গতমিতি দর্শিতম্ ॥২২॥ কিঞ্চ অপদিশ্যং দিশো মধ্যে স্থিতং কেচিদ্বিষয়-স্পর্শি জ্ঞানং সংশয়রূপম্, তদ্‌যথা নাস্তি তথৈবেত্যর্থঃ। অতস্তং সংশয়ং ছিন্নমূলেন মূলোচ্ছেদেন যথা স্যাত্তথা সন্নোদয়িতুং দূরীকর্তুমর্হসি, নিঃসংশয়ং যৎ জ্ঞানং তদেবাশ্রয়স্বেত্যর্থঃ ॥২৩॥ যো বা ভবান্ মমেদং নীতিবাক্যং ন উপাশ্নুতে নাঙ্গীকরোতি তদনব্যবহিতমযুক্তম্। ব্যবহিতপদং ন শব্দেন সমস্তং চেন্নব্যবহিতশব্দঃ সন্নিকৃষ্টবচনস্তদভাবোঽনব্যবহিত-

কেন না, অজ্ঞানবশতঃ সে শাস্ত্র বলা হইয়াছে বলিয়া অন্য ব্যক্তি স্বকীয় শাস্ত্রজ্ঞ বুদ্ধির বলে তাহার প্রশংসা করে না; কিন্তু সম্যক্ জ্ঞানপ্রযুক্ত যাহা বলে, তাহাই ভাল বলিয়া মনে করে ॥২১॥

শাস্ত্র যদি যুক্তিশূন্য হয়, তাহা হইলে তাহাকে ব্যর্থ বলিয়া মনে করিবে—এই সংশয়নাশক কথা পূর্ব্বকালে স্বয়ং শুক্রাচার্য্য দৈত্যগণকে বলিয়াছিলেন ॥২২॥

বিবেকী উপদেষ্টার ছলবুদ্ধি থাকে না, সেইজন্যই তাহার উপদেশ গ্রহণ করা উচিত। অতএব যুধিষ্ঠির! তুমি নিঃসন্দেহে তাদৃশ উপদেষ্টাকে উপদেশ দিবার জন্য নিযুক্ত করিতে পার ॥২৩॥

অঙ্গ ! মামন্ববেক্ষস্ব রাজন্যায় বুভূষতে।
যথা প্রমুচ্যতে ত্বন্যো যদর্থং ন প্রমোদতে ॥২৫॥
অজোঽশ্বঃ ক্ষত্রমিত্যেতৎ সদৃশং ব্রহ্মণা কৃতম্।
তস্মাদভীক্ষ্ণং ভূতানাং যাত্রা কাচিৎ প্রসিধ্যতি ॥২৬॥

ভারতকৌ

অন্যেতি। যো বা জনঃ, অন্যেন প্রতিবাদেন ব্যবহিতং বিরহিতম্ ইদং বাক্যম্, নোপাশ্রুতে পাণ্ডিত্যগর্ব্বান্ন গৃহ্লাতি তস্মৈ ন কিঞ্চিদ্বক্তব্যমিতি শেষঃ। হে ভারত! ত্বং খলু বিধাত্রা উগ্রায়ৈব কর্ম্মণে যুদ্ধায় সৃষ্টোঽসি ইতি ত্বং নেক্ষসে ন স্মরসীত্যর্থঃ অতো দৃঢ়হৃদয়তয়া মদ্বাক্যং গ্রাহ্যমিত্যাশয়ঃ ॥২৪॥

আত্মদৃষ্টান্তপ্রদর্শনেনোপদিশতি অঙ্গেতি। অঙ্গ! হে যুধিষ্ঠির! যদর্থং নির্দ্দোষজনদণ্ডদানার্থং লোকো ন প্রমোদতে, যথা তু অন্যঃ স নির্দ্দোষজনো দণ্ডাৎ প্রমুচ্যতে, বুভূষতে তাদৃশকর্ম্মণা উন্নতিং লিপ্সমানায়, রাজন্যায় ক্ষত্রিয়ায় স্পৃহয়ন্তমিতি শেষঃ, মামন্ববেক্ষস্ব ॥২৫॥

পরোপকারার্থমেব ক্ষত্রং সৃষ্টমিত্যাহ অজ ইতি। অজশ্ছাগঃ। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ যাত্রা মঙ্গলোৎসবঃ। তথাচ—ছাগেন যজ্ঞোৎসবঃ, অশ্বেন যুদ্ধোৎসবঃ, ক্ষত্রেণ চ জীবনোৎসব ইতি ভাবঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

মিতি যোগোঽত্র জ্ঞেয়ঃ। কুতো যুক্তমত আহ—উগ্রায়েতি। যত উগ্রায় হিংস্রকর্ম্মার্থমেব ত্বং সৃষ্টোঽসি, তচ্চ ত্বং ন সমীক্ষসেঽতো মম বচনং তব চেতসি ন কিঞ্চিল্লগ্নমিত্যর্থঃ ॥২৪॥ হে অঙ্গ! মামন্ববেক্ষস্ব, বুভূষতে ঐশ্বর্য্যলিপ্সবে রাজন্যায় রাজসমূহায়, তদর্থং যথা তৎ প্রমুচ্যতে তথাকুর্ব্বাণং মামন্ববেক্ষস্বেত্যধ্যাহৃত্য যোজ্যম্। অন্যো লোকো যদর্থং যমর্থং ন প্রমোদতে নানুমোদতে হিংস্রোঽয়মিতি মাং নিন্দন্তোঽপি ভূলোকার্থিনো রাজানঃ স্বহিতমজানানা অপি ময়া স্বর্লোকং প্রাপিতা উপকারায়ৈব ন স্বার্থায়। এবং ত্বমপ্যুগ্রেণ কর্ম্মণা প্রজাশুদ্ধিতায়ৈব শাধীতি ভাবঃ ॥২৫॥ অজ ইতি। যথাজো যজ্ঞার্থং নীয়তে তদ্ধিতায়ৈবমশ্বক্ষত্রিয়াবপি সংগ্রামার্থং নীয়েতে তদ্ধিতায়ৈব; "হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্" ইত্যুক্তেঃ। যথা যজ্ঞে হন্যমানস্য পশোরপি স্বর্গপ্রাপ্তির্দৃষ্টা। "পশুর্বৈ নীয়মানঃ স মৃত্যুং প্রাপশ্যৎ স দেবান্নান্বকাময়তৈতুং তং দেবা অব্রু-

অথবা, যে লোক এই প্রতিবাদশূন্য বাক্য গ্রহণ করিবে না, তাহাকে আমার কিছুই বক্তব্য নাই; তবে তুমি ইহা স্মরণ করিতে পার যে, বিধাতা তোমাকে ভীষণ কার্য্যের জন্যই সৃষ্টি করিয়াছেন ॥২৪॥

যুধিষ্ঠির! দেখ, নির্দ্দোষ লোককে দণ্ড দিলে মানুষ সন্তুষ্ট হয় না; সুতরাং যাহাতে সেই নির্দ্দোষ লোক মুক্তি লাভ করে, সেইরূপ কার্য্যদ্বারা যিনি উন্নতি লাভ করিবার ইচ্ছা করেন, আমি সেইরূপ ক্ষত্রিয়ের কামনা করি ॥২৫॥

যস্ত্ববধ্যবধে দোষঃ স বধ্যস্যাবধে স্মৃতঃ।
সা চৈব খলু মর্য্যাদা যাময়ং পরিবর্জ্জয়েৎ ॥২৭॥
তস্মাত্তীক্ষ্ণঃ প্রজা রাজা স্বধর্ম্মে স্থাপয়েত্ততঃ।
অন্যোন্যং ভক্ষয়ন্তো হি প্রচরেয়ুর্বৃকা ইব ॥২৮॥
যস্য দস্যুগণা রাষ্ট্রে ধ্বাঙ্ক্ষা মৎস্যান্ জলাদিব।
বিহরন্তি পরস্বানি স বৈ ক্ষত্রিয়পাংসনঃ ॥২৯॥
কুলীনান্ সচিবান্ কৃত্বা বেদবিদ্যাসমন্বিতান্।
প্রশাধি পৃথিবীং রাজন্! প্রজা ধর্ম্মেণ পালয়ন্ ॥৩০॥
বিহীনজন্মকর্ম্মাণং যঃ প্রগৃহ্লাতি ভূমিপঃ।
উভয়স্যাবিশেষজ্ঞং তদ্বৈ ক্ষত্রং নপুংসকম্ ॥৩১॥

ভারতকৌমুদী

প্রাধান্যেন রাজ্ঞঃ কর্ত্তব্যমাহ য ইতি। সা তদ্দোষরূপা মর্য্যাদা অকর্ত্তব্যসীমা, অয়ং রাজা ॥২৭॥

তস্মাদিতি। অন্যথা দোষমাহ অন্যোন্যমিতি। বৃকা ব্যাঘ্রবিশেষাঃ ॥২৮॥

যস্যেতি। ধ্বাঙ্ক্ষাঃ কাকবিশেষাঃ। বিহরন্তি অপহরন্তি ॥২৯॥

কুলীনানিতি। অত্র সচিবপদং রাজকর্ম্মচারিমাত্রপরম্ ॥৩০॥

বিহীনেতি। বিহীনে নিকৃষ্টে জন্মকর্ম্মণী যস্য তং তাদৃশং সচিবম্। উভয়স্য উগ্রতামৃদুতাদ্বয়স্য ॥৩১॥

বিধাতা ছাগল, অশ্ব ও ক্ষত্রিয়—এই তিনটীকে সমান করিয়া সৃষ্টি করিয়াছেন। অতএব সর্ব্বদাই সেই তিনটী হইতে লোকের অনির্ব্বচনীয় আনন্দ সিদ্ধ হইয়া থাকে ॥২৬॥

অবধ্যকে বধ করিলে যেরূপ দোষ হয়, বধ্যকে বধ না করিলেও সেইরূপই দোষ হইয়া থাকে; সুতরাং তাহাই অকর্ত্তব্যের সীমা, যাহা রাজা পরিত্যাগ করিবেন ॥২৭॥

অতএব রাজা তীক্ষ্ণ হইয়া প্রজাগণকে স্বধর্ম্মে স্থাপন করিবেন; না হইলে প্রজারা ব্যাঘ্রের ন্যায় পরস্পর ভক্ষণ করিতে থাকিয়া বিচরণ করিতে থাকিবে ॥২৮॥

কাক যেমন জল হইতে মৎস্য হরণ করে, তেমন তস্করগণ যে রাজার রাজ্যে পরস্ব হরণ করে, সেই রাজা ক্ষত্রিয়ের মধ্যে অধম ॥২৯॥

রাজা! সৎকুলোৎপন্ন ও বেদবিদ্যাযুক্ত লোকদিগকে কর্ম্মচারিপদে নিযুক্ত করিয়া ধর্ম্মানুসারে প্রজা পালন করিতে থাকিয়া পৃথিবী শাসন কর ॥৩০॥

(৩১) বিহীনং কর্ম্মণা ন্যায়ং—পি বঙ্গ বর্দ্ধ।

নৈবোগ্রং নৈব চানুগ্রং ধর্ম্মেণেহ প্রশস্যতে।
উভয়ং ন ব্যতিক্রামেদুগ্রো ভূত্বা মৃদুর্ভব ॥৩২॥
কষ্টঃ ক্ষত্রিয়ধর্ম্মোঽয়ং সৌহৃদং ত্বয়ি মে স্থিতম্।
উগ্রকর্ম্মণি সৃষ্টোঽসি তস্মাৎ রাজ্যং প্রশাধি বৈ ॥৩৩॥
অশিষ্টনিগ্রহো নিত্যং শিষ্টস্য পরিপালনম্।
এবং শুক্রোঽব্রবীদ্ধীমানাপৎসু ভরতর্ষভ! ॥৩৪॥

যুধিষ্ঠির উবাচ।

অস্তি চেদিহ মর্য্যাদা যামন্যো নাভিলঙ্ঘয়েৎ।
পৃচ্ছামি ত্বাং সতাং শ্রেষ্ঠ! তন্মে ব্রূহি পিতামহ! ॥৩৫॥

ভারতকৌমুদী

নেতি। উগ্রমনুগ্রঞ্চ কেবলমিতি ভাবঃ। ধর্ম্মেণ রাজধর্ম্মশাস্ত্রেণ ॥৩২॥
কষ্ট ইতি। কষ্টঃ কষ্টরক্ষঃ। উগ্রকর্ম্মণি যুদ্ধাদৌ ॥৩৩॥
অশিষ্টেতি। অশিষ্টস্য শাস্ত্রানুসারিণঃ ॥৩৪॥
অস্তীতি। মর্য্যাদা কস্যাপি স্বাভাবিকং গৌরবম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বন্নেহি স্বর্গং বৈ ত্বা লোকং গময়িষ্যাম" ইতি ॥২৬॥ এবং সংমুহ্যামীত্যাদেরুত্তরমুক্ত্বাস্তিস্বিদস্য-মর্য্যাদা ইত্যস্যোত্তরমাহ—যস্ত্বিতি ॥২৭—৩০॥ অন্যায়ং ন্যায়বর্জ্জিতম্, যথা স্যাত্তথা প্রগৃহ্লাতি

যে রাজা নীচকুলোৎপন্ন ও নিকৃষ্ট কার্য্যকারী মানুষকে কর্ম্মচারিরূপে গ্রহণ করেন এবং উগ্রতা ও কোমলতার তারতম্য বোঝেন না, তিনি নপুংসক ক্ষত্রিয় ॥৩১॥

ধর্ম্মশাস্ত্র কেবল উগ্রতা বা কেবল কোমলতার প্রশংসা করে না; সুতরাং রাজা উগ্রতা ও কোমলতা ইহার কোনটাকে পরিত্যাগ করিবেন না; অতএব যুধিষ্ঠির! তুমি ক্ষেত্র অনুসারে উগ্রও হও এবং মৃদুও হও ॥৩২॥

যুধিষ্ঠির! তোমার উপরে আমার স্নেহ আছে। তাই বলিতেছি, এই ক্ষত্রিয়-ধর্ম্ম রক্ষা করা কষ্টসাধ্য। বিধাতা উগ্রকার্য্য করিবার জন্যই তোমাকে সৃষ্টি করিয়াছেন; সুতরাং তুমি ক্ষেত্র অনুসারে উগ্রতা অবলম্বন করিয়াই রাজ্য শাসন কর ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ! অশিষ্টকে দমন করা এবং শিষ্টকে পালন করাই রাজার ধর্ম্ম—ইহা জ্ঞানী শুক্রাচার্য্য বলিয়াছেন' ॥৩৪॥

ভীষ্ম উবাচ।

ব্রাহ্মণানেব সেবেত বিদ্যাবৃদ্ধাংস্তপস্বিনঃ।
শ্রুতচারিত্রবৃত্তাঢ্যান্ পবিত্রং হ্যেতদুত্তমম্ ॥৩৬॥
যা দেবতাসু বৃত্তিস্তে সাস্তু বিপ্রেষু নিত্যদা।
ক্রুদ্ধৈর্হি বিপ্রৈঃ কর্ম্মাণি কৃতানি বহুধা নৃপ! ॥৩৭॥
প্রীত্যা যশো ভবেন্মুখ্যমপ্রীত্যা পরমং ভয়ম্।
প্রীত্যা হ্যমৃতবদ্বিপ্রাঃ ক্রুদ্ধাশ্চৈব বিষং তথা ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে রাজমর্য্যাদায়াম্ অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ব্রাহ্মণানিতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানং চারিত্রং সচ্চরিত্রং বিত্তং ধনঞ্চ তৈরাঢ্যান্ ॥৩৬॥

যেতি। যা যাদৃশী, বৃত্তির্ব্যবহারঃ ॥৩৭॥

প্রীত্যেতি। প্রীত্যা বিপ্রাণাং সন্তোষেণ। বিষং বিষবৎ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ষড়্ভাগমাদত্তে কর্ম্মণা পালনাত্মকেন, বিহীনং ক্ষত্রম্ ॥৩১—৩৫॥ ব্রাহ্মণাদর্ব্বাগেব দণ্ডস্য মর্য্যাদা ব্রাহ্মণস্তু নৈব দণ্ড্যোঽপি তু পূজ্য এবেত্যাহ—ব্রাহ্মণানেবেতি ॥৩৬—৩৮॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৮॥

যুধিষ্ঠির বলিলেন—'পণ্ডিতশ্রেষ্ঠ পিতামহ! এই জগতে যদি কোন লোকের এমন মর্য্যাদা থাকে, যাহা অন্য কোন লোক লঙ্ঘন করে না, আমি আপনার নিকট জিজ্ঞাসা করিতেছি, তাহা আপনি আমার নিকট বলুন' ॥৩৫॥

ভীষ্ম বলিলেন—'বিদ্যাবৃদ্ধ, তপস্বী, শাস্ত্রজ্ঞানসম্পন্ন, সচ্চরিত্র ও ধনবান্ ব্রাহ্মণ-গণেরই সেবা করিবে—ইহা পরমপুণ্যজনক ॥৩৬॥

যুধিষ্ঠির! দেবতাদের সম্বন্ধে তোমার যেরূপ ব্যবহার হইয়া থাকে, ব্রাহ্মণদের সম্বন্ধেও সর্ব্বদাই তোমার সেরূপ ব্যবহার হউক। কারণ, রাজা! ব্রাহ্মণেরা ক্রুদ্ধ হইয়া পূর্ব্বে বহুবিধ কর্ম্ম করিয়া গিয়াছেন ॥৩৭॥

ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিতে পারিলে মহাযশ, আর তাঁহাদের অসন্তোষ ঘটাইলে গুরুতর ভয় হয়। ব্রাহ্মণেরা সন্তুষ্ট হইলে অমৃতের ন্যায় এবং ক্রুদ্ধ হইলে বিষের তুল্য হইয়া থাকেন' ॥৩৮॥

* '…দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ ! মহাপ্রাজ্ঞ ! সর্ব্বশাস্ত্রবিশারদ ! ।
শরণ্যং পালয়ানস্য যো ধর্ম্মস্তং ব্রবীহি মে॥১॥

ভীষ্ম উবাচ।

মহান্ ধর্ম্মো মহারাজ ! শরণাগতপালনে।
অর্হঃ প্রষ্টুং ভবাংশ্চৈবং প্রশ্নং ভরতসত্তম ! ॥২॥
শিবিপ্রভৃতয়ো রাজন্ ! রাজানঃ শরণাগতান্।
পরিপাল্য মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥৩॥
শ্রূয়তে চ কপোতেন শক্রঃ শরণমাগতঃ।
পূজিতশ্চ যথান্যায়ং স্বৈশ্চ মাংসৈর্নিমন্ত্রিতঃ ॥৪॥

ভারতকৌমুদী

পিতেতি। শরণ্যং শরণাগতং জনম্। পালয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ ॥১॥
মহানিতি। অর্হো যোগ্যঃ, ধর্ম্মার্থিত্বাৎ, প্রষ্টুং কর্ত্তুম্ ॥২॥
শিবীতি। সংসিদ্ধিং ধর্ম্মফলস্য সম্যগ্লাভনিষ্পত্তিম্ ॥৩॥
শ্রূয়ত ইতি। স্বৈর্মাংসৈঃ স্বকীয়মাংসদানাঙ্গীকারৈঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'সর্ব্বশাস্ত্রবিশারদ মহাপ্রাজ্ঞ পিতামহ ! শরণাগত ব্যক্তিকে রক্ষা করিলে যেরূপ ধর্ম্ম হয়, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ মহারাজ ! শরণাগতরক্ষায় গুরুতর ধর্ম্ম হয়। তুমিই এইরূপ প্রশ্ন করিবার যোগ্য ॥২॥

রাজা ! মহাত্মা শিবিপ্রভৃতি রাজারা শরণাগত ব্যক্তিকে রক্ষা করিয়া উত্তম সিদ্ধি লাভ করিয়াছিলেন ॥৩॥

শুনিতে পাই, শক্র শরণাগত হইলে একটী কপোতপক্ষী নিজের মাংস দান করিবার অঙ্গীকার করিয়া আহ্বানপূর্ব্বক, যথানিয়মে তাহার সম্মান করিয়াছিল' ॥৪॥

(১) শরণং পাল্যমানস্য—বঙ্গ বর্দ্ধ, শরণাগতং পালয়তঃ—নি।

যুধিষ্ঠির উবাচ।

কথং কপোতেন পুরা শক্রঃ শরণমাগতঃ।
স্বমাংসং ভোজিতঃ কাঞ্চ গতিং লেভে স ভারত! ॥৫॥

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্! কথাং দিব্যাং সর্ব্বপাপপ্রণাশিনীম্।
নৃপতের্ম্মুচুকুন্দস্য কথিতং ভার্গবেণ বৈ ॥৬॥
ইমমর্থং পুরা পার্থ! মুচুকুন্দো নরাধিপঃ।
ভার্গবং পরিপপ্রচ্ছ প্রণতঃ পুরুষর্ষভ! ॥৭॥
তস্মৈ শুশ্রূষমাণায় ভার্গবোঽকথয়ৎ কথাম্।
ইমাং যথা কপোতেন সিদ্ধিঃ প্রাপ্তা নরাধিপ! ॥৮॥

মুনিরুবাচ।

ধর্ম্মনিশ্চয়সংযুক্তাং কামার্থসহিতাং কথাম্।
শৃণুষ্বাবহিতো রাজন্! গদতো মে মহাভুজ! ॥৯॥

ভারতকৌমুদী

কথমিতি। গতিমবস্থাম্, স কপোতঃ ॥৫॥
শৃণ্বিতি। মুচুকুন্দস্য সকাশে, ভার্গবেণ শুক্রেণ ॥৬॥
ইমমিতি। অর্থং বিষয়ম্ ॥৭॥
তস্মা ইতি। শুশ্রূষমাণায় শ্রোতুমিচ্ছবে। সিদ্ধিঃ পুণ্যফলনিষ্পত্তিঃ ॥৮॥
ধর্ম্মেতি। কামার্থাভ্যাং সহিতাং সমন্বিতাম্ ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'ভরতনন্দন! পূর্ব্বকালে শক্র শরণাগত হইলে কপোত-পক্ষী কিপ্রকারে নিজের মাংস তাহাকে ভোজন করাইয়াছিল এবং কিরূপ সিদ্ধিই বা লাভ করিয়াছিল?' ॥৫॥

ভীষ্ম বলিলেন—'রাজা! পূর্বকালে শুক্রাচার্য্য মুচুকুন্দ রাজার নিকটে যে উপাখ্যান বলিয়াছিলেন, সমস্ত পাপনাশক সেই দিব্য উপাখ্যান তুমি শ্রবণ কর ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ পৃথানন্দন! পূর্বকালে মুচুকুন্দ রাজা প্রণাম করিয়া এই বিষয়ই শুক্রাচার্য্যের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥৭॥

রাজা! নরপতি মুচুকুন্দ শ্রবণ করিবার ইচ্ছা করিলে, কপোতপক্ষী যাহাতে সিদ্ধিলাভ করিয়াছিল, সেই উপাখ্যান তাঁহার নিকটে শুক্রাচার্য্য বলিতে লাগিলেন ॥৮॥

ক্বচিৎ ক্ষুদ্রসমাচারঃ পৃথিব্যাং কালসম্মিতঃ।
বিচচার মহারণ্যে ঘোরঃ শকুনিলুব্ধকঃ ॥১০॥
কাকোল ইব কৃষ্ণাঙ্গো রক্তাক্ষঃ কালসম্মিতঃ।
দীর্ঘজঙ্ঘো হ্রস্বপাদো মহাবক্ত্রো মহাহনুঃ ॥১১॥
নৈব তস্য সুহৃৎ কশ্চিন্ন সম্বন্ধী ন বান্ধবঃ।
স হি তৈঃ সংপরিত্যক্তস্তেন রৌদ্রেণ কর্ম্মণা ॥১ ॥
নরঃ পাপসমাচারস্ত্যক্তব্যো দূরতো বুধৈঃ।
আত্মানং যোঽভিসন্ধত্তে সোঽন্যস্য স্যাৎ কথং হিতঃ ॥১৩॥
যে নৃশংসা দুরাত্মানঃ প্রাণিপ্রাণহরা নরাঃ।
উদ্বেজনীয়া ভূতানাং ব্যালা ইব ভবন্তি তে ॥১৪॥

ভারতকৌমুদী

ক্বচিদিতি। ক্ষুদ্রসমাচারো নিকৃষ্টাচরণঃ। কালসম্মিতো যমতুল্যঃ। শকুনিলুব্ধকঃ পক্ষিহন্তা ব্যাধঃ ॥১০॥

কাকোল ইতি। কাকোল ইব দ্রোণকাকতুল্যঃ, রক্তাক্ষো রক্তবর্ণনয়নঃ, কালসম্মিতো যমসদৃশঃ। হনুর্মুখনিম্নভাগঃ ॥১১॥

নেতি। রৌদ্রেণ ভীষণেন কর্ম্মণা প্রাণিহিংসাব্যাপারেণ ॥১২॥

তৈঃ কথং পরিত্যক্ত ইত্যাহ নর ইতি। অভিসন্ধত্তে পাপকর্ম্মণা প্রতারয়তি ॥১৩॥

য ইতি। উদ্বেজনীয়া উদ্বেগজনকাঃ। "কৃত্যল্যুটোঽন্যত্রাপি" ইতি কর্ত্তর্য্যনীয়ঃ। ব্যালাঃ সর্পাঃ ॥১৪॥

শুক্রাচার্য্য বলিলেন—'মহাবাহু রাজা! আমি ধর্ম্মকামার্থযুক্ত এই উপাখ্যান বলিতেছি, আপনি অবহিতচিত্তে শ্রবণ করুন ॥৯॥

নিকৃষ্টাচারযুক্ত যমের তুল্য ভীষণাকৃতি পক্ষিহন্তা এক ব্যাধ, পৃথিবীতে কোন সময়ে নিবিড় বনমধ্যে বিচরণ করিতেছিল ॥১০॥

সেই ব্যাধের অঙ্গ সকল দাঁড়কাকের ন্যায় কৃষ্ণবর্ণ, নয়নযুগল রক্তবর্ণ, আকৃতি যমের তুল্য, জঙ্ঘাযুগল দীর্ঘ, চরণদ্বয় ক্ষুদ্র এবং মুখ ও হনু বিশাল ছিল ॥১১॥

তাহার সেই ভীষণ কার্য্যের জন্য কেহই তাহার সুহৃদ্, সম্বন্ধী বা বন্ধু ছিল না; সকলেই তাঁহাকে পরিত্যাগ করিয়াছিল ॥১২॥

বুদ্ধিমান্ লোকেরা পাপাচারী মানুষকে দূর হইতেই পরিত্যাগ করিবেন। কেন না, যে লোক পাপকার্য্যদ্বারা নিজকেই বঞ্চনা করে, সে লোক অন্যের হিতকারী হইবে কিপ্রকারে? ॥১৩॥

স বৈ ক্ষারকমাদায় দ্বিজান্ হত্বা বনে সদা।
চকার বিক্রয়ং তেষাং পতঙ্গানাং জনাধিপ ! ॥১৫॥
এবং তু বর্ত্তমানস্য তস্য বৃত্তিং দুরাত্মনঃ।
অগমৎ সুমহান্ কালো ন চাধর্ম্মমবুধ্যত ॥১৬॥
তস্য ভার্য্যাসহায়স্য রমমাণস্য শাশ্বতম্।
দৈবযোগবিমূঢ়স্য নান্যা বৃত্তিররোচত ॥১৭॥
ততঃ কদাচিত্তস্যাথ বনস্থস্য সমন্ততঃ।
পাতয়ন্নিব বৃক্ষাংস্তান্ সুমহান্ বাতসম্ভ্রমঃ ॥১৮॥

ভারতকৌমুদী

স ইতি। ক্ষারকং জালকম্। দ্বিজান্ পক্ষিণঃ। পতঙ্গানাং পক্ষিণাম্ ॥১৫॥
এবমিতি। বৃত্তিং হিংসাব্যাপারমাশ্রিত্যেতি ভাবঃ। অধর্ম্মম্, তয়া বৃত্ত্যা ॥১৬॥
তস্যেতি। শাশ্বতং নিত্যম্, দৈবযোগেন দুরদৃষ্টসম্পর্কেণ বিমূঢ়স্য কর্ত্তব্যজ্ঞানহীনস্য ॥১৭॥
তত ইতি। বাতসম্ভ্রমো ঘূর্ণিবাত্যাগম আসীদিতি শেষঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

পিতামহেতি ॥১—১০॥ কাকোলঃ কাকবিশেষঃ ॥১১—১২॥ অভিসন্ধত্তে বিষোদ্বন্ধনাদিনা হন্তুমিতি শেষঃ ॥১৩—১৪॥ ক্ষারকং জালম্ ॥১৫—২৪॥
ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৯॥

যে সকল মানুষ নৃশংস দুরাত্মা প্রাণিগণের প্রাণনাশক; তাহারা সর্পের ন্যায় সকল প্রাণীরই উদ্বেগ জন্মাইয়া থাকে ॥১৪॥

রাজা! সেই ব্যাধ জাল লইয়া নিবিড় বনমধ্যে সর্ব্বদা পক্ষিগণকে বধ করিয়া সেইগুলিকে বিক্রয় করিত ॥১৫॥

সেই দুরাত্মা ব্যাধ, এইরূপ বৃত্তি অবলম্বন করিয়া চলিতে লাগিল, তাহাতে তাহার দীর্ঘকাল অতীত হইল; কিন্তু ঐ বৃত্তিতে তাহার যে পাপ হইতেছিল, তাহা সে বুঝিতে পারে নাই ॥১৬॥

দুরদৃষ্টবশতঃ তাহার কর্ত্তব্যজ্ঞান ছিল না; সুতরাং অন্য বৃত্তিও তাহার অভিপ্রেত হয় নাই। অতএব সে সেই বৃত্তি অবলম্বন করিয়াই প্রত্যহ ভার্য্যার সহিত আমোদ অনুভব করিতে লাগিল ॥১৭॥

তাহার পর কোন সময়ে সেই বনবাসী ব্যাধের সকল দিকের বৃক্ষসমূহ নিপাতিত করিতে করিতে বিশাল ঘূর্ণিবাত্যা উপস্থিত হইল ॥১৮॥

মেঘসঙ্কুলমাকাশং বিদ্যুন্মণ্ডলমণ্ডিতম্।
সংছন্নস্তু মুহূর্ত্তেন নৌসার্থৈরিব সাগরঃ ॥১৯॥
বারিধারাসমূহেন সংপ্রবৃষ্টঃ শতক্রতুঃ।
ক্ষণেন পূরয়ামাস সলিলেন বসুন্ধরাম্ ॥২০॥
ততো ধারাকুলে কালে সম্ভ্রমন্নষ্টচেতনঃ।
শীতার্ত্তস্তদ্বনং সর্ব্বমাকুলেনান্তরাত্মনা ॥২১॥
নৈব নিম্নং স্থলং বাপি সোঽবিন্দত বিহঙ্গহা।
পূরিতো হি জলৌঘেন তস্য মার্গো বনস্য তু ॥২২॥
পক্ষিণো বর্ষবেগেণ হতা লীনাস্তদাভবন্।
মৃগাঃ সিংহা বরাহাশ্চ স্থলমাশ্রিত্য শেরতে ॥২৩॥

ভারতকৌমুদী

মেঘেতি। সংছন্নঃ তেন মেঘমণ্ডলেনাবৃতো বনপ্রদেশঃ, নৌসার্থৈস্তরণীসমূহৈঃ ॥১৯॥

বারীতি। সংপ্রবৃষ্টঃ সম্যক্ বৃষ্টবান্, শতক্রতুঃ ইন্দ্রঃ ॥২০॥

তত ইতি। ধারয়া অবিচ্ছিন্নজলস্রবেণ আকুলে ব্যাপ্তে, সম্ভ্রমন্ বিচরন্নাসীৎ, নষ্টচেতনো লুপ্তচৈতন্য ইব ॥২১॥

নেতি। অবিন্দত অলভত, বিহঙ্গহা পক্ষিহন্তা ॥২২॥

পক্ষিণ ইতি। লীনা ভূতললুণ্ঠিতাঃ। শেরতে স্ম ॥২৩॥

আকাশ মেঘে পরিপূর্ণ হইল, বিদ্যুৎসমূহ খেলিতে লাগিল এবং নৌকাসকল যেমন সমুদ্রের কোন প্রদেশ আবৃত করে, তেমন মেঘমণ্ডল সেই বনপ্রদেশ আবৃত করিল ॥১৯॥

ইন্দ্র জলধারা বর্ষণ করিতে লাগিলেন এবং সেই জলদ্বারা বনভূমি পরিপূর্ণ করিয়া ফেলিলেন ॥২০॥

তদনন্তর সেই বর্ষাসঙ্কুল সময়ে শীতপীড়িত সেই ব্যাধ আকুলচিত্ত ও চৈতন্য-শূন্যের ন্যায় হইয়া সমস্ত বনে বিচরণ করিতে লাগিল ॥২১॥

তৎকালে সেই পক্ষিহন্তা একটীও নিম্ন স্থল পাইল না যে, তাহার ভিতরে প্রবেশ করিয়া আত্মরক্ষা করিবে। কারণ, জলরাশিতে সেই বনের পথপর্য্যন্ত পূর্ণ হইয়া গিয়াছিল ॥২২॥

তখন বায়ু ও বর্ষার বেগে পক্ষিসকল নিহত হইয়া ভূতলে পড়িয়া রহিয়াছিল এবং সিংহ, হরিণ ও শূকরপ্রভৃতি পশুগণ স্থলভূমিতে যাইয়া শয়ন করিয়াছিল ॥২৩॥

মহতা বাতবর্ষেণ ত্রাসিতাস্তে বনৌকসঃ।
ভয়ার্ত্তাশ্চ ক্ষুধার্ত্তাশ্চ বভ্রমুঃ সহিতা বনে ॥২৪॥
স তু শীতহতৈর্গাত্রৈর্ন জগাম ন তস্থিবান্।
দদর্শ পতিতাং ভূমৌ কপোতীং শীতবিহ্বলাম্ ॥২৫॥
দৃষ্ট্বার্ত্তোঽপি হি পাপাত্মা স তাং পঞ্জরকেঽক্ষিপৎ।
স্বয়ং দুঃখাভিভূতোঽপি দুঃখমেবাকরোৎ পরে ॥২৬॥
পাপাত্মা পাপকারিত্বাৎ পাপমেব চকার সঃ।
সোঽপশ্যদ্বনষণ্ডেষু মেঘনীলং বনস্পতিম্ ॥২৭॥
সেব্যমানং বিহঙ্গৌঘৈশ্ছায়াবাসফলার্থিভিঃ।
ধাত্রা পরোপকারায় স সাধুরিব নির্ম্মিতঃ ॥২৮॥ (যুগ্মকম্)
অথাভবৎ ক্ষণেনৈব বিয়দ্বিমলতারকম্।
মহৎ সর ইবোৎফুল্লং কুমুদচ্ছুরিতোদকম্।
কুসুমাকারতারাঢ্যমাকাশং নির্ম্মলং বহু ॥২৯॥

ভারতকৌমুদী

মহতেতি। বনৌকসো বনবাসিনঃ। সহিতা মিলিতাঃ সন্তঃ ॥২৪॥
স ইতি। শীতেন হতৈরবশীকৃতৈঃ ॥২৫॥
দৃষ্ট্বেতি। আর্ত্তঃ শীতপীড়িতঃ, তাং কপোতীম্ ॥২৬॥
পাপেতি। বনষণ্ডেষু বনসমূহমধ্যে, বনস্পতিং বৃক্ষম্। বিহঙ্গৌঘৈঃ পক্ষিসমূহৈঃ ॥২৭—২৮॥

আর অন্যান্য বন্য জন্তুগণ গুরুতর বায়ু ও বর্ষার বেগে ত্রস্ত, ভীত ও ক্ষুধিত হইয়া সম্মিলিতভাবে বিচরণ করিতেছিল ॥২৪॥

এমন সময়ে সেই ব্যাধ শীতক্লান্তদেহে চলিতে বা থাকিতে পারিল না, অথচ দেখিতে পাইল—একটী কপোতী শীতে আকুল হইয়া ভূতলে পড়িয়া রহিয়াছে ॥২৫॥

পাপাত্মা ব্যাধ কপোতীটীকে দেখিয়া নিজে শীতার্ত্ত হইয়াও সেটীকে পিঞ্জরের ভিতরে নিক্ষেপ করিল। (কি আশ্চর্য্য!) নিজে দুঃখিত হইয়াও অন্যের দুঃখই জন্মাইল ॥২৬॥

পাপাত্মা ব্যাধ চিরকাল পাপ করিয়া আসিয়াছে বলিয়া তখনও পাপই করিল। ক্রমে সে দেখিতে পাইল—বনমধ্যে মেঘের ন্যায় নীলবর্ণ একটা বিশাল বৃক্ষ রহিয়াছে; ছায়ায় অবস্থান ও ফলপ্রার্থনাকারী পক্ষিগণ সেই বৃক্ষের সেবা করিতেছে এবং বিধাতা যেন পরের উপকার করিবার জন্য সাধু ব্যক্তির ন্যায়ই তাহাকে সৃষ্টি করিয়াছিলেন ॥২৭—২৮॥

ঘনৈর্ম্মুক্তং নভো দৃষ্ট্বা লুব্ধকঃ শীতবিহ্বলঃ।
দিশো বিলোকয়ামাস বিগাঢ়াং প্রেক্ষ্য শর্ব্বরীম্ ॥৩০॥
দূরতো মে নিবেশশ্চ অস্মাদ্দেশাদিতি প্রভো!।
কৃতবুদ্ধির্দ্রুমে তস্মিন্ বস্তুং তাং রজনীং ততঃ ॥৩১॥
সাঞ্জলিঃ প্রণতিং কৃত্বা বাক্যমাহ বনস্পতিম্।
শরণং যামি যান্যস্মিন্ দৈবতানি বনস্পতৌ ॥৩২॥
স শিলায়াং শিরঃ কৃত্বা পর্ণান্যাস্তীর্য্য ভূতলে।
দুঃখেন মহতাবিষ্টস্ততঃ সুষ্বাপ পক্ষিহা ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কপোতলুব্ধকসংবাদে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথেতি। বিয়ৎ গগনম্, বিমলা মেঘাপগমেন নির্ম্মলাস্তারকা যত্র তৎ। উৎফুল্লং প্রকাশিতং কুমুদৈঃ ছুরিতং রঞ্জিতম্ উদকং যস্য তৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৯॥

ঘনৈরিতি। লুব্ধকো ব্যাধঃ। বিগাঢ়ামধিকাম্ ॥৩০॥

দূরত ইতি। নিবেশো বাসস্থানং কৃতবুদ্ধিরভাবাদিতি শেষঃ। রজনীমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৩১॥

সাঞ্জলিরিতি। অস্মিন্ বনস্পতৌ যানি দৈবতানি সন্তি তানি শরণং যামি ॥৩২॥

স ইতি। পক্ষিহা পক্ষিহন্তা ব্যাধঃ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর ক্ষণকালমধ্যেই আকাশ নির্ম্মল হইল, কুমুদের ন্যায় নক্ষত্র সকল প্রকাশ পাইল; সুতরাং তৎকালে কুমুদরঞ্জিত বৃহৎ সরোবরের ন্যায় গগনমণ্ডল বিরাজ করিতে লাগিল ॥২৯॥

তখন শীতপীড়িত ব্যাধ গগনমণ্ডলকে মেঘমুক্ত দেখিয়া এবং রাত্রি অতিরিক্ত হইয়াছে বুঝিতে পারিয়া সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিল ॥৩০॥

রাজা! 'আমার বাসস্থান এস্থান হইতে দূরে' ইহা ভাবিয়া সেই ব্যাধ সেই রাত্রিতে সেই বৃক্ষেই বাস করিবার ইচ্ছা করিল ॥৩১॥

ভরতনন্দন! ক্রমে সে কৃতাঞ্জলি হইয়া নমস্কার করিয়া সেই বৃক্ষকে এই কথা বলিল—'এই বৃক্ষে যে সকল দেবতা বাস করিতেছেন, আমি তাঁহাদের শরণাগত হইলাম' ॥৩২॥

* '...ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

অথ বৃক্ষস্য শাখায়াং বিহঙ্গঃ সসুহৃজ্জনঃ।
দীর্ঘকালোষিতো রাজন্! তত্র চিত্রতনূরুহঃ ॥১॥
তস্য কল্যং গতা ভার্য্যা চরিতুং নাভ্যবর্ত্তত।
প্রাপ্তাঞ্চ রজনীং দৃষ্ট্বা স পক্ষী পর্য্যতপ্যত ॥২॥
বাতবর্ষং মহচ্চাসীন্ন চাগচ্ছতি মে প্রিয়া।
কিন্নু তৎকারণং যেন সাদ্যাপি ন নিবর্ত্ততে ॥৩॥
অপি স্বস্তি ভবেত্তস্যাঃ প্রিয়ায়া মম কাননে।
তয়া বিরহিতং হীদং শূন্যমদ্য গৃহং মম ॥৪॥

ভারতকৌমুদী

অথেতি। দীর্ঘকালম্ উষিতঃ অবস্থিত আসীৎ। চিত্রতনূরুহো নানাবর্ণপক্ষঃ ॥১॥
তস্যেতি। কল্যং প্রভাতকালং প্রাপ্য, চরিতুম্ আহার্য্যমন্বেষ্টুম্ ॥২॥
বাতেতি। বাতেন যুক্তং বর্ষং বাতবর্ষং মধ্যপদলোপী সমাসঃ ॥৩॥
অপীতি। স্বস্তি ক্ষেমম্ "স্বস্ত্যাশীঃ ক্ষেমপুণ্যাদৌ" ইত্যমরঃ ॥৪॥

তদনন্তর সেই ব্যাধ ভূতলে বৃক্ষের পত্র আস্তৃত করিয়া কোন একখানা প্রস্তরে মস্তক রাখিয়া অতিদুঃখে শয়ন করিল' ॥৩৩॥

—ঃ০ঃ—

ভীষ্ম বলিলেন—'রাজা! সেই বৃক্ষের শাখায় বিচিত্রপক্ষযুক্ত একটী পক্ষী সুহৃদ্‌বর্গের সহিত দীর্ঘকাল বাস করিতেছিল ॥১॥

তাহার ভার্য্যা সেইদিন প্রাতঃকালে আহার্য্য অন্বেষণ করিবার জন্য অন্যত্র গিয়াছিল; কিন্তু ফিরিয়া আসিল না, অথচ রাত্রি উপস্থিত হইল দেখিয়া সেই পক্ষী উদ্বিগ্ন হইয়া পড়িল ॥২॥

গুরুতর ঝড় ও বৃষ্টি হইয়াছে, অথচ আমার প্রিয়া আসিলেন না; তিনি যে আসিলেন না, তাহার কারণ কি? ॥৩॥

আমার সেই প্রিয়তমা বনমধ্যে কুশলে আছেন ত? তিনি না থাকায় আমার এই গৃহ আজ শূন্য বলিয়া বোধ হইতেছে ॥৪॥

পুত্রপৌত্রবধূভৃত্যৈরাকীর্ণমপি সর্ব্বতঃ।
ভার্য্যাহীনং গৃহস্থস্য শূন্যমেব গৃহং ভবেৎ ॥৫॥
ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে।
গৃহন্তু গৃহিণীহীনমরণ্যসদৃশং মতম্ ॥৬॥
যদি সা রক্তনেত্রান্তা চিত্রাঙ্গী মধুরস্বরা।
অদ্য নায়াতি মে কান্তা ন কার্য্যং জীবিতেন মে ॥৭॥
ন ভুঙ্‌ক্তে ময্যভুক্তে যা নাস্নাতে স্নাতি সুব্রতা।
নাতিষ্ঠত্যুপতিষ্ঠেত ন শেতেঽশয়িতে ময়ি ॥৮॥
হৃষ্টে ভবতি সা হৃষ্টা দুঃখিতে ময়ি দুঃখিতা।
প্রোষিতে দীনবদনা ক্রুদ্ধে চ প্রিয়বাদিনী ॥৯॥
পতিব্রতা পতিগতিঃ পতিপ্রিয়হিতে রতা।
যস্য স্যাত্তাদৃশী ভার্য্যা ধন্যঃ স পুরুষো ভুবি ॥১০॥

ভারতকৌমুদী

পুত্রেতি। বধূরত্র স্নুষা। আকীর্ণং ব্যাপ্তম্ ॥৫॥
নেতি। গৃহিণী গৃহস্য কর্ত্রী, গৃহমুচ্যতে শান্তিময়নিরাপৎস্থানত্বাৎ ॥৬॥
যদীতি। রক্তৌ লোহিতৌ নেত্রান্তৌ যস্যাঃ সা ॥৭॥
নেতি। অতিষ্ঠতি অস্থিতিমতি ॥৮॥
হৃষ্ট ইতি। প্রোষিতে ময়ি স্থানান্তরং গতে ॥৯॥

হায়! পুত্র, পৌত্র, বধূ ও ভৃত্যপ্রভৃতিদ্বারা সর্ব্বপ্রকারে গৃহস্থের গৃহ পরিপূর্ণ থাকিলেও একমাত্র ভার্য্যা না থাকিলে, তাহা শূন্যের ন্যায়ই হইয়া থাকে ॥৫॥

বিচক্ষণ লোকেরা গৃহকে গৃহ বলেন না—গৃহিণীকেই গৃহ বলেন; সুতরাং গৃহিণী-শূন্য গৃহ বনের তুল্য বলিয়াই মনে হয় ॥৬॥

রক্তাপাঙ্গী, বিচিত্রাঙ্গী ও মধুরস্বরা আমার সেই প্রিয়তমা যদি আজ না আসেন, তাহা হইলে আমার জীবনে প্রয়োজন নাই ॥৭॥

আমি ভোজন না করিলে যিনি ভোজন করেন না, আমি স্নান না করিলে যিনি স্নান করেন না, আমি অবস্থান না করিলে যিনি অবস্থান করেন না এবং আমি শয়ন না করিলে যিনি শয়ন করেন না ॥৮॥

আমি আনন্দিত হইলে তিনি আনন্দিত হন, আমি দুঃখিত থাকিলে তিনি দুঃখিত হইয়া থাকেন, আমি স্থানান্তরে গেলে তিনি মলিনমুখী হইয়া পড়েন এবং আমি ক্রুদ্ধ হইলে তিনি প্রিয়বাক্য বলিতে থাকেন ॥৯॥

সা হি শ্রান্তং ক্ষুধার্ত্তঞ্চ জানীতে মাং তপস্বিনী ।
অনুরক্তা স্থিরা চৈব ভক্তা স্নিগ্ধা যশস্বিনী ॥১১॥
বৃক্ষমূলেঽপি দয়িতা যস্য তিষ্ঠতি তদ্‌গৃহম্ ।
প্রাসাদোঽপি তয়া হীনঃ কান্তার ইতি নিশ্চিতম্ ॥১ ॥
ধর্ম্মার্থকামকালেষু ভার্য্যা পুংসঃ সহায়িনী ।
বিদেশগমনে চাস্য সৈব বিশ্বাসকারিকা ॥১৩॥
ভার্য্যা হি পরমো হ্যর্থঃ পুরুষস্যেহ পঠ্যতে ।
অসহায়স্য লোকেঽস্মিঁল্লোকযাত্রাসহায়িনী ॥১৪॥
তথা রোগাভিভূতস্য নিত্যং কৃচ্ছ্রগতস্য চ ।
নাস্তি ভার্য্যাসমং কিঞ্চিন্নরস্যার্ত্তস্য ভেষজম্ ॥১৫॥

ভারতকৌমুদী

পতীতি। পতিরেব ব্রতম্ অবশ্যমাদরণীয়ং যস্যাঃ সা ॥১০॥

সেতি। সা হি সৈব মাং শ্রান্তং ক্ষুধার্ত্তঞ্চ জানীতে বুধ্যতে চিরং মদ্ভাববোধাৎ, ন পুনরন্য ইত্যাশয়ঃ ॥১১॥

বৃক্ষেতি। দয়িতা তাদৃশী প্রিয়া। তৎ বৃক্ষমূলম্। কান্তারো মহারণ্যম্ ॥১২॥

ধর্ম্মেতি। বিশ্বাসকারিকা বিশ্বাসেন গৃহভারার্পণযোগ্যা ॥১৩॥

ভার্য্যেতি। লোকযাত্রাসহায়িনী সাংসারিককর্ম্মনির্ব্বাহসহকারিণী ॥১৪॥

তথেতি। কৃচ্ছ্রগতস্য কারণান্তরেণ দুর্গতিং প্রাপ্তস্য। ভেষজং প্রতীকারোপায়ঃ ॥১৫॥

পতিব্রতা, পতিগতি এবং পতির প্রীতি ও হিতসাধনে নিরতা সেই প্রিয়তমার ন্যায় যাহার ভার্য্যা হয়, সেই পুরুষই জগতে ধন্য ॥১০॥

সংযতা, অনুরক্তা, স্থিরস্বভাবা, ভক্তা, স্নেহপরায়ণা ও যশস্বিনী সেই প্রিয়তমাই আমার পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত অবস্থা বুঝিতে পারেন ॥১১॥

তাঁহার ন্যায় যে পুরুষের প্রিয়তমা বৃক্ষমূলেও থাকেন, সেই বৃক্ষমূলই সেই পুরুষের গৃহস্বরূপ হয়; আর সেইরূপ প্রিয়াবিহীন অট্টালিকাও মহারণ্যস্বরূপই হইয়া থাকে ইহা নিশ্চয় ॥১২॥

ভার্য্যাই ধর্ম্ম, অর্থ ও কামসম্পাদনের সময়ে সহায় হইয়া থাকেন, আর পুরুষের বিদেশে যাইবার সময়ে ভার্য্যাই বিশ্বাসবশতঃ গৃহের সমস্ত ভার অর্পণ করিবার যোগ্যপাত্র ॥১৩॥

বিচক্ষণেরা বলেন—পুরুষের পক্ষে ভার্য্যাই পরম পুরুষার্থ এবং এই জগতে ভার্য্যাই সহায়শূন্য লোকের সংসারযাত্রানির্ব্বাহের সহায় ॥১৪॥

নাস্তি ভার্য্যাসমো বন্ধুর্নাস্তি ভার্য্যাসমা গতিঃ।
নাস্তি ভার্য্যাসমো লোকে সহায়ো ধর্ম্মসংগ্রহে ॥১৬॥
যস্য ভার্য্যা গৃহে নাস্তি সাধ্বী চ প্রিয়বাদিনী।
অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ভার্য্যাপ্রশংসায়াং চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

ভীষ্ম উবাচ।

এবং বিলপতস্তস্য শ্রুত্বা তু করুণং বচঃ।
গৃহীতা শকুনিঘ্নেন কপোতী বাক্যমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। গতিরাশ্রয়ঃ। ধর্ম্মসংগ্রহে ধর্ম্মার্জ্জনে ॥১৬॥

যস্যেতি। অরণ্যগমনে হেতুমাহ যথেতি। অরণ্যগমনে সাধুদর্শনসম্ভবাৎ গৃহে চ তদসম্ভবাৎ অরণ্যগমনমেব শ্রেয় ইতি ভাবঃ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এবমিতি। শকুনিঘ্নেন পক্ষিহন্ত্রা ব্যাধেন, গৃহীতা পঞ্জরে ধৃতা ॥১॥

মানুষ রোগাক্রান্ত, দুর্দ্দশাপ্রাপ্ত বা অন্য প্রকারে পীড়িত হইলে তাহার পক্ষে ভার্য্যার তুল্য অন্য কোন প্রতীকারের উপায় নাই ॥১৫॥

জগতে ভার্য্যার তুল্য বন্ধু নাই, ভার্য্যার সমান আশ্রয় নাই এবং ধর্ম্ম উপার্জ্জনে ভার্য্যার সদৃশ সহায় নাই ॥১৬॥

যাহার গৃহে সাধ্বী ও প্রিয়বাদিনী ভার্য্যা নাই, তাহার বনে গমন করাই উচিত। কারণ, তাহার পক্ষে বনও যেমন, গৃহও তেমন ॥১৭॥

'...চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।' বঙ্গ বর্দ্ধ নি।

কপোত্যুবাচ।

অহোঽতীব সুভাগ্যাহং যস্যা মে দয়িতঃ পতিঃ।
অসতো বা সতো বাপি গুণানেবং প্রভাষতে ॥২॥
ন সা স্ত্রী হ্যভিমন্তব্যা যস্যাং ভর্ত্তা ন তুষ্যতি।
তুষ্টে ভর্ত্তরি নারীণাং তুষ্টাঃ স্যুঃ সর্ব্বদেবতাঃ।
অগ্নিসাক্ষিকমিত্যেব ভর্ত্তা বৈ দৈবতং পরম্ ॥৩॥
দাবাগ্নিনেব নির্দগ্ধা সপুষ্পস্তবকা লতা।
ভস্মীভবতি সা নারী যস্যা ভর্ত্তা ন তুষ্যতি ॥৪॥
ইতি সঞ্চিন্ত্য দুঃখার্ত্তা ভর্ত্তারং দুঃখিতং তদা।
কপোতী লুব্ধকেনাপি গৃহীতা বাক্যমব্রবীৎ ॥৫॥
হন্ত বক্ষ্যামি তে শ্রেয়ঃ শ্রুত্বা তু কুরু তত্তথা।
শরণাগতসন্ত্রাতা ভব কান্ত! বিশেষতঃ ॥৬॥

ভারতকৌ

অহো ইতি। প্রকৃত্যভাব আর্ষঃ। অসতো ময়ি অবিদ্যমানান্, সতো ময়ি বিদ্যমানান্ ॥২॥
নেতি। অভিমন্তব্যা সুভগত্বেনাঙ্গীকর্ত্তব্যা। অগ্নিঃ সাক্ষী যস্য তৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥
দাবেতি। পুষ্পস্তবকেন সহেতি সা। ভস্মীভবতি লোকে ভস্মবদেব হেয়াভবতি ॥৪॥
ইতীতি। লুব্ধকেন ব্যাধেন গৃহীতাপীতি সম্বন্ধঃ ॥৫॥
হন্তেতি। শরণাগতস্য সন্ত্রাতা সম্যক্ রক্ষকঃ, হে কান্ত! স্বামিন্! ॥৬॥

ভীষ্ম বলিলেন—'কপোত এইরূপ বিলাপ করিতে লাগিলে, তাহার করুণ বাক্য শ্রবণ করিয়া ব্যাধকর্ত্তৃক পঞ্জরে স্থাপিত সেই কপোতী এই সকল কথা বলিয়াছিল ॥১॥

কপোতী বলিল—'গুণ থাকুক বা নাই থাকুক, যাহার প্রিয়পতি এইরূপ গুণ বলেন, সেই আমি অত্যন্ত সৌভাগ্যশালিনী ॥২॥

পতি যাহার প্রতি সন্তুষ্ট থাকেন না, সেই স্ত্রীকে সৌভাগ্যবতী বলিয়া স্বীকার করা যায় না। কারণ, ভর্ত্তা তুষ্ট হইলে সমস্ত দেবতাই তুষ্ট হন; আর স্ত্রীর পক্ষে ভর্ত্তাই পরমদেবতা; অগ্নি তাহার সাক্ষী ॥৩॥

ভর্ত্তা যাহার প্রতি সন্তুষ্ট না থাকেন, সেই স্ত্রী দাবাগ্নিদগ্ধ পুষ্পস্তবকসমন্বিত লতার ন্যায় ভস্ম হইয়া যায়' ॥৪॥

এইরূপ চিন্তা করিয়া দুঃখার্ত্তা কপোতী তখন ব্যাধগৃহীত হইয়াও দুঃখিত ভর্ত্তাকে এই কথা বলিল—॥৫॥

এষ শাকুনিকঃ শেতে তবাবাসং সমাশ্রিতঃ।
শীতার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ পূজামস্মৈ সমাচর ॥৭॥
যো হি কশ্চিদ্দ্বিজং হন্যাদ্গাঞ্চ লোকস্য মাতরম্।
শরণাগতঞ্চ যো হন্যাত্তুল্যং তেষাঞ্চ পাতকম্ ॥৮॥
যাস্মাকং বিহিতা বৃত্তিঃ কপোতী জাতিধর্ম্মতঃ।
সা ন্যায্যাত্মবতা নিত্যং ত্বদ্বিধেনানুবর্ত্তিতুম্ ॥৯॥
যস্তু ধর্ম্মং যথাশক্তি গৃহস্থো হ্যনুবর্ত্ততে।
স প্রেত্য লভতে লোকানক্ষয়ানিতি শুশ্রুম ॥১০॥
স ত্বং সন্তানবানদ্য পুত্রবানসি চ দ্বিজ!।
তৎ স্বদেহে দয়াং ত্যক্ত্বা ধর্ম্মার্থৌ পরিগৃহ্য চ।
পূজামস্মৈ প্রযুঙ্‌ক্ষ্ব ত্বং প্রীয়েতাস্য মনো যথা ॥১১॥

ভারতকৌমুদী

এষ ইতি। শাকুনিকঃ পক্ষিহন্তা, আবাসং বাসবৃক্ষমূলম্ ॥৭॥

য ইতি। দ্বিজং ব্রাহ্মণম্। অত্র এতস্য মরণে অপালনগোবধবদেব পাতকমিতি ভাবঃ ॥৮॥

যেতি। বৃত্তির্ব্যবসায়ঃ। আত্মবতা যত্নবতা ॥৯॥

য ইতি। প্রেত্য পরলোকে "প্রেত্যামুত্র ভবান্তরে" ইত্যমরঃ ॥১০॥

স ইতি। সন্তানপদমত্র কন্যাপরং পুত্রপদস্য পৃথগুল্লেখাৎ। হে দ্বিজ! পক্ষিন্! ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১॥

'আমি আপনাকে মঙ্গলের কথা বলিতেছি, আপনি শুনিয়া তাহাই করুন; আপনি বিশেষভাবে শরণাগতরক্ষক হউন ॥৬॥

এই ব্যাধ শীতার্ত্ত ও ক্ষুধার্ত্ত অবস্থায় আপনার বাসবৃক্ষমূল অবলম্বন করিয়া শয়ন করিয়া রহিয়াছে, আপনি উহার সেবা করুন ॥৭॥

যে কোন লোক ব্রহ্মবধ বা গোবধ করে, কিংবা যে লোক শরণাগতকে বধ করে, তাহাদের সমান পাপ হয় ॥৮॥

বিধাতা আমাদের কপোতদের জাতি ও ধর্ম্ম অনুসারে যে বৃত্তি বিধান করিয়াছেন, বিশেষ যত্নসহকারে সর্ব্বদা আপনার সেই বৃত্তিরই অনুসরণ করা উচিত ॥৯॥

যে গৃহস্থ শক্তি অনুসারে ধর্ম্মের অনুসরণ করে, সে মৃত্যুর পরে অক্ষয়স্বর্গ লাভ করিয়া থাকে; ইহা আমরা জ্ঞানীদের নিকট শুনিয়াছি ॥১০॥

পক্ষিশ্রেষ্ঠ! এখন আপনার পুত্র ও কন্যা হইয়াছে। অতএব আপনি নিজের দেহের উপরে মমতা না করিয়া ধর্ম্ম ও অর্থের অবলম্বন করিয়া যাহাতে এই ব্যাধের মন সন্তুষ্ট হয়, তেমন ভাবে ইহার সেবা করুন ॥১১॥

মৎকৃতে মা চ সন্তাপং কুর্ব্বীথাস্ত্বং বিহঙ্গম ! ।
শরীরযাত্রাকৃত্যার্থমন্যান্ দারানুপৈষ্যসি ॥১২॥
ইতি সা শকুনী বাক্যং পঞ্জরস্থা তপস্বিনী ।
অতিদুঃখান্বিতা প্রাহ ভর্ত্তারং সমুদীক্ষ্য চ ॥১৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কপোতীবাক্যে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:০:—

ভীষ্ম উবাচ ।
স পত্ন্যা বচনং শ্রুত্বা ধর্ম্মযুক্তিসমন্বিতম্ ।
হর্ষেণ মহতা যুক্তো বাষ্পব্যাকুললোচনঃ ॥১॥
তং বৈ শাকুনিকং দৃষ্ট্বা বিধিদৃষ্টেন কর্ম্মণা ।
পূজয়ামাস যত্নেন স পক্ষী পক্ষিজীবিনম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মদিতি। শরীরযাত্রাকৃত্যার্থম্ আহারাদিসম্পাদনেন দেহরক্ষাকার্য্যার্থম্, উপৈষ্যসি প্রাপ্স্যসি মন্মরণাবশ্যম্ভাবাৎ তব চ জীবনসম্ভবাদিতি ভাবঃ ॥১২॥

ইতীতি। শকুনী পক্ষিণী কপোতী। তপস্বিনী দীনা ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

স ইতি। বাষ্পেণ আনন্দাশ্রুণা ব্যাকুলে ব্যাপ্তে লোচনে যস্য সঃ। শাকুনিকং ব্যাধম্ ॥১—২॥

বিহঙ্গম ! আপনি আমার জন্য সন্তাপ করিবেন না ; দেহরক্ষার নিমিত্ত অন্য দারপরিগ্রহ করিবেন' ॥১২॥

দীনা ও অতিদুঃখার্ত্তা কপোতী পিঞ্জরের ভিতরে থাকিয়াই ভর্ত্তার প্রতি দৃষ্টিপাত করিয়া এই কথা বলিয়াছিল' ॥১৩॥

---

* '...পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।' বঙ্গ বর্দ্ধ নি ।

উবাচ স্বাগতং তেঽস্ত ব্রূহি কিং করবাণি তে।
সন্তাপশ্চ ন কর্ত্তব্যঃ স্বগৃহে বর্ত্ততে ভবান্ ॥৩॥
তদ্‌ব্রবীতু ভবান্ ক্ষিপ্রং কিংকরোমি কিমিচ্ছসি ?।
প্রণয়েন ব্রবীমি ত্বাং ত্বং হি নঃ শরণাগতঃ ॥৪॥
অরাবপ্যুচিতং কার্য্যমাতিথ্যং গৃহমাগতে।
ছেত্তুমপ্যাগতে চ্ছায়াং নোপসংহরতে দ্রুমঃ ॥৫॥
শরণাগতস্য কর্ত্তব্যমাতিথ্যং হি প্রযত্নতঃ।
পঞ্চযজ্ঞপ্রবৃত্তেন গৃহস্থেন বিশেষতঃ ॥৬॥
পঞ্চযজ্ঞাংস্তু যো মোহাৎ ন করোতি গৃহাশ্রমে।
তস্য নায়ং ন চ পরো লোকো ভবতি ধর্ম্মতঃ ॥৭॥

ভারতকৌমুদী

উবাচেতি। স্বাগতং সুখেন আগমনং জাতম্ ? ॥৩॥

তদিতি। প্রণয়েন সৌহার্দ্দেন ॥৪॥

অরাবিতি। কার্য্যং কর্ত্তব্যম্। আগতে মানুষে ॥৫॥

শরণেতি। পঞ্চযজ্ঞেষু অধ্যাপনাদিষু প্রবৃত্তেন নিরতেন। "অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্ ॥" ইতি মনূক্তাঃ পঞ্চযজ্ঞা উন্নেয়াঃ ॥৬॥

পঞ্চেতি। অয়ং পরশ্চ লোকঃ সুখকরো ন ভবতীত্যর্থঃ ॥৭॥

ভীষ্ম বলিলেন—'সেই পক্ষী ভার্য্যার ধর্ম্মসঙ্গত ও যুক্তিযুক্ত বাক্য শুনিয়া অত্যন্ত আনন্দিত হইয়া বাষ্পাকুলনেত্রে সেই ব্যাধের প্রতি দৃষ্টিপাত করিয়া যত্নপূর্ব্বক শাস্ত্রদৃষ্ট কর্ম্মদ্বারা তাহার সেবা করিল ॥১—২॥

এবং বলিল—'ব্যাধ! অদ্য তোমার সুখে আগমন হইয়াছে ত ? বল—আমি তোমার কি করিব। তুমি কোনও সন্তাপ করিও না। কেন না, তুমি ত নিজের ঘরে রহিয়াছ ॥৩॥

অতএব সত্বর বল, আমি তোমার কি করিব ? তুমি কি চাও ? আমি সৌহার্দ্দবশতঃ তোমাকে বলিতেছি। কারণ, তুমি আমাদের শরণাগত ॥৪॥

শত্রুও গৃহে উপস্থিত হইলে তাহার উপযুক্ত আতিথ্য করা কর্ত্তব্য। কারণ, মানুষ নিজেকে ছেদন করিতে আসিলেও বৃক্ষ তাহার উপরের ছায়া উপসংহৃত করে না ॥৫॥

পঞ্চযজ্ঞে নিরত গৃহস্থের পক্ষে যত্নপূর্ব্বক বিশেষভাবে শরণাগত ব্যক্তির অতিথিসৎকার কর্ত্তব্য ॥৬॥

তদ্‌ব্রূহি মাং সুবিশ্রব্ধো যত্ত্বং বাচা বদিষ্যসি।
তৎ করিষ্যাম্যহং সর্ব্বং মা ত্বং শোকে মনঃ কৃথাঃ ॥৮॥
তস্য তদ্‌বচনং শ্রুত্বা শকুনিং লুব্ধকোঽব্রবীৎ।
বাধতে খলু মাং শীতং হিমত্রাণং বিধীয়তাম্ ॥৯॥
এবমুক্তস্ততঃ পক্ষী পর্ণান্যাস্তীর্য্য ভূতলে।
যথাশক্ত্যা হি পর্ণেন জ্বলনার্থং দ্রুতং যযৌ ॥১০॥
গত্বাঙ্গারককর্ম্মান্তং গৃহীত্বাগ্নিমথাগমৎ।
ততঃ শুষ্কেষু পর্ণেষু পাবকং সোঽপ্যদীপয়ৎ ॥১১॥
স সংদীপ্তং মহৎ কৃত্বা তমাহ শরণাগতম্।
প্রতাপয় সুবিশ্রব্ধঃ স্বগাত্রাণ্যকুতোভয়ঃ ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। সুবিশ্রব্ধো বিশেষবিশ্বস্তঃ ॥৮॥
তস্যেতি। শকুনিং পক্ষিণম্, লুব্ধকো ব্যাধঃ। হিমত্রাণং শীতাৎ রক্ষণম্ ॥৯॥
এবমিতি। জ্বলনার্থং বহ্ন্যানয়নার্থম্ ॥১০॥
গত্বেতি। অঙ্গারকৈঃ কর্ম্ম যস্য সঃ অঙ্গারকর্ম্মা কর্ম্মকারঃ তস্যান্তং সমীপম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

স পত্ন্যা বচনমিত্যধ্যায়ত্রয়ং প্রায়ঃ স্পষ্টার্থম্ ॥১—১০॥ অঙ্গারকর্ম্মান্তং কর্ম্মারগৃহসমাপ্তম্ ॥১১—২৬॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

যে ব্যক্তি গৃহস্থাশ্রমে থাকিয়া পঞ্চযজ্ঞ করে না, ধর্ম্মানুসারে তাহার ইহলোকে বা পরলোকে কোন সুখই হয় না। ॥৭॥

অতএব তুমি বিশেষ বিশ্বস্তচিত্তে আমাকে বল, তুমি বাক্যদ্বারা যাহা বলিবে, আমি সে সমস্তই করিব। তুমি শোকের দিকে মন দিও না' ॥৮॥

কপোতের সেই কথা শুনিয়া ব্যাধ তাহাকে বলিল—'শীতে আমার বড়ই কষ্ট হইতেছে; অতএব তুমি আমার শীত নিবারণের উপায় কর' ॥৯॥

ব্যাধ এইরূপ বলিলে, পক্ষী শক্তি অনুসারে ভূতলে শুষ্ক পত্র আস্তৃত করিয়া অগ্নি আনয়ন করিবার জন্য দ্রুত গমন করিল ॥১০॥

তখন কপোত কর্ম্মকারের গৃহে যাইয়া আগুন লইয়া আসিল; তাহার পর সে সেই শুষ্কপত্রে অগ্নি প্রজ্বালিত করিল ॥১১॥

(৯) হিমাত্রাণং বিধীয়তাম্—বঙ্গ বৰ্দ্ধ। (১১) স গত্বাঙ্গারকর্ম্মান্তং…পি বঙ্গ নি।

স তথোক্তস্তথেত্যুক্ত্বা লুব্ধো গাত্রাণ্যতাপয়ৎ।
অগ্নিপ্রত্যাগতপ্রাণস্ততঃ প্রাহ বিহঙ্গমম্ ॥১৩॥
হর্ষেণ মহতাবিষ্টো বাক্যং ব্যাকুললোচনঃ।
তথেমং শকুনিং দৃষ্ট্বা বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥১৪॥ (যুগ্মকম্)
দত্তমাহারমিচ্ছামি ত্বয়া ক্ষুদ্বাধতে হি মাম্।
স তদ্বচঃ প্রতিশ্রুত্য বাক্যমাহ বিহঙ্গমঃ ॥১৫॥
ন মেঽস্তি বিভবো যেন নাশয়েয়ং ক্ষুধাং তব।
উৎপন্নেন হি জীবামো বয়ং নিত্যং বনৌকসঃ ॥১৬॥
সঞ্চয়ো নাস্তি চাস্মাকং মুনীনামিব ভোজনে।
ইত্যুক্ত্বা তং তদা তত্র বিবর্ণবদনোঽভবৎ ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। মহৎ শুষ্কপর্ণবৃন্দম্, সংদীপ্তং প্রজ্বলিতং কৃত্বা ॥১২॥

স ইতি। লুব্ধো ব্যাধঃ। অগ্নিনা প্রত্যাগতাঃ প্রাণা যস্য সঃ। ব্যাকুলে চঞ্চলে লোচনে যস্য সঃ ॥১৩—১৪॥

দত্তমিতি। ক্ষুৎ ক্ষুধা, বাধতে পীড়য়তি ॥১৫॥

নেতি। বিভবঃ খাদ্যদ্রব্যম্। উৎপন্নেন উপস্থিতমাত্রেণ ফলাদিনা। ১৬॥

সঞ্চয় ইতি। বিবর্ণবদনো বিষাদেন মলিনমুখঃ ॥১৭॥

পরে কপোত সেই শুষ্ক পর্ণরাশি প্রজ্বালিত করিয়া গৃহাগত ব্যাধকে বলিল—'ব্যাধ! তুমি এখন বিশ্বস্ত হইয়া নির্ভয়চিত্তে আপন দেহ প্রতপ্ত কর' ॥১২॥

পক্ষী সেইরূপ বলিলে ব্যাধ 'তাহাই হউক' এই কথা বলিয়া দেহ সন্তপ্ত করিতে লাগিল; তাহাতে তাহার প্রাণ ফিরিয়া আসিল; পরে সেই ব্যাধ অত্যন্ত আনন্দিত ও চঞ্চল নেত্র হইয়া এবং পক্ষীর প্রতি দৃষ্টিপাত করিয়া সময়ানুরূপ এই বাক্য পক্ষীকে বলিল—॥১৩—১৪॥

'ক্ষুধা আমাকে পীড়ন করিতেছে; অতএব আমি ইচ্ছা করি, তুমি আমাকে কিছু খাদ্য প্রদান কর।' তখন পক্ষী ব্যাধের সেই কথা শুনিয়া বলিল,—॥১৫॥

'আমার এমন সম্পদ্ নাই যে, আমি তোমার ক্ষুধার নিবৃত্তি করিব; আমরা বনবাসী; উপস্থিত দ্রব্যদ্বারাই প্রত্যহ জীবন ধারণ করিয়া থাকি ॥১৬॥

মুনিদের ন্যায় আমাদেরও খাদ্যবস্তুর সঞ্চয় থাকে না।' ব্যাধকে এই কথা বলিয়া পক্ষী তখন বিবর্ণবদন হইল ॥১৭॥

কথং নু খলু কর্ত্তব্যমিতি চিন্তাপরস্তদা।
বভূব ভরতশ্রেষ্ঠ! গর্হয়ন্ বৃত্তিমাত্মনঃ ॥১৮॥
মুহূর্ত্তাল্লব্ধসংজ্ঞস্তু স পক্ষী পক্ষিঘাতিনম্।
উবাচ তর্পয়িষ্যে ত্বাং মুহূর্ত্তং প্রতিপালয় ॥১৯॥
ইত্যুক্ত্বা শুষ্কপর্ণৈস্তু সমুজ্জ্বাল্য হুতাশনম্।
হর্ষেণ মহতাবিষ্টঃ স পক্ষী বাক্যমব্রবীৎ ॥ ০॥
ঋষীণাং দেবতানাঞ্চ পিতৄণাঞ্চ মহাত্মনাম্।
শ্রুতঃ পূর্ব্বং ময়া ধর্ম্মো মহানতিথিপূজনে ॥২১॥
কুরুষ্বানুগ্রহং সৌম্য! সত্যমেতদ্ব্রবীমি তে।
নিশ্চিতা খলু মে বুদ্ধিরতিথিপ্রতিপূজনে ॥২২॥
ততঃ কৃতপ্রতিজ্ঞো বৈ স পক্ষী প্রহসন্নিব।
তমগ্নিং ত্রিঃ পরিক্রম্য প্রবিবেশ মহামতিঃ ॥২৩॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং নু অস্য কামপূরণে কিং নু ॥১৮॥
মুহূর্ত্তাদিতি। লব্ধসংজ্ঞঃ প্রাপ্তকর্ত্তব্যজ্ঞানঃ। প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥১৯॥
ইতীতি। হুতাশনসমুজ্জ্বালনপ্রয়োজনং পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি ॥২০॥
ঋষীণামিতি। ঋষ্যাদীনাং মুখাদিতি শেষঃ ॥২১॥
কুরুষ্বেতি। হে সৌম্য! ময্যনুগ্রহকরণেন শোভন! ॥২২॥
তত ইতি। কৃতা প্রতিজ্ঞা কর্ত্তব্যনির্দ্ধারণং যেন সঃ। পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য ॥২৩॥

ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির! পক্ষী তখন মনে মনে আপন বৃত্তির নিন্দা করিতে থাকিয়া 'এখন আমার কি করা কর্ত্তব্য' এইরূপ চিন্তাকুল হইয়া পড়িল ॥১৮॥

কিছুকাল পরে তাহার কর্ত্তব্যজ্ঞান উপস্থিত হইল। পরে সে ব্যাধকে বলিল—'ব্যাধ! আমি তোমার তৃপ্তিসাধন করিতেছি; তুমি একটুকাল প্রতীক্ষা কর' ॥১৯॥

ধার্ম্মিক মানুষ পূর্ব্বে না জানিয়া পাপ করিয়া যদি জ্ঞানপূর্ব্বক পুণ্য করেন, তাহা হইলে বস্ত্র যেমন ক্ষারসংযোগে মলিনতা ত্যাগ করে, তিনিও তেমনই সেই পুণ্যের বলে পাপক্ষয় করিতে পারেন ॥৩৪॥

মানুষ পাপ করিয়াও যদি মনে করে যে, আমি পাপী হই নাই, তাহা হইলে সে শাস্ত্রধর্ম্মে বিশ্বাসী থাকিয়া এবং অসূয়াশূন্য হইয়া যেন পুণ্যই করিবার ইচ্ছা করে ॥৩৫॥

সাধুগণের ছিদ্র প্রকাশ পাইলে, যিনি তাহা আবৃত রাখেন এবং যিনি পাপ করিয়া পুণ্যকার্য্য করেন, তাঁহারা উভয়েই পাপশূন্য হন ॥৩৬॥

প্রভাতকালে সূর্য্য উদিত হইয়া যেমন সমস্ত অন্ধকার নষ্ট করেন, তেমন মানুষ ধর্ম্মকার্য্য করিতে থাকিয়া সমস্ত পাপ নষ্ট করে ॥৩৭॥

ততঃ স রাজা ব্যপনীতকল্মষঃ শ্রেয়োবৃতঃ প্রজ্বলিতাগ্নিরূপবান্।
বিবেশ রাজ্যং স্বমমিত্রকর্ষণো যথা দিবং পূর্ণবপুর্নিশাকরঃ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ইন্দ্রোতজনমেজয়সংবাদে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।
কচ্চিৎ পিতামহেনাসীচ্ছ্রুতং বা দৃষ্টমেব চ।
কশ্চিন্মর্ত্ত্যো মৃতো রাজন্! পুনরুজ্জীবিতোঽভবৎ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যপনীতকল্মষঃ ক্ষপিতপাপঃ, শ্রেয়োবৃতো মঙ্গলযুক্তঃ। অমিত্রকর্ষণঃ শত্রুহন্তা ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

কচ্চিদিতি। মর্ত্ত্যো মানুষঃ, হে রাজন্! ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ॥১॥

ভারতভাবদীপঃ

অবুদ্ধিপূর্ব্বমিত স্য প্রশ্নস্যোত্তরমাহ—কৃত্বেতি ॥৩৪॥ পাপমিতি। কর্তৃত্বাভিমানশূন্যঃ পাপং কুর্ব্বন্নপি ন করোতীত্যেবেত্যর্দ্ধস্যার্থঃ ॥৩৫॥ আবৃণোতি পিধত্তে, স কল্যাণং চিকীর্ষতীতি সম্বন্ধঃ ॥৩৬—৩৯॥
ইতি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আপদ্ধর্ম্মে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৮॥

ভীষ্ম বলিলেন—'শুনকনন্দন ইন্দ্রোতমুনি এইরূপ বলিয়া রাজা জনমেজয়কে যথাবিধানে অশ্বমেধযজ্ঞ করাইলেন ॥৩৮॥

তাহার পর শত্রুহন্তা জনমেজয়রাজা পাপশূন্য, মঙ্গলান্বিত ও প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী হইয়া পূর্ণচন্দ্র যেমন আকাশে উদিত হন, সেইরূপ যাইয়া নিজরাজ্যে উদিত লইলেন' ॥৩৯॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ! কোন মানুষ মরিয়া আবার বাঁচিয়াছিল, ইহা আপনি শুনিয়াছেন বা দেখিয়াছেন কি!' ॥১॥

* '...দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্! যথাবৃত্তমিতিহাসং পুরাতনম্।
গৃধ্রজম্বুকসংবাদং যো বৃত্তো নৈমিষে পুরা ॥২॥
কস্যচিদ্‌ব্রাহ্মণস্যাসীদ্‌দুঃখলব্ধঃ সুতো মৃতঃ।
বাল এব বিশালাক্ষো বালগ্রহনিপীড়িতঃ ॥৩॥
দুঃখিতাঃ কেচিদাদায় বালমপ্রাপ্তযৌবনম্।
কুলসর্ব্বস্বভূতং বৈ রুদন্তঃ শোকবিহ্বলাঃ ॥৪॥
বালং মৃতং গৃহীত্বাথ শ্মশানাভিমুখাঃ স্থিতাঃ।
অঙ্কেনৈব চ সংক্রম্য রুরুদুর্ভৃশদুঃখিতাঃ ॥৫॥
শোচন্তস্তস্য পূর্ব্বোক্তান্ ভাষিতাংশ্চাসকৃৎ পুনঃ।
তং বালং ভূতলে ক্ষিপ্য প্রতিগন্তুং ন শক্নুয়ুঃ ॥৬॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। গৃধ্রঃ পক্ষিবিশেষঃ, জম্বুকশ্চ শৃগালঃ তয়োঃ সংবাদং সংলাপাদিরূপম্, বৃত্তো জাতঃ, নৈমিষে নৈমিষারণ্যে ॥২॥

কস্যচিদিতি। বালগ্রহেণ শিশুনাশকদেবযোনিবিশেষেণ নিপীড়িতঃ ॥৩॥

দুঃখিতা ইতি। কুলসর্ব্বস্বভূতং তদেকমাত্রস্যৈব কুলরক্ষকত্বাৎ। শোকবিহ্বলা আসন্ ॥৪॥

বালমিতি। সংক্রম্য সন্নীয় ॥৫॥

ভারতভাবদীপঃ

তদেবং ব্যাপন্নস্য রাজ্ঞো বুদ্ধিপূর্ব্বমবুদ্ধিপূর্ব্বং বা কৃতং পাপং সংকর্ম্মণা ধর্ম্মাধ্যবসায়েন চ নশ্যতীতি পরলোকভয়াভাবো দর্শিতঃ, ইহ লোকেঽপ্যত্যন্তাপন্নস্য মৃতকল্পস্য দ্বাভ্যামগ্নমঙ্গমিকয়া গ্রসিতুমবেক্ষিতস্য কেনচিৎ কারণেন কঞ্চিৎ কালমবস্থিতস্য কাচিদ্‌গতিরস্তি ন বেতি পৃচ্ছতি—কচ্চিদিতি। তাদৃশস্যাপ্যুজ্জীবনং ক্বচিদ্দৃষ্টমস্তীতি প্রষ্টুরাশয়ঃ ॥১॥ অত্রোত্তরং গৃধ্রগোমায়ুভ্যাং

ভীষ্ম বলিলেন—'রাজা! পূর্ব্বকালে নৈমিষারণ্যে যে ঘটনা ঘটিয়াছিল, সেই গৃধ্র-শৃগালসংবাদরূপ প্রাচীন বৃত্তান্ত তুমি যথাযথভাবে শ্রবণ কর ॥২॥

কোন ব্রাহ্মণ অতিদুঃখে একটী পুত্রলাভ করিয়াছিলেন, বিশালনয়ন সেই পুত্রটী বালগ্রহের আক্রমণে বাল্যকালেই মৃত্যুমুখে পতিত হইয়াছিল ॥৩॥

তখন কতকগুলি লোক দুঃখিত ও শোকাকুল হইয়া বংশের সর্ব্বস্বস্বরূপ অপ্রাপ্তযৌবন সেই বালকটীকে লইয়া রোদন করিতে লাগিল ॥৪॥

অত্যন্ত দুঃখিত সেই লোকগুলি, সেই মৃতবালকটীকে ধরিয়া কোলে তুলিয়া লইয়া শ্মশানাভিমুখে যাইতে থাকিয়া রোদন করিতে লাগিল ॥৫॥

তেষাং রুদিতশব্দেন গৃধ্রোঽভ্যেত্য বচোঽব্রবীৎ।
একাত্মজমিমং লোকে ত্যক্ত্বা গচ্ছত মা চিরম্ ॥৭॥
ইহ পুংসাং সহস্রাণি স্ত্রীসহস্রাণি চৈব হ।
সমানীতানি কালেন হিত্বা বৈ যান্তি বান্ধবাঃ ॥৮॥
সংপশ্যত জগৎ সর্ব্বং সুখদুঃখৈরধিষ্ঠিতম্।
সংযোগো বিপ্রয়োগশ্চ পর্য্যায়েণোপলভ্যতে ॥৯॥
গৃহীত্বা যে ন তিষ্ঠন্তি যে ন যান্তি চ তান্ মৃতান্।
তেঽপ্যায়ুষঃ প্রমাণেন স্বেন গচ্ছন্তি জন্তবঃ ॥১০॥

ভারতকৌ

শোচন্ত ইতি। ভাষিতান্ ব্যাহারান্। ক্ষিপ্য সংস্থাপ্য, শকুঃ শেকুঃ ॥৬॥

তেষামিতি। একাত্মজং ব্রাহ্মণস্যৈকমাত্রপুত্রম্। মা চিরং কুরুত ন বিলম্বধ্বমিত্যর্থঃ। মাংসভোজী রাত্রন্ধো গৃধ্রো রাত্রৌ তদ্বালকমাংসং ভোক্তুং ন শক্নুয়াৎ স্থিতেষু চ বান্ধবেষু তং ভোক্তুং ন প্রভবেৎ। অতো দিবস এব তন্মাংসং বুভুক্ষোবান্ধবানামপসারণার্থেয়মুক্তিরিতি বোধ্যম্ ॥৭॥

উক্তার্থে নিদর্শনমাহ ইহেতি। কালেন মৃতানীতি শেষঃ ॥৮॥

সমিতি। বিপ্রয়োগো বিচ্ছেদঃ, পর্য্যায়েণ ক্রমেণ ॥৯॥

গৃহীত্বেতি। ন তিষ্ঠন্তি শ্মশানাৎ গচ্ছন্তি, ন যান্তি স্নেহেন শ্মশান এব তিষ্ঠন্তি। গচ্ছন্তি পরলোকম্ ॥১০॥

তাহারা সেই বালকটীর পূর্ব্বোক্ত বাক্য সকল স্মরণ করিয়া বার বার শোক করিতে থাকিয়া, সেই বালকটীকে ভূতলে রাখিয়া ফিরিয়া যাইতে পারিল না ॥৬॥

তাহাদের রোদনের শব্দ শুনিয়া একটা গৃধ্রপক্ষী আসিয়া এই সকল কথা বলিল— 'হে মনুষ্যগণ! ব্রাহ্মণের এই একটী মাত্র পুত্র হইলেও তোমরা ইহাকে এইখানে ত্যাগ করিয়া চলিয়া যাও, বিলম্ব করিও না ॥৭॥

এই শ্মশানে মৃত্যুমুখে পতিত সহস্র সহস্র পুরুষ ও সহস্র সহস্র স্ত্রী আনীত হইয়া থাকে এবং তাহাদের বান্ধবেরাও তাহাদিগকে পরিত্যাগ করিয়া চলিয়া যাইয়া থাকে ॥৮॥

তোমরা দেখ, সমগ্র জগৎটাই সুখ ও দুঃখের আশ্রয়। প্রাণীরা যথাক্রমে সংযোগ ও বিয়োগ অনুভব করে ॥৯॥

যাহারা মৃত বন্ধুদিগকে ধরিয়া থাকে না, চলিয়াই যায় এবং যাহারা মৃত বান্ধবগণকে ফেলিয়া যায় না, অনেক কাল পর্য্যন্ত ধরিয়াই থাকে, তাহারাও আয়ুক্ষয় হইলে পরলোকে গমন করে ॥১০॥

অলং স্থিত্বা শ্মশানেঽস্মিন্ গৃধ্রগোমায়ুসংকুলে ।
কঙ্কালবহুলে রৌদ্রে সর্ব্বপ্রাণিভয়ঙ্করে ॥১১॥
ন মর্ত্ত্যো জীবিতঃ কশ্চিৎ কালধর্ম্মমুপাগতঃ ।
প্রিয়ো বা যদি বা দ্বেষ্যঃ প্রাণিনাং গতিরীদৃশী ॥১২॥
সর্ব্বেণ খলু মর্ত্তব্যং মর্ত্ত্যলোকে প্রসূয়তা ।
কৃতান্তবিহিতে মার্গে মৃতং কো জীবয়িষ্যতি ॥১৩॥
কর্ম্মান্তবিরতে লোকে অস্তং গচ্ছতি ভাস্করে ।
গম্যতাং স্বমধিষ্ঠানং সুতস্নেহং বিসৃজ্য বৈ ॥১৪॥
ততো গৃধ্রবচঃ শ্রুত্বা বিশোকা ইব তে তদা ।
বান্ধবাস্তেঽভ্যগচ্ছন্ত পুত্রমুৎসৃজ্য ভূতলে ॥১৫॥

ভারতকৌমুদী

অলমিতি। অলংশব্দোঽত্র বারণার্থে। স্থিত্বেতি "অলং খল্বো"রিত্যাদিনা ক্ত্বাপ্রত্যয়ঃ ॥১১॥
অথ যদি পুনর্জীবেদিত্যাশয়ৈব তিষ্ঠাম ইত্যাহ নেতি। কালধর্ম্মং মৃত্যুম্ ॥১২॥
সর্ব্বেণেতি। প্রসূয়তা জায়মানেন। কৃতান্তবিহিতে দৈবকৃতে ॥১৩॥
কর্ম্মেতি। কর্ম্মান্তে কর্ত্তব্যকার্য্যাবসানে বিরতে পরিশ্রমান্নিবৃত্তে ॥১৪॥
তত ইতি। অভ্যগচ্ছন্ত স্বং স্বমালয়মিতি শেষঃ ॥১৫॥

মানবগণ ! এই শ্মশানটা গৃধ্র ও শৃগালে পরিপূর্ণ এবং বহুতর কঙ্কালব্যাপ্ত ; সুতরাং ইহা ভীষণ স্থান, এমন কি, সমস্ত প্রাণীরই ভয় উৎপাদন করে। অতএব তোমরা আর এখানে থাকিও না ॥১১॥

প্রিয়ই হউক বা অপ্রিয়ই হউক, কোন মানুষই মরিয়া আবার বাঁচিয়া উঠে না ; এইরূপই অন্যান্য প্রাণিগণেরও গতি ॥১২॥

মর্ত্ত্যলোকে জন্মিয়া সকলেরই মরিতে হয়, ইহাই দৈববিহিত পদ্ধতি। সুতরাং কোন্ ব্যক্তি মৃত ব্যক্তিকে বাঁচাইতে পারিবে ? ॥১৩॥

মনুষ্যেরা কার্য্য শেষ করিয়া বিরত হইতেছে, সূর্য্যও অস্তাচল যাইতেছেন ; সুতরাং তোমরা এই বালকটীর স্নেহ পরিত্যাগ করিয়া আপন আপন বাসস্থানে গমন কর ॥১৪॥

তাহার পর সেই বান্ধবগণ গৃধ্রের বাক্য শুনিয়া শোকশূন্যের ন্যায় হইয়া তখনই বালকটীকে ভূতলে রাখিয়া আপন আপন গৃহের দিকে গমন করিতে লাগিল ॥১৫॥

(১২) ন পুনর্জীবিতঃ কশ্চিৎ···বঙ্গ।
(১৪) ···অস্তং গচ্ছতি ভাস্করঃ···বদ্ধ।

বিনিশ্চিত্যাথ চ তদা বিক্রোশন্তস্ততস্ততঃ।
মৃতমিত্যেব গচ্ছন্তো নিরাশাস্তস্য দর্শনে ॥১৬॥
নিশ্চিতার্থাশ্চ তে সর্ব্বে সংত্যজন্তঃ স্বমাত্মজম্।
নিরাশা জীবিতে তস্য মার্গমাবৃত্য ধিষ্ঠিতাঃ ॥১৭॥
ততো ধ্বাঙ্ক্ষসবর্ণস্তু বিলান্নিঃসৃত্য জম্বুকঃ।
গচ্ছমানান্ স্ম তানাহ নির্ঘৃণাঃ খলু বান্ধবাঃ ॥১৮॥
আদিত্যোহয়ং স্থিতো মূঢ়াঃ! স্নেহং কুরুত মা ভয়ম্।
বহুরূপো মুহূর্ত্তশ্চ জীবেদপি কদাচন ॥১৯॥
দর্ভান্ ভূমৌ বিনিক্ষিপ্য পুত্রস্নেহবিনাকৃতাঃ।
শ্মশানে সুতমুৎসৃজ্য কস্মাদ্গচ্ছত নির্ঘৃণাঃ ॥২০॥

ভারতকৌমুদী

বিনিরিতি। বালকং মৃতমিত্যেব বিনিশ্চিত্য বিক্রোশন্তঃ উচ্চৈরুদন্তঃ। তস্য বালকস্য পুনর্দর্শনে নিরাশা অভবন্নিতি শেষঃ ॥১৬॥

নিশ্চিতার্থা ইতি। নিশ্চিতার্থা বালকমৃতৌ কৃতনিশ্চয়াঃ। মার্গং গমনপথম্, ধিষ্ঠিতাঃ অধিষ্ঠিতাঃ ॥১৭॥

তত ইতি। ধ্বাঙ্ক্ষসবর্ণঃ কাকতুল্যকৃষ্ণবর্ণঃ, বিলাৎ গর্ত্তাৎ, জম্বুকঃ কশ্চিৎ শৃগালঃ। নির্ঘৃণা নির্দয়াঃ বালং বিহায় গমনাৎ ॥১৮॥

আদিত্য ইতি। হে মূঢ়া মানুষাঃ!। ভয়ং মা কুরুতেতি সম্বন্ধঃ। এষ মুহূর্ত্তঃ সন্ধ্যাকালশ্চ বহুরূপো জীবনমরণোভয়ঘটকঃ। অতএবৈষ বালকঃ কদাচন জীবেদপি। অত্রাপিঃ সম্ভাবনায়াম্। অত্রায়মাশয়ঃ—মাংসভোজী শৃগালো গৃধ্রে স্থিতে তদ্ভয়াৎ বালকমাংসং ভোক্তুং ন শক্নুয়াৎ, সৎসু তু মানুষেষু গৃধ্রস্তং ভোক্তুং ন প্রভবেৎ, আগতে চ সন্ধ্যান্ধকারে রাত্র্যন্ধো গৃধ্রো নিরাশো গচ্ছেৎ মানুষাশ্চ হতাশা গচ্ছেয়ুরিতি শৃগালো নির্বাধং ভোক্তুং শক্নুয়াদিতি। সাহিত্যদর্পণে তু নানা স্থানীয়ানি পদ্যানি প্রয়োজনানুসারেণ একত্র সংগৃহ্য চতুর্থপরিচ্ছেদ উদাহৃতানীতি দ্রষ্টব্যম্ ॥১৯॥

তাহার পর বান্ধবেরা বালকটীকে মৃত নিশ্চয় করিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে থাকিয়া পুনরায় তাহার দর্শনে নিরাশ হইয়া গমন করিতে লাগিল ॥১৬॥

সেই বান্ধবেরা সকলে বালকটীর মরণে কৃতনিশ্চয় ও তাহার জীবনে নিরাশ হইয়া তাহাকে পরিত্যাগ করিয়া কিয়দ্দূরে যাইয়া পথে দাঁড়াইল ॥১৭॥

এই সময়ে কাকের ন্যায় কৃষ্ণবর্ণ একটা শৃগাল গর্ত্ত হইতে নির্গত হইয়া গমন-প্রবৃত্ত সেই মানুষগুলিকে বলিল—'হায়! বান্ধবেরাও নির্দ্দয় ॥১৮॥

হে মূর্খ মনুষ্যগণ! এই সূর্য্য রহিয়াছেন, এখনও তোমরা স্নেহ কর, ভয় করিও না, এই মুহূর্ত্তটী বহুরূপী। অতএব এই বালকটী কখনও বাঁচিতেও পারে ॥১৯॥

(১৮) ধ্বাঙ্ক্ষপক্ষসবর্ণস্তু···নির্ঘৃণাঃ খলু মানুষাঃ—বঙ্গ।

তে পশ্যত সুতস্নেহো যাদৃশঃ পশুপক্ষিণাম্।
যস্য ভাষিতমাত্রেণ প্রসাদমধিগচ্ছতি ॥২১॥
ন তেষাং ধারয়িত্বা তান্ কশ্চিদস্তি ফলাগমঃ ॥২২॥
চতুষ্পাৎপক্ষিকীটানাং প্রাণিনাং স্নেহসঙ্গিনাম্।
পরলোকগতিস্থানাং মুনিযজ্ঞক্রিয়া ইব ॥২৩॥
তেষাং পুত্রাভিরামাণামিহ লোকে পরত্র চ।
ন গুণো দৃশ্যতে কশ্চিৎ প্রজাঃ সন্ধারয়ন্তি চ ॥২৪॥
যোঽস্ত্যস্মিন্ সুতেন স্নেহো বালে মধুরভাষিণি।

ভারতকৌমুদী

দর্ভানিতি। বিনিক্ষিপ্য আস্তীর্য্য, পুত্রস্নেহেন বিনাকৃতা বিরহিতাঃ। নির্ঘৃণা নির্দয়াঃ ॥২০॥

নেতি। বো যুষ্মাকং স্নেহো নাস্তি পরিত্যাগাদিতি ভাবঃ ॥২১॥

ত ইতি। তান্ সুতান্, ধারয়িত্বা পালয়িত্বা তেষাং কশ্চিদপি ফলাগমো নাস্তি মনুষ্যবৎ পরিপালনাসম্ভবাৎ ॥২২॥

পশ্বাদীনাং পুত্রাদিপালনে ফলাভাবমাহ চতুষ্পাদিতি। মুনীনাং কর্ম্মসন্ন্যাসিনাং মুমুক্ষূণাং যজ্ঞক্রিয়া ইব স্বর্গজনকযাগব্যাপারা ইব, পরলোকগতৌ তিষ্ঠন্তি অধিকারিণো ভবন্তীতি তেষাং স্নেহসঙ্গিনাং পুত্রাদিস্নেহান্বিতানাম্, চতুষ্পাদঃ পশবশ্চ পক্ষিণশ্চ কীটাশ্চ তেষাম্, প্রাণিনাং পুত্রাদিপালনব্যাপারা নিষ্ফলা এবেতি শেষঃ ॥২৩॥

তেষামিতি। পুত্রৈরভিরমন্তে আনন্দন্তীতি তেষাম্। প্রজাঃ সন্তানান্, সন্ধারয়ন্তি প্রতিপালয়ন্তি চ ॥২৪॥

মনুষ্যগণ! তোমরা পুত্রস্নেহবিহীন; না হইলে তোমরা ভূতলে কুশ আস্তৃত করিয়া তাহার উপরে শ্মশানে বালকটীকে রাখিয়া নির্দ্দয় হইয়া কেন যাইতে থাকিবে ॥২০॥

মনুষ্যগণ! যে, কথা বলিবামাত্র তোমাদের মন আনন্দিত হইত, সেই মধুরভাষী বালকটীর উপরে তোমাদের স্নেহ নাই ॥২১॥

পশুপক্ষিগণেরও যেরূপ পুত্রস্নেহ রহিয়াছে, তাহা তোমরা দেখ। অথচ পুত্র পালন করিয়া তাহাদের কোন ফললাভ নাই ॥২২॥

কর্ম্মসন্ন্যাসী নিষ্কাম মুনিগণের যজ্ঞকার্য্য যেমন নিষ্ফল, সেইরূপ পরলোকে অধিকারী স্নেহপরায়ণ পশু, পক্ষী ও কীটপ্রভৃতি প্রাণিগণের পুত্রাদি পালন করা নিষ্ফল ॥২৩॥

(২৩) মুনিযজ্ঞক্রিয়ামিব—বঙ্গ।

অপশ্যতাং প্রিয়ান্ পুত্রাংস্তেষাং শোকো ন তিষ্ঠতি।
ন চ পুষ্ণন্তি সংবৃদ্ধাস্তে মাতাপিতরৌ কচিৎ ॥২৫॥
মানুষাণাং কুতঃ স্নেহো যেষাং শোকো ভবিষ্যতি।
ইমং কুলকরং পুত্রং ক নু ত্যক্ত্বা গমিষ্যথ ॥২৬॥
চিরং মুঞ্চত বাষ্পঞ্চ চিরং স্নেহেন পশ্যত।
এবংবিধানি হীষ্টানি দুস্ত্যজানি বিশেষতঃ ॥২৭॥
ক্ষীণস্যার্থাভিযুক্তস্য শ্মশানাভিমুখস্য চ।
বান্ধবা যত্র তিষ্ঠন্তি তত্রান্যো নাবতিষ্ঠতে ॥২৮॥
সর্ব্বস্য দয়িতাঃ প্রাণাঃ সর্বঃ স্নেহঞ্চ বিন্দতি।
তির্য্যগ্‌যোনিষ্বপি সতাং স্নেহং পশ্যত যাদৃশম্ ॥২৯॥

ভারতকৌমুদী

অপশ্যতামিতি। সংবৃদ্ধা অধিকবয়স্কাঃ সন্তোঽপি তে পশ্বাদয়ঃ কচিদপি মাতাপিতরৌ ন চ পুষ্ণন্তি প্রতিপালয়ন্তি। তথাপি প্রিয়ান্ পুত্রান্ অপশ্যতাং তেষাং পশ্বাদীনাং শোকো ন তিষ্ঠতি কিমিতি কাকুঃ ॥২৫॥

স্নেহশূন্যতয়া মানুষান্ নিন্দতি মানুষাণামিতি। কুলকরং বংশরক্ষকম্ ॥২৬॥

স্নেহাৎ কর্ত্তব্যমুপদিশতি চিরমিতি। ইষ্টানি প্রিয়াণি বস্তূনি ॥২৭॥

অস্মাকমত্রাবস্থানে কিং ফলমিত্যাহ ক্ষীণস্যেতি। ক্ষীণস্য রোগাদিনা দুর্ব্বলীভূতস্য, অভিযুক্তস্য প্রবলেনাক্রান্তস্য, শ্মশানাভিমুখস্য শ্মশানং নীয়মানস্য চ জনস্য বান্ধবা যত্র তিষ্ঠন্তি তত্র অন্যঃ অপকারী নাবতিষ্ঠতে ॥২৮॥

পুত্রপ্রভৃতির গুণে আনন্দিত প্রাণিগণের ইহলোকে বা পরলোকে তাহাদের দ্বারা কোন ফল দেখা যায় না, অথ চ তাহারা সন্তান পালন করে ॥২৪॥

পশুপক্ষিপ্রভৃতি প্রাণিগণ বৃদ্ধিপ্রাপ্ত হইয়াও কোন সময়েই পিতামাতার ভরণ-পোষণ করে না; তথাপি প্রিয় পুত্রগণকে না দেখিলে তাহাদের কি শোক হয় না? ॥২৫॥

মনুষ্যগণের স্নেহ কোথায়? যাহাদের শোক হইবে!। তোমরা এই বংশরক্ষক পুত্রটীকে ত্যাগ করিয়া কোথায় যাইবে? ॥২৬॥

তোমরা দীর্ঘকাল অশ্রুমোচন কর এবং স্নেহের গুণে দীর্ঘকাল দর্শন কর। কারণ, এইরূপ প্রিয়বস্তু পরিত্যাগ করা অত্যন্ত দুঃখজনক ॥২৭॥

অত্যন্ত দুর্ব্বল, অন্যকর্ত্তৃক আক্রান্ত এবং শ্মশানগামী লোকের বান্ধবেরা যেখানে থাকে, সেখানে অন্য অপকারী থাকিতে পারে না ॥২৮॥

ত্যক্ত্বা কথং গচ্ছতেমং পদ্মলোলায়তেক্ষণম্ ।
যথা নবোদ্বাহকৃতং স্নানমাল্যবিভূষিতম্ ॥৩০॥

জম্বুকস্য বচঃ শ্রুত্বা কৃপণং পরিদেবতঃ ।
ন্যবর্ত্তন্ত তদা সর্বে শবার্থং তে স্ম মানুষাঃ ॥৩১॥

গৃধ্র উবাচ ।

অহো বত নৃশংসেন জম্বুকেনাল্পমেধসা ।
ক্ষুদ্রেণোক্তা হীনসত্ত্বা মানুষাঃ ! কিং নিবর্ত্তথ ॥৩২॥

পঞ্চভূতপরিত্যক্তং শূন্যং কাষ্ঠত্বমাগতম্ ।
কস্মাচ্ছোচথ নিশ্চেষ্টমাত্মানং কিং ন শোচথ ॥৩৩॥

তপঃ কুরুত বৈ তীব্রং মুচ্যধ্বং যেন কিল্বিষাৎ ।
তপসা লভ্যতে সর্বং বিলাপঃ কিং করিষ্যতি ॥৩৪॥

ভারতকৌমুদী

সর্ব্বস্যেতি। দয়িতাঃ প্রিয়াঃ। সতাং বিদ্যমানানাম্ ॥২৯॥

ত্যক্ত্বেতি। পদ্মবৎ লোলে চঞ্চলে আয়তে দীর্ঘে চ ঈক্ষণে চক্ষুষী যস্য তম্। নবোদ্বাহকৃতং নূতনবিবাহকারিণম্ ॥৩০॥

জম্বুকস্যেতি। কৃপণং করুণম্, পরিদেবতো বিলপতঃ। শবার্থং বালকশবদর্শনার্থম্ ॥৩১॥

অহো ইতি। অল্পমেধসা অল্পবুদ্ধিনা। হীনসত্ত্বা দুর্ব্বলাঃ ॥৩২॥

পঞ্চেতি। পঞ্চভূতৈঃ পঞ্চভির্জ্ঞানেন্দ্রিয়ৈঃ পরিত্যক্তম্, শূন্যং প্রাণহীনম্, অত এব কাষ্ঠত্বমাগতং কাষ্ঠতুল্যত্বং প্রাপ্তম্। নিশ্চেষ্টং নিষ্ক্রিয়ম্। এতন্মরণাৎ দুর্ভাগ্যতয়া কিমাত্মানং ন শোচথ ॥৩৩॥

সকলেরই প্রাণ অতিপ্রিয় এবং সকল প্রাণীই বন্ধুজনের স্নেহলাভ করিয়া থাকে। মনুষ্য ভিন্ন অন্য প্রাণিগণেরও যেরূপ স্নেহ আছে, তাহা তোমরা দেখ ॥২৯॥

স্নানমাল্যে অলঙ্কৃত নবোদ্বাহকারী যুবকের ন্যায় এই পদ্মতুল্য-চঞ্চল-দীর্ঘনয়ন বালকটীকে পরিত্যাগ করিয়া তোমরা কেন যাইতেছ' ॥৩০॥

শৃগাল এইরূপ করুণ বিলাপ করিতে লাগিলে, তাহার কথা শুনিয়া সেই সকল মানুষই বালকের শবটীকে দেখিবার জন্য পুনরায় ফিরিল ॥৩১॥

গৃধ্র বলিল—'হায়! কি কষ্ট। হে দুর্ব্বল মনুষ্যগণ! নৃশংস, অল্পবুদ্ধি ও ক্ষুদ্র ঐ শৃগালটা ঐরূপ বলিবামাত্রই তোমরা ফিরিলে কেন? ॥৩২॥

পাঁচটী জ্ঞানেন্দ্রিয় পরিত্যাগ করিয়াছে, প্রাণ চলিয়া গিয়াছে এবং কাষ্ঠের ন্যায় নিশ্চেষ্ট হইয়া পড়িয়া রহিয়াছে; তথাপি তোমরা উহার জন্য শোক করিতেছ কেন? ও ছাড়িয়া গিয়াছে বলিয়া নিজেদের জন্যই বা শোক কর না কেন? ॥৩৩॥

অনিষ্টানি চ ভাগ্যানি জাতানি সহ মৃত্যুনা।
যেন গচ্ছতি বালোঽয়ং দত্ত্বা শোকমনন্তকম্ ॥৩৫॥
ধনং গাবঃ সুবর্ণঞ্চ মণিরত্নমথাপি চ।
অপত্যঞ্চ তপোমূলং তপোযোগাচ্চ লভ্যতে ॥৩৬॥
যথা কৃতা চ ভূতেষু প্রাপ্যতে সুখদুঃখিতা।
গৃহীত্বা জায়তে জন্তুর্দুঃখানি চ সুখানি চ ॥৩৭॥
ন কর্ম্মণা পিতুঃ পুত্রঃ পিতা বা পুত্রকর্ম্মণা।
মার্গেণানেন গচ্ছন্তি বদ্ধাঃ সুকৃতদুষ্কৃতৈঃ ॥৩৮॥
ধর্ম্মং চরত যত্নেন তথাঽধর্ম্মান্নিবর্ত্তত।
বর্ত্তধ্বঞ্চ যথাকালং দৈবতেষু দ্বিজেষু চ ॥৩৯॥

ভারতকৌমুদী

তপ ইতি। কিল্বিষাৎ ঈদৃশদুঃখজনকাৎ পাপাৎ ॥৩৪॥
অনিষ্টানীতি। ভাগ্যানি ভাগ্যজনিতানি ॥৩৫॥
ধনমিতি। তপ এব মূলং কারণং যস্য তৎ ॥৩৬॥
যথেতি। যথা কৃতা যাদৃশং কর্ম্ম কৃতং তেন সম্পাদিতেত্যর্থঃ, ভূতেষু মধ্যে সর্ব্বৈরেব ॥৩৭॥
নেতি। আত্মনা কৃতৈরেব সুকৃতদুষ্কৃতৈর্বদ্ধাঃ সন্তঃ সর্ব্ব এব অনেন মার্গেণ নিয়মেন গচ্ছন্তি ॥৩৮॥
ধর্ম্মমিতি। অধর্ম্মাৎ নিবর্ত্তত নিবর্ত্তধ্বম্। বর্ত্তধ্বং সেবকভাবেন ॥৩৯॥

ভারতভাবদীপঃ

যুগপৎ প্রার্থ্যমানস্য শিশোঃ স্বজননিরোধাৎ কঞ্চিৎ কালমবস্থিতস্যেশ্বরেণ যথা জীবনং দত্তমেবমেবেশ্বরোঽনুগৃহ্লাতীত্যাখ্যায়িকামুখেনৈবাহ—শৃণু পার্থেত্যাদিনা। স্পষ্টার্থোঽধ্যায়শেষঃ ॥২—৩৮॥ কৃতা ইতি বচনব্যত্যয়শ্ছান্দসঃ ॥৩৯—১২২॥

তোমরা তীব্র তপস্যা কর, যাহার ফলে এইরূপ দুঃখ হইতে মুক্ত হইবে। কারণ, তপস্যায় সকলই লাভ করা যায়। এই বিলাপ কি করিবে? ॥৩৪॥

ভাগ্যের ফলে মৃত্যুর সহিত অনিষ্ট আসিয়া উপস্থিত হয়, যাহাতে এই বালকটী অনন্ত শোক দিয়া চলিয়া গেল ॥৩৫॥

ধন, গো, স্বর্ণ, মণি, রত্ন ও সন্তান—এ সমস্তেরই মূল তপস্যা ; সুতরাং তপস্যার ফলেই এই সব লাভ করা যায় ॥৩৬॥

প্রাণিগণের মধ্যে সকলেই কর্ম্মানুসারে সুখ ও দুঃখ ভোগ করিয়া থাকে ; অতএব সমস্ত প্রাণীই সুখ ও দুঃখ লইয়া জন্মগ্রহণ করে ॥৩৭॥

পুত্র পিতার কার্য্যে কিংবা পিতা পুত্রের কার্য্যে সম্বদ্ধ হয় না ; কিন্তু নিজকৃত পুণ্য-পাপেই সম্বদ্ধ হইয়া সকলে এই পথে গমন করে ॥৩৮॥

(৩৯) ···ন চাধর্ম্মে মনঃ কৃথা—বঙ্গ বর্দ্ধ।

শোকং ত্যজত দৈন্যঞ্চ সুতস্নেহান্নিবর্ত্তত।
ত্যজ্যতাময়মাকাশে ততঃ শীঘ্রং নিবর্ত্তত ॥৪০॥
যৎ করোতি শুভং কর্ম্ম তথা কর্ম্ম সুদারুণম্।
তৎ কর্ত্তৈব সমশ্নাতি বান্ধবানাং কিমত্র হ ॥৪১॥
ইহ ত্যক্ত্বা ন তিষ্ঠন্তি বান্ধবা বান্ধবং প্রিয়ম্।
স্নেহমুৎসৃজ্য গচ্ছন্তি বাষ্পপূর্ণাবিলেক্ষণাঃ ॥৪২॥
প্রাজ্ঞো বা যদি বা মূর্খঃ সধনো নির্ধনোঽপি বা।
সর্ব্বঃ কালবশং যাতি শুভাশুভসমন্বিতঃ ॥৪৩॥
কিং করিষ্যথ শোচিত্বা মৃতং কিমনুশোচথ।
সর্বস্য হি প্রভুঃ কালো ধর্ম্মতঃ সমদর্শনঃ ॥৪৪॥
যৌবনস্থাংশ্চ বালাংশ্চ বৃদ্ধান্ গর্ভগতানপি।
সর্বানাবিশতে মৃত্যুরেবংভূতমিদং জগৎ ॥৪৫॥

ভারতকৌমুদী

শোকমিতি। অয়ং বালকঃ, আকাশে অস্মিন্ জনশূন্যস্থানে ॥৪০॥
যদিতি। তত্তৎ কর্ম্মফলম্। অত্র পরকর্ম্মবিষয়ে ॥৪১॥
লোকাচারমাহ ইহেতি। ততো যূয়মপ্যেনং ত্যক্ত্বা গচ্ছতেতি ভাবঃ ॥৪২॥
প্রাজ্ঞ ইতি। কালবশং মৃত্যুম্, শুভাশুভসমন্বিতঃ সদসৎকর্ম্মকরণাৎ ॥৪৩॥
কিমিতি। প্রভুর্নিয়ন্তা। সমদর্শনঃ প্রাজ্ঞমূর্খাদিষু ॥৪৪॥

তোমরা যত্নপূর্বক ধর্ম্মাচরণ কর, অধর্ম্ম হইতে নিবৃত্ত হও এবং যথাকালে দেবতা ও ব্রাহ্মণগণের সেবা কর ॥৩৯॥

শোক ও দৈন্য ত্যাগ কর, সন্তানস্নেহ হইতে নিবৃত্ত হও এবং এই বালকটীকে এই শূন্যস্থানে ত্যাগ কর, তাহার পর সত্বর চলিয়া যাও ॥৪০॥

মানুষ যে সৎকার্য্য বা অসৎকার্য্য করে, তাহার ফল সেইই ভোগ করে; কিন্তু তাহাতে তাহার বান্ধবগণের কিছুই হয় না ॥৪১॥

বান্ধবেরা মৃত প্রিয় বান্ধবকে এইখানে ত্যাগ করিয়া আর থাকে না, স্নেহ বিসর্জন দিয়া বাষ্পাকুলনেত্রে চলিয়াই যায় ॥৪২॥

পণ্ডিত, মূর্খ, ধনী ও নির্ধন সকলেই পুণ্যপাপসমন্বিত হইয়া মৃত্যুমুখে পতিত হয় ॥৪৩॥

তোমরা শোক করিয়া কি করিবে, কেনই বা মৃত ব্যক্তির উদ্দেশে শোক করিতেছ। সমদর্শী কালই ধর্ম্মানুসারে সকলের প্রভু ॥৪৪॥

জম্বুক উবাচ।

অহো ! মন্দীকৃতঃ স্নেহো গৃধ্রেণেহাল্পবুদ্ধিনা।
পুত্রস্নেহাভিভূতানাং যুষ্মাকং শোচতাং ভৃশম্ ॥৪৬॥
সমৈঃ সম্যক্‌প্রযুক্তৈশ্চ বচনৈঃ প্রত্যয়োত্তরৈঃ।
যদ্‌গচ্ছতি জনস্থানং স্নেহমুৎসৃজ্য দুস্ত্যজম্ ॥৪৭॥
অহো ! পুত্রবিয়োগেন মৃতশূন্যোপসেবনাৎ।
ক্রোশতাং সুভৃশং দুঃখং বিবৎসানাং গবামিব ॥৪৮॥
অদ্য শোকং বিজানামি মনুষ্যাণাং মহীতলে।
স্নেহং হি করুণং দৃষ্ট্বা মমাপ্যশ্রূণ্যথাপতন্ ॥৪৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যৌবনেতি। আবিশতে গৃহ্লাতি ॥৪৫॥

অহো ইতি। অভিভবনাৎ প্রবলস্যাপি স্নেহস্য মন্দীকরণমসঙ্গতমেবেতি ভাবঃ ॥৪৬॥

সমৈরিতি। সমৈর্জ্ঞানিবচনতুল্যৈঃ। প্রত্যয়ো বিশ্বাস এব উত্তরঃ শ্রেষ্ঠো যেষু তৈঃ। গচ্ছতি অয়ং বান্ধবগণঃ, জনস্থানং স্বকীয়লোকালয়ম্। তদস্য বৈচক্ষণ্যমেবেতি ভাবঃ ॥৪৭॥

অহো ইতি। মৃতস্য অস্য বালকস্য শূন্যস্য জনহীনস্য অস্য শ্মশানস্য চ উপসেবনাৎ আশ্রয়ণাৎ। ক্রোশতাং রুদতাম্, করুণং সশোকম্। ঈদৃশস্য স্নেহস্য মন্দীকরণং গৃধ্রস্য গরীয়ানপরাধ এবেতি ভাবঃ ॥৪৮—৪৯॥

যুবা, বালক, বৃদ্ধ কিংবা গর্ভস্থ, সকলকেই মৃত্যু আসিয়া গ্রহণ করে ; এই জগৎটাই এইরূপ' ॥৪৫॥

শৃগাল বলিল—'মনুষ্যগণ ! তোমরা পুত্রস্নেহে অভিভূত হইয়া গুরুতর শোক প্রকাশ করিতেছিলে, এই অবস্থায় এই অল্পবুদ্ধি গৃধ্রটা তোমাদের সেই প্রবল স্নেহকে কমাইয়া দিল ; কি আশ্চর্য্য ! ॥৪৬॥

জ্ঞানী লোকের বাক্যের তুল্য সমীচীনভাবে উক্ত ও দৃঢ়বিশ্বাসজনক উহার বাক্যে এই মনুষ্যেরা প্রবল স্নেহ পরিত্যাগ করিয়া যখন লোকালয়ে যাইতেছে, তখন উহার বৈচক্ষণ্য আছে বলিয়া অবশ্যই স্বীকার করিতে হইবে ॥৪৭॥

হায় ! এই মনুষ্যেরা বালকটীর বিয়োগে শ্মশানে আসিয়াছে এবং বৎসহীন ধেনুর ন্যায় দুঃখে উচ্চৈঃস্বরে রোদন করিতেছে। ইহাতে আমি আজ জানিলাম যে, মর্ত্ত্যলোকে মানুষেরও শোক আছে। ইহাদের শোক ও স্নেহ দেখিয়া আমারও অশ্রুজল পতিত হইয়াছে ॥৪৮—৪৯॥

যত্নো হি সততং কার্য্যস্ততো দৈবেন সিধ্যতি।
দৈবং পুরুষকারশ্চ কৃতান্তেনোপপদ্যতে ॥৫০॥
অনির্ব্বেদঃ সদা কার্য্যোঽনির্ব্বেদাদ্ধি কুতঃ সুখম্।
প্রযত্নাৎ প্রাপ্যতে হ্যর্থঃ কস্মাদ্‌গচ্ছত নির্দয়াঃ ॥৫১॥
আত্মমাংসোপবৃত্তঞ্চ শরীরার্দ্ধময়ীং তনুম্।
পিতৄণাং বংশকর্ত্তারং বনে ত্যক্ত্বা ক যাস্যথ ॥৫২॥
অথবাস্তংগতে সূর্য্যে সন্ধ্যাকাল উপস্থিতে।
ততো নেষ্যথ বা পুত্রং ইহস্থা বা ভবিষ্যথ ॥৫৩॥

গৃধ্র উবাচ।

অদ্য বর্ষসহস্রং মে সাগ্রং জাতস্য মানুষাঃ!।
ন চ পশ্যামি জীবন্তং মৃতং স্ত্রীপুংনপুংসকম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

যত্ন ইতি। যত্নঃ কার্য্যসিদ্ধৌ। সিধ্যতি কার্য্যম্, কৃতান্তেন দৈবেন, উপপদ্যতে কার্য্যসাধনে সংযুজ্যতে ॥৫০॥

অনির্ব্বেদ ইতি। অনির্ব্বেদঃ অনাত্মগ্লানিঃ। অর্থঃ অভীষ্টম্। অস্য পুনর্জীবনে যতধ্বমিত্যাশয়ঃ ॥৫১॥

আত্মেতি। আত্মমাংসাৎ স্বদেহাৎ উপবৃত্তমুৎপন্নম্। অতএব শরীরার্দ্ধময়ীং তনুং তৎস্বরূপমিমং বালকম্ ॥৫২॥

অথবেতি। পুনর্জীবনে গৃহং নেষ্যথ, মরণনিশ্চয়ে তু ইহস্থা বা ভবিষ্যথ ॥৫৩॥

অদ্যেতি। সাগ্রং সাধিকম্। এতেনাত্মনো বহুদর্শিত্বং সূচিতম্ ॥৫৪॥

মনুষ্যগণ! কার্য্যসিদ্ধির জন্য সর্বদাই যত্ন করিবে। তাহার পর দৈবের গুণে কার্য্যসিদ্ধি হইবে। কারণ, দৈব ও পুরুষকার কালে মিলিত হইয়া থাকে ॥৫০॥

মনুষ্যগণ! কোন সময়েই আত্মগ্লানি কর্ত্তব্য নহে। কারণ, আত্মগ্লানি করিতে থাকিলে সুখ হয় না। যত্ন করিলে অভীষ্ট লাভ হয়। অতএব তোমরা নির্দয় হইয়া যাইতেছ কেন? ॥৫১॥

নিজদেহ হইতে উৎপন্ন, নিজেরই অর্দ্ধশরীরস্বরূপ এবং পিতৃলোকের বংশকারী এই বালকটীকে বনমধ্যে ত্যাগ করিয়া তোমরা কোথায় যাইবে ॥৫২॥

অথবা সূর্য্য অস্ত গেলে, সন্ধ্যাকাল উপস্থিত হইলে, ইহাকে গৃহে লইয়া যাইবে, কিংবা এইখানেই থাকিবে' ॥৫৩॥

মৃতা গর্ভেষু জায়ন্তে জাতমাত্রা ম্রিয়ন্তি চ।
চংক্রমন্তো ম্রিয়ন্তে চ যৌবনস্থাস্তথাপরে ॥৫৫॥
অনিত্যানীহ ভাগ্যানি চতুষ্পাৎপক্ষিণামপি।
জঙ্গমানাং নগানাং বাপ্যায়ুরগ্রেঽবতিষ্ঠতে ॥৫৬॥
ইষ্টদারবিযুক্তাশ্চ পুত্রশোকান্বিতাস্তথা।
দহ্যমানাঃ স্ম শোকেন গৃহং গচ্ছন্তি নিত্যশঃ ॥৫৭॥
অনিষ্টানাং সহস্রাণি তথেষ্টানাং শতানি চ।
উৎসৃজ্যেহ প্রয়াতা বৈ বান্ধবা ভৃশদুঃখিতাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

মৃতা ইতি। কেচিৎ গর্ভেষু মৃতা এব জায়ন্তে, কেচন জাতমাত্রা এব ম্রিয়ন্তি ম্রিয়ন্তে। অপরে চ চংক্রমন্তঃ পুনঃ পুনঃ পাদক্ষেপং কুর্ব্বন্তো ম্রিয়ন্তে, পরে চ যৌবনস্থা ম্রিয়ন্তে ॥৫৫॥

অনিত্যানীতি। চতুষ্পাদঃ পশবশ্চ পক্ষিণশ্চ তেষামপি, ভাগ্যানি ভাগ্যফলানি অনিত্যানি। অতো মনুষ্যাণামপি তথৈবেতি ভাবঃ। কিঞ্চ জঙ্গমানাং গমনশীলানাং মনুষ্যাদীনাং ন গচ্ছন্তীতি নগাঃ স্থাবরা বৃহৎসর্পাদয়স্তেষাং বাপি আয়ুরগ্রেঽবতিষ্ঠতে প্রাধান্যেন বর্ত্ততে। সত্যায়ুষি জীবন্তি অসতি চ তস্মিন্ ম্রিয়ন্তে। ততশ্চ আয়ুষোঽভাবাদয়ং মৃত ইত্যাশয়ঃ ॥৫৬॥

ইষ্টেতি। ইষ্টা প্রিয়া দারা তৈর্বিযুক্তাঃ। ইমঞ্চ লোকাচারঃ যূয়মপি পালয়তেতি ভাবঃ ॥৫৭॥

পুনরপি লোকাচারমাহ অনিষ্টানামিতি। উৎসৃজ্য বিহায় ॥৫৮॥

গৃধ্র বলিল—'মনুষ্যগণ! আজ কিঞ্চিদধিক সহস্র বৎসর অতীত হইল আমি জন্মিয়াছি। এতকালের মধ্যে আমি কোন স্ত্রী, পুরুষ বা নপুংসককে মরিবার পরে পুনরায় বাঁচিতে দেখি নাই ॥৫৪॥

কতকগুলি গর্ভের ভিতরে মরিয়া জন্মগ্রহণ করে, অনেকে জন্মগ্রহণ করিয়াই মৃত্যুমুখে পতিত হয়, কেহ কেহ হাঁটিতে শিখিবার সময়েই মরিয়া যায়, আবার বহু-লোক যৌবনকালে মৃত্যুমুখে পতিত হয় ॥৫৫॥

এই জগতে পশুপক্ষিগণেরও ভাগ্যফল অনিত্য এবং স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণীরই আয়ু প্রধান ভাবে থাকে (টীকা দ্রষ্টব্য) ॥৫৬॥

প্রিয়পত্নী ও পুত্রবিহীন বহুলোকই শোকে দগ্ধ হইতে থাকিয়া প্রত্যহই এইস্থান হইতে গৃহে গমন করিয়া থাকে ॥৫৭॥

সহস্র সহস্র অনিষ্ট এবং শত শত ইষ্টব্যক্তিকে এইস্থানে পরিত্যাগ করিয়া তাহাদের বান্ধবেরা অত্যন্ত দুঃখিত চিত্তে এস্থান হইতে প্রস্থান করিয়া থাকে ॥৫৮॥

ত্যজ্যতামেষ নিস্তেজাঃ শূন্যঃ কাষ্ঠত্বমাগতঃ ।
অন্যদেহবিষক্তং হি শাবং কাষ্ঠত্বমাগতম্ ॥৫৯॥
ত্যক্তজীবস্য চৈবাস্য কস্মাদ্ধিত্বা ন গচ্ছথ ।
নিরর্থকো হ্যয়ং স্নেহো নিষ্ফলশ্চ পরিগ্রহঃ ॥৬০॥
চক্ষুর্ভ্যাং ন চ কর্ণাভ্যাং সংশৃণোতি সমীক্ষতে ।
কস্মাদেনং সমুৎসৃজ্য ন গৃহান্ গচ্ছতাশু বৈ ॥৬১॥
মোক্ষধর্ম্মাশ্রিতৈর্ব্বাক্যৈর্হেতুমদ্ভিঃ সুনিষ্ঠুরৈঃ ।
ময়োক্তা গচ্ছত ক্ষিপ্রং স্বং স্বমেব নিবেশনম্ ॥৬২॥
প্রজ্ঞাবিজ্ঞানযুক্তেন বুদ্ধিসংজ্ঞাপ্রদায়িনা ।
বচনং শ্রাবিতা নূনং মানুষাঃ ! সংনিবর্ত্তত ।
শোকো দ্বিগুণতাং যাতি দৃষ্ট্বা স্মৃত্বা চ চেষ্টিতম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

ত্যজ্যতামিতি। শূন্যঃ প্রাণহীনঃ। অন্যস্মিন্ দেহে বিসক্তঃ প্রবিষ্টো জীবো যস্য তৎ, শাবং শবশরীরম্ ॥৫৯॥

ত্যক্তেতি। অস্য বালকস্য শবমিতি শেষঃ। পরিগ্রহ এনং গৃহীত্বাবস্থিতিঃ ॥৬০॥

চক্ষুর্ভ্যামিতি। অত্রাসত্তিক্রমেণান্বয়ঃ ॥৬১॥

মোক্ষেতি। মোক্ষধর্ম্মাশ্রিতৈঃ অধ্যাত্মবিষয়ৈঃ, হেতুমদ্ভির্যুক্তিযুক্তৈঃ ॥৬২॥

প্রজ্ঞেতি। প্রজ্ঞা মুক্তিবিষয়া বুদ্ধিঃ বিজ্ঞানঞ্চ শিল্পশাস্ত্রবুদ্ধিস্তাভ্যাং যুক্তেন, বুদ্ধেঃ সংজ্ঞাং নিবৃত্তিবিষয়ে সঙ্কেতং প্রদদাতীতি তেন ময়া। চেষ্টিতং কার্য্যম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৩॥

এই বালকটীর তেজ নাই, প্রাণও গিয়াছে, দেহটীও কাষ্ঠের ন্যায় হইয়া পড়িয়াছে ; সুতরাং তোমরা ইহাকে পরিত্যাগ কর। উহার জীব অন্য দেহে যাইয়া প্রবেশ করিয়াছে, শবদেহটী কেবল কাষ্ঠের ন্যায় রহিয়াছে ॥৫৯॥

হে মনুষ্যগণ ! তোমরা এই প্রাণহীন বালকের শবটী পরিত্যাগ করিয়া কেন যাইতেছ না ? তোমাদের এ স্নেহ নিরর্থক এবং ইহাকে ধরিয়া থাকাও নিষ্ফল ॥৬০॥

এই বালকটী চোখে দেখিতেছে না, কানেও শুনিতেছে না ; তথাপি তোমরা ইহাকে পরিত্যাগ করিয়া সত্বর গৃহে যাইতেছ না কেন ? ॥৬১॥

আমি তোমাদের নিকটে অধ্যাত্মবিষয়সংশ্লিষ্ট, যুক্তিযুক্ত, অথ চ অত্যন্ত নিষ্ঠুর বাক্যসকল বলিয়াছি ; সুতরাং তোমরা সত্বর আপন আপন ভবনে গমন কর ॥৬২॥

ইত্যেতদ্বচনং শ্রুত্বা সন্নিবৃত্তাস্তু মানুষাঃ।
অপশ্যত্তং তদা সুপ্তং দ্রুতমাগত্য জম্বুকঃ ॥৬৪॥

জম্বুক উবাচ।

ইমং কনকবর্ণাভং ভূষণৈঃ সমলঙ্কৃতম্।
গৃধ্রবাক্যাৎ কথং পুত্রং ত্যজধ্বং পিতৃপিণ্ডদম্ ॥৬৫॥
ন স্নেহস্য চ বিচ্ছেদো বিলাপরুদিতস্য চ।
মৃতস্যাস্য পরিত্যাগাত্তাপো বৈ ভবিতা ধ্রুবম্ ॥৬৬॥
শ্রূয়তে শম্বুকে শূদ্রে হতে ব্রাহ্মণদারকঃ।
জীবিতো ধর্ম্মমাসাদ্য রামাৎ সত্যপরাক্রমাৎ ॥৬৭॥
তথা শ্বেতস্য রাজর্ষের্বালো দিষ্টান্তমাগতঃ।
শ্বেতেন ধর্ম্মনিষ্ঠেন মৃতঃ সংজীবিতঃ পুনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

ইতীতি। তং বালকম্, সুপ্তং নিদ্রিতমিব স্থিতম্ ॥৬৪॥

ইমমিতি। পিতৃপিণ্ডদমিত্যনেন তত্ত্যাগঃ সর্ব্বথৈব যুক্ত ইতি সূচিতম্ ॥৬৫॥

নেতি। মৃতস্য অস্য পরিত্যাগাৎ স্নেহস্য বিলাপরুদিতস্য চ বিচ্ছেদো বিরামো ন ভবেৎ, প্রত্যুত ধ্রুবং তাপো ভবিতা ॥৬৬॥

অথ মৃতঃ পুনর্জীবিত ইতি ত্বয়া দৃষ্টং শ্রুতং বেত্যাহ শ্রূয়ত ইতি। শম্বুকে তদাখ্যে। রামায়ণবৃত্তান্তোহয়ম্ ॥৬৭॥

তথেতি। দিষ্টান্তমাগতো মৃত্যুং প্রাপ্তঃ। ইতিহাসোহয়ম্ ॥৬৮॥

মনুষ্যগণ! জ্ঞান ও বিজ্ঞানশালী এবং পরের বুদ্ধিপরিচালক আমি তোমাদিগকে বহু কথা শুনাইয়াছি; সুতরাং তোমরা ফিরিয়া যাও। কারণ, মৃত আত্মীয়ের কার্য্য দেখিলে বা ভাবিলে শোক দ্বিগুণ হইয়া থাকে' ॥৬৩॥

গৃধ্রের এই সকল কথা শুনিয়া সেই মানুষেরা আবার ফিরিল। তখন শৃগাল দ্রুত আসিয়া নিদ্রিতের ন্যায় সেই বালকটীকে দেখিল ॥৬৪॥

জম্বুক বলিল—'মনুষ্যগণ! তোমাদের এই পুত্রটী স্বর্ণবর্ণ, নানা অলঙ্কারে অলঙ্কৃত এবং ভবিষ্যতে পিতৃলোকের পিণ্ডদান করিবে; সুতরাং তোমরা গৃধ্রের বাক্যে ইহাকে পরিত্যাগ করিতেছ কেন? ॥৬৫॥

ইহাকে পরিত্যাগ করিলে তোমাদের স্নেহ, বিলাপ ও রোদনের নিবৃত্তি হইবে না; প্রত্যুত নিশ্চয়ই গুরুতর সন্তাপ হইবে ॥৬৬॥

আমরা শুনিতে পাই, যথার্থপরাক্রমশালী রামচন্দ্র শূদ্র শম্বুককে বধ করিলে, কোন ব্রাহ্মণের মৃতপুত্র ধর্ম্মলাভ করিয়া পুনরায় জীবিত হইয়াছিল ॥৬৭॥

তথা কশ্চিদ্ভবেৎ সিদ্ধো মুনির্ব্বা দেবতাপি বা।
কৃপণানামনুক্রোশং কুর্য্যাদ্বো রুদতামিহ ॥৬৯॥
ইত্যুক্তাস্তে ন্যবর্ত্তন্ত শোকার্ত্তাঃ পুত্রবৎসলাঃ।
অঙ্কে শিরঃ সমাধায় রুরুদুর্ব্বহুবিস্তরম্।
তেষাং রুদিতশব্দেন গৃধ্রোঽভ্যেত্য বচোঽব্রবীৎ ॥৭০॥

গৃধ্র উবাচ।

অশ্রুপাতপরিক্লিন্নঃ পাণিস্পর্শপ্রপীড়িতঃ।
ধর্ম্মরাজপ্রয়োগাচ্চ দীর্ঘনিদ্রাং প্রবেশিতঃ ॥৭১॥
তপসাপি হি সংযুক্তা ধনবন্তো মহাধিয়ঃ।
সর্ব্বে মৃত্যুবশং যান্তি তদিদং প্রেতপত্তনম্ ॥৭২॥
বালবৃদ্ধসহস্রাণি সদা সন্ত্যজ্য বান্ধবাঃ।
দিনানি চৈব রাত্রীশ্চ দুঃখং তিষ্ঠন্তি ভূতলে ॥৭৩॥

ভারতকৌমুদী

তথেতি। ভবেৎ অত্রোপস্থিতঃ, সিদ্ধো যোগসিদ্ধঃ। কৃপণানাং শোককাতরাণাং বো যুষ্মাকমুপরি, অনুক্রোশং দয়াম্ ॥৬৯॥

ইতীতি। অঙ্কে ক্রোড়ে, শিরো বালকস্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭০॥

অশ্রিতি। বন্ধূনাম্ অশ্রুপাতেন পরিক্লিন্নঃ সিক্তঃ, অঙ্কাদঙ্কান্তরগ্রহণকালে পাণিস্পর্শেন প্রপীড়িতঃ, এষ বালকঃ, ধর্ম্মরাজস্য যমস্য প্রয়োগাৎ নিয়োগাচ্চ দীর্ঘনিদ্রাং প্রবেশিতো মৃত্যুং প্রাপিতঃ। অতো যুষ্মাকমত্রাবস্থানং নিষ্প্রয়োজনমেবেতি ভাবঃ ॥৭১॥

তপসেতি। প্রেতপত্তনং যমপুরম্। অত এতস্য তত্র গমনং ন চিত্রমিতি ভাবঃ ॥৭২॥

এবং রাজর্ষি শ্বেতের পুত্র মৃত্যুমুখে পতিত হইয়াছিল; আবার ধার্ম্মিক রাজা শ্বেত, তাহাকে বাঁচাইয়াছিলেন ॥৬৮॥

সেইরূপই কোন সিদ্ধপুরুষ বা মুনি, কিংবা দেবতা উপস্থিত হইতে পারেন। যিনি এখনই শোককাতর ও রোদনপরায়ণ তোমাদের উপরে দয়া করিবেন ॥৬৯॥

জম্বুক এইরূপ বলিলে, শোকার্ত্ত ও পুত্রবৎসল সেই বান্ধবেরা আবার ফিরিয়া আসিল এবং বালকটীর মস্তক ক্রোড়ে করিয়া অত্যন্ত রোদন করিতে লাগিল। তাহাদের রোদনশব্দ শুনিয়া গৃধ্র আসিয়া এই কথা কহিল ॥৭০॥

গৃধ্র বলিল—'এই বালকটী অশ্রুজলে সিক্ত ও হস্তস্পর্শে নিপীড়িত হইয়াছিল; পরে, যমরাজের আদেশে মৃত্যুমুখে পতিত হইয়াছে ॥৭১॥

তপস্বীই হউক, ধনবান্ই হউক কিংবা বুদ্ধিমান্ই হউক, সকলেই মৃত্যুমুখে পতিত হইয়া থাকে এবং সেই প্রেতপুরেও গমন করে ॥৭২॥

অলং নির্ব্বন্ধমাগত্য শোকস্য পরিধারণে।
অপ্রত্যয়ং কুতো হ্যস্য পুনরদ্যেহ জীবিতম্ ॥৭৪॥
নৈষ জম্বুকবাক্যেন পুনঃ প্রাপ্স্যতি জীবিতম্।
মৃতস্যোৎসৃষ্টদেহস্য পুনর্দেহো ন বিদ্যতে ॥৭৫॥
নৈব মূর্ত্তিপ্রদানেন জম্বুকস্য শতৈরপি।
শক্যো জীবয়িতুং হ্যেষ বালো বর্ষশতৈরপি ॥৭৬॥
অথ রুদ্রঃ কুমারো বা ব্রহ্মা বা বিষ্ণুরেব চ।
বরমস্মৈ প্রযচ্ছেয়ুস্ততো জীবেদয়ং শিশুঃ ॥৭৭॥
নৈব বাষ্পবিমোক্ষেণ ন বাশ্বাসকৃতেন চ।
ন দীর্ঘরুদিতেনায়ং পুনর্জীবং গমিষ্যতি ॥৭৮॥

ভারতকৌমুদী

বালেতি। দিনানি রাত্রীশ্চেতি অত্যন্তসংযোগে দ্বিতীয়া। অতো যুষ্মাকমেবৈতৎ ন দুঃখ-মিত্যাশয়ঃ ॥৭৩॥

অলমিতি। নির্ব্বন্ধমাগ্রহাতিরেকম্। ন বিদ্যতে প্রত্যয়ো বিশ্বাসো যস্মিন্ তৎ অস্যাদ্য পুনর্জীবিতং কুতঃ কুতোঽপি নেত্যর্থঃ ॥৭৪॥

নেতি। উৎসৃষ্টো ত্যক্তো দেহো যেন তস্য, দেহঃ স্বকায়ঃ ॥৭৫॥

নেতি। মূর্ত্তিপ্রদানেন তস্য দেহস্য পুনরর্পণেন ॥৭৬॥

অথ কথমপি ন জীবেদিত্যাহ অথেতি। কুমারঃ কার্ত্তিকেয়ঃ ॥৭৭॥

নেতি। শ্বাসকৃতেন নিশ্বাসত্যাগেন। সর্ব্বত্র যুষ্মাকমিতি শেষঃ ॥৭৮॥

বান্ধবেরা সর্ব্বদাই সহস্র সহস্র বালক ও বৃদ্ধকে পরিত্যাগ করিয়া দিন ও রাত্রি দুঃখে অতিবাহিত করে ॥৭৩॥

শোকভার বহনের জন্য তোমাদের গুরুতর আগ্রহ করা নিষ্প্রয়োজন। আজ পুনরায় ইহার জীবন কি করিয়া আসিবে? সে বিষয়ে আমার বিশ্বাস নাই ॥৭৪॥

কেবল শৃগালের কথায় এই বালকটী পুনরায় জীবন পাইবে না। "কারণ, যে জীব, যে দেহ ত্যাগ করিয়া যায়, সে জীবের সে দেহ আর হয় না ॥৭৫॥

শত শত শৃগালও শত শত বৎসরেও সেই দেহ দান করিয়া এই বালকটীকে বাঁচাইতে পারিবে না ॥৭৬॥

তবে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর কিংবা কার্ত্তিক আসিয়া ইহাকে যদি বর দেন, তবে এই শিশু বাঁচিতে পারে ॥৭৭॥

অহঞ্চ ক্রোষ্টুকশ্চৈব যূয়ং যে চাস্য বান্ধবাঃ।
ধর্ম্মাধর্ম্মৌ গৃহীত্বেহ সর্ব্বে বর্ত্তামহেঽধ্বনি ॥৭৯॥
অপ্রিয়ং পরুষঞ্চাপি পরদ্রোহং পরস্ত্রিয়ম্।
অধর্ম্মমনৃতঞ্চৈব দূরাৎ প্রাজ্ঞো বিবর্জ্জয়েৎ ॥৮০॥
ধর্ম্মং সত্যং শ্রুতং ন্যায়্যং মহতীং প্রাণিনাং দয়াম্।
অজিহ্মত্বমশাঠ্যঞ্চ যত্নতঃ পরিমার্গত ॥৮১॥
মাতরং পিতরং বাপি বান্ধবান্ সুহৃদস্তথা।
জীবতো যে ন পশ্যন্তি তেষাং ধর্ম্মবিপর্য্যয়ঃ ॥৮২॥
যো ন পশ্যতি চক্ষুর্ভ্যাং নেঙ্গতে চ কথঞ্চন।
তস্য নিষ্ঠাবসানান্তে রুদন্তঃ কিং করিষ্যথ ॥৮৩॥
ইত্যুক্তাস্তে সুতং ত্যক্ত্বা ভূমৌ শোকপরিপ্লুতাঃ।
দহ্যমানাঃ সুতস্নেহাৎ প্রযযুর্ব্বান্ধবা গৃহম্ ॥৮৪॥

ভারতকৌমুদী

অহমিতি। ক্রোষ্টুকঃ শৃগালঃ। অধ্বনি সংসারমার্গে ॥৭৯॥

অপ্রিয়মিতি। পরুষং নিষ্ঠুরম্। অনৃতং মিথ্যা। সর্ব্বেষামেব পাপজনকত্বাদিতি ভাবঃ ॥৮০॥

ধর্ম্মমিতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্। অজিহ্মত্বং অকুটিলত্বম্। পরিমার্গত সমন্তাৎ অন্বিষ্যত ॥৮১॥

মাতরমিতি। ন পশ্যন্তি সাগব্যবিধানায় নানুসন্দধতে, ধর্ম্মস্য বিপর্য্যয়ো লোপো ভবতি ॥৮২॥

য ইতি। যো বালকঃ, নেঙ্গতে ন স্পন্দতে। তস্য নিষ্ঠাবসানান্তে নাশনিশ্চয়ান্তে ॥৮৩॥

তোমাদের অশ্রুপাত, নিশ্বাস ত্যাগ কিংবা উচ্চস্বরে রোদনদ্বারা এ বালক পুনরায় জীবন লাভ করিবে না ॥৭৮॥

আমি, শৃগাল, তোমরা এবং ইহার অন্য যে সকল বান্ধব আছে, তাহারা সকলেই পুণ্য ও পাপ লইয়া এই জগতে সংসারপথে চলিয়াছি ॥৭৯॥

প্রাজ্ঞলোক অপ্রিয়, নিষ্ঠুর, পরদ্রোহ, পরস্ত্রী, অধর্ম্ম ও মিথ্যা আচরণ দূর হইতে পরিত্যাগ করিবেন ॥৮০॥

তোমরা ধর্ম্ম, সত্য, শাস্ত্রজ্ঞান, ন্যায়সঙ্গতকার্য্য, প্রাণিগণের উপরে মহা দয়া, সরলতা ও সাধুতা অর্জ্জন করিবার জন্য যত্নপূর্ব্বক অন্বেষণ কর ॥৮১॥

যাহারা পিতা, মাতা, বান্ধব ও সুহৃদ্বর্গকে জীবিত অবস্থায় না দেখে, তাহাদেরই ধর্ম্ম লোপ হয় ॥৮২॥

যে নয়নযুগলদ্বারা দর্শন করে না, কিংবা যাহার একটুও স্পন্দন নাই, তাহার মৃত্যুনিশ্চয়ের পরে তোমরা রোদন করিয়া কি করিবে ?' ॥৮৩॥

জম্বুক উবাচ।

দারুণো মর্ত্ত্যলোকোঽয়ং সর্ব্বপ্রাণিবিনাশনঃ।
ইষ্টবন্ধুবিয়োগশ্চ তথেহাল্পঞ্চ জীবিতম্।
বহ্বলীকমসত্যঞ্চাপ্যতিবাদাপ্রিয়ংবদম্ ॥৮৫॥
ইমং প্রেক্ষ্য পুনর্ভাবং দুঃখশোকবিবর্দ্ধনম্।
ন মে মানুষলোকোঽয়ং মুহূর্ত্তমপি রোচতে ॥৮৬॥
অহো! ধিক্ গৃধ্রবাক্যেন সন্নিবর্ত্তথ মানুষাঃ!।
প্রদীপ্তাঃ পুত্রশোকেন যথৈবাবুদ্ধয়স্তথা ॥৮৭॥
কথং গচ্ছথ নিস্নেহাঃ সুতস্নেহং বিসৃজ্য চ।
শ্রুত্বা গৃধ্রস্য বচনং পাপস্যেহাকৃতাত্মনঃ ॥৮৮॥

ভারতকৌমুদী

ইতীতি। ভূমৌ ত্যক্তেতি সম্বন্ধঃ ॥৮৪॥

দারুণ ইতি। সর্ব্বেষামেব প্রাণিনাং বিনাশনঃ কালেন বিনাশজনকঃ। বহ্বলীকাদিকং পশ্যাম ইতি শেষঃ। ষট্পাদঃ শ্লোকঃ ৮৫॥

ইমমিতি। ভাবমবস্থাম্ ॥৮৬॥

অহো ইতি। সন্নিবর্ত্তথ সন্নিবৃত্তা জাতাঃ ॥৮৭॥

কথমিতি। অকৃতাত্মনঃ অশিক্ষিতবুদ্ধেঃ ॥৮৮॥

গৃধ্র এইরূপ বলিলে, সেই বান্ধবেরা বালকটীকে ভূতলে রাখিয়া তাহার স্নেহে শোকার্ত্ত ও সন্তপ্ত হইতে থাকিয়া, গৃহের দিকে গমন করিতে লাগিল ॥৮৪॥

শৃগাল বলিল—'সমস্ত প্রাণীরই বিনাশঘটক এই মর্ত্ত্যলোক অতিভয়ঙ্কর। এখানে অভীষ্টলোক ও বন্ধুজনের বিচ্ছেদ হইয়া থাকে এবং প্রাণিগণের জীবন অল্পকাল স্থায়ী হয়, আর বহুতর অলীক, অসত্য ব্যবহার, অত্যুক্তি ও অপ্রিয়বাদী লোক দেখা যায় ॥৮৫॥

দুঃখশোকবর্দ্ধক এই অবস্থা দেখিয়া এই মর্ত্ত্যলোক আমার মুহূর্ত্তকালও ভাল লাগে না ॥৮৬॥

হে মনুষ্যগণ! তোমাদিগকে ধিক্। কেন না, তোমরা পুত্রশোকে সন্তপ্ত হইয়াও নির্ব্বোধের ন্যায় গৃধ্রের বাক্যে ফিরিয়া যাইতেছ ॥৮৭॥

তোমরা পাপাত্মা ও অশিক্ষিতবুদ্ধি গৃধ্রের বাক্য শুনিয়া পুত্রস্নেহ বিসর্জ্জন দিয়া স্নেহশূন্য হইয়া কেন যাইতেছ? ॥৮৮॥

(৮৭) অত্র পদপাদবৈপরীত্যং বহুলমেব পুস্তকভেদে দ্রষ্টব্যম্।

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।
সুখদুঃখাবৃতে লোকে নেহাস্ত্যেকমনন্তরম্ ॥৮৯॥
ইমং ক্ষিতিতলে ত্যক্ত্বা বালং রূপসমন্বিতম্।
কুলশোভাকরং মূঢ়াঃ! পুত্রং ত্যক্ত্বা ক্ব যাস্যথ ॥৯০॥
রূপযৌবনসম্পন্নং দ্যোতমানমিব শ্রিয়া।
জীবন্তমিব পশ্যামি মনসা নাত্র সংশয়ঃ ॥৯১॥
বিনাশে নাস্য নহি বৈ সুখং প্রাপ্স্যথ মানুষাঃ!।
পুত্রশোকাভিতপ্তানাং ভবিষ্যত্যদ্য বঃ ক্ষমম্ ॥৯২॥
দুঃখসম্ভাবনাং কৃত্বা ধারায়িত্বা সুখং স্বয়ম্।
ত্যক্ত্বা গমিষ্যথ ক্বাদ্য সমুৎসৃজ্যাল্পবুদ্ধিবৎ ॥৯৩॥

ভারতকৌমুদী

সুখস্যেতি। সুখদুঃখাভ্যামাবৃতে ব্যাপ্তে। একং সুখং দুঃখং বা, অনন্তরং নিরন্তরম্ ॥৮৯॥

ইমমিতি। কুলশোভাকরং বংশালঙ্কারম্ ॥৯০॥

রূপেতি। রূপেণ সৌন্দর্য্যেণ যৌবনেন যৌবনবদ্বলেন চ সম্পন্নম্, তদানীমপি বালত্বাৎ যৌবনাসম্ভবাৎ। পশ্যামি সম্ভাবয়ামি ॥৯১॥

বিনাশেনেতি। ক্ষমং যোগ্যং মরণমেবেতি শেষঃ ॥৯২॥

দুঃখেতি। রাত্রাবত্রাবস্থানে দুঃখসম্ভাবনং কষ্টনিরূপণং কৃত্বা স্বয়ং সুখং ধারয়িত্বা গৃহে সুখমবধাৰ্য্য ॥৯৩॥

এই জগতে সুখের পরে দুঃখ হয়, আবার দুঃখের পরে সুখ হইয়া থাকে; সুতরাং সুখদুঃখযুক্ত জগতে সুখ বা দুঃখ ইহার একটাই নিরন্তর হয় না ॥৮৯॥

মূঢ় মানুষগণ! বংশের অলঙ্কার ও পরমসুন্দর এই বালকপুত্রটীকে ভূতলে ত্যাগ করিয়া তোমরা কোথায় যাইবে? ॥৯০॥

ইহার রূপ ও যৌবনের ন্যায় বল রহিয়াছে এবং আপন কান্তিতে যেন দীপ্তি পাইতেছে; সুতরাং আমি মনে মনে উহাকে জীবিত বলিয়া ধারণা করিতেছি; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৯১॥

হে মানুষগণ! এই বালকটীর মৃত্যুতে তোমরা সুখ পাইবে না; বরং পুত্রশোকে সন্তপ্ত হওয়ায় তোমাদেরও মৃত্যু হইতে পারে ॥৯২॥

রাত্রিতে এখানে থাকিলে গুরুতর কষ্ট হইবে, আর গৃহে গমন করিলে সে কষ্ট

(৯২) অত্র পুস্তকভেদ এব পাঠভেদো দ্রষ্টব্যঃ।

ভীষ্ম উবাচ।

তথা ধর্ম্মবিরোধেন প্রিয়মিথ্যাভিধায়িনা।
শ্মশানবাসিনা নিত্যং রাত্রিং মৃগয়তা নৃপ ! ॥৯৪॥
ততো মধ্যস্থতাং নীতা বচনৈরমৃতোপমৈঃ।
জম্বুকেন স্বকার্য্যার্থং বান্ধবাস্তস্য ধিষ্ঠিতাঃ ॥৯৫॥ (যুগ্মকম্)

গৃধ্র উবাচ।

অয়ং প্রেতসমাকীর্ণো যক্ষরাক্ষসসেবিতঃ।
দারুণঃ কাননোদ্দেশঃ কৌশিকৈরভিনাদিতঃ ॥৯৬॥
ভীমঃ সুঘোরশ্চ তথা নীলমেঘসমপ্রভঃ।
অস্মিন্ শবং পরিত্যজ্য প্রেতকার্য্যান্যুপাসত ॥৯৭॥ (যুগ্মকম্)
ভানুর্যাবৎ প্রয়াত্যস্তং যাবচ্চ বিমলা দিশঃ।
তাবদেনং পরিত্যজ্য প্রেতকার্য্যাণ্যুপাসত ॥৯৮॥

ভারতকৌমুদী

তথেতি। ধর্ম্মবিরোধেন সংকারবিলম্ববিধানাদিতি ভাবঃ। মৃগয়তা ভোজনসৌকর্য্যার্থমন্বিষ্যতা। মধ্যস্থতাং স্থিতিপ্রস্থানয়োর্মধ্যবর্ত্তিতাং তয়োঃ সন্দেহমিত্যর্থঃ। ধিষ্ঠিতাঃ অধিষ্ঠাপিতাঃ ॥৯৪—৯৫॥

অয়মিতি। প্রেতৈর্মৃতশবৈঃ সমাকীর্ণঃ। কাননোদ্দেশো বনাংশঃ, কৌশিকৈঃ পেচকৈঃ। প্রেতকার্য্যাণি পূরকপিণ্ডদানাদীনি, উপাসত অনুতিষ্ঠত ॥৯৬—৯৭॥

ভানুরিতি। ভানুঃ সূর্য্যঃ। বিমলাঃ অন্ধকারশূন্যাঃ ॥৯৮॥

হইবে না; ইহা মনে করিয়া নিজেদের সুখের জন্য অল্পবুদ্ধির ন্যায় ইহাকে পরিত্যাগ করিয়া এখন তোমরা কোথায় যাইবে?' ॥৯৩॥

ভীষ্ম বলিলেন—'রাজা! সর্ব্বদা শ্মশানবাসী সেই শৃগাল নিজের কার্য্য সাধন করিবার জন্য রাত্রি হওয়ার আকাঙ্ক্ষা করিয়া সেইরূপ ধর্ম্মবিরোধী মিথ্যা, অথচ অমৃততুল্য প্রিয়বাক্যদ্বারা সেই বন্ধুবর্গকে অবস্থান ও প্রস্থানের মধ্যবর্ত্তী করিয়া তাহাদিগকে তখন থামাইয়া দিল' ॥৯৪—৯৫॥

গৃধ্র বলিল—'মনুষ্যগণ! বনের এই অংশে মানুষের বহুতর শব রহিয়াছে, যক্ষ ও রাক্ষসগণ বিচরণ করিতেছে, পেচক ডাকিতেছে এবং নীলমেঘের ন্যায় দৃষ্টিগোচর হইতেছে; সুতরাং এই বনভূমি অতিভীষণ স্থান। অতএব তোমরা এই স্থানে বালকটীকে পরিত্যাগ করিয়া গৃহে যাইয়া উহার প্রেতকার্য্য কর ॥৯৬—৯৭॥

নদন্তি পরুষং শ্যেনাঃ শিবাঃ ক্রোশন্তি দারুণম্।
মৃগেন্দ্রাঃ প্রতিনর্দ্দন্তি রবিরস্তঞ্চ গচ্ছতি ॥৯৯॥
চিতাধূমেন নীলেন সংরজ্যন্তে চ পাদপাঃ।
শ্মশানে চ নিরাহারাঃ প্রতিনর্দ্দন্তি দেবতাঃ ॥১০০॥
সর্ব্বে বিবৃতদেহাশ্চাপ্যস্মিন্ দেশে সুদারুণে।
যুষ্মান্ প্রধর্ষয়িষ্যন্তি বিকৃতা মাংসভোজিনঃ ॥১০১॥
ক্রূরশ্চায়ং বনোদ্দেশো ভয়মদ্য ভবিষ্যতি।
ত্যজ্যতাং কাষ্ঠভূতোঽয়ং মৃষ্যতাং জম্বুকং বচঃ ॥১০২॥
যদি জাম্বুকবাক্যানি নিষ্ফলান্যনৃতানি চ।
শ্রোষ্যথ ভ্রষ্টবিজ্ঞানাস্ততঃ সর্বে বিনঙ্ক্ষ্যথ ॥১০৩॥

ভারতকৌমুদী

নদন্তীতি। পরুষং নিষ্ঠুরম্, শিবাঃ শৃগালাঃ। মৃগেন্দ্রাঃ সিংহাঃ ॥৯৯॥

চিতেতি। সংরজ্যন্তে লিপ্যন্তে। দেবতা দেবযোনয়ঃ প্রেতাঃ ॥১০০॥

সর্ব্ব ইতি। বিবৃতদেহাঃ প্রকটিতশরীরাঃ। প্রধর্ষয়িষ্যন্তি অভিভবিষ্যন্তি ॥১০১॥

ক্রূর ইতি। ভয়ং যুষ্মাকম্। অয়ং বালকঃ, মৃষ্যতাং বিবিচ্যতাং বিবেচনেন ত্যজ্যতাম্, জম্বুকস্য শৃগালস্যেদমিতি জাম্বুকম্ ॥১০২॥

যদীতি। অনৃতানি মিথ্যাভূতানি। ভ্রষ্টবিজ্ঞানা বিচ্যুতসত্যজ্ঞানা যূয়ম্ ॥১০৩॥

যে পর্যন্ত সূর্য্য অস্ত যান এবং যে পর্য্যন্ত দিক্‌সকল অন্ধকারশূন্য থাকে, তাহার মধ্যে তোমরা এই বালকটীকে পরিত্যাগ করিয়া গৃহে যাইয়া উহার প্রেতকার্য্য কর ॥৯৮॥

শ্যেনপক্ষিগণ নিষ্ঠুর রব করিতেছে, শৃগালগণ উচ্চস্বরে ডাকিতেছে, সিংহগণ গর্জ্জন করিতেছে, সূর্য্যও অস্ত যাইতেছেন ॥৯৯॥

নীলবর্ণ চিতাধূমে বৃক্ষসকল লিপ্ত হইতেছে এবং উপবাসী প্রেতগণ শ্মশানে গর্জ্জন করিয়া বেড়াইতেছে ॥১০০॥

বিকৃত মূর্ত্তি ও মাংসভোজী শ্যেনপ্রভৃতি সমস্ত প্রাণীই আবির্ভূত হইয়া এই ভীষণ শ্মশানে তোমাদিগকে আক্রমণ করিবে ॥১০১॥

এই বনভূমি অতি ভীষণ; সুতরাং আজ তোমাদের অত্যন্ত ভয় হইবে। অতএব এই কাষ্ঠপ্রায় বালকটীকে পরিত্যাগ কর এবং শৃগালের বাক্যসম্বন্ধে বিবেচনা কর ॥১০২॥

জম্বুক উবাচ।

স্থীয়তাং নেহ ভেতব্যং যাবত্তপতি ভাস্করঃ।
তাবদস্মিন্ সুতস্নেহাদনির্ব্বেদেন বর্ত্তত ॥১০৪॥
স্বৈরং রুদন্তো বিশ্রব্ধাশ্চিরং স্নেহেন পশ্যত।
দারুণেঽস্মিন্ বনোদ্দেশে ভয়ং বো ন ভবিষ্যতি ॥১০৫॥
অয়ং সৌম্যো বনোদ্দেশঃ পিতৃণাং নিধনাকরঃ।
স্থীয়তাং যাবদাদিত্যঃ কিং বঃ ক্রব্যাদভাষিতৈঃ ॥১০৬॥
যদি গৃধ্রস্য বাক্যানি তীব্রাণি রভসানি চ।
গৃহ্ণীত মোহিতাত্মানঃ সুতো বো ন ভবিষ্যতি ॥১০৭॥

ভারতকৌমুদী

স্থীয়তামিতি। অনির্ব্বেদেন আত্মগ্লান্যভাবেন, বর্ত্তত তিষ্ঠত ॥১০৪॥

স্বৈরমিতি। স্বৈরং স্বচ্ছন্দম্, বিশ্রব্ধা বিশ্বস্তাঃ সন্তঃ ॥১০৫॥

অয়মিতি। সৌম্যঃ সুন্দরো নিরুপদ্রব ইত্যর্থঃ, নিধনাকরঃ শ্মশানম্। ক্রব্যাদস্য মাংস-ভোজিনো গৃধ্রস্য ভাষিতৈরীদৃশৈর্ব্বাক্যৈঃ ॥১০৬॥

যদীতি। তীব্রাণি উৎকটানি, রভসানি প্রস্থানে প্রবৃত্তিবেগপরাণি। ন ভবিষ্যতি ন স্থাস্যতি ॥১০৭॥

নিষ্ফল শৃগালের বাক্যগুলিকে সত্য মনে করিয়া ও জ্ঞানশূন্য হইয়া উহাই যদি তোমরা শুনিতে থাক, তাহা হইলে সকলেই বিনষ্ট হইবে' ॥১০৩॥

শৃগাল বলিল—'তোমরা এইখানে থাক, ভয় করিও না। যে পর্য্যন্ত সূর্য্য আছেন, সেই পর্য্যন্ত আত্মগ্লানি পরিত্যাগ করিয়া পুত্রস্নেহবশতঃ এইখানেই থাক ॥১০৪॥

তোমরা ইচ্ছানুসারে রোদন করিতে থাকিয়া বিশ্বস্তচিত্তে স্নেহের গুণে দীর্ঘকাল বালকটীকে দর্শন কর। এই বনভূমি ভীষণ হইলেও তোমাদের কোন ভয় হইবে না ॥১০৫॥

মনুষ্যগণ! এই বনভূমি ও শ্মশান উপদ্রবশূন্য; অতএব যে পর্য্যন্ত সূর্য্য থাকেন, সে পর্য্যন্ত তোমরাও থাক; মাংসভোজী গৃধ্রের বাক্য গ্রহণ করায় তোমাদের কোন ফল হইবে না ॥১০৬॥

তোমরা মুগ্ধচিত্ত হইয়া যদি গৃধ্রের উৎকট ও সত্বর প্রস্থান প্রবৃত্তিজনক বাক্য গ্রহণ কর, তাহা হইলে বস্তুতই তোমাদের পুত্র বাঁচিবে না' ॥১০৭॥

(৪) ···তাবদস্মিন্ সুতে স্নেহাৎ···বঙ্গ।

ভীষ্ম উবাচ।

গৃধ্রোঽস্তমিত্যাহ গতো গতো নেতি চ জম্বুকঃ।
মৃতস্য তং পরিজনমূচতুস্তৌ ক্ষুধান্বিতৌ ॥১০৮॥
স্বকার্য্যবদ্ধকক্ষৌ তৌ রাজন্! গৃধ্রোঽথ জম্বুকঃ।
ক্ষুৎপিপাসা-পরিশ্রান্তৌ শাস্ত্রমালম্ব্য জল্পতঃ ॥১০৯॥
তয়োর্ব্বিজ্ঞানবিদুষোর্দ্বয়োর্মৃগপতত্রিণোঃ।
বাক্যৈরমৃতকল্পৈস্তৈঃ প্রতিষ্টন্তি ব্রজন্তি চ ॥১১০॥
শোকদৈন্যসমাবিষ্টা রুদন্তস্তস্থিরে তদা।
স্বকার্য্যকুশলাভ্যাং তে সংভ্রাম্যন্তে হি নৈপুণাৎ ॥১১১॥
তথা তয়োর্ব্বিবদতোর্ব্বিজ্ঞানবিদুষোর্দ্বয়োঃ।
বান্ধবানাং স্থিতানাঞ্চাপ্যুপাতিষ্ঠত শঙ্করঃ ॥১১২॥

ভারতকৌমুদী

গৃধ্র ইতি। সূর্য্যঃ অস্তং গত ইতি গৃধ্র আহ স্ম, জম্বুকস্তু সূর্য্যঃ অস্তং ন গত ইত্যাহ স্ম। ক্ষুধান্বিতৌ তৌ গৃধ্রশৃগালৌ মৃতস্য বালকস্য তং পরিজনমিত্থমূচতুঃ ॥১০৮॥

স্বেতি। স্বকার্য্যে নিজনিজকার্য্যসাধনে বদ্ধকক্ষৌ নিতরামাগ্রহান্বিতৌ। জল্পতো কথতঃ স্ম ॥১০৯॥

তয়োরিতি। বিশেষেণ জ্ঞায়তে অনেনেতি বিজ্ঞানং লোকপ্রবৃত্তিঃ তৎ বিত্ত ইতি বিজ্ঞানবিদ্বাংসৌ তয়োঃ, মৃগপতত্রিণোঃ পশুপক্ষিণোঃ শৃগালগৃধ্রয়োঃ। প্রতিষ্ঠন্তি একবারং তত্রাবতিষ্ঠন্তে একবারং ততো ব্রজন্তি চ তে বান্ধবা ইতি শেষঃ ॥১১০॥

শোকেতি। তস্থিরে তে বান্ধবাঃ। স্বকার্য্যকুশলাভ্যাং গৃধ্রশৃগালাভ্যাম্ ॥১১১॥

ভীষ্ম বলিলেন—'গৃধ্র বলে—সূর্য্য অস্ত গিয়াছেন; আবার শৃগাল বলে—সূর্য্য অস্ত যান নাই; এই ভাবে ক্ষুধার্ত্ত সেই গৃধ্র ও শৃগাল মৃত বালকটীর সেই বন্ধুবর্গকে বলিতে লাগিল ॥১০৮॥

রাজা! ক্ষুধা ও পিপাসায় কাতর সেই গৃধ্র ও শৃগাল আপন আপন কার্য্যসাধনে বদ্ধপরিকর হইয়া শাস্ত্র অবলম্বন করিয়া এইরূপ বলিতেছিল ॥১০৯॥

গৃধ্র ও শৃগাল উভয়েই লোকের প্রবৃত্তি বুঝিত এবং তাহাদের বাক্যগুলিও অমৃতের ন্যায় মধুর ছিল; সুতরাং মৃত বালকের বান্ধবগণ তাহাদের বাক্যে বিশ্বাস করিয়া একবার থাকে, আবার যায়, এইরূপ করিতে লাগিল ॥১১০॥

তখন মৃত বালকের বান্ধবেরা রোদন করিতে থাকিয়া শোককাতর অবস্থায় সেই স্থানে অবস্থান করিতে লাগিল, আর স্বকার্য্যসাধননিপুণ গৃধ্র ও শৃগাল বাক্‌পটুতার গুণে তাহাদিগকে বিচলিত করিতে থাকিল ॥১১১॥

দেব্যা প্রণোদিতো দেবঃ কারুণ্যাদ্রীকৃতেক্ষণঃ।
ততস্তানাহমনুজান্ বরদোঽস্মীতি শঙ্করঃ।
তে প্রত্যূচুরিদং বাক্যং দুঃখিতাঃ প্রণতাঃ স্থিতাঃ ॥১১৩॥
একপুত্রবিহীনানাং সর্ব্বেষাং জীবিতার্থিনাম্।
পুত্রস্য নো জীবদানাজ্জীবিতং দাতুমর্হসি ॥১১৪॥
এবমুক্তঃ স ভগবান্ বারিপূর্ণেন পাণিনা।
জীবিতং স্ম কুমারায় প্রাদাদ্বর্ষশতানি বৈ ॥১১৫॥
তথা গোমায়ুগৃধ্রাভ্যাং প্রাদদৎ ক্ষুদ্বিনাশনম্।
বরং পিনাকী ভগবান্ সর্বভূতহিতে রতঃ ॥১১৬॥

ভারতকৌমুদী

তথেতি। দ্বয়োঃ গৃধ্রশৃগালয়োঃ। সর্ব্বত্র সামীপ্যসম্বন্ধে ষষ্ঠী ॥১১২॥

দেব্যেতি। দেব্যা পার্ব্বত্যা। কারুণ্যেন দয়য়া দয়াগতাশ্রুণা আর্দ্রীকৃতে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১১৩॥

একেতি। এক এব পুত্রস্তেনাপি বিহীনানাম্। নঃ অস্মাকম্ ॥১১৪॥

এবমিতি। বারিপূর্ণেন পাণিনা দানং প্রসিদ্ধম্। জীবিতং জীবনম্ ॥১১৫॥

তথেতি। ক্ষুৎ ক্ষুধা বিনাশ্যতে অনেনেতি ক্ষুদ্বিনাশনম্ আকাঙ্ক্ষিতদ্রব্যলাভরূপং বরম্ ॥১১৬॥

লোকমনোভাবাভিজ্ঞ গৃধ্র ও শৃগাল সেইরূপ বিবাদ করিতেছিল এবং মৃত বালকটীর বন্ধুগণও সে স্থানে অবস্থান করিতেছিল, এমন সময়ে পার্ব্বতীর সহিত মহাদেব সে স্থানে উপস্থিত হইলেন ॥১১২॥

ক্রমে দয়া উপস্থিত হওয়ায় মহাদেবের নয়নে জল আসিল এবং পার্ব্বতীও তাঁহাকে প্রণোদিত করিলেন। তাহার পর মহাদেব সেই মনুষ্যগণকে বলিলেন—'আমি তোমাদিগকে বরদান করিব'। তৎপরে সেই মানুষেরা দুঃখিত চিত্তে প্রণত থাকিয়া এই কথা বলিল—॥১১৩॥

'দেবদেব! এটী আমাদের একমাত্র পুত্র ছিল, এও আমাদিগকে ত্যাগ করিয়া গিয়াছে; সুতরাং আমরা সকলেই উহার জীবন প্রার্থনা করি। অতএব আপনি এই পুত্রটীর জীবন দান করিয়া আমাদেরও জীবন দান করুন' ॥১১৪॥

সেই বান্ধবেরা এইরূপ বলিলে, ভগবান্ মহাদেব জলপূর্ণ হস্তে বালকটীকে জীবন দান করিয়া শতবর্ষ আয়ু দান করিলেন ॥১১৫॥

---

(১১৫) ···বারিপূর্ণেন চক্ষুষা···বঙ্গ।

ততঃ প্রণম্য তে দেবং শ্রেয়োহর্ষসমন্বিতাঃ।
কৃতকৃত্যাঃ সুসংহৃষ্টাঃ প্রাতিষ্ঠন্ত তদা বিভো! ॥১১৭॥
অনির্বেদেন দীর্ঘেন নিশ্চয়েন ধ্রুবেণ চ।
দেবদেবপ্রসাদাচ্চ ক্ষিপ্রং ফলমবাপ্যতে ॥১১৮॥
পশ্য দৈবস্য সংযোগং বান্ধবানাঞ্চ নিশ্চয়ম্।
কৃপণানান্তু রুদতাং কৃতমশ্রুপ্রমার্জ্জনম্ ॥১১৯॥
পশ্য চাল্পেন কালেন নিশ্চয়ান্বেষণেন চ।
প্রসাদং শঙ্করাৎ প্রাপ্য দুঃখিতাঃ সুখমাপ্নুবন্ ॥১২০॥

ভারতকৌমুদী

তত ইতি। তে বালকবান্ধবাঃ শ্রেয়সা বালকজীবনলাভরূপমঙ্গলেন যো হর্ষস্তেন সমন্বিতাঃ। সুসংহৃষ্টা আনন্দেন বিস্ময়েন চাতিহৃষ্টরোমাণঃ ॥১১৭॥

ইত্থমন্যত্রাপি সম্ভবতীত্যাহ অনিরিতি। অনির্বেদেন অস্মাকং পাপাদেব মৃত ইত্যাত্মগ্লানিরাহিত্যেন, দীর্ঘেণ দীর্ঘকালীনেন, নিশ্চয়েন অবিকৃতদেহত্বাদবশ্যমেবায়ং জীবিষ্যতীতি নির্ণয়েন, ধ্রুবেণ অবশ্যমেব ভগবাননুগ্রহীষ্যতীতি বান্ধবানাং ধ্রুববিশ্বাসেন চ। অবাপ্যতে লোকৈঃ ॥১১৮॥

পশ্যেতি। নিশ্চয়ং নিশ্চিতফললাভম্। কৃপণানাং শোককাতরাণাম্, কৃতং দেবদেবেন ॥১১৯॥

পশ্যেতি। নিশ্চয়ান্বেষণেন প্রস্থানাবস্থানয়োরেকতরনির্ণয়ানুসন্ধানেন ॥১২০॥

এবং সর্ব্বভূতহিতসাধনে নিরত ভগবান্ মহাদেব শৃগাল ও গৃধ্রকে তাহাদের ক্ষুধার সময়ে অভীষ্ট দ্রব্যলাভের বরদান করিলেন ॥১১৬॥

রাজা! তাহার পর সেই বালকের বান্ধবেরা বিস্ময় ও আনন্দে রোমাঞ্চিত দেহ ও কৃতকার্য্য হইয়া মহাদেবকে নমস্কার করিয়া মঙ্গল ও হর্ষের সহিত তখনই সে স্থান হইতে প্রস্থান করিল ॥১১৭॥

'আমাদের পাপেই মরিয়াছে' এইরূপ আত্মগ্লানি না থাকায়, 'এ অবশ্যই বাঁচিবে' এইরূপ ধারণা থাকায় এবং 'ভগবান্ নিশ্চয়ই অনুগ্রহ করিবেন' এইরূপ ধ্রুব বিশ্বাস থাকায়, আর ঈশ্বরের অনুগ্রহে অন্যত্রও মানুষ সত্বর এই জাতীয় ফল পাইয়া থাকে ॥১১৮॥

যুধিষ্ঠির! দেখ, দৈবের কি অদ্ভুত সংযোগ। কেন না, বালকের বান্ধবেরা শোকে কাতর হইয়া রোদন করিতেছিল, এমন সময়ে মহাদেব আসিয়া তাহাদের অশ্রুমার্জ্জন করিলেন ॥১১৯॥

আরও দেখ, সেই বান্ধবেরা দুঃখিতই ছিল এবং কর্ত্তব্যের অনুসন্ধান করিতেছিল, এমন সময়ে তাহারা অল্পকাল মধ্যেই মহাদেবের অনুগ্রহ লাভ করিয়া পরম সুখ লাভ করিল ॥১২০॥

তে বিস্মিতাঃ প্রহৃষ্টাশ্চ পুত্রসংজীবনাৎ পুনঃ।
বভূবুর্ভরতশ্রেষ্ঠ! প্রসাদাচ্ছঙ্করস্য বৈ ॥১২১॥
ততস্তে ত্বরিতা রাজন্! ত্যক্ত্বা শোকং শিশূদ্ভবম্।
বিবিশুঃ পুত্রমাদায় নগরং হৃষ্টমানসাঃ।
এষা বুদ্ধিঃ সমস্তানাং চাতুর্বর্ণ্যেন দর্শিতা ॥১২২॥
ধর্ম্মার্থমোক্ষসংযুক্তমিতিহাসমিমং শুভম্।
শ্রুত্বা মনুষ্যঃ সততমিহ প্রেত্য চ মোদতে ॥১২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে গৃধ্রজম্বুকসংবাদে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

ত ইতি। পুনঃ, পুত্রস্য তস্য বালকস্য সংজীবনাৎ ॥১২১॥

তত ইতি। শিশূদ্ভবং শিশুমরণজাতম্। চাতুর্বর্ণ্যেন বিশিষ্টানাম্, দর্শিতা অনেনেতিহাসকথনেন ময়া। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২২॥

ধর্ম্মেতি। ধর্ম্মার্থমোক্ষৈঃ তত্তদ্বিষয়বাক্যৈঃ সংযুক্তম্। প্রেত্য পরলোকে ॥১২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভরতশ্রেষ্ঠ! সেই বান্ধবেরা মহাদেবের অনুগ্রহে পুনরায় বালকটীর জীবন লাভ করায় বিস্মিত ও আনন্দিত হইয়াছিল ॥১২১॥

রাজা! তাহার পর তাহারা বালকের শোক পরিত্যাগ করিয়া হৃষ্টচিত্ত হইয়া বালকটীকে লইয়া সত্বর যাইয়া নগরে প্রবেশ করিল। যুধিষ্ঠির! "এই আমি সমস্ত বর্ণেরই মৃত্যুর পরে পুনর্জ্জীবনের বিষয় দেখাইলাম ॥১২২॥

মানুষ ধর্ম্মার্থমোক্ষসংযুক্ত এই শুভ ইতিহাস শ্রবণ করিয়া ইহলোকে ও পরলোকে সর্ব্বদাই আমোদ অনুভব করে' ॥১২৩॥

(১২২) ...চাতুর্বর্ণে নিদর্শিতা—বর্দ্ধ।
(১২৩) ...ইহামুত্র প্রমোদতে—বঙ্গ।
* '...ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

বলিনঃ প্রত্যমিত্রস্য নিত্যমাসন্নবর্ত্তিনঃ।
উপকারাপকারাভ্যাং সমর্থস্যোদ্যতস্য চ ॥১॥
মোহাদ্বিকত্থনামাত্রৈরসারোঽল্পবলো লঘুঃ।
বাগ্‌ভিরপ্রতিরূপাভিরভিদ্রুহ্য পিতামহ ! ॥২॥
আত্মনো বলমাস্থায় কথং বর্ত্তেত মানবঃ।
আগচ্ছতোঽতিক্রুদ্ধস্য তস্যোদ্ধরণকাম্যয়া ॥৩॥ (বিশেষকম্)

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সংবাদং ভরতশ্রেষ্ঠ ! শাল্মলেঃ পবনস্য চ ॥৪॥

ভারতকৌমুদী

বলিন ইতি। হে পিতামহ ! অসারো নির্ধনঃ, অল্পবলঃ, লঘুর্গৌরবহীনশ্চ মানবঃ, মোহাৎ বিকত্থনামাত্রৈঃ আত্মশ্লাঘাপ্রকাশৈঃ, অপ্রতিরূপাভিঃ অযোগ্যাভিঃ বাগ্‌ভিঃ, অভিদ্রুহ্য ক্রোধেনাপকৃত্য, বলিনো নিত্যমাসন্নবর্ত্তিনঃ উপকারাপকারাভ্যাম্ উপকারাপকারয়োঃ সমর্থস্য, অতিক্রুদ্ধস্য, তস্য মানবস্য উদ্ধরণকাম্যয়া আগচ্ছতঃ, প্রহর্ত্তুমুদ্যতস্য চ, প্রত্যমিত্রস্য শত্রোঃ সম্বন্ধে, আত্মনো বলমাস্থায় কথং কেন ভাবেন বর্ত্তেত ॥১—৩॥

অত্রেতি। শাল্মলের্বৃক্ষস্য, পবনস্য বায়োশ্চ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! মানুষ নিজে নির্ধন, অল্প বল ও গৌরবশূন্য হইয়াও মোহবশতঃ আত্মশ্লাঘাপ্রকাশ এবং অযোগ্য বাক্যদ্বারা শত্রুতা ঘটাইয়া ফেলিলে, সর্ব্বদা নিকটবর্ত্তী এবং উপকার ও অপকারে সমর্থ প্রবল শত্রু ক্রুদ্ধ হইয়া সেই মানুষকে উৎখাত করিবার ইচ্ছা করিয়া আসিতে লাগিলে কিংবা আসিয়া প্রহার করিতেই উদ্যত হইলে, সেই দুর্ব্বল মানুষ নিজের শক্তি অবলম্বন করিয়া কি ভাবে চলিবে ?' ॥১—৩॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! এই বিষয়েও পণ্ডিতেরা শাল্মলিবৃক্ষ ও বায়ুর সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৪॥

হিমবন্তং সমাসাদ্য মহানাসীদ্বনস্পতিঃ।
বর্ষপূগাভিসংবৃদ্ধঃ শাখী স্কন্ধী পলাশবান্ ॥৫॥
তত্র স্ম মত্তমাতঙ্গা ঘর্ম্মার্ত্তাঃ শ্রমকর্ষিতাঃ।
বিশ্রাম্যন্তি মহাবাহো ! তথান্যা মৃগজাতয়ঃ ॥৬॥
নল্বমাত্রপরীণাহো ঘনচ্ছায়ো বনস্পতিঃ।
সারিকাশুকসংজুষ্টঃ পুষ্পবান্ ফলবানপি ॥৭॥
সার্থিকা বণিজশ্চাপি তাপসাশ্চ বনৌকসঃ।
বসন্তি তত্র মার্গস্থাঃ সুরম্যে নগসত্তমে ॥৮॥
তস্য তা বিপুলাঃ শাখা দৃষ্ট্বা স্কন্ধঞ্চ সর্ব্বশঃ।
অভিগম্যাব্রবীদেনং নারদো ভরতর্ষভ ! ॥৯॥

ভারতকৌমুদী

হিমেতি। বর্ষপূগেন বৎসরসমূহেন অভিসংবৃদ্ধঃ সর্ব্বথা বৃদ্ধিং প্রাপ্তঃ, শাখী বহুশাখান্বিতঃ, স্কন্ধী প্রকাণ্ডদেশযুক্তঃ পলাশবান্ বহুপত্রশালী ॥৫॥

তত্রেতি। স্মেত্যস্য বিশ্রাম্যন্তীত্যনেন সম্বন্ধঃ। মৃগজাতয়ঃ পশুসমূহাঃ ॥৬॥

নল্বেতি। নল্বমাত্রঃ চতুঃশতহস্তপ্রমাণঃ পরীণাহো বিশালতা যস্য সঃ। "নল্বঃ কিষ্কুচতুঃশতম্" "পরীণাহো বিশালতা" ইতি চামরঃ। সারিকাশুকৈঃ সংজুষ্টঃ সেবিত আসীৎ ॥৭॥

সার্থিকা ইতি। সার্থাঃ সমানপ্রয়োজনাঃ সহচরা এষাং সন্তীতি সার্থিকাঃ। নগসত্তমে পর্ব্বতশ্রেষ্ঠে ॥৮॥

তস্যেতি। স্কন্ধং প্রকাণ্ডদেশম্। এনং শাল্মলিবৃক্ষম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

বলিন ইতি। বলিনঃ প্রত্যমিত্রস্যেতি ॥১—৩॥ যস্যাপন্নো রাজা দৈবেন নাম্নুগৃহ্যতে, তদা তমেব শরণীকুর্য্যাৎ। যদি তু বাক্‌শূরতয়া তেন সহ বিরোধং করোতি, তদা কৃৎস্নং স্বপরিগ্রহং স্বয়মেব ত্যক্ত্বা স্বাত্মমাত্রং রক্ষেৎ। এতৎ পবনশাল্মলিসংবাদাখ্যায়িকয়া দর্শয়তি—অত্রাপীত্যাদিনা

মহারাজ ! পূর্ব্বকালে হিমালয়পর্ব্বতে বহু বৎসর ধরিয়া বৃদ্ধিপ্রাপ্ত বিশাল এক শাল্মলিবৃক্ষ ছিল ; তাহার বহুতর শাখা, বিশাল স্কন্ধদেশ ও অসংখ্য পত্র ছিল ॥৫॥

মহাবাহু যুধিষ্ঠির ! গ্রীষ্মসন্তপ্ত ও পরিশ্রান্ত মত্তহস্তিগণ এবং অন্যান্য পশুগণ সেই শাল্মলিবৃক্ষের তলে যাইয়া বিশ্রাম করিত ॥৬॥

সেই শাল্মলিবৃক্ষ প্রায় চারিশতহাত উঁচু ছিল এবং তাহার ছায়াও নিবিড় ছিল ; আর তাহাতে শুক-সারিকাগণ বাস করিত এবং বহুতর ফুল ও ফল থাকিত ॥৭॥

সহচরসমন্বিত বণিকের দল এবং বনবাসী তপস্বীরা সেই মনোহর হিমালয় দিয়া যাইবার সময় সেই শিমুলগাছের তলায় কখন কখনও অবস্থান করিতেন ॥৮॥

অহো নু রমণীয়স্ত্বম্ অহো চাসি মনোহরঃ ।
প্রীয়ামহে ত্বয়া নিত্যং তরুপ্রবরশাল্মলে ! ॥১০॥
সদৈব শকুনাস্তাত ! মৃগাশ্চাথ তথা গজাঃ ।
বসন্তি তব সংহৃষ্টা মনোহরমনোহরাঃ ॥১১॥
তব শাখা মহাশাখ ! স্কন্ধাংশ্চ বিপুলাংস্তথা ।
ন বৈ প্রভগ্নান্ পশ্যামি মারুতেন কথঞ্চন ॥১২॥
কিন্নু তে পবনস্তাত ! প্রীতিমানথ বা সুহৃৎ ।
ত্বাং রক্ষতি সদা যেন বনেঽত্র পবনো ধ্রুবম্ ॥১৩॥
ভগবান্ পবনঃ স্থানাদ্বৃক্ষানুচ্চাবচানপি ।
পর্ব্বতানাঞ্চ শিখরাণ্যাচালয়তি বেগবান্ ॥১৪॥

ভারতকৌমুদী

অহো ইতি । রমণীয়ঃ সুন্দরঃ, অতএব মনোহরশ্চিত্তাকর্ষী ॥১০॥

সদেতি । শকুনাঃ পক্ষিণঃ, মৃগাঃ পশবঃ । পশুত্বেন গজপ্রাপ্তাবপি পুনস্তদুপাদানং পশুষু তেষাং প্রাধান্যজ্ঞাপনার্থং গোবৃষন্যায়াৎ । মনোহরমনোহরা অতিসুন্দরাঃ ॥১১॥

তবেতি । মহত্যঃ শাখা যস্য তৎ সম্বোধনম্ । মারুতেন বায়ুনা ॥১২॥

কিমিতি । প্রীতিমান্ কেনাপি কারণেন সন্তোষবান্ ॥১৩॥

ভগবানিতি । স্থানাদাচালয়তীতি পরেণ সম্বন্ধঃ । উচ্চাবচান্ নানাবিধান্ ॥১৪॥

ভরতশ্রেষ্ঠ ! কোন সময়ে মহর্ষি নারদ সেই শাল্মলিবৃক্ষের বিপুল শাখা ও বিশাল বিশাল স্কন্দদেশ দর্শন করিয়া নিকটে যাইয়া তাহাকে বলিলেন—॥৯॥

'বৃক্ষশ্রেষ্ঠ শাল্মলি ! তুমি বড়ই সুন্দর এবং এই জন্যই তুমি আমাদের চিত্ত আকর্ষণ করিয়া থাক । আমরা তোমার গুণে সর্ব্বদাই আনন্দ অনুভব করি ॥১০॥

বৎস ! তোমার শাখা ও প্রশাখায় এবং তলদেশে অতিমনোহর পক্ষিগণ, পশুগণ ও হস্তিগণ আনন্দিত হইয়া সর্বদা বাস করে ॥১১॥

হে মহাশাখ-শাল্মলিবৃক্ষ ! বায়ু তোমার শাখা ও বিশাল স্কন্ধ সকল একটুও ভগ্ন করেন নাই, দেখিতেছি ! ॥১২॥

বৎস ! তবে কি বায়ু তোমার উপরে বিশেষ সন্তুষ্ট আছেন ? না, তোমার বন্ধু ? যে হেতু তিনি এই বনে সর্বদাই তোমাকে নিশ্চিতভাবে রক্ষা করিতেছেন ॥১৩॥

বেগশালী ভগবান্ বায়ু নানাবিধ বৃক্ষ এবং পর্বতের শৃঙ্গগুলিকে একস্থান হইতে অপর স্থানে সঞ্চালিত করিয়া থাকেন ॥১৪॥

শোষয়ত্যেষ পাতালং বহন্ গন্ধবহঃ শুচিঃ।
সরাংসি সরিতশ্চৈব সাগরাংশ্চ তথৈব চ ॥১৫॥
সংরক্ষতি ত্বাং পবনঃ সখিত্বেন ন সংশয়ঃ।
তস্মাত্ত্বং বহুশাখোঽপি পর্ণবান্ পুষ্পবানপি ॥১৬॥
ইদঞ্চ রমণীয়ং তে বনং ভাতি বনস্পতে!।
যদিমে বিহগাস্তাত! রমন্তে মুদিতাস্ত্বয়ি ॥১৭॥
এষাং পৃথক্ সমস্তানাং শ্রূয়তে মধুরস্বরঃ।
পুষ্পসম্মোদনে কালে বাশতাং সুমনোহরম্ ॥১৮॥
তথেমে গর্জ্জিতা নাগাঃ স্বযূথকুলশোভিতাঃ।
ঘর্ম্মার্ত্তাস্ত্বাং সমাসাদ্য সুখং বিন্দন্তি শাল্মলে! ॥১৯॥
তথৈব মৃগজাতীভিরন্যাভিরভিশোভসে।
তথা সর্ব্বাধিবাসৈশ্চ শোভসে মেরুবদ্দ্রুম! ॥২০॥

ভারতকৌমুদী

শোষয়তীতি। বহন্ চলন্, গন্ধবহো বায়ুঃ ॥১৫॥
সমিতি। বহ্ব্যঃ শাখা যস্য সঃ ॥১৬॥
ইদমিতি। ভাতি স্বয়ৈব শোভতে। বিহগাঃ পক্ষিণঃ ॥১৭॥
এষামিতি। পুষ্পোৎকান্ সম্মোদয়তীতি তস্মিন্ বসন্তে, বাশতাং রুবতাম্ ॥১৮॥
তথেতি। গর্জ্জিতা ইতি কর্ত্তরি ক্তঃ। নাগা গজাঃ, স্বযূথকুলেন গজগণসমূহেন শোভিতাঃ। ঘর্ম্মার্ত্তা গ্রীষ্মসন্তপ্তাঃ। বিন্দন্তি লভন্তে ॥১৯॥

এবং পবিত্র বায়ু বহিত হইতে থাকিয়া পাতাল, জলাশয়, নদী ও সমুদ্রগুলিকে শুষ্ক করিয়া থাকেন ॥১৫॥

নিশ্চয়ই বায়ু সখিত্ববশতঃ তোমাকে রক্ষা করিতেছেন। সেই জন্যই তোমার বহুতর শাখা, পত্র ও পুষ্প রহিয়াছে ॥১৬॥

বৎস বনস্পতি! তোমার এই সুন্দর বনটী বিশেষ শোভা পাইতেছে। যে হেতু এই পক্ষী সকল আনন্দিত হইয়া তোমাতে বিচরণ করিতেছে ॥১৭॥

এই সকল পক্ষী এই বসন্তকালে অতিমনোহর রব করিয়া বেড়াইতেছে, ইহাদের মধুর স্বর পৃথক্ পৃথক্ শুনা যাইতেছে ॥১৮॥

শাল্মলিবৃক্ষ! আপন যূথমধ্যে অবস্থিত এই হস্তিগণ গ্রীষ্মসন্তপ্ত হইয়া গর্জ্জন করিতে করিতে তোমার তলে আসিয়া সুখ লাভ করিতেছে ॥১৯॥

(১৭) ···প্রতিভাতি বনস্পতে!···বঙ্গ।

ব্রাহ্মণৈশ্চ তপঃসিদ্ধৈস্তাপসৈঃ শ্রমণৈস্তথা।
ত্রিপিষ্টপসমং মন্যে তবায়তনমেব হ ॥২১॥
বন্ধুত্বাদথবা সখ্যাৎ শাল্মলে! নাত্র সংশয়ঃ।
পালয়ত্যেব সততং ভীমঃ সর্ব্বত্রগোঽনিলঃ ॥২২॥
ন্যগ্‌ভাবং পরমং বায়োঃ শাল্মলে! ত্বমুপাগতঃ।
তবাহমস্মীতি সদা যেন রক্ষতি মারুতঃ ॥২৩॥
ন তং পশ্যাম্যহং বৃক্ষং পর্বতং বেশ্ম চেদৃশম্।
যং ন বায়ুবলাদ্ভগ্নং পৃথিব্যামিতি মে মতিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

মৃগেতি। মৃগজাতীভিঃ পশুসমূহৈঃ। উপেতায় আর্যঃ। সর্ব্বেষাং পক্ষিণাম্ অধিবাসৈরব-স্থানৈঃ ॥২০॥

ব্রাহ্মণৈরিতি। তাপসৈর্ব্রাহ্মণেতরৈঃ, শ্রমণৈর্বৌদ্ধসন্ন্যাসিভিঃ। "অনাদিসিদ্ধোঽয়ং সম্প্রদায়ঃ" ইতি ভামত্যাং বাচস্পতিমিশ্রাঃ। ত্রিপিষ্টপসমং স্বর্গতুল্যম্, আয়তনমিদং স্থানম্ ॥২১॥

উক্তমেবার্থং বিশেষকল্পনায় প্রকারান্তরেণ বন্ধুত্বাদিতি। বন্ধুত্বাৎ ভূতত্বসামান্যাদিনা কিঞ্চিৎ সম্বন্ধাৎ, সখ্যাৎ পরস্পরপ্রীতিকরত্বাৎ মিত্রত্বাৎ ॥২২॥

পক্ষান্তরমাহ ন্যগিতি। ন্যগ্‌ভাবম্ অবনতত্বম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

॥৬॥ নল্বো হস্তানাং শতচতুষ্টয়ম্, পরিণাহঃ স্থূলত্বং বৈপুল্যমিতি যাবৎ। শেষং সুগমম্ ॥৭—২৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আপদ্ধর্ম্মে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫০॥

বৃক্ষ! অন্যান্য পশুগণ তোমার তলে বিচরণ করিতে থাকায় তুমি সর্বতোভাবে শোভা পাইতেছ এবং সর্ববিধ পক্ষী তোমার উপরে বাস করিতে থাকায় তুমি সুমেরু-পর্বতের ন্যায় শোভা ধারণ করিতেছ ॥২০॥

তপঃসিদ্ধ ব্রাহ্মণগণ, অন্যান্য তপস্বিগণ এবং বৌদ্ধসন্ন্যাসিগণ তোমার তলে অবস্থান করিতে থাকায় তোমার এই স্থানটীকে আমি স্বর্গের তুল্য বলিয়া মনে করিতেছি ॥২১॥

শাল্মলি! বায়ু তোমার বন্ধু কিংবা সখা হইবেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সেই জন্যই তিনি সর্বত্রগামী ও ভয়ঙ্করবেগশালী হইয়াও সর্বদাই তোমাকে রক্ষা করিতেছেন ॥২২॥

শাল্মলি! বায়ু যে তোমাকে সর্বদা রক্ষা করিতেছেন, তাহার প্রতি এ কারণও হইতে পারে যে, 'আমি তোমার অনুগত' এই কথা বলিয়া তুমি সর্বদাই বায়ুর নিকটে পরম অবনত থাক ॥২৩॥

(২১) ইতঃ পরং 'চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ। নারদ উবাচ···' বঙ্গ বর্দ্ধ নি।

ত্বং পুনঃ কারণৈর্নূনং রক্ষ্যসে শাল্মলে ! যথা।
বায়ুনা সপরীবারস্তেন তিষ্ঠস্যসংশয়ম্ ॥২৫॥
শাল্মলিরুবাচ।
ন মে বায়ুঃ সখা ব্রহ্মন্ ! ন বন্ধুর্ন চ মে সুহৃৎ।
পরমেষ্ঠী তথা নৈব যেন রক্ষতি চানিলঃ ॥২৬॥
মম তেজো বলং ভীমং বায়োরপি হি নারদ !।
কলামষ্টাদশীং প্রাণৈর্ন মে প্রাপ্নোতি মারুতঃ ॥২৭॥
আগচ্ছন্ পরুষো বায়ুর্ময়া বিষ্টম্ভিতো বলাৎ।
ভঞ্জন্ দ্রুমান্ পর্বতাংশ্চ যচ্চান্যদপি কিঞ্চন ॥২৮॥
স ময়া বহুশো ভগ্নঃ প্রভঞ্জন্ বৈ প্রভঞ্জনঃ।
তস্মান্ন বিভ্যে দেবর্ষে ! ক্রুদ্ধাদপি সমীরণাৎ ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি। বেশ্ম গৃহম্। যং ন বায়ুবলাৎ ভগ্নং পশ্যামীতি সম্বন্ধঃ ॥২৪॥

ত্বমিতি। কারণৈর্মদজ্ঞাতহেতুভিঃ। পরীবারৈঃ শাখাদিভিঃ সহেতি সঃ ॥২৫॥

নেতি। বন্ধুসখায়ৌ প্রাগ্ নিরূপিতৌ, সুহৃৎ উপকারলাভাৎ প্রত্যুপকর্ত্তা। পরমেষ্ঠী সৃষ্টিকর্ত্তা দয়ালুর্ব্রহ্মা ॥২৬॥

মমেতি। ভীমমধিকমিত্যর্থঃ। কলামংশম্, প্রাণৈর্বলৈঃ ॥২৭॥

আগচ্ছন্নিতি। পরুষো বেগান্নিষ্ঠুরঃ। বিষ্টম্ভিতঃ স্তব্ধীকৃতঃ ॥২৮॥

স ইতি। ভগ্নো বেগরোধেন পরাজিতঃ, প্রভঞ্জন্ দ্রুমাদীন্, প্রভঞ্জনো বায়ুঃ। বিভ্যে বিভেমি ॥২৯॥

বায়ুবলে ভগ্ন হয় নাই এমন বৃক্ষ, পর্বত বা গৃহ পৃথিবীতেই আমি দেখিতে পাই না, ইহাতে আমার ঐরূপ ধারণা হইয়াছে ॥২৪॥

শাল্মলি ! নিশ্চয়ই বায়ু কোন কারণে পরিবারবর্গের সহিত তোমাকে যে হেতু রক্ষা করিতেছেন, সেই জন্যই তুমি অভগ্ন অবস্থায় রহিতেছ—এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥২৫॥

শাল্মলি বলিল—'ব্রাহ্মণ ! বায়ু আমার সখা, বন্ধু বা সুহৃৎ নহে কিংবা সে সৃষ্টিকর্ত্তা দয়ালু ব্রহ্মাও নহে যে, সে আমাকে রক্ষা করিবে ॥২৬॥

নারদ ! আমার তেজ ও বল বায়ু অপেক্ষাও ভয়ঙ্কর, এমন কি বলে বায়ু আমার আঠার ভাগের একভাগেরও তুল্য নহে ॥২৭॥

নিষ্ঠুর বায়ু বৃক্ষ, পর্ব্বত বা অন্য যে কিছু পদার্থ ভগ্ন করিতে করিতে আসিতে লাগিলে, আমি বলপূর্ব্বকই তাহাকে স্তব্ধ করিয়া থাকি ॥২৮॥

নারদ উবাচ।

শাল্মলে ! বিপরীতং তে দর্শনং নাত্র সংশয়ঃ।
ন হি বায়োর্বলেনাস্তি ভূতং তুল্যবলং ক্বচিৎ ॥৩০॥
ইন্দ্রো যমো বৈশ্রবণো বরুণশ্চ জলেশ্বরঃ।
নৈতেঽপি তুল্যা মরুতঃ কিং পুনস্ত্বং বনস্পতে ! ॥৩১॥
যচ্চ কিঞ্চিদিহ প্রাণী চেষ্টতে শাল্মলে ! ভুবি।
সর্ব্বত্র ভগবান্ বায়ুশ্চেষ্টাপ্রাণকরঃ প্রভুঃ ॥৩২॥
এষ চেষ্টয়তে সম্যক্ প্রাণিনঃ সম্যগায়তঃ।
অসম্যগায়তো ভূয়শ্চেষ্টতে বিকৃতং নৃষু ॥৩৩॥
স ত্বমেবংবিধং বায়ুং সর্ব্বসত্ত্বভৃতাংবরম্।
ন পূজয়সি পূজ্যং ত্বং কিমন্যদ্‌বুদ্ধিলাঘবাৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

শাল্মল ইতি। দর্শনং জ্ঞানম্। ভূতং ক্ষিত্যাদিপঞ্চকান্তর্গতং কিঞ্চিৎ ॥৩০॥
ইন্দ্র ইতি। বৈশ্রবণঃ কুবেরঃ। ত্বং বৃক্ষমাত্র ইতি ভাবঃ ॥৩১॥
যদিতি। চেষ্টতে ক্রিয়াং কুরুতে। চেষ্টাপ্রাণকরঃ ক্রিয়াজীবনকারণম্ ॥৩২॥
এষ ইতি। এষ বায়ুঃ, চেষ্টয়তে ক্রিয়াং কারয়তি। আয়তো দেহমধ্যে প্রাণাদিরূপেণ বিস্তৃতঃ ॥৩৩॥
স ইতি। সর্ব্বসত্ত্বভৃতাং সর্ব্ববলবতাম্। বুদ্ধের্লাঘবাদল্পত্বাৎ ॥৩৪॥

প্রভঞ্জন (বায়ু) বৃক্ষপ্রভৃতি ভগ্ন করিতে করিতে আসিতে থাকিলে, আমি বহুবার তাঁহাকে ভগ্ন (পরাজিত) করিয়াছি। অতএব দেবর্ষি ! বায়ু ক্রুদ্ধ হইলেও আমি তাহার ভয় করি না' ॥২৯॥

নারদ বলিলেন—'শাল্মলি ! তোমার এই ধারণাটাই বিপরীত, এ বিষয়ে কোন সন্দেহই নাই। কারণ, কোথাও কোন ভূতই বলে বায়ুর তুল্য নহে ॥৩০॥

বৃক্ষ ! ইন্দ্র, যম, কুবের কিংবা জলাধিপতি বরুণ—ইহারাও বলে বায়ুর তুল্য নহেন ; তাঁহাতে তোমার কথা আর কি বলিব ॥৩১॥

শাল্মলি ! এই পৃথিবীতে প্রাণীরা যে কিছু কার্য্য করে, সর্বত্রই সর্বশক্তিমান্ ভগবান্ বায়ুই তাহাদিগকে তাহা করান এবং তাহাদের জীবন সম্পাদন করেন ॥৩২॥

এই বায়ুই প্রাণিগণের দেহের ভিতরে সমীচীনভাবে চলিতে থাকিয়া তাহাদিগকে সমীচীন কার্য্য করান, আবার অসমীচীনভাবে চলিতে থাকিয়া তাহাদের বিকৃত কার্য্যের হেতু হন ॥৩৩॥

অসারশ্চাপি দুর্মেধাঃ কেবলং বহু ভাষসে।
ক্রোধাদিভিরবচ্ছন্নো মিথ্যা বদসি শাল্মলে! ॥৩৫॥
মম রোষঃ সমুৎপন্নস্ত্বয্যেবং সংপ্রভাষতি।
ব্রবীম্যেষ স্বয়ং বায়োস্তব দুর্ভাষিতং বহু ॥৩৬॥
চন্দনৈঃ স্যন্দনৈঃ শালৈঃ সরলৈর্দেবদারুভিঃ।
বেতসৈর্ধন্বনৈশ্চাপি যে চান্যে বলবত্তরাঃ।
তৈশ্চাপি নৈবং দুর্বুদ্ধে! ক্ষিপ্তো বায়ুঃ কৃতাত্মভিঃ ॥৩৭॥
তেঽপি জানন্তি বায়োশ্চ বলমাত্মন এব চ।
তস্মাত্তং বৈ নমস্যন্তি শ্বসনং তরুসত্তমাঃ ॥৩৮॥
ত্বন্তু মোহান্ন জানীষে বায়োর্ব্বলমনন্তকম্।
এবং তস্মাদ্গমিষ্যামি সকাশং মাতরিশ্বনঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে পবনশাল্মলিসংবাদে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অসার ইতি। ক্রোধাদিভিরিত্যাদিপদেন ঈর্ষ্যাদীনাং গ্রহণম্ ॥৩৫॥

মমেতি। সংপ্রভাষতি ব্রুবতি সতি। বায়োঃ সমীপে ॥৩৬॥

চন্দনৈরিতি। স্যন্দনৈস্তিনিশৈঃ। ধন্বনৈর্বৃহদ্বৃক্ষবিশেষৈঃ। ক্ষিপ্তো নিন্দিতঃ, কৃতাত্মভিঃ শিক্ষিতাত্মভিঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৭॥

ত ইতি। শ্বসনং বায়ুম্, তরুসত্তমা বৃক্ষশ্রেষ্ঠাঃ ॥৩৮॥

সেই তুমি এই প্রকার সমস্ত বলবানের মধ্যে শ্রেষ্ঠ এবং জগৎপূজনীয় বায়ুর গৌরব করিতেছ না, ইহা তোমার বুদ্ধির লঘুতা ভিন্ন আর কিছুই নহে ॥৩৪॥

শাল্মলি! তুমি অসার ও দুর্বুদ্ধি—সেই জন্যই কেবল বহু কথা বল এবং ক্রোধ ও ঈর্ষ্যাদি যুক্ত হইয়া মিথ্যাকথা বলিয়া থাক ॥৩৫॥

তুমি এইরূপ বলিতে থাকায় আমার ক্রোধ জন্মিয়াছে। সেই জন্যই এই আমি নিজেই বায়ুর নিকটে যাইয়া তোমার এই দুর্ব্বাক্যগুলি বলিতেছি ॥৩৬॥

দুর্ব্বুদ্ধি শাল্মলি! শিক্ষিতবুদ্ধি চন্দন, তিনিশ, শাল, সরল, দেবদারু, বেতস ও ধন্বন এবং অন্য যে সকল বলবান্ বৃক্ষ আছে, তাহারাও এই ভাবে বায়ুকে নিন্দা করে না ॥৩৭॥

সেই বৃক্ষশ্রেষ্ঠগণ বায়ুর ও নিজেদের বলের তারতম্য জানে, সেই জন্যই তাহারা বায়ুকে নমস্কার করে ॥৩৮॥

* '...পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ নি।

একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:❋:—

ভীষ্ম উবাচ।

এবমুক্ত্বা তু রাজেন্দ্র! শাল্মলিং ব্রহ্মবিত্তমঃ।
নারদঃ পবনে সর্বং শাল্মলের্বাক্যমব্রবীৎ ॥১॥

নারদ উবাচ।

হিমবৎপৃষ্ঠজঃ কশ্চিৎ শাল্মলিঃ পরিবারবান্।
বৃহন্মূলো বৃহচ্ছাখঃ স ত্বাং বায়োঽবমন্যতে ॥২॥
বহূন্যাক্ষেপযুক্তানি ত্বামাহ বচনানি সঃ।
ন যুক্তানি ময়া বায়ো! তানি বক্তুং তবাগ্রতঃ ॥৩॥

ভারতকৌমুদী

অমিতি। অনন্তকমসীমম্। মাতরিশ্বনো বায়োঃ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

এবমিতি। ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠঃ। পবনে বায়ুসকাশে ॥১॥

হিমবদিতি। পরিবারবান্ পত্রপুষ্পফলবান্ ॥২॥

বহূনীতি। আক্ষেপযুক্তানি নিন্দান্বিতানি। ন যুক্তানি অবজ্ঞাসূচকত্বাৎ ন সঙ্গতানি ॥৩॥

কিন্তু তুমি মোহবশতঃ বায়ুর অসীম বলের বিষয় জান না; সেই জন্যই আমি এই অবস্থাতেই বায়ুর নিকটে যাইব' ॥৩৯॥

—:০:—

ভীষ্ম বলিলেন—'রাজশ্রেষ্ঠ! প্রধান বেদবিৎ নারদ শাল্মলিকে এইরূপ বলিয়া, বায়ুর নিকটে যাইয়া তাঁহাকে শাল্মলির সমস্ত বাক্য বলিলেন' ॥১॥

নারদ কহিলেন—'বায়ু! হিমালয়পর্ব্বতের উপরে একটা শাল্মলি বৃক্ষ আছে, তাহার মূল ও শাখা বিশাল এবং সে পত্র, পুষ্প ও ফলে পরিপূর্ণ। সে আপনাকে অবজ্ঞা করে ॥২॥

বায়ু! সেই শাল্মলিবৃক্ষ আপনাকে বহু নিন্দা বাক্য বলিয়াছে। আপনার নিকটে আমার তাহা বলা সঙ্গত নহে ॥৩॥

জানামি ত্বামহং বায়ো ! সর্ব্বপ্রাণভৃতাংবরম্ ।
বরিষ্ঠঞ্চ গরিষ্ঠঞ্চ ক্রোধে বৈবস্বতং যথা ॥৪॥

ভীষ্ম উবাচ ।

এতত্ত্ব বচনং শ্রুত্বা নারদস্য সমীরণঃ ।
শাল্মলিং তমুপাগম্য ক্রুদ্ধো বচনমব্রবীৎ ॥৫॥

বায়ুরুবাচ ।

শাল্মলে ! নারদো বাক্যং ত্বয়োক্তো মদ্বিগর্হণম্ ।
অহং বায়ুঃ প্রভাবং তে দর্শয়াম্যাত্মনো বলাৎ ॥৬॥
অহং ত্বামভিজানামি বিদিতশ্চাসি মে দ্রুম ! ।
পিতামহঃ প্রজাসর্গে ত্বয়ি বিশ্রান্তবান্ প্রভুঃ ॥৭॥
তস্য বিশ্রমণাদেষ প্রসাদো মৎকৃতস্তব ।
রক্ষ্যসে তেন দুর্বুদ্ধে ! নাত্মবীর্য্যাদ্দ্রুমাধম ! ॥৮॥

ভারতকৌমুদী

জানামীতি। সর্ব্বপ্রাণভৃতাং সকলবলবতাম্। বৈবস্বতং যমম্ ॥৪॥

এতদিতি। সমীরণো বায়ুঃ ॥৫॥

শাল্মল ইতি। মদ্বিগর্হণং মম নিন্দাসূচকম্। প্রভাবং ক্ষমতাম্ ॥৬॥

অহমিতি। অভিজানামি বলবত্ত্বেন, বিদিতঃ পিতামহপ্রসাদপাত্রত্বেন। পিতামহো ব্রহ্মা, প্রজাসর্গে লোকসৃষ্টিকালে ॥৭॥

তস্যেতি। প্রসাদঃ অনুগ্রহঃ, ময়া কৃতো মৎকৃতঃ ॥৮॥

বায়ু ! আমি জানি যে, আপনি সকল বলবানের মধ্যে শ্রেষ্ঠ ও গৌরবসম্পন্ন এবং ক্রোধে যমের ন্যায় দুর্দ্ধর্ষ' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'বায়ু নারদের এই কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া সেই শাল্মলির নিকটে যাইয়া এই কথা কহিলেন' ॥৫॥

বায়ু বলিলেন—'শাল্মলি ! তুমি নারদের নিকটে আমার নিন্দা বাক্য বলিয়াছ। অতএব আমি তোমাকে বলপূর্ব্বক নিজের ক্ষমতা দেখাইব ॥৬॥

বৃক্ষ ! আমি তোমার শক্তি কতটুকু তাহা জানি এবং তুমি যে ব্রহ্মার অনুগ্রহের পাত্র, তাহাও আমার জানা আছে। প্রভু ব্রহ্মা লোকসৃষ্টি করিবার সময়ে তোমার তলায় বসিয়া বিশ্রাম করিয়াছিলেন ॥৭॥

দুর্বুদ্ধি বৃক্ষাধম ! তিনি বিশ্রাম করিয়াছিলেন বলিয়াই আমি তোমার উপরে এই অনুগ্রহ করিয়া আসিতেছি ; তাহাতেই তুমি রক্ষা পাইতেছ ; কিন্তু নিজের শক্তিতে নহে ॥৮॥

যন্মাং ত্বমবজানীষে যথান্যং প্রাকৃতং তথা।
দর্শয়াম্যেষ চাত্মানং যথা মাং নাবমন্যসে ॥৯॥

ভীষ্ম উবাচ।

এবমুক্তস্ততঃ প্রাহ শাল্মলিঃ প্রহসন্নিব।
পবন! ত্বঞ্চ মে ক্রুদ্ধো দর্শয়াত্মানমাত্মনা ॥১০॥
ময়ি বৈ ত্যজ্যতাং ক্রোধঃ কিং মে ক্রুদ্ধঃ করিষ্যসি।
ন তে বিভেমি পবন! যদ্যপি ত্বং স্বয়ং প্রভুঃ।
বলাধিকোঽহং ত্বত্তশ্চ ন ভীঃ কার্য্যা ময়া তব ॥১১॥
যে তু বুদ্ধ্যা হি বলীনস্তে ভবন্তি বলীয়সঃ।
প্রাণমাত্রবলা যে বৈ নৈব তে বলিনো মতাঃ ॥১২॥
ইত্যেবমুক্তঃ পবনঃ শ্ব ইত্যেবাব্রবীদ্বচঃ।
দর্শয়িষ্যামি তে তেজস্ততো রাত্রিরুপাগমৎ ॥১৩॥

ভারতকৌমুদী

যদিতি। প্রাকৃতং সাধারণং প্রাণিনম্। আত্মানম্ আত্মপ্রভাবম্ ॥৯॥

এবমিতি। প্রহাসেন পূর্ব্বাবজ্ঞৈব সূচিতা ॥১০॥

ময়ীতি। স্বয়ং প্রভুঃ অন্যসাহায্যব্যতিরেকেণাপি বলবান্। ভীর্ভয়ম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥

য ইতি। বলীয়সো বলীয়াংসঃ। প্রাণমাত্রং দৈহিকশক্তিমাত্রং বলং যেষাং তে ॥১২॥

ইতীতি। ইত্যেবমুক্তঃ পবন ইতি বচ এবাব্রবীৎ। কিং তদিত্যাহ শ্ব ইতি। শ্বঃ পরদিনে। তে তুভ্যং তপোমদ্বলং দর্শয়িষ্যামি। ততো রাত্রিরুপাগমৎ উপস্থিতা ॥১৩॥

অন্য সাধারণ ব্যক্তির ন্যায় আমার উপরেও তুমি যখন অবজ্ঞা করিতেছ, তখন এই আমি তোমাকে নিজের প্রভাব দেখাইতেছি, যাহাতে তুমি আর আমার উপরে অবজ্ঞা না কর' ॥৯॥

ভীষ্ম বলিলেন—'বায়ু এইরূপ বলিলে শাল্মলি হাসিতে হাসিতেই যেন বায়ুকে বলিল—'বায়ু! তুমি আমার উপর ক্রুদ্ধ হইয়া নিজে নিজেকে দেখাও ॥১০॥

বায়ু! তুমি আমার উপরে ক্রোধ নিক্ষেপ কর, তুমি ক্রুদ্ধ হইয়া আমার কি করিবে?। যদিও তুমি নিজেই প্রভাবশালী, তথাপি আমি তোমার ভয় করি না। আমি তোমা অপেক্ষা অধিক বলশালী; সুতরাং তোমার ভয় করা আমার পক্ষে সম্ভবপর নহে ॥১১॥

যাহারা বুদ্ধির গুণে বলবান্, তাহারাই বাস্তবিক বলবান্; আর যাহাদের দৈহিক শক্তিমাত্রই বল, তাহারা বলবান্ নহে, ইহাই আমার ধারণা' ॥১২॥

অথ নিশ্চিত্য মনসা শাল্মলির্ব্বাতকারিতম্।
পশ্যমানস্তদাত্মানমসমং মাতরিশ্বনা ॥১৪॥
নারদে যন্ময়া প্রোক্তং পবনং প্রতি তন্মৃষা।
অসমর্থো হ্যহং বায়োর্ব্বলেন বলবান্ হি সঃ ॥১৫॥
মারুতো বলবান্নিত্যং যথা বৈ নারদোঽব্রবীৎ।
অহন্তু দুর্ব্বলোঽন্যেভ্যো বৃক্ষেভ্যো নাত্র সংশয়ঃ ॥১৬॥
কিন্তু বুদ্ধ্যা সমো নাস্তি ময়া কশ্চিদ্বনস্পতিঃ।
তদহং বুদ্ধিমাস্থায় ভয়ং মোক্ষ্যে সমীরণাৎ ॥১৭॥
যদি তাং বুদ্ধিমাস্থায় তিষ্ঠেয়ুঃ পর্ণিনো বনে।
অরিষ্টাঃ স্যুঃ সদা ক্রুদ্ধাৎ পবনান্নাত্র সংশয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অথেতি। অথ শাল্মলিঃ আত্মানং মাতরিশ্বনা বায়ুনা অসমং বলে অসমানং পশ্যমানঃ সম্ভাবয়ন মনসা বাতকারিতং বায়ুনা কর্ত্তুমিষ্টং নিজভঙ্গং নিশ্চিত্য ইদমালোচয়দিতি শেষঃ ॥১৪॥

নারদ ইতি। নারদে নারদসমীপে। বায়োঃ স্তব্ধীকরণ ইতি শেষঃ ॥১৫॥

মারুত ইতি। মারুতো বায়ুঃ, বলবান্ মদপেক্ষয়া ॥১৬॥

কিন্ত্বিতি। বনস্পতির্বৃক্ষঃ। মোক্ষ্যে ত্যক্ষ্যামি ॥১৭॥

যদীতি। পর্ণিনঃ পর্ণশালিনো বৃক্ষাঃ। ন বিদ্যতে রিষ্টং ক্ষতির্যেষাং তে ॥১৮॥

শাল্মলি এইরূপ বলিলে, বায়ু এই কথাই বলিলেন যে, 'কাল তোমাকে আমার তেজ দেখাইব।' তাহার পর রাত্রি উপস্থিত হইল ॥১৩॥

তাহার পর শাল্মলি নিজেকে বলে বায়ুর অসমান মনে করিয়া এবং মনে মনে বায়ুর অভিপ্রায় নিশ্চয় বুঝিতে পারিয়া এইরূপ আলোচনা করিল—॥১৪॥

'আমি নারদের নিকটে বায়ুর বিষয়ে যাহা বলিয়াছি, তাহা মিথ্যা। কারণ, আমি বলে বায়ুকে পরাজয় করিতে অসমর্থ। যে হেতু, তিনি আমা অপেক্ষা বলবান্ ॥১৫॥

বায়ু সর্ব্বদাই বলবান্; তাহার পর নারদ যাহা বলিয়াছেন, তাহাও সত্য। বস্তুতই আমি অন্যান্য বৃক্ষ অপেক্ষা দুর্ব্বল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

কিন্তু অন্য কোন বৃক্ষই বুদ্ধিতে আমার সমান নহে। অতএব আমি সেই বুদ্ধি অবলম্বন করিয়া বায়ুর ভয় হইতে মুক্ত হইব ॥১৭॥

অন্য বৃক্ষেরাও যদি সেই বুদ্ধি অবলম্বন করিয়া বনের মধ্যে থাকে, তাহা হইলে সর্ব্বদাই তাহারা ক্রুদ্ধ বায়ু হইতে অক্ষত অবস্থায় থাকিতে পারে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৮॥

তে তু বালা ন জানন্তি যথা বৈ তান্ সমীরণঃ।
সমীরয়তি সংক্রুদ্ধো যথা জানাম্যহং তথা ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে পবনশাল্মলিসংবাদে একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।

ততো নিশ্চিত্য মনসা শাল্মলিঃ ক্ষুভিতস্তদা।
শাখাঃ স্কন্ধান্ প্রশাখাশ্চ স্বয়মেব ব্যশাতয়ৎ ॥১॥
স পরিত্যজ্য শাখাশ্চ পত্রাণি কুসুমানি চ।
প্রভাতে বায়ুমায়ান্তং প্রত্যৈক্ষত বনস্পতিঃ ॥২॥

ভারতকৌমুদী

ত ইতি। বালা মূর্খাঃ। সমীরয়তি সঞ্চালয্য ভনক্তি ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

তত ইতি। ক্ষুভিত উদ্বেগেন বিচলিতহৃদয়ঃ। ব্যশাতয়ৎ অচ্ছিনৎ। বিশিষ্টচেতনবৎ ঈদৃশ-সমালোচনশক্তৌ দেবানুগ্রহেণ স্বয়ং ছেদনশক্তিরপ্যুপপদ্যতে ॥১॥

স ইতি। প্রত্যৈক্ষত প্রতীক্ষিতবান্, বনস্পতিঃ শাল্মলিবৃক্ষঃ ॥২॥

বায়ু যে ক্রুদ্ধ হইয়া সঞ্চালন করিয়া তাহাদিগকে ভগ্ন করেন, তাহা আমি যেমন বুঝি, সেই মূর্খেরা তেমন বোঝে না' ॥১৯॥

—০—

ভীষ্ম বলিলেন—'তাহার পর শাল্মলিবৃক্ষ উদ্বেগে অস্থিরচিত্ত হইয়া মনে মনে নিশ্চয় করিয়া নিজেই নিজের শাখা, প্রশাখা ও স্কন্ধ সকল ছেদন করিয়া ফেলিল ॥১॥

পরে, শাল্মলিবৃক্ষ শাখা, পত্র ও পুষ্প পরিত্যাগ করিয়া প্রভাতকালে বায়ুর আগমন প্রতীক্ষা করিতে লাগিল ॥২॥

* ...'ষট্‌পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

ততঃ ক্রুদ্ধঃ শ্বসন্ বায়ুঃ পাতয়ন্ বৈ মহাদ্রুমান্।
আজগামাথ তং দেশমাস্তে যত্র স শাল্মলিঃ ॥৩॥
তং হীনপর্ণং পতিতাগ্রশাখং বিশীর্ণপুষ্পং প্রসমীক্ষ্য বায়ুঃ।
উবাচ বাক্যং স্ময়মান এব মুদা যুতঃ শাল্মলিমুগ্রশাখম্ ॥৪॥

বায়ুরুবাচ।

অহমপ্যেবমেব ত্বাং কুর্য্যাং বৈ শাল্মলে! রুষা।
আত্মনা যৎ কৃতং কৃচ্ছ্রং শাখানামপকর্ষণম্ ॥৫॥
হীনপুষ্পাগ্রশাখস্ত্বং শীর্ণাঙ্কুরপলাশকঃ।
আত্মদুর্মন্ত্রিতেনেহ মদ্বীর্য্যবশগঃ কৃতঃ ॥৬॥

ভীষ্ম উবাচ।

এতচ্ছ্রুত্বা বচো বায়োঃ শাল্মলির্ব্রীড়িতস্তদা।
অতপ্যত বচঃ স্মৃত্বা নারদো যত্তদাব্রবীৎ ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্বসন্ নিজশ্বাসবৎ বিশালং শব্দং কুর্ব্বন্ ॥৩॥

তমিতি। স্ময়মানস্তথাবিধদর্শনাৎ বিস্ময়াপন্নঃ। উগ্রা বিশালতয়া ভীষণাঃ প্রাক্তন্যঃ শাখা যস্য তম্ ॥৪॥

অহমিতি। এবমেব শাখাদিশূন্যমেব। অপকর্ষণং পাতনম্ ॥৫॥

হীনেতি। হে শাল্মলে! ত্বম্, আত্মনো দুর্মন্ত্রিতেন দুর্ব্বচনেনৈব এতৎ সর্ব্ববিশেষণবিশিষ্টঃ কৃতঃ ॥৬॥

এতদিতি। ব্রীড়িতো লজ্জিতঃ। অতপ্যত মনসি সন্তাপমভবৎ ॥৭॥

তদনন্তর ক্রুদ্ধ বায়ু শোঁ শোঁ শব্দ করিতে থাকিয়া বিশাল বৃক্ষসকল নিপাতিত করিতে করিতে যে স্থানে সেই শাল্মলিবৃক্ষ ছিল, সেই স্থানে আগমন করিলেন ॥৩॥

পরে তিনি দেখিলেন, সেই শাল্মলিবৃক্ষের পত্র নাই, শাখা নাই এবং পুষ্পও নাই—ইহা দেখিয়া বায়ু বিস্ময়াপন্ন ও আনন্দিত হইয়া সেই শাল্মলিবৃক্ষকে এই কথা বলিলেন ॥৪॥

বায়ু বলিলেন—'শাল্মলি! তুমি নিজে নিজে কষ্ট করিয়া যে শাখা ছেদন করিয়াছ, আমিও ক্রোধে তোমার এ অবস্থাই করিতাম ॥৫॥

শাল্মলি! তোমার যে পুষ্প, শাখা, পত্র ও পত্রাঙ্কুর নাই এবং তুমি যে আমার বশীভূত হইয়াছ, এ সমস্তই তোমার দুর্ব্বাক্যে করিয়াছে' ॥৬॥

(৫) ···কুর্ব্বাণঃ শাল্মলে! রুষা···বঙ্গ বর্দ্ধ।

এবং হি রাজশার্দ্দূল ! দুর্বলঃ সন্ বলীয়সা ।
বৈরমারভতে বালস্তপ্যতে শাল্মলির্যথা ॥৮॥
তস্মাদ্বৈরং ন কুর্ব্বীত দুর্বলো বলবত্তরৈঃ ।
শোচেদ্ধি বৈরং কুর্বাণো যথা বৈ শাল্মলিস্তথা ॥৯॥
ন হি বৈরং মহাত্মানো বিবৃণ্বন্ত্যপকারিষু ।
শনৈঃ শনৈর্মহারাজ ! দর্শয়ন্তি স্ম তে বলম্ ॥১০॥
বৈরং ন কুর্ব্বীত নরো দুর্বুদ্ধির্বুদ্ধিজীবিনা ।
বুদ্ধির্বুদ্ধিমতো যাতি তৃণেষ্বিব হুতাশনঃ ॥১১॥
নহি বুদ্ধ্যা সমং কিঞ্চিদ্বিদ্যতে পুরুষে নৃপ ! ।
তথা বলেন রাজেন্দ্র ! ন সমোঽস্তীহ কশ্চন ॥১২॥

ভারতকৌমুদী

ইদানীং প্রকৃতার্থমাহ এবমিতি । বালো মূর্খঃ ॥৮॥
তস্মাদিতি । বলবত্তরৈঃ সহ ॥৯॥
উপদেশার্থং বুদ্ধিমতাং স্বভাবমাহ নেতি । বিবৃণ্বন্তি মুখেন প্রকাশয়ন্তি ॥১০॥
বৈরমিতি । বুদ্ধিমতো বুদ্ধিঃ তৃণেষু হুতাশন ইব দগ্ধুং দুর্বুদ্ধিষু যাতি ॥১১॥
নহীতি । বুদ্ধ্যা সমং বলম্ । তথা বলেন সমো বন্ধুঃ ॥১২॥

ভীষ্ম বলিলেন—'শাল্মলিবৃক্ষ তখন বায়ুর এই কথা শুনিয়া লজ্জিত হইল এবং পূর্ব্বে নারদ যাহা বলিয়াছিলেন, সেই কথা স্মরণ করিয়া মনে মনে সন্তাপও অনুভব করিল ॥৭॥

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! এইরূপই যে মূর্খ নিজে দুর্বল হইয়া প্রবলের সহিত শত্রুতা করিতে আরম্ভ করে, সে মূর্খ শাল্মলিবৃক্ষের ন্যায় অনুতপ্ত হয় ॥৮॥

অতএব দুর্বল ব্যক্তি প্রবল ব্যক্তিদের সহিত শত্রুতা করিবে না, যদি করে, তবে পরে শাল্মলিবৃক্ষের ন্যায় শোক করিবে ॥৯॥

মহারাজ ! মহাত্মারা অপকারীদের নিকটে মুখে শত্রুতা প্রকাশ করেন না ; কিন্তু তাঁহারা ধীরে ধীরে নিজেদের শক্তি দেখাইয়া থাকেন ॥১০॥

অল্পবুদ্ধি লোক প্রখরবুদ্ধি লোকের সহিত শত্রুতা করিবে না ; কারণ, অগ্নি যেমন দগ্ধ করিতে করিতে তৃণের মধ্যে প্রবেশ করে, তেমন বুদ্ধিমানের বুদ্ধিও অনিষ্ট করিতে করিতে অল্পবুদ্ধি লোকের মধ্যে প্রবেশ করে ॥১১॥

তস্মাৎ ক্ষমেত বালায় জড়ান্ধবধিরায় চ।
বলাধিকায় রাজেন্দ্র ! তদ্দৃষ্টং ত্বয়ি শত্রুহন্ ! ॥১৩॥
অক্ষৌহিণ্যো দশৈকা চ সপ্ত চৈব মহাদ্যুতে ! ।
বলেন ন সমা রাজন্ ! অর্জ্জুনস্য মহাত্মনঃ ॥১৪॥
নিহতাশ্চৈব ভগ্নাশ্চ পাণ্ডবেন যশস্বিনা।
চরতা বলমাস্থায় পাকশাসনিনা মৃধে ॥১৫॥
উক্তাশ্চ তে রাজধর্ম্মা আপদ্ধর্ম্মাশ্চ ভারত ! ।
বিস্তরেণ মহারাজ ! কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে পবনশাল্মলিসংবাদে দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তস্মাদিতি। বালায় মূর্খায়। বলাধিকায় ক্ষমেত তৎকৃতাপকারং সহেত ॥১৩॥

বলস্য প্রাধান্যে দৃষ্টান্তমাহ অক্ষৌহিণ্য ইতি। দশ একা চ দুর্য্যোধনপক্ষে একাদশাক্ষৌহিণ্যঃ, তব পক্ষে চ সপ্তাক্ষৌহিণ্যঃ ॥১৪॥

নিহতা ইতি। ভগ্নাঃ পরাজিতাঃ তা একাদশাক্ষৌহিণ্যঃ। পাকশাসনিনা ইন্দ্রপুত্রেণার্জ্জুনেন, মৃধে যুদ্ধে ॥১৫॥

উপসংহরতি উক্তা ইতি। ভূয়ঃ পুনঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজশ্রেষ্ঠ রাজা ! এই জগতে মানুষের বুদ্ধির তুল্য কোন বল নাই এবং বলের তুল্যও কোন বন্ধু নাই ॥১২॥

অতএব রাজশ্রেষ্ঠ ! মানুষ মূর্খ, জড়, অন্ধ ও বধিরের উপরে ক্ষমা করিবে এবং প্রবলকৃত অপকার সহ্য করিবে। শত্রুহন্তা যুধিষ্ঠির ! বলের প্রাধান্য তোমাতেই দেখা গিয়াছে ॥১৩॥

মহাতেজা যুধিষ্ঠির ! দুর্য্যোধনের পক্ষে এগার অক্ষৌহিণী, আর তোমার পক্ষে সাত অক্ষৌহিণী সৈন্য ছিল ; ইহারা সকলেও একমাত্র মহাত্মা অর্জ্জুনের সমকক্ষ হয় নাই ॥১৪॥

সেই জন্যই যশস্বী পাণ্ডুনন্দন অর্জ্জুন বল অবলম্বন করিয়া যুদ্ধে বিচরণ করিতে থাকিয়া কতকগুলিকে নিহত এবং কতকগুলিকে পরাজিত করিতে পারিয়াছেন ॥১৫॥

* '···সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি।

ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

পাপস্য যদধিষ্ঠানং যতঃ পাপং প্রবর্ত্ততে।
এতদিচ্ছাম্যহং শ্রোতুং তত্ত্বেন ভরতর্ষভ ! ॥১॥

ভীষ্ম উবাচ।

পাপস্য যদধিষ্ঠানং তচ্ছৃণুষ্ব নরাধিপ !।
একো লোভো মহাগ্রাহো লোভাৎ পাপং প্রবর্ত্ততে ॥২॥
অতঃ পাপমধর্ম্মশ্চ তথা দুঃখমনুত্তমম্।
নিকৃত্যা মূলমেতদ্ধি তেন পাপকৃতো জনাঃ ॥৩॥

ভারতকৌমুদী

পাপস্যেতি। অধিষ্ঠানমাশ্রয়ঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১॥

পাপস্যেতি। মহাগ্রাহো মারাত্মকো বিশালজলজন্তুরিব ॥২॥

অত ইতি। অতো লোভাৎ, অধর্ম্মঃ অপ্রশস্তধর্ম্মো নিকৃষ্টপাত্রকদানাদিজন্যঃ। অনুত্তমমুৎকটমিত্যর্থঃ। নিকৃত্যাঃ শঠতায়াঃ। যেন লোভেন জনাঃ পাপকৃতো ভবন্তি। এতেন পাপস্যাধিষ্ঠানমুক্তম্ ॥৩॥

ভারতভাবদীপঃ

তদেবমাপদ্ধর্ম্মানুক্ত্বা রাজ্ঞামরাজ্ঞাঞ্চ সর্ব্বান্ মূলভূতান্ দোষানুৎপত্তিপ্রতিবন্ধকান্ গুণাংশ্চ লোভজ্ঞানদমতপঃসত্যাদীন্ হেয়ানুপাদেয়াংশ্চ ক্রমেণাধ্যায়সপ্তকেনাহ—পাপস্য যদধিষ্ঠানমিত্যাদিনা

ভরতনন্দন মহারাজ! এই আমি তোমার নিকটে বিস্তরক্রমে রাজধর্ম্ম ও আপদ্ধর্ম্ম বলিলাম; এখন আর কি শুনিতে ইচ্ছা কর?' ॥১৬॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! পাপের যাহা আশ্রয় এবং পাপ যাহা হইতে উৎপন্ন হয়, তাহা আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥১॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ! পাপের যাহা আশ্রয়, তাহা তুমি শ্রবণ কর। এক লোভই ভীষণ জলজন্তুর ন্যায়। সেই লোভ হইতেই পাপ উৎপন্ন হয় ॥২॥

এই লোভ হইতেই পাপ, অধর্ম্ম ও উৎকট দুঃখ জন্মিয়া থাকে এবং এই লোভই শঠতার মূল, যে লোভের জন্য মানুষ পাপ করে ॥৩॥

লোভাৎ ক্রোধঃ প্রভবতি লোভাৎ কামঃ প্রবর্ত্ততে।
লোভান্মোহশ্চ মায়া চ মানঃ স্তম্ভঃ পরাসুতা ॥৪॥
অক্ষমা হ্রীপরিত্যাগঃ শ্রীনাশো ধর্ম্মসংক্ষয়ঃ।
অভিধ্যাপ্রখ্যতা চৈব সর্ব্বং লোভাৎ প্রবর্ত্ততে ॥৫॥
অত্যাগশ্চাতিতর্ষশ্চ বিকর্ম্মসু চ যা ক্রিয়া।
কুলবিদ্যামদশ্চৈব রূপৈশ্বর্য্যমদস্তথা ॥৬॥
সর্ব্বভূতেষ্বভিদ্রোহঃ সর্ব্বভূতেষ্বসৎকৃতিঃ।
সর্ব্বভূতেষ্ববিশ্বাসঃ সর্বভূতেষ্বনার্জ্জবম্ ॥৭॥
হরণং পরবিত্তানাং পরদারাভিমর্ষণম্।
বাগ্‌বেগো মনসো বেগো নিন্দাবেগস্তথৈব চ ॥৮॥
উপস্থোদরয়োর্বেগো মৃত্যুবেগশ্চ দারুণঃ।
ঈর্ষ্যাবেগশ্চ বলবান্ মিথ্যাবেগশ্চ দুর্জ্জয়ঃ।
রসবেগশ্চ দুর্বার্য্যঃ শ্রোত্রবেগশ্চ দুঃসহঃ ॥৯॥
কুৎসা বিকত্থা মাৎসর্য্যং পাপং দুষ্কৃতকারিতা।
সাহসানাঞ্চ সর্বেষামকার্য্যাণাং ক্রিয়াস্তথা ॥১০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

লোভাদিতি। মায়া ছলম্, মানো গর্ব্বঃ, স্তম্ভো জড়তা, পরাসুতা মৃত্যুঃ ॥৪॥

অক্ষমেতি। হ্রিয়ো লজ্জায়াঃ পরিত্যাগঃ, শ্রীনাশঃ সম্পৎক্ষয়ঃ, অবিধ্যা দুশ্চিন্তা, অপ্রখ্যতা অকীর্ত্তিঃ ॥৫॥

অত্যাগ ইতি। অত্যাগঃ কৃপণতা, অতিতর্ষো দুর্নিবারা ভোগতৃষ্ণা, বিকর্ম্মসু অসৎকার্য্যেষু যা ক্রিয়া প্রবৃত্তিঃ। কুলবিদ্যয়োর্মদঃ অহঙ্কারঃ, তথা রূপৈশ্বর্য্যয়োর্মদঃ। সর্ব্বভূতেষু অভিদ্রোহঃ, সর্ব্বভূতেষু অসৎকৃতিঃ অসদ্ব্যবহারঃ। অনার্জ্জবং কুটিলতা, বাগ্‌বেগঃ ক্রোধাদীনা বেগেন বহুভাষণম্, মনসো বেগো দ্রুতকার্য্যপ্রবৃত্তিঃ, নিন্দাবেগঃ অবিবিচ্যৈব পরনিন্দাকরণম্। উপস্থোদরয়োর্বেগঃ অবিমৃষ্যৈব পর্ব্বাদৌ রমণম্ অহিতদ্রব্যভোজনঞ্চ, মৃত্যুবেগ আত্মহত্যাচেষ্টা। রসবেগো হঠাৎ রসনয়া দ্রব্যগ্রহণম্, শ্রোত্রবেগো গানশ্রবণাদাবুৎকটেচ্ছা। ষট্‌পাদঃ শ্লোকঃ। বিকত্থা আত্মশ্লাঘা, মাৎসর্য্যং পরশুভদ্বেষঃ, পাপং প্রাণিহত্যাদিকম্, সাহসানাং মনুষ্যমারণাদীনাম্, অকার্য্যাণাম্ অভক্ষ্যভক্ষণাদীনাম্, এতৎ সর্ব্বং লোভাদেব প্রবর্ত্তত ইত্যনুবৃত্তিঃ ॥৬—১০॥

লোভ হইতে ক্রোধ হয়, লোভ হইতে কাম জন্মে এবং লোভ হইতেই মোহ, ছল, গর্ব্ব, জড়তা ও মৃত্যু পর্য্যন্ত হইয়া থাকে ॥৪॥

অসহিষ্ণুতা, লজ্জা ত্যাগ, সম্পত্তি ক্ষয়, ধর্ম্মনাশ, দুশ্চিন্তা এবং অকীর্ত্তি—এই সমস্তই এক লোভ হইতে উৎপন্ন হয় ॥৫॥

জাতৌ বাল্যে চ কৌমারে যৌবনে চাপি মানবাঃ।
ন সংত্যজন্ত্যাত্মকর্ম্ম যো ন জীর্য্যতি জীর্য্যতঃ ॥১১॥
যো ন পূরয়িতুং শক্যো লোভঃ প্রাপ্ত্যা কুরূদ্বহ!।
নিত্যং গম্ভীরতোয়াভিরাপগাভিরিবোদধিঃ ॥১২॥
ন প্রহৃষ্যতি যো লাভৈঃ কামৈর্যশ্চ ন তৃপ্যতি।
যো ন দেবৈর্ন গন্ধর্ব্বৈর্নাসুরৈর্ন মহোরগৈঃ ॥১৩॥
জ্ঞায়তে নৃপ! তত্ত্বেন সর্ব্বৈর্ভূতগণৈস্তথা।
স লোভঃ সহ মোহেন বিজেতব্যো জিতাত্মনা ॥১৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

জাতাবিতি। জাতৌ জন্মনি। আত্মকর্ম্ম ন সংত্যজন্তি লোভাদেব। জীর্য্যতো জরাজীর্ণস্যাপি মানুষস্য যো লোভো ন জীর্য্যতি ন ক্ষীয়তে। প্রাপ্ত্যা অভীষ্টলাভেনাপি। আপগাভির্নদীভিঃ। ন প্রহৃষ্যতি হর্ষেণ বিরমতি, ন তৃপ্যতি তৃপ্ত্যা ন নিবর্ত্ততে। তত্ত্বেন যাথার্থ্যেন ভূতগণৈঃ প্রাণিসমূহৈঃ। জিতাত্মনা সংযততয়া বশীকৃতমনসা জনেন ॥১১—১৪॥

ভারতভাবদীপঃ

॥১॥ গ্রাহ ইব গ্রাহো গ্রাসকর্ত্তা ॥২॥ যেন লোভেন জনাঃ পাপকৃতো ভবন্তি ॥৩॥ পরাসুতা অধীনপ্রাণত্বম্ ॥৪॥ অভিধ্যা চিন্তা, অপ্রখ্যতাপকীর্ত্তিঃ ॥৫॥ অত্যাগাদয়োঽকার্য্যক্রিয়ান্তাঃ সর্ব্বে দোষা লোভাৎ প্রবর্ত্তন্ত ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৬—১০॥ জাতৌ জন্মনি ॥১১॥ যো ন পূরয়িতুং শক্য ইত্যা-

কৃপণতা, অত্যন্ত ভোগতৃষ্ণা, অসৎকার্য্যের প্রবৃত্তি, বংশ ও বিদ্যার অহঙ্কার, রূপ ও সম্পদের অভিমান, সর্ব্বভূতে বিদ্রোহ, সর্ব্বভূতের প্রতি অসদ্ব্যবহার, সর্ব্বভূতে অবিশ্বাস, সর্বভূতের প্রতি কুটিলতাচরণ, পরদ্রব্য গ্রহণ, পরদারগমন, বিবেচনা না করিয়া হঠাৎ বাক্য বলা ও কোন বিষয়ে প্রবৃত্তি করা, হঠাৎ পরনিন্দা করা, বিবেচনা না করিয়া স্ত্রীসংসর্গ করা ও অভক্ষ্য ভক্ষণ করা, হঠাৎ আত্মহত্যার চেষ্টা, প্রবল ঈর্ষ্যা ও হঠাৎ মিথ্যাব্যবহার, বিবেচনা না করিয়া রসগ্রহণ ও শব্দ শ্রবণ করা, পরকুৎসা, আত্মশ্লাঘা ও পরশুভদ্বেষ করা, পাপ ও দুষ্কর কার্য্য করা এবং সর্বপ্রকার সাহস ও অকার্য্য করা—এই সমস্তই এক লোভ হইতে হইয়া থাকে ॥৬—১০॥

মানুষ জন্মকালে এবং বাল্য, কৌমার ও যৌবন সময়ে যে লোভের প্রভাবে আপন কর্ম্ম ত্যাগ করিতে পারে না, আর মানুষ জীর্ণ হইলেও যে লোভ জীর্ণ হয় না; কৌরবশ্রেষ্ঠ! গভীর জল নদীসমূহদ্বারা সমুদ্র যেমন পূর্ণ হয় না, সেইরূপ অভীষ্ট বস্তু লাভ করিলেও যে লোভ পূর্ণ হয় না; যে লোভ লাভে হৃষ্ট বা কামে তৃপ্ত হইতে পারে না এবং দেবতা, গন্ধর্ব্ব, অসুর, মহানাগ ও অন্যান্য সমস্ত প্রাণীরা যে লোভের স্বরূপ জানেন না, জিতেন্দ্রিয় লোক মোহের সহিত সেই লোভকে জয় করিবেন ॥১১—১৪॥

দম্ভো দ্রোহশ্চ নিন্দা চ পৈশুন্যং মৎসরস্তথা।
ভবন্ত্যেতানি কৌরব্য! লুব্ধানামকৃতাত্মনাম্ ॥১৫॥
সুমহান্ত্যপি শাস্ত্রাণি ধারয়ন্তি বহুশ্রুতাঃ।
ছেত্তারঃ সংশয়ানাঞ্চ ক্লিশ্যন্তীহাল্পবুদ্ধয়ঃ ॥১৬॥
দ্বেষক্রোধপ্রসক্তাশ্চ শিষ্টাচারবহিষ্কৃতাঃ।
অন্তঃক্রূরা বাঙ্‌মধুরাঃ কূপাশ্ছন্নাস্তৃণৈরিব ॥১৭॥
ধর্ম্মবৈতংসিকাঃ ক্ষুদ্রা মুষ্ণন্তি ধ্বজিনো জগৎ।
কুর্ব্বতে চ বহূন্ মার্গাংস্তান্ হেতুবলমাশ্রিতাঃ।
সতাং মার্গান্ বিলুম্পন্তি লোভজ্ঞানেষ্ববস্থিতাঃ ॥১৮॥
ধর্ম্মস্য হ্রিয়মাণস্য লোভগ্রস্তৈর্দুরাত্মভিঃ।
যা যা বিক্রিয়তে সংস্থা ততঃ সাপি প্রপদ্যতে ॥১৯॥

ভারতকৌমুদী

দম্ভ ইতি। পৈশুন্যং খলতা, মৎসরঃ পরশুভদ্বেষঃ। অকৃতাত্মনাম্ অশিক্ষিতচিত্তানাম্ ॥১৫
সুমহান্তীতি। ধারয়ন্তি সম্যগধ্যয়নেন বহন্তি, ততশ্চ বহুশ্রুতা ভবন্তি। অল্পে ধনে বুদ্ধির্যেষাং তে অল্পবুদ্ধয়ো লুব্ধা সন্তঃ ক্লিশ্যন্তি। অতঃ শাস্ত্রজ্ঞেষ্বপি লোভো দোষায়েতি ভাবঃ ॥১৬॥
দ্বেষেতি। অন্তর্মধ্যে ক্রূরাঃ অথ চ বাচা বাক্যমাত্রেণ মধুরাঃ ॥১৭॥
ধর্ম্মেতি। ধর্ম্মস্য বৈতংসিকাঃ প্রচারকাঃ, মুষ্ণন্তি বঞ্চয়ন্তি ধ্বজিনো ধর্ম্মধ্বজিনঃ। মার্গান্ অর্থার্জ্জনোপায়ান্, হেতুবলং যুক্তিপ্রদর্শনশক্তিম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

দীনাং স লোভো জেতব্য ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥১২—১৬॥ অল্পেঽপি ধনাদৌ বুদ্ধির্যেষাং তেঽল্পবুদ্ধয়ো লুব্ধা ইত্যর্থঃ ॥১৭॥ ধর্ম্মবৈতংসিকা ধর্ম্মব্যাজেনেতরান্ হিংসন্তঃ, ধ্বজিনো ধর্ম্মখ্যাপকাঃ ॥১৮॥

কৌরবনন্দন! দম্ভ, পরদ্রোহ, পরনিন্দা, খলতা ও মাৎসর্য্য—এইগুলি অশিক্ষিত লুব্ধলোকদিগের হইয়া থাকে ॥১৫॥

যাঁহারা সম্যক্ অধ্যয়ন করিয়া বহু শাস্ত্র বহন করেন এবং বহুদর্শী ও সমস্ত সংশয় ছেদন করিতে সমর্থ হন, তাঁহারাও লোভী হইয়া ক্লেশ অনুভব করেন ॥১৬॥

অনেক লোভী দ্বেষ ও ক্রোধযুক্ত এবং শিষ্টাচারবিবর্জ্জিত হয়, তৎকালে তাহারা তৃণাবৃত কূপের ন্যায় অন্তরে ক্রূর এবং বাক্যে মধুর হইয়া থাকে ॥১৭॥

বহুতর ক্ষুদ্রাশয় লোভী ধর্ম্মধ্বজী হইয়া ধর্ম্মপ্রচার করিতে থাকিয়া জগৎটাকেই প্রতারণা করিতে থাকে, যুক্তি দেখাইবার শক্তি অবলম্বন করিয়া অর্থোপার্জ্জনের বহুতর পথ আবিষ্কার করে এবং সৎপথ লোপ করিয়া দেয় ॥১৮॥

দর্পঃ ক্রোধো মদঃ স্বপ্নো হর্ষঃ শোকোঽভিমানিতা।
এত এব হি কৌরব্য ! দৃশ্যন্তে লুব্ধবুদ্ধিষু ॥২০॥
এতানশিষ্টান্ বুধ্যস্ব নিত্যং লোভসমন্বিতান্।
শিষ্টাংস্তু পরিপৃচ্ছেথা যান্ বক্ষ্যামি শুচিব্রতান্ ॥২১॥
যেম্বাবৃত্তিভয়ং নাস্তি পরলোকভয়ং ন চ।
নামিষেষু প্রসঙ্গোঽস্তি ন প্রিয়েম্বপ্রিয়েষু চ ॥২২॥
শিষ্টাচারঃ প্রিয়ো যেষু দমো যেষু প্রতিষ্ঠিতঃ।
সুখদুঃখং সমং যেষাং সত্যং যেষাং পরায়ণম্ ॥২৩॥
দাতারো ন গৃহীতারো দয়াবন্তস্তথৈব চ।
পিতৃদেবাতিথেয়াশ্চ নিত্যোদ্যুক্তাস্তথৈব চ ॥২৪॥
সর্বোপকারিণো বীরাঃ সর্বধর্ম্মানুপালকাঃ।
সর্বভূতহিতাশ্চৈব সর্বদেয়াশ্চ ভারত ! ॥২৫॥
ন তে চালয়িতুং শক্যা ধর্ম্মব্যাপারকারিণঃ।
ন তেষাং ভিদ্যতে বৃত্তং যৎ পুরা সাধুভিঃ কৃতম্ ॥২৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ধর্ম্মস্যেতি। হ্রিয়মাণস্য বৈপরীত্যং নীয়মানস্য। বিক্রিয়তে বিকারযোগ্যা ভবতি, সংস্থা অবস্থা প্রপদ্যতে উপতিষ্ঠতি ॥১৯॥

দর্প ইতি। মদো মত্ততা, স্বপ্নো নিদ্রা। দৃশ্যন্তে প্রায়েণ ॥২০॥

এতানিতি। অশিষ্টান্ অশাস্ত্রনিয়মিতান্। শিষ্টান্ শাস্ত্রনিয়মিতান্। শুচিব্রতান্ পবিত্রনিয়মান্ ॥২১॥

লোভী দুরাত্মারা এইভাবে বাস্তবিক ধর্ম্ম হরণ করিতে থাকে, তাহাতে ধর্ম্মের যে যে বিকৃত অবস্থা হইতে পারে, সে সমস্তই উপস্থিত হয় ॥১৯॥

কৌরবনন্দন ! দর্প, ক্রোধ, মত্ততা, নিদ্রা, হর্ষ, শোক ও অভিমান—এইগুলিই প্রায় লোভীদের দেখা যায় ॥২০॥

যুধিষ্ঠির ! তুমি সর্ব্বদাই এই লোভীদিগকে অশিষ্ট বলিয়া জানিবে। ইহার পরে অবশ্যই তুমি শিষ্টদিগের কথা জিজ্ঞাসা করিবে; আমিও যে পবিত্রনিয়মশালী নির্লোভদিগের বিষয় বলিব ॥২১॥

(২২) নামিত্রেষু প্রসঙ্গোঽস্তি বঙ্গ।
(২৬) ...ধর্ম্মব্যাহারকারিণঃ...বর্দ্ধ নি।

ন ত্রাসিনো ন চপলা ন রৌদ্রাঃ সৎপথে স্থিতাঃ।
তে সেব্যাঃ সাধুভির্নিত্যং যেম্বহিংসা প্রতিষ্ঠিতা ॥২৭॥
কামক্রোধব্যপেতা যে নির্মমা নিরহঙ্কৃতাঃ।
সুব্রতাঃ স্থিরমর্য্যাদাস্তানুপাস্স্ব চ পৃচ্ছ চ ॥২৮॥

ভারতকৌমুদী

যেম্বিতি। আবৃত্তিভয়ম্ ইহলোকে পুনরুৎপত্তিভয়ম্, পরলোকভয়ং নরকপাতভীতিঃ। আমিষেষু ঐহিকসুখভোগেষু "আমিষং পললে লাভে সম্ভোগোৎকোচয়োরপি" ইতি বিশ্বঃ। দম ইন্দ্রিয়দমনম্। পরায়ণং পরমাশ্রয়ঃ। যে চ পিতৃদেবাতিথেয়াঃ তত্তৎপূজাপরায়ণাঃ। সর্বেষ্বেব দেয়ং দাতব্যং যেষাং তে। চালয়িতুং ধর্ম্মব্যাপারাৎ ভ্রংশয়িতুম্। বৃত্তং চরিত্রম্ ॥২২—২৬॥

নেতি। ত্রাসিনো ভীরবঃ, রৌদ্রা উগ্রস্বভাবাঃ ॥২৭॥

কামেতি। সুব্রতা সন্নিয়মাঃ, স্থিরমর্য্যাদা অবিচলিতপূজ্যগৌরবাঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

হেতুবলম্ "যেন কেনাপ্যুপায়েন যস্য কস্যাপি দেহিনঃ। সন্তোষং জনয়েৎ প্রাজ্ঞস্তদেবেশ্বরপূজনম্॥" ইত্যাগমবলেনান্যোন্যসন্তোষহেতুতয়া পারদার্য্যাদেরপি ধর্ম্মত্বং বর্ণয়ন্তীতি ভাবঃ ॥১৯॥ সংস্থা স্থিতিঃ, বিক্রিয়তেঽন্যথা ভবতি, সা তথৈব প্রপদ্যতে প্রণাং যাতি ॥২০—২৫॥ সর্ব্বং প্রাণপর্য্যন্তমপি দেয়ং

যাঁহাদের পুনর্জ্জন্মের ভয় কিংবা নরকগমনের ভয় নাই এবং যাঁহাদের ভোগসুখে আসক্তি বা প্রিয়প্রাপ্তিতে সুখ ও অপ্রিয় প্রাপ্তিতে দুঃখ হয় না ; শিষ্টাচার যাঁহাদের প্রিয়, যাঁহাদের ইন্দ্রিয় দমন রহিয়াছে, সুখ ও দুঃখ যাঁহাদের সমান এবং সত্যই যাঁহাদের পরম অবলম্বন ; যাঁহারা দানই করেন, কিন্তু গ্রহণ করেন না, যাঁহারা দয়ালু, যাঁহারা দেবগণ, পিতৃগণ ও অতিথিগণের সেবা করেন এবং যাঁহারা সর্বদাই সৎকার্য্যে উদ্‌যোগী থাকেন ; ভরতনন্দন ! আর যাঁহারা সকলেরই উপকার করেন, যাঁহারা বীর, যাঁহারা সর্বধর্ম্ম পালন করিয়া চলেন, যাঁহারা সর্বভূতেরই হিতৈষী এবং যাঁহারা সকলকেই দান করেন, সেই ধর্ম্মক্রিয়াকারী মহাত্মাদিগকে ধর্ম্ম হইতে বিচ্যুত করিতে পারা যায় না এবং পূর্বকালে সাধুগণ যাঁহার অনুসরণ করিয়া গিয়াছেন, সেই চরিত্র তাঁহাদের কখনও ক্ষুণ্ণ হয় না ॥২২—২৬॥

তাঁহারা ভীরু নহেন, চঞ্চল নহেন, উগ্রস্বভাবও নহেন, অথ চ তাঁহারা সৎপথেই থাকেন, আর যাঁহাদের হিংসাবৃত্তি নাই, সাধুগণ সেই মহাত্মাদিগের সেবা করিবেন ॥২৭॥

যুধিষ্ঠির ! যাঁহারা কামক্রোধশূন্য, মমতারহিত, অহঙ্কারবিহীন, প্রশস্তনিয়মশালী এবং পূজনীয়গণের সম্মানকারী, তুমি তাঁহাদের সেবা করিবে এবং তাঁহাদের নিকটে ধর্ম্ম জিজ্ঞাসা করিবে ॥২৮॥

ন ধনার্থং যশোঽর্থং বা ধর্ম্মস্তেষাং যুধিষ্ঠির !।
অবশ্যং কার্য্য ইত্যেব শরীরস্য ক্রিয়াস্তথা ॥২৯॥
ন ভয়ং ক্রোধচাপল্যে ন শোকস্তেষু বিদ্যতে।
ন ধর্ম্মধ্বজিনশ্চৈব ন গুহ্যং কশ্চিদাস্থিতাঃ ॥৩০॥
যেম্বলোভস্তথা মোহো যে চ সত্যার্জ্জবে স্থিতাঃ।
তেষু কৌন্তেয় ! রজ্যেথা যেষাং ন ভ্রশ্যতে পুনঃ ॥৩১॥
যে ন হৃষ্যন্তি লাভেষু নালাভেষু ব্যথন্তি চ।
নির্ম্মমা নিরহঙ্কারাঃ সত্ত্বস্থাঃ সমদর্শিনঃ ॥৩২॥
লাভালাভৌ সুখদুঃখে চ তাত ! প্রিয়াপ্রিয়ে মরণং জীবিতঞ্চ।
সমানি যেষাং স্থিরবিক্রমাণাং বুভুৎসতাং সত্ত্বপথস্থিতানাম্ ॥৩৩॥
ধর্ম্মপ্রিয়াংস্তান্ সুমহানুভাবান্ দান্তোঽপ্রমত্তশ্চ সমর্চ্চয়েথাঃ।
দৈবাৎ সর্বে গুণবন্তো ভবন্তি শুভাশুভে বাক্প্রলাপাস্তথান্যে ॥৩৪॥ (বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে আপন্মূলভূতদোষকথনে ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

নেতি। অবশ্যকার্য্যো ধর্ম্ম ইত্যেব তদনুষ্ঠানে হেতুরিতি শেষঃ, তথা শরীরস্য ক্রিয়াঃ স্নানাদয়ঃ অবশ্যকার্য্যা ইত্যেবহেতুনা প্রবর্ত্তন্তে ন তু বিলাসায়েতি ভাবঃ ॥২৯॥

নেতি। তে ন ধর্ম্মধ্বজিনো বহির্ধর্ম্মবন্তঃ অন্তরে পুনরধর্ম্মশালিনো ন ভবন্তি, গুহ্যং কাপট্যম্ ॥৩০॥

যেম্বিতি। অলোভঃ অমোহশ্চ বর্ত্ততে। ন ভ্রশ্যতে ধর্ম্ম ইতি শেষঃ ॥৩১॥

যুধিষ্ঠির ! তাঁহারা ধন বা যশের জন্য ধর্ম্মকার্য্য করেন না; কিন্তু অবশ্য করিতে হয় বলিয়াই করেন এবং শারীরিক ক্রিয়াও অবশ্য করিতে হয় বলিয়া করিয়া থাকেন ॥২৯॥

ভয়, ক্রোধ, চঞ্চলতা ও শোক—ইহার কোনটাই তাঁহাদের থাকে না এবং তাঁহারা ধর্ম্মধ্বজী হন না বা কোন কপটতা অবলম্বন করেন না ॥৩০॥

কুন্তীনন্দন ! যাঁহাদের লোভ ও মোহ থাকে না এবং যাঁহারা সত্য ও সরলতায় অবস্থান করেন, আর যাঁহাদের ধর্ম্ম ভ্রষ্ট হয় না, তুমি তাঁহাদের প্রতি অনুরক্ত থাকিবে ॥৩১॥

··'অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বদ্ধ নি।

চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।

অনর্থানামধিষ্ঠানমুক্তো লোভঃ পিতামহ ! ।
অজ্ঞানমপি বৈ তাত ! শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥১॥

ভারতকৌমুদী

ম ইতি। সত্ত্বস্থাঃ সত্ত্বগুণাবলম্বিনঃ, প্রিয়াপ্রিয়য়োঃ সমদর্শিনশ্চ। বভুৎসতাং তত্ত্বং জ্ঞাতুমিচ্ছতাম্। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ, অপ্রমত্তঃ সাবধানশ্চ। সর্ব্বে বাক্প্রলাপা অপ্রিয়বাক্যানি তথা অন্যে অপ্রিয়-ব্যবহারাশ্চ দৈবাং উক্তবিধসজ্জনাচ্চনয়া দৈবাং দেবানুগ্রহাং গুণবন্তঃ সংফলজনকা ভবন্তি ; তথা তদনর্চনাভাবে দৈবাং শুভাশুভে দ্বে অপি ভবতঃ ॥৩২—৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

:০:

অনর্থানামিতি। অধিষ্ঠানমাশ্রয়ঃ। অজ্ঞানং কিং তদপীত্যর্থঃ ॥১॥

ভারতভাবদীপঃ

পরার্থে দাতুং যোগ্যাঃ যেষাং তে ॥২৬—২৮॥ পৃচ্ছ ১ ধর্ম্মমিতি শেষঃ ॥২৯॥ ক্রিয়া আহারাদয়ঃ ॥৩০॥ গুহ্যং গোপনীয়ং কিঞ্চিৎ পাষণ্ডধর্ম্মম্ ॥৩১॥ অন্যোহ ইতি চ্ছেদঃ। যেষাং বৃত্তমিতি শেষঃ ॥৩২—৩৫॥ হে শুভ ! হে ভদ্র ! সর্ব্বে বাক্প্রলাপা গুণবন্তো ভবন্তি তান্ দৈবান্ প্রধানান্, অন্যে তু মহতাং বাক্যপ্রলাপা অশুভং শুভার্থমেব ভবন্তীতি শেষঃ। লোভং জেতুকামেন সৎসঙ্গঃ কর্ত্তব্য ইত্যর্থঃ ॥৩৪॥

ইতি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আপদ্ধর্ম্মে ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায় ॥১৫৩॥

যাঁহারা লাভে সন্তুষ্ট এবং অলাভে দুঃখিত হন না, যাঁহারা সর্বত্র মমতাশূন্য ও নিরহঙ্কার থাকেন এবং যাঁহারা সর্বদা সত্ত্বগুণাবলম্বী ও সমদর্শী হন ; আর স্থিরবিক্রম, তত্ত্বজিজ্ঞাসু ও সত্ত্বগুণস্থিত যে পুরুষদিগের লাভ ও অলাভ, সুখ ও দুঃখ, প্রিয় ও অপ্রিয় এবং জীবন ও মরণ সমান হয়, বৎস ! তুমি জিতেন্দ্রিয় ও সাবধান হইয়া সেই ধর্ম্মপ্রিয় অতি মহানুভাবগণের পূজা করিবে ; তাহা হইলে তোমার অপ্রিয় বাক্য এবং অসদ্ব্যবহার সকলও দেবতার অনুগ্রহে শুভফল উৎপাদন করিবে ; আর তাঁহাদের পূজা না করিলে দৈববশতঃ তোমার শুভ ও অশুভ দু-ই হইবে' ॥৩২—৩৪॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! আপনি লোভকে অনর্থের আশ্রয় বলিয়াছেন, এখন আমি যথার্থরূপে অজ্ঞানের বিষয়ও শুনিতে ইচ্ছা করি' ॥১॥

ভীষ্ম উবাচ।

করোতি পাপং যোঽজ্ঞানান্নাত্মনো বেত্তি চ ক্ষয়ম্।
প্রদ্বেষ্টি সাধুবৃত্তাংশ্চ স লোকস্যৈতি বাচ্যতাম্ ॥২॥
অজ্ঞানান্নিরয়ং যাতি তথাজ্ঞানেন দুর্গতিম্।
অজ্ঞানাৎ ক্লেশমাপ্নোতি তথাপৎসু নিমজ্জতি ॥৩॥

যুধিষ্ঠির উবাচ।

অজ্ঞানস্য প্রবৃত্তিঞ্চ স্থানং বৃদ্ধিং ক্ষয়োদয়ৌ।
মূলং যোগং গতিং কালং কারণং হেতুমেব চ ॥৪॥
শ্রোতুমিচ্ছামি তত্ত্বেন যথাবদিহ পার্থিব!।
অজ্ঞানপ্রসবং হীদং যদ্দুঃখমুপলভ্যতে ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

করোতীতি। সাধুবৃত্তান্ সচ্চরিত্রান্ জনান্। বাচ্যতাং নিন্দনীয়তাম্ ॥২॥

অজ্ঞানাদিতি। অজ্ঞানাৎ পাপকরণেনেতি শেষঃ ॥৩॥

প্রষ্টব্যং বিবৃণ্বন্নাহ অজ্ঞানস্যেতি। প্রবৃত্তিম্ উৎপত্তিম্। উদয়মাবির্ভাবম্। মূলং পরম্পরয়াদি-কারণম্, যোগমাত্মনঃ সম্বন্ধম্, গতিং প্রকারম্, কারণং প্রসিদ্ধম্, হেতুং যুক্তিম্। অজ্ঞানেন প্রসূয়তে উৎপদ্যত ইত্যজ্ঞানপ্রসবম্ ॥৪—৫॥

ভারতভাবদীপঃ

অনর্থানামিতি ॥১॥ বাচ্যতাং নিন্দ্যতাম্ ॥২—৩॥ অজ্ঞানস্য স্বরূপেণ সহ প্রবৃত্ত্যাদয়ো দ্বাদশ-

ভীষ্ম বলিলেন—'যে লোক অজ্ঞানবশতঃ পাপ করে, অথচ তাহাতে যে নিজের ক্ষতি হইবে, তাহা বোঝে না এবং সচ্চরিত্র লোকদিগের উপরে বিদ্বেষ করে, সেই লোক লোকসমাজে নিন্দনীয় হয় ॥২॥

মানুষ অজ্ঞানবশতঃ নরকে গমন করে, অজ্ঞানের ফলে দুর্গতি ভোগ করে, অজ্ঞানের প্রভাবে কষ্ট পায় এবং আপৎসাগরে নিমগ্ন হয়' ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! অজ্ঞানের উৎপত্তি, স্থান, বৃদ্ধি, ক্ষয়, আবির্ভাব, মূল, সম্বন্ধ, গতি, কাল, কারণ ও যুক্তি—এইগুলি এখন আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি। মানুষ এই যে দুঃখ ভোগ করে, তাহা অজ্ঞান হইতে উৎপন্ন হয়' ॥৪—৫॥

ভীষ্ম উবাচ।

রাগো দ্বেষস্তথা মোহো হর্ষঃ শোকোঽভিমানিতা।
কামঃ ক্রোধশ্চ দর্পশ্চ তন্দ্রা চালস্যমেব চ ॥৬॥
ইচ্ছা দ্বেষস্তথা তাপঃ পরবৃদ্ধ্যুপতাপিতা।
অজ্ঞানমেতন্নির্দ্দিষ্টং পাপানাঞ্চৈব যাঃ ক্রিয়াঃ ॥৭॥ (যুগ্মকম্)
এতস্য বা প্রবৃত্তেশ্চ বৃদ্ধ্যাদীন্ যাংশ্চ পৃচ্ছসি।
বিস্তরেণ মহারাজ! শৃণু তচ্চ বিশেষতঃ ॥৮॥
উভাবেতৌ সমফলৌ সমদোষৌ চ ভারত!।
অজ্ঞানঞ্চাতিলোভশ্চাপ্যেকং জানীহি পার্থিব! ॥৯॥
লোভপ্রভবমজ্ঞানং বৃদ্ধং ভূয়ঃ প্রবর্দ্ধতে।
স্থানং স্থানে ক্ষয়ং ক্ষীণে উপৈতি বিবিধাং গতিম্ ॥১০॥

ভারতকৌমুদী

পৃষ্টবিষয়ান্ বক্ষ্যন্ প্রথমং দ্বাভ্যামজ্ঞানস্বরূপমাহ রাগ ইতি। রাগো বিষয়েষু প্রবলভোগেচ্ছা। তন্দ্রা স্বল্পনিদ্রা। বিষয়ভোগাৎ দ্বেষপদস্যাপুনরুক্তিঃ। পরবৃদ্ধ্যুপতাপিতা পরোন্নতিদর্শনেন দুঃখম্। পাপানাং পাপকর্ম্মণাম্ ॥৬—৭॥

এতস্যেতি। এতস্য অজ্ঞানস্য প্রবৃত্তেরুৎপত্তের্বিষয়ে যৎ ॥৮॥

উভাবিতি। এতৌ অজ্ঞানলোভৌ। একং কার্য্যকারণয়োরভেদপচারাদভিন্নম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

প্রশ্নাঃ ॥৪—৫॥ স্বরূপমাহ দ্বাভ্যাং—রাগ ইতি ॥৬॥ কার্য্যে কারণোপচারাদ্রাগাদয় এবাজ্ঞানম্. পাপানাং ক্রিয়াঃ হিংসাদয়ঃ ॥৭॥ এতস্যৈতৎপ্রবৃত্তিং তচ্চ ত্রয়ং শৃণু ॥৮॥ মুখ্যমজ্ঞানস্বরূপমাহ—উভাবিতি। অত্রাপি পূর্ব্ববৎ কারণে কার্য্যোপচারঃ ॥৯॥ লোভপ্রভবং লোভাত্তস্য প্রবৃত্তিঃ.

ভীষ্ম বলিলেন—'রাগ, দ্বেষ, মোহ, হর্ষ, শোক, অভিমান, কাম, ক্রোধ, দর্প, তন্দ্রা, আলস্য, ইচ্ছা, দ্বেষ, তাপ ও পরশ্রীকাতরতা এবং যে সকল পাপকার্য্য—এই গুলিই অজ্ঞানের স্বরূপ কথিত হইয়া থাকে ॥৬—৭॥

মহারাজ! তুমি এই অজ্ঞানের কিংবা তাহার উৎপত্তির বিষয়ে অথবা তাহার বৃদ্ধিপ্রভৃতির বিষয়ে যাহা জিজ্ঞাসা করিয়াছ, সে সমস্ত বিষয় বিস্তরক্রমে ও বিশেষ ভাবে শ্রবণ কর ॥৮॥

ভরতনন্দন রাজা! অজ্ঞান ও অতিলোভ এই দুইটাকেই এক বলিয়া অবগত হও। কেন না, এই দুইটারই ফল ও দোষ সমান ॥৯॥

(৬) ···তন্ত্রী চালস্যমেব চ···বঙ্গ। (১০) ···স্থানে স্থানং ভাবং ক্ষীণং' বঙ্গ।

মূলং লোভস্য মোহো বৈ কালাত্মগতিরেব চ।
ছিন্নে ভিন্নে তথা লোভে কারণং কাল এব চ ॥১১॥
তস্যাজ্ঞানাদ্ধি লোভো হি লোভাদজ্ঞানমেব চ।
সর্বদোষাস্তথা লোভাত্তস্মাল্লোভং বিবর্জ্জয়েৎ ॥১২॥
জনকো যুবনাশ্বশ্চ বৃষাদর্ভিঃ প্রসেনজিৎ।
লোভক্ষয়াদ্দিবং প্রাপ্তাস্তথৈবান্যে জনাধিপাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

লোভেতি। অজ্ঞানম্, লোভাৎ প্রভবতীতি লোভপ্রভবম্, তচ্চেদজ্ঞানং বৃদ্ধম্, তদা লোভোঽপি ভূয়ো বহুলং প্রবর্দ্ধতে। অজ্ঞানস্য স্থানে স্থিতৌ লোভস্যাপি স্থানং স্থিতির্ভবেৎ, তথা অজ্ঞানে ক্ষীণে লোভোঽপি ক্ষয়মুপৈতি। তথা তদুভয়মপি দুঃখদারিদ্র্যজননাদিনা বিবিধাং গতিং প্রকারমুপৈতি। ইতি প্রাথমিকানাং পঞ্চানামুত্তরম্ ॥১০॥

মূলমিতি। কালাত্মনা কালরূপেণ কারণেন গতিঃ প্রসারো যস্য স তাদৃশো মোহো লোভস্য মূলম্ আদিকারণম্। তথা লোভে ছিন্নে ভিন্নে তস্য বিবৃতরূপবিষয়ে ক্ষয়ে বা, কাল এব কারণম্। এতেন মূলাদীনাং ষণ্ণামুত্তরমুন্নেয়ম্ ॥১১॥

নম্বপৃষ্টে লোভে কথমিদমুচ্যতে ইত্যাহ—তস্যেতি। তস্য মূঢ়স্য, অজ্ঞানাল্লোভ উৎপদ্যতে, লোভাচ্চাজ্ঞানং জায়তে। এতচ্চ কালভেদেনোপপদ্যতে ॥১২॥

ভারতভাবদীপঃ

লোভবৃদ্ধৌ বৃদ্ধির্লোভস্য স্থানে সাম্যে স্থানং সমতা লোভে ক্ষীণে ক্ষীণং ভবতি, উপৈতি উদেতি লোভস্যোদয়ে উদেতীত্যর্থঃ। বিবিধাং গতিং দুঃখসন্তাপমোহাদিরূপাং প্রাপয়িতুমিতি শেষঃ। তদেবং ষণ্ণাং প্রশ্নানামুত্তরমুক্তম্ ॥১০॥ লোভস্যাজ্ঞানাত্মকস্য মূলং মোহো বৈচিত্ত্যং কার্য্যাকার্য্যাপ্রতিপত্তিরূপম্। এতেনৈব মোহসংযোগ এবাজ্ঞানযোগ ইত্যষ্টমস্যাপ্যুত্তরম্। কালাত্মনা নিমিত্তেনাজ্ঞানস্য গতিঃ স্বর্গনরকনরসুরতির্য্যগ্রূপেতি নবমস্যোত্তরম্। লোভস্য চ্ছেদভেদাদিস্তস্য কালো যদা লিপ্স্যমানোঽর্থো বিঘ্নিতো ভবতি, তদৈব বৈচিত্ত্যরূপস্যাজ্ঞানস্য কাল ইতি দশমস্যোত্তরম্। কারণং নিদানম্.

অজ্ঞান লোভ হইতে উৎপন্ন হয়, অথ চ অজ্ঞান বৃদ্ধি পাইলে লোভও অত্যন্ত বৃদ্ধি পায়, অজ্ঞান থাকিলে লোভও থাকে এবং অজ্ঞান নষ্ট হইলে লোভও নষ্ট হয়। এইভাবে উহারা নানাবিধ অবস্থা প্রাপ্ত হয় ॥১০॥

কালবিশেষে উৎপন্ন মোহই লোভের কারণ; আবার সেই লোভ যে ছিন্ন ভিন্ন হইয়া যায়, তাহার প্রতি কারণও কাল ॥১১॥

মূঢ় ব্যক্তির অজ্ঞান হইতেই লোভ জন্মে, আবার কখনও লোভ হইতেও অজ্ঞান জন্মিয়া থাকে। সেই লোভ হইতে সমস্ত দোষই উৎপন্ন হইতে পারে। অতএব লোভ পরিত্যাগ করিবে ॥১২॥

প্রত্যক্ষস্তু কুরুশ্রেষ্ঠ ! ত্যজ লোভমিহাত্মনা ।
ত্যক্ত্বা লোভং সুখং লোকে প্রেত্য চানুচরিষ্যসি ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে অজ্ঞানমাহাত্ম্যে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ

যুধিষ্ঠির উবাচ ।
স্বাধ্যায়ে কৃতযত্নস্য নরস্য চ পিতামহ ! ।
ধর্ম্মকামস্য ধর্ম্মাত্মন্ ! কিং নু শ্রেয় ইহোচ্যতে ॥১॥

ভারতকৌমুদী

উক্তার্থে দৃষ্টার্থমাহ জনক ইতি । লোভক্ষয়াৎ অজ্ঞানক্ষয়াচ্চেতি বোধ্যম্ ॥১৩॥

প্রত্যক্ষমিতি । প্রত্যক্ষং লোভমিতি সম্বন্ধঃ । লোকে ইহলোকে, প্রেত্য পরলোকে চ অনুচরিষ্যসি প্রাপ্স্যসি ॥১৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

স্বাধ্যায় ইতি । স্বাধ্যায়ে বেদপাঠে । কিং কার্য্যং শ্রেয়ো মঙ্গলপরম্ ॥১॥

ভারতভাবদীপঃ

হেতুঃ ফলম্ ॥১১॥ তস্য কামস্য মূঢ়স্য বা । তদুভয়মাহ—অজ্ঞানকারণাল্লোভঃ কার্য্যং ফলম্ এবং লোভাদজ্ঞানমিত্যন্তয়োরন্তরম্ ॥১২—১৫॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৪॥

জনক, যুবনাশ্ব, বৃষাদর্ভি, প্রসেনজিৎ এবং অন্যান্য অনেক রাজা লোভক্ষয়-বশতই স্বর্গলাভ করিয়াছেন ॥১৩॥

অতএব কৌরবশ্রেষ্ঠ ! তুমি নিজের চেষ্টায় সেই প্রত্যক্ষ লোভকে ত্যাগ কর। লোভ ত্যাগ করিয়া ইহলোকে ও পরলোকে সুখলাভ করিতে পারিবে' ॥১৪॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'ধর্ম্মাত্মা পিতামহ ! যে মানুষ বেদপাঠে যত্ন করিয়া আসিতেছে, অথ চ অন্যান্য ধর্ম্মও করিবার কামনা করে, তাহার পক্ষে এই জগতে কোন্ কার্য্য আপনি মঙ্গলজনক বলেন ? ॥১॥

* '...একোনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ নি ।

বহুধাদর্শনে লোকে শ্রেয়ো যদিহ মন্যসে।
অস্মিল্লোঁকে পরে চৈব তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥
মহানয়ং ধর্ম্মপথো বহুশাখশ্চ ভারত ! ।
কিংস্বিদেবেহ ধর্ম্মাণামনুষ্ঠেয়তমং মতম্ ॥৩॥
ধর্ম্মস্য মহতো রাজন্ ! বহুশাখস্য তত্ত্বতঃ।
যন্মূলং পরমং তাত ! তৎ সর্ব্বং ব্রূহি তত্ত্বতঃ ॥৪॥

ভীষ্ম উবাচ।

হন্ত তে কথয়িষ্যামি যেন শ্রেয়ো হ্যবাপ্স্যসি।
পীত্বামৃতমিব প্রাজ্ঞো জ্ঞানতৃপ্তো ভবিষ্যসি ॥৫॥
ধর্ম্মস্য বিধয়ো নৈকে যে বৈ প্রোক্তা মহর্ষিভিঃ।
স্বং স্বং বিজ্ঞানমাশ্রিত্য দমস্তেষাং পরায়ণম্ ॥৬॥

ভারতকৌমুদী

বহুধেতি। বহুধা বহুপ্রকারো ধর্ম্মমার্গো দৃশ্যতে যস্মিন্ তত্র। পরে চৈব লোকে ॥২॥

মহানিতি। মহান্ বিশালঃ। বহ্ব্যঃ শাখাঃ প্রকারা যস্য সঃ। অনুষ্ঠেয়তমং প্রাধান্যেনানুষ্ঠেয়ম্ ॥৩॥

ধর্ম্মস্যেতি। তত্ত্বতঃ সত্যতয়ৈব বহুশাখস্য। তত্ত্বতো যথার্থতয়া ॥৪॥

হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চ আশানুরূপপ্রশ্নকরণাৎ ॥৫॥

ধর্ম্মস্যেতি। বিধীয়ন্ত ইতি বিধয়ঃ প্রকারাঃ। দম ইন্দ্রিয়দমনম্, পরায়ণং শ্রেষ্ঠতমঃ ॥৬॥

পিতামহ ! এই জগতে ধর্ম্মের পথ বহুপ্রকার দেখা যায়। তাহার মধ্যে যে পথটী ইহলোকে ও পরলোকে মঙ্গলজনক বলিয়া আপনি মনে করেন, তাহা আমার নিকট বলুন ॥২॥

ভরতনন্দন ! এই ধর্ম্মপথ বিশাল ও বহুপ্রকার। তাহার মধ্যে কোন্ প্রকারটী প্রধানভাবে অনুষ্ঠেয় ? ॥৩॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ ! বস্তুতই ধর্ম্ম বিশাল ও বহুপ্রকার। তাহার যাহা যাহা প্রধান মূল, সেই সমস্ত আপনি যথাযথভাবে বলুন' ॥৪॥

ভীষ্ম বলিলেন—'ভাল, তুমি যাহাতে মঙ্গললাভ করিবে, তাহা আমি তোমার নিকট বলিতেছি। তুমি বুদ্ধিমান্; সুতরাং মানুষ অমৃত পান করিয়া যেমন তৃপ্তিলাভ করে, তুমিও তেমন জ্ঞান লাভ করিয়া তৃপ্তিলাভ করিবে ॥৫॥

মহর্ষিরা আপন আপন বিবেক অবলম্বন করিয়া যাহা যাহা বলিয়া গিয়াছেন, ধর্ম্মের সেই প্রকারগুলি বহুতর ; সে গুলির মধ্যে ইন্দ্রিয়দমনই সর্ব্বপ্রধান ॥৬॥

(৩) ...কিঞ্চিদেবেহ...বর্দ্ধ। (৪) ...তৎ সর্ব্বং ব্রূহ্যশেষতঃ—বঙ্গ।

দমং নিঃশ্রেয়সং প্রাহুর্বৃদ্ধা নিশ্চয়দর্শিনঃ।
ব্রাহ্মণস্য বিশেষেণ দমো ধর্ম্মঃ সনাতনঃ ॥৭॥
দমাত্তস্য ক্রিয়াসিদ্ধির্যথাবদুপলভ্যতে।
দমো দানং তথা যজ্ঞানধীতং চাতিবর্ত্ততে ॥৮॥
দমস্তেজো বর্দ্ধয়তি পবিত্রঞ্চ দমঃ পরম্।
বিপাপ্মা তেজসা যুক্তঃ পুরুষো বিন্দতে মহৎ ॥৯॥
দমেন সদৃশং ধর্ম্মং নান্যং লোকেষু শুশ্রুম।
দমো হি পরমো লোকে প্রশস্তঃ সর্ব্বকর্ম্মণাম্ ॥১০॥
প্রেত্য চাত্র মনুষ্যেন্দ্র! পরমং বিন্দতে সুখম্।
দমেন হি সমাযুক্তো মহান্তং ধর্ম্মমশ্নুতে ॥১১॥
সুখং দান্তঃ প্রস্বপিতি সুখঞ্চ প্রতিবুধ্যতে।
সুখং পর্য্যেতি লোকাংশ্চ মনশ্চাস্য প্রসীদতি ॥১২॥

ভারতকৌমুদী

দমমিতি। নিশ্চিতং শ্রেয়ো যস্মিন্ তম্, নিশ্চয়দর্শিনঃ সত্যজ্ঞাঃ ॥৭॥

দমাদিতি। তস্য ব্রাহ্মণস্য। অধীতং বেদাধ্যয়নম্, অতিবর্ত্ততে অতিক্রামতি ॥৮॥

দম ইতি। পুরুষো দমান্বিতঃ, মহৎ স্বর্গাদিকং ফলম্ ॥৯॥

দমেনেতি। ধর্ম্মং ধর্ম্মজনকম্। সর্ব্বকর্ম্মণাং মধ্যে ॥১০॥

প্রেত্যেতি। প্রেত্য পরলোকে, অত্র ইহলোকে চ। হি যস্মাৎ ॥১১॥

সুখমিতি। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। প্রতিবুধ্যতে জাগর্ত্তি। পর্য্যেতি বিচরতি ॥১২॥

সত্যদর্শী বৃদ্ধেরা বলেন—ইন্দ্রিয়দমন হইতে নিশ্চয়ই মঙ্গললাভ হয়। বিশেষতঃ, ব্রাহ্মণের পক্ষে ইন্দ্রিয়দমনই সনাতন ধর্ম্ম ॥৭॥

ব্রাহ্মণের পক্ষে ইন্দ্রিয়দমন হইতেই যথাযথভাবে কার্য্যসিদ্ধি দেখা যায় এবং এক ইন্দ্রিয়দমনই দান, যজ্ঞ ও বেদাধ্যয়নকে অতিক্রম করে ॥৮॥

ইন্দ্রিয়দমন তেজ বৃদ্ধি করে এবং ইন্দ্রিয়দমন পরম পবিত্র; আর ইন্দ্রিয়দমনশালী পুরুষ নিষ্পাপ ও তেজস্বী হইয়া মহাফল লাভ করেন ॥৯॥

আমরা শুনিয়াছি যে, জগতে ইন্দ্রিয়দমনের সমান ধর্ম্মজনক কার্য্য আর নাই এবং ইন্দ্রিয়দমন জগতে সমস্ত কার্য্যের মধ্যে পরম প্রশস্ত ॥১০॥

মানুষ ইন্দ্রিয়দমন করিতে পারিলে বিশেষ ধর্ম্ম লাভ করে; সুতরাং মনুষ্যশ্রেষ্ঠ! সেই মানুষ ইহলোকে ও পরলোকে পরম সুখ লাভ করিতে পারে ॥১১॥

(৭) দমং নিঃশ্রেয়সে প্রাহুঃ···বঙ্গ নি।

অদান্তঃ পুরুষঃ ক্লেশমভীক্ষ্ণং প্রতিপদ্যতে।
অনর্থাংশ্চ বহূনন্যান্ প্রসৃজত্যাত্মদোষজান্ ॥১৩॥
আশ্রমেষু চতুর্ষ্বাহুর্দমমেবোত্তমং ব্রতম্।
তস্য লিঙ্গানি বক্ষ্যামি যেষাং সমুদয়ো দমঃ ॥১৪॥
ক্ষমা ধৃতিরহিংসা চ সমতা সত্যমার্জ্জবম্।
ইন্দ্রিয়াভিজয়ো দাক্ষ্যং মার্দ্দবং হ্রীরচাপলম্ ॥১৫॥
অকার্পণ্যমসংরম্ভঃ সন্তোষঃ প্রিয়বাদিতা।
অবিহিংসানসূয়া চাপ্যেষাং সমুদয়ো দমঃ ॥১৬॥ (যুগ্মকম্)
গুরুপূজা চ কৌরব্য ! দয়াভূতেষ্বপৈশুনম্।
জনবাদং মৃষাবাদং স্তুতিনিন্দাবিবর্জনম্ ॥১৭॥
কামং ক্রোধঞ্চ লোভঞ্চ দর্পং স্তম্ভং বিকত্থনম্।
রোষমীর্ষ্যাবমানঞ্চ নৈব দান্তো নিষেবতে ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদান্ত ইতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ প্রতিপদ্যতে প্রাপ্নোতি। প্রসৃজতি উৎপাদয়তি ॥১৩॥
আশ্রমেম্বিতি। আহুর্মুনয়ঃ। লিঙ্গানি লক্ষণানি ॥১৪॥
ক্ষমেতি। ধৃতির্ধৈর্য্যম্, সমতা প্রিয়াপ্রিয়য়োস্তুল্যদৃষ্টিঃ, আর্জ্জবং সরলতা। হ্রীর্লজ্জা, অসংরম্ভঃ অক্রোধঃ। অবিহিংসা বিশেষহিংসাত্যাগঃ। এতচ্চ পূর্ব্বোক্তায়া অহিংসায়া ব্যাখ্যানমুক্তম্। তেন চ জীবৎকুশকাশাদিহরণে ন দোষ ইতি সূচিতম্ ॥১৫—১৬॥

ইন্দ্রিয়দমনশীল মানুষ সুখে নিদ্রা যায়, সুখে জাগরিত হয় এবং সুখে সমস্ত লোকে বিচরণ করে ; আর উহার মনও প্রসন্ন থাকে ॥১২॥

অজিতেন্দ্রিয় লোক বার বার কষ্ট পায় এবং নিজের দোষে অন্যান্য বহুতর অনর্থ সৃষ্টি করে ॥১৩॥

ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমেই ইন্দ্রিয়দমনকে মুনিরা উত্তম ব্রত বলিয়াছেন। সেই ইন্দ্রিয়দমনের লক্ষণ সকল বলিতেছি, যে গুলির সমুদয়কে ইন্দ্রিয়দমন বলা হয় ॥১৪॥

ক্ষমা, ধৈর্য্য, অহিংসা, সমদর্শিতা, সত্য, সরলতা, ইন্দ্রিয়জয়, দক্ষতা, কোমলতা, লজ্জা, অচাঞ্চল্য, অকার্পণ্য, অক্রোধ, সন্তোষ, প্রিয়বাদিতা, অবিহিংসা এবং অনসূয়া—এইগুলির সমুদয়কে দম বলা হয় ॥১৫—১৬॥

(১৭) ···ভূতেষু পৈশুনম্···বঙ্গ বর্দ্ধ, ···'স্তুতিনিন্দা বিসর্জ্জনম্—বঙ্গ।

অনিন্দিতো হ্যকামাত্মা নাল্পেষ্বর্থ্যনসূয়কঃ।
সমুদ্রকল্পঃ স নরো ন কথঞ্চন পূর্য্যতে ॥১৯॥
অহং ত্বয়ি মম ত্বঞ্চ ময়ি তে তেষু চাপ্যহম্।
পূর্ব্বসম্বন্ধিসংযোগান্নৈতদ্দান্তো নিষেবতে ॥২০॥
সর্ব্বা গ্রাম্যাস্তথারণ্যা যাশ্চ লোকে প্রবৃত্তয়ঃ।
নিন্দাঞ্চৈব প্রশংসাঞ্চ যো নাশ্রয়তি মুচ্যতে ॥২১॥

ভারতকৌমুদী

গুর্ব্বিতি। অপৈশুনম্ অখলতা, এতে দান্তস্য ধর্ম্মা ইতি শেষঃ। জনবাদং লোকনিন্দাম্, মৃষাবাদং মিথ্যাবাক্যম্, স্তুতিঃ প্রশংসা চ নিন্দা চ বিবর্জনমাত্মীয়ত্যাগশ্চ তৎ। স্তম্ভং জড়তাম্, বিকত্থনম্ আত্মশ্লাঘাম্। রোষমাক্রোশম্, ক্রোধস্য পৃথগুক্তত্বাৎ ॥১৭—১৮॥

অনিন্দিত ইতি। অল্পেষু ঐহিকসুখেষু নার্থী ন স্পৃহী। ন পূর্য্যতে ধর্ম্মসঞ্চয়েনেতি শেষঃ ॥১৯॥

অহমিতি। অহং ত্বয়ি পিতৃত্বাদিনা সংযুক্ত ইতি শেষঃ। এবমন্যত্র। তে ভাগিনেয়াদয়ঃ ॥২০॥

সর্ব্বা ইতি। গ্রাম্যাঃ প্রবৃত্তয়োধ নজনাদৌ, আরণ্যাঃ প্রবৃত্তয়শ্চ ফলমূলাদৌ, তাঃ। মুচ্যতে স মুক্তিং লভতে ॥২১॥

ভারতভাবদীপঃ

স্বাধ্যায় ইতি ॥১—৫॥ দম ইন্দ্রিয়নিয়মঃ, পরায়ণং পরাকাষ্ঠা; অত্রৈব সর্ব্বে ধর্ম্মা অন্তর্ভূতা ইত্যর্থঃ ॥৬—১৬॥ পৈশুনং দান্তো নৈব নিষেবতে ইত্যুত্তরেণান্বয়ঃ। স্তুতিনিন্দয়োরবিসর্জ্জনম্ ॥১৭॥ দর্পং গর্ব্বম্, স্তম্ভমবিনয়ম্ ॥১৮॥ অল্পেষনিত্যসুখেষু কথঞ্চন ব্রহ্মলোকলাভেঽপি ন পূর্য্যতে ন তৃপ্তো

কৌরবনন্দন! গুরুজনের সম্মান এবং প্রাণিগণের উপরে দয়া করা অথ চ খলতা না করা, এইগুলি জিতেন্দ্রিয় লোকের স্বাভাবিক ধর্ম্ম। আর লোকনিন্দা, মিথ্যাবাক্য, পরের প্রশংসা বা নিন্দা, আত্মীয়ত্যাগ, কাম, ক্রোধ, লোভ, দর্প, জড়তা, আত্মশ্লাঘা, আক্রোশ, ঈর্ষ্যা ও অপমান—এইগুলি জিতেন্দ্রিয়লোক করেন না ॥১৭—১৮॥

জিতেন্দ্রিয় লোকের নিন্দা কেহই করেনা, জিতেন্দিয় লোকও কোন কামনা করেন না এবং তিনি অল্পসুখের প্রার্থীও হন না, আর কাহারও প্রতি অসূয়া করেন না। তারপর সমুদ্র যেমন কোন প্রকার জলেই পূর্ণ হয়না, জিতেন্দ্রিয় লোকও তেমন ধর্ম্ম-সঞ্চয়ে পূর্ণ হন না ॥১৯॥

'আমি তোমার' 'তুমিও আমার' এবং 'তাহারা আমার' 'আমিও তাহাদের' পূর্ব্বসম্পর্ক নিবন্ধন এইরূপ ধারণা জিতেন্দ্রিয় লোক করেন না ॥২০॥

গ্রাম্যলোকের ধনজনপ্রভৃতির উপরে যে সকল প্রবৃত্তি হয়, আর বনবাসী লোকের ফলমূলাদিসম্বন্ধে যে সকল প্রবৃত্তি জন্মে, সেই সকল প্রবৃত্তির এবং নিন্দা ও প্রশংসার আশ্রয় যিনি না করেন, তিনি মুক্তিলাভ করিয়া থাকেন ॥২১॥

মৈত্রোঽথ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবিচ্চ যঃ।
মুক্তশ্চ বিবিধৈঃ সঙ্গৈস্তস্য প্রেত্য ফলং মহৎ ॥২২॥
সুবৃত্তঃ শীলসম্পন্নঃ প্রসন্নাত্মাত্মবিদ্বুধঃ।
প্রাপ্যেহ লোকে সৎকারং সুগতিং প্রতিপদ্যতে ॥২৩॥
কর্ম্ম যচ্ছুভমেবেহ সদ্ভিরাচরিতঞ্চ যৎ।
তদেব জ্ঞানযুক্তস্য মুনের্ব্বর্ত্ম ন হীয়তে ॥২৪॥
নিষ্ক্রম্য বনমাস্থায় জ্ঞানযুক্তো জিতেন্দ্রিয়ঃ।
কালাকাঙ্ক্ষী চরত্যেবং ব্রহ্মভূয়ায় কল্পতে ॥২৫॥
অভয়ং যস্য ভূতেভ্যো ভূতানামভয়ং যতঃ।
তস্য দেহাদ্বিমুক্তস্য ভয়ং নাস্তি কুতশ্চন ॥২৬॥

ভারতকৌমুদী

মৈত্র ইতি। মৈত্রঃ সর্ব্বভূতেষু মিত্রতাশালী। বিবিধৈঃ সঙ্গৈঃ পুত্রকলত্রাদিসংসর্গৈঃ, মুক্তশ্চ বিরহিতশ্চ, তস্য জনস্য প্রেত্য পরলোকে মহৎ ফলং ব্রহ্মলোকগমনাদিকং স্যাৎ ॥২২॥

সুবৃত্ত ইতি। সুবৃত্তঃ সৎকর্ম্মা। প্রতিপদ্যতে লভতে ॥২৩॥

কর্ম্মেতি। তদেব বর্ত্ম ন হীয়তে ন বিচ্যুতং ভবতি ॥২৪॥

নিষ্ক্রম্যেতি। নিষ্ক্রম্য গৃহান্নির্গত্য। কালাকাঙ্ক্ষী দেহত্যাগসময়প্রতীক্ষী, ব্রহ্মভূয়ায় মোক্ষায় কল্পতে স জনঃ শক্নোতি ॥২৫॥

অভয়মিতি। ভূতেভ্যঃ প্রাণিভ্যঃ। কুতশ্চন নরকাদেঃ ॥২৬॥

যিনি সর্ব্বভূতের হিতৈষী, সচ্চরিত্র, প্রসন্নচিত্ত, আত্মজ্ঞানসম্পন্ন ও নানাবিধ সংসর্গমুক্ত হন, তিনি পরলোকে যাইয়া মহাফল লাভ করেন ॥২২॥

যিনি সৎকর্ম্ম করেন, সচ্চরিত্র হন, প্রসন্নচিত্ত থাকেন এবং ব্রহ্মজ্ঞানী হইতে পারেন, সেই বিদ্বান্ লোক ইহলোকে সম্মান লাভ করিয়া পরলোকে সদ্গতি প্রাপ্ত হন ॥২৩॥

এই জগতে যাহা সৎকার্য্য এবং যাহা সজ্জনেরা করিয়া থাকেন, সেই কর্ম্মমার্গ জ্ঞানী মুনির কখনও বিচ্যুত হয় না ॥২৪॥

যিনি গৃহ হইতে নির্গত হইয়া বনে যাইয়া জ্ঞানী ও জিতেন্দ্রিয় থাকিয়া দেহত্যাগের সময় প্রতীক্ষা করিয়া বিচরণ করেন, তিনি মুক্তিলাভ করিতে সমর্থ হন ॥২৫॥

যাঁহা হইতে প্রাণিগণের ভয় হয় না এবং যিনি কোন প্রাণীরই ভয় করেন না, দেহত্যাগের পরে তাঁহার কোথা হইতেও ভয় হয় না ॥২৬॥

অবাচিনোতি কর্ম্মাণি ন চ সম্প্রচিনোতি হ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মৈত্রায়ণগতিশ্চরেৎ ॥২৭॥
শকুনীনামিবাকাশে জলে বারিচরস্য চ।
যথা গতির্ন দৃশ্যেত তথা তস্য ন সংশয়ঃ ॥২৮॥
গৃহানুৎসৃজ্য যো রাজন্! মোক্ষমেবাভিপদ্যতে।
লোকাস্তেজোময়াস্তস্য কল্পন্তে শাশ্বতীঃ সমাঃ ॥২৯॥
সন্ন্যস্য সর্ব্বকর্ম্মাণি সন্ন্যস্য বিধিবত্তপঃ।
সন্ন্যস্য বিবিধা বিদ্যাঃ সর্বং সন্ন্যস্য চৈব হ ॥৩০॥
কামে শুচিরনাবৃত্তঃ প্রসন্নাত্মাত্মবিচ্ছুচিঃ।
প্রাপ্যেহ লোকে সৎকারং স্বর্গং সমভিপদ্যতে ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবেতি। দান্তো জনঃ প্রাক্তনানি কর্ম্মাণি অবাচিনোতি ভোগেন কেবলং ক্ষপয়ত্যেব, ন চ তানি কর্ম্মাণি পুনঃ সম্প্রচিনোতি করোতি বন্ধভয়াৎ। তথা সমঃ সমদর্শী সন্, সর্ব্বেষু ভূতেষু মৈত্রায়ণো নাম কশ্চিদভয়দাতা মুনিঃ তস্য গতিরিব গতির্যস্য স তাদৃশঃ সন্, চরেৎ অভয়মেব দদ্যাদিত্যর্থঃ ॥২৭॥

শকুনীনামিতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। যথা আকাশে শকুনীনাং পক্ষিণাম্, যথা বা জলে বারিচরস্য জলচরস্য মৎস্যাদেঃ গতির্ন দৃশ্যেত; তথা তস্য দান্তস্য গতিরুদ্দেশ্যমার্গঃ কেনাপি ন দৃশ্যেত। অত্র সংশয়ো নাস্তি ॥২৮॥

গৃহানিতি। মোক্ষং মোক্ষমার্গমেব। তেজোময়া লোকাঃ শাশ্বতীঃ সমাঃ চিরমেব কালং কল্পন্তে সম্ভবন্তি ॥২৯॥

ভারতভাবদীপঃ

ভবতি ॥১৯—২৩॥ বর্ত্ম স্বাভাবিকঃ পন্থাঃ যদন্বেষাং বিদিতং তজ্জ্ঞানিনঃ স্বভাবসিদ্ধমিত্যর্থঃ ॥২৪॥ নিষ্ক্রম্য গৃহাদিতি শেষঃ। সন্ন্যস্যেত্যর্থঃ ॥২৫—২৬॥ অবাচিনোতি ভোগেন ব্যয়ীকরোতি, ন চ সম্প্রচিনোতি ন সংগৃহ্নাতি, তত্ত্বজ্ঞস্য কর্ম্মাশ্লেষস্মরণাৎ; মৈত্রায়ণং সর্ব্বভূতেভ্যোঽভয়দানম্ ॥২৭॥

জিতেন্দ্রিয় মানুষ ভোগ করিয়া কর্ম্মক্ষয়ই করেন; কিন্তু নূতন করিয়া আবার কর্ম্ম করেন না এবং সর্ব্বত্র সমদর্শী হইয়া মৈত্রায়ণ মুনির ন্যায় সর্ব্বভূতে অভয় দান করিতে থাকিয়া বিচরণ করেন ॥২৭॥

আকাশে পক্ষিগণের গতি কিংবা জলে জলচরগণের বিচরণ যেমন দেখা যায় না, তেমন জিতেন্দ্রিয় লোকের উদ্দেশ্যের গতিও দেখা যায় না, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৮॥

রাজা! যিনি গৃহ পরিত্যাগ করিয়া মোক্ষমার্গে চলিতে থাকেন, তাঁহার জন্য চিরস্থায়ী তেজোময় লোক সকল কল্পিত হইয়া থাকে ॥২৯॥

যচ্চ পৈতামহং স্থানং ব্রহ্মরাশিসমুদ্ভবম্।
গুহায়াং পিহিতং নিত্যং তদ্দমেনাভিগম্যতে ॥৩২॥
জ্ঞানারামস্য বুদ্ধস্য সর্ব্বভূতাবিরোধিনঃ।
নাবৃত্তিভয়মস্তীহ পরলোকভয়ং কুতঃ ॥৩৩॥
এক এব দমে দোষো দ্বিতীয়ো নোপপদ্যতে।
যদেনং ক্ষময়া যুক্তমশক্তং মন্যতে জনঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সন্ন্যস্যেতি। সন্ন্যস্য সম্যক্ পরিত্যজ্য। সর্ব্বং ভোগাদিকম্। কামে কামনায়ামপি শুচিঃ পবিত্রঃ অপবিত্রকামনারহিত ইত্যর্থঃ, অনাবৃত্তঃ সর্ব্বদা ভোগপরাঙ্মুখঃ। সর্ব্বং ব্রহ্মলোকাদিকম্ ॥৩০—৩১॥

যদিতি। ব্রহ্মরাশিনা ব্রহ্মণ এব তপঃসমূহেন সমুদ্ভবতীতি তৎ, গুহায়াং নিভৃতদেশে পিহিতং বিমলতেজসৈবাবৃতং পিতামহস্য ব্রহ্মণ ইদমিতি পৈতামহম্, যচ্চ স্থানং বিদ্যতে, দমেন তদভিগম্যতে পুরুষেণ ॥৩২॥

জ্ঞানেতি। জ্ঞানেনৈব আরাম আনন্দো যস্য তস্য, বুদ্ধস্য অবগততত্ত্বস্য, সর্ব্বভূতেষু অবিরোধিনঃ অবিদ্বেষিণঃ পুরুষস্য, ইহলোকে আবৃত্তিভয়ং পুনরাগমনভয়ং নাস্তি চিরস্থায়িলোকাদিলাভাৎ, পরলোকভয়ং নরকপাতভীতিস্তু কুতঃ কুতোঽপি নেত্যর্থঃ, পাপাভাবাৎ ॥৩৩॥

এক ইতি। নোপপদ্যতে ন সম্ভবতি। এনং দান্তং পুরুষম্ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

অনেন দেবযানেনান্যেন বা পথা গত ইতি ন জ্ঞায়তে উৎক্রমণাভাবাৎ। "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবনীয়ন্তে ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইতি শ্রুতেরিতি ভাবঃ ॥২৮—৩০॥ কামে শুচিঃ সত্যকাম ইত্যর্থঃ। অনাবৃত্তঃ সর্ব্বত্র কামাচারভাক্। "তস্য সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি" ইতি শ্রুতেঃ।

জিতেন্দ্রিয় লোক সমস্ত কর্ম্ম, তপস্যা, নানাবিধ বিদ্যা এবং সকল ভোগ যথাবিধানে ত্যাগ করিয়া, পবিত্র কাম, ভোগপরাঙ্মুখ, প্রসন্নচিত্ত, আত্মজ্ঞানী ও পবিত্র হইয়া ইহলোকে সম্মান লাভ করিয়া অন্তিমে স্বর্গ লাভ করেন ॥৩০—৩১॥

ব্রহ্মারই তপস্যার প্রভাবে উৎপন্ন এবং তাঁহারই সুশীতল তেজে সর্ব্বদা আবৃত যে ব্রহ্মলোক আছে, ইন্দ্রিয়দমনের গুণে মানুষ সেই লোকে গমন করে ॥৩২॥

জ্ঞানের গুণে নিত্য সন্তুষ্ট, তত্ত্বজ্ঞ ও সর্ব্বভূতের অবিদ্বেষী মানুষের ইহলোকে ফিরিয়া আসিবার ভয় নাই, নরকের ভয় আর হইবে কেন? ॥৩৩॥

ইন্দ্রিয়দমনের একটী মাত্র দোষ, দ্বিতীয় দোষ হইতে পারে না। যে হেতু ক্ষমাশীল জিতেন্দ্রিয় পুরুষকে সকলেই অসমর্থ বলিয়া মনে করে ॥৩৪॥

একোঽস্য সুমহাপ্রাজ্ঞ ! দোষঃ স্যাৎ সুমহান্ গুণঃ ।
যুধিষ্ঠির ! তদনন্তর রাক্ষসরাজ বিরূপাক্ষ আপন ভৃত্যগণকে বলিলেন—'তোমরা সত্বর নগরদ্বার হইতে গৌতমকে আনয়ন কর' ॥৪৬॥

ততঃ পুরবরাত্তস্মাৎ পুরুষাঃ শ্যেনচেষ্টনাঃ।
গৌতমেত্যভিভাষন্তঃ পুরদ্বারমুপাগমন্ ॥৪৭॥
তে তমূচুর্মহারাজ! রাজপ্রেষ্যাস্তদা দ্বিজম্।
ত্বরস্ব তূর্ণমাগচ্ছ রাজা ত্বাং দ্রষ্টুমিচ্ছতি ॥৪৮॥
রাক্ষসাধিপতির্বীরো বিরূপাক্ষ ইতি শ্রুতঃ।
স ত্বাং ত্বরতি বৈ দ্রষ্টুং তৎ ক্ষিপ্রং সংবিধীয়তাম্ ॥৪৯॥
ততঃ স প্রাদ্রবদ্বিপ্রো বিস্ময়াদ্বিগতক্লমঃ।
গৌতমঃ পরমর্দ্ধিং তাং পশ্যন্ পরমবিস্মিতঃ ॥৫০॥
তৈরেব সহিতো রাজ্ঞো বেশ্ম তূর্ণমুপাদ্রবৎ।
দর্শনং রাক্ষসেন্দ্রস্য কাঙ্ক্ষমাণো দ্বিজস্তদা ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কৃতঘ্নোপাখ্যানে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্যেনস্য পক্ষিণ ইব চেষ্টনং চেষ্টা দ্রুতগমনং যেষাং তে ॥৪৭॥
ত ইতি। রাজ্ঞঃ প্রেষ্যা ভৃত্যাঃ, দ্বিজং ব্রাহ্মণং গৌতমম্ ॥৪৮॥
রাক্ষস ইতি। তৎ দর্শনং সংবিধীয়তাং সম্যক্ ক্রিয়তাম্ ॥৪৯॥
তত ইতি। প্রাদ্রবদ্দ্রুতমগচ্ছৎ, বিস্ময়াৎ রাক্ষসেন্দ্রাদরদর্শনাৎ ॥৫০॥

ভারতভাবদীপঃ

তস্যামিতি ॥১॥ সামুদ্রিকান্ সামুদ্রোপান্তে গতান্ ॥২—৩॥ কাং দিশং প্রয়ামীত্যাকুলঃ কান্দিগ ভূতঃ ॥৪—১০॥ রম্যেষু প্রদেশেষু মধ্যে একত্র ॥১১—৪৬॥ শ্যেনচেষ্টনাঃ শ্যেনবদুৎপতন্তঃ শীঘ্রা ইত্যর্থঃ ॥৪৭—৫১॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৪॥

তাহার পর শ্যেনপক্ষীর ন্যায় দ্রুতগামী রাক্ষসেরা 'গৌতম'! এইরূপ সম্বোধন করিতে করিতে সেই নগর হইতে নগরদ্বারে যাইয়া উপস্থিত হইল ॥৪৭॥

মহারাজ! তখন সেই রাজভৃত্যেরা গৌতমকে বলিল—'ব্রাহ্মণ! আপনি সত্বর হউন, শীঘ্র আগমন করুন, রাজা আপনাকে দেখিতে ইচ্ছা করেন ॥৪৮॥

বিরূপাক্ষ নামে এক বীর রাক্ষসের রাজা আছেন, তিনি আপনাকে দেখিবার জন্য ত্বরা করিতেছেন। অতএব আপনি সত্বর তাঁহাকে দর্শন দান করুন' ॥৪৯॥

তদনন্তর ব্রাহ্মণ গৌতম বিস্ময়বশতঃ অনায়াসে গমন করিতে লাগিলেন এবং সেই মহাসমৃদ্ধি দেখিয়াও তাঁহার অত্যন্ত বিস্ময় জন্মিতে লাগিল ॥৫০॥

পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ❋ঃ—

ভীষ্ম উবাচ।

ততঃ স বিদিতো রাজ্ঞঃ প্রবিশ্য গৃহমুত্তমম্।
পূজিতো রাক্ষসেন্দ্রেণ নিষসাদাসনোত্তমে ॥১॥
পৃষ্টশ্চ গোত্রচরণং স্বাধ্যায়ং ব্রহ্মচারিকম্।
ন তত্র ব্যাজহারান্যদ্‌গোত্রমাত্রাদৃতে দ্বিজঃ ॥২॥
ব্রহ্মবর্চ্চসহীনস্য স্বাধ্যায়োপরতস্য চ।
গোত্রমাত্রবিদো রাজা! নিবাসং সমপৃচ্ছত ॥৩॥

ভারতকৌমুদী

তৈরিতি। তৈ রাজপ্রেষ্যৈঃ, বেশ্ম ভবনম্, উপাদ্রবদগচ্ছৎ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

তত ইতি। রাজ্ঞো রাক্ষসরাজস্য। নিষসাদ উপবিবেশ ॥১॥

পৃষ্ট ইতি। "বংশপরম্পরাপ্রসিদ্ধমাদিপুরুষব্রাহ্মণরূপং গোত্রম্" ইত্যুদ্বাহতত্ত্বে স্মার্ত্তঃ। চরণং শাখা চ তৎ, স্বাধ্যায়ং বেদাধ্যয়নম্, ব্রহ্মচারিকং ব্রহ্মচর্য্যকালীনম্। ব্যাজহার উবাচ, ঋতে বিনা ॥২॥

ব্রহ্মেতি। ব্রহ্মবর্চ্চসহীনস্য ব্রহ্মতেজোরহিতস্য গোত্রমাত্রকথনেনৈব তদনুমানাৎ, স্বাধ্যায়া-দ্বেদাধ্যয়নাৎ উপরতস্য নিবৃত্তস্য। অতএব গোত্রমাত্রবিদঃ কেবলগোত্রাভিজ্ঞস্য গৌতমস্য ॥৩॥

তখন গৌতম রাক্ষসরাজকে দেখিবার ইচ্ছায় সেই রাজভৃত্যগণের সহিতই সত্বর রাজভবনে গমন করিলেন' ॥৫১॥

—ঃ০ঃ—

ভীষ্ম বলিলেন—'তাহার পর গৌতম রাক্ষসরাজের বিদিতভাবে তাঁহার উত্তম ভবনে প্রবেশ করিয়া এবং তাঁহার নিকট গৌরব প্রাপ্ত হইয়া উৎকৃষ্ট আসনে উপবেশন করিলেন ॥১॥

তখন বিরূপাক্ষ গৌতমের গোত্র, শাখা এবং ব্রহ্মচর্য্যকালীন অধ্যয়নের কথা জিজ্ঞাসা করিলে, গৌতম একমাত্র গোত্র ভিন্ন আর কিছুই বলিলেন না ॥২॥

* '...সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ '...একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

রাক্ষস উবাচ।

ক তে নিবাসঃ কল্যাণ! কিং গোত্রা ব্রাহ্মণী চ তে।
তত্ত্বং ব্রূহি ন ভীঃ কার্য্যা বিশ্বসস্ব যথাসুখম্ ॥৪॥

গৌতম উবাচ।

মধ্যদেশপ্রসূতোঽহং বাসো মে শবরালয়ে।
শূদ্রা পুনর্ভূর্ভার্য্যা মে সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৫॥

ভীষ্ম উবাচ।

ততো রাজা বিমমৃশে কথং কার্য্যমিদং ভবেৎ।
কথং বা সুকৃতং মে স্যাদিতি বুদ্ধ্যান্বচিন্তয়ৎ ॥৬॥
অয়ং বৈ জন্মনা বিপ্রঃ সুহৃত্তস্য মহাত্মনঃ।
সম্প্রেষিতশ্চ তেনায়ং কাশ্যপেন মমান্তিকম্ ॥৭॥

ভারতকৌমুদী

কেতি। ভীর্মম রাক্ষসতয়া ভয়ম্ ॥৪॥

মধ্যেতি। মধ্যদেশে প্রসূতো জনিতঃ শবরালয়ে দস্যুগ্রামে। পুনর্ভূর্দ্বিঃ পরিণীতা বিধবা-গ্রহণস্য প্রাগুক্তত্বাৎ ॥৫॥

তত ইতি। বিমমৃশে বিবেচনঞ্চকার। ইদং ব্রাহ্মণসম্মাননম্। সুকৃতং সুষ্ঠু কৃতম্ ॥৬॥

অয়মিতি। তস্য রাজধর্ম্মণঃ। কাশ্যপেন রাজধর্ম্মণা ॥৭॥

গৌতমের ব্রহ্মতেজ ছিল না এবং তিনি বেদাধ্যয়নও করেন নাই, কেবল নিজের গোত্রটী জানেন, ইহা বুঝিয়া বিরূপাক্ষ তাঁহার বাসস্থানের কথা জিজ্ঞাসা করিলেন ॥৩॥

বিরূপাক্ষ বলিলেন—'মঙ্গলময় ব্রাহ্মণ! আপনার নিবাস কোথায়, ব্রাহ্মণীই বা কোন্ গোত্রে জন্মিয়াছেন, তাহা আপনি বলুন, ভয় করিবেন না, আশ্বস্ত হউন' ॥৪॥

গৌতম বলিলেন—'মধ্যদেশে আমার জন্ম, অথচ বর্ত্তমান সময়ে কোন দস্যুগ্রামে আমি বাস করিতেছি এবং শূদ্রজাতীয়া একটী বিধবা স্ত্রী আমার ভার্য্যা, ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি' ॥৫॥

ভীষ্ম বলিলেন—'তদনন্তর বিরূপাক্ষ বিবেচনা করিলেন যে, কিভাবে ইঁহার সম্মান করা হইবে, কি করিয়াই বা আমার সমীচীন কার্য্য করা হইতে পারে। তাহার পর তিনি মনে মনে চিন্তা করিলেন—॥৬॥

ইনি কেবল ব্রাহ্মণবংশে জন্মিয়াছেন; অথচ মহাত্মা রাজধর্ম্মার সুহৃৎ এবং তিনি ইঁহাকে আমার নিকট পাঠাইয়াছেন ॥৭॥

তস্য প্রিয়ং করিষ্যামি স হি মামাশ্রিতঃ সদা।
ভ্রাতা মে বান্ধবশ্চাসৌ সখা চ হৃদয়ঙ্গমঃ ॥৮॥
কার্ত্তিক্যামদ্য ভোক্তারঃ সহস্রং মে দ্বিজোত্তমাঃ।
তত্রায়মপি ভোক্তা চ দেয়মস্মৈ চ মে ধনম্ ॥৯॥
স চাদ্য দিবসঃ পুণ্যে হ্যতিথিশ্চায়মাগতঃ।
সঙ্কল্পিতঞ্চৈব ধনং কিং বিচার্য্যমতঃপরম্ ॥১০॥
ততঃ সহস্রং বিপ্রাণাং বিদুষাং সমলঙ্কৃতম্।
স্নাতানামনুসংপ্রাপ্তং সুমহৎ ক্ষৌমবাসসাম্ ॥১১॥
তানাগতান্ দ্বিজশ্রেষ্ঠান্ বিরূপাক্ষো বিশাংপতে!
যথার্হং প্রতিজগ্রাহ বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥১২॥
বৃষ্যস্তেষাস্তু সন্ন্যস্তা রাক্ষসেন্দ্রস্য শাসনাৎ।
ভূমৌ বরকুশাস্তীর্ণাঃ প্রেষ্যৈর্ভরতসত্তম! ॥১৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য রাজধর্ম্মণঃ। হৃদয়ঙ্গমঃ প্রিয়তমঃ ॥৮॥
কার্ত্তিক্যামিতি। কার্ত্তিক্যাং কার্ত্তিকপৌর্ণমাস্যাম্। মে ময়া দেয়ম্ ॥৯॥
স ইতি। সঙ্কল্পিতং দেয়তয়াভিপ্রেতম্ ॥১০॥
তত ইতি। অনুসংপ্রাপ্তং ভোজনার্থমুপস্থিতম্, সুমহৎ অতীবপ্রশস্তম্ ॥১১॥
তানিতি। যথার্হং যথাযোগ্যম্। কর্ম্মণা পাদ্যার্ঘ্যদানাদিনা ॥১২॥
বৃষ্য ইতি। বৃষ্য আসনানি। "ব্রতিনামাসনং বৃষী" ইত্যমরঃ ॥১৩॥

সুতরাং আমি তাঁহার প্রিয়কার্য্য করিব। কেন না, তিনি আমার আশ্রিত, ভ্রাতা, বান্ধব এবং প্রিয়তম সখা ॥৮॥

আজ কার্ত্তিকী পূর্ণিমা। এক সহস্র উত্তম ব্রাহ্মণ আমার গৃহে ভোজন করিবেন, তাহাতে ইনিও ভোজন করিবেন; সুতরাং ইঁহাকেও আমার ধন দান করিতে হইবে ॥৯॥

আজ সেই পুণ্যদিন, এই অতিথিও আসিয়াছে এবং ধন দান করারও সঙ্কল্প আছে। অতএব ইহার পর আর কি বিচার করা যাইতে পারে ॥১০॥

তদনন্তর স্নাত, ক্ষৌমবসনধারী, অলঙ্কৃত, অতিপ্রশস্ত ও বিদ্বান্ সহস্র ব্রাহ্মণ উপস্থিত হইলেন ॥১১॥

নরনাথ! তখন বিরূপাক্ষ শাস্ত্রদৃষ্ট পাদ্য ও অর্ঘ্য দান করিয়া যোগ্যতানুসারে আগত সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে গ্রহণ করিলেন ॥১২॥

তাসু তে পূজিতা রাজ্ঞা নিষণ্ণা দ্বিজসত্তমাঃ।
তিলদর্ভোদকেনাথ অর্চ্চিতা বিধিবদ্দ্বিজাঃ ॥১৪॥
বিশ্বেদেবাঃ সপিতরঃ সাগ্নয়শ্চোপকল্পিতাঃ।
বিলিপ্তাঃ পুষ্পবন্তশ্চ সুপ্রচারাঃ সপূজিতাঃ।
ব্যরাজন্ত মহারাজ ! নক্ষত্রপতয়ো যথা ॥১৫॥
ততো জাম্বূনদীঃ পাত্রীর্ব্বজ্রাঙ্কা বিমলাঃ শুভাঃ।
বরান্নপূর্ণা বিপ্রেভ্যঃ প্রাদান্মধুঘৃতপ্লুতাঃ ॥১৬॥
তস্য নিত্যং সদাষাঢ্যাং মাঘ্যাঞ্চ বহবো দ্বিজাঃ।
ঈপ্সিতং ভোজনবরং লভন্তে সৎকৃতং সদা ॥১৭॥

ভারতকৌমুদী

তাস্বিতি। নিষণ্ণা উপবিষ্টা অভবন্ ॥১৪॥

বিশ্ব ইতি। বিশ্বেদেবা বল্যর্থম্, সপিতরঃ শ্রাদ্ধার্থম্, সাগ্নয়শ্চ যাগার্থম্, উপকল্পিতা আবাহনেনোপস্থাপিতাঃ। ব্রাহ্মণাশ্চ চন্দনৈর্ব্বিলিপ্তাঃ, পুষ্পবন্তশ্চ কৃতাঃ, সুপ্রচারাঃ সুপ্রসিদ্ধাঃ। নক্ষত্রপতয়শ্চন্দ্রঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তত ইতি। জাম্বূনদানাং স্বর্ণানামিমা ইতি তাঃ, পত্রীর্ভাজনানি, বজ্রানাং হীরকাণাম্, অঙ্কাশ্চিহ্নানি যাসু তাং হীরকখচিতা ইত্যর্থঃ। মধুঘৃতৈঃ প্লুতাঃ পূর্ণাঃ ॥১৬॥

তস্যেতি। তস্য বিরূপাক্ষস্য সকাশাৎ, নিত্যমাবশ্যকতয়া নিরূপিতম্, আষাঢ্যামাষাঢ়পূর্ণিমায়াম্, মাঘ্যাং মাঘপূর্ণিমায়াঞ্চ ॥১৭॥

ভরতশ্রেষ্ঠ ! পরে রাক্ষসরাজের আদেশে তাঁহার ভৃত্যেরা উত্তম কুশাবৃত আসন সকল সেই ব্রাহ্মণগণের জন্য ভূতলে স্থাপিত করিল ॥১৩॥

ক্রমে বিরূপাক্ষ যথাবিধানে তিলমিশ্রিত কুশোদকদ্বারা অর্চ্চনা করিলে, সেই ব্রাহ্মণেরা সেই আসনগুলির উপরে উপবেশন করিলেন ॥১৪॥

মহারাজ ! তৎপরে বিরূপাক্ষ বিশ্বদেবগণের বলিদান, পিতৃলোকের শ্রাদ্ধ ও অগ্নিদেবের যজ্ঞ সম্পাদন করিলেন, আর সেই ব্রাহ্মণগণকে চন্দন ও পুষ্পমাল্য সমর্পণ করিলেন। তখন সেই সুপ্রসিদ্ধ ব্রাহ্মণেরা বিশেষ সম্মানিত হইয়া এক একখানি আসনে এক একটী চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

তদনন্তর বিরূপাক্ষ উত্তমান্ন পরিপূর্ণ এবং মধু ও ঘৃতসংযুক্ত, হীরকখচিত নির্ম্মল স্বর্ণময় বহুতর পাত্র ব্রাহ্মণগণকে দান করিলেন ॥১৬॥

বিশেষতস্তু কার্ত্তিক্যাং দ্বিজেভ্যঃ সংপ্রযচ্ছতি।
শরদ্ব্যপায়ে রত্নানি পৌর্ণমাস্যামিতি শ্রুতিঃ ॥১৮॥
সুবর্ণং রজতঞ্চৈব মণীনথ চ মৌক্তিকান্।
বজ্রান্মহাধনাংশ্চৈব বৈদূর্য্যাজিনরাঙ্কবান্ ॥১৯॥
রত্নরাশীন্ বিনিক্ষিপ্য দক্ষিণার্থে স ভারত।।
ততঃ প্রাহ দ্বিজশ্রেষ্ঠান্ বিরূপাক্ষো মহাবলঃ ॥২০॥ (যুগ্মকম্)
গৃহ্লীত রত্নান্যেতানি যথোৎসাহং যথেষ্টতঃ।
যেষু যেষু চ ভাণ্ডেষু ভুক্তং বো দ্বিজসত্তমাঃ!।
তান্যেবাদায় গচ্ছধ্বং স্ববেশ্মানীতি ভারত! ॥২১॥
ইত্যুক্তবচনে তস্মিন্ রাক্ষসেন্দ্রে মহাত্মনি।
যথেষ্টং তানি রত্নানি জগৃহুর্ব্রাহ্মণর্ষভাঃ ॥২২॥

ভারতকৌমুদী

বিশেষত ইতি। শরদো ব্যপায়ে অপগমে ॥১৮॥

সুবর্ণমিতি। বজ্রান্ হীরকাণি, মহাধনান্ মহামূল্যান্, বৈদূর্য্যাণি মণিবিশেষাঃ, অজিনানি চর্ম্মাণি রাঙ্কবাণি রঙ্কুমৃগসম্ভবানি অগ্নিষ্টোকাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ রাঙ্কবাজিনানীত্যর্থঃ। পুংস্বমার্ষম্, বিনিক্ষিপ্য প্রদায় ॥১৯ ২০॥

গৃহ্লীতেতি। ভুক্তং ভোজনং জাতম্, বো যুষ্মাকম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

ইতীতি। ইষ্টমিচ্ছামনতিক্রম্যেতি যথেষ্টম্ ॥২২॥

এইরূপই বহুতর ব্রাহ্মণ রাক্ষসরাজ বিরূপাক্ষের নিকট প্রত্যেক আষাঢ়ী পূর্ণিমা ও মাঘী পূর্ণিমায় আদরপূর্ব্বক অভীষ্ট আহার লাভ করিতেন ॥১৭॥

আমাদের শুনা আছে যে, রাক্ষসরাজ বিরূপাক্ষ শরৎকাল অতীত হইলে কার্ত্তিকী পূর্ণিমায় ব্রাহ্মণগণকে রত্ন দান করিতেন ॥১৮॥

ভরতনন্দন! সেই দিন মহাবল বিরূপাক্ষ ব্রাহ্মণগণকে দক্ষিণার্থ স্বর্ণ, রৌপ্য, মণি, মুক্তা, মহামূল্য হীরক, বৈদূর্য্যমণি, রঙ্কুমৃগচর্ম্ম এবং অন্যান্য রত্নসমূহ দান করিয়া বলিলেন—॥১৯—২০॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনারা উৎসাহ ও ইচ্ছানুসারে এই সকল রত্ন গ্রহণ করুন এবং আপনারা যে যে ভাণ্ডে ভোজন করিয়াছেন, সেই সকল ভাণ্ড লইয়াই আপন আপন গৃহে গমন করুন' ॥২১॥

মহাত্মা বিরূপাক্ষ এই কথা বলিলে, ব্রাহ্মণশ্রেষ্ঠেরা ইচ্ছানুসারে সেই সকল রত্ন গ্রহণ করিলেন ॥২২॥

ততো মহার্হাস্তে সর্ব্বে রত্নৈরভ্যর্চ্চিতাঃ শুভৈঃ।
ব্রাহ্মণা মৃষ্টবসনাঃ সুপ্রীতাঃ স্ম ততোঽভবন্ ॥২৩॥
ততস্তান্ রাক্ষসেন্দ্রশ্চ দ্বিজানাহ পুনর্ব্বচঃ।
নানাদেশগতান্ রাজন্! রাক্ষসান্ প্রতিষিধ্য বৈ ॥২৪॥
অদ্যৈকং দিবসং বিপ্রাঃ! ন বোঽস্তীহ ভয়ং ক্বচিৎ।
রাক্ষসেভ্যঃ প্রমোদধ্বমিষ্টতো যাত মা চিরম্ ॥২৫॥
ততঃ প্রদুদ্রুবুঃ সর্ব্বে বিপ্রসঙ্ঘাঃ সমন্ততঃ।
গৌতমোঽপি সুবর্ণস্য ভারমাদায় সত্বরঃ ॥২৬॥
কৃচ্ছ্রাৎ সমুদ্ধরন্ ভারং ন্যগ্রোধং সমুপাগমৎ।
ন্যষীদচ্চ পরিশ্রান্তঃ ক্লান্তশ্চ ক্ষুধিতশ্চ সঃ ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মহার্হা অতীবমান্যাঃ। মৃষ্টবসনাঃ পরিষ্কৃতবস্ত্রাঃ ॥২৩॥

তত ইতি। প্রতিষিধ্য সহগমনে নিবার্য্য ॥২৪॥

অদ্যেতি। রাক্ষসেভ্যো ভয়ং নাস্তি মচ্ছাসনাৎ ॥২৫॥

তত ইতি। প্রদুদ্রুবুঃ দ্রুতং জগ্মুঃ। সুবর্ণস্য ভারং বহুতরং স্বর্ণভাজনম্। সমুদ্ধরন্ সমুত্তোলয়ন্, ন্যগ্রোধং প্রাগুক্তং বটবৃক্ষম্। ন্যষীদৎ উপাবিশৎ ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৪॥ বিলিপ্তাশ্চন্দনেন ॥১৫—২৪॥ ইষ্টত ইষ্টং দেশম্ ॥২৫—৩৩॥

ইতি শান্তিপর্ব্বণি অপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৫॥

তাহার পর পরিষ্কৃতবসনধারী মহামাননীয় সেই সকল ব্রাহ্মণ শুভসূচক রত্নসমূহে অর্চ্চিত হইয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥২৩॥

রাজা! তদনন্তর বিরূপাক্ষ রাক্ষসগণকে ব্রাহ্মণদের সঙ্গে যাইতে নিষেধ করিয়া, নানাদেশ হইতে আগত সেই ব্রাহ্মণগণকে পুনরায় এই কথা বলিলেন—॥২৪॥

'ব্রাহ্মণগণ! অদ্য একদিবস মাত্র কোথাও আপনাদের রাক্ষসের ভয় হইবে না; অতএব আপনারা আনন্দিত হউন এবং ইচ্ছানুসারে গমন করুন, বিলম্ব করিবেন না' ॥২৫॥

তৎপরে ব্রাহ্মণেরা সকলে নানাদিকে প্রস্থান করিলেন; গৌতমও সেই স্বর্ণসমূহ লইয়া ত্বরান্বিত হইয়া কষ্টে তাহা বহন করিতে থাকিয়া পূর্ব্বোক্ত বটবৃক্ষের নিকট আগমন করিলেন এবং শ্রান্ত, ক্লান্ত ও ক্ষুধার্ত্ত অবস্থায় সে স্থানে উপবেশন করিলেন ॥২৬—২৭॥

ততস্তমভ্যগাদ্রাজন্ ! রাজধর্ম্মা খগোত্তমঃ।
স্বাগতেনাভিনন্দংশ্চ গৌতমং মিত্রবৎসলঃ ॥২৮॥
তস্য পক্ষাগ্রবিক্ষেপৈঃ ক্লমং ব্যপনয়ৎ খগঃ।
পূজাং চাপ্যকরোদ্ধীমান্ ভোজনং চাপ্যকল্পয়ৎ ॥২৯॥
স ভুক্তবান্ সুবিশ্রান্তো গৌতমোঽচিন্তয়ত্তদা।
হাটকস্যাভিরূপস্য ভারোঽয়ং সুমহান্ময়া ॥৩০॥
গৃহীতো লোভমোহাভ্যাং দূরঞ্চ গমনং মম।
ন চাস্তি পথি ভোক্তব্যং প্রাণসংধারণং মম।
কিং কৃত্বা ধারয়েয়ং বৈ প্রাণানিত্যভ্যচিন্তয়ৎ ॥৩১॥ (যুগ্মকম্)
ততঃ স পথি ভোক্তব্যং প্রেক্ষমাণো ন কিঞ্চন।
কৃতঘ্নঃ পুরুষব্যাঘ্র ! মনস্যেদমচিন্তয়ৎ ॥৩২॥
অয়ং বকপতিঃ পার্শ্বে মাংসরাশিঃ স্থিতো মহান্।
ইমং হত্বা গৃহীত্বা চ যাস্যেঽহং সমভিদ্রুতম্ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কৃতঘ্নোপাখ্যানে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। স্বাগতেন স্বাগতপ্রশ্নেন ॥২৮॥
তস্যেতি। পক্ষাগ্রয়োর্বিক্ষেপৈঃ সঞ্চালনৈঃ। পূজাং প্রণামেন গৌরবম্ ॥২৯॥
স ইতি। হাটকস্য স্বর্ণস্য অভিরূপো মনোজ্ঞঃ। প্রাণাঃ সন্ধার্য্যন্তে অনেনেতি তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০—৩১॥
তত ইতি। পথি ভোক্তব্যং কিঞ্চনাপি বস্তু ন প্রেক্ষমাণ ইতি সম্বন্ধঃ ॥৩২॥

রাজা ! তদনন্তর পক্ষিশ্রেষ্ঠ ও মিত্রবৎসল রাজধর্ম্মা স্বাগতপ্রশ্নপূর্ব্বক অভিনন্দন জানাইয়া গৌতমের নিকটে উপস্থিত হইলেন ॥২৮॥

ক্রমে বুদ্ধিমান্ রাজধর্ম্মা পক্ষ সঞ্চালন করিয়া গৌতমের ক্লান্তি দূর করিলেন, প্রণাম করিয়া গৌরব জানাইলেন এবং তাঁহার ভোজনের ব্যবস্থা করিলেন ॥২৯॥

তখন গৌতম ভোজনপূর্ব্বক বিশ্রাম লাভ করিয়া চিন্তা করিলেন—আমি লোভ ও মোহবশতঃ এই মনোহর ও বিশাল সুবর্ণ ভার গ্রহণ করিয়াছি, দূরেও যাইতে হইবে, অথচ পথে প্রাণরক্ষার উপযোগী খাদ্য আমার নাই; অতএব কি করিয়া প্রাণধারণ করিব ॥৩০—৩১॥

নরশ্রেষ্ঠ ! তাহার পর কৃতঘ্ন গৌতম পথে ভোজন করার উপযোগী কোন বস্তুই দেখিতে না পাইয়া মনে মনে এইরূপ চিন্তা করিলেন ॥৩২॥

* '...একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '...দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

অথ তত্র মহার্চ্চিষ্মাননলো বাতসারথিঃ।
তস্যাবিদূরে রক্ষার্থং খগেন্দ্রেণ কৃতোঽভবৎ ॥১॥
স চাপি পার্শ্বে সুষ্বাপ বিশ্বস্তো বকরাট্‌ তদা।
কৃতঘ্নস্তু স দুষ্টাত্মা তং জিঘাংসুরথাগ্রতঃ ॥২॥
ততোঽলাতেন দীপ্তেন বিশ্বস্তং নিজঘান তম্‌।
নিহত্য চ মুদাযুক্তঃ সোঽনুবন্ধং ন দৃষ্টবান্‌ ॥৩॥

ভারতকৌমুদী

কৃতঘ্নতাং সূচয়ন্নাহ অয়মিতি। যাস্যে যাস্যামি ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

অথেতি। বাতঃ সারথিশ্চালকো যস্য সঃ। তস্য গৌতমস্য রক্ষার্থম্‌। এতেনাসৌ শীতকাল ইতি প্রতীয়তে ॥১॥

স ইতি। তং বকরাজম্‌, জিঘাংসুঃ হন্তমিচ্ছুরভবৎ ॥২॥

তত ইতি। অলাতেন কাষ্ঠেন, দীপ্তেন প্রজ্বলিতেন অনুবন্ধং তদ্‌বধজনিতং পাপম্‌ ॥৩॥

এই বকরাজ আমার পার্শ্বে রহিয়াছে, ইহার দেহে প্রচুর মাংস আছে ; অতএব ইহাকে বধ করিয়া সঙ্গে হইয়া বেগে চলিয়া যাইব ॥৩৩॥

—ঃ০ঃ—

ভীষ্ম বলিলেন—'পূর্ব্বেই পক্ষিশ্রেষ্ঠ রাজধর্ম্মা গৌতমকে রক্ষা করিবার জন্য তাঁহার অনতিদূরে বায়ুচালিত বিশাল শিখাযুক্ত অগ্নি প্রজ্বালিত করিয়াছিলেন ॥১॥

সেই বকরাজও বিশ্বস্তচিত্তে তাঁহার পার্শ্বে শয়ন করিয়াছিলেন। তখন দুরাত্মা ও কৃতঘ্ন গৌতম তাঁহাকে বধ করিবার জন্য তাঁহার সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥২॥

তদনন্তর গৌতম একখানা প্রজ্বলিত কাষ্ঠদ্বারা বিশ্বস্তচিত্ত রাজধর্ম্মাকে বধ করিলেন ; কিন্তু বধ করিয়া আনন্দিত হইয়া গুরুতর পাপের বিষয় চিন্তা করিলেন না ॥৩॥

স তং বিপক্ষরোমাণং কৃত্বাগ্নাবপচত্তদা।
তং গৃহীত্বা সুবর্ণঞ্চ যযৌ দ্রুততরং দ্বিজঃ ॥৪॥
ততোঽন্যস্মিন্ গতে চাহ্নি বিরূপাক্ষোঽব্রবীৎ সুতম্।
ন প্রেক্ষে রাজধর্ম্মাণমদ্য পুত্র! খগোত্তমম্ ॥৫॥
স পূর্ব্বসন্ধ্যাং ব্রহ্মাণং বন্দিতুং যাতি সর্বদা।
মাঞ্চাদৃষ্ট্বা কদাচিৎ স ন গচ্ছতি গৃহং খগঃ ॥৬॥
উভে দ্বিরাত্রিসন্ধ্যে বৈ নাভ্যগাৎ স মমালয়ম্।
তস্মান্ন শুধ্যতে ভাবো মম স জ্ঞায়তাং সুহৃৎ ॥৭॥
স্বাধ্যায়েন বিযুক্তো হি ব্রহ্মবর্চ্চসবর্জ্জিতঃ।
তদ্‌ব্রতস্তত্র মে শঙ্কা হন্যাত্তং স দ্বিজাধমঃ ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। বিগতানি পক্ষরোমাণি যস্য তম্ ॥৪॥

তত ইতি। অন্যস্মিন্নহ্নি, গতে আগতে সতি ॥৫॥

স ইতি। পূর্ব্বসন্ধ্যাং প্রভাতকালং প্রাপ্য। সর্ব্বদা প্রত্যহম্ ॥৬॥

উভে ইতি। দ্বে রাত্রিশ্চ সন্ধ্যা চেতি তে একাং রাত্রিম্ একাং সন্ধ্যাঞ্চেত্যর্থঃ। অত্যন্ত-সংযোগে দ্বিতীয়া ॥৭॥

গৌতমস্য পাপিত্বং সম্ভাবয়ন্নাহ স্বেতি। তৎ হিংসাকর্ম্মৈব ব্রতং নিয়মো যস্য সঃ ॥৮॥

পরে গৌতম রাজধর্ম্মার পক্ষ ও লোম ফেলিয়া দিয়া তাঁহাকে সেই আগুনে পাক করিলেন। তৎপরে তাঁহাকে ও সেই সুবর্ণভার লইয়া বেগে গমন করিতে লাগিলেন ॥৪॥

তাহার পরদিন বিরূপাক্ষ নিজের পুত্রকে বলিলেন—'পুত্র! আজ পক্ষিশ্রেষ্ঠ রাজধর্ম্মাকে দেখিতে পাইলাম না ॥৫॥

রাজধর্ম্মা প্রত্যহই প্রভাতকালে ব্রহ্মাকে নমস্কার করিবার জন্য যাইয়া থাকেন এবং ফিরিবার সময়ে আমার সহিত সাক্ষাৎ না করিয়া নিজগৃহে গমন করেন না ॥৬॥

একটী রাত্রি ও একটী সন্ধ্যা এই দুই সময়ই রাজধর্ম্মা আমার গৃহে আগমন করেন নাই। অতএব আমার মনঃশুদ্ধি হইতেছে না; সুতরাং তোমরা আমার সেই সুহৃদের সংবাদ জান? ॥৭॥

ওদিকে গৌতম বেদাধ্যয়ন করে নাই, ব্রহ্মতেজও তাহার নাই এবং হিংসাই তাহার ধর্ম্ম; অতএব তাহার উপরই আমার আশঙ্কা হইতেছে যে, সেই ব্রাহ্মণাধমই রাজধর্ম্মাকে বিনাশ করিয়াছে ॥৮॥

---

(৭) উভে দ্বিরাত্রং সন্ধ্যে বৈ···বর্দ্ধ, দ্বিরাত্রমুভয়োঃ সন্ধ্যোর্নাভ্যগচ্ছন্মামালয়ম্···নি।

দুরাচারস্তু দুর্ব্বুদ্ধিরিঙ্গিতৈর্লক্ষিতো ময়া।
নিষ্কৃপো দারুণাকারো দুষ্টো দস্যুরিবাধমঃ ॥৯॥
গৌতমঃ স গতস্তত্র তেনোদ্বিগ্নং মনো মম।
পুত্র! শীঘ্রমিতো গত্বা রাজধর্ম্মনিবেশনম্ ॥১০॥
জ্ঞায়তাং স বিশুদ্ধাত্মা যদি জীবতি মা চিরম্।
স এবমুক্তস্ত্বরিতো রক্ষোভিঃ সহিতো যযৌ ॥১১॥ (যুগ্মকম্)
ন্যগ্রোধং তত্র চাপশ্যৎ কঙ্কালং রাজধর্ম্মণঃ।
স রুদন্নগমৎ পুত্রো রাক্ষসেন্দ্রস্য ধীমতঃ ॥১২॥
ত্বরমাণঃ পরং শক্ত্যা গৌতমগ্রহণায় বৈ।
ততোঽবিদূরে জগ্রাহ গৌতমং রাক্ষসাস্তদা ॥১৩॥ (যুগ্মকম্)
রাজধর্ম্মশরীরঞ্চ পক্ষাস্থিচরণোজ্‌ঝিতম্।
তমাদায়াথ রক্ষাংসি দ্রুতং মেরুব্রজং যযুঃ ॥১৪॥

ভারতকৌমুদী

দুরাচার ইতি। ইঙ্গিতৈর্নয়নভঙ্গাদিচেষ্টিতৈঃ ॥৯॥
গৌতম ইতি। তত্র রাজধর্ম্মনিবেশনে। মা চিরং ন বিলম্বস্ব ॥১০—১১॥
ন্যগ্রোধমিতি। কঙ্কালম্ অস্থি। রাক্ষসা বিরূপাক্ষপুত্রসহচারিণঃ ॥১২—১৩॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—২॥ অনুবন্ধং পাপদোষম্ ॥৩—৭॥ তদ্রেতো হিংস্রধর্ম্মা ॥৮—১১॥ কঙ্কালমস্থি ॥১২—২৬॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৬॥

আমি ইঙ্গিতে বুঝিতে পারিয়াছি যে, গৌতম দুরাচার, দুর্ব্বুদ্ধি, নির্দ্দয়, ভীষণাকৃতি, দুষ্ট ও দস্যুর ন্যায় নিকৃষ্ট ॥৯॥

সেই গৌতমটা রাজধর্ম্মার গৃহে গিয়াছে, তাহাতেই আমার মন উদ্বিগ্ন হইয়াছে। অতএব পুত্র! তুমি সত্বর এ স্থান হইতে রাজধর্ম্মার গৃহে যাইয়া জান যে, সেই মহাত্মা জীবিত আছেন কি না; বিলম্ব করিও না'। বিরূপাক্ষ এইরূপ বলিলে, তাঁহার পুত্র কতকগুলি রাক্ষসের সহিত সত্বর গমন করিলেন ॥১০—১১॥

বুদ্ধিমান্ রাক্ষসরাজের সেই পুত্র সত্বর যাইয়া দেখিলেন—সেই বটবৃক্ষ রহিয়াছে এবং রাজধর্ম্মার অস্থিও আছে। তখন তিনি রোদন করিতে করিতে গৌতমকে ধরিবার জন্য শক্তি অনুসারে ত্বরান্বিত হইয়া গমন করিতে লাগিলেন। তাহার পর তখনই তাঁহার সহচর রাক্ষসেরা অনতিদূরে গৌতমকে ধরিয়া ফেলিল ॥১২—১৩॥

রাজ্ঞশ্চ দর্শয়ামাসুঃ শরীরং রাজধর্ম্মণঃ।
কৃতঘ্নং পুরুষং তঞ্চ গৌতমং পাপকারিণম্ ॥১৫॥
রুরোদ রাজা তং দৃষ্ট্বা সামাত্যঃ সপুরোহিতঃ।
আর্ত্তনাদশ্চ সুমহানভূত্তস্য নিবেশনে ॥১৬॥
সস্ত্রীকুমারঞ্চ পুরং বভূবাস্বস্থমানসম্।
অথাব্রবীন্নৃপঃ পুত্রং পাপোঽয়ং বধ্যতামিতি ॥১৭॥
অস্য মাংসৈরিমে সর্ব্বে বিহরন্তু যথেষ্টতঃ।
পাপাচারঃ পাপকর্ম্মা পাপাত্মা পাপসাধনঃ ॥১৮॥
হন্তব্যোঽয়ং মম মতির্ভবদ্ভিরিতি রাক্ষসাঃ!।
ইত্যুক্তা রাক্ষসেন্দ্রেণ রাক্ষসা ঘোরবিক্রমাঃ ॥১৯॥
নৈচ্ছন্ত তং ভক্ষয়িতুং পাপকর্ম্মাণমিত্যুত।
দস্যূনাং দীয়তামেষ সাধ্বদ্য পুরুষাধমঃ ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

রাজেতি। পক্ষাস্থিচরণৈরুজ্‌ঝিতং বিহীনম্। মেরুব্রজং নাম বিরূপাক্ষস্য রাজধানীম্ ॥১৪॥
রাজ্ঞ ইতি। দর্শয়ামাসুস্তে রাক্ষসা ইতি শেষঃ ॥১৫॥
রুরোদেতি। আর্ত্তনাদঃ শোকপীড়িতানাং কোলাহলঃ ॥১৬॥
সেতি। স্ত্রীভিঃ কুমারৈর্বালকৈশ্চ সহেতি তৎ। অস্বস্থমানসম্ অসুস্থচিত্তম্ ॥১৭॥
অস্যেতি। ইমে রাক্ষসাঃ, বিহরন্তু ভক্ষণেনানন্দন্তু। পাপসাধনঃ সংসর্গিণোঽপি পাপজনকঃ। মম মতিরিয়মিচ্ছা। ইতি পাপকর্ম্মত্বাদেব। সাধু তদ্ভবেদিতি শেষঃ ॥১৮—২০॥

তাহার পর সেই রাক্ষসেরা পক্ষ, অস্থি ও চর্ম্মবিহীন রজধর্ম্মার শরীরটী এবং গৌতমকে লইয়া সত্বর মেরুব্রজে গমন করিল ॥১৪॥

ক্রমে তাহারা রাজধর্ম্মার শরীর এবং কৃতঘ্ন ও পাপকারী সেই গৌতমকে নিয়া বিরূপাক্ষকে দেখাইল ॥১৫॥

রাজা তাঁহাকে দেখিয়া অমাত্য ও পুরোহিতগণের সহিত রোদন করিতে লাগিলেন এবং তাঁহার গৃহে বিশাল আর্ত্তনাদ হইতে লাগিল ॥১৬॥

ক্রমে স্ত্রীলোক ও বালকগণের সহিত সেই রাজবাড়ীটাই শোকে অসুস্থ চিত্ত হইয়া পড়িল। তাঁহার পর বিরূপাক্ষও তাঁহার পুত্রকে বলিলেন—‘এই পাপাত্মাকে বধ কর ॥১৭॥

ইত্যুচুস্তে মহারাজ! রাক্ষসেন্দ্রং নিশাচরাঃ।
শিরোভিঃ প্রণতাঃ সর্ব্বে ব্যাহরন্ রাক্ষসাধিপম্ ॥২১॥
ন দাতুমর্হসি ত্বং নো ভক্ষণায়াস্য কিল্বিষম্।
এবমস্ত্বিতি তানাহ রাক্ষসেন্দ্রো নিশাচরান্ ॥২২॥
দস্যূনাং দীয়তামেষ কৃতঘ্নোঽদ্যৈব রাক্ষসাঃ!।
ইত্যুক্তা রাক্ষসাস্তেন শূলপট্টিশপাণয়ঃ।
কৃত্বা তং খণ্ডশঃ পাপং দস্যুভ্যঃ প্রদদুস্তদা ॥২৩॥
দস্যবশ্চাপি নৈচ্ছন্ত তমত্তুং পাপকারিণম্।
ক্রব্যাদা অপি রাজেন্দ্র! কৃতঘ্নং নোপভুঞ্জতে ॥২৪॥

ভারতকৌমুদী

ইতীতি। ব্যাহরন্ পুনরপ্যবদন্ ॥২১॥
নেতি। নঃ অস্মভ্যম্। কিল্বিষং পাপময়ং মাংসম্ ॥২২॥
দস্যূনামিতি। খণ্ডশঃ খণ্ডং খণ্ডম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥
দস্যব ইতি। অত্তুং ভোক্তুম্। ক্রব্যং মাংসম্ অদন্তি ভক্ষয়ন্তীতি তে ॥২৪॥

এই রাক্ষসেরা সকলে ইহার মাংসদ্বারা ইচ্ছানুসারে আমোদ করুক। আমার ইচ্ছা এই যে, রাক্ষসগণ! আপনারা এই পাপাচার, পাপকর্ম্মা, পাপাত্মা ও পাপসাধক এই ব্রাহ্মণটাকে বধ করুন'। রাক্ষসরাজ এই কথা বলিলে, ভয়ঙ্কর বিক্রমশালী রাক্ষসেরা গৌতম পাপকর্ম্মা বলিয়া তাহাকে ভক্ষণ করিতে ইচ্ছা করিল না; কিন্তু বলিল—'এই নরাধমকে অদ্যই দস্যুদের নিকট সমর্পণ করুন, তাহাই ভাল হইবে' ॥১৮—২০॥

মহারাজ! রাক্ষসেরা বিরূপাক্ষকে এইরূপ বলিল। তাহার পরে মস্তক অবনত করিয়া পুনরায় তাঁহাকে বলিল—॥২১॥

'মহারাজ! ভোজন করিবার জন্য আপনি আমাদিগকে ইহার পাপময় মাংস দান করিবেন না'। তখন বিরূপাক্ষ সেই রাক্ষসগণকে বলিলেন—'এইরূপই হউক ॥২২॥

রাক্ষসগণ! আপনারা অদ্যই এই কৃতঘ্নটাকে দস্যুদের হস্তে দান করুন'। বিরূপাক্ষ এইরূপ বলিলে, শূলপট্টিশধারী রাক্ষসেরা পাপাত্মা গৌতমকে খণ্ড খণ্ড করিয়া দস্যুদের হস্তে সমর্পণ করিল ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! দস্যুরাও সেই পাপকারী গৌতমকে ভোজন করিতে ইচ্ছা করিল না। কারণ, মাংসভোজীরাও কৃতঘ্নকে ভোজন করে না ॥২৪॥

ব্রহ্মঘ্নে চ সুরাপে চ চৌরে ভগ্নব্রতে তথা।
নিষ্কৃতির্বিহিতা রাজন্! কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ ॥২৫॥
মিত্রদ্রোহী কৃতঘ্নশ্চ নৃশংসশ্চ নরাধমঃ।
ক্রব্যাদৈঃ কৃমিভিশ্চান্যৈর্ন ভুজ্যন্তে হি তাদৃশাঃ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কৃতঘ্নোপাখ্যানে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।

ততশ্চিতাং বকপতেঃ কারয়ামাস রাক্ষসঃ।
রত্নৈর্গন্ধৈশ্চ বহুভির্বস্ত্রৈশ্চ সমলঙ্কৃতাম্ ॥১॥
ততঃ প্রজ্বাল্য নৃপতির্ব্বকরাজং প্রতাপবান্।
প্রেতকার্য্যঞ্চ বিধিবদ্রাক্ষসেন্দ্রশ্চকার হ ॥২॥

ভারতকৌমুদী

ব্রহ্মঘ্ন ইতি। ভগ্নব্রতে ব্রহ্মচর্য্যচ্যুতে। নিষ্কৃতিঃ প্রায়শ্চিত্তম্ ॥২৫॥

মিত্রেতি। নৃশংসো ঘাতুকঃ। ক্রব্যাদৈর্মাংসভোজিভিঃ প্রাণিভিঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

তত ইতি। বকপতে রাজধর্ম্মণঃ ॥১॥

রাজা! ব্রহ্মহত্যাকারী, সুরাপায়ী, স্বর্ণস্তেয়ী ও ভগ্নব্রত ব্যক্তিরও শাস্ত্রে প্রায়শ্চিত্ত বিহিত আছে; কিন্তু কৃতঘ্নের কোন প্রায়শ্চিত্ত বিহিত হয় নাই ॥২৫॥

মিত্রদ্রোহী, কৃতঘ্ন ও নৃশংস নরাধমকে মাংসভোজী কৃমিরাও ভোজন করে না এবং সেইরূপ পাপীদিগকে অন্য প্রাণীরাও ভক্ষণ করে না।' ॥২৬॥

—:০:—

ভীষ্ম বলিলেন—'তাহার পর রাক্ষসরাজ বিরূপাক্ষ বকপতি রাজধর্ম্মার জন্য বহুতর রত্ন, গন্ধ দ্রব্য ও বস্ত্রে সমলঙ্কৃত একটী চিতা করাইলেন ॥১॥

* '...দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

তস্মিন্ কালে চ সুরভির্দেবী দাক্ষায়ণী শুভা।
উপরিষ্টাত্ততস্তস্য সা বভূব পয়স্বিনী ॥৩॥
তস্যা বক্ত্রাচ্চ্যুতঃ ফেনঃ ক্ষীরমিশ্রস্তদানঘ!।
সোঽপতদ্বৈ ততস্তস্যাং চিতায়াং রাজধর্ম্মণঃ ॥৪॥
ততঃ সঞ্জীবিতস্তেন বকরাজস্তদানঘ!।
উৎপত্য চ সমীয়ায় বিরূপাক্ষং বকাধিপঃ ॥৫॥
ততোঽভ্যয়াদ্দেবরাজো বিরূপাক্ষপুরং তদা।
প্রাহ চেদং বিরূপাক্ষং দিষ্ট্যা সঞ্জীবিতস্ত্বয়া ॥৬॥
শ্রাবয়ামাস চেন্দ্রস্তং বিরূপাক্ষং পুরাতনম্।
যথা শাপঃ পুরা দত্তো ব্রহ্মণা রাজধর্ম্মণঃ ॥৭॥

ভারতকৌমুদী

ভূত ইতি। প্রজ্বাল্য অগ্নিনা সংযোজ্য। চকার কর্ত্তুমারেভে ॥২॥
তস্মিন্নিতি। উপরিষ্টাৎ উপরিতনে গগনে স্থিতা। পয়স্বিনী দুগ্ধবতী ॥৩॥
তস্যা ইতি। ক্ষীরমিশ্রো বায়ুনা তথা সঞ্চালনাৎ ॥৪॥
তত ইতি। উৎপত্য উড্ডীয়, সমীয়ায় সমাজগাম ॥৫॥
তত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন, সঞ্জীবিতো বকরাজঃ ॥৬॥

তদনন্তর প্রতাপশালী বিরূপাক্ষ, রাজধর্ম্মার দেহে অগ্নিসংযোগ করিয়া যথা-বিধানে তাঁহার প্রেতকার্য্য করিতে আরম্ভ করিলেন ॥২॥

সেই সময়ে দক্ষনন্দিনী কল্যাণী ও দুগ্ধবতী সুরভি দেবী রাজধর্ম্মার উপরি-ভাগে আকাশে উপস্থিত হইলেন ॥৩॥

নিষ্পাপ রাজা! ক্রমে সুরভির মুখ হইতে নির্গত একটু ফেন বায়ুসঞ্চালিত হইয়া তাঁহারই দুগ্ধের সহিত মিলিত হইল এবং সেই দুগ্ধমিশ্রিত ফেনটুকু আসিয়া রাজধর্ম্মার চিতার উপরে পড়িল ॥৪॥

তাহাতেই রাজধর্ম্মা জীবন লাভ করিলেন এবং উড়িয়া আসিয়া বিরূপাক্ষের নিকটে পড়িলেন ॥৫॥

সেই সময়ে দেবরাজ ইন্দ্র বিরূপাক্ষের গৃহে আগমন করিলেন এবং বিরূপাক্ষকে বলিলেন—'রাক্ষসরাজ! ভাগ্যবশতঃ আপনি আপনার সুহৃৎকে সঞ্জীবিত করিয়াছেন ॥৬॥

(৩) ···তস্মিন্ কালেঽপি সুরভিঃ··· বর্দ্ধ।

যদা বকপতী রাজন্‌! ব্রাহ্মণং নোপসর্পতি।
ততো রোষাদিদং প্রাহ খগেন্দ্রায় পিতামহঃ ॥৮॥
যস্মান্মূঢ়ো মম সভাং নাগতোঽসৌ বকাধমঃ।
তস্মাদ্বধং স দুষ্টাত্মা ন চিরাৎ সমবাপ্স্যতি ॥৯॥
তদয়ং তস্য বচনান্নিহতো গৌতমেন বৈ।
তেনৈবামৃতসিক্তশ্চ পুনঃ সঞ্জীবিতো বকঃ ॥১০॥
রাজধর্ম্মা বকঃ প্রাহ প্রণিপত্য পুরন্দরম্‌।
যদি তেঽনুগ্রহকৃতা ময়ি বুদ্ধিঃ সুরেশ্বর!।
সখা যো মে সূদয়িতো গৌতমো জীবতাদয়ম্‌ ॥১১॥
তস্য বাক্যং সমাদায় বাসবঃ পুরুষর্ষভ!।
সিক্ত্বামৃতেন তং বিপ্রং গৌতমং জীবয়ত্তদা ॥১২॥

ভারতকৌমুদী

শ্রাবেতি। পুরাতনং বৃত্তান্তমিতি শেষঃ ॥৭॥
যদেতি। নোপসর্পতি প্রত্যহং নোপগচ্ছতি ॥৮॥
যস্মাদিতি। দুষ্টাত্মা কিঞ্চিদভিসন্ধানবশাৎ দুষ্টচিত্তঃ ॥৯॥
তদিতি। বচনাৎ শাপবাক্যাৎ। তেনৈব ব্রহ্মণৈব সুরভিদ্বারা ॥১০॥
রাজেতি। সূদয়িতো মারিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
তস্যেতি। বাসব ইন্দ্রঃ। জীবয়দিতি অড়াগমাভাব আর্ষঃ ॥১২॥

এবং পূর্ব্বে ব্রহ্মা রাজধর্ম্মাকে যে শাপ দিয়াছিলেন, সেই পুরাতন বৃত্তান্ত বিরূপাক্ষকে ইন্দ্র শুনাইলেন ॥৭॥

রাক্ষসরাজ! যখন রাজধর্ম্মা প্রত্যহ ব্রহ্মার সভায় যাইতেন না, তখন ব্রহ্মা ক্রোধবশতঃ রাজধর্ম্মাকে এই কথা বলিয়াছিলেন—॥৮॥

'যে হেতু ঐ মূর্খ বকাধম প্রত্যহ আমার সভায় আগমন করে না, সেই হেতু সেই দুরাত্মা অচিরকালমধ্যে নিহত হইবে' ॥৯॥

অতএব ব্রহ্মার সেই শাপেই গৌতম রাজধর্ম্মাকে বধ করিয়াছিল, আবার ব্রহ্মাই সুরভিদ্বারা অমৃত সিক্ত করিয়া রাজধর্ম্মাকে পুনরায় সঞ্জীবিত করিয়াছেন' ॥১০॥

ক্রমে রাজধর্ম্মা ইন্দ্রের নিকট প্রণিপাত করিয়া বলিলেন—'দেবরাজ! আপনি যদি আমার উপরে অনুগ্রহবুদ্ধি করিয়া থাকেন, তবে আমার যে সখাকে বিনাশ করা হইয়াছে, সেই গৌতম পুনরায় জীবিত হউন' ॥১১॥

পুরুষশ্রেষ্ঠ! ইন্দ্র রাজধর্ম্মার বাক্যানুসারে অমৃতসেক করিয়া ব্রাহ্মণ গৌতমকেও জীবিত করিলেন ॥১২॥

স ভাণ্ডোপস্করং রাজংস্তমাসাদ্য বকাধিপঃ।
সংপরিষ্বজ্য সুহৃদং প্রীত্যা পরময়া যুতঃ ॥১৩॥
অথ তং পাপকর্ম্মাণং রাজধর্ম্মা বকাধিপঃ।
বিসর্জ্জয়িত্বা সধনং প্রবিবেশ স্বমালয়ম্ ॥১৪॥
যথোচিতঞ্চ স বকো যযৌ ব্রহ্মসদস্তথা।
ব্রহ্মা চৈনং মহাত্মানমাতিথ্যেনাভ্যপূজয়ৎ ॥১৫॥
গৌতমশ্চাপি সংপ্রাপ্য পুনস্তং শবরালয়ম্।
শূদ্রায়াং জনয়ামাস পুত্রান্ দুষ্কৃতকারিণঃ ॥১৬॥
শাপশ্চ সুমহাংস্তস্য দত্তঃ সুরগণৈস্তদা।
কুক্ষৌ পুনর্ভ্বাঃ পাপোঽয়ং জনয়িত্বাচিরাৎ সুতান্।
নিরয়ং প্রাপ্স্যতি মহৎ কৃতঘ্নোঽয়মিতি প্রভো! ॥১৭॥
এতৎ প্রাহ পুরা সর্ব্বং নারদো মম ভারত!।
সংস্মৃত্য চাপি সুমহদাখ্যানং ভরতর্ষভ!।
ময়াপি ভবতে সর্ব্বং যথাবদনুবর্ণিতম্ ॥১৮॥

ভারতকৌমুদী

সেতি। ভাণ্ডৈঃ স্বর্ণভাজনৈঃ, উপস্করৈরন্যৈরুপকরণৈশ্চ সহেতি তম্। যুতঃ অভবৎ ॥১৩॥
অথেতি। বিসর্জ্জয়িত্বা বিসৃজ্য ধনৈঃ সহেতি সধনম্ ॥১৪॥
যথেতি। ব্রহ্মণঃ সদঃ সভাম্। আতিথ্যেন অতিথিসৎকারেণ ॥১৫॥
গৌতম ইতি। শবরালয়ং দস্যুগ্রামম্। শূদ্রায়াং ভার্য্যারূপেণ গৃহীতায়াম্ ॥১৬॥
শাপ ইতি। পুনর্ভ্বাস্তস্যাঃ শূদ্রায়াঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

রাজা! তখন রাজধর্ম্মা স্বর্ণভাণ্ড ও অন্যান্য উপকরণের সহিত সুহৃৎ গৌতমকে পাইয়া গাঢ় আলিঙ্গন করিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥১৩॥

তাহার পর রাজধর্ম্মা ধনের সহিত পাপকর্ম্মা সেই গৌতমকে বিদায় দিয়া আপন ভবনে প্রবেশ করিলেন ॥১৪॥

এবং রাজধর্ম্মাও যথোচিতভাবে ব্রহ্মার সভায় যাইতে লাগিলেন, ব্রহ্মাও অতিথিসৎকার করিয়া সেই মহাত্মার গৌরব করিতে থাকিলেন ॥১৫॥

গৌতমও সেই দস্যুগ্রামে পুনরায় উপস্থিত হইয়া শূদ্রার গর্ভে কতকগুলি পাপিষ্ঠ পুত্র উৎপাদন করিল ॥১৬॥

রাজা! তখন দেবতারাও গৌতমকে গুরুতর শাপপ্রদান করিলেন যে, 'এই পাপাত্মা অচিরকালমধ্যে সেই বিধবা শূদ্রার গর্ভে কতকগুলি পুত্র উৎপাদন করিয়া কৃতঘ্ন বলিয়া অন্তিমে ঘোর নরকে যাইবে' ॥১৭॥

কুতঃ কৃতঘ্নস্য যশঃ কুতঃ স্থানং কুতঃ সুখম্।
অশ্রদ্ধেয়ঃ কৃতঘ্নো হি কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ ॥১৯॥
মিত্রদ্রোহো ন কর্ত্তব্যঃ পুরুষেণ বিশেষতঃ।
মিত্রধ্রুঙ্ নরকং ঘোরমনন্তং প্রতিপদ্যতে ॥২০॥
কৃতজ্ঞেন সদা ভাব্যং মিত্রকামেন চৈব হ।
মিত্রাচ্চ লভতে সর্ব্বং মিত্রাৎ পূজাং লভেত চ ॥২১॥
মিত্রাদ্ভোগাংশ্চ ভুঞ্জীত মিত্রেণাপৎসু মুচ্যতে।
সৎকারৈরুত্তমৈর্মিত্রং পূজয়েত বিচক্ষণঃ ॥২২॥
পরিত্যাজ্যো বুধৈঃ পাপঃ কৃতঘ্নো নিরপত্রপঃ।
মিত্রদ্রোহী কুলাঙ্গারঃ পাপকর্ম্মা নরাধমঃ ॥২৩॥

ভারতকৌমুদী

এতদিতি। প্রাহ ব্রবীতি স্ম। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥
কুত ইতি। অশ্রদ্ধেয়ঃ অবিশ্বাস্যঃ ॥১৯॥
মিত্রেতি। উক্তার্থে হেতুমাহ মিত্রেতি। মিত্রায় দ্রুহ্যতীতি মিত্রধ্রুক্ ॥২০॥
কৃতেতি। ভাব্যং পুরুষেণ ভবিতব্যম্ ॥২১॥
মিত্রাদিতি। ভোগান্ সুখানি। সৎকারৈঃ সদ্ব্যবহারৈঃ ॥২২॥
পরীতি। নিরপত্রপো নির্লজ্জঃ মিত্রদ্রোহী চ পরিত্যাজ্য ইত্যনুবৃত্তিঃ ॥২৩॥

ভরতনন্দন! পূর্ব্বে নারদ আমার নিকটে এই সমস্ত বৃত্তান্ত বলিয়াছিলেন। ভরতশ্রেষ্ঠ! আমিও সেই বিশাল উপাখ্যান স্মরণ করিয়া তোমার নিকটে যথাযথভাবে সমস্ত বর্ণন করিলাম ॥১৮॥

কৃতঘ্নের যশ কোথায়? স্থান কোথায় এবং সুখই বা কোথায়? কৃতঘ্ন সকলেরই অশ্রদ্ধার পাত্র হইয়া থাকে এবং কৃতঘ্নের নিষ্কৃতিও নাই ॥১৯॥

মানুষ বিশেষভাবে মিত্রদ্রোহ করিবে না। কারণ, মিত্রদ্রোহী অনন্তকাল যাবৎ ঘোর নরক প্রাপ্ত হয় ॥২০॥

মানুষ সর্ব্বদাই কৃতজ্ঞ ও মিত্রকামী হইবে। কেন না, মিত্র হইতে সমস্তই লাভ করা যায় এবং মিত্র হইতে গৌরবও পাওয়া যায় ॥২১॥

আর মিত্র হইতে নানাবিধ সুখভোগ করা যায় এবং মিত্রের গুণে বিপদে মুক্তি লাভ করিতে পারে; অতএব বিচক্ষণ ব্যক্তি বিশেষ সদ্ব্যবহার করিয়া মিত্রের সম্মান করিবেন ॥২২॥

এষ ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠ ! প্রোক্তঃ পাপো ময়া তব।
মিত্রদ্রোহী কৃতঘ্নো বৈ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥২৪॥
বৈশম্পায়ন উবাচ।
এতচ্ছ্রুত্বা তদা বাক্যং ভীষ্মেণোক্তং মহাত্মনা।
যুধিষ্ঠিরঃ প্রীতমনা বভূব জনমেজয় ! ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে কৃতঘ্নোপাখ্যানে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

(৬। মোক্ষধর্ম্মপর্ব্ব)

অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
ধর্ম্মাঃ পিতামহেনোক্তা রাজধর্ম্মাশ্রিতাঃ শুভাঃ।
ধর্ম্মমাশ্রমিণাং শ্রেষ্ঠং বক্তুমর্হসি পার্থিব ! ॥১॥

ভারতকৌমুদী

উপসংহরতি এষ ইতি। পাপো মিত্রদ্রোহী কৃতঘ্নশ্চেতি সম্বন্ধঃ ॥২৪॥

এতদিতি। প্রীতমনা আশানুরূপোত্তরশ্রবণাদিতি ভাবঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২২॥ কথাতাৎপর্য্যমাহ—পরিত্যাজ্য ইতি ॥২৩—২৫॥

ইতি শান্তিপর্ব্বণি আপদ্ধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৭॥

বুদ্ধিমান্ মানুষ পাপাত্মা ও নির্লজ্জ কৃতঘ্নকে এবং কুলাঙ্গার, পাপকর্ম্মা ও নরাধম মিত্রদ্রোহীকে পরিত্যাগ করিবেন ॥২৩॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ ! এই আমি তোমার নিকটে পাপাত্মা, মিত্রদ্রোহী ও কৃতঘ্নের বিষয় বলিলাম ; এখন তুমি আর কি শুনিতে ইচ্ছা কর ?' ॥২৪॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয় ! তখন মহাত্মা ভীষ্মের এই সকল বাক্য শুনিয়া যুধিষ্ঠির সন্তুষ্ট হইলেন ॥২৫॥

* '···ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ,···'চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।
(১)···বক্তুমর্হসি সত্তম !—নি।

ভারতকৌমুদী

ধর্ম্মা ইতি। ধর্ম্মা নানাবিধাঃ স্বভাবাঃ। আশ্রমিণাং গৃহস্থাদীনাং চতুর্ণাম্। হে পার্থিব! ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! ॥১॥

ভারতভাবদীপঃ

শ্রীগণেশায় নমঃ। শ্রীগুরুভ্যো নমঃ। তরণিমুকুরনেত্রোত্তেজনাভাং শরীর-প্রতিকৃতিমনুমায়ী ভূম্নি চন্দ্রান্তরাভঃ। স্থিরদৃগণুমসঙ্গং যন্ময়ত্যন্যথাত্বং তদভয়মমৃতং সৎপ্রত্যগীড়ে গবেন্দ্রম্॥ কণভক্ষমক্ষচরণং জৈমিনিকপিলৌ পতঞ্জলিঞ্চ নুমঃ। শ্রীমদ্ব্যাসবচোঽম্বুধিনয়সীকরর্ষিণো মুদিয়ান্। সর্ব্ববিঘ্নেশতামাবিশ্চিকীর্ষূ পূর্ব্বপূরুষৌ। শ্রীনারায়ণধীরেশরূপৌ হরিহরৌ নুমঃ। বহূন্ সমাহৃত্য বিভিন্নদেশ্যান্ কোষান্ বিনিশ্চিত্য চ পাঠমগ্র্যম্। প্রাচাং গুরূণামনুসৃত্য বাচং ব্যাকুর্ম্মহে ভারতমোক্ষধর্ম্মান্॥ উত্তানেম্বিহ কোশবিগ্রহবলং পদ্যেষু নৈবাশ্রিতং গম্ভীরেষু ন সেতবো ন বিহিতাঃ কৃটা ন ন স্ফোটিতাঃ। ন চ্ছিন্না ন তমশ্চরাননতভির্ভক্তা ন নাহ্লাদিতা নো দীনাশ্চ বিভীষণা ন বিহিতাঃ শ্রীলক্ষ্মণার্য্যশ্রিতৈঃ। ননু মোক্ষো নাম শরীরনাশাদন্যো নাস্তি "অশরীরং বাবসন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশত" ইতি শ্রুতেঃ। স চ স্বয়মেবোপনমতীতি কিং তদর্থং শাস্ত্রেণেতি চেন্ন—"কর্ত্তব্যমেব কর্ম্মেহ জানতামিত্রকর্শন!। অকর্ম্মাণো হি জীবন্তি স্থাবরা নেতরে জনাঃ॥ যাবদ্গোস্তনপানাচ্চ যাবচ্ছায়োপসেবনাৎ। প্রাণিনঃ কর্ম্মণা বৃত্তিমাপ্নুবন্তি নরর্ষভ !॥" ইত্যারণ্যকে প্রাক্কর্ম্মসদ্ভাবসাধনাৎ স্থূলদেহনাশেঽপি কর্ম্মাশ্রয়লিঙ্গদেহনাশাযোগাৎ, তত্র শ্লোকার্থঃ ন জীবন্তীতি সম্বন্ধঃ, ইতরে জনা ইতি দৃষ্টান্তঃ। তথা চায়ং প্রয়োগঃ স্থাবরজীবিকাঃ প্রাক্কর্ম্মপূর্ব্বিকা জীবিকাত্বাৎ পাকাদিক্রিয়াপূর্ব্বকাস্মদাদিজীবিকাবদিতি। যাবদিতি কাৎস্ন্যে ল্যব্লোপে পঞ্চম্যৌ। গোস্তনপানমারভ্য চ্ছায়োপসেবনং প্রতিমাদ্বারকং ভোগং চারভ্য সর্ব্বাং বৃত্তিং জীবিকাং কর্ম্মণৈবাপ্নুবন্তীতি যোজনা। সদ্যোজাতস্য হি গোবৎসস্য স্তনপানে প্রবৃত্তিঃ প্রাগ্ভবীয়েষ্টসাধনতাজ্ঞানজন্যসংস্কারপূর্ব্বিকাস্মদাদিপাকাদি প্রবৃত্তিবদ্ দৃশ্যতে। এবং মরণাত্রাসোঽপি প্রাচীনমরণজদুঃখানুভবসংস্কারাৎ প্রাণিমাত্রস্য সিদ্ধোঽতোঽস্তি প্রাচীনং কর্ম্ম। কিঞ্চ কৌলিকশাস্ত্রপ্রসিদ্ধা যথা চৈত্রঃ স্বদেহে কণ্টকেন তুন্নে সতি ব্যথতে এবং শত্রুকৃতায়াং স্বদেহপ্রতিমায়ামপি কণ্টকেন তুন্নায়াং ব্যথতে। তত্র ব্যথাহেতুর্নান্তরং ধাতুবৈষম্যং দৃশ্যতে বাহ্যং বা কণ্টকবেধাদি দৃষ্টং দ্বারমস্তি কিন্তু কেবলমদৃষ্টমেব। এবং প্রাক্কর্ম্মসদ্ভাবসিদ্ধেস্ততং পূর্ব্বপূর্ব্বজন্মকল্পনয়াঽনাদিঃ সংসারঃ। এবমনাদিত্বাদানন্ত্যং চাস্য সিদ্ধম্। তর্হ্যনাদিভাবস্য ধ্বংসযোগাৎ পুনরনর্থকং শাস্ত্রমিতি চেৎ সত্যম্। ন বয়মাত্মনি কর্ত্তৃত্বভোক্তৃত্বাদেঃ সংসারস্য সম্বন্ধংস ত্যং বদামঃ। যক্ষস্য পরশরীর ইব চিতো লিঙ্গশরীরে আভিমানিকতাদাত্ম্যাদপি তদ্ধর্ম্মভাক্ত্বোপপত্তেঃ। অভিমন্তৃত্বমপি ন বাস্তবম্ অনুপদোক্তচ্ছায়োপসেবনন্যায়েন পরকল্পিতসম্বন্ধেনাপি ব্যবহারনির্ব্বাহে সতি তৎসত্যত্বকল্পনানৌচিত্যাৎ। সংসারস্য সুপ্তিমূর্চ্ছাদাবদর্শনেন কদাচিৎকপ্রতীতিবিষয়তয়া রজ্জুরগবৎ কল্পিতত্বেনাত্মনি তৎসম্বন্ধস্য সত্যত্বাযোগাচ্চ। যথা নৌকাস্থস্তীরতরৌ চাঞ্চল্যমারোপয়তি। যথা বা প্রত্যগ্ভূতমপি মুখং মুকুরঃ পরাগিব দর্শয়তি। যথা বা সূক্ষ্মমপি পুস্তকাক্ষরমুপনেত্রমহিম্না স্থূলমিব ভাতি। তদ্বৎ কূটস্থে দৃঢ়মাত্রে সূক্ষ্মে প্রতীতি দ্বিতীয়েন্দুতুল্যেশ্বরসৃষ্টদেহপ্রতিমাদ্বারা চঞ্চলত্বদৃশ্যত্বস্থূলত্বাদ্যারোপো যুজ্যত এবেতি নাস্মাকং

ভীষ্ম উবাচ।

সর্বত্র বিহিতো ধর্ম্মঃ স্বর্গ্যঃ সত্যফলোদয়ঃ।
বহুদ্বারস্য ধর্ম্মস্য নেহাস্তি বিফলা ক্রিয়া ॥২॥

ভারতকৌমুদী

সর্ব্বত্রেতি। সর্ব্বত্র সর্ব্বেষেবাশ্রমেষু। স্বর্গ্যঃ স্বর্গজনকঃ। সত্যঃ ফলোদয়ঃ অভীষ্টফল-সিদ্ধির্যস্মাৎ সঃ। বহূনি দ্বারাণি সাধনানি যস্য তস্য। ক্রিয়া অনুষ্ঠানম্ ॥২॥

ভারতভাবদীপঃ

কিঞ্চিদবশ্যম্। যস্য ত্বনাদিঃ সত্যশ্চ সংসারস্তস্যৈব পূর্ব্ববাত্মক্তো দোষোহপরিহার্য্যঃ। তস্মাৎ সংসারকল্পিকায়া অবিদ্যায়া আত্মবিদ্যয়া নিবৃত্তৌ সমূলস্য সংসারস্যোচ্ছেদোহবশ্যম্ভাবীতি বিদ্যোৎ-পত্তয়ে শাস্ত্রমারম্ভণীয়মিতি সিদ্ধম্। তত্র নানাবিধান্ দুরনুষ্ঠেয়ান্ ক্ষুদ্রফলান্ রাজধর্ম্মানাপদ্ধর্ম্মাংশ্চ শ্রুত্বাত্যন্তমুদ্বিগ্নঃ সর্ব্বাপন্নিবারণমাত্যন্তিকশ্রেয়োহেতুং ধর্ম্মং জিজ্ঞাসমানো রাজা যুধিষ্ঠির উবাচ—"ধর্ম্মাঃ পিতামহেনোক্তা রাজধর্ম্মাশ্রিতাঃ শুভাঃ। ধর্ম্মমাশ্রমিণাং শ্রেষ্ঠং বক্তুমর্হসি পার্থিব!॥" ইতি পিতামহেনেতি শ্রেষ্ঠং বাৎসল্যঞ্চ সূচিতম্। রাজধর্ম্মাশ্রিতা রাজধর্ম্মা-ঙ্গত্বেনোপস্থিতা ধর্ম্মা আপদ্ধর্ম্মা উক্তাঃ। শ্রেষ্ঠঃ প্রশস্যতমো মোক্ষধর্ম্মস্তম্ আশ্রমিণা-মিত্যুক্তে গৃহস্থাদীনাং সর্ব্বেষামপ্যত্রাধিকারো দর্শিতঃ। তথা চ যাজ্ঞবল্ক্যঃ—"সহাশ্রমৈর্বিজিজ্ঞাস্যঃ সমস্তৈরেবমেব তু" ইতি ॥১॥ কর্ম্মজ্ঞানফলে বিভজতি জ্ঞানে শ্রৈষ্ঠ্যং বক্তুং সর্ব্বত্রেতি। সর্ব্বত্রাশ্রমেষু ধর্ম্মো বিহিতো বেদেঽগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকাম ইত্যাদিনা অদৃষ্টফলঃ স ইত্যর্থঃ। সত্যপ্রেত্য তপঃফলং সতি সদ্বস্তুনি বিষয়ে তপ আলোচনং শ্রবণমনননিদিধ্যাসনাত্মকং তস্য ফলং সাক্ষাৎকারঃ সোহপ্রেত্য মরণাৎ প্রাগেব ভবতি জ্ঞানং দৃষ্টফলমিত্যর্থঃ। নন্তু তর্হি তপ এব ক্রিয়তাং কিং ধর্ম্মেণেত্যাশ-ঙ্ক্যাহ—বহ্বিতি। অয়মর্থঃ—"বিবিদিষন্তি যজ্ঞেন" ইত্যাদিশ্রুতেরশ্বেন জিগমিষতীতিবৎ করণস্য ধাত্বর্থেনান্বয়াদ্বিদ্যার্থত্বং কর্ম্মণাম্। যদ্বা সন্ প্রত্যয়স্য প্রাধান্যাৎ জ্ঞানেচ্ছৈব কর্ম্মসাধ্যা। যথোক্তম্—"প্রত্যগ বিবিদিষাং বুদ্ধেঃ কর্ম্মাণ্যুৎপাদ্য শুদ্ধিতঃ। কৃতার্থান্যস্তমায়ান্তি প্রাবৃড়ন্তে ঘনা ইব॥" ইতি। তথা "যো বেদেদং মেহনেনাঙ্গং সংস্ক্রিয়ত" ইতি স্মৃতেশ্চিত্তশুদ্ধ্যর্থমেব কর্ম্মাণীতি ত্রেধা বিভাগঃ। তত্রাদ্যপক্ষে বিশিষ্টগুর্ব্বাদিলাভো নিষ্প্রত্যূহং শ্রবণাদিসিদ্ধিশ্চ কর্ম্মভিরেব জন্যা। দ্বিতীয়ে ইচ্ছোৎ-পত্তিরেব কর্ম্মফলমিতরত্তু যত্নান্তরসাধ্যম্। তৃতীয়ে চিত্তশুদ্ধিরেব কর্ম্মফলং জ্ঞানেচ্ছাদিকং সর্ব্বং যত্নান্তরসাধ্যমিতি বিবেকঃ। এবং জ্ঞানাদ্যর্থমপি কৃতাৎ কর্ম্মণস্তদ্যথাহম্রে ফলার্থং নির্ম্মিতে ছায়াগন্ধ ইত্যনুৎপদ্যেতে এবং ধর্ম্মং চর্য্যমাণমর্থা অনুৎপদ্যন্ত ইত্যাপস্তম্বোক্তাম্রনিদর্শনাদানুষঙ্গিকং স্বর্গাদ্যপি ভবতি, তথা স্বর্গার্থমপি কৃতং তদ্বিশুদ্ধদেবতাদিদেহোৎপাদনদ্বারা মোক্ষায় ভবতি। যথাহুঃ—বিড়ুরা-

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ পিতামহ! আপনি রাজধর্ম্মের প্রকারগুলি সমস্তই বলিয়াছেন, এখন গৃহস্থপ্রভৃতি আশ্রমিগণের শ্রেষ্ঠ ধর্ম্ম বলুন' ॥১॥

(২) ···সত্যপ্রেত্য তপঃফলম্···বঙ্গ বর্দ্ধ।

যস্মিন্ যস্মিংস্তু বিষয়ে যো যো যাতি বিনিশ্চয়ম্।
স তমেবাভিজানাতি নান্যং ভরতসত্তম ! ॥৩॥
যথা যথা চ পর্য্যেতি লোকতন্ত্রমসারবৎ।
তথা তথা বিরাগোঽত্র জায়তে নাত্র সংশয়ঃ ॥৪॥
এবং ব্যবসিতে লোকে বহুদোষে যুধিষ্ঠির ! ।
আত্মমোক্ষনিমিত্তং বৈ যতেত মতিমান্ নরঃ ॥৫॥

ভারতকৌমুদী

যস্মিন্নিতি। বিনিশ্চয়ম্ ইষ্টসাধনতয়া বিশেষনির্ণয়ম্। অভিজানাতি কর্ত্তব্যতয়া মন্যতে ॥৩॥
যথেতি। পর্য্যেতি পর্য্যালোচ্য জানাতি, লোকতন্ত্রং সংসারম্ ॥৪॥
এবমিতি। ব্যবসিতে নির্দ্দিষ্টে, লোকে সংসারে ॥৫॥

ভারতভাবদীপঃ

হাদিদেহেন নহেন্দ্রং ভুজ্যতে পদমিতি। ভোগং ভঙ্গুরমীক্ষন্তে বুদ্ধিশুদ্ধ্যনুরাগতে ইতি চ। তথা দৃষ্টফলঃ পুত্রকামেষ্ট্যাদিরপি ধর্ম্মঃ সত্যঃ ফলপ্রদর্শনেন বৈদিকধর্ম্মে শ্রদ্ধোৎপাদনদ্বারা শ্রেয়োহেতুরিতি ন ধর্ম্মক্রিয়া বিফলা। সর্ব্বথাপি কৃতো ধর্ম্মো মোক্ষদ এবেত্যর্থঃ। স্বর্গ্যাঃ সত্যফলোদয় ইতি পাঠে স্বর্গার্থং তৈস্তৈর্বাক্যৈর্বিহিতোঽপি ধর্ম্মঃ সত্যমবাধিতং ফলং মোক্ষাখ্যং তদুদয়ায় ভবতি। "বিবিদিষন্তি যজ্ঞেনে"ত্যাদিশ্রুত্যা সংযোগপৃথক্ত্বন্যায়েন দধ্নেন্দ্রিয়কামস্য জুহুয়াদিতি বাক্যান্তরেণ নিত্যস্যাপি দধ্ন ইন্দ্রিয়ার্থত্বমিব স্বর্গাদ্যর্থানামপি যজ্ঞাদীনাং বিদ্যার্থত্বমিষ্টম্। কেবলকাম্যস্যাপি ধর্ম্মস্য পরম্পরয়া পরমপুরুষার্থত্বমাহ—বহ্বিতি। পাঠান্তরন্তু নাদরণীয়ম্ ॥২॥ যস্মিন্নিতি। বিদ্যা তদিচ্ছাচিত্তসংস্কারস্বর্গপুত্রাদিকামেষু যস্মিন্ বিষয়ে দ্বারভূতে কামে অভিজানাতি শ্রেয়স্ত্বেন ॥৩॥ পর্য্যেতি। পর্য্যালোচয়তি তেনৈব দ্বারেণ চিত্তশুদ্ধৌ সত্যাম্ অসারং তৃণাদি তদ্বত্তুচ্ছম্ ॥৪॥ ব্যবসিতে নিশ্চিতে লোকে স্থাবরাদিসত্যলোকপর্য্যন্তে। বহুদোষে ঐশ্বর্য্যতারতম্যক্ষয়িষ্ণুত্বাদি-দোষবহুলে। দোষদর্শননিশ্চয়েন বৈরাগ্যে সতীত্যর্থঃ। ব্যবস্থিতে ইতি পাঠে বিবিধরূপেণাবস্থিতে

ভীষ্ম বলিলেন—'সমস্ত আশ্রমেই ধর্ম্ম বিহিত আছে; সেই ধর্ম্ম স্বর্গজনক এবং তাহার অন্যান্য ফলও অবশ্যই হইয়া থাকে। এই জগতে বহুবিধ ধর্ম্মের কোন অনুষ্ঠানই নিষ্ফল হয় না ॥২॥

ভরতশ্রেষ্ঠ ! যে যে লোক যে যে বিষয় ইষ্টসাধক বলিয়া নিশ্চয় করে, সেই সেই লোক সেই সেই বিষয়েই কর্ত্তব্য বলিয়া মনে করে; কিন্তু অন্য বিষয়ে নহে ॥৩॥

মানুষ পর্য্যালোচনা করিয়া সংসারটাকে যেমন যেমন অসার বলিয়া মনে করে, তেমন তেমনই সংসারে তাহার বৈরাগ্য উৎপন্ন হয়; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪॥

যুধিষ্ঠির উবাচ।

নষ্টে ধনে বা দারে বা পুত্রে পিতরি বা মৃতে।
যয়া বুদ্ধ্যা নুদেচ্ছোকং তন্মে ব্রূহি পিতামহ ! ॥৬॥

ভীষ্ম উবাচ।

নষ্টে ধনে বা দারে বা পুত্রে পিতরি বা মৃতে।
অহো দুঃখমিতি ধ্যায়ন্ শোকস্যাপচিতিং চরেৎ ॥৭॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
যথা সেনজিতং বিপ্রঃ কশ্চিদেত্যাব্রবীৎ সুহৃৎ ॥৮॥
পুত্রশোকাভিসন্তপ্তং রাজানং শোকবিহ্বলম্।
বিষণ্ণমনসং দৃষ্ট্বা বিপ্রো বচনমব্রবীৎ ॥৯॥

ভারতকৌমুদী

নষ্ট ইতি। নুদেৎ দূরীকুর্য্যাৎ, তৎ তাং বুদ্ধিম্ ॥৬॥
নষ্ট ইতি। দুঃখং ধনাদিকং সর্ব্বমেব দুঃখজনকম্ ইতি ধ্যায়ন্ চিন্তয়ন্, অপচিতিং ক্ষয়ম্ ॥৭॥
অত্রেতি। সেনজিতং নাম রাজানম্। এত্য আগত্য ॥৮॥
রাজ্ঞোঽবস্থাসূচনায় পুনরাহ পুত্রেতি। রাজানং সেনজিতম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

সতি ॥৫॥ তন্মে তাং মে ॥৬॥ ধ্যায়ন্নতোঽন্যদার্ত্তমিতি শ্রুতেরাত্মনোঽন্যৎ সর্ব্বং দুঃখস্বরূপমিতি শ্রুত্যনুমানাদিনা আলোচয়ন্নপচিতিং চরেৎ। "তরতি শোকমাত্মবিৎ" ইতি শ্রুতেরাত্মজ্ঞানার্থং শোকপ্রতীকারহেতুং শমাদিকমনুতিষ্ঠেদিত্যর্থঃ ॥৭—৮॥ স তং শোকেত্যত্র পুত্রশোকেত্যেব পাঠঃ।

যুধিষ্ঠির! এইভাবে সংসার বহুদোষদুষ্ট বলিয়া নির্দ্দিষ্ট হইলে, বুদ্ধিমান্ মানুষ আত্মার মুক্তির জন্য যত্ন করিবেন' ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! ধন বিনষ্ট হইলে কিংবা স্ত্রী, পুত্র বা পিতার মৃত্যু হইলে, মানুষ যেরূপ বুদ্ধির গুণে শোক দূর করিতে পারে, আপনি সেইরূপ বুদ্ধির বিষয় আমার নিকট বলুন' ॥৬॥

ভীষ্ম বলিলেন—'ধন বিনষ্ট হইলে কিংবা স্ত্রী, পুত্র বা পিতা লোকান্তরে গমন করিলে, মানুষ 'এই ধনপ্রভৃতি অত্যন্ত দুঃখজনক' এইরূপ ভাবিয়া শোক দূর করিবে ॥৭॥

মনস্বীরা এই বিষয়েও এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন যে, কোনও সুহৃৎ ব্রাহ্মণ উপস্থিত হইয়া সেনজিৎ রাজাকে বলিয়াছিলেন ॥৮॥

সেনজিৎরাজা পুত্রশোকে অত্যন্ত সন্তপ্ত, বিহ্বল ও বিষণ্ণচিত্ত হইয়াছেন দেখিয়া সেই ব্রাহ্মণ এই সকল কথা বলিয়াছিলেন—॥৯॥

কিন্নু খল্বসি মূঢ়স্ত্বং শোচ্যঃ কিমনুশোচসি।
যদা ত্বামপি শোচন্তঃ শোচ্যা যাস্যন্তি তাং গতিম্ ॥১০॥
ত্বং চৈবাহং চ যে চান্যে ত্বাং রাজন্! পর্য্যুপাসতে।
সর্ব্বে তত্র গমিষ্যামো যত এবাগতা বয়ম্ ॥১১॥

সেনজিদুবাচ।

কা বুদ্ধিঃ কিং তপো বিপ্র! কঃ সমাধিস্তপোধন!।
কিং জ্ঞানং কিং শ্রুতং বা তে যৎ প্রাপ্য ন বিষীদসি ॥১২॥

ভারতকৌমুদী

কিমিতি। মূঢ়ঃ শোকেন বিকৃতচিত্তঃ। শোচ্যঃ পরেষাং শোকবিষয়ঃ; অনুশোচসি পরম্ যদা যতঃ। শোচ্যা আকুলতাদর্শনাৎ, তাং আকুলতারূপাং গতিমবস্থাম্। শোচ্যস্য শোককরণ দীনস্য দীনান্তরদনুশোচনমিব হাস্যাস্পদমিতি ভাবঃ ॥১০॥

বিয়োগমাত্র এব শোকে কর্ত্তব্যে কথং কেবলঃ পুত্রার্থঃ শোকঃ অন্যার্থেঽপ্যসৌ কর্ত্তব্যঃ স্যাদিত্যাহ—ত্বমিতি। উপাসন্তি উপাসতে আশ্রয়ন্তি ॥১১॥

ব্রাহ্মণস্যাবস্থাং পশ্যন্ বিস্ময়মানঃ পৃচ্ছতি কেতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ ॥১২॥

ভারতভাবদীপঃ

সন্তাপোঽন্তর্বহির্দাহঃ। বিহ্বলত্বং বাহেন্দ্রিয়চলনশূন্যত্বম্, বিষণ্ণং মূঢ়ং মনো যস্য ॥৯॥ কিংন্বিতি। মূঢ়াঃ সর্ব্বেঽপি শোচ্যাঃ শোকাক্রান্তাশ্চেত্যতো নিঃশোকং পদমন্বেষ্টব্যমিত্যর্থঃ ॥১০॥ তদেবাহ—ত্বমিতি। ত্বং চাহঞ্চেতি ভোক্তৃবর্গ উক্তঃ। যে চেতি। দেহেন্দ্রিয়বিষয়াদির্ভোগ্যবর্গঃ। তদ্বয়ং যত আগতং যত্র লবণোদকবল্লীয়তে তদদ্বৈতমশোকং পদং দ্বৈতন্তু সশোকমিত্যর্থঃ। তথা চ শ্রুতী ভবতঃ—তত্র কো মোহঃ কঃ শোকঃ একত্বমনুপশ্যত ইতি দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতীতি চ ॥১১॥ তত্র বুদ্ধিরুপপত্তিঃ তপস্তদালোচনম্। সমাধির্বুদ্ধেরেকত্র পর্য্যবসানম্। জ্ঞানং সাক্ষাৎকারঃ।

রাজা! আপনি শোকে মুগ্ধ হইলেন কেন? আপনিও ত শোকের পাত্র; তাহাতে আপনি আবার পরের জন্য শোক করিতেছেন কেন? যখন অন্যান্য লোক আপনার জন্যও শোক করিতে থাকিয়া, আকুলতা প্রাপ্ত হইয়া শোচনীয়ই হইবে ॥১০॥

রাজা! আমি, আপনি এবং অন্য যে সকল লোক আপনার সেবা করে, আমরা সকলেই যে স্থান হইতে আসিয়াছি, আবার সেই স্থানেই যাইব' ॥১১॥

সেনজিৎ বলিলেন—'তপোধন ব্রাহ্মণ! বুদ্ধি কি, তপস্যা কি, সমাধি কি, জ্ঞান কি এবং শাস্ত্রজ্ঞানই বা কি; যে সকল লাভ করিয়া আপনি আর বিষণ্ণ হন না' ॥১২॥

(১০) কিংনু মুহসি মূঢ়স্ত্বম্…বঙ্গ।

ব্রাহ্মণ উবাচ।

পশ্য ভূতানি দুঃখেন ব্যতিষক্তানি সর্ব্বশঃ।
উত্তমাধমমধ্যানি তেষু তেষ্বিহ কর্ম্মসু ॥১৩॥
আত্মাপি চায়ং ন মম সর্ব্বা বা পৃথিবী মম।
যথা মম তথান্যেষামিতি চিন্ত্য ন মে ব্যথা।
এতাং বুদ্ধিমহং প্রাপ্য ন প্রহৃষ্যে ন চ ব্যথে ॥১৪॥
যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহোদধৌ।
সমেত্য চ ব্যপেয়াতাং তদ্বদ্ভূতসমাগমঃ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রশ্নানুসারেণ প্রথমং বুদ্ধিং নিরূপয়তি পশ্যেতি দ্বাভ্যাম্। ভূতানি প্রাণিনঃ ব্যতিষক্তানি দৃঢ়যুক্তানি। উত্তমাধমমধ্যানি তির্য্যঙ্মানবরূপাণি কর্ম্মসু পাপজনকেষু কার্য্যেষু কৃতেষু ॥১৩॥

ভ্রমং নিরস্যতি আত্মেতি। আত্মা দেহঃ সর্ব্বা বা পৃথিবী ন মমেতি সম্বন্ধঃ। নন্থ স্বদেহ-পৃথিব্যোরাধিপত্যদর্শনাৎ কথং ন মমেতি জ্ঞানমুপপদ্যত ইত্যাহ যথেতি। চিন্ত্য চিন্তয়িত্বা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

শ্রুতমেতেষর্থেষু প্রমাণম্ ॥১২॥ তত্র বুদ্ধিমাহ—সার্দ্ধদ্বয়েন পশ্যেতি। ব্যতিষিক্তানি ব্যাপ্তমু্য-ত্তমাধমমধ্যানি দেবতির্য্যঙ্মনুষ্যাদীনি, কর্ম্মসু নিমিত্তভূতেষু ॥১৩॥ এবং কর্ম্মজং দুঃখং দেবাদীনা-মপ্যস্তীতি দৃশ্যমানভূতদৃষ্টান্তেনোপপাদ্য তন্নিবৃত্তাবপ্যুপপত্তিমাহ—আত্মেতি। যোঽয়মহমিতি প্রতীতি-গোচর আত্মা সোঽপি ন মম চিন্মাত্রস্য স্বরূপং চিত্তাস্যস্বাত্তস্য ভাস্যভাসকয়োশ্চ ঘটালোকয়োঃ প্রসিদ্ধো ভেদঃ। এবমহমর্থাচ্চিদাত্মানং বিবিচ্য তত্রৈব পৃথিব্যাদ্যধ্যস্তমিতি সর্ব্বস্য তদনন্যত্বমাহ—সর্ব্বা বা পৃথিবী মম স্বরূপমিতি। এতদেবাভ্যাসেন দ্রঢ়য়তি যথা মমেতি। অয়ং ভাবঃ—যথা দর্পণপ্রতিবিম্বিতং মুখং ন স্বরূপতঃ স্বমুখং দৃশ্যত্বাৎ নাপ্যন্যৎ তদ্ব্যতিরেকেণাভাবাৎ। এবং মায়াকল্পিতেম্বিন্দ্রিয়মনোঽবিদ্যাদর্পণেষু স্থূলসূক্ষ্মসূক্ষ্মতরেষু প্রতিফলিতশ্চিদাত্মা বিরাট্‌সূত্রান্তর্যামি-ভাবেন দৃশ্যো ন প্রত্যগাত্মা নাপি ততোঽন্য ইতি। এবমুপপন্নমাত্মৈকত্বং চিন্ত্য ধ্যানেন সাক্ষাৎ-কৃত্য ন মে ব্যথেতি তৎফলমুক্তং তদ্ব্যাচষ্টে—এতামিত্যর্দ্ধেন। হর্ষোঽপি বৃথৈবেতি ভাবঃ ॥১৪॥

ব্রাহ্মণ বলিলেন—'রাজা! দেখুন, সেই সেই পাপকর্ম্ম করা হইয়াছে বলিয়া উত্তম, মধ্যম ও অধম সমস্ত প্রাণীই দুঃখভোগ করিতেছে ॥১৩॥

এদেহও আমার নহে এবং সমগ্র পৃথিবীও আমার নহে; তবে যেমন আমার তেমন অন্যান্যের, এইরূপ চিন্তা করায় আমার কোন দুঃখই হয় না। আমি এইরূপ বুদ্ধি লাভ করিয়া আনন্দিতও হই না, দুঃখিতও হই না ॥১৪॥

(১৩)···ব্যতিষিক্তানি. সর্ব্বশঃ···বঙ্গ।

এবং পুত্রাশ্চ পৌত্রাশ্চ জ্ঞাতয়ো বান্ধবাস্তথা।
তেষু স্নেহো ন কর্ত্তব্যো বিপ্রয়োগো ধ্রুবো হি তৈঃ ॥১৬॥
অদর্শনাদাপতিতঃ পুনশ্চাদর্শনং গতঃ।
ন ত্বাসৌ বেদ ন ত্বং তং কস্মাত্ত্বমনুশোচসি ॥১৭॥

ভারতকৌমুদী

রাজ্ঞঃ শোকমপনুদন্নাহ যথেতি। সমেয়াতাং বায়ুবেগেন মিলিতে ভবেতাম্। ব্যপেয়াতাং পুনর্ব্বিশ্লিষ্টে ভবেতাম্, ভূতানাং প্রাণিনাং সমাগমঃ পরস্পরমেলনম্ ॥১৫॥

তত্র কর্ত্তব্যমাহ এবমিতি। এবং সতি। বিপ্রয়োগো বিচ্ছেদঃ, হি যস্মাৎ। বিপ্রয়োগাবশ্যম্ভাবেন দুঃখাবশ্যম্ভাবাৎ স্নেহেন সংযোগো ন কর্ত্তব্যঃ, সংযোগে সতি বিয়োগস্যাবশ্যকত্বাদিতি ভাবঃ ॥১৬॥

সম্পর্কাভাবাৎ শোকসম্ভাবনৈব নাস্তীত্যাহ অদর্শনাদিতি। ন বিদ্যতে দর্শনং যস্য তস্মাৎ চিন্ময়াদ্ব্রহ্মণঃ, আপতিতঃ জন্মলাভেনাগতঃ; পুনশ্চ অদর্শনং তচ্চিন্ময়ং ব্রহ্মৈব গতো ভবেৎ সর্ব্ব এব জীব ইতি শেষঃ। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎপ্রয়ন্তি" ইত্যাদিশ্রুতেঃ তত্র শোকাকরণে কারণমাহ নেতি। অসৌ পুত্রাদিঃ ত্বা ত্বাং পিত্রাদিং ন বেদ স্বরূপেণ ন জানাতি, ত্বঞ্চ পিত্রাদিঃ তং পুত্রাদিং ন বেত্থ। তেন চ কস্মাৎ ত্বং পুত্রাদিমনুশোচসি ॥১৭॥

ভারতভাবদীপঃ

বুদ্ধিমুক্ত্বা তপ আহ—যথেত্যাদিনা ॥১৫॥ তপঃফলমাহ—এবমিতি ॥১৬॥ অদর্শনাদিতি নাস্তি দর্শনং দৃশ্যত্বেন দ্রষ্টৃত্বেন বা প্রকাশো যস্য তদদর্শনং শুদ্ধচিন্মাত্রং তস্মাৎ আপতিতস্তব পুত্র ইতি শেষঃ। ত্বা ত্বাং চিন্মাত্রমসৌ পুত্রো ন বেদ স্বপ্নোপলব্ধপুরুষবৎ স্বৎকল্পনামাত্রত্বাত্তস্য। তথা ত্বমপি তং চিন্মাত্রং ন বেত্থ চিতশ্চিদগোচরত্বাযোগাৎ। কিমনুশোচসীত্যস্যায়ং ভাবঃ—শোচ্যঃ পুত্রঃ কিংস্বিদাত্মা উতাচিদ্রূপো দেহো বা? নাদ্যঃ, চিত একত্বাদবিনাশিত্বাচ্চ কঃ কেন শোচ্যঃ।

মহাসমুদ্রে যেমন দুইখানি কাষ্ঠ আসিয়া পরস্পর মিলিত হয় এবং মিলিত হইয়া আবার বিশ্লিষ্ট হইয়া যায়, প্রাণিগণের সম্মেলনও সেইরূপই ॥১৫॥

এইরূপ হইলে, পুত্র, পৌত্র, জ্ঞাতি ও যে সকল বান্ধব থাকে, তাহাদের উপরে স্নেহ করা উচিত নহে। কারণ, তাহাদের সহিত বিচ্ছেদ অবশ্যম্ভাবী ॥১৬॥

সমস্ত জীবই অদৃশ্যস্থান হইতে আইসে, আবার অদৃশ্যস্থানে চলিয়া যায়। তারপর সেই পুত্র স্বরূপতঃ আপনাকে জানিত না, আপনিও তাহাকে জানিতেন না; সুতরাং কেন আপনি তাহার জন্য শোক করিতেছেন? ॥১৭॥

(১৬)···তেষাং স্নেহঃ···বঙ্গ।
(১৭)···কঃ সন্ কিমনুশোচসি—বঙ্গ বৰ্দ্ধ।

তৃষ্ণার্ত্তিপ্রভবং দুঃখং দুঃখার্ত্তিপ্রভবং সুখম্।
সুখাৎ সঞ্জায়তে দুঃখং দুঃখাৎ সঞ্জায়তে সুখম্ ॥১৮॥
সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।
সুখদুঃখে মনুষ্যাণাং চক্রবৎ পরিবর্ত্ততঃ ॥১৯॥
সুখাত্ত্বং দুঃখমাপন্নঃ পুনরাপৎস্যসে সুখম্।
ন নিত্যং লভতে দুঃখং ন নিত্যং লভতে সুখম্ ॥২০॥
শরীরমেবায়তনং সুখস্য দুঃখস্য চাপ্যায়তনং শরীরম্।
যদ্‌যচ্ছরীরেণ করোতি কর্ম্ম তেনৈব দেহী সমুপাশ্নুতে তৎ ॥২১॥

ভারতকৌমুদী

তৎ কথং পণ্ডিতোঽপি শোচতীত্যাহ তৃষ্ণেতি। উপকারলিপ্সা তৃষ্ণা তস্যা আর্ত্তির্ধ্বংসঃ অস্যাঃ প্রভবতীতি তৎ। দুঃখস্যার্ত্তের্ধ্বংসাৎ প্রভবতীতি তৎ। সুখাৎ পরং দুঃখাচ্চ পরম্। উপকারলিপ্সালোপাদেব হি সর্ব্বস্যৈব শোকো জায়ত ইত্যাশয়ঃ ॥১৮॥

উক্তমেবার্থং স্পষ্টয়ন্নাহ সুখস্যেতি। মনুষ্যাণামিতি প্রাণিমাত্রস্যোপলক্ষণম্। পবিবর্ত্ততঃ পরিবর্ত্তেতে ॥১৯॥

উক্তার্থে নিদর্শনমাহ সুখাদিতি। দুঃখমাপন্নঃ পুত্রনাশেন, পুনঃ সুখমাপৎস্যসে প্রাপ্স্যসি পুত্রোৎপত্ত্যা। এবং দৃষ্টান্তেন সর্ব্বেষামেবাবস্থামাহ নেতি। লভতে সর্ব্ব এব জীব ইতি শেষঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

নাস্যঃ লোষ্টাদেরপি শোচ্যতাপত্তেরিতি ॥১৭॥ কুতস্তর্হ্যয়ং শোক উল্লসতীত্যাশঙ্ক্যাহ—তৃষ্ণেতি ত্রিভিঃ। তৃষ্ণার্ত্তির্বিষয়েষু প্রাপ্যমাণেষপি মোহাদতৃপ্তিরূপা পীড়া। দুঃখার্ত্তিঃ দুঃখনাশস্তজ্জং

উপকার লাভের লোভ নষ্ট হইলে দুঃখ জন্মে, আবার দুঃখ নষ্ট হইলে সুখ উৎপন্ন হয়। অতএব বলিতে হইবে যে, সুখের পরে দুঃখ এবং দুঃখের পরে সুখ হইয়া থাকে ॥১৮॥

সুতরাং সুখের পরে দুঃখ, দুঃখের পরে সুখ হয় বলিয়া প্রাণিগণের সুখ ও দুঃখ চক্রের ন্যায় পরিবর্ত্তিত হইয়া থাকে ॥১৯॥

ইহার দৃষ্টান্ত আপনিই। কারণ, আপনি সুখের পরে দুঃখ ভোগ করিতেছেন, আবার সুখভোগ করিবেন। অতএব প্রাণিমাত্রই চিরদিন দুঃখভোগ করে না, কিংবা চিরকাল সুখলাভও করে না ॥২০॥

(১৮)···দুঃখমেবং পুনঃ—বঙ্গ।
(২০) ইতঃ পরং 'শরীরমেবায়তনং দুঃখস্য চ সুখস্য চ' ইত্যর্দ্ধমধিকং পি বঙ্গ বর্দ্ধ

জীবিতঞ্চ শরীরেণ জাত্যৈব সহ জায়তে।
উভে সহ বিবর্ত্তেতে উভে সহ বিনশ্যতঃ ॥২২॥
স্নেহপাশৈর্ব্বহুবিধৈরাবিষ্টা বিষয়া জনাঃ।
অকৃতার্থাশ্চ সীদন্তে জলৈঃ সৈকতসেতবঃ ॥২৩॥

ভারতকৌমুদী

অথ কেনাবচ্ছেদেন জীবস্য সুখদুঃখভোগ ইত্যাহ শরীরমিতি। শরীরমেব স্থূলসূক্ষ্মভেদেন দ্বিবিধো দেহ এব সুখস্য আয়তনং ভোগস্থানম্, তথা তাদৃশং দ্বিবিধং শরীরমেব দুঃখস্য চাপি আয়তনং ভোগস্থানম্। তথা চ অঙ্গনালিঙ্গনাদিনা স্থূলদেহঃসূক্ষ্মদেহশ্চ সুখস্য ভোগস্থানম্, তথা রোগাদিনা স্থূলদেহঃ শোকাদিনা চ সূক্ষ্মদেহো দুঃখস্য ভোগস্থানমিতি ভাবঃ। নমু কেন দেহী সুখদুঃখে ভুনক্তী-ত্যাহ—যদিতি। দেহী শরীরেণ যদ্যৎ শুভমশুভং বা কর্ম্ম করোতি তেনৈব কর্ম্মণা হেতুনা তৎ-সুখং দুঃখঞ্চ সমুপাশ্নুতে ভুনক্তি ॥২১॥

নমু দেহদেহিনোর্যুগপদজন্মভিন্নকালীনং বেত্যাহ জীবিতমিতি। জাত্যা স্বভাবেনৈব উক্তেন দ্বিবিধেন শরীরেণ সহ জীবিতং জীবনং জায়তে; উভে জীবিতশরীরে চ সহ যুগপৎ বিবর্ত্তেতে বিবিধকর্ম্মসু প্রবর্ত্তেতে, উভে সহ বিনশ্যতশ্চ জীবনাশেন দেহস্যাকর্ম্মণ্যতয়া নাশাঙ্গীকারা-দিত্যাশয়ঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

সুখম্। তেন দুঃখার্ত্তিরেব সুখমিতি বদন্ পরাস্তঃ ॥১৮—২০॥ শরীরং স্থূলসূক্ষ্মভেদেন দ্বিবিধম্। তদেব সুখাদেরায়তনমাশ্রয়ো ন ত্বাত্মা তদভাবে সুপ্তিসমাধ্যোরাত্মনি দুঃখাদ্যনুপলম্ভাৎ। জাগ্রৎ-স্বপ্নয়োস্তত্র তদুপলম্ভস্তু দেহোপাধিকঃ জলচাঞ্চল্যমিব জলচন্দ্রে। দুঃখাদেরাত্মধর্ম্মত্বে বহ্ন্যৌষ্ণ্যব-দাশ্রয়নাশমন্তরেণাত্যন্তিকদুঃখোচ্ছেদাযোগাৎ। ঘটে যাবদ্রূপনাশাদর্শনাদিতি ভাবঃ। যদ্যদিত্য-ত্রাদ্যো যচ্ছব্দো হেত্বর্থঃ। যস্মাচ্ছরীরমেব দুঃখাদ্যাশ্রয়স্তস্মাদ্দেহী দেহাভিমানী যেন যৎকর্ম্ম করোতি তেনৈব তৎফলমশ্নুতে। তেন যঃ কর্ত্তা স এব চিদাভাসো ভোক্তা ন তু প্রকৃতিঃ, কর্ত্রী চিদাত্মা ভোক্তেতি বদতঃ সাংখ্যস্যাবকাশোঽস্তি ॥২১॥ জীবিতং জীবনহেতুর্লিঙ্গশরীরং শরীরেণ স্থূলেন। পাঠান্তরে জাত্যা স্বভাবেনৈব সহ জায়তে তেনৈবেতি স্থূলস্য লিঙ্গাদনন্যত্বমুক্তম্। লিঙ্গমেব হি চিরভাবিতং স্থূলং ভবতীত্যর্থঃ। তথা চোক্তং বাসিষ্ঠে—"অতিবাহিক এবায়ং ত্বাদৃশৈশ্চিত্তদেহকঃ। আধিভৌতিকয়া বুদ্ধ্যা গৃহীতশ্চিরভাবনাৎ॥" ইতি। বিবর্ত্তেতে সংসারকালে বিবিধেন রূপেণ

স্থূলদেহ ও সূক্ষ্মদেহ এই দুইটীই সুখ ও দুঃখ ভোগের স্থান। মানুষ সেই দ্বিবিধ শরীরদ্বারা যে যে কর্ম্ম করে, সেই সেই কর্ম্মদ্বারাই সুখ ও দুঃখ ভোগ করে ॥২১॥

জীবন ও শরীর স্বভাবতই একদা জন্মগ্রহণ করে, একদা কার্য্য করে এবং একদাই বিনষ্ট হয় ॥২২॥

স্নেহেন তিলবৎ সর্ব্বং স্বর্গচক্রে নিপীড্যতে।
তিলপীড়ৈরিবাক্রম্য ক্লেশৈরজ্ঞানসম্ভবৈঃ ॥২৪॥
সঞ্চিনোত্যশুভং কর্ম্ম কলত্রাপেক্ষয়া নরঃ।
একঃ ক্লেশানবাপ্নোতি পরত্রেহ চ মানবঃ ॥২৫॥

ভারতকৌমুদী

সাংসারিকভাবং বিবৃণোতি স্নেহেতি। বহুবিধৈঃ স্নেহপাশৈঃ, আবিষ্টাঃ প্রাপ্তা বিষয়াঃ পুত্রকলত্রাদয়ো যৈস্তে তাদৃশা জনাঃ, নানাবিঘ্নৈরকৃতার্থাঃ সন্ত এব, জলৈঃ, সৈকতসেতবো বালুকাময়সেতব ইব, সীদন্তে সীদন্তি বিনশ্যন্তীত্যর্থঃ ॥২৩॥

স্নেহেনেতি। তিলপীড়ৈস্তৈলিকৈর্জনৈঃ, স্নেহেন তৈলোদ্দেশেন তিলচক্রে তিলবৎ, অজ্ঞানসম্ভবৈঃ ক্লেশৈঃ, আক্রম্য, সর্ব্বং প্রাণিবৃন্দং স্বর্গচক্রে সংসারে স্নেহেন রাগরূপহেতুনৈব নিপীড্যতে ॥২৪॥

নমু যদুদ্দেশ্যেন দুষ্কর্ম্ম করোতি স তৎ ফলং ভুনক্তি ন বেত্যাহ সঞ্চিনোতীতি। নরঃ, কলত্রাপেক্ষয়া ভার্য্যাদিপরিজনোদ্দেশেন অশুভং চৌর্য্যাদিকং কর্ম্ম সঞ্চিনোতি করোতি। তত্র স এক এব মানবঃ, ইহ লোকে পরত্র লোকে চ রাজদণ্ডরূপান্ নরকভোগরূপাংশ্চ ক্লেশানবাপ্নোতি; ন ত্বন্যঃ কলত্রাদিঃ তৎ কর্ম্মণ্যসংশ্লিষ্টত্বাৎ তদজ্ঞানাচ্চেতি ভাবঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

বর্ত্তেতে বিনশ্যতশ্চ মোক্ষে। স্থূলদেহবৎ কর্ত্রাদিধর্ম্মকং লিঙ্গমপি নশ্যতীত্যর্থঃ ॥২২॥ আবিষ্টাশ্চিত্তে মগ্না বিষয়া যেষাং তে সেতব ইবেতি লুপ্তোপমা। সীদন্তে সীদন্তি চিত্তস্থৈর্বিষয়ৈরিতি শেষঃ ॥২৩॥ স্নেহেন নিমিত্তেন তিলপীড়ৈস্তৈলিকৈঃ ক্লেশৈরবিদ্যাদিভিরনিত্যাশুচিদুঃখানাত্মসু দেহাদিষু নিত্যত্বশুচিত্বসুখত্বাত্মত্বারোপপ্রভৃতিভিরজ্ঞানমূলৈঃ। ততশ্চাজ্ঞাননাশাৎ ক্লেশোচ্ছেদে প্রবৃত্ত্যাদ্যভাবেন দেহদুঃখাদ্যভাবাদ্মিপ্রত্যুহো মোক্ষঃ সিদ্ধঃ। তথা চাক্ষপাদচরণাঃ—দুঃখজন্মপ্রবৃত্তিদোষমিথ্যাজ্ঞানানামুত্তরোত্তরাপায়ে তদনন্তরাপায়াদপবর্গ ইতি ॥২৪॥ অশুভং চৌর্য্যাদি কলত্রাপেক্ষয়া

প্রাণীরা নানাবিধ স্নেহপাশের প্রভাবে সমস্ত বিষয়ের সহিত সংশ্লিষ্ট হয়; তাহার পর জলের বেগে বালুকাময় সেতুর ন্যায় অকৃতকার্য্য অবস্থাতেই বিনষ্ট হইয়া যায় ॥২৩॥

তৈলনির্ম্মাণকারী লোকেরা যেমন তৈল করিবার উদ্দেশ্যে ঘানিচক্রে তিল নিষ্পিষ্ট করে, সেইরূপ অজ্ঞানসম্ভূত নানাবিধ ক্লেশ আসিয়া আক্রমণ করিয়া সমস্ত প্রাণীকেই স্নেহের গুণে সংসারচক্রে নিষ্পিষ্ট করিয়া থাকে ॥২৪॥

মানুষ ভার্য্যাপ্রভৃতি পরিজনগণের উদ্দেশে চৌর্য্যপ্রভৃতি অমাঙ্গলিক কার্য্য করিয়া থাকে; তাহার পর একমাত্র সেই মানুষই ইহলোকে ও পরলোকে কষ্ট ভোগ করে ॥২৫॥

পুত্রদারকুটুম্বেষু প্রসক্তাঃ সর্ব্বমানবাঃ।
শোকপঙ্কার্ণবে মগ্না জীর্ণা বনগজা ইব ॥২৬॥
পুত্রনাশে বিত্তনাশে জ্ঞাতিসম্বন্ধিনামপি।
প্রাপ্যতে সুমহদ্দুঃখং দাবাগ্নিপ্রতিমং বিভো !।
দৈবায়ত্তমিদং সর্ব্বং সুখদুঃখে ভবাভবৌ ॥২৭॥
অসুহৃৎ সসুহৃচ্চাপি সশত্রুর্মিত্রবানপি।
সংপ্রজ্ঞঃ প্রজ্ঞয়া হীনো দৈবেন লভতে সুখম্ ॥২৮॥
নালং সুখায় সুহৃদো নালং দুঃখায় শত্রবঃ।
ন চ প্রজ্ঞালমর্থানাং ন সুখানামলং ধনম্ ॥২৯॥

ভারতকৌমুদী

স্নেহে দোষমাহ পুত্রেতি। শোকাঃ পঙ্কাঃ কর্দ্দমা ইব তেষামর্ণবে, জীর্ণাঃ ক্ষীণা ভবন্তি ॥২৬॥

শোককারণমাহ পুত্রেতি। জ্ঞাতিসম্বন্ধিনামপি নাশে। পুত্রনাশাদয় এব কুত ইত্যাহ দৈবেতি। দৈবায়ত্তং প্রাক্তনকর্ম্মজনিতম্। ভবাভবৌ উন্নত্যবনতী। ষট্‌পাদোহয়ং শ্লোকঃ ॥২৭॥

অথ কথং দৈবায়ত্তমিত্যাহ অসুহৃদিতি। প্রজ্ঞা বুদ্ধিঃ ॥২৮॥

উক্তমর্থং সমর্থয়তি নেতি। অলং সমর্থাঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি। প্রাহ ব্রবীতি স্ম, সর্ব্বভূতানাম্ ঈশঃ পতিঃ ॥৫৭॥

জগতের অধীশ্বর ও সমস্ত কারণের কারণ নারায়ণ আসিয়াছেন; তখন নারদ দেখিলেন—সমস্ত দেবতার মস্তকমুকুটের কুঙ্কুমে তাঁহার চরণযুগল রক্তবর্ণ হইয়া গিয়াছে; গরুড়ের উপর আরোহণ করায় যে দুইটী কিণ (কড়, মাড়ুয়া) হইয়াছিল, তাহাতে তাঁহার জানুযুগল শোভা পাইতেছিল; পীতবর্ণ বস্ত্রের উপরে শোভমান মেখলাসূত্রদ্বারা তাঁহার কটীদেশ বেষ্টিত ছিল; তাঁহার বক্ষের উপরে একটী রোমাবর্ত্ত ছিল, কৌস্তুভনামক একটী সুন্দর মণি গলদেশে শোভা পাইতেছিল, মুখপদ্মে ঈষৎ হাস্য প্রকাশ পাইতেছিল, দীর্ঘ নয়নযুগল চঞ্চল ছিল; আকৃষ্ট ধনুর অনুকরণকারী বক্র ভ্রূযুগলে মুখমণ্ডল শোভিত ছিল, নানাবিধ রত্ন, মণি ও হীরকের কিরণে মকরা-কার কর্ণকুণ্ডল দুইটী শোভা পাইতেছিল, ইন্দ্রনীলমণির ন্যায় দেহের কান্তি প্রকাশ পাইতেছিল এবং দুই হাতের দুইটী কেয়ূর ও মস্তকের মুকুটে তিনি শোভা পাইতে-ছিলেন; আর ইন্দ্রপ্রভৃতি দেবতারা ও ঋষিরা তাঁহার স্তব করিতেছিলেন; এই অবস্থায় নারদ 'জয় হউক' বলিয়া মস্তক অবনত করিয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥৫২—৫৬॥

ভদ্রমস্তু ঋষে ! তুভ্যং বয়ং বরয় সুব্রত ! ।
যত্তে মনসি সুব্যক্তমস্তি চ প্রদদামি তৎ ॥৫৮॥
স চেমং জয়শব্দেন প্রসীদেত্যাতুরো মুনিঃ।
প্রোবাচ হৃদি সংরূঢ়ং শঙ্খচক্রগদাধরম্ ॥৫৯॥
বিবক্ষিতং জগন্নাথ ! ময়া জ্ঞাতং ত্বয়াঽচ্যুত ! ।
তৎপ্রসীদ হৃষীকেশ ! শ্রোতুমিচ্ছামি তদ্ধরে ! ॥৬০॥
ততঃ স্ময়ন্ মহাবিষ্ণুরভ্যভাষত নারদম্ ।
যদ্দৃষ্টং মম রূপস্তু বেদানাং শিরসি ত্বয়া ॥৬১॥
নির্দ্বন্দ্বা নিরহঙ্কারাঃ শুচয়ঃ শুদ্ধলোচনাঃ।
তং মাং পশ্যন্তি সততং তান্ পৃচ্ছ যদিহেচ্ছসি ॥৬২॥

ভারতকৌমুদী

ভদ্রমিতি। ভদ্রং মঙ্গলম্। সুব্যক্তং সুস্পষ্টম্ ॥৫৮॥

স ইতি। আতুরো জিজ্ঞাস্যবিষয়াজ্ঞানাদাকুলঃ। সংরূঢ়মুৎপন্নমভিলাষম্ ॥৫৯॥

বিবক্ষিতমিতি। ত্বয়া বিবক্ষিতং ময়া জিজ্ঞাস্যং বক্তুমিষ্টমিতি ময়া জ্ঞাতম্ ॥৬০॥

তত ইতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। অত্রায়মভিপ্রায়ঃ—বেদানাং শিরসি বেদান্তে উপনিষদীত্যর্থঃ মম পরব্রহ্মণো রূপং মণিরিব জ্যোতির্ম্ময়ং দৃষ্টমিতি ॥৬১॥

নিরিতি। নির্দ্বন্দ্বাঃ শীতোষ্ণাদিদ্বন্দ্বদুঃখরহিতাঃ। শুদ্ধলোচনাঃ কামাদিরাহিত্যেন নির্দ্দোষ-দর্শনাঃ ॥৬২॥

তাহার পর সর্ব্বভূতের অধীশ্বর ও মহাসৌন্দর্য্যশালী ভগবান্ নারায়ণ মেঘ-ধ্বনির ন্যায় গম্ভীর বাক্যে ভূতলপতিত নারদকে বলিলেন—॥৫৭॥

'ঋষি ! তোমার মঙ্গল হউক, ব্রতনিষ্ঠ ! তুমি বর গ্রহণ কর, তোমার মনে যে সুস্পষ্ট অভিলাষ আছে ; আমি তোমাকে তাহাই দান করিব' ॥৫৮॥

তখন আকুলচিত্ত নারদ জয়শব্দসহকারে শঙ্খচক্রগদাধারী নারায়ণকে বলিলেন—'আপনি প্রসন্ন হউন' এবং মনের অভিলাষও তাঁহার নিকট নারদ প্রকাশ করিলেন ॥৫৯॥

জগন্নাথ ! অচ্যুত ! আপনি যাহা বলিতে ইচ্ছা করিয়াছেন, তাহা আমি বুঝিয়াছি। অতএব হৃষীকেশ ! আপনি প্রসন্ন হউন, হরি ! আমি তাহা শুনিতে ইচ্ছা করি' ॥৬০॥

তদনন্তর মহাবিষ্ণু ঈষৎ হাস্য করিয়া নারদকে বলিলেন—'নারদ ! তুমি বেদের মস্তকে যাহা দেখিয়াছ, তাহা আমারই রূপ ॥৬১॥

যে যোগিনো মহাপ্রাজ্ঞা মদংশা যে ব্যবস্থিতাঃ।
তেষাং প্রসাদং দেবর্ষে! মৎপ্রসাদমবেহি তৎ ॥৬৩॥

ভীষ্ম উবাচ।

ইত্যুক্ত্বা স জগন্নাথো ভগবান্ ভূতভাবনঃ।
তস্মাদ্‌ব্রজ হৃষীকেশং কৃষ্ণং দেবকিনন্দনম্ ॥৬৪॥
এতমারাধ্য গোবিন্দং গতা মুক্তিং মহর্ষয়ঃ।
এষ কর্ত্তা বিকর্ত্তা চ সর্ব্বকারণকারণম্ ॥৬৫॥
ময়াপ্যেতচ্ছ্রুতং রাজন্! নারদাত্তু নিবোধ তৎ।
স্বয়মেব সমাচষ্ট নারদো ভগবান্ মুনিঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

অথ কে ত ইত্যাহ য ইতি। অবেহি জানীহি, তত্তান্ পৃচ্ছ ইত্যাশয়ঃ ॥৬৩॥
ইতীতি। ভূতভাবনো জগৎস্রষ্টা। ব্রজ শরণমিতি শেষঃ ॥৬৪॥
এতমিতি। কর্ত্তা জগতঃ স্রষ্টা, বিকর্ত্তা সংহর্ত্তা ॥৬৫॥
ময়েতি। নিবোধ জানীহি। অতএবাত্র মিথ্যাত্বসন্দেহো ন কার্য্য ইতি ভাবঃ ॥৬৬॥

যাঁহারা দ্বন্দ্বদুঃখশূন্য, অহঙ্কারবিহীন, পবিত্র চিত্ত ও নির্দ্দোষ দৃষ্টি, তাঁহারা সর্ব্বদাই আমার সেইরূপ দেখিয়া থাকেন। অতএব তুমি এখন যাহা ইচ্ছা করিতেছ, তাহা যাইয়া তাঁহাদের নিকট জিজ্ঞাসা কর ॥৬২॥

দেবর্ষি! যাঁহারা যোগী ও মহাজ্ঞানী এবং যাঁহারা আমার অংশসম্ভূত, তাঁহাদের অনুগ্রহকেই আমার অনুগ্রহ বলিয়া জানিবে; অতএব তাঁহাদের নিকটে যাইয়া জিজ্ঞাসা কর' ॥৬৩॥

ভীষ্ম বলিলেন—'এই কথা বলিয়া জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ নারায়ণ সে স্থান হইতে চলিয়া গেলেন। অতএব যুধিষ্ঠির! তুমি সেই দেবকিনন্দন হৃষীকেশ কৃষ্ণের শরণাগত হও ॥৬৪॥

মহর্ষিরা এই কৃষ্ণের আরাধনা করিয়া মুক্তিলাভ করিয়াছেন। কারণ, ইনি জগতের সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা এবং সমস্ত কারণের কারণ ॥৬৫॥

রাজা! তুমি ইহা অবগত হও যে, আমিও এই বৃত্তান্ত নারদের মুখ হইতে শুনিয়াছিলাম; ভগবান্ নারদ মুনি নিজেই আমার নিকট এই বৃত্তান্ত বলিয়াছিলেন ॥৬৬॥

সমস্তসংসারবিঘাতকারণং ভজন্তি যে বিষ্ণুমনন্যমানসাঃ।
তে যান্তি সাযুজ্যমতীবদুর্ল্ভমিতীষ নিত্যং হৃদি বর্ণয়ন্তি ॥ ৬৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে মনুবৃহস্পতিসংবাদে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
পিতামহ! মহাপ্রাজ্ঞ! পুণ্ডরীকাক্ষমচ্যুতম্।
কর্ত্তারমকৃতং বিষ্ণুং ভূতানাং প্রভবাপ্যয়ম্ ॥১॥
নারায়ণং হৃষীকেশং গোবিন্দমপরাজিতম্।
তত্ত্বেন ভরতশ্রেষ্ঠ! শ্রোতুমিচ্ছামি কেশবম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমস্তেতি। সাযুজ্যং বিষ্ণুশরীর এব লয়ম্। ইতি নিত্যং মম হৃদি বর্ত্ততে, ঋষয়শ্চ বর্ণয়ন্তী-ত্যর্থঃ ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে দ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

পূর্ব্বাধ্যায়ে বিষ্ণুসংবাদাৎ তৎস্বরূপমেব পৃচ্ছতি পিতামহেতি। কর্ত্তারং জগতাং স্রষ্টারম্, অকৃতং কেনাপ্যনুৎপাদিতম্, বিষ্ণুং ব্যাপকম্, ভূতানাং গগনাদীনাম্, প্রভবত্যস্মাদিতি প্রভবশ্চাসৌ অপ্যেতি লীয়তে অস্মিন্নিতি অপ্যয়শ্চেতি তম্। নারায়ণং জলশায়িনম্, হৃষীকা মায়া তস্যা ঈশং নিয়ন্তারম্, গোকুলে গাং বিন্দতীতি গোবিন্দম্, সর্ব্বত্রৈবাপরাজিতম্। তত্ত্বেন যাথার্থ্যেন ॥১—২॥

যাঁহারা একাগ্রচিত্ত হইয়া সমস্ত সংসারনিবৃত্তির কারণ বিষ্ণুর আরাধনা করেন, তাঁহারা অত্যন্ত দুর্ল্ভ সাযুজ্য মুক্তি লাভ করিয়া থাকেন; ইহা সর্ব্বদাই আমার মনে আছে এবং ঋষিরাও বর্ণনা করেন' ॥৬৭॥

* '...সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

ভীষ্ম উবাচ।

শ্রুতোঽয়মর্থো রামস্য জামদগ্ন্যস্য জল্পতঃ।
নারদস্য চ দেবর্ষেঃ কৃষ্ণদ্বৈপায়নস্য চ ॥৩॥

ভারতকৌমুদী

শ্রুত ইতি। অর্থো বিষয়ঃ। জল্পতো ব্রুবতঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বাধ্যায়ান্তে নিচায্য তৎপরমমৃতত্বমশ্নুতে ইতি ব্রহ্মসাক্ষাৎকারস্য মোক্ষহেতুত্বমুক্তম্, তত্র নির্গুণদর্শনং সগুণজ্ঞানপূর্ব্বকমিতি মত্বা সন্নিহিতং শ্রীকৃষ্ণং প্রাগেব মহর্ষীণাং মুখাৎ পরমাত্মানমিতি জানন্ রাজা মতিসংবাদায় কৃষ্ণতত্ত্বং পৃচ্ছতি—পিতামহেত্যাদিনা। নম্বিহ পুণ্ডরীকাক্ষপদেন বিগ্রহমুপলক্ষ্য তত্রাচ্যুতত্বাদিবিশেষণমসঙ্গতম্? নহি, কৃষ্ণশরীরং পরাদৃষ্টৈরেবোৎপন্নমিতি পক্ষেঽপি পরাদৃষ্টানাং জন্মবিনাশবত্ত্বাত্তৎকৃতবিগ্রহস্যাপি তদ্বত্ত্বং প্রত্যাখ্যাতুং শক্যম্, বিগ্রহাবিবক্ষায়াং ত্বস্মাকমপ্যচ্যুতত্বাদিকং সমানমিতি কিং পুণ্ডরীকাক্ষেতি বিশেষণেনেতি চেৎ, অত্র ব্রুমঃ—ভূবীজাঙ্কুরতরুফলোপমানি পঞ্চ পরমেশ্বররূপাণি শুদ্ধশবলসূত্রবিরাড়্ বিষ্ণুসংজ্ঞানি "যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তী"তি শ্রৌতদৃষ্টান্তানুগুণ্যেন ভূতুল্যায়াং চিতি তদনতিরিক্তবীজাদিতুল্যা মায়াশবলাদয়ঃ সন্তি; তত্র বৃক্ষারূঢমপি ফলমনেকবীজগর্ভত্বাদ্বীজাঙ্কুরতরুভ্যো মহত্তরম্, এবং বিশ্বাখ্যবিগ্রহবদ্ব্রহ্মাপ্যনেকশবলাদিগর্ভত্বাদীশসূত্রবিরাড়্ভ্যো মহত্তরম্; অতএব ছান্দোগ্যে—"আদিত্যরূপং পুরুষং হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ" ইতি বিগ্রহধর্ম্মৈর্বিশেষয়িত্বা "তস্যর্ক্চ সাম চ গেষ্ণা"বিতি তদঙ্গুলিপর্ব্বত্বেন ঋক্সামশব্দাভিহিতঃ কৃৎস্নঃ প্রপঞ্চো নিরূপিতঃ। ন চ তস্যামূর্ত্তেরনিত্যত্বং শঙ্ক্যং "দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমাবির্ভবতি সা যদা। উৎপন্নেতি তদা লোকে সা নিত্যাপ্যভিধীয়তে॥" ইতি জীবাদৃষ্টানুরোধেন নিত্যায়া অপি তস্যা আবির্ভাবতিরোভাবাবেবোৎপত্তিলয়শব্দেন ব্যবহ্রিয়েতে ইত্যেতস্যার্থস্য প্রতিপাদকেনাগমেন বিরোধাৎ। অত্র যদ্বক্তব্যং তৎ প্রাগেবোক্তম্। তস্মাৎ পুণ্ডরীকাক্ষেঽপ্যচ্যুতত্বাদিকং বিশেষণং যুজ্যত এব। তত্রাচ্যুতং ক্ষয়হীনম্, কর্ত্তারমর্থাৎ কার্য্যমাত্রস্য, অকৃতমুৎপত্তিহীনম্, বিষ্ণুং ব্যাপকম্, বীজফলন্যায়েন কারণস্যাপি কারণত্বাৎ। অতএব ভূতানাং বিয়দাদীনাং প্রভবাপ্যয়ং যোনিম্ ॥১॥ অপরাজিতং দেহাদিধর্ম্মৈর্জরাদিভিরিতি শেষঃ

যুধিষ্ঠির বলিলেন—'ভরতশ্রেষ্ঠ মহাপ্রাজ্ঞ পিতামহ! পুণ্ডরীকাক্ষ, অচ্যুত, জগতের সৃষ্টিকর্ত্তা, সনাতন, বিষ্ণু, সমস্ত ভূতের উৎপত্তি ও লয়ের স্থান, নারায়ণ, হৃষীকেশ, গোবিন্দ ও অপরাজিত কৃষ্ণের তত্ত্ব আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি' ॥১—২॥

ভীষ্ম বলিলেন—'জমদগ্নিনন্দন পরশুরাম, দেবর্ষি নারদ ও বেদব্যাস ইহা বলিয়াছিলেন; আমি তাঁহাদের নিকট এই বিষয় শুনিয়াছি ॥৩॥

অসিতো দেবলস্তাত ! বাল্মীকিশ্চ মহাতপাঃ ।
মার্কণ্ডেয়শ্চ গোবিন্দে কথয়ত্যদ্ভুতং মহৎ ॥৪॥
কেশবো ভরতশ্রেষ্ঠ ! ভগবানীশ্বরঃ প্রভুঃ ।
পুরুষঃ সর্ব্বমিত্যেব শ্রূয়তে বহুধা বিভুঃ ॥৫॥
কিন্তু যানি বিদুর্লোকে ব্রাহ্মণাঃ শার্ঙ্গধন্বনি ।
মহাত্মনি মহাবাহো ! শৃণু তানি যুধিষ্ঠির ! ॥৬॥
যানি চাহুর্মনুষ্যেন্দ্র ! যে পুরাণবিদো জনাঃ ।
কর্ম্মাণি ত্বিহ গোবিন্দে কীর্ত্তয়িষ্যামি তান্যহম্ ॥৭॥
মহাভূতানি ভূতাত্মা মহাত্মা পুরুষোত্তমঃ ।
বায়ুর্জ্যোতিস্তথা চাপঃ খঞ্চ গাঞ্চাম্বকল্পয়ন্ ॥৮॥

ভারতকৌমুদী

অসিত ইতি। মহদদ্ভুতং স্বরূপমিতি শেষঃ ॥৪॥

কেশব ইতি। ভগবান্ মাহাত্ম্যবান্, ঈশ্বরঃ সর্ব্বনিয়ন্তা, প্রভুঃ সর্ব্বাধিকতেজাঃ, পুরুষশ্চিন্মাত্রঃ, সর্ব্বং সর্ব্বব্যাপকঃ, বিভুঃ স্বনিষ্ঠঃ ॥৫॥

কিন্ত্বিতি। যানি রূপাণি, ব্রাহ্মণা ব্রহ্মজ্ঞাঃ ॥৬॥

যানীতি। পুরাণবিদঃ প্রাচীনবৃত্তান্তজ্ঞাঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

॥২॥ জল্পতঃ জল্পাদ্বচনাৎ ॥৩॥ মহৎ মাহাত্ম্যম্ ॥৪॥ ভগবান্ "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য জ্ঞানস্য যশসঃ শ্রিয়ঃ। বৈরাগ্যস্য চ ধর্ম্মস্য ষণ্ণাং ভগ ইতীঙ্গনা ॥" ইত্যুক্তরূপষড়্গুণবান্। ঈশ্বরোঽন্তর্যামী। প্রভুঃ রাজবদ্বহিঃ স্থিত্বা নিয়ন্তা। বিভুর্ব্যাপকঃ ॥৫॥ কিন্ত্বিতি। যানি কর্ম্মাণীত্যুত্তরেণ সম্বন্ধঃ।

বৎস ! অসিতদেবল, মহাতপা বাল্মীকি ও মহর্ষি মার্কণ্ডেয় কৃষ্ণসম্বন্ধে অত্যন্ত অদ্ভুত কথা বলিয়াছেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ ! কৃষ্ণসম্বন্ধে বহুবিধ বিষয় শুনা যায়; তিনি ভগবান্, ঈশ্বর, প্রভু, পুরুষ, সর্ব্বব্যাপক এবং আত্মনিষ্ঠ ॥৫॥

মহাবাহু যুধিষ্ঠির ! ব্রাহ্মণগণ মহাত্মা কৃষ্ণের যে সকল রূপ জানেন, তাহা তুমি শ্রবণ কর ॥৬॥

মনুষ্যশ্রেষ্ঠ ! যাঁহারা প্রাচীন বৃত্তান্ত জানেন, তাঁহারা কৃষ্ণের যে সকল কর্ম্মের কথা বলেন, তাহা আমি বলিতেছি ॥৭॥

(৪) ···কথয়ন্ত্যদ্ভুতং মহৎ—বঙ্গ।

(৮) ···খঞ্চ গাঞ্চাম্বকল্পয়ন্—বর্দ্ধ।

স সৃষ্ট্বা পৃথিবীঞ্চৈব সর্বভূতেশ্বরঃ প্রভুঃ।
অপ্স্বেব শয়নঞ্চক্রে মহাত্মা পুরুষোত্তমঃ ॥৯॥
সর্বতেজোময়স্তস্মিন্ শয়ানঃ পুরুষোত্তমঃ।
সোঽগ্রজং সর্বভূতানাং সঙ্কর্ষণমকল্পয়ৎ ॥১০॥
আশ্রয়ং সর্বভূতানাং মনসেতীহ শুশ্রুম।
স ধারয়তি ভূতানি উভে ভূতভবিষ্যতী ॥১১॥

ভারতকৌমুদী

মহেতি। মহাভূতানি অন্বকল্পয়দিতি সম্বন্ধঃ। ভূতাত্মা প্রাণিনাং জীবঃ। অপো জলম্, খমাকাশম্, গাং পৃথিবীম্, অন্বকল্পয়ৎ অসৃজৎ ॥৮॥

স ইতি। অপ্স্বেব অপামাত্মরূপত্বাৎ "আপো নারায়ণঃ স্বয়ম্" ইতি স্মৃতেঃ ॥৯॥

সর্ব্বেতি। সঙ্কর্ষণমহঙ্কারম্, অকল্পয়ৎ আত্মন্যসৃজৎ ॥১০॥

আশ্রয়মিতি। তঞ্চ সঙ্কর্ষণং মনসা সহ সর্ব্বভূতানামাশ্রয়ং অন্বকল্পয়দিত্যনুবৃত্তিঃ; অহঙ্কার-রূপস্য তস্য মনসশ্চাভাবে তেষাং স্থিত্যসম্ভবাদিতি ভাবঃ। স মনসা সহিতোঽহঙ্কারঃ ভূতানি উভে ভূতভবিষ্যতী চ সন্দংশপাতন্যায়াৎ বর্ত্তমানঞ্চ, ধারয়তি দধাতি সম্পাদয়তি চ ॥১১॥

ভারতভাবদীপঃ

অনন্তমপি হরের্মাহাত্ম্যং লেশতো বক্ষ্যে ইতি ভাবঃ ॥৬—৭॥ ভূতাত্মেত্যাদিনা ক্রমেণ পদত্রয়োক্তানাং জীবেশশুদ্ধানাং বায়্বাদিমহাভূতকল্পকত্বং সামানাধিকরণ্যাদভেদশ্চোক্তঃ ॥৮॥ তত্র "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশ"দিতি শ্রুতামীক্ষণাদিপ্রবেশান্তামৈশীং সৃষ্টিমাহ—স ইতি। চাৎ খাদীন্ অপ্সু "আপঃ পুরুষবচস" ইতি শ্রুতেরব্বহুলেষু দেহেষু ॥৯॥ জাগ্রদাদিবিমোক্ষান্তাং জৈবীং সৃষ্টিমাহ—সর্ব্বেত্যাদিনা। তেজোময়ঃ বাসনাময়ঃ; জাগ্রদ্বাসনাময়ে স্বপ্নদ্রষ্টরি তৈজসপদ-প্রয়োগাৎ। তস্মিন্নম্ময়ে দেহে, সঙ্কর্ষণমহঙ্কারম্ ॥১০॥ মনসা সহাকল্পয়দিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। স সমনস্কোঽহঙ্কারঃ। "সোঽহমিত্যগ্রে ব্যাহরত্ততোঽহংনামাভব"দিত্যহঙ্কারসৃষ্টিমুক্ত্বা "সো বিভেৎ স নারমতে"তি তদনুবাদেন ভয়ারত্যাদের্মনোধর্ম্মস্য শ্রবণাত্তৎসৃষ্টেস্তত্র বিবক্ষণাৎ; "সৈষা ব্রহ্মণোঽতিসৃষ্টির্যন্মর্ত্ত্যাঃ সন্নমৃতানসৃজতে"তি শ্রুতিসাম্যাদপি জীবসৃষ্টিপ্রকরণমিদমিত্যবসীয়তে

ভূতাত্মা ও মহাত্মা নারায়ণ প্রথমে পঞ্চমহাভূত সৃষ্টি করেন অর্থাৎ আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথিবী সৃষ্টি করিয়াছিলেন ॥৮॥

সর্ব্বভূতের অধীশ্বর, প্রভাবশালী ও মহাত্মা নারায়ণ পৃথিবী সৃষ্টি করিয়াও জলেই শয়ন করিয়াছিলেন ॥৯॥

সর্ব্বতেজোময় নারায়ণ সেই জলে শয়িত থাকিয়া সর্ব্বভূতের প্রথমে নিজদেহে অহঙ্কারকে সৃষ্টি করিয়াছিলেন ॥১০॥

(৯) ···অপ্স্বেব ভবনং চক্রে···বঙ্গ।

ততস্তস্মিন্মহাবাহো ! প্রাদুর্ভূতে মহাত্মনি ।
ভাস্করপ্রতিমং দিব্যং নাভ্যাং পদ্মমজায়ত ॥১২॥
স তত্র ভগবান্ দেবঃ পুষ্করে ভ্রাজয়ন্ দিশঃ ।
ব্রহ্মা সমভবত্তাত ! সর্ব্বভূতপিতামহঃ ॥১৩॥
তস্মিন্নপি মহাবাহো ! প্রাদুর্ভূতে মহাত্মনি ।
তমসা পূর্বজো জজ্ঞে মধুর্নাম মহাসুরঃ ॥১৪॥
তমুগ্রমুগ্রকর্ম্মাণমুগ্রং কর্ম্ম সমাস্থিতম্ ।
ব্রহ্মণোঽপচিতিং কুর্বন্ জঘান পুরুষোত্তমঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্মিন্ সঙ্কর্ষণে। নাভ্যাং জলশায়িনো নারায়ণস্য ॥১২॥

স ইতি। পুষ্করে পদ্মে। সর্ব্বভূতপিতামহঃ, পিতুরপি জনকত্বাৎ ॥১৩॥

তস্মিন্নিতি। তস্মিন্ ব্রহ্মণি। তমসা তমোগুণেন ॥১৪॥

তমিতি। সমাস্থিতম্ আশ্রিতম্। অপচিতিং নিষ্কৃতিম্, "ভবেদপচিতিঃ পূজা-ব্যয়-নিষ্কৃতি-হানিষু" ইতি মেদিনী ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥১১॥ নাভ্যাং পদ্মমিতি স্বপ্নবদ্বহিরিব ভাসমানমপ্যন্তরেব ব্রহ্মাণ্ডমস্তি মানসত্বাত্তস্যেতি দর্শিতম্। "নাভ্যামুপরি তিষ্ঠতি বিশ্বস্যায়তনং মহ"দিতি শ্রুতেঃ ॥১২॥ পুষ্করে নাভিকমলে। "অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরপুণ্ডরীকেবেশ্মে"ত্যাদি শ্রুতেরান্তরমেব পুষ্করমিহ প্রতিপত্তব্যম্, ন বাহ্যম্। ব্রহ্মপুরে ব্রহ্মোপলব্ধিস্থানে শরীরে, দহরম্ সূক্ষ্মম্, স সমনস্কোঽহঙ্কারঃ পুষ্করে স্থিত্বা ব্রহ্মা সর্ব্বভূতস্রষ্টা সমভবদিতি সম্বন্ধঃ। হৃদয়পুণ্ডরীকাদৌ মন এব সর্ব্বেশ্বর ইত্যসকৃদাবেদিতম্ ॥১৩॥ তস্মিন্নিতি। এবং হৃৎপুণ্ডরীকে ব্রহ্মণ আবির্ভাবে সতি তমোগুণকার্য্যভূতো মধুর্নাম লয়াপরনামা যোগবিঘ্নদৈনন্দিনলয়াভ্যাসাৎ পূর্ব্বজোঽনাদির্ব্রহ্মগ্রাসায় আবির্ভবতি ১৪॥ তমিতি। অপচিতিমুন্নতিম্।

আমরা শুনিয়াছি যে, তিনি মনের সহিত সেই অহঙ্কারকে সর্ব্বভূতের আশ্রয় করিয়াছিলেন; সুতরাং মনের সহিত সেই অহঙ্কার সমস্ত ভূতকে ধারণ করিতেছে এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানকে সম্পাদন করিতেছে ॥১১॥

মহাবাহু ও মহাত্মা সেই অহঙ্কার প্রাদুর্ভূত হইলে, তাহার পর নারায়ণের নাভিদেশে সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও অলৌকিক একটী পদ্ম উৎপন্ন হইল ॥১২॥

বৎস ! মাহাত্ম্যশালী ও সর্ব্বভূতের পিতামহ প্রসিদ্ধ ব্রহ্মা সকল দিক্ আলোকময় করিয়া সেই পদ্মে জন্মগ্রহণ করিলেন ॥১৩॥

মহাবাহু ও মহাত্মা সেই ব্রহ্মাও প্রাদুর্ভূত হইলে, তমোগুণের প্রভাবে মধুনামে একটা মহাসুর সকলের অগ্রে উৎপন্ন হইল ॥১৪॥

তস্য তাত! বধাৎ সর্বে দেবদানবমানবাঃ।
মধুসূদনমিত্যাহুর্ঋষভং সর্ব্বসাত্বতাম্ ॥১৬॥
ব্রহ্মানুসসৃজে পুত্রান্ মানসান্ দক্ষসপ্তমান্।
মরীচিমত্র্যঙ্গিরসং পুলস্ত্যং পুলহং ক্রতুম্ ॥১৭॥
মরীচিঃ কশ্যপং তাত! পুত্রমগ্রজমগ্রজঃ।
মানসং জনয়ামাস তৈজসং ব্রহ্মবিত্তমম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। সর্ব্বসাত্বতাং তদ্বংশীয়ানাম্, ঋষভং শ্রেষ্ঠম্, এনং কৃষ্ণমেব মধুসূদনমাহুঃ স্ম ॥১৬॥

ব্রহ্মেতি। মানসান্ সঙ্কল্পমাত্রেণাবির্ভূতান্, দক্ষঃ সপ্তমো যেষাং তান্। দক্ষভিন্নানাং ষণ্ণাং নামান্যাহ মরীচিমিতি ॥১৭॥

মরীচিরিতি। মানসং সঙ্কল্পমাত্রেণাবির্ভূতম্, তৈজসং তপস্তেজঃসম্পন্নম্, ব্রহ্মবিত্তমং বেদজ্ঞশ্রেষ্ঠম্, পরমাত্মজ্ঞশ্রেষ্ঠং বা ॥১৮॥

ভারতভাবদীপঃ

পুরুষোত্তমশ্চিদাত্মা যোগে উপস্থিতং লয়ং বোধেনৈব শময়েদিত্যর্থঃ। এতচ্চ বিক্ষেপাদেরপ্যুপলক্ষণম্; যদাহুঃ সম্প্রদায়বিদঃ—"লয়ে সম্বোধয়েচ্চিত্তং বিক্ষিপ্তং শময়েৎ পুন"রিত্যাদি ॥১৫॥ তস্যেত্যাদিনা আন্তরসৃষ্টিপ্রপঞ্চো যাবদধ্যায়সমাপ্তি। সাং পরমাত্মা তদ্বতাং সাত্বতাং যোগিনামিত্যর্থঃ ॥১৬॥ ব্রহ্মেতি। মানসত্বং যোগিসৃষ্টের্মূঢ়সৃষ্টেশ্চ যদ্যপি তুল্যং তথাপি যোগিনাং জিতমনস্কত্বাৎ সৃষ্টির্ন দুঃখদা মূঢ়ানামতথাত্বাদ্দুঃখদা; জ্ঞানাজ্ঞানকৃতাবেব হি মোক্ষবন্ধাবিতি প্রসিদ্ধম্। অত্র "দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চাসুরাশ্চ তত্র কানীয়সা এব দেবা জ্যায়সা অসুরাস্ত এষু লোকেষ্বস্পর্দ্ধন্তে"তি শ্রুত্যনুসারেণ শমাদয়ো দেবাঃ শাস্ত্রবলেন নিষ্পাদ্যতয়া যত্নসাধ্যত্বাৎ কনিষ্ঠাঃ। কামাদয়োঽসুরাঃ স্বাভাবিকত্বাজ্জ্যেষ্ঠাঃ। তেষামাত্মানং মোচয়িতুং মোহপাশৈর্ব্বদ্ধং মিথঃ স্পর্দ্ধমানানাং যদা

সেই মধুনামক মহাসুরের মূর্ত্তি উগ্র এবং কার্য্যও উগ্র ছিল; আর সে ব্রহ্মাকে বধ করিতে উদ্যত হইয়াছিল। তখন নারায়ণ ব্রহ্মার নিষ্কৃতি করিবার জন্য সেই মধুকে বধ করিয়াছিলেন ॥১৫॥

বৎস! মধুনামক সেই অসুরকে বধ করায় দেবগণ, দানবগণ ও মানবগণ সাত্বতবংশশ্রেষ্ঠ এই কৃষ্ণকেই 'মধুসূদন' বলিয়া আসিতেছেন ॥১৬॥

ওদিকে ব্রহ্মা কেবল সঙ্কল্পদ্বারা প্রথমে ছয়টী পুত্র উৎপাদন করেন। তাঁহাদের নাম—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ ও ক্রতু; আর দক্ষ ছিলেন ইঁহাদের সপ্তম ॥১৭॥

তাহার পর ব্রহ্মার জ্যেষ্ঠপুত্র মরীচি সঙ্কল্পদ্বারা তেজস্বী ও বেদজ্ঞশ্রেষ্ঠ কশ্যপনামক জ্যেষ্ঠপুত্র উৎপাদন করিয়াছিলেন ॥১৮॥

অঙ্গুষ্ঠাৎ সসৃজে ব্রহ্মা মরীচেরপি পূর্ব্বজম্ ।
সোঽভবদ্ভরতশ্রেষ্ঠ ! দক্ষো নাম প্রজাপতিঃ ॥১৯॥
তস্য পূর্বমজায়ন্ত দশতিস্রশ্চ ভারত ! ।
প্রজাপতেদুর্হিতরস্তাসাং জ্যেষ্ঠাভবদ্দিতিঃ ॥২০॥
সর্বধর্ম্মবিশেষজ্ঞঃ পুণ্যকীর্ত্তির্মহাযশাঃ ।
মারীচঃ কশ্যপস্তাত ! সর্বাসামভবৎ পতিঃ ॥২১॥
উৎপাদ্য তু মহাভাগস্তাসামবরজা দশ ।
দদৌ ধর্ম্মায় ধর্ম্মজ্ঞো দক্ষ এব প্রজাপতিঃ ॥২২॥
ধর্ম্মস্য বসবঃ পুত্রা রুদ্রাশ্চামিততেজসঃ ।
বিশ্বেদেবাশ্চ সাধ্যাশ্চ মরুত্বন্তশ্চ ভারত ! ॥২৩॥
অপরাশ্চ যবীয়স্যস্তাভ্যোঽন্যাঃ সপ্তবিংশতিঃ ।
সোমস্তাসাং মহাভাগঃ সর্বাসামভবৎ পতিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অঙ্গুষ্ঠাদিতি। সসৃজে সঙ্কল্পেনৈব জনয়ামাস ॥১৯॥
তস্যেতি। তস্য প্রজাপতের্দক্ষস্য, দুহিতরস্তনয়াঃ ॥২০॥
সর্ব্বেতি। মরীচেরপত্যমিতি মারীচঃ, সর্ব্বাসাং ত্রয়োদশানামেব দক্ষকন্যানাম্ ॥২১॥
উৎপাদ্যেতি। অবরজাঃ পশ্চাজ্জাতাঃ, দশকন্যাঃ ॥২২॥
ধর্ম্মস্যেতি। বসুপ্রভৃতয়ঃ সর্ব্ব এব দেবাঃ ॥২৩॥
অপরা ইতি। তাভ্যো দশভ্যঃ কন্যাভ্যঃ, যবীয়স্যঃ কনিষ্ঠাঃ, অন্যাঃ কন্যাঃ ॥২৪॥

ব্রহ্মা সঙ্কল্পমাত্রে নিজের অঙ্গুষ্ঠ হইতে মরীচিরও জ্যেষ্ঠ একটী পুত্র উৎপাদন করেন। ভরতশ্রেষ্ঠ! সেই পুত্রের নাম হইয়াছিল—'দক্ষপ্রজাপতি' ॥১৯॥

ভরতনন্দন! প্রথমে সেই দক্ষপ্রজাপতির তেরটী কন্যা জন্মিয়াছিল; তাঁহাদের মধ্যে জ্যেষ্ঠা ছিলেন দিতি ॥২০॥

বৎস! সর্ব্বধর্ম্মবিশেষজ্ঞ, পবিত্রকীর্ত্তি ও মহাযশা মরীচিনন্দন কশ্যপ সেই সকল দক্ষকন্যার পতি হইয়াছিলেন ॥২১॥

ক্রমে ধর্ম্মজ্ঞ মহাভাগ দক্ষপ্রজাপতি পূর্ব্বোক্ত কন্যাগণের কনিষ্ঠ আরও দশটী কন্যা উৎপাদন করিয়া তাঁহাদিগকে ধর্ম্মদেবকে দান করিয়াছিলেন ॥২২॥

ভরতনন্দন! বসুগণ, অমিততেজা রুদ্রগণ, বিশ্বেদেবগণ, সাধ্যগণ ও মরুদ্গণ, সেই ধর্ম্মদেবের পুত্র ॥২৩॥

ইতরাস্তু ব্যজায়ন্ত গন্ধর্ব্বাংস্তুরগান্ দ্বিজান্।
গাশ্চ কিম্পুরুষান্ মৎস্যানুদ্ভিজ্জাংশ্চ বনস্পতীন্ ॥২৫॥
আদিত্যানদিতির্জজ্ঞে দেবশ্রেষ্ঠান্মহাবলান্।
তেষাং বিষ্ণুর্ব্বামনোঽভূদ্‌গোবিন্দশ্চাভবৎ প্রভুঃ ॥২৬॥
তস্য বিক্রমণাচ্চাপি দেবানাং শ্রীর্ব্ব্যবর্দ্ধত।
দানবাশ্চ পরাভূতা দৈতেয়ী চাসুরী প্রজা ॥২৭॥
বিপ্রচিত্তিপ্রধানাংশ্চ দানবানসৃজদ্দনুঃ।
দিতিস্তু সর্ব্বানসুরান্মহাসত্ত্বানজীজনৎ ॥২৮॥
অহোরাত্রঞ্চ কালঞ্চ যথর্ত্তু মধুসূদনঃ।
পূর্ব্বাহ্লঞ্চাপরাহ্লঞ্চ সর্ব্বমেবান্বকল্পয়ৎ ॥২৯॥

ভারতকৌমুদী

ইতরা ইতি। ইতরা দিত্যাদিভিন্নাঃ কশ্যপভার্য্যাঃ, ব্যজায়ন্ত জনিতবত্যঃ। দ্বিজান্ পক্ষিণঃ ॥২৫॥

আদিত্যানিতি। জজ্ঞে জনয়ামাস। তেষাং মধ্যে বিষ্ণুরেবাদিত্যাং কশ্যপপুত্রো বামনোঽভূৎ; গোবিন্দশ্চ দেবকীরূপায়ামদিত্যাং বসুদেবরূপিণঃ কশ্যপস্য পুত্রোঽভবৎ ॥২৬॥

তস্যেতি। তস্য বামনস্য গোবিন্দস্য চ। দৈতেয়ী দিতিপুত্ররূপা, আসুরী অসুরমধ্যগণ্যা, প্রজা চ পরাভূতা ॥২৭॥

বিপ্রেতি। বিপ্রচিত্তিঃ প্রধানো যেষাং তান্। মহাসত্ত্বান্ মহাবলান্ ॥২৮॥

তদনন্তর সেই দশটী কন্যার পরে দক্ষপ্রজাপতির আরও সাতাইশটী কন্যা জন্মিয়াছিল। মহাত্মা চন্দ্র তাঁহাদের সকলেরই পতি হইয়াছিলেন ॥২৪॥

দিতি ও অদিতিপ্রভৃতি ভিন্ন অন্য প্রাগুক্ত দক্ষকন্যারা গন্ধর্ব্বগণ, অশ্বগণ, পক্ষিগণ, গোগণ, কিন্নরগণ, মৎস্যগণ ও বৃক্ষপ্রভৃতি উদ্ভিজ্জগণকে উৎপাদন করিয়াছিলেন ॥২৫॥

অদিতি কশ্যপের ঔরসে মহাবল ও দেবশ্রেষ্ঠ আদিত্যগণকে উৎপাদন করিয়াছিলেন; তাঁহাদের মধ্যে বিষ্ণুই বামন হইয়াছিলেন এবং সেই প্রভুই গোবিন্দও হইয়াছেন ॥২৬॥

সেই বামন ও কৃষ্ণের বিক্রমে দেবগণের সম্পদ্ বৃদ্ধি পাইয়াছিল এবং দানবগণও দেববিরোধী দৈত্যগণ পরাভূত হইয়াছিল ॥২৭॥

কশ্যপপত্নী দনু বিপ্রচিত্তিপ্রভৃতি দানবগণকে উৎপাদন করেন এবং দিতি মহাবল অসুর সকলকে উৎপাদন করিয়াছিলেন ॥২৮॥

(২৯) ···সর্ব্বমেবানুকল্পয়ৎ—বঙ্গ।

প্রধ্যায় সোঽসৃজন্মেঘাংস্তথা স্থাবরজঙ্গমান্।
পৃথিবীং সোঽসৃজদ্বিশ্বাং সহিতাং ভূরিতেজসা ॥৩০॥
ততঃ কৃষ্ণো মহাভাগঃ পুনরেব যুধিষ্ঠির!।
ব্রাহ্মণানাং শতং শ্রেষ্ঠং মুখাদেবাসৃজৎ প্রভুঃ ॥৩১॥
বাহুভ্যাং ক্ষত্রিয়শতং বৈশ্যানামূরুতঃ শতম্।
পদ্ভ্যাং শূদ্রশতঞ্চৈব কেশবো ভরতর্ষভ! ॥৩২॥
স এবং চতুরো বর্ণান্ সমুৎপাদ্য মহাতপাঃ।
অধ্যক্ষং সর্ব্বভূতানাং ধাতারমকরোৎ স্বয়ম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

অহোরাত্রমিতি। ঋতূননতিক্রম্যেতি যথর্ত্তু, ঋতূনপ্যম্বকল্পয়দিত্যর্থঃ ॥২৯॥

প্রেতি। প্রধ্যায় বিচিন্ত্য। ভূরিতেজসা অগ্ন্যাদিনা ॥৩০॥

তত ইতি। শ্রেষ্ঠং বর্ণান্তরেভ্যঃ, "ব্রাহ্মণোঽস্যমুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ যদস্য তদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত" ইতি শ্রুতেঃ ॥৩১॥

বাহুভ্যামিতি। এষু শতশব্দো বাহুল্যার্থে। কেশবঃ অসৃজদিত্যনুবৃত্তিঃ ॥৩২॥

স ইতি। অধ্যক্ষমধিপতিম্, ধাতারং ব্রহ্মাণম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

বিষ্ণ্বাখ্যং সত্ত্বং বর্দ্ধতে তদা দেবানাং জয়োঽসুরাণাং পরাজয়শ্চাস্যবিমোকহেতুর্ভবতীত্যাখ্যায়িকা-তাৎপর্য্যম্। পদার্থঃ স্পষ্টঃ ॥১৭॥—২৪॥ ইতরাঃ কশ্যপস্ত্রিয়ঃ, ব্যজায়ন্ত ব্যজনয়ন্ত ॥২৫—২৯॥ প্রধ্যায় আলোচ্য, স মধুসূদনঃ। পৃথিবীমিতি পৃথিবীস্থসর্ব্বভূতোপলক্ষণম্ ॥৩০॥ শতমনন্তম্

ক্রমে মধুসূদন কাল, ঋতু, অহোরাত্র, পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণপ্রভৃতি বিভাগ করিয়াছিলেন ॥২৯॥

আর তিনি বিশেষ আলোচনা করিয়া মেঘ, স্থাবর-জঙ্গম ও অগ্নিপ্রভৃতির সহিত সমগ্র পৃথিবী সৃষ্টি করিয়াছিলেন ॥৩০॥

যুধিষ্ঠির! তাহার পর মহাত্মা ও প্রভাবশালী নারায়ণ পুনরায় আপন মুখমণ্ডল হইতে বর্ণশ্রেষ্ঠ বহুতর ব্রাহ্মণ সৃষ্টি করিলেন ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে নারায়ণ আপন বাহুযুগল হইতে শত শত ক্ষত্রিয়, ঊরুযুগল হইতে বহুতর বৈশ্য এবং চরণযুগল হইতে বহুসংখ্যক শূদ্র সৃষ্টি করিলেন ॥৩২॥

মহাতপা নারায়ণ এইভাবে চারিটী বর্ণ সৃষ্টি করিয়া স্বয়ং ব্রহ্মাকে সর্ব্বভূতের অধীশ্বররূপে নির্ব্বাচন করিলেন ॥৩৩॥

বেদবিদ্যাবিধাতারং ব্রহ্মাণমমিতদ্যুতিম্।
ভূতমাতৃগণাধ্যক্ষং বিরূপাক্ষঞ্চ সোঽসৃজৎ ॥৩৪॥
শাসিতারঞ্চ পাপানাং পিতৃণাং সমবর্ত্তিনম্।
অসৃজৎ সর্ব্বভূতাত্মা নিধিপঞ্চ ধনেশ্বরম্ ॥৩৫॥
যাদসামসৃজন্নাথং বরুণঞ্চ জলেশ্বরম্।
বাসবং সর্ব্বদেবানামধ্যক্ষমকরোৎ প্রভুঃ ॥৩৬॥
যাবদ্যাবদভূচ্ছ্রদ্ধা দেহং ধারয়িতুং নৃণাম্।
তাবত্তাবদজীবংস্তে নাসীদ্যমকৃতং ভয়ম্ ॥৩৭॥
ন চৈষাং মৈথুনো ধর্ম্মো বভূব ভরতর্ষভ !।
সঙ্কল্পাদেব চৈতেষামপত্যমুপপদ্যতে ॥৩৮॥

ভারতকৌমুদী

বেদেতি। অমিতদ্যুতিং ব্রহ্মাণং বেদবিদ্যানাং বিধাতারং বিশেষেণ ধারয়িতাম্ অকরোদিত্যনুবৃত্তিঃ। ভূতানাং প্রমথাদীনাম্, মাতৃণাং গৌর্য্যাদীনাঞ্চ গণস্য অধ্যক্ষং স্বামিনম্, বিরূপাক্ষং শিবম্ ॥৩৪॥

শাসিতারমিতি। সমং সর্ব্বভূতেষু সমানমেব বর্ত্তত ইতি সমবর্ত্তী যমস্তম্ "সমবর্ত্তী পরেতরাট্" ইত্যমরঃ। ধনেশ্বরং কুবেরম্ ॥৩৫॥

যাদসামিতি। যাদসাং জলজন্তূনাম্, "যাদাংসি জলজন্তবঃ" ইত্যমরঃ। বাসবমিন্দ্রম্, অধ্যক্ষমধিপতিম্, প্রভুর্নারায়ণঃ ॥৩৬॥

যাবদিতি। যাবদ্যাবদকালম্, শ্রদ্ধা ইচ্ছা ॥৩৭॥

নেতি। এষাং সত্যযুগবর্ত্তিনাম্, মৈথুনঃ অপত্যোৎপাদনায় স্ত্রীপুরুষসংযোগরূপঃ। উপপদ্যতে জায়তে স্ম ॥৩৮॥

এবং তিনি অমিততেজা ব্রহ্মাকেই বেদবিদ্যার রক্ষক করিলেন, আর মহাদেবকে ভূতগণ ও মাতৃগণের অধিপতি করিয়া দিলেন ॥৩৪॥

আর সর্ব্বভূতাত্মা নারায়ণ যমকে পিতৃলোকের ও পাপের শাসনকর্ত্তা করিলেন এবং কুবেরকে নিধিপতি করিয়া দিলেন ॥৩৫॥

ক্রমে নারায়ণ বরুণকে জল ও জলজন্তুগণের অধিপতি করিলেন এবং ইন্দ্রকে সমস্ত দেবতার রাজা করিয়া দিলেন ॥৩৬॥

সত্যযুগে মনুষ্যগণের যতকাল দেহধারণ করিবার ইচ্ছা হইত, ততকালই তাহারা দেহধারণ করিয়া জীবিত থাকিতে পারিত; সুতরাং তৎকালে তাহাদের যমের ভয় ছিল না ॥৩৭॥

ততস্ত্রেতাযুগে কালে সংস্পর্শাজ্জায়তে প্রজা।
নহ্যভূন্মৈথুনো ধর্ম্মস্তেষামপি জনাধিপ! ॥৩৯॥
দ্বাপরে মৈথুনো ধর্ম্মঃ প্রজানামভবন্নৃপ!।
তথা কলিযুগে রাজন্! দ্বন্দ্বমাপেদিরে জনাঃ ॥৪০॥
এষ ভূতপতিস্তাত! স্বধ্যক্ষশ্চ তথোচ্যতে।
নিরপেক্ষাংশ্চ কৌন্তেয়! কীর্ত্তয়িষ্যামি তচ্ছৃণু ॥৪১॥
দক্ষিণাপথজন্মানঃ সর্বে নরবরান্ধ্রকাঃ।
গুহাঃ পুলিন্দাঃ শবরাশ্চুচুকা মদ্রকৈঃ সহ ॥৪২॥
উত্তরাপথজন্মানঃ কীর্ত্তয়িষ্যামি তানপি।
যৌনকাম্বোজগান্ধারাঃ কিরাতা বর্ব্বরৈঃ সহ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সংস্পর্শাৎ স্ত্রীপুংসয়োঃ পরস্পরহস্তপদাদিস্পর্শাদেব ॥৩৯॥

দ্বাপর ইতি। দ্বন্দ্বং স্ত্রীপুংসমিথুনম্, আপেদিরে সন্তানোৎপাদনায় প্রাপ্তাঃ ॥৪০॥

এষ ইতি। এষ নারায়ণঃ, ভূতপতিঃ পৃথিব্যাদিস্বামী, স্বধ্যক্ষঃ শ্রেষ্ঠো জগন্নিয়ন্তা। নিরপেক্ষান্ অস্মিন্নারায়ণে অপেক্ষাশূন্যান্ সর্ব্বধর্ম্মবর্জ্জিতানিত্যর্থঃ ॥৪১॥

দক্ষিণেতি। হে নরবরেতি সম্বোধনম্ ॥৪২॥

উত্তরেতি। উত্তরাপগজন্মানঃ কেচিৎ সন্তীত্যর্থঃ ॥৪৩॥

ভরতশ্রেষ্ঠ! সত্যকালে সন্তান উৎপাদন করিবার জন্য মনুষ্যগণের মৈথুনের ব্যবহার ছিল না; কিন্তু সঙ্কল্পমাত্রেই তাহাদের সন্তান উৎপন্ন হইত ॥৩৮॥

নরনাথ! তাহার পর ত্রেতাযুগ উপস্থিত হইলে, মানুষের মধ্যে স্ত্রী ও পুরুষের সংস্পর্শমাত্রেই সন্তান জন্মিত; কিন্তু তখনও তাহাদের মধ্যে মৈথুনের ব্যবহার ছিল না ॥৩৯॥

রাজা! দ্বাপরযুগে মানুষের মধ্যে মৈথুনধর্ম্মের আরম্ভ হইয়াছিল এবং রাজা! কলিযুগে মানুষেরা সন্তান উৎপাদনের জন্য মৈথুন ব্যবহার করিবে ॥৪০॥

বৎস! মুনিরা বলেন—এই নারায়ণ পৃথিবীপ্রভৃতির অধিপতি এবং জগতের শ্রেষ্ঠ নিয়ন্তা। কুন্তীনন্দন! যাহারা এই নারায়ণের কোন অপেক্ষা রাখে না তাহাদের কথা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৪১॥

নরশ্রেষ্ঠ! দাক্ষিণাত্যজাত সমস্ত লোক এবং অন্ধ্রক, গুহ, পুলিন্দ, শবর, চুচুক ও মদ্রকগণ নারায়ণের কোন অপেক্ষা রাখে না ॥৪২॥

(৪১) ···নিরয়েক্ষাংশ্চ কৌন্তেয়···বঙ্গ।

এতে পাপকৃতস্তাত ! চরন্তি পৃথিবীমিমাম্।
শ্বপাকবলগৃধ্রাণাং সধর্ম্মাণো নরাধিপ ! ॥৪৪॥
নৈতে কৃতযুগে তাত ! চরন্তি পৃথিবীমিমাম্।
ত্রেতাপ্রভৃতি বর্দ্ধন্তে তে জনা ভরতর্ষভ ! ॥৪৫॥
ততস্তস্মিন্ মহাঘোরে সন্ধ্যাকাল উপস্থিতে।
রাজানঃ সমসজ্জন্ত সমাসাদ্যেতরেতরম্ ॥৪৬॥
এবমেষ কুরুশ্রেষ্ঠ ! প্রাদুর্ভূতো মহাত্মবান্।
দেবং দেবর্ষিরাচষ্ট নারদঃ সর্ব্বলোকদৃক্ ॥৪৭॥

ভারতকৌমুদী

এত ইতি। শ্বপাকশ্চাণ্ডালঃ বলঃ কাকঃ গৃধ্রশ্চ পক্ষিবিশেষস্তেষাম্, সমানো ধর্ম্মঃ অভক্ষ্য-ভক্ষণাদির্যেষাং তে। অতএব পাপকৃত ইতি ভাবঃ ॥৪৪॥

নেতি। কৃতযুগে ধর্ম্মময়ে সত্যযুগে, এতে পাপকৃতঃ ॥৪৫॥

তত ইতি। সন্ধ্যাকালে ত্রেতাদ্বাপরয়োঃ সন্ধিসময়ে। সমসজ্জন্ত যুদ্ধে মিলিতা অভবন্ ॥৪৬॥

এবমিতি। দেবং নারায়ণম্। সর্ব্বলোকদৃক্ ধ্যানেন সমস্তজগদ্দর্শী ॥৪৭॥

ভারতভাবদীপঃ

॥৩১—৩২॥ ধাতারং সমষ্ট্যহঙ্কারম্ ॥৩৩॥ তত এব চতুর্মুখাদয়ো জাতা ইত্যাহ—বেদেত্যাদিনা ॥৩৪॥ সমবর্ত্তিনং যমম্। "সমবর্ত্তী পরেতরাড়ি"ত্যমরঃ ॥৩৫—৪০॥ নিরয়মেব ঈক্ষন্তে তান্ ॥৪১—৪৬॥ এবমিতি। প্রাদুর্ভূতো নিত্যসিদ্ধ এব সন্ ন ত্বভূত্বা ভূতঃ, অতএব ভূতোৎপত্তি-

যাহারা উত্তরপথে জন্মিয়াছে, তাহাদের কথাও বলিতেছি। যৌন, কাম্বোজ, গান্ধার, কিরাত এবং বর্ব্বরগণও নারায়ণনিরপেক্ষ ॥৪৩॥

বৎস নরনাথ! চাণ্ডাল, কাক ও গৃধ্রগণের ন্যায় ইহাদের ধর্ম্ম; সুতরাং ইহারা পাপাচরণ করিতে থাকিয়াই এই পৃথিবীতে বিচরণ করে ॥৪৪॥

বৎস ভরতশ্রেষ্ঠ! ইহারা সত্যযুগে এই পৃথিবীতে বিচরণ করিত না; কিন্তু ত্রেতাপ্রভৃতি যুগে উহারা বৃদ্ধি পাইয়া বিচরণ করিতেছে ॥৪৫॥

তাহার পর সেই অতিভীষণ ত্রেতা ও দ্বাপরযুগের সন্ধিকাল উপস্থিত হইলে, রাজারা যুদ্ধক্ষেত্রে যাইয়া পরস্পর মিলিত হইতে লাগিলেন ॥৪৬॥

(৪৬) ···সন্ধ্যাকালমুপস্থিতে···বর্দ্ধ, সন্ধ্যাকালে যুগান্তিকে···নি

(৪৭) ···প্রাদুর্ভূতো মহাত্মনা···বঙ্গ।

নারদোঽপ্যথ কৃষ্ণস্য পরং মেনে নরাধিপ ! ।
শাশ্বতত্বং মহাবাহো ! যথাবদ্ভরতর্ষভ ! ॥৪৮॥
এবমেষ মহাবাহুঃ কেশবঃ সত্যবিক্রমঃ ।
অচিন্ত্যঃ পুণ্ডরীকাক্ষো নৈষ কেবলমানুষঃ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে সর্ব্বভূতোৎপত্তিকথনে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ ।
কে পূর্ব্বমাসন্ পতয়ঃ প্রজানাং ভরতর্ষভ ! ।
কে চর্ষয়ো মহাভাগা দিক্ষু প্রত্যেকশঃ স্মৃতাঃ ॥১॥

ভারতকৌমুদী

নারদ ইতি। কৃষ্ণস্য অস্য বাসুদেবস্য, পরং শাশ্বতত্বং সনাতনত্বম্ ॥৪৮॥

এবমিতি। কেবলমানুষো ন, অপি তু মনুষ্যমূর্ত্তির্নারায়ণ এব ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

রিত্যধ্যায়নাম সঙ্গচ্ছতে। মহাত্মনা শ্রীকৃষ্ণেন হেতুনা ॥৪৭—৪৮। বিগ্রহবিশিষ্টস্য কৃষ্ণস্য প্রতিপাদিতং জগদ্ধেতুত্বমুপসংহরতি—এবমেষ ইতি। কেবলমানুষো ন অপি তু পরমাত্মৈব ; অতএব অচিন্ত্যঃ ॥৪৯॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২০১॥

কৌরবশ্রেষ্ঠ ! এইভাবে সেই মহাত্মা নারায়ণ এই কৃষ্ণরূপে আবির্ভূত হইয়াছেন ; সর্ব্বলোকদর্শী দেবর্ষি নারদ এইরূপ এই নারায়ণের কথা বলিয়াছেন ॥৪৭॥

মহাবাহু ভরতশ্রেষ্ঠ নরনাথ ! স্বয়ং দেবর্ষি নারদও যথাযথভাবে এই কৃষ্ণের পরব্রহ্মত্ব স্বীকার করিয়াছেন ॥৪৮॥

এইভাবে এই মহাবাহু, পুণ্ডরীকাক্ষ ও সত্যবিক্রম কৃষ্ণ কেবল মানুষ নহেন ; ইনি সেই অচিন্ত্যনীয় নারায়ণ' ॥৪৯॥

* '...সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

ভীষ্ম উবাচ।

শ্রূয়তাং ভরতশ্রেষ্ঠ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
প্রজানাং পতয়ো যেঽস্মিন্ দিক্ষু যে চর্ষয়ঃ স্মৃতাঃ ॥২॥
একঃ স্বয়ম্ভুর্ভগবানাদ্যো ব্রহ্মা সনাতনঃ।
ব্রহ্মণঃ সপ্ত বৈ পুত্রা মহাত্মানঃ স্বয়ম্ভুবঃ ॥৩॥
মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ।
বশিষ্ঠশ্চ মহাভাগঃ সদৃশো বৈ স্বয়ম্ভুবঃ ॥৪॥
সপ্ত ব্রহ্মাণ ইত্যেতে পুরাণে নিশ্চয়ং গতাঃ।
অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি সর্বানেব প্রজাপতীন্ ॥৫॥

ভারতকৌমুদী

ক ইতি। প্রত্যেকশো দিক্ষু একৈকস্যাং দিশি ॥১॥

শ্রূয়তামিতি। স্মৃতা অবস্থিতত্বেনেতি শেষঃ ॥২॥

এক ইতি। স্বয়মেব ভবতীতি স্বয়ম্ভুঃ। সনাতনঃ সর্ব্বদা স্থিতঃ ॥৩॥

মরীচিরিতি। স্বয়ম্ভুবঃ সদৃশঃ তপঃপ্রভাবে। অত্র পূর্ব্বাধ্যায়গতদক্ষসপ্তমষট্পুত্রবোধকবচনেন সহ বিরোধঃ কল্পভেদাঙ্গীকারাৎ পরিহার্য্যঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বং ধ্যানায় কৃষ্ণমাহাত্ম্যমুক্তম্, তত্র ধ্যানপ্রতিপক্ষাঃ কামাদয় আন্তরাঃ শত্রবঃ সন্তি তেষাং প্রশমায় পূর্ব্বেষাং গুরূণাং স্মরণং কর্ত্তব্যমিত্যেতদর্থোঽয়মধ্যায় আরভ্যতে। "অসতো মা সদ্গময় তমসো মা জ্যোতির্গময়ে"তি বেদে অভ্যারোহমন্ত্র ইবাত্র চাতুর্ব্বর্ণ্যসাধারণ্যেন যোগারোহায় জপ্তোঽয়ং সর্ব্বদিগ্গতান্ বিঘ্নান্ শময়তীতি দিশাস্বস্তিকমিত্যস্য নাম। কে পূর্ব্বমাসন্ পতয়

যুধিষ্ঠির বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! পূর্ব্বে কাঁহারা প্রজাপতি ছিলেন এবং কোন্ কোন্ মহাত্মা ঋষিই বা কোন্ কোন্ দিকে রহিয়াছিলেন' ? ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! এই পৃথিবীতে পূর্ব্বে যাঁহারা প্রজাপতি ছিলেন এবং যে সকল ঋষি বিভিন্ন দিকে ছিলেন, ইহা যে তুমি আমাকে জিজ্ঞাসা করিতেছ ; তাহা শ্রবণ কর ॥২॥

প্রথমে স্বয়ং উৎপন্ন মাহাত্ম্যশালী ও সনাতন একমাত্র ব্রহ্মাই ছিলেন ; সেই স্বয়ম্ভু ব্রহ্মার সাতটী পুত্র হইয়াছিল এবং তাঁহারা সকলেই মহাত্মা ছিলেন ॥৩॥

মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও মহাত্মা বশিষ্ঠ—ইঁহারা সকলেই ব্রহ্মার তুল্য ছিলেন ॥৪॥

(৪) …সদৃশো বৈ স্বয়ম্ভুবা—বঙ্গ।

অত্রিবংশে সমুৎপন্নো ব্রহ্মযোনিঃ সনাতনঃ।
প্রাচীনবর্হির্ভগবাংস্তস্মাৎ প্রচেতসো দশ ॥৬॥
দশানাং তনয়স্ত্বেকো দক্ষো নাম প্রজাপতিঃ।
তস্য দ্বে নামনী লোকে দক্ষঃ ক ইতি চোচ্যতে ॥৭॥
মরীচেঃ কশ্যপঃ পুত্রস্তস্য দ্বে নামনী স্মৃতে।
অরিষ্টনেমিরিত্যেকে কশ্যপেত্যপরে বিদুঃ ॥৮॥
অত্রেশ্চৈবৌরসঃ শ্রীমান্ রাজা সোমশ্চ বীর্য্যবান্।
সহস্রং যশ্চ দিব্যানাং যুগানাং পর্য্যুপাসিতা ॥৯॥
অর্য্যমা চৈব ভগবান্ যে চাস্য তনয়া বিভো!।
এতে প্রদেশাঃ কথিতা ভুবনানাং প্রভাবনাঃ ॥১০॥

ভারতকৌমুদী

সপ্তেতি। সপ্ত ব্রহ্মাণঃ তপসা তৎসাদৃশ্যাদেবেতি ভাবঃ ॥৫॥

অত্রীতি। ব্রহ্মযোনির্ব্বেদবাদকর্ত্তা। প্রচেতসো নাম ॥৬॥

দশানামিতি। দশানাং প্রচেতসাম্। অত্রাপি কল্পভেদাঙ্গীকারাদ্বিরোধঃ সমাধেয়ঃ ॥৭॥

মরীচেরিতি। অরিষ্টা নির্বিঘ্নাঃ নেমিশ্চক্রান্তং যস্য সঃ ॥৮॥

অত্রেরিতি। ঔরসঃ পুত্রঃ, শ্রীমান্ সুন্দরকান্তিঃ। পর্য্যুপাসিতা ঈশ্বরস্য ॥৯॥

অর্য্যমেতি। যে অপরে, অস্য কশ্যপস্য। প্রদিশন্তি সৎকর্ম্মাণি লোকানাজ্ঞাপয়ন্তীতি প্রদেশাঃ। প্রভাবনাঃ শুভকরাঃ ॥১০॥

ব্রহ্মার তুল্য ছিলেন বলিয়াই পুরাণশাস্ত্রে ইঁহারা সপ্ত ব্রহ্মা বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। ইহার পরে আমি সমস্ত প্রজাপতির কথা বলিব ॥৫॥

সনাতন, বেদবাদী ও মাহাত্ম্যশালী প্রাচীনবর্হি অত্রিবংশে উৎপন্ন হইয়াছিলেন; তাঁহা হইতে দশ জন প্রচেতা জন্মগ্রহণ করেন ॥৬॥

সেই দশ জনের একটীমাত্র পুত্র হইয়াছিল, তাঁহার নাম ছিল 'দক্ষপ্রজাপতি'; কিন্তু জগতে তাঁহার 'দক্ষ' ও 'ক' এই দুইটী নাম বলিয়া থাকে ॥৭॥

মরীচির পুত্র কশ্যপ, তাঁহারও দুইটী নাম—একশ্রেণীর লোক বলে—'অরিষ্ট-নেমি' এবং অপর শ্রেণীর লোক বলে—'কশ্যপ' ॥৮॥

যিনি দেবপরিমাণে সহস্র যুগ পর্য্যন্ত ঈশ্বরের উপাসনা করিয়াছিলেন; সেই সুন্দরকান্তি ও বলবান্ রাজা চন্দ্র অত্রির ঔরসপুত্র ছিলেন ॥৯॥

(৬) অত্রিবংশসমুৎপন্ন·· বঙ্গ।

শশবিন্দোশ্চ ভার্য্যাণাং সহস্রাণি দশাচ্যুত!।
একৈকস্যাং সহস্রন্তু তনয়ানামভূত্তদা ॥১১॥
এবং শতসহস্রাণি দশ তস্য মহাত্মনঃ।
পুত্রাণাঞ্চ ন তে কঞ্চিদিচ্ছন্ত্যন্যং প্রজাপতিম্ ॥১২॥
প্রজামাচক্ষতে বিপ্রাঃ পুরাণাঃ শাশবিন্দবীম্।
স বৃষ্ণিবংশপ্রভবো মহাবংশঃ প্রজাপতেঃ ॥১৩॥
এতে প্রজানাং পতয়ঃ সমুদ্দিষ্টা যশস্বিনঃ।
অতঃ পরং প্রবক্ষ্যামি দেবাংস্ত্রিভুবনেশ্বরান্ ॥১৪॥
ভগোঽংশশ্চার্য্যমা চৈব মিত্রোঽথ বরুণস্তথা।
সবিতা চৈব ধাতা চ বিবস্বাংশ্চ মহাবলঃ ॥১৫॥
ত্বষ্টা পূষা তথৈবেন্দ্রো দ্বাদশো বিষ্ণুরুচ্যতে।
ইত্যেতে দ্বাদশাদিত্যাঃ কশ্যপস্যাত্মসম্ভবাঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শশেতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! একৈকস্যাং ভার্য্যায়াম্ ॥১১॥

এবমিতি। অত্র দশপদং বহুসংখ্যাপরম্। তে পুত্রাঃ, অন্যং শশবিন্দুভিন্নম্ ॥১২॥

প্রজামিতি। শশবিন্দোরিয়মিতি শাশবিন্দবী তাম্। প্রজাপতেঃ শশবিন্দোঃ, স মহাবংশঃ বৃষ্ণিবংশস্য প্রভবতাস্মাদিতি প্রভব উৎপাদকঃ ॥১৩॥

এত ইতি। সমুদ্দিষ্টা উক্তাঃ ॥১৪॥

রাজা! ভগবান্ সূর্য্য এবং কশ্যপের অপর যে কয়টী পুত্র ছিলেন, তাঁহারা সকলেই জগতের উপরে আদেশ চালাইতে পারেন এবং সকলেরই মঙ্গল করেন ॥১০॥

ধর্ম্মরাজ! শশবিন্দুর দশ সহস্র ভার্য্যা ছিল, তাহার প্রত্যেক ভার্য্যাতে এক সহস্র করিয়া পুত্র জন্মিয়াছিল ॥১১॥

এইভাবে সেই মহাত্মা শশবিন্দুর বহু লক্ষ পুত্র জন্মিয়াছিল। সেই পুত্রেরা শশবিন্দু ভিন্ন অন্য কাহাকেও প্রজাপতি করিবার ইচ্ছা করেন নাই ॥১২॥

প্রাচীন ব্রাহ্মণেরাও শশবিন্দুরই প্রজা বলিয়া গিয়াছেন; সুতরাং সেই প্রজাপতি শশবিন্দুর সেই বিশাল বংশ হইতেই এই বৃষ্ণিবংশের উৎপত্তি হইয়াছে ॥১৩॥

যুধিষ্ঠির! তোমার নিকটে এই আমি যশস্বী প্রজাপতিগণের কথা বলিলাম; ইহার পরে ত্রিভুবনের অধীশ্বর দেবগণের কথা বলিতেছি ॥১৪॥

নাসত্যশ্চৈব দস্রশ্চ স্মৃতৌ দ্বাবশ্বিনাবপি।
মার্ত্তণ্ডস্যাত্মজাবেতাবষ্টমস্য মহাত্মনঃ ॥১৭॥
তে চ পূর্বং সুরাশ্চেতি বিবিধাঃ পিতরঃ স্মৃতাঃ।
ত্বষ্টুশ্চৈবাত্মজঃ শ্রীমান্ বিশ্বরূপো মহাযশাঃ ॥১৮॥
অজৈকপাদহির্ব্বধ্নো বিরূপাক্ষোঽথ রৈবতঃ।
হরশ্চ বহুরূপশ্চ ত্র্যম্বকশ্চ সুরেশ্বরঃ ॥১৯॥
সাবিত্র্যশ্চ জয়ন্তশ্চ পিনাকী চাপরাজিতঃ।
পূর্ব্বমেব মহাভাগা বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ ॥২০॥ (যুগ্মকম্)
এত এবংবিধা দেবা মনোরেব প্রজাপতেঃ।
তে চ পূর্বং সুরাশ্চেতি দ্বিবিধাঃ পিতরঃ স্মৃতাঃ ॥২১॥

ভারতকৌমুদী

ভগ ইতি। এষাং নাম্নাং ব্যুৎপত্তয় উন্নেয়াঃ। আদিত্যা অদিত্যাং জাতাঃ ॥১৫—১৬॥
নাসত্য ইতি। অষ্টমস্য মার্ত্তণ্ডস্য আদিত্যস্য বিবস্বতঃ ॥১৭॥
ত ইতি। পূর্ব্বমুক্তা ইতি শেষঃ। ত্বষ্টুর্নবমস্যাদিত্যস্য ॥১৮॥
অজেতি। অজৈকপাদিত্যেকঃ। এতদবধি পিনাকিপর্য্যন্তা একাদশ রুদ্রাঃ ॥১৯—২০॥
এত ইতি। মনোরেবাত্মজা ইতি শেষঃ। পূর্ব্বমুক্তাঃ ॥২১॥

ভগ, অংশ, অর্য্যমা, মিত্র, বরুণ, সবিতা, ধাতা, মহাবল বিবস্বান্, ত্বষ্টা, পূষা, ইন্দ্র ও বিষ্ণু—এই বার জন কশ্যপের ঔরসে অদিতির গর্ভে জন্মিয়াছিলেন বলিয়া ইহারা দ্বাদশ আদিত্য ॥১৫—১৬॥

নাসত্য ও দস্র এই দুইজন অশ্বিনীকুমার ও অষ্টমাদিত্য মহাত্মা বিবস্বানের পুত্র ॥১৭॥

তাঁহারা ও পূর্ব্বোক্ত দেবতারা দ্বিবিধ পিতৃলোক; আর শ্রীমান্ ও মহাযশা বিশ্বরূপ অষ্টমাদিত্য ত্বষ্টার পুত্র ॥১৮॥

অজৈকপাদ্, অহির্ব্রধ্ন, বিরূপাক্ষ, রৈবত, হর, বহুরূপ, ত্র্যম্বক, সুরেশ্বর, সাবিত্র, জয়ন্ত এবং অপরাজিত পিনাকী—ইঁহারা একাদশ রুদ্র। মহাত্মা অষ্টবসুর কথা পূর্ব্বেই বলা হইয়াছে ॥১৯—২০॥

এইরূপ এই দেবতারা প্রজাপতি মনুরই সন্তান; তাঁহারা এবং পূর্ব্বোক্ত দেবতারা দ্বিবিধ পিতৃলোক বলিয়া অভিমত হইয়াছেন ॥২১॥

(১৮) ···দ্বিবিধাঃ পিতরঃ স্মৃতাঃ—বঙ্গ।

শীলযৌবনতস্ত্বন্যস্তথান্যঃ সিদ্ধসাধ্যয়োঃ।
ঋভবো মরুতশ্চৈব দেবানাঞ্চোদিতো গণঃ।
এবমেতে সমাম্নাতা বিশ্বেদেবাস্তথাশ্বিনৌ ॥২২॥
আদিত্যাঃ ক্ষত্রিয়াস্তেষাং বিশশ্চ মরুতস্তথা।
অশ্বিনৌ তু স্মৃতৌ শূদ্রৌ তপস্যুগ্রে সমাস্থিতৌ ॥২৩॥
স্মৃতাস্ত্বঙ্গিরসো দেবা ব্রাহ্মণা ইতি নিশ্চয়ঃ।
ইত্যেতৎ সর্বদেবানাং চাতুর্বর্ণ্যং প্রকীর্ত্তিতম্ ॥২৪॥
এতান্ বৈ প্রাতরুত্থায় দেবান্ যস্তু প্রকীর্ত্তয়েৎ।
স্বজাদন্যকৃতাচ্চৈব সর্ব্বপাপাৎ প্রমুচ্যতে ॥২৫॥

ভারতকৌমুদী

শীলেতি। শীলং সৎস্বভাবঃ চিরস্থায়ি যৌবনঞ্চ তাভ্যামিতি শীলযৌবনতঃ। সমাম্নাতা উক্তাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

আদিত্যা ইতি। বিশো বৈশ্যাঃ ॥২৩॥

স্মৃতা ইতি। অঙ্গিরসঃ পুত্রা ইতি শেষঃ। চাতুর্ব্বর্ণ্যং মনুষ্যবচ্চতুর্ব্বর্ণবিভক্তত্বম্ ॥২৪॥

এতানিতি। স্বজাৎ আত্মকৃতাৎ, অন্যকৃতাৎ পাপিনৈব কৃততৎস সর্গজনিতাৎ ॥২৫॥

ভারতভাবদীপঃ

ইত্যাদিরক্ষরযোজনা স্পষ্টা ॥১—৯॥ প্রদেশাঃ প্রদিশন্তি আজ্ঞাপয়ন্তীতি প্রদেশা ঈশনশীলা ইত্যর্থঃ। প্রভাবনাঃ প্রকর্ষেণ স্রষ্টারশ্চ ॥১০—২৪॥ স্বজাৎ স্বয়ং কামতোঽকামতশ্চ কৃতাৎ অন্যসংসর্গজাৎ ॥২৫—৩৬॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥২০২॥

ইহার মধ্যে একশ্রেণী সৎস্বভাবসম্পন্ন এবং অন্য শ্রেণী স্থিরযৌবনবিশিষ্ট। সিদ্ধগণ, সাধ্যগণ, ঋভুগণ ও মরুদ্গণ—এই চারিটী গণকেই দেবগণ বলা হইয়াছে। এইভাবে এই বিশ্বেদেবগণ ও অশ্বিনীকুমারদ্বয়ের কথা বলা হইল ॥২২॥

তাঁহাদের মধ্যে আদিত্যগণ ক্ষত্রিয়, মরুদ্গণ বৈশ্য; ভীষণ তপস্যায় ব্যাপৃত অশ্বিনীকুমারদ্বয় শূদ্র ॥২৩॥

আর অঙ্গিরার পুত্র দেবগণ ব্রাহ্মণ, এইরূপ নিশ্চয় আছে। যুধিষ্ঠির! এই তোমার নিকট দেবগণের চারিটী বর্ণবিভাগ বলা হইল ॥২৪॥

যে লোক প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া এই সকল দেবতার নাম কীর্ত্তন করে; সে লোক নিজকৃত ও পরকৃত পাপ হইতে মুক্তিলাভ করে ॥২৫॥

যবক্রীতোঽথ রৈভ্যশ্চ অর্বাবসুপরাবসূ।
ঔষিজশ্চৈব কাক্ষীবান্ বলশ্চাঙ্গিরসঃ স্মৃতঃ ॥২৬॥
ঋষির্মেধাতিথেঃ পুত্রঃ কণ্বো বর্হিষদস্তথা।
ত্রৈলোক্যভাবনাস্তাত! প্রাচ্যাং সপ্তর্ষয়স্তথা ॥২৭॥ (যুগ্মকম্)
উন্মুচো বিমুচশ্চৈব স্বস্ত্যাত্রেয়শ্চ বীর্য্যবান্।
প্রমুচশ্চেধ্মবাহশ্চ ভগবাংশ্চ দৃঢ়ব্রতঃ ॥২৮॥
মিত্রাবরুণয়োঃ পুত্রস্তথাগস্ত্যঃ প্রতাপবান্।
এতে ব্রহ্মর্ষয়ো নিত্যমাস্থিতা দক্ষিণাং দিশম্ ॥২৯॥ (যুগ্মকম্)
উষঙ্গুঃ করুষো ধৌম্যঃ পরিব্যাধশ্চ বীর্য্যবান্।
একতশ্চ দ্বিতশ্চৈব ত্রিতশ্চৈব মহর্ষয়ঃ ॥৩০॥
অত্রেঃ পুত্রশ্চ ভগবাংস্তথা সারস্বতঃ প্রভুঃ।
এতে চৈব মহাত্মানঃ পশ্চিমামাশ্রিতা দিশম্ ॥৩১॥ (যুগ্মকম্)
আত্রেয়শ্চ বশিষ্ঠশ্চ কাশ্যপশ্চ মহানৃষিঃ।
গৌতমোঽথ ভরদ্বাজো বিশ্বামিত্রোঽথ কৌশিকঃ ॥৩২॥
তথৈব পুত্রো ভগবান্ ঋচীকস্য মহাত্মনঃ।
জমদগ্নিশ্চ সপ্তৈতে উদীচীমাশ্রিতা দিশম্ ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইত্থং প্রজাপতীমুক্ত্বা যুধিষ্ঠিরপ্রশ্নক্রমেণ দিক্ষু ঋষীণামবস্থিতিমাহ যবেতি। আঙ্গিরসঃ অঙ্গিরসঃ পুত্রঃ। ত্রৈলোক্যস্য ভাবনা উৎপাদনক্ষমাঃ ॥২৬—২৭॥

উন্মুচ ইতি। ভগবানিতি ইধ্মবাহবিশেষণম্। আস্থিতা আশ্রিতাঃ ॥২৮—২৯॥

উষঙ্গুরিতি। এষাং নাম্নাং ব্যুৎপত্তয় উন্নেয়াঃ। সারস্বতশ্চ কশ্চিদৃষিঃ ॥৩০—৩১॥

যবক্রীত, রৈভ্য, অর্ব্বাবসু, পরাবসু, ঔষিজ, কাক্ষীবান্, অঙ্গিরার পুত্র বল, মেধাতিথির পুত্র কণ্ব ও বর্হিষদ এবং ত্রিভুবন সৃষ্টি করিতে সমর্থ সপ্তর্ষিগণ পূর্ব্বদিকে রহিয়াছেন ॥২৬—২৭॥

উন্মুচ, বিমুচ, তপোবলশালী স্বস্ত্যাত্রেয়, প্রমুচ, মাহাত্ম্যশালী ও দৃঢ়ব্রত এবং প্রতাপশালী মিত্রাবরুণের পুত্র অগস্ত্য—এই সকল ব্রহ্মর্ষি সর্ব্বদা দক্ষিণদিকে অবস্থান করিতেছেন ॥২৮—২৯॥

উষঙ্গু, করুষ, ধৌম্য, তপোবলশালী পরিব্যাধ, একত, দ্বিত, ত্রিত এবং অত্রির পুত্র মাহাত্ম্য ও প্রভাবশালী সারস্বত—এই সকল মহাত্মা পশ্চিম দিকে রহিয়াছেন ॥৩০—৩১॥

এতে প্রতিদিশং সর্ব্বে কীর্ত্তিতাস্তিগ্মতেজসঃ।
সাক্ষিভূতা মহাত্মানো ভুবনানাং প্রভাবনাঃ ॥৩৪॥
এবমেতে মহাত্মানঃ স্থিতাঃ প্রত্যেকশো দিশম্।
এতেষাং কীর্ত্তনং কৃত্বা সর্বপাপাৎ প্রমুচ্যতে ॥৩৫॥
যস্যাং যস্যাং দিশি হ্যেতে তাং দিশং শরণং গতঃ।
মুচ্যতে সর্বপাপেভ্যঃ স্বস্তিমাংশ্চ গৃহান্ ব্রজেৎ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে স্বস্তিকে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

আত্রেয় ইতি। কৌশিকঃ কুশিকবংশ্যঃ। উদীচীমুত্তরাম্ ॥৩২—৩৩॥

এত ইতি। সাক্ষিভূতা লোকানাং পুণ্যপাপদ্রষ্টারঃ। প্রভাবনাঃ সৃষ্টিক্ষমাঃ ॥৩৪॥

এবমিতি। প্রত্যেকশঃ প্রত্যেকং দিশমাশ্রিত্যেতি শেষঃ ॥৩৫॥

যস্যামিতি। তাং দিশং তত্তদ্দিগ্‌বর্ত্তিন ঋষীন্। স্বস্তিমান্ মঙ্গলবান্ গৃহান্ ব্রজেৎ তত্তদ্দিক্ষু যিযাসুর্জন্তাংস্তান্ ঋষীন্ স্মরন্ যাত্রাং কৃত্বেতি শেষঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে দ্ব্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আত্রেয়, বশিষ্ঠ, মহর্ষি কাশ্যপ, গৌতম, ভরদ্বাজ, কুশিকবংশীয় বিশ্বামিত্র এবং ঋচীকের পুত্র ভগবান্ জমদগ্নি—এই সাতজন ঋষি উত্তর দিকে রহিয়াছেন ॥৩২—৩৩॥

তীক্ষ্ণতেজা, লোকের পুণ্যপাপের দ্রষ্টা, মহাত্মা ও জগৎ সৃষ্টি করিতে সক্ষম—এই সকল ঋষি প্রত্যেক দিকে অবস্থান করিতেছেন ॥৩৪॥

এইভাবে এই সকল মহাত্মা প্রত্যেক দিকে রহিয়াছেন। মানুষ ইঁহাদের নাম কীর্ত্তন করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৩৫॥

এই সকল ঋষি যে যে দিকে রহিয়াছেন, সেই সেই দিকের শরণাপন্ন হইয়া মানুষ সকল পাপ হইতে মুক্তি লাভ করে এবং যে যে দিকে যে যে ঋষি বাস করিতেছেন; সেই সেই দিকে সেই সেই ঋষিকে স্মরণ করিয়া যাত্রা করিলে, মানুষ মঙ্গলে মঙ্গলে আপন আপন গৃহে ফিরিয়া আসিতে পারে' ॥৩৬॥

*'অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বন্ধ, '...সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি

ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! যুধি সত্যপরাক্রম!।
শ্রোতুমিচ্ছামি কার্ৎস্ন্যেন কৃষ্ণমব্যয়মীশ্বরম্ ॥১॥
যচ্চাস্য তেজঃ সুমহদ্‌যচ্চ কর্ম্ম পুরা কৃতম্।
তন্মে সর্বং যথাতত্ত্বং ব্রূহি ত্বং পুরুষর্ষভ! ॥২॥
তির্য্যগ্‌যোনিগতো রূপং কথং ধারিতবান্ প্রভুঃ।
কেন কার্য্যনিসর্গেণ তমাখ্যাহি মহাবল! ॥৩॥

ভীষ্ম উবাচ।

পুরাহং মৃগয়াং যাতো মার্কণ্ডেয়াশ্রমে স্থিতঃ।
তত্রাপশ্যং মুনিগণান্ সমাসীনান্ সহস্রশঃ ॥৪॥

ভারতকৌমুদী

পিতেতি। কার্ৎস্ন্যেন সাকল্যেন, অব্যয়মনশ্বরম্ ॥১॥

যদিতি। যদ্‌যাদৃশম্, তেজো বলম্ ॥২॥

তির্য্যগিতি। তির্য্যগ্‌যোনিগতো মনুষ্যেতরপ্রাণিগতঃ, কথং কীদৃশম্। কার্য্যনিসর্গে কর্ত্তব্যোদ্দেশেন ॥৩॥

পুরেতি। সমাসীনান্ তত্রোপবিষ্টান্ ॥৪॥

ভারতভাবদীপঃ

এবং স্বস্ত্যয়নপূর্ব্বকং কৃষ্ণং ধ্যায়তঃ পুরুষস্যান্তরাবির্ভূতঃ কৃষ্ণো হৃদ্‌গতান্ কামাদীন্ যোগপ্রতিপক্ষান্নাশয়তীত্যস্তর্ভূমিবিক্রীড়নাখ্যেঽস্মিন্নধ্যায়ে বরাহাখ্যায়িকামুখেন প্রতিপাদ্যতে—পিতামহ মহা

যুধিষ্ঠির বলিলেন—'মহাপ্রাজ্ঞ! যুদ্ধে যথার্থপরাক্রমসম্পন্ন! পিতামহ! আমি অনশ্বর ও ঈশ্বর কৃষ্ণকে সর্ব্বপ্রকারে শুনিতে ইচ্ছা করি ॥১॥

পুরুষশ্রেষ্ঠ! কৃষ্ণের যেরূপ তেজ এবং ইনি পূর্ব্বে যে সকল গুরুতর কার্য্য করিয়াছেন, আপনি যথাযথভাবে সেই সমস্ত আমার নিকট বলুন ॥২॥

মহাবল পিতামহ! প্রভু কৃষ্ণ কোন্ উদ্দেশ্যে তির্য্যগ্‌যোনিতে যাইয়া কি প্রকার রূপ ধারণ করিয়াছিলেন, তাহা আপনি বলুন' ॥৩॥

ততস্তে মধুপর্কেণ পূজাঞ্চক্রুরথো ময়ি।
প্রতিগৃহ্য চ তাং পূজাং প্রত্যনন্দমৃষীনহম্ ॥৫॥
কথৈষা কথিতা তত্র কশ্যপেন মহর্ষিণা।
মনঃপ্রহ্লাদিনী দিব্যা তামিহৈকমনাঃ শৃণু ॥৬॥
পুরা দানবমুখ্যা হি ক্রোধলোভসমন্বিতাঃ।
বলেন মত্তাঃ শতশো নরকাদ্যা মহাসুরাঃ ॥৭॥
তথৈব চান্যে বহবো দানবা যুদ্ধদুর্ম্মদাঃ।
ন সহন্তে স্ম দেবানাং সমৃদ্ধিং তামনুত্তমাম্ ॥৮॥ (যুগ্মকম্)
দানবৈরর্দ্দ্যমানাস্তু দেবা দেবর্ষয়স্তথা।
ন শর্ম্ম লেভিরে রাজন্! বিশমানাস্ততস্ততঃ ॥৯॥
পৃথিবীমার্ত্তরূপাং তে সমপশ্যন্ দিবৌকসঃ।
দানবৈরভিসংস্তীর্ণাং ঘোররূপৈর্মহাবলৈঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রত্যনন্দং মধুরালাপাদিনা সন্তোষিতবান্ ॥৫॥
কথেতি। মনঃপ্রহ্লাদিনী চিত্তানন্দকরী, দিব্যা অলৌকিকী ॥৬॥
পুরেতি। নরকো নাম কশ্চিদ্দানবঃ তদাদ্যাঃ। ন বিদ্যতে উত্তমা যস্যাস্তাম্ ॥৭—৮॥
দানবৈরিতি। শর্ম সুখম্। বিশমানা গিরিগুহাদৌ প্রবিশন্তঃ ॥৯॥

ভীষ্ম বলিলেন—'পূর্ব্বে একদা আমি মৃগয়ায় যাইয়া মার্কণ্ডেয়ের আশ্রমে থাকিয়া দেখিলাম—সেখানে সহস্র সহস্র মুনি উপবেশন করিয়া রহিয়াছেন ॥৪॥

তাহার পর তত্রত্য মুনিরা মধুপর্কদ্বারা আমার সম্মান করিলেন; আমিও সেই সম্মান গ্রহণ করিয়া মধুরালাপে তাঁহাদিগকে সন্তুষ্ট করিলাম ॥৫॥

যুধিষ্ঠির! সেই সময় মহর্ষি কশ্যপ এই চিত্তের আনন্দকারিণী ও অলৌকিকী কথা বলিয়াছিলেন; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ কর ॥৬॥

পূর্ব্বকালে ক্রোধ-লোভান্বিত ও বলমত্ত শত শত দানবশ্রেষ্ঠ, নরকপ্রভৃতি মহাসুর এবং অন্যান্য যুদ্ধদুর্দ্ধর্ষ বহুতর দানব তৎকালীন দেবগণের সেই অসাধারণ সমৃদ্ধি সহ্য করিতে পারে নাই ॥৭—৮॥

রাজা! তৎকালে দেবগণ ও দেবর্ষিগণ দানবগণের উৎপীড়নে পর্ব্বতগুহায় প্রবেশ করিতে থাকিয়া কোন সুখশান্তি লাভ করিতে পারেন নাই ॥৯॥

(৬) ···মনঃপ্রহ্লাদিনীং দিব্যাম্···বঙ্গ।

ভারার্ত্তামপ্রহৃষ্টাঞ্চ দুঃখিতাং সংনিমজ্জতীম্।
অথাদিতেয়াঃ সন্ত্রস্তা ব্রহ্মাণমিদমব্রুবন্ ॥১১॥ (যুগ্মকম্)
কথং শক্ষ্যামহে ব্রহ্মন্! দানবৈরভিমর্দ্দনম্।
স্বয়ম্ভুস্তানুবাচেদং নিসৃষ্টোঽত্র বিধির্ময়া ॥১২॥
তে বরেণাভিসম্পন্না বলেন চ মদেন চ।
নাববুধ্যন্তি সুংমূঢ়া বিষ্ণুমব্যক্তদর্শনম্ ॥১৩॥
বরাহরূপিণং দেবমধৃষ্যমমরৈরপি।
এষ বেগেন গত্বা হি যত্র তে দানবাধমাঃ ॥১৪॥
অন্তর্ভূমিগতা ঘোরা নিবসন্তি সহস্রশঃ।
শময়িষ্যতি তচ্ছ্রুত্বা জহৃষুঃ সুরসত্তমাঃ ॥১৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

পৃথিবীমিতি। দিবৌকসো দেবাঃ। অভিসংস্তীর্ণং সর্ব্বতো ব্যাপ্তাম্। সংনিমজ্জতীম্ অধো গচ্ছন্তীম্। আদিতেয়া দেবাঃ ॥১০—১১॥

কথমিতি। নিসৃষ্টো বিহিতঃ, বিধিঃ প্রতীকারোপায়ঃ ॥১২॥

ত ইতি। বরেণ মদ্দত্তেন। অব্যক্তং চিন্ময়ত্বাদস্পষ্টং দর্শনং যস্য তম্। দেবং বিষ্ণুম্। এষ বিষ্ণুঃ। অন্তর্ভূমিগতা ভূগর্ভগৃহস্থিতাঃ ॥১৩—১৫॥

ভারতভাবদীপঃ

প্রাজ্ঞেত্যাদিনা ॥১—৯॥ পৃথিবীং বুদ্ধিং বাসনারূপবীজানাং ক্ষেত্রভূতাং দানবৈঃ কামক্রোধাদ্যৈরভিসংস্তীর্ণাং সর্ব্বতো ব্যাপ্তাম্ ॥১০—১৩॥ বরাহরূপিণং বরঞ্চ তদংশশ্চেতি ব্যুৎপত্ত্যা শ্রেষ্ঠক্রতুযোগস্তত্র রূপয়িতুমাবির্ভবিতুং শীলমস্য তম্, অংশশব্দস্য ক্রতুবাচিত্বং 'মহুঃ শ্বঃ ক্রতা'বিত্যাদিষু দৃষ্টম্।

ক্রমে তাঁহারা দেখিলেন—ভীষণ মূর্ত্তি ও মহাবল দানবেরা সকল দিক্ ব্যাপ্ত করিয়াছে; তাহাতে পৃথিবী পীড়িতা, ভারার্ত্তা, বিষণ্ণা ও দুঃখিতা হইয়া যেন মগ্ন হইয়া যাইতেছেন। তাহার পর দেবতারা ভীত হইয়া ব্রহ্মাকে এই কথা বলিলেন—॥১০-১১॥

'ভগবন্! আমরা কি করিয়া দানবগণের উৎপীড়ন সহ্য করিব।' তখন ব্রহ্মা দেবগণকে বলিলেন—'দেবগণ! আমি এ বিষয়ে প্রতীকারের উপায় করিয়াছি ॥১২॥

সেই অসুরেরা আমারই বরে বরসম্পন্ন ও মদমত্ত হইয়াছে; কিন্তু সেই মূর্খেরা অব্যক্তমূর্ত্তি, বরাহরূপী এবং দেবগণেরও অধর্ষণীয় বিষ্ণুদেবকে জানিতে পারিতেছে না। সেই ভয়ঙ্কর সহস্র সহস্র দানবাধমেরা ভূগর্ভে যে স্থানে বাস করিতেছে, এই বিষ্ণুদেব বেগে সেই স্থানে যাইয়া দানবগণকে নিবৃত্ত করিবেন।' দেবশ্রেষ্ঠগণ ব্রহ্মার সেই কথা শুনিয়া আনন্দিত হইলেন ॥১৩—১৫॥

ততো বিষ্ণুর্মহাতেজা বরাহং রূপমাস্থিতঃ।
অন্তর্ভূমিং সম্প্রবিশ্য জগাম দিতিজান্ প্রতি ॥১৬॥
দৃষ্ট্বা চ সহিতাঃ সর্বে দৈত্যাঃ সত্ত্বমমানুষম্।
প্রসহ্য তরসা সর্বে সন্তস্থুঃ কালমোহিতাঃ ॥১৭॥
ততস্তে সমভিদ্রুত্য বরাহং জগৃহুঃ সমম্।
সংক্রুদ্ধাশ্চ বরাহং তং ব্যকর্ষন্ত সমন্ততঃ ॥১৮॥
দানবেন্দ্রা মহাকায়া মহাবীর্য্যবলোচ্ছ্রিতাঃ।
নাশক্নুবংশ্চ কিঞ্চিত্তে তস্য কর্ত্তুং তদা বিভো! ॥১৯॥
ততোঽগচ্ছন্ বিস্ময়ং তে দানবেন্দ্রো ভয়ং তথা।
সংশয়ং গতমাত্মানং মেনিরে চ সহস্রশঃ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। আস্থিত আশ্রিতঃ। দিতিজান্ তান্ অসুরান্ ॥১৬॥

দৃষ্ট্বেতি। সত্ত্বং প্রাণিনম্, অমানুষং মনুষ্যভিন্নম্। প্রসহ্য হঠাৎ, তরসা বলেন ॥১৭॥

তত ইতি। সমভিদ্রুত্য দ্রুতং গত্বা, সমং যুগপৎ ॥১৮॥

দানবেন্দ্রা ইতি। মহদ্ভ্যাং বীর্য্যবলাভ্যাম্ উচ্ছ্রিতা উদ্ধতাঃ ॥১৯॥

তত ইতি। সংশয়ং জীবনসন্দেহম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

দানবাঃ কামক্রোধাদয়ঃ ॥১৪॥ অন্তর্ভূমিগতা দেহস্থাঃ ॥১৫॥ বিষ্ণুঃ সত্ত্বং বরাহং যাগাত্মকম্ ॥১৬॥ সত্ত্বং সত্ত্বগুণং বিষ্ণুম্ অমানুষং দিব্যং ব্যবহিতাদিগ্রাহকত্বাৎ। সন্তস্থুর্নাশং গতাঃ; সংপূর্ব্বস্য

তাহার পর মহাতেজা বিষ্ণু বরাহরূপ ধারণপূর্ব্বক ভূগর্ভে প্রবেশ করিয়া সেই অসুরগণের নিকট গমন করিলেন ॥১৬॥

তখন অসুরেরা সকলে সেই অলৌকিক জন্তু দর্শন করিয়া তৎক্ষণাৎ সকলে সম্মিলিত ও কালমোহিত হইয়া বলাবলম্বনপূর্ব্বক অবস্থান করিল ॥১৭॥

তাহার পর তাহারা বেগে যাইয়া একদাই সেই বরাহকে ধারণ করিল এবং ক্রুদ্ধ হইয়া তাহাকে সকল দিকে আকর্ষণ করিতে লাগিল ॥১৮॥

রাজা! বিশালাকৃতি, মহাবল, মহোৎসাহ ও উদ্ধতস্বভাব সেই দানবেরা তখন বরাহের কিছুই করিতে পারিল না ॥১৯॥

তদনন্তর সেই সহস্র সহস্র দানব ভীত ও বিস্ময়াপন্ন হইল এবং আপনাদিগকে সংশয়াপন্ন মনে করিল ॥২০॥

ততো দেবাধিদেবঃ স যোগাত্মা যোগসারথিঃ।
যোগমাস্থায় ভগবাংস্তদা ভরতসত্তম!॥২১॥
বিননাদ মহানাদং ক্ষোভয়ন্ দৈত্যদানবান্।
সন্নাদিতা যেন লোকাঃ সর্বাশ্চৈব দিশো দশ ॥২২॥ (যুগ্মকম্)
তেন সন্নাদশব্দেন লোকানাং ক্ষোভ আগমৎ।
সন্ত্রাস্তাশ্চ ভৃশং লোকে দেবাঃ শক্রপুরোগমাঃ ॥২৩॥
নির্বিচেষ্টং জগচ্চাপি বভূবাতিভৃশং তদা।
স্থাবরং জঙ্গমং চৈব তেন নাদেন মোহিতম্ ॥২৪॥
ততস্তে দানবাঃ সর্ব্বে তেন নাদেন ভীষিতাঃ।
পেতুর্গতাসবশ্চৈব বিষ্ণুতেজঃ প্রমোহিতাঃ ॥২৫॥
রসাতলগতশ্চাপি বরাহস্ত্রিদশদ্বিষম্।
খুরৈর্বিদারয়ামাস মাংসমেদোঽস্থিসঞ্চয়ান্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। যোগো যোগগম্য আত্মা স্বরূপং যস্য সঃ, যোগস্য তপস্বিনাং চিত্তবৃত্তিনিরোধস্য সারথিঃ প্রযোজকঃ, যোগং তেষামসুরাণাং সংহারোপায়ম্। বিননাদ বিশেষেণ চকার ॥২১—২২॥

তেনেতি। ক্ষোভ উদ্বেগেনাস্থিরতা। লোকে স্বর্গে ॥২৩॥

নিরিতি। নির্বিচেষ্টং সর্ব্বচেষ্টারহিতং ভয়েন স্তব্ধীভাবাৎ ॥২৪॥

তত ইতি। গতা অসবঃ প্রাণা যেষাং তে ॥২৫॥

রসেতি। ত্রিদশদ্বিষাং দেবদ্বেষিণামসুরাণাম্ ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে যোগগম্য ও যোগের নিয়ন্তা দেবাধিদেব সেই ভগবান্ বরাহরূপী নারায়ণ দৈত্য ও দানবগণকে বিক্ষুব্ধ করিবার জন্য অতিবিশাল গর্জ্জন করিলেন; যাহাতে সমস্ত লোক ও দশ দিক নিনাদিত হইল ॥২১—২২॥

সেই বিশাল গর্জ্জনে লোকের উদ্বেগ ও চাঞ্চল্য উপস্থিত হইল এবং স্বর্গে ইন্দ্রপ্রভৃতি দেবতারা অত্যন্ত ভীত হইয়া পড়িলেন ॥২৩॥

এবং স্থাবর ও জঙ্গমাত্মক সমগ্র জগৎ সেই শব্দে মোহিত হইয়া একেবারে নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥২৪॥

তাহার পর সেই দানবেরা সকলে বিষ্ণুর তেজে মোহিত হইয়া এবং সেই শব্দে গুরুতর ভয় পাইয়া প্রাণহীন অবস্থায় ভূতলে পতিত হইল ॥২৫॥

(২৬) রসাতলগতাংশ্চাপি বরাহস্ত্রিদশদ্বিষঃ···বর্দ্ধ।

নাদেন তেন মহতা সনাতন ইতি স্মৃতঃ।
পদ্মনাভো মহাযোগী ভূতাচার্য্যঃ স ভূতরাট্ ॥২৭॥
ততো দেবগণাঃ সর্বে পিতামহমুপাদ্রবন্।
তত্র গত্বা মহাত্মানমূচুশ্চৈব জগৎপতিম্ ॥২৮॥
নাদোঽয়ং কীদৃশো দেব! নৈনং বিদ্ম বয়ং প্রভো!।
কোঽসৌ হি কস্য বা নাদো যেন বিহ্বলিতং জগৎ।
দেবাশ্চ দানবাশ্চৈব মোহিতাস্তস্য তেজসা ॥২৯॥
এতস্মিন্নন্তরে বিষ্ণুর্বারাহং রূপমাস্থিতঃ।
উদতিষ্ঠন্মহাবাহো! স্তূয়মানো মহর্ষিভিঃ ॥৩০॥

ভারতকৌমুদী

নাদেনেতি। সনা নিত্যং তনোতি দুষ্টেষু বিক্রমমিতি সনাতনঃ, তনোতেঃ পচাদিত্বাদচ। "সনা নিত্যে" ইত্যমরঃ। ভূতানামাচার্য্যঃ শিক্ষয়িতা ॥২৭॥

তত ইতি। উপাদ্রবন্ দ্রুতমুপাগচ্ছন্ ॥২৮॥

নাদ ইতি। অসৌ নাদ কঃ। বিহ্বলিতং সমাকুলীকৃতম্। তেজসা ভীষণত্বেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

এতস্মিন্নিতি। উদতিষ্ঠৎ রসাতলাৎ ॥৩০॥

ভারতভাবদীপঃ

তিষ্ঠতেঃ সমাপ্তিবাচিত্বাৎ ॥১৭॥ নাশক্রমমেবাহ—ততস্ত ইতি ॥১৮—২৬॥ সনাৎ সততমনিতি ভক্তানুগ্রহার্থং চেষ্টত ইতি সনাতনঃ, সনাদন ইত্যপেক্ষিতে দকারস্থানে তকারো নৈরুক্তঃ; নাদেন

ক্রমে পাতালস্থিত সেই বরাহ খুরদ্বারা অসুরগণের মাংস, মেদ ও অস্থিসমূহ বিদীর্ণ করিলেন ॥২৬॥

মহাযোগী, জগতের শিক্ষক ও জগতের রাজা নারায়ণ সেই বিশাল শব্দ করায় 'সনাতন' নামে প্রসিদ্ধ হইলেন ॥২৭॥

তাহার পর দেবগণ সত্বর ব্রহ্মার নিকট উপস্থিত হইলেন এবং সে স্থানে উপস্থিত হইয়া মহাত্মা ও জগতের নিয়ন্তা ব্রহ্মাকে বলিলেন—॥২৮॥

'দেব প্রভু! এই গর্জ্জনটা যে কি প্রকার, তাহা আমরা বুঝিতে পারিতেছি না; এই গর্জ্জনটা কি? কাহারই বা গর্জ্জন? যাহাতে সমগ্র জগৎটাই আকুল হইয়া পড়িয়াছে এবং তাহার তেজে দেবগণ ও দানবগণ মোহিত হইয়াছেন' ॥২৯॥

মহাবাহু যুধিষ্ঠির! এই সময়ে ভগবান্ বিষ্ণু বরাহরূপ ধারণ করিয়া পাতাল হইতে উঠিলেন এবং তখন মহর্ষিরা তাঁহার স্তব করিতে লাগিলেন ॥৩০॥

(২৯) ···বিহ্বলতি জগৎ···বর্দ্ধ।

পিতামহ উবাচ।

নিহত্য দানবপতীন্ মহাবর্ষ্মা মহাবলঃ।
এষ দেবো মহাযোগী ভূতাত্মা ভূতভাবনঃ ॥৩১॥
সর্ব্বভূতেশ্বরো যোগী মুনিরাত্মা তথাত্মনঃ।
স্থিরীভবত কৃষ্ণোঽয়ং সর্ব্ববিঘ্নবিনাশনঃ ॥৩২॥
কৃত্বা কর্ম্মাতিসাধ্বেতদশক্যমমিতপ্রভঃ।
সমায়াতঃ স্বমাত্মানং মহাভাগো মহাদ্যুতিঃ ॥৩৩॥
পদ্মনাভো মহাযোগী মহাত্মা ভূতভাবনঃ।
ন সন্তাপো ন ভীঃ কার্য্যা শোকো বা সুরসত্তমাঃ ॥৩৪॥ (যুগ্মকম্)
বিধিরেষ প্রভাবশ্চ কালঃ সংক্ষয়কারকঃ।
লোকান্ ধারয়তা তেন নাদো মুক্তো মহাত্মনা ॥৩৫॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। মহাবর্ষ্মা বিশালাকৃতিঃ। ভূতানি ভাবয়তি সৃজতীতি সঃ ॥৩১॥

সর্ব্বেতি। আত্মনঃ স্থূলদেহমাত্রস্য, আত্মা জীবরূপঃ ॥৩২॥

কৃত্বেতি। অশক্যান্ অন্যৈরিতি শেষঃ। স্বমাত্মানং স্বকীয়াং বিষ্ণুমূর্ত্তিম্, সমায়াতঃ প্রাপ্তঃ। ভূতানি ভাবয়তি সৃজতীতি সঃ। কার্য্যা যুষ্মাভিঃ ॥৩৩—৩৪॥

বিধিরিতি। বিধির্বিধাতা, প্রভাবঃ সর্ব্বাধিকতেজাঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

সহ বর্ত্তমানঃ সনাতন ইতি যোগস্য দর্শিতত্বাৎ ॥২৭—৩০॥ মহাবর্ষ্মা মহাকায়ঃ ॥৩১॥ আত্মা পারমার্থিকং স্বরূপম্। আত্মনো জীবস্য ॥৩২॥ স্বমাত্মানং প্রত্যগ্যাথাত্ম্যং সমায়াতঃ প্রাপ্তঃ

ব্রহ্মা বলিলেন—‘মহাযোগী, প্রাণিগণের আত্মা, জগতের সৃষ্টিকর্ত্তা, মহাবল ও বিশাল দেহ এই ভগবান্ বিষ্ণু দানবশ্রেষ্ঠগণকে বিনাশ করিয়া পাতাল হইতে উঠিয়াছেন ॥৩১॥

দেবগণ! ইনি সর্ব্বভূতের অধীশ্বর, যোগী, মুনি, সমস্ত প্রাণীর জীবাত্মা এবং সর্ব্ববিঘ্নবিনাশন ভগবান্ নারায়ণ; সুতরাং তোমরা স্থির হও ॥৩২॥

দেবশ্রেষ্ঠগণ! অমিতকান্তি, মহাভাগ, মহাতেজা, মহাযোগী, মহাত্মা ও ভূত-স্রষ্টা নারায়ণ অন্যের অসাধ্য অতি সৎকার্য্য করিয়া এখন আবার নিজের বিষ্ণুমূর্ত্তি ধারণ করিয়াছেন। অতএব তোমরা দুঃখ, ভয় বা শোক করিও না ॥৩৩—৩৪॥

ইনি বিধাতা, সর্ব্বাধিক প্রভাবশালী এবং ক্ষয়কারক কাল। এই মহাত্মাই লোকরক্ষা করিবার জন্য সেই ভীষণ গর্জ্জন করিয়াছিলেন ॥৩৫॥

স এষ হি মহাবাহুঃ সর্বলোকনমস্কৃতঃ।
অচ্যুতঃ পুণ্ডরীকাক্ষঃ সর্বভূতাদিরীশ্বরঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অন্তর্ভূমিবিক্রীড়িতে ত্র্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ। §

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
পিতামহ! মহাপ্রাজ্ঞ! কেশবস্য মহাত্মনঃ।
বক্তুমর্হসি তত্ত্বেন মাহাত্ম্যং পুনরেব তু ॥১॥
ন তৃপ্যাম্যহমপ্যেনং পশ্যন্ শৃণ্বংশ্চ ভারত!।
এবং কৃষ্ণং মহাবাহো! তস্মাদেতদ্‌ব্রবীহি মে ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। অচ্যুতঃ নিগ্রহানুগ্রহরূপকর্ত্তব্যাদভ্রষ্টঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

"তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ, আকাশাদ্বায়ুঃ, বায়োরাপ ইত্যাদি-শ্রুত্যুক্তক্রমেণ তন্মাত্রাপরপর্য্যায়াণাং সূক্ষ্মভূতানামুৎপত্তিং তেভ্যশ্চ স্থূলভূতানামুদ্‌ভবং প্রামানয়ন্নিমমধ্যায়মারভতে পিতেতি। তত্ত্বেন যাথার্থ্যেন, কেশবস্য মাহাত্ম্যমিতি সম্বন্ধঃ ॥১॥

ইনিই সেই মহাবাহু, সর্ব্বলোকনমস্কৃত, সর্ব্বভূতের আদি ও অধীশ্বর অচ্যুত নারায়ণ' ॥৩৬॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'মহাপ্রাজ্ঞ পিতামহ! আপনি পুনরায় যথাযথভাবে মহাত্মা কৃষ্ণের মাহাত্ম্য বলুন ॥১॥

* '…নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…অষ্টাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

§ …অয়মধ্যায়ঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্! কথামেতাং বৈষ্ণবীং পাপনাশনীম্।
নারদো মাং পুরা প্রাহ যামহং তে বদামি তাম্ ॥৩॥
দেবর্ষির্নারদঃ পূর্ব্বং তত্ত্বং বেৎস্যামি বৈ হরেঃ।
ইতি সংচিন্ত্য মনসা দধ্যৌ ব্রহ্ম সনাতনম্ ॥৪॥
হিমালয়ে শুভে দিব্যে দিব্যং বর্ষশতং কিল।
অনুচ্ছ্বসন্ নিরাহারঃ সংযতাত্মা জিতেন্দ্রিয়ঃ ॥৫॥ (যুগ্মকম্)
ততোঽন্তরীক্ষে বাগাসীত্তং মুনিপ্রবরং প্রতি।
মেঘগম্ভীরনির্ঘোষা দিব্যা বাহ্বাঽশরীরিণী ॥৬॥
কিমর্থং ত্বং সমাপন্নো ধ্যানং মুনিবরোত্তম!।
অহং দদামি তে জ্ঞানং ধর্ম্মাদ্যং বা বৃণীষ্ব মাম্ ॥৭॥

ভারতকৌমুদী

নন্থ পুনঃ কথমেতৎ পৃচ্ছসীত্যাহ নেতি। এবমিমম্ ॥২॥
শৃণ্বিতি। পাপং নাশ্যতে অনয়েতি তাম্ ॥৩॥
দেবর্ষিরিতি। তত্ত্বং স্বরূপম্। দধ্যৌ চিন্তয়ামাস। অনুচ্ছ্বসন্ শ্বাসত্যাগমকুর্ব্বন্ ॥৪—৫॥
তত ইতি। দিব্যা অলৌকিকী, বাহ্বাঃ সুস্পষ্টাঃ, অশরীরিণী অদেহিপ্রযুক্তা ॥৬॥
কিমিতি। সমাপন্নঃ প্রাপ্তঃ। ধর্ম্মাদ্যং ধর্ম্মার্থাদিকম্ ॥৭॥

ভরতনন্দন মহাবাহু! আমি এই কৃষ্ণকে দেখিয়া এবং উঁহার চরিত্র শুনিয়াও তৃপ্তিলাভ করিতেছি না; অতএব ইহা আপনি আমার নিকট পুনরায় বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'রাজা! পূর্ব্বে নারদ আমার নিকট যে কথা বলিয়াছিলেন, আমি তোমার নিকট সেই পাপনাশিনী বৈষ্ণবী কথা বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩॥

পূর্ব্বকালে দেবর্ষি নারদ মনে মনে চিন্তা করিলেন যে, আমি ভগবান্ নারায়ণের তত্ত্ব জানিব। তিনি ইহা চিন্তা করিয়া হিমালয়ের কোন পবিত্র স্থানে থাকিয়া দেবপরিমাণে শতবৎসর পর্য্যন্ত উপবাসী, সংযতচিত্ত ও জিতেন্দ্রিয় হইয়া শ্বাস ত্যাগ না করিয়া, সনাতন পরব্রহ্মের ধ্যান করিলেন ॥৪—৫॥

তাহার পর মুনিশ্রেষ্ঠ নারদের প্রতি একটী আকাশবাণী হইল; তাহা মেঘগর্জ্জনের ন্যায় গম্ভীর, অলৌকিক, সুস্পষ্ট এবং অশরীরিপ্রযুক্ত হইয়াছিল ॥৬॥

'হে মুনিশ্রেষ্ঠ! তুমি কি জন্য ধ্যান করিতেছ? আমি তোমাকে জ্ঞান দান করিতেছি অথবা তুমি আমার নিকট ধর্ম্মপ্রভৃতি যাহা হয়, বরণ কর' ॥৭॥

তচ্ছ্রুত্বা মুনিরালোচ্য সম্ভ্রমাবিষ্টমানসঃ।
কিংনু স্যাদিতি সংচিন্ত্য বাক্যমাহাপরং প্রতি ॥৮॥
কস্ত্বং ভবানণ্ডং বিভেদ মধ্যে সমাস্থিতো বাক্যমুদীরয়ন্মাম্।
ন রূপমন্যত্তব দৃশ্যতে বৈ ঈদৃগ্‌বিধস্ত্বং সমধিষ্ঠিতোঽসি ॥৯॥
পুনস্তমাহ স মুনিমনন্তোঽহং বৃহত্তরঃ।
ন মাং মূঢ়া বিজানন্তি জ্ঞানিনো মাং বিদন্ত্যত ॥১০॥
তং প্রত্যাহ মুনিঃ শ্রীমান্ প্রণতো বিনয়ান্বিতঃ।
ভবন্তং জ্ঞাতুমিচ্ছামি তব তত্ত্বং ব্রবীহি মে ॥১১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা নারদং প্রাহ লোকপঃ।
জ্ঞানেন মাং বিজানীহি নান্যথা শক্তিরস্তি তে ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। সম্ভ্রমেণ চাঞ্চল্যেন আবিষ্টং মানসং যস্য সঃ। অপরং বক্তারম্ ॥৮॥

ক ইতি। হে দেব! ত্বং কঃ, মধ্যে অন্তরৈবাভ্যন্তরে, সমাস্থিতো বিদ্যমানো ভবান্, মামিদং বাক্যম্, উদীরয়ন্ ব্রুবন্ সন্, অণ্ডমিদং ব্রহ্মাণ্ডম্, বিভেদ স্বরস্য তীব্রতয়া বিদারয়ামাসেব। তব অন্যৎ বাক্যোচ্চারণভিন্নং রূপং ময়া ন দৃশ্যতে। অতএব ত্বমীদৃগ্‌বিধঃ অদৃশ্যরূপ এব ত্বং সমধিষ্ঠিতোঽসি ॥৯॥

পুনরিতি। বৃহত্তরঃ অপরানন্তাপেক্ষয়া বিশালতরঃ ॥১০॥

তমিতি। শ্রীমান্ মতিমান্ ॥১১॥

তস্যেতি। লোকপো জগৎপতিঃ। শক্তির্মজ্জ্ঞানসামর্থ্যম্ ॥১২॥

নারদ সেই বাক্য শুনিয়া চঞ্চলচিত্ত হইয়া সকল দিকে দৃষ্টিপাত করিয়া 'এখন কি করা যায়' ইহা ভাবিয়া সেই বাক্যবক্তার প্রতি এই কথা বলিলেন ॥৮॥

'দেব! আপনি কে? আপনি এই ব্রহ্মাণ্ডেরই মধ্যে থাকিয়া আমার প্রতি এইরূপ বাক্য বলিয়া স্বরের তীব্রতাবশতঃ এই ব্রহ্মাণ্ড যেন বিদীর্ণ করিয়া ফেলিয়াছেন। আপনার অন্যরূপ দেখিতেছি না; আপনি অদৃশ্যরূপেই রহিয়াছেন' ॥৯॥

সেই দেবতা পুনরায় নারদকে বলিলেন—'আমি বৃহত্তর অনন্ত; মূর্খেরা আমাকে জানে না, জ্ঞানীরাই আমাকে জানিতে পারেন' ॥১০॥

তখন বুদ্ধিমান্ নারদ অবনত ও বিনীত হইয়া সেই দেবতাকে বলিলেন—'আমি আপনাকে জানিতে ইচ্ছা করি; অতএব আপনি আপনার স্বরূপ আমার নিকট বলুন' ॥১১॥

নারদ উবাচ।

কীদৃগ্‌বিধন্তু তজ্‌জ্ঞানং যেন জানামি তে তনুম্‌।
অনন্ত! তন্মে ব্রূহি ত্বং যদ্যনুগ্রহবানহম্‌ ॥১৩॥

লোকপাল উবাচ।

বিকল্পহীনং বিপুলং তস্য চূড়ং শিবং পরম্‌।
জ্ঞানং তত্তেন জানাসি সাধনং প্রতি তে মুনে! ॥১৪॥
অত্রাবৃত্য স্থিতং হ্যেতত্তচ্ছুদ্ধমিতরন্মৃষা।
এতত্তে সর্বমাখ্যাতং সংক্ষেপান্মুনিসত্তম! ॥১৫॥

নারদ উবাচ।

ত্বমেব তব যত্তত্ত্বং ব্রূহি লোকগুরো! মম।
ভবন্তং জ্ঞাতুমিচ্ছামি কীদৃগ্‌ভূতস্ত্বমব্যয়! ॥১৬॥

ভারতকৌমুদী

কীদৃগিতি। তনুং স্বরূপম্‌। অনুগ্রহবান্‌ তবানুগ্রহপাত্রম্‌ ॥১৩॥

বিকল্পেতি। হে মুনে! তে তব সাধনং প্রতি মৎস্বরূপবোধোপায়বিষয়ে, বিকল্পহীনং বিবিধকল্পরহিতম্‌, কেবলমদ্বিষয়মিত্যর্থঃ, বিপুলং বিশালং ধারাবাহীতি যাবৎ, চূড়ং সর্ব্বোপরিতনম্‌, শিবং মঙ্গলপরং পরম্‌ উত্তমঞ্চ তৎ প্রসিদ্ধং তস্য মম জ্ঞানম্‌, তেনৈব জ্ঞানেন মাং জানাসি ॥১৪॥

অত্রেতি। এতজ্‌জ্ঞানং তদাত্মকং মৎস্বরূপম্‌, আবৃত্য জগদ্ব্যাপ্য স্থিতং তদেব শুদ্ধং সত্যম্‌, অত্র জগতি ইতরং ঘটপটাদিকম্‌, মৃষা মিথ্যা মায়িকত্বাৎ রজ্জুসর্পবৎ ॥১৫॥

নারদের সেই কথা শুনিয়া জগদীশ্বর নারদকে বলিলেন—'তুমি জ্ঞানদ্বারা আমাকে জানিতে ইচ্ছা কর; কিন্তু অন্য উপায়ে আমাকে জানিবার তোমার শক্তি নাই' ॥১২॥

নারদ বলিলেন—'আমি যাহাদ্বারা আপনার স্বরূপ জানিব, সেই জ্ঞানটী কি প্রকার? অনন্ত! আমি যদি আপনার অনুগ্রহের পাত্র হইয়া থাকি, তাহা হইলে আপনি আমার নিকট সেই জ্ঞানের স্বরূপটী বলুন' ॥১৩॥

জগৎপতি বলিলেন—'নারদ! আমাকে জানিবার পক্ষে যতগুলি উপায় আছে, তাহার মধ্যে সেই জ্ঞানই শ্রেষ্ঠ; যে জ্ঞানের অন্য বিষয় থাকিবে না এবং যে জ্ঞান ধারাবাহী, সর্ব্বোপরিস্থ ও সর্ব্বমঙ্গলময় হইবে, তাহা দ্বারাই আমাকে জানিতে পারিবে ॥১৪॥

এই জ্ঞান ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছে এবং ইহাই সত্য; এতদ্ভিন্ন এই জগতে যাহা কিছু আছে, সে সমস্তই মিথ্যা। মুনিশ্রেষ্ঠ! এই আমি তোমার নিকট সংক্ষেপে সমস্তই বলিলাম' ॥১৫॥

ততঃ প্রহস্য ভগবান্ মেঘগম্ভীরয়া গিরা।
প্রাহেশঃ সর্বভূতানাং ন মে চাস্যং শ্রুতির্ন চ ॥১৭॥
ন ঘ্রাণজিহ্বে দৃক্ চৈব ত্বচা নাস্তি তথা মুনে!।
কথং বক্ষ্যামি চাত্মানমশরীরস্তথা হ্যহম্ ॥১৮॥
তজ্জ্ঞাত্বা বিস্ময়াবিষ্টো মুনিরাহ প্রণম্য তম্।
যেন ত্বং সর্বমাত্মানমনন্তোঽহং বৃহত্তরঃ।
শতোঽহমিতি মাং প্রীতঃ প্রোক্তবানসি তৎ কথম্ ॥১৯॥
পুনস্তমাহ ভগবাংস্তবাপ্যক্ষাণি সন্তি বৈ।
ত্বমেনং ব্রূহি চাত্মানং যদি শক্নোষি নারদঃ।
আত্মা যথা তব মুনে! বিদিতস্তু ভবিষ্যতি ॥২০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। হে অব্যয়! অবিনশ্বর! ॥১৬॥
তত ইতি। ঈশ ঈশ্বরঃ। আস্যং মুখম্, শ্রুতিঃ কর্ণঃ ॥১৭॥
নেতি। ত্বচা ত্বক্ "টাপঞ্চাপি হলান্তানাম্" ইতি ত্বক্‌শব্দাৎ টাপ্ ॥১৮॥
তদিতি। শতঃ শতসংখ্যকঃ সুবহুঃ ইত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
পুনরিতি। অক্ষাণি ইন্দ্রিয়াণি। বিদিতস্তব বচনাৎ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২০॥

নারদ বলিলেন- 'লোকগুরু! আপনার যাহা স্বরূপ, তাহা আপনি আমার নিকট বলুন। হে অব্যয়! আপনি কীদৃশ, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥১৬॥

তাহার পর সর্ব্বভূতের অধীশ্বর ভগবান্ অনন্ত হাস্য করিয়া মেঘগম্ভীরবাক্যে বলিলেন—'আমার মুখ নাই, কর্ণ নাই ॥১৭॥

মুনি! আমার নাসিকা নাই, জিহ্বা নাই এবং ত্বক্‌ও নাই; আমি শরীর-বিহীন (নিরাকার); সুতরাং আমি কি করিয়া নিজের স্বরূপ বলিব' ॥১৮॥

তাহা শুনিয়া নারদ বিস্ময়াপন্ন হইয়া তাঁহাকে নমস্কার করিয়া বলিলেন—'দেব! আপনি সন্তুষ্ট হইয়া পূর্ব্বে যে আমাকে বলিয়াছেন—'আমি অনন্ত, সর্ব্বাপেক্ষা বৃহৎ এবং অতি বহুতর, আপনি নিরাকার হইলে, উহা বলা কিপ্রকারে সম্ভবপর হয়?' ॥১৯॥

ভগবান্ অনন্তদেব পুনরায় নারদকে বলিলেন—'নারদ! তোমারও ত ইন্দ্রিয় আছে; সুতরাং তুমি যদি সমর্থ হয়; তবে এই আত্মার বিষয় বল। তোমার উক্তি অনুসারে যাহাতে আত্মা আমার জানা হইবে ॥২০॥

মাঞ্চ জানাসি তেন ত্বমেকং সাধনমাবয়োঃ।
ইত্যুক্ত্বা ভগবান্ দেবস্ততো নোবাচ কিঞ্চন ॥২১॥
নারদোঽপ্যুস্ময়ন্ খিন্নঃ ক্ব গতোঽসাবিতি প্রভুঃ।
স্থিত্বা স দীর্ঘকালঞ্চ মুনির্ব্যামূঢ়মানসঃ ॥২২॥
আহ মাং ভগবান্ দেবস্ত্বনন্তোঽহং বৃহত্তরঃ।
তেনাহমিতি সর্বস্য কো বানন্তো বৃহত্তরঃ ॥২৩॥
কেয়মুর্ব্বী হ্যনন্তাখ্যা বৃহতী নূনমেব সা।
যস্যাং জানন্তি ভূতানি বিলীনানি ততস্ততঃ।
এনাং পৃচ্ছামি তরুণীং সৈষা নূনমুবাচ মাম্ ॥২৪॥
ইত্যেবং স মুনিঃ শ্রীমান্ কৃত্বা নিশ্চয়মাত্মনঃ।
স ভূতলং সমাবিশ্য প্রণিপত্যেদমব্রবীৎ ॥২৫॥

ভারতকৌমুদী

মামিতি। একমেকবিধম্, সাধনং করণম্ ॥২১॥

নারদ ইতি। উৎস্ময়ন্ বিস্ময়মানঃ। ব্যামূঢ়মানসোঽভবদিতি শেষঃ ॥২২॥

ব্যামূঢ়ত্বে হেতুমাহ আহেতি। অহমিতি। সর্ব্বস্যৈবাত্মনি প্রতীতির্ভবতীতি শেষঃ ॥২৩॥

কেতি। উর্ব্বী পৃথিবী, নূনং নিশ্চিতমেব সা উর্ব্বী বৃহতী বিশালা। তত এব অনন্তাখ্যা। জানন্তি সর্ব্ব এব, ভূতানি প্রাণিনঃ। এনাং তরুণীমুর্ব্বীম্। উবাচ বক্ষ্যতি। "আশংসায়াং ভূতবচ্চ" ইত্যতীতনির্দ্দেশঃ। "ভূর্ভূমিরচলানন্তা" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

ইতীতি। ভূতলং সমাবিশ্য ভূগর্ভে প্রবিশ্য, ভুবমেব প্রণিপত্য ॥২৫॥

আমার ও তোমার ইন্দ্রিয়গুলি একবিধ; সুতরাং তাহাদ্বারা তুমি আমাকে জানিতে পার।' এই কথা বলিয়া ভগবান্ অনন্তদেব তাহার পরে আর কিছু বলিলেন না ॥২১॥

নারদও 'ঐ প্রভু কোথায় গেলেন' ইহা ভাবিয়া বিস্মিত ও খিন্ন হইয়া নীরব থাকিয়া দীর্ঘকাল যাবৎ বিশেষ মুগ্ধচিত্ত হইলেন ॥২২॥

ভগবান্ আমাকে বলিয়াছেন যে, 'আমি বৃহত্তর অনন্ত।' তাহাতে 'অহম্' এই শব্দে সকলের আত্মাই ত বুঝায়; তবে বৃহত্তর অনন্ত কে? ॥২৩॥

অনন্তনাম্নী এই পৃথিবী কিরূপ; নিশ্চয়ই ইনি বৃহতী হইবেন। কারণ, যাঁহাতে সমস্ত প্রাণী নানাস্থানে অবস্থান করিতেছে, ইহা সকলেই জানে; অতএব আমি এই তরুণী পৃথিবীকে জিজ্ঞাসা করি; তাহাতে নিশ্চয়ই ইনি আমাকে বলিবেন ॥২৪॥

আশ্চর্য্যাসি চ ধন্যাসি বৃহতী ত্বং বসুন্ধরে!।
ত্বামত্র বেত্তুমিচ্ছামি যাদৃগ্‌ভূতাসি শোভনে! ॥২৬॥
তচ্ছ্রুত্বা ধরণী দেবী স্ময়মানাঽব্রবীদিদম্।
নাহং হি বৃহতী বিপ্র! ন চানন্তা চ সত্তম! ॥২৭॥
কারণং মম যো গন্ধো গন্ধাত্মানং ব্রবীহি তম্।
ততো মুনিস্তদ্ধি তত্ত্বং প্রণিপত্যেদমব্রবীৎ ॥২৮॥
কারণং মে জলং মত্তো বৃহত্তরতমং হি তৎ।
স সমুদ্রং মুনির্গত্বা প্রণিপত্যেদমব্রবীৎ ॥২৯॥
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্‌ভূতস্ত্বমব্যয়! ॥৩০॥

ভারতকৌমুদী

আশ্চর্য্যেতি। আশ্চর্য্যাসি বিচিত্রবস্তুধারণাৎ, তত এব চ ধন্যা পুণ্যবত্যসি ॥২৬॥
তদিতি। স্ময়মানা মন্দং হসন্তী। বৃহতী বিশালা ॥২৭॥
কারণমিতি। গন্ধো গন্ধতন্মাত্রম্। তত্ত্বং গন্ধতন্মাত্রম্, ইদং পূর্ব্বোক্তবিধম্ ॥২৮॥
কারণমিতি। মত্তো মদপেক্ষয়া, বৃহত্তরতমম্ অতীববৃহৎ ॥২৯॥
আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ নানাবিধপ্রাণিরত্নাদ্যাধারত্বাৎ। হে অব্যয়! অনশ্বর! ॥৩০॥

বুদ্ধিমান্ নারদ এইরূপ নিশ্চয় করিয়া ভূগর্ভে প্রবিষ্ট হইয়া প্রণিপাতপূর্ব্বক এই কথা বলিলেন—॥২৫॥

'পৃথিবি! আপনি আশ্চর্য্যা, ধন্যা ও বিশালা কি? শোভনে! আপনি যে প্রকারই হউন না, আপনাকে আমি জানিতে ইচ্ছা করি' ॥২৬॥

তাহা শুনিয়া পৃথিবীদেবী ঈষৎ হাস্য করিয়া এই কথা বলিলেন—'সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! আমি বৃহতীও নহি, অনন্তাও নহি ॥২৭॥

যে গন্ধতন্মাত্র আমার কারণ, আপনি সেই গন্ধতন্মাত্রকে এই কথা জিজ্ঞাসা করুন।' তাহার পর নারদ প্রণিপাত করিয়া সেই গন্ধতন্মাত্রকে এই কথা বলিলেন (পূর্ব্বোক্ত প্রশ্নই করিলেন) ॥২৮॥

(তখন গন্ধতন্মাত্র বলিল)—'আমার কারণ জল; সেই জল আমা অপেক্ষা অত্যন্ত বৃহৎ।' তাহার পর নারদ সমুদ্রে যাইয়া প্রণিপাত করিয়া এই কথা বলিলেন—॥২৯॥

'সরিৎপতি! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি?-আপনি যে প্রকারই হউন না কেন, আমি আপনাকে জানিতে ইচ্ছা করি' ॥৩০॥

তচ্ছ্রুত্বা সরিতাং নাথঃ সমুদ্রো মুনিমব্রবীৎ।
কারণং মেঽত্র সংপৃচ্ছ রসাত্মানং বৃহত্তরম্ ॥৩১॥
ততো বৃহত্তরং বিদ্বংস্ত্বং পৃচ্ছ মুনিসত্তম!।
ততো মুনির্যথাযোগং জলং তত্ত্বমবেক্ষ্য তৎ ॥৩২॥
জলাত্মানং প্রণম্যাহ জলতত্ত্বস্থিতো মুনিঃ।
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
ভবন্তং শ্রোতুমিচ্ছামি কীদৃগ্ভূতস্ত্বমব্যয়!।
ততো রসাত্মকঃ সোঽন্নু মুনিমাহ পুনঃ পুনঃ ॥৩৪॥
মমাপি কারণং পৃচ্ছ তেজোরূপং বিভাবসুম্।
নাহং বৃহত্তরো ব্রহ্মন্নাপ্যনন্তশ্চ সত্তম! ॥৩৫॥
ততোঽগ্নিং প্রণিপত্যাহ মুনির্বিস্মিতমানসঃ।
যজ্ঞাত্মানং মহাবাসং সর্বভূতনমস্কৃতম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তদিতি। রসাত্মানং রসতন্মাত্রম্, তত এব স্থূলজলোৎপত্তেঃ ॥৩১॥
তত ইতি। বৃহত্তরং তত্ত্বান্তরং বা। জলতত্ত্বস্থিতো জলপদার্থগতঃ ॥৩২—৩৩॥
ভবন্তমিতি। রসাত্মকো রসতন্মাত্রম্, অন্নু পশ্চাৎ ॥৩৪॥
মমেতি। বিভাবসুম্ অগ্নিম্ ॥৩৫॥
তত ইতি। যজ্ঞস্য আত্মা স্বরূপং যস্মাৎ তম্, মহান্ আবাসঃ কুণ্ডাদিকো যস্য তম্ ॥৩৬

তাহা শুনিয়া সরিৎপতি সমুদ্র নারদকে বলিলেন—'আমার কারণ রসতন্মাত্র এবং তাহা আমা অপেক্ষা বৃহৎও বটে; অতএব আপনি তাহার নিকট এই বিষয় জিজ্ঞাসা করুন ॥৩১॥

জ্ঞানী মুনিশ্রেষ্ঠ! কিংবা আপনি তাহা অপেক্ষাও কোন বৃহত্তর পদার্থকে জিজ্ঞাসা করুন।' তাহার পর নারদ জলতত্ত্বের দিকে যথাসম্ভব দৃষ্টিপাত করিয়া এবং তথায় থাকিয়া প্রণিপাতপূর্ব্বক জলতন্মাত্রকে বলিলেন—'আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি? আপনি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি ॥৩২—৩৩॥

হে অনশ্বর! আপনি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি।' তাহার পর সেই রসতন্মাত্র বার বার নারদকে বলিল—॥৩৪॥

'সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! তেজোরূপ অগ্নি আমার কারণ, আপনি তাঁহাকে জিজ্ঞাসা করুন; কিন্তু আমি বৃহত্তরও নহি, অনন্তও নহি' ॥৩৫॥

আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তশ্চ বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্ভূতস্ত্বমব্যয়! ॥৩৭॥
ততঃ প্রহস্য ভগবান্ মুনিং স্বিষ্টকৃদব্রবীৎ।
নাহং বৃহত্তরো ব্রহ্মন্নাপ্যনন্তশ্চ সত্তম!।
কারণং মম রূপং যত্তং পৃচ্ছ মুনিসত্তম! ॥৩৮॥
ততো যোগক্রমেণৈব প্রতীতং তং প্রবিশ্য সঃ।
রূপাত্মানং প্রণম্যাহ নারদো বদতাংবরঃ ॥৩৯॥
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্ভূতস্ত্বমব্যয়! ॥৪০॥
উৎস্ময়িত্বা তু রূপাত্মা তং মুনিং প্রত্যুবাচ হ।
বায়ুর্মে কারণং ব্রহ্মন্! তং পৃচ্ছ মুনিসত্তম!।
মত্তো বৃহত্তরঃ শ্রীমাননন্তশ্চ মহাবিলম্ ॥৪১॥

ভারতকৌমুদী

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ সর্ব্বদহনসামর্থ্যাৎ ॥৩৭॥

তত ইতি। স্বিষ্টং যজমানস্য সদভীষ্টং করোতীতি স স্বিষ্টকৃদগ্নিঃ। রূপং রূপতন্মাত্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

তত ইতি। যোগক্রমেণ ধ্যানবলেন, প্রতীতং জ্ঞাতম্। রূপাত্মানং রূপতন্মাত্রম্ ॥৩৯॥

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ অসংখ্যবিষয়ত্বাদিতি ভাবঃ ॥৪০॥

তাহার পর বিস্মিতচিত্ত নারদ যজ্ঞরূপী কুণ্ডস্থণ্ডিলবাসী ও সর্ব্বভূতনমস্কৃত অগ্নিকে নমস্কার করিয়া বলিলেন—॥৩৬॥

'অনশ্বর অগ্নিদেব! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি? আপনি কি রূপ, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৩৭॥

তাহার পর যজমানের সদভীষ্টকারী ভগবান্ অগ্নিদেব হাস্য করিয়া নারদকে বলিলেন—'সাধুশ্রেষ্ঠ মুনিপ্রধান ব্রাহ্মণ! আমি বৃহত্তর নহি, অনন্তও নহি; কিন্তু আমার কারণ যে রূপতন্মাত্র, তাহাকে আপনি এই কথা জিজ্ঞাসা করুন' ॥৩৮॥

তাহার পর বাগ্মিশ্রেষ্ঠ নারদ বিস্মিতচিত্ত হইয়া ধ্যানবলে রূপতন্মাত্রকে জানিয়া এবং তাহাতে প্রবেশ করিয়া প্রণামপূর্ব্বক তাঁহাকে বলিলেন—॥৩৯॥

'অবিনশ্বর রূপ! তুমি আশ্চর্য্য, ধন্য, অনন্ত এবং বৃহত্তর কি? তুমি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৪০॥

স মারুতং প্রণম্যাহ ভগবান্ মুনিসত্তমঃ।
যোগসিদ্ধো মহাযোগী জ্ঞানবিজ্ঞানপারগঃ ॥৪২॥
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্‌ভূতস্ত্বমব্যয়! ॥৪৩॥
ততো বায়ুর্হি সংপ্রাহ নারদং মুনিসত্তমম্।
কারণং পৃচ্ছ ভগবন্! স্পর্শাত্মানং মমাদ্য বৈ ॥৪৪॥
মত্তো বৃহত্তরঃ শ্রীমাননন্তশ্চ তথৈব সঃ।
ততোঽস্য বচনং শ্রুত্বা স্পর্শাত্মানমুবাচ সঃ ॥৪৫॥
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্‌ভূতস্ত্বমব্যয়! ॥৪৬॥

ভারতকৌমুদী

উদিতি। উৎস্ময়িত্বা ঈষদ্বিহস্য, রূপাত্মা রূপতন্মাত্রম্। মত্তো মদপেক্ষয়া। মহাবিলং মহাকাশচারী। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

স ইতি। যোগেন সিদ্ধঃ প্রাপ্তব্রহ্মসাক্ষাৎকারঃ ॥৪২॥

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ সদাগতিত্বাদ্ব্যাপিত্বাচ্চ ॥৪৩॥

তত ইতি। স্পর্শাত্মানং স্পর্শতন্মাত্রম্ ॥৪৪॥

মত্ত ইতি। স স্পর্শাত্মা স্পর্শতন্মাত্রমিত্যর্থঃ ॥৪৫॥

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ শীতোষ্ণাদিবিবিধরূপত্বাৎ ॥৪৬॥

তখন রূপতন্মাত্র ঈষৎ হাস্য করিয়া নারদকে বলিল—'মুনিশ্রেষ্ঠ ব্রাহ্মণ! বায়ু আমার কারণ, আমা অপেক্ষা বৃহত্তর ও শক্তিশালী, অনন্ত ও মহাকাশচারী; অতএব আপনি এ বিষয় তাঁহার নিকট জিজ্ঞাসা করুন' ॥৪১॥

তখন মুনিশ্রেষ্ঠ, যোগসিদ্ধ, মহাযোগী এবং জ্ঞান ও বিজ্ঞানের পারগামী ভগবান্ নারদ বায়ুকে নমস্কার করিয়া বলিলেন—॥৪২॥

'অবিনশ্বর বায়ু! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি? আপনি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৪৩॥

তাহার পর বায়ু মুনিশ্রেষ্ঠ নারদকে বলিলেন—'ভগবন্! স্পর্শতন্মাত্র আমার কারণ; সুতরাং আপনি তাহার নিকট এই বিষয় প্রশ্ন করুন ॥৪৪॥

স্পর্শতন্মাত্র আমা অপেক্ষা বৃহত্তর, শক্তিশালী এবং অনন্ত।' তখন নারদ বায়ুর বাক্য শুনিয়া স্পর্শতন্মাত্রকে বলিলেন—॥৪৫॥

তস্য তদ্বচনং শ্রুত্বা স্পর্শাত্মা মুনিমব্রবীৎ।
নাহং বৃহত্তরো ব্রহ্মন্নাপ্যনন্তশ্চ সত্তম ! ॥৪৭॥
কারণং মম চৈবেমমাকাশঞ্চ বৃহত্তরম্।
তং পৃচ্ছ মুনিশার্দূল ! সর্ব্বব্যাপিনমব্যয়ম্ ॥৪৮॥
তচ্ছ্রুত্বা নারদঃ শ্রীমান্ বাক্যং বাক্যবিশারদঃ।
আকাশং সমুপাগম্য প্রণম্যাহ কৃতাঞ্জলিঃ ॥৪৯॥
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্ভূতস্ত্বমব্যয় ! ॥৫০॥
আকাশস্তমুবাচেদং প্রহসন্মুনিসত্তমম্।
নাহং বৃহত্তরো ব্রহ্মন্ ! শব্দো বৈ কারণং মম ॥৫১॥
তং পৃচ্ছ মুনিশার্দূল ! স বৈ মত্তো বৃহত্তরঃ।
ততো হ্যাবিশ্য চাকাশং শব্দাত্মানমুবাচ হ ॥৫২॥

ভারতকৌমুদী

তস্যেতি। হে সত্তম ! সাধুশ্রেষ্ঠ ! ॥৪৭॥
কারণমিতি। অব্যয়ম্ অবিনশ্বরম্ ॥৪৮॥
তদিতি। শ্রীমান্ ঐশ্বর্য্যবান্ ॥৪৯॥
আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ শোভাসত্ত্বাৎ ॥৫০॥
আকাশ ইতি। শব্দঃ শব্দতন্মাত্রম্ ॥৫১॥

'অবিনশ্বর স্পর্শতন্মাত্র ! তুমি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি ? তুমি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৪৬॥

স্পর্শতন্মাত্র নারদের সেই কথা শুনিয়া তাঁহাকে বলিল—'সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ ! আমি বৃহত্তর বা অনন্ত নহি ॥৪৭॥

মুনিশ্রেষ্ঠ ! এই আকাশ আমার কারণ, ইনি আমা অপেক্ষা বৃহত্তর, সর্ব্বব্যাপী ও অবিনশ্বর ; অতএব আপনি উঁহার নিকট প্রশ্ন করুন' ॥৪৮॥

বাক্যবিশারদ নারদ তাহার সেই বাক্য শুনিয়া আকাশের নিকট যাইয়া নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিলেন—॥৪৯॥

'অনশ্বর আকাশ ! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি ? আপনি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৫০॥

তখন আকাশ হাস্য করিয়া মুনিশ্রেষ্ঠ নারদকে এই কথা বলিলেন—'ব্রাহ্মণ ! আমি বৃহত্তর নহি। শব্দ আমার কারণ' ॥৫১॥

স্বরব্যঞ্জনসংযুক্তং নানাহেতুবিভূষিতম্ ।
বেদাখ্যং পরমং গুহ্যং বেদকারণমচ্যুতম্ ॥৫৩॥ (যুগ্মকম্)
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ ।
ভবন্তং শ্রোতুমিচ্ছামি কীদৃগ্ভূতস্ত্বমব্যয় ! ॥৫৪॥
বেদাত্মা প্রত্যুবাচেদং নারদং মুনিপুঙ্গবম্ ।
ময়া কারণভূতেন সর্ববেত্তা পিতামহঃ ॥৫৫॥
ব্রহ্মণো বুদ্ধিসংস্থানমাস্থিতোঽহং মহামুনে ! ।
তস্মাদ্বৃহত্তরো মত্তঃ পদ্মযোনির্ম্মহামতিঃ ।
তং পৃচ্ছ মুনিশার্দূল ! সর্ব্বকারণকারণম্ ॥৫৬॥
ব্রহ্মলোকং ততো গত্বা নারদো মুনিপুঙ্গবৈঃ ।
সেব্যমানং মহাত্মানং লোকপালৈর্ম্মরুদ্গণৈঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

তমিতি। মত্তো মদপেক্ষয়া। নানাহেতুভিঃ কণ্ঠতাল্বাদিপ্রভৃতিভিঃ বিভূষিতম্। বেদকারণং জ্ঞানহেতুম্ ॥৫২—৫৩॥

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যো বহুবিধত্বাৎ ॥৫৪॥

বেদেতি। বেদাত্মা বেদভূতঃ শব্দঃ। পিতামহো ব্রহ্মা ॥৫৫॥

ব্রহ্মণ ইতি। বুদ্ধিসংস্থানং বুদ্ধিরূপং দেশম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

সুতরাং সেই শব্দ আমা অপেক্ষা বৃহত্তর ; অতএব মুনিশ্রেষ্ঠ ! আপনি সেই শব্দের নিকট এই বিষয় জিজ্ঞাসা করুন।' তাহার পর নারদ আকাশে উঠিয়া সেই শব্দকে বলিলেন ; সেই শব্দ স্বর ও ব্যঞ্জনসংযুক্ত, কণ্ঠ ও তালুপ্রভৃতি হইতে উৎপন্ন, বেদনামক, পরম গোপনীয়, জ্ঞানের কারণ এবং জ্ঞান হইতে অভ্রষ্ট ছিল ॥৫২—৫৩॥

'অনশ্বর শব্দ ! তুমি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি ? তুমি কি প্রকার, তাহা আমি শুনিতে ইচ্ছা করি' ॥৫৪॥

তখন বেদময় শব্দ মুনিশ্রেষ্ঠ নারদকে এই কথা বলিল—'পিতামহ ব্রহ্মা আমার দ্বারাই সর্ব্বজ্ঞ হইয়াছেন ॥৫৫॥

'মহর্ষি ! আমি ব্রহ্মার বুদ্ধিতে অবস্থান করিতেছি ; অতএব সেই পদ্মযোনি মহামতি ব্রহ্মা আমা হইতে বৃহত্তর ; সুতরাং মুনিশ্রেষ্ঠ ! আপনি সেই সর্ব্বকারণের কারণ, ব্রহ্মার নিকট এই বিষয় জিজ্ঞাসা করুন' ॥৫৬॥

সমুদ্রৈশ্চ সরিদ্ভিশ্চ ভূততত্ত্বৈঃ সভূধরৈঃ।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ জ্যোতিষাঞ্চ গণৈস্তথা ॥৫৮॥
স্তুতিস্তোমগ্রহস্তোভৈস্তথা বেদৈর্ম্মুনীশ্বরৈঃ।
উপাস্যমানং ব্রহ্মাণং লোকনাথং পরাৎ পরম্ ॥৫৯॥
হিরণ্যগর্ভং বিশ্বেশং চতুর্বক্ত্রেণ ভূষিতম্।
প্রণম্য প্রাঞ্জলিঃ প্রহ্বস্তমাহ মুনিপুঙ্গবঃ ॥৬০॥ (কলাপকম্)
আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তোঽসি বৃহত্তরঃ।
ভবন্তং বেত্তুমিচ্ছামি কীদৃগ্‌ভূতস্ত্বমব্যয়! ॥৬১॥
তচ্ছ্রুত্বা ভগবান্ ব্রহ্মা সর্বলোকপিতামহঃ।
উৎস্ময়ন্ মুনিমাহেদং কর্ম্মমূলস্য লোপকম্ ॥৬২॥
নাহং বৃহত্তরো ব্রহ্মন্নাপ্যনন্তশ্চ সত্তম!।
লোকানাং মম সর্বেষাং নাথভূতো বৃহত্তরঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। মরুদ্গণৈরন্যৈর্দেবগণৈঃ। ভূততত্ত্বৈঃ ক্ষিত্যাদিপদার্থৈঃ, সভূধরৈঃ সপর্ব্বতৈঃ। জ্যোতিষাং তারাণাম্। স্তুতিস্তোমৈঃ স্তবসমূহৈঃ গ্রহৈ রব্যাদিভিঃ স্তোভৈঃ প্রাগুক্তস্বরপূরকশব্দৈঃ। প্রহ্বঃ অবনতঃ ॥৫৭—৬০॥

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ বিচিত্রপদার্থসৃষ্টিকরণাৎ ॥৬১॥

তদিতি। উৎস্ময়ন্ মন্দং হসন্। কর্ম্মমূলস্য কামস্য, লোপকং নিবর্ত্তকম্ ॥৬২॥

নেতি। নাথভূতঃ পতিঃ ॥৬৩॥

তাহার পর মুনিশ্রেষ্ঠ নারদ ব্রহ্মলোকে যাইয়া দেখিলেন—মুনিশ্রেষ্ঠগণ, দিক্‌-পালগণ, অন্যান্য দেবগণ, সমুদ্রগণ, নদীগণ, পৃথিব্যাদিভূতগণ, পর্ব্বতগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, নক্ষত্রগণ, স্তবগণ, গ্রহগণ, স্বরপূরক শব্দগণ, বেদগণ ও ঋষিগণ সেবা ও উপাসনা করিতেছেন; আর শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর লোকনাথ, বিশ্বনাথ ও হিরণ্যগর্ভ, চতুর্মুখ মহাত্মা ব্রহ্মা বসিয়া আছেন; তখন মুনিশ্রেষ্ঠ নারদ তাঁহাকে প্রণাম করিয়া কৃতাঞ্জলি ও অবনত হইয়া বলিলেন—॥৫৭—৬০॥

'হে অনশ্বর! পিতামহ! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত ও বৃহত্তর কি? আপনি কি প্রকার, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥৬১॥

নারদের সেই বাক্য শুনিয়া, সর্ব্বলোকপিতামহ ভগবান্ ব্রহ্মা ঈষৎ হাস্য করিয়া নারদকে কামনিবর্ত্তক এই বাক্য বলিলেন—॥৬২॥

নন্দগোপকুলে গোপকুমারৈঃ পরিবারিতঃ।
সমস্তজগতাং গোপ্তা গোপবেষেণ সংস্থিতঃ ॥৬৪॥
মদ্রূপঞ্চ সমাস্থায় জগৎসৃষ্টিং করোতি সঃ।
ঐশানমাস্থিতঃ শ্রীমান্ হন্তি নিত্যং হি পাতি চ ॥৬৫॥
বিষ্ণুঃ স্বরূপরূপোঽসৌ কারণং স হরির্মম।
তং পৃচ্ছ মুনিশার্দূল! স চানন্তো বৃহত্তরঃ ॥৬৬॥
ততোঽবতীর্য্য ভগবান্ ব্রহ্মলোকান্মহামুনিঃ।
নন্দগোপকুলে বিষ্ণুমেনং কৃষ্ণং জগৎপতিম্ ॥৬৭॥
বালক্রীড়নকাসক্তং বৎসজালবিভূষিতম্।
পায়য়িত্বাথ বধ্নন্তং ধূলিধূম্রাননং পরম্ ॥৬৮॥
গায়মানৈর্হসদ্ভিশ্চ নৃত্যদ্ভিশ্চ সমন্ততঃ।
পাণিবাদনকৈশ্চৈব সংবৃতং বেণুবাদকৈঃ।
প্রণিপত্যাব্রবীদেনং নারদো ভগবান্ মুনিঃ ॥৬৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথ কোঽসাবিত্যাহ নন্দেতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। গোপ্তা রক্ষিতা ॥৬৪॥
মদিতি। ঈশানস্য ভাব ইতি ঐশানমীশ্বরত্বং তৎ ॥৬৫॥
বিষ্ণুরিতি। স্বরূপমাত্মরূপমেব রূপং যস্য সঃ ॥৬৬॥
তত ইতি। কৃষ্ণং কৃষ্ণভূতম্। বালক্রীড়নকেষু বালখেলোপকরণেষু আসক্তম্, বৎসজালেন গোবৎসসমূহেন বিভূষিতম্, পায়য়িত্বা বধ্নন্তং গোবৎসানেব। গায়মানৈঃ ধূলীরালোড়য়দ্ভিঃ। পাণিবাদনকৈঃ করতালিদানকারিভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৭—৬৯॥

'ব্রাহ্মণ সাধুশ্রেষ্ঠ! আমি বৃহত্তর বা অনন্ত নহি; কিন্তু আমার ও সর্ব্বলোকের অধীশ্বরই বৃহত্তর ॥৬৩॥

সেই সমস্ত জগতের রক্ষক গোপবেষ ধারণ করিয়া গোপবালকগণে পরিবেষ্টিত হইয়া নন্দগোপের গৃহে বাস করিতেছেন ॥৬৪॥

তিনি আমার রূপ ধারণ করিয়া জগৎ সৃষ্টি করেন, আত্মরূপে জগৎ পালন করেন এবং রুদ্ররূপ ধারণ করিয়া জগৎ সংহার করেন ॥৬৫॥

মুনিশ্রেষ্ঠ! পরমাত্মস্বরূপ সেই বিষ্ণুই আমার কারণ এবং তিনিই অনন্ত ও বৃহত্তর; সুতরাং তুমি তাঁহার নিকট এ বিষয় জিজ্ঞাসা কর' ॥৬৬॥

আশ্চর্য্যোঽসি চ ধন্যোঽসি হ্যনন্তশ্চ বৃহত্তরঃ।
বেত্তাসি চাব্যয়শ্চাসি বেত্তুমিচ্ছামি যাদৃশম্ ॥৭০॥
ততঃ প্রহস্য ভগবান্ নারদং প্রত্যুবাচ হ।
মত্তঃ পরতরং নাস্তি মত্তঃ সর্বং প্রতিষ্ঠিতম্ ॥৭১॥
মত্তো বৃহত্তরং নান্যদহমেব বৃহত্তরঃ।
আকাশে চ স্থিতঃ পূর্বমুক্তবানহমেব তে ॥৭২॥
ন মাং বেত্তি জনঃ কশ্চিন্মায়া মম দুরত্যয়া।
ভক্ত্যা ত্বনন্যয়া যুক্তা মাং বিজানন্তি যোগিনঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

আশ্চর্য্য ইতি। আশ্চর্য্যঃ অসংখ্যরূপত্বাৎ ॥৭০॥
তত ইতি। ভগবান্ কৃষ্ণঃ। পরতরং শ্রেষ্ঠতরং বস্তু ॥৭১॥
মত্ত ইতি। উক্তবান্ অশরীরিণ্যা বাণ্যা ॥৭২॥
নেতি। কথং ন বেত্তীত্যাহ মায়েতি। দুরত্যয়া দুরতিক্রমা ॥৭৩॥

তাহার পর ভগবান্ মহামুনি নারদ ব্রহ্মলোক হইতে অবতীর্ণ হইয়া নন্দগোপের গৃহে এই কৃষ্ণস্বরূপ জগৎপতি বিষ্ণুকে দর্শন করিলেন। তৎকালে তিনি বাল-খেলায় ব্যাপৃত ও গোবৎসসমূহে অলঙ্কৃত ছিলেন; কতকগুলি গোবৎসকে দুগ্ধ পান করাইয়া বন্ধন করিতেছিলেন এবং ধূলিতে তাঁহার মুখমণ্ডল ধূম্রবর্ণ হইয়াছিল। বহুতর গোপবালক ধূলি আলোড়ন করিতেছিল; অনেকে হাস্য করিতেছিল, কেহ কেহ সকল দিকে নৃত্য করিতেছিল, বহু বালক করতালি দিতেছিল এবং অনেকে বংশী বাদন করিতেছিল—এই অবস্থায় তাহারা কৃষ্ণকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল; তখন ভগবান্ নারদ নমস্কার করিয়া তাঁহাকে বলিলেন—॥৬৭—৬৯॥

'ভগবন্! আপনি আশ্চর্য্য, ধন্য, অনন্ত, বৃহত্তর, সর্ব্বজ্ঞ ও অবিনশ্বর কি? আপনি যে রূপই হউন না কেন, আমি আপনাকে জানিতে ইচ্ছা করি' ॥৭০॥

তাহার পর ভগবান্ কৃষ্ণ হাস্য করিয়া নারদকে বলিলেন - 'আমা হইতে উৎকৃষ্ট বস্তু নাই এবং আমা হইতেই সমস্ত বস্তু জগতে প্রতিষ্ঠিত হইয়াছে ॥৭১॥

আমা হইতে বৃহত্তর অন্য বস্তু নাই এবং আমিই সর্ব্বাপেক্ষা বৃহত্তর; আর আমিই পূর্ব্বে আকাশে থাকিয়া তোমাকে এই কথা বলিয়াছিলাম ॥৭২॥

কোন লোকই আমাকে জানিতে পারে না। কারণ, আমার মায়াকে অতিক্রম করা দুষ্কর; তবে যোগীরা অনন্যগামিনী ভক্তিদ্বারা আমাকে জানিতে পারেন ॥৭৩॥

প্রিয়োঽসি মম ভক্তোঽসি মম তত্ত্বং বিলোকয়।
দদামি তব তজ্‌জ্ঞানং যেন তত্ত্বং প্রপশ্যসি ॥৭৪॥
অন্যেষাঞ্চৈব ভক্তানাং মম যোগরতাত্মনাম্।
দদামি দিব্যং জ্ঞানঞ্চ যেন তত্ত্বং প্রপশ্যসি ॥৭৫॥
অন্যেষাঞ্চৈব ভক্তানাং মম যোগরতাত্মনাম্।
দদামি দিব্যং জ্ঞানঞ্চ তেন তে যান্তি মৎপদম্।
এবমুক্ত্বা যযৌ কৃষ্ণো নন্দগোপগ্রহং হরিঃ ॥৭৬॥

ভীষ্ম উবাচ।

এতত্তে কথিতং রাজন্! বিষ্ণুতত্ত্বমনুত্তমম্।
ভজস্বৈনং বিশালাক্ষং জপন্ কৃষ্ণেতি সত্তম! ॥৭৭॥
মোহয়ন্ মাং তথা ত্বাঞ্চ শৃণোত্যেষ ময়েরিতান্।
ধর্ম্মাত্মা চ মহাবাহো! ভক্তান্ রক্ষতি নান্যথা ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে বিষ্ণুতত্ত্বকথনে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রিয় ইতি। তত্ত্বং স্বরূপম্ ॥৭৪॥
অন্যেষামিতি। যেন যাদৃশেন জ্ঞানেন ত্বমপি মম তত্ত্বং প্রপশ্যসি ॥৭৫॥
অন্যেষামিতি। মম পদং স্থানম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥
এতদিতি। বিষ্ণোস্তত্ত্বং স্বরূপম, ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তৎ ॥৭৭॥

নারদ! তুমি আমার প্রিয় এবং ভক্ত; অতএব তুমি আমার স্বরূপ দর্শন কর; আমি তোমাকে সেই জ্ঞান দান করিতেছি, যাহাদ্বারা তুমি আমার স্বরূপ দর্শন করিতে পারিবে ॥৭৪॥

আমার ধ্যানে নিরত অন্যান্য ভক্তদিগকেও আমি দিব্য জ্ঞানদান করিয়া থাকি; যেরূপ জ্ঞানদ্বারা তুমি আমার স্বরূপ দেখিবে ॥৭৫॥

আমার ধ্যানে নিরত অন্যান্য ভক্তদিগকেও আমি এই দিব্য জ্ঞান দিয়া থাকি; তাহার বলেই তাঁহারা আমার লোকে গমন করিয়া থাকেন।' এই কথা বলিয়া কৃষ্ণরূপী ভগবান্ নারায়ণ নন্দগোপের গৃহে গমন করিলেন' ॥৭৬॥

ভীষ্ম বলিলেন—'সাধুশ্রেষ্ঠ রাজা! এই আমি তোমার নিকট সর্ব্বশ্রেষ্ঠ বিষ্ণুতত্ত্ব বলিলাম। তুমি কৃষ্ণনাম জপ করিতে থাকিয়া এই বিশালনয়ন কৃষ্ণের সেবা কর ॥৭৭॥

* '...নবাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।

পিতামহ! মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ!।
প্রয়াণকালে কিং জপ্যং মোক্ষিভিস্তত্ত্বচিন্তকৈঃ ॥১॥
কিংনু স্মরন্ কুরুশ্রেষ্ঠ! মরণে সমুপস্থিতে।
প্রাপ্নুয়াৎ পরমাং সিদ্ধিং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥২॥

ভীষ্ম উবাচ।

ত্বদ্‌যুক্তশ্চ হিতঃ সূক্ষ্ম উক্তঃ প্রশ্নস্ত্বয়ানঘ!।
শৃণুষ্বাবহিতো রাজন্! নারদেন পুরা শ্রুতম্ ॥৩॥

ভারতকৌমুদী

মোহয়ন্নিতি। ঈরিতান্ উক্তান্ ইমান্ বাদান্। অন্যথা অভক্তান্ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে চতুরধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

পিতেতি। মোক্ষিভির্মুমুক্ষুভিঃ, তত্ত্বচিন্তকৈর্ব্রহ্মধ্যায়িভিঃ ॥১॥

কিমিতি। সিদ্ধিম্ অভীষ্টলোকগতিম্ ॥২॥

ত্বদিতি। ত্বয়ি যুক্তস্ত্বদ্‌যুক্তঃ, সূক্ষ্মঃ সূক্ষ্মবিষয়কঃ। শ্রুতং স্বয়ং নারায়ণাৎ ॥৩॥

মহাবাহু যুধিষ্ঠির! এই কৃষ্ণ আমাকে ও তোমাকে মোহিত করিয়া আমার এই সকল বাক্য শুনিয়াছেন; এই ধর্ম্মাত্মা নারায়ণ ভক্তদিগকে রক্ষা করেন, অভক্তদিগকে রক্ষা করেন না' ॥৭৮॥

—:০:—

যুধিষ্ঠির বলিলেন—'সর্ব্বশাস্ত্রবিশারদ মহাপ্রাজ্ঞ পিতামহ! মৃত্যুকালে ব্রহ্ম-ধ্যানকারী মোক্ষার্থীদিগের কি জপ করা উচিত ॥১॥

কৌরবশ্রেষ্ঠ! মৃত্যুকাল উপস্থিত হইলে, মানুষ কি স্মরণ করিয়া পরম সিদ্ধিলাভ করিতে পারে; তাহা আমি যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি' ॥২॥

শ্রীবৎসাঙ্কং জগদ্‌বীজমনন্তং লোকসাক্ষিণম্।
পুরা নারায়ণং দেবং নারদঃ পর্য্যপৃচ্ছত ॥৪॥
অক্ষরং পরমং ব্রহ্ম নির্গুণং তমসঃ পরম্।
আহুর্বৈদ্যং পরং ধাম ব্রহ্মাদিকমলোদ্ভবম্ ॥৫॥
ভগবন্! ভূতভব্যেশ! শ্রদ্দধানৈর্জিতেন্দ্রিয়ৈঃ।
কথং ভক্তৈর্বিচিন্ত্যোঽসি যোগিভির্মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥৬॥
কিংনু জপ্যং জপেন্নিত্যং কল্যমুত্থায় মানবঃ।
স্মরেচ্চ ম্রিয়মাণো বৈ বিশেষেণ মহাদ্যুতে!।
কথং যুঞ্জন্ সমাধ্যায়েদ্‌ব্রূহি তত্ত্বং সনাতনম্ ॥৭॥

ভারতকৌমুদী

শ্রীতি। শ্রীবৎসো রোমাবর্ত্তঃ অঙ্কো বক্ষসি চিহ্নং যস্য তম্ ॥৪॥

অক্ষরমিতি। ন ক্ষরতীত্যক্ষরং নিত্যম্। বৈদ্যং বিদ্যামাত্রগম্যম্, ব্রহ্মণশ্চতুরাননস্য যৎ আদিকমলং কারণীভূতং পদ্মং তস্য উদ্‌ভবো যস্মাত্তম্, ভবন্তমেবাহুর্ম্মুনয় ইতি শেষঃ ॥৫॥

ভগবন্নিতি। ভূতানামতীতানাং ভব্যানাং ভবিষ্যতাং সন্দংশপাতন্যায়াৎ বর্ত্তমানানাঞ্চ পদার্থানাম্। ঈশ! নিয়ন্তঃ! ॥৬॥

কিমিতি। জপ্যং মন্ত্রম্। কল্যং প্রাতঃ, যুঞ্জন্ যোগং কুর্ব্বন্, তত্ত্বং ব্রহ্ম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

ভীষ্ম বলিলেন—'নিষ্পাপ রাজা! তুমি যে প্রশ্ন করিলে, উহা তোমার পক্ষে উপযুক্তই বটে। কারণ, উহা সকলের পক্ষেই হিতকারী ও সূক্ষ্মবিষয়। পূর্ব্বকালে নারদ ভগবান্ নারায়ণের মুখে যাহা শুনিয়াছিলেন, তাহা তুমি অবহিত হইয়া শ্রবণ কর ॥৩॥

পূর্ব্বকালে একদা নারদ যাইয়া শ্রীবৎসচিহ্নে চিহ্নিত, জগতের কারণ, অনন্ত ও লোকসাক্ষী ভগবান্ নারায়ণের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৪॥

'ভগবন্! মহর্ষিরা বলেন—'আপনি নিত্য, পরব্রহ্ম, নির্গুণ, তমোগুণাতীত, বিদ্যামাত্রগম্য, পরম আশ্রয় এবং ব্রহ্মার উৎপত্তি স্থান আদিপদ্মের উৎপাদক ॥৫॥

ভগবন্! ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের অধীশ্বর! শ্রদ্ধাপরায়ণ ও জিতেন্দ্রিয় ভক্তগণ এবং মোক্ষার্থী যোগিগণ, কি প্রকারে আপনাকে চিন্তা করিবেন ॥৬॥

মহাতেজা নারায়ণ! মানুষ প্রত্যহ প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া কোন্ মন্ত্র জপ করিবে এবং মৃত্যুকালে বিশেষভাবে কাহাকে স্মরণ করিবে? আর যোগ করিবার সময়ে কাহাকে ধ্যান করিবে? আপনি সেই সনাতন তত্ত্ব বলুন' ॥৭॥

শ্রুত্বা চ নারদোক্তন্তু দেবানামীশ্বরঃ স্বয়ম্।
প্রোবাচ ভগবান্ বিষ্ণুর্নারদং বরদঃ প্রভুঃ ॥৮॥
হন্ত তে কথয়িষ্যামি ইমাং দিব্যামনুস্মৃতিম্।
যামধীত্য প্রয়াণে তু মদ্ভাবায়োপপদ্যতে ॥৯॥
ওঁকারমগ্রতঃ কৃত্বা মাং নমস্কৃত্য নারদ!।
একাগ্রঃ প্রয়তো ভূত্বা ইমং মন্ত্রমুদীরয়েৎ ॥১০॥
ওঁ নমো ভগবতে বাসুদেবায়েতি ॥১১॥
ইত্যুক্তো নারদঃ প্রাহ প্রাঞ্জলিঃ প্রণতঃ স্থিতঃ।
সর্বদেবেশ্বরং বিষ্ণুং সর্বাত্মানং হরিং প্রভুম্ ॥১২॥

নারদ উবাচ।

অব্যয়ং শাশ্বতং দেবং প্রভবং পুরুষোত্তমম্।
প্রপদ্যে প্রাঞ্জলির্বিষ্ণুমক্ষরং পরমং পদম্ ॥১৩॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। বরদো ভক্তেভ্যো বরদাতা ॥৮॥

হন্তেতি। অনুস্মর্য্যত ইত্যনুস্মৃতির্মন্ত্রস্তাম্। অধীত্য উচ্চার্য্য ॥৯॥

ওঁকারমিতি। অগ্রতঃ পূর্ব্বম্। প্রয়তঃ শুদ্ধচিত্তঃ ॥১০॥

ওমিতি। ইতিশব্দো মন্ত্রসমাপ্তিসূচনার্থঃ ॥১১॥

ইতীতি। সর্ব্বাত্মানং সর্ব্বস্বরূপং "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥১২॥

অব্যয়মিতি। অব্যয়মনশ্বরম্, অতএব শাশ্বতং সনাতনম্, প্রভবত্যস্মাদিতি প্রভবো জগৎকারণং তম্। অক্ষরমচলম্ ॥১৩॥

দেবাধিপতি, বরদাতা ও জগতের অধীশ্বর স্বয়ং নারায়ণ নারদের উক্তি শুনিয়া তাঁহাকে বলিলেন—॥৮॥

'মানুষ মৃত্যুকালে যে মন্ত্র উচ্চারণ করিয়া, আমার স্বরূপ লাভ করিতে পারে, সেই অলৌকিক মন্ত্র আমি তোমার নিকট বলিতেছি ॥৯॥

নারদ! মানুষ মৃত্যুকালে একাগ্র ও শুদ্ধচিত্ত হইয়া আমাকে নমস্কার করিয়া প্রথমে ওঁকার উচ্চারণপূর্ব্বক এই মন্ত্র উচ্চারণ করিবে ॥১০॥

সেই মন্ত্র এই—'ওঁ নমো ভগবতে বাসুদেবায়' ॥১১॥

নারায়ণ এই কথা বলিলে, নারদ কৃতাঞ্জলি হইয়া এবং অবনত থাকিয়া সমস্ত দেবতার অধীশ্বর, সর্ব্বস্বরূপ ও প্রভাবশালী নারায়ণকে বলিতে লাগিলেন ॥১২॥

পুরাণং প্রভবং বিষ্ণুমক্ষয়ং লোকসাক্ষিণম্ ।
প্রপদ্যে পুণ্ডরীকাক্ষমীশং ভক্তানুকম্পিনম্ ॥১৪॥
লোকনাথং সহস্রাক্ষমদ্ভুতং পরমং পদম্ ।
ভগবন্তং প্রপন্নোঽস্মি ভূতভব্যভবৎ প্রভুম্ ॥১৫॥
স্রষ্টারং সর্বলোকানামনন্তং সর্বতোমুখম্ ।
পদ্মনাভং হৃষীকেশং প্রপদ্যে সত্যমচ্যুতম্ ॥১৬॥
হিরণ্যগর্ভমমৃতং ভূগর্ভং পরতঃ পরম্ ।
প্রভোঃ প্রভুমনাদ্যন্তং প্রপদ্যে তং রবিপ্রভম্ ॥১৭॥
সহস্রশীর্ষং পুরুষং মহর্ষিং তত্ত্বভাবনম্ ।
প্রপদ্যে সূক্ষ্মমচলং বরেণ্যমভয়প্রদম্ ॥১৮॥

ভারতকৌমুদী

পুরাণমিতি। লোকসাক্ষিণং সর্ব্বভুবনদ্রষ্টারম্ ॥১৪॥

লোকেতি। প্রপন্নঃ শরণত্বেন প্রাপ্তঃ ॥১৫॥

স্রষ্টারমিতি। সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু মুখানি যস্য তম্। হৃষীকা মায়া তস্যা ঈশং নিয়ন্তারম্ ॥১৬॥

হিরণ্যেতি। হিরণ্যগর্ভং সৃষ্টিকালে বিরিঞ্চিরূপম্, অমৃতং নিত্যমুক্তম্, ভূঃ পৃথিবী গর্ভে যস্য তং ব্রহ্মাণ্ডভাণ্ডোদরমিত্যর্থঃ ॥১৭॥

সহস্রেতি। সহস্রশীর্ষং পুরুষং "সহস্রশীর্ষা পুরুষঃ" ইত্যাদি শ্রুতেঃ। তত্ত্বানি পৃথিব্যাদীনি ভাবয়তি উৎপাদয়তীতি তম্ ॥১৮॥

নারদ বলিলেন—'আমি কৃতাঞ্জলি হইয়া অবিনশ্বর, সনাতন, জগৎকারণ, অক্ষর ও পরমপদস্বরূপ পুরুষোত্তম নারায়ণের স্মরণাপন্ন হইতেছি ॥১৩॥

পুরাণ, জগৎকারণ, অক্ষর, লোকসাক্ষী, পদ্মনয়ন, ভক্তজনের প্রতি দয়ালু ও জগদীশ্বর বিষ্ণুর শরণাপন্ন হইতেছি ॥১৪॥

লোকনিয়ন্তা, সহস্র নয়ন, অদ্ভুতপ্রভাব, পরমপদ এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নিয়ন্তা ভগবান্ নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥১৫॥

সমস্ত লোকের সৃষ্টিকর্ত্তা, অন্তবিহীন, সর্ব্বতোমুখ, পদ্মনাভ, হৃষীকেশ, সত্য ও অচ্যুতদেবের শরণাপন্ন হইতেছি ॥১৬॥

সৃষ্টিকালে বিরিঞ্চিস্বরূপ, নিত্যমুক্ত, ব্রহ্মাণ্ডভাণ্ডোদর, উত্তম হইতে উত্তম, প্রভুরও প্রভু, আদি ও অন্তশূন্য এবং সূর্য্যের ন্যায় তেজস্বী সেই নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥১৭॥

নারায়ণং পুরাণর্ষিং যোগাত্মানং সনাতনম্।
সংস্থানং সর্বতত্ত্বানাং প্রপদ্যে ধ্রুবমীশ্বরম্ ॥১৯॥
যঃ প্রভুঃ সর্ব্বভূতানাং যেন সর্বমিদং ততম্।
পরাবরগুরুর্বিষ্ণুঃ স মে দেবঃ প্রসীদতু ॥২০॥
যস্মাদুৎপদ্যতে ব্রহ্মা পদ্মযোনিঃ সনাতনঃ।
ব্রহ্মযোনির্হি বিশ্বাত্মা স মে বিষ্ণুঃ প্রসীদতু ॥২১॥
যঃ পুরা প্রলয়ে প্রাপ্তে নষ্টে স্থাবরজঙ্গমে।
ব্রহ্মাদিষু প্রলীনেষু নষ্টে লোকপরাবরে ॥২২॥
আভূতসংপ্লবে চৈব প্রলীনেঽপ্রাকৃতো মহান্।
একস্তিষ্ঠতি বিশ্বাত্মা স মে বিষ্ণুঃ প্রসীদতু ॥২৩॥ (যুগ্মকম্)
চতুর্ভিশ্চ চতুর্ভিশ্চ দ্বাভ্যাং পঞ্চভিরেব চ।
হূয়তে চ পুনর্দ্বাভ্যাং স মে বিষ্ণুঃ প্রসীদতু ॥২৪॥

ভারতকৌমুদী

নারেতি। সংস্থানমাশ্রয়ম্, "তস্মিন্ লোকাশ্রিতাঃ সর্ব্বে' ইতি শ্রুতেঃ ॥১৯॥
য ইতি। ততং ব্যাপ্তম্। পরাবরেষাম্ উত্তমাধমানাং সর্ব্বেষামেব গুরুঃ শিক্ষয়িতা ॥২০॥
যস্মাদিতি। ব্রহ্মণো যোনিঃ কারণম্ ॥২১॥
য ইতি। প্রাপ্তে উপস্থিতে। লোকে জগতি পরাবরে উৎকৃষ্টনিকৃষ্টে। আভূতসংপ্লবে সূক্ষ্মভূতপর্য্যন্তপদার্থনিবহে। অপ্রাকৃতঃ প্রকৃত্যজনিতঃ ॥২২—২৩॥

যিনি সহস্রশীর্ষ পুরুষ ও মহর্ষি, যিনি পৃথিব্যাদি তত্ত্বের উৎপাদক এবং যিনি সূক্ষ্ম, অচল, বরেণ্য ও অভয়দাতা, সেই নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥১৮॥

যিনি পূর্ব্বকালে নারায়ণ নামে ঋষি ছিলেন এবং যিনি যোগস্বরূপ, সনাতন ও সমস্ত পদার্থের আশ্রয়, সেই নিত্য ঈশ্বরের শরণাপন্ন হইতেছি ॥১৯॥

যিনি সর্ব্বভূতের প্রভু এবং যিনি এই সমগ্র জগৎ ব্যাপ্ত করিয়া রহিয়াছেন, সেই সমস্ত লোকের গুরু বিষ্ণুদেব, আমার উপরে প্রসন্ন হউন ॥২০॥

পদ্মযোনি সনাতন ব্রহ্মা যাঁহা হইতে উৎপন্ন হন, সেই ব্রহ্মযোনি ও বিশ্বাত্মা বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥২১॥

পূর্ব্বকালে প্রলয় উপস্থিত হইলে, ব্রহ্মাদি দেবগণ, স্থাবর ও জঙ্গমপদার্থ, জগতের উত্তম ও অধম, সমস্ত বস্তু এবং সূক্ষ্মভূত পর্য্যন্ত লয় পাইয়া গেলে অলৌকিক, মহান্ ও বিশ্বাত্মা একমাত্র যিনি থাকেন, সেই বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥২২—২৩॥

পর্জন্যঃ পৃথিবী শস্যং কালো ধর্ম্মঃ ক্রিয়াক্রিয়ে।
গুণাকরঃ সঃ স মে বভ্রুর্বাসুদেবঃ প্রসীদতু ॥২৫॥
অগ্নীষোমার্কতারাণাং ব্রহ্মরুদ্রেন্দ্রযোগিনাম্।
যস্তেজয়তি তেজাংসি স মে বিষ্ণুঃ প্রসীদতু ॥২৬॥
যোগাবাস! নমস্তভ্যং সর্ব্বাবাস! বরপ্রদ!।
যজ্ঞগর্ভ! হিরণ্যাঙ্গ! পঞ্চযজ্ঞ! নমোঽস্তু তে ॥২৭॥
চতুর্ম্মূর্ত্তে! পরং ধাম লক্ষ্যাবাস! পরার্চিত!।
সর্বাবাস! নমস্তেঽস্তু বাসুদেব! প্রধানকৃৎ ॥২৮॥

ভারতকৌমুদী

চতুর্ভিরিতি। মহাদানাদৌ তদঙ্গযাগে ষোড়শ ঋত্বিজঃ স্যুঃ, তত্র চতুর্ভিশ্চতুর্ভি ঋত্বিগ্ভিঃ, দ্বাভ্যাং হোতৃপ্রতিহোতৃভ্যাম্, পঞ্চভিঃ হোত্রাচার্য্যব্রহ্মসদস্যপ্রতিহোতৃভিঃ, পুনর্দ্বাভ্যাং হোতৃপ্রতিহোতৃভ্যাম্, যো হূয়তে স বিষ্ণুর্মে প্রসীদতু ॥২৪॥

পর্জ্জন্য ইতি। পর্জন্যো নিষেক্তা, পৃথিবী ক্ষেত্রম্, শস্যং তজ্জাতং ফলম্, কালো বর্ষাদিঃ ধর্ম্মো ন্যায়ঃ, ক্রিয়া যাগাদিঃ অক্রিয়া চ চৌর্য্যাদিস্ত এতে যস্মাৎ প্রাদুর্ভবন্তীতি শেষঃ। গুণানাং শৌর্য্যদয়াদীনামাকরঃ বভ্রুঃ শ্যামঃ, স বাসুদেবো মে প্রসীদতু ॥২৫॥

অগ্নীতি। তেজয়তি বর্দ্ধয়তি ॥২৬॥

যোগেতি। হে যোগাবাস! যোগাশ্রয়!। যজ্ঞো গর্ভে যস্য তৎসম্বোধনং সর্ব্বাধারত্বাৎ; হিরণ্যবৎ উজ্জ্বলমঙ্গং যস্য তৎ সম্বোধনম্; হে পঞ্চযজ্ঞ! তৎস্বরূপ!। পঞ্চযজ্ঞানাহ মনুঃ—"অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্॥" ॥২৭॥

চতুরিতি। চত্বারো বেদা এব মূর্ত্তির্যস্য সঃ, পরৈরুত্তমৈর্ব্রহ্মাদিভিরপি অর্চ্চিত!। প্রধানং প্রকৃতিমপি করোতীতি তৎসম্বোধনম্ ॥২৮॥

মহাদানের অঙ্গীভূত যাগে চারি চারিজন ঋত্বিক্, দুই জন ঋত্বিক্, পাঁচ জন ঋত্বিক্, আবার দুইজন ঋত্বিক্, যাঁহার উদ্দেশে হোম করেন; সেই বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥২৪॥

মেঘ, পৃথিবী, শস্য, কাল, ধর্ম্ম এবং সৎ কার্য্য ও অসৎ কার্য্য যাঁহা হইতে প্রবৃত্ত হয়; সেই গুণাকর শ্যামবর্ণ বাসুদেব আমার উপরে প্রসন্ন হউন ॥২৫॥

যিনি ব্রহ্মা, রুদ্র, ইন্দ্র, যোগিগণ, অগ্নি, চন্দ্র, সূর্য্য ও নক্ষত্রগণের তেজ বৃদ্ধি করেন; সেই বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥২৬॥

যোগাধার! সর্ব্বাশ্রয়! বরদাতা! আপনাকে নমস্কার করি; যজ্ঞগর্ভ! হিরণ্যাঙ্গ! পঞ্চযজ্ঞস্বরূপ! আপনাকে নমস্কার করি ॥২৭॥

অজস্ত্বনাময়ঃ পন্থা হ্যমূর্ত্তির্বিশ্বমূর্ত্তিধৃৎ।
বিকর্ত্ত! পঞ্চকালজ্ঞ! নমস্তে জ্ঞানসাগর! ॥২৯॥
অব্যক্তাদ্ব্যক্তমুৎপন্নমব্যক্তাদ্যঃ পরোঽক্ষরঃ।
যস্মাৎ পরতরং নাস্তি তমস্মি শরণং গতঃ ॥৩০॥
ন প্রধানং ন চ মহান্ পুরুষশ্চেতনো হ্যজঃ।
অনয়োর্যঃ পরতরস্তমস্মি শরণং গতঃ ॥৩১॥
চিন্তয়ন্তো হি যং নিত্যং ব্রহ্মেশানাদয়ঃ প্রভুম্।
নিশ্চয়ং নাধিগচ্ছন্তি তমস্মি শরণং গতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অজ ইতি। পন্থা যোগিভির্গম্যত্বাৎ। হে বিকর্ত্ত! প্রলয়কারিন্! পঞ্চকালান্ প্রাতঃ-সঙ্গব-মধ্যাহ্নাপরাহ্নসায়ংরূপান্ জানাতীতি সঃ। তথা চ লিখিততত্ত্বধৃতা স্মৃতিঃ—"প্রাতঃকালো মুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু। মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তস্যাদপরাহ্নস্ততঃ পরম্। সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ..."॥২৯॥

অব্যক্তাদিতি। অব্যক্তাৎ প্রকৃতেঃ ব্যক্তং মহত্তত্ত্বাদি উৎপন্নম্। অতএবাব্যক্তস্য প্রাধান্য-মিতি ভাবঃ। তস্মাদব্যক্তাদপি যঃ পরঃ প্রধানঃ চিন্ময়ত্বাৎ, অক্ষরো নিত্যঃ ॥৩০॥

নেতি। প্রধানং প্রকৃতিঃ, মহান্ মহত্তত্ত্বম্, ইমৌ জড়ৌ, অজো নিত্যঃ পুরুষো হি চেতনঃ। অনয়োর্জড়চেতনয়োরুভয়োর্মধ্যে যঃ পরতরশ্চেতনতয়া শ্রেষ্ঠতরঃ, তং শরণং গতোঽস্মি ॥৩১॥

চিন্তেতি। নিশ্চয়ম্ ইদন্তয়া নির্ণয়ম্ ॥৩২॥

চতুর্ব্বেদমূর্ত্তি! পরমাশ্রয়! লক্ষ্মীর বাসস্থান, প্রধানার্চিত, বিশ্বের আধার ও প্রকৃতির উৎপাদক! বাসুদেব! আপনাকে নমস্কার করি ॥২৮॥

আপনি জন্ম ও উপদ্রবরহিত, আপনি যোগিগণের গম্যপন্থা, নিরাকার, অথচ বিশ্বাকারধারী। হে প্রলয়কারক! পঞ্চকালজ্ঞ ও জ্ঞানের সাগর! আপনাকে নমস্কার করি ॥২৯॥

প্রকৃতি হইতে মহত্তত্ত্বপ্রভৃতি জন্মিয়াছে; আপনি সেই প্রকৃতি হইতেও শ্রেষ্ঠ এবং নিত্য, আর যাহা হইতে শ্রেষ্ঠতর বস্তু নাই, আমি সেই নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥৩০॥

প্রকৃতি ও মহত্তত্ত্ব চেতন নহে, কিন্তু পুরুষ চেতন ও নিত্য। এই উভয় জড় ও চেতনের মধ্যে যিনি শ্রেষ্ঠতর, সেই পুরুষরূপী নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥৩১॥

ব্রহ্মা ও রুদ্রপ্রভৃতি সর্ব্বদা ধ্যান করিতে থাকিয়াও যে প্রভুর স্বরূপ নির্ণয় করিতে পারেন না; আমি তাঁহার শরণাপন্ন হইতেছি ॥৩২॥

জিতেন্দ্রিয়া মহাত্মানো জ্ঞানধ্যানপরায়ণাঃ।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তমস্মি শরণং গতঃ ॥৩৩॥
একাংশেন জগৎসর্বমবষ্টভ্য বিভুঃ স্থিতঃ।
অগ্রাহ্যং নির্গুণং নিত্যং তমস্মি শরণং গতঃ ॥৩৪॥
সোমার্কাগ্নিময়ং তেজো যা চ তারময়ী দ্যুতিঃ।
দিবি সংজায়তে যোঽয়ং স মহাত্মা প্রসীদতু ॥৩৫॥
গুণাদির্নির্গুণশ্চাদ্যো লক্ষ্মীবাংশ্চেতনো হ্যজঃ।
সূক্ষ্মঃ সর্বগতো যোগী স মহাত্মা প্রসীদতু ॥৩৬॥
সাংখ্যযোগাশ্চ যে চান্যে সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
যং বিদিত্বা বিমুচ্যন্তে স মহাত্মা প্রসীদতু ॥৩৭॥

ভারতকৌমুদী

জিতেতি। প্রাপ্য মরণাৎ পরং "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ ॥৩৩॥

একেতি। অবষ্টভ্য আশ্রিত্য। অগ্রাহ্যং মনসোঽপ্যজ্ঞেয়ম্, "যন্মনসা ন মনুতে" ইতি শ্রুতেঃ ॥৩৪॥

সোমেতি। তারময়ী নক্ষত্রময়ী, "যাকারৌ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ কচিৎ" ইতি তারাশব্দস্য হ্রস্বান্ততা। যোঽয়ং গ্রহময়ঃ ॥৩৫॥

গুণেতি। গুণানাং সত্ত্ব-রজ-স্তমসাম্, আদিঃ কারণীভূতঃ। "সত্ত্বং রজস্তম ইতি প্রকৃতেরভবন্ গুণাঃ" ইতি সাংখ্যসারধৃতবচনবদিদমপি মতভেদাদুপপদ্যতে। নির্গুণঃ অসঙ্গত্বাৎ "অসঙ্গো পুরুষঃ" ইতি শ্রুতেঃ, আদ্যঃ সর্ব্বকারণত্বাৎ, লক্ষ্মীরস্যাস্তীতি লক্ষ্মীবান্। মোপধত্বাৎ বস্তঃ। ইদন্ত সগুণপক্ষমাশ্রিত্যোক্তম্ ॥৩৬॥

জিতেন্দ্রিয় এবং জ্ঞান ও ধ্যানপরায়ণ মহাত্মারা যাঁহাকে পাইয়া আর ফিরিয়া আসেন না; আমি সেই নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥৩৩॥

যে প্রভু নিজের একাংশদ্বারা সমগ্র জগৎ আশ্রয় করিয়া রহিয়াছেন; সেই অজ্ঞেয়, নির্গুণ ও নিত্য নারায়ণের শরণাপন্ন হইতেছি ॥৩৪॥

চন্দ্র, সূর্য্য ও অগ্নিরূপ যে তেজ, নক্ষত্ররূপ আয়ু, জ্যোতি এবং গ্রহরূপ যে উজ্জ্বল বস্তু আকাশে প্রকাশ পাইয়া থাকে; সেই তেজোময় মহাত্মা নারায়ণ আমার উপরে প্রসন্ন হউন ॥৩৫॥

যিনি সত্ত্বাদি গুণত্রয়ের জনক, অথচ নিজে নির্গুণ, জগতের আদি, লক্ষ্মীযুক্ত, চেতন, জন্মবিহীন, সূক্ষ্ম, সর্ব্বব্যাপী এবং যোগী, সেই মহাত্মা নারায়ণ আমার উপরে প্রসন্ন হউন ॥৩৬॥

অব্যক্তঃ সমধিষ্ঠাতা অচিন্ত্যঃ সদসৎপরঃ।
অস্থিতিঃ প্রকৃতিশ্রেষ্ঠঃ স মহাত্মা প্রসীদতু ॥৩৮॥
ক্ষেত্রজ্ঞঃ পঞ্চধা ভুঙ্‌ক্তে প্রকৃতিং পঞ্চভির্মুখৈঃ।
মহান্ গুণাংশ্চ যো ভুঙ্‌ক্তে স মহাত্মা প্রসীদতু ॥৩৯॥
সূর্য্যমধ্যে স্থিতঃ সোমস্তস্য মধ্যে চ যা স্থিতা।
ভূতবাহ্যা চ যা দীপ্তিঃ স মহাত্মা প্রসীদতু ॥৪০॥
নমস্তে সর্বতঃ সর্ব! সর্ব্বতোঽক্ষিশিরোমুখ!।
নির্বিকার! নমস্তেঽস্তু সাক্ষী ক্ষেত্রধ্রুবস্থিতিঃ ॥৪১॥

ভারতকৌমুদী

সাংখ্যেতি। সাংখ্যযোগাস্তদুভয়মতাবলম্বিনঃ ॥৩৭॥

অব্যক্ত ইতি। অব্যক্তঃ পরমসূক্ষ্মত্বাৎ, সমধিষ্ঠাতা স্বাধিষ্ঠানেন প্রকৃত্যাদিজড়বর্গচালয়িতা, অচিন্ত্যঃ মনসোঽগোচরত্বাৎ "যন্মনসা ন মনুতে" ইতি শ্রুতেঃ, সদসদ্‌ভ্যাং পরো ভিন্নঃ সত্ত্বে লোকজ্ঞেয়ত্বসম্ভবাৎ অসত্ত্বে অধিষ্ঠানাযোগাৎ। ন বিদ্যতে স্থিতিরাশ্রয়তা যস্য স সর্ব্বাধারত্বাৎ "অস্মিল্লোকাঃ শ্রিতা সর্ব্বে" ইতি শ্রুতেঃ, প্রকৃতেঃ প্রধানাৎ শ্রেষ্ঠশ্চেতনত্বাৎ ॥৩৮॥

ক্ষেত্রেতি। যঃ ক্ষেত্রজ্ঞো জীবভূতঃ সন্, মুখৈঃ প্রধানৈঃ পঞ্চভিঃ শ্রোত্রাদিভিরিন্দ্রিয়ৈঃ, পঞ্চধা পঞ্চভিঃ প্রকারৈঃ, প্রকৃতিং প্রকৃতিসম্ভূতান্ শব্দাদীন্ ভুঙ্‌ক্তে; তথা যো মহান্ সর্ব্বাপেক্ষয়া বিশালঃ, গুণান্ সত্ত্বরজস্তমাংসি তৎ সাম্যাবস্থারূপাং প্রকৃতিমিত্যর্থঃ, ভুঙ্‌ক্তে স্বাধিষ্ঠানমাত্রেণ ॥৩৯॥

সূর্য্যেতি। সোমাপেক্ষয়া সূর্য্যস্যাতিবৃহৎপরিমাণত্বাদিতি ভাবঃ। তস্য সোমস্য। ভূতবাহ্যা অলৌকিকী। স তদ্দীপ্তিরূপঃ ॥৪০॥

নম ইতি। ক্ষেত্রে দেহে ধ্রুবা নিশ্চিতা জীবরূপেণ স্থিতির্যস্য সঃ ॥৪১॥

সাংখ্য ও যোগমতাবলম্বী পুরুষেরা এবং অন্য যে সকল সিদ্ধ মহর্ষি—তাঁহারা যাঁহাকে জানিয়া মুক্তিলাভ করেন; সেই মহাত্মা বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥৩৭॥

যিনি অস্পষ্ট, অধিষ্ঠানদ্বারা প্রকৃত্যাদি জড়বর্গের পরিচালক ও অচিন্তনীয়, যিনি সৎও নহেন, অসৎও নহেন, যিনি কাহারও উপরে থাকেন না এবং যিনি প্রকৃতি অপেক্ষাও শ্রেষ্ঠ, সেই মহাত্মা নারায়ণ আমার উপরে প্রসন্ন হউন ॥৩৮॥

যিনি জীবরূপী হইয়া কর্ণপ্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়দ্বারা পঞ্চ প্রকারে প্রকৃতিসম্ভূত শব্দপ্রভৃতি ভোগ করেন এবং যিনি অতি মহান্ হইয়া প্রকৃতিকে ভোগ করিতেছেন, সেই মহাত্মা বিষ্ণু আমার উপরে প্রসন্ন হউন ॥৩৯॥

চন্দ্র সূর্য্যের মধ্যে রহিয়াছেন, সেই চন্দ্রের যে অলৌকিক দীপ্তি, সেই দীপ্তি-স্বরূপ যিনি সেই মহাত্মা নারায়ণ আমার উপরে প্রসন্ন হউন ॥৪০॥

অতীন্দ্রিয়! নমস্তুভ্যং লিঙ্গৈর্ব্যক্তৈর্ন মীয়সে।
যে চ ত্বাং নাভিজানন্তি সংসারে সংসরন্তি তে ॥৪২॥
কামক্রোধবিনির্মুক্তা রাগদ্বেষবিবর্জ্জিতাঃ।
মান্যভক্তা বিজানন্তি ন পুনর্ভবকা দ্বিজাঃ ॥৪৩॥
একান্তিনো হি নির্দ্বন্দ্বা নিরাশীঃ কর্ম্মকারিণঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণস্ত্বাং বিশন্তি বিচিন্তকাঃ ॥৪৪॥
অশরীরং শরীরস্থং সমং সর্ব্বেষু দেহিষু।
পুণ্যপাপবিনির্মুক্তা ভক্তাস্ত্বাং প্রাবিশন্ত্যত ॥৪৫॥

ভারতকৌমুদী

অতীতি। ব্যক্তৈর্লিঙ্গৈর্হেতুভিঃ ন মীয়সে নানুমীয়সে ব্যভিচারদোষাৎ ॥৪২॥

কামেতি। মান্যস্য গুরোর্ভক্তাঃ, দ্বিজা ব্রাহ্মণাঃ, ত্বাং বিজানন্তি। অতএব তে ন পুনর্ভবকাঃ পুনর্ভবা ন ভবন্তি ॥৪৩॥

একেতি। একান্তিনো ভবদেকভক্তাঃ, নির্দ্বন্দ্বাঃ শীতোষ্ণাদিদ্বন্দ্বদুঃখরহিতাঃ, নিরাশীঃ কর্ম্মাণি নিষ্কামকর্ম্মাণি কুর্ব্বন্তীতি তে, জ্ঞানমেবাগ্নিস্তেন দগ্ধানি কর্ম্মাণি সুকৃতদুষ্কৃতানি যেষাং তে বিচিন্তকা ধ্যায়িনঃ ত্বাং বিশন্তি ॥৪৪॥

অশরীরমিতি। অশরীরং নিরাকারম্, জীবরূপেণ শরীরস্থম্। অতএব সর্ব্বেষু দেহিষু সমং সমানভাবেন স্থিতম্ ॥৪৫॥

হে ভগবন্! সকল দিকে আপনার নয়ন, মস্তক ও মুখ রহিয়াছে এবং আপনি সর্ব্বস্বরূপ, অতএব আপনার সকল দিকে নমস্কার করি। আপনি নির্ব্বিকার, সর্ব্বসাক্ষী এবং সকল দেহেই জীবরূপে নিশ্চয় অবস্থান করেন; আপনাকে নমস্কার করি ॥৪১॥

ভগবন্! আপনি কোন ইন্দ্রিয়ের গোচর নহেন এবং স্পষ্ট হেতুদ্বারা আপনার অনুমানও করা যায় না, আপনাকে নমস্কার করি। যাহারা আপনাকে জানে না, তাহারা আবার সংসারে আসিয়া জন্মগ্রহণ করে ॥৪২॥

কাম-ক্রোধ-বিহীন ও রাগ-দ্বেষ-শূন্য গুরুভক্ত লোকেরা আপনাকে জানেন; সুতরাং তাঁহারা আর জন্মগ্রহণ করেন না ॥৪৩॥

যাঁহারা একমাত্র আপনার ভক্ত, দ্বন্দ্বদুঃখ সহ্য করিতে পারেন ও নিষ্কামভাবে কর্ম্ম করেন এবং যাঁহাদের জ্ঞানরূপ অগ্নি প্রাক্তন কর্ম্ম নষ্ট করিয়াছে, সেই ধ্যানীরা মৃত্যুর পরে আপনাতে যাইয়া প্রবেশ করেন ॥৪৪॥

অব্যক্তং বুদ্ধ্যহঙ্কারমনোভূতেন্দ্রিয়াণি চ।
ত্বয়ি তানি চ তেষু ত্বং ন তেষু ত্বং ন তে ত্বয়ি ॥৪৬॥
একত্বান্যত্বনানাত্বং যে বিদুর্যান্তি তে পরম্।
সমোঽসি সর্ব্বভূতেষু ন তে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
সমত্বমভিকাঙ্ক্ষেঽহং ভক্ত্যা বৈ নান্যচেতসা ॥৪৭॥
চরাচরমিদং সর্ব্বং ভূতগ্রামং চতুর্বিধম্।
ত্বয়া ত্বয্যেব তৎ প্রোতং সূত্রে মণিগণা ইব ॥৪৮॥

ভারতকৌমুদী

অব্যক্তমিতি। অব্যক্তং প্রকৃতিঃ। তানি অব্যক্তাদীনি তত্ত্বানি ত্বয়ি বর্ত্তন্তে। তদুক্তং সাংখ্যপ্রবচনভাষ্যে—"তস্মিংশ্চিদ্দর্পণে স্ফারে সমস্তা বস্তুদৃষ্টয়ঃ। ইমাস্তাঃ প্রতিবিম্বন্তি সরসীব তটদ্রুমাঃ।" তেষু চ ত্বং বর্ত্তসে, অপ্সু সূর্য্যপ্রতিবিম্ব ইব। বস্তুতস্তু ত্বং তেষু ন বর্ত্তসে অসঙ্গত্বাৎ। তে চ ত্বয়ি ন বর্ত্তন্তে অসঙ্গত্বাদেব ॥৪৬॥

একত্বেতি। একত্বম্ "একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, অন্যত্বং জড়ভিন্নত্বং "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ" ইতি শ্রুতেঃ, নানাত্বং বহুত্বম্, "পুরুষবহুত্বং সিদ্ধম্" ইতি সাংখ্যকারিকোক্তেঃ। নান্যচেতসা অনন্যচেতসা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

চরেতি। চতুর্বিধং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপম্। ভূতগ্রামমিতি ক্লীবত্বমার্ষম্। ত্বয়া সৃষ্টমিতি শেষঃ। প্রোতং গ্রথিতম্ ॥৪৮॥

আপনার শরীর নাই, অথচ আপনি শরীরে থাকেন; সুতরাং আপনি সকল শরীরীর সম্বন্ধেই সমান; পুণ্যাপাপবিহীন ভক্তেরা মৃত্যুর পরে সেইরূপ আপনাতে যাইয়া প্রবেশ করেন ॥৪৫॥

প্রকৃতি, বুদ্ধি, অহঙ্কার, মন, সূক্ষ্ম ও স্থূল ভূতগণ এবং ইন্দ্রিয়গণ—এই সমস্তই তোমাতে আছে, তুমিও সেগুলিতে আছ। কিন্তু বাস্তবিকপক্ষে, তুমি সেগুলিতে নাই, সে গুলিও তোমাতে নাই ॥৪৬॥

ভগবন্! যাঁহারা তোমার একত্ব, জড়ভিন্নত্ব ও নানাত্ব জানেন, তাঁহারা পরম পদ লাভ করেন। তুমি সর্ব্বভূতে সমানভাবে রহিয়াছ, তোমার বিদ্বেষের পাত্র বা প্রীতির পাত্র কেহ নাই। দেব! আমি অনন্যগামী মনের ভক্তিদ্বারা সেই সমত্ব লাভের কামনা করি ॥৪৭॥

ভগবন্! এই চরাচর চতুর্বিধ প্রাণিসমূহ তুমি সৃষ্টি করিয়াছ; তারপর, সূত্রে যেমন মণিগণ গ্রথিত থাকে, তেমন তোমাতে সেই চতুর্বিধ প্রাণিসমূহ গ্রথিত রহিয়াছে ॥৪৮॥

স্রষ্টা ভোক্তাসি কূটস্থো হ্যতত্ত্বং তত্ত্বসংজ্ঞিকঃ।
অকর্ত্তা হেতুরচলঃ পৃথগাত্মন্যবস্থিতঃ ॥৪৯॥
ন তে ভূতেষু সংযোগো ভূততত্ত্বগুণাধিকঃ।
অহঙ্কারেণ বুদ্ধ্যা বা ন তে যোগস্ত্রিভির্গুণৈঃ ॥৫০॥
ন মোক্ষধর্ম্মো বা ন ত্বং নারম্ভো জন্ম বা পুনঃ।
জরামরণমোক্ষার্থং ত্বাং প্রপন্নোঽস্মি সর্বগ! ॥৫১॥
ঈশ্বরোঽসি জগন্নাথ! ততঃ পরম উচ্যসে।
ভক্তানাং যদ্ধিতং দেব! তদ্ধ্যা হি ত্রিদশেশ্বর! ॥৫২॥
বিষয়ৈরিন্দ্রিয়ৈর্ব্বাঽপি ন মে ভূয়ঃ সমাগমঃ।
পৃথিবীং যাতু গন্ধো বৈ রসো যাতু জলং তথা ॥৫৩॥

ভারতকৌমুদী

স্রষ্টেতি। কূটস্থো দুর্ব্বোধঃ, অতত্ত্বং জন্যজনকত্বাভাবাৎ তত্ত্বস্য চ জন্যজনকরূপত্বাৎ, "ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ" ইতি সাংখ্যকারিকোক্তেঃ, তত্ত্বসংজ্ঞিকঃ তত্ত্বশব্দস্য পদার্থমাত্রার্থে তত্ত্ব-সংজ্ঞাবাংশ্চাসি "পঞ্চবিংশতিতত্ত্বজ্ঞঃ" ইতি সাংখ্যোক্তেঃ। অকর্ত্তা সাক্ষাৎ কর্তৃত্বরহিতঃ অসঙ্গত্বাৎ, অথচ স্বাধিষ্ঠানমাত্রেণ হেতুর্জগৎকারণম্, পৃথগাত্মনি ভিন্নভিন্নদেহে জীবরূপেণাব-স্থিতঃ ॥৪৯॥

নেতি। সংযোগো মেলনং নাস্তি, জড়চেতনয়োস্তদসম্ভবাৎ; ভূততত্ত্বগুণেভ্যঃ অধিকো ব্যতিরিক্তস্ত্বং ভূতাদীনাং জড়ত্বাৎ তব চ চেতনত্বাৎ। ত্রিভির্গুণৈঃ সত্ত্বাদিভিঃ গুণত্রয়াত্মিকয়া প্রকৃত্যেত্যর্থঃ, উক্তাদেব হেতোরিতি ভাবঃ ॥৫০॥

নেতি। ত্বং ত্বংকর্তৃকঃ নিষ্ক্রিয়ত্বাৎ ॥৫১॥

ঈশ্বর ইতি। পরমঃ সর্ব্বশ্রেষ্ঠঃ। ধ্যাহি চিন্তয় ॥৫২॥

ভগবন্! তুমি এই জগতের সৃষ্টিকর্ত্তা ও ভোগকর্ত্তা, তুমি দুর্জ্ঞেয়, তত্ত্বভিন্ন অথচ তত্ত্বনামধারী, তুমি কর্ত্তা নহে, অথচ হেতু, তুমি অচল এবং ভিন্ন ভিন্ন দেহে জীবরূপে অবস্থান করিতেছ ॥৪৯॥

ভগবন্! তুমি ভূত, তত্ত্ব ও গুণ হইতে সম্পূর্ণ ভিন্ন; সুতরাং ভূতের সহিত তোমার সংযোগ নাই কিংবা প্রকৃতি, বুদ্ধি ও অহঙ্কারের সহিত যোগ নাই ॥৫০॥

মোক্ষধর্ম্ম, যে কোন কর্ম্মারম্ভ, অথবা উৎপত্তি আপনাকর্তৃক হয় না; তথাপি হে সর্ব্বব্যাপিন্! আমি জরা ও মৃত্যু হইতে মুক্তিলাভের জন্য আপনার শরণাপন্ন হইতেছি ॥৫১॥

জগন্নাথ! আপনি ঈশ্বর; সেই জন্যই সকলে আপনাকে সর্ব্বশ্রেষ্ঠ বলে। দেব! দেবাধিপতি! ভক্তগণের যাহা হিত, আপনি সেই বিষয় চিন্তা করুন ॥৫২॥

তেজো হুতাশনং যাতু স্পর্শো যাতু চ মারুতম্।
শ্রোত্রমাকাশমপ্যেতু মনো বৈকারিকং পুনঃ ॥৫৪॥
ইন্দ্রিয়াণ্যপি সংযান্তু স্বাসু স্বাসু চ যোনিষু।
পৃথিবী যাতু সলিলমাপোঽগ্নিমনলোঽনিলম্ ॥৫৫॥
বায়ুরাকাশমপ্যেতু মনশ্চাকাশ এব চ।
অহঙ্কারং মনো যাতু মোহনং সর্বদেহিনাম্।
অহঙ্কারস্ততো বুদ্ধিং বুদ্ধিরব্যক্তমচ্যুত ! ॥৫৬॥
প্রধানে প্রকৃতিং যাতে গুণসাম্যে ব্যবস্থিতে।
বিয়োগঃ সর্বকরণৈর্গুণৈর্ভূতৈশ্চ মে ভবেৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

আত্মনো নিস্পৃহত্বমাহ বিষয়ৈরিতি। সমাগমঃ সম্পর্কো ভবেৎ ॥৫৩॥

তেজ ইতি। বৈকারিকমহঙ্কারম্ ॥৫৪॥

ইন্দ্রিয়াণীতি। স্বাসু স্বাসু যোনিষু স্বস্বকারণেষু ॥৫৫॥

বায়ুরিতি। মোহনং মোহহেতুভূতম্। অব্যক্তং প্রকৃতিম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

প্রধান ইতি। গুণানাং সত্ত্বরজস্তমসাং সাম্যে ব্যবস্থিতে সতি, প্রধানে প্রকৃতিং স্বভাবং যাতে প্রাপ্তে চ সতি, সর্ব্বকরণৈঃ সকলৈরিন্দ্রিয়ৈঃ, গুণৈঃ সত্ত্বাদিভিঃ, ভূতৈঃ ক্ষিত্যাদিভিশ্চ সহ মে বিয়োগো ভবেৎ ॥৫৭॥

ভগবন্! শব্দপ্রভৃতি বিষয় এবং কর্ণপ্রভৃতি ইন্দ্রিয়ের সহিত আর যেন আমার কোন সম্বন্ধ হয় না। গন্ধ পৃথিবীর ভিতরে প্রবেশ করুক এবং এবং রস জলে বিলীন হউক ॥৫৩॥

তেজ অগ্নিতে যাক, স্পর্শ বায়ুতে প্রবেশ করুক, কর্ণ আকাশে লীন হউক এবং মন অহঙ্কারে লয় প্রাপ্ত হউক ॥৫৪॥

ইন্দ্রিয়গুলিও আপন আপন কারণে লীন হউক। আর পৃথিবী জলে, জল অগ্নিতে এবং অগ্নি বায়ুতে প্রবেশ করুক ॥৫৫॥

বায়ু আকাশে প্রবেশ করুক, আকাশ মনে লীন হউক এবং মন সমস্ত দেহীর মোহজনক অহঙ্কারে প্রবিষ্ট হউক। নারায়ণ! তাহার পর সেই অহঙ্কার বুদ্ধিতে এবং বুদ্ধি প্রকৃতিতে লয় প্রাপ্ত হউক ॥৫৬॥

সত্ত্ব, রজ ও তম—এই তিন গুণ সমান হইয়া যাওয়ায় প্রকৃতি স্বরূপ প্রাপ্ত হইলে, সমস্ত ইন্দ্রিয়, সকল গুণ ও সর্ব্বভূতের সহিত আমার যেন বিয়োগ হয় ॥৫৭॥

নিষ্কেবলং পদং তাত ! কাঙ্ক্ষেঽহং পরমং তব।
একীভাবস্ত্বয়া মেঽস্তু ন মে জন্ম ভবেৎ পুনঃ ॥৫৮॥
ত্বদ্‌বুদ্ধিস্ত্বদ্‌গতপ্রাণস্ত্বদ্‌ভক্তিস্ত্বৎপরায়ণঃ।
ত্বামেবাহং স্মরিষ্যামি মরণে পর্য্যুপস্থিতে ॥৫৯॥
পূর্ব্বদেহকৃতা যে তু ব্যাধয়ঃ প্রবিশন্তু মাম্।
অর্দয়ন্তু চ দুঃখানি ঋণং মে প্রবিমুঞ্চতু ॥৬০॥
অনুধ্যাতোঽসি দেবেশ ! ন মে জন্ম ভবেৎ পুনঃ।
তস্মাদ্‌ব্রবীমি কর্ম্মাণি ঋণং মে ন ভবেদিতি ॥৬১॥
নোপতিষ্ঠন্তু মাং সর্ব্বে ব্যাধয়ঃ পূর্ব্বসঞ্চিতাঃ।
অনৃণো গন্তুমিচ্ছামি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥৬২॥

ভারতকৌমুদী

নিরিতি। নিশ্চয়েন কেবলং নিষ্কেবলম্ ॥৫৮॥

তদিতি। ত্বৎ কৃপয়া মরণকালেঽপি তাদৃশী শক্তির্মে ভবেদিতি ভাবঃ ॥৫৯॥

পূর্ব্বেতি। পূর্ব্বদেহকৃতাঃ পূর্ব্বদেহকৃতকর্ম্মজনিতাঃ, যে ব্যাধয়স্তে মরণঘটনায় মাং প্রবিশন্তু। ত এব চ ব্যাধয়ঃ কর্ম্মক্ষপণেন দুঃখানি অর্দয়ন্তু নাশয়ন্তু ; দেবপিতৃমনুষ্যাণাম্ ঋণং মে প্রবিমুঞ্চতু ত্বৎপ্রসাদাদেব নশ্যতু ॥৬০॥

অন্বিতি। বীপ্সায়ামনুশব্দঃ। কর্ম্মাণি ধ্যানাদীনি, ঋণং দেবাদীনাম্ ॥৬১॥

নেতি। পূর্ব্বসঞ্চিতাঃ প্রাক্তনকর্ম্মজনিতাঃ। তৎ প্রসিদ্ধম্ ॥৬২॥

হে জগৎপিতঃ ! আমি আপনার কেবল পরমপদ লাভের আকাঙ্ক্ষা করি ; আপনার সহিত আমার একীভাব হউক এবং আমার যেন পুনরায় জন্ম হয় না ॥৫৮॥

ভগবন্ ! মৃত্যুকাল উপস্থিত হইলে, আমি যেন আপনাকে স্মরণ করিতে পারি ; আমার বুদ্ধি যেন আপনাতে নিবিষ্ট হয়, আমার প্রাণ যেন আপনার দিকে যাইতে থাকে, আমার ভক্তি যেন আপনাতে অচলা হয় এবং আমি যেন একমাত্র আপনাকেই আশ্রয় করি ॥৫৯॥

পূর্ব্বদেহে যে সকল দুষ্কর্ম করিয়াছিলাম, তজ্জনিত রোগসমূহ আসিয়া আমাতে প্রবেশ করুক এবং সমস্ত দুঃখনাশ করুক, আর দেবঋণ, পিতৃঋণ ও মনুষ্যঋণ লুপ্ত হইয়া যাউক ॥৬০॥

দেবদেব ! আমি চিরদিন আপনাকে ধ্যান করিয়া আসিতেছি, আমার যেন পুনরায় জন্ম হয় না ; আর সেই জন্যই ধ্যানাদি কর্ম্মের কথা বলিতেছি ; আমার যেন দেবতাপ্রভৃতির ঋণ থাকে না ॥৬১॥

শ্রীভগবানুবাচ।

অহং ভগবতস্তস্য মম চাসৌ সনাতনঃ।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥৬৩॥

কর্মেন্দ্রিয়াণি সংযম্য পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি চ।
দশেন্দ্রিয়াণি মনসি অহঙ্কারে তথা মনঃ।
অহঙ্কারং তথা বুদ্ধৌ বুদ্ধিমাত্মনি যোজয়েৎ ॥৬৪॥

যত বুদ্ধীন্দ্রিয়ঃ পশ্যেদ্‌বুদ্ধ্যা বুদ্ধ্যেৎ পরাৎপরম্।
মমায়মিতি যস্যাহং যেন সর্বমিদং ততম্ ॥৬৫॥

আত্মনাত্মনি সংযোজ্য পরমাত্মন্যনুস্মরেৎ।
ততো বুদ্ধেঃ পরং বুদ্ধা লভতে ন পুনর্ভবম্ ॥৬৬॥

ভারতকৌমুদী

অহমিতি। ভগবতো মাহাত্ম্যবতঃ, তস্য মদ্ভক্তস্য। সনাতনশ্চিরন্তনঃ ॥৬৩॥

তৎপদপ্রাপ্ত্যুপায়মাহ কর্ম্মেতি। কর্ম্মেন্দ্রিয়াণি বাগাদীনি, বুদ্ধীন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

যতেতি। যত বুদ্ধীন্দ্রিয়ঃ সংপগচালিতজ্ঞানেন্দ্রিয়ঃ, পশ্যেৎ পরমাত্মানম্। অয়ং পরমাত্মা মম, যস্য চ পরমাত্মন অহম্। ততং ব্যাপ্তম্, তং পরাৎপরম্, বুদ্ধ্যে জানীয়াৎ ॥৬৫॥

আত্মনেতি। সংযোজ্য বুদ্ধিমিতি শেষঃ, পরমাত্মনি বিষয়ে, অনুস্মরেৎ অনুধ্যানং কুর্য্যাৎ। পরং শ্রেষ্ঠম্ ॥৬৬॥

প্রাক্তন কর্ম্মজনিত রোগ সকল যেন আমার হয় না এবং দেবতাপ্রভৃতির ঋণ শূন্য হইয়া আমি সেই বিষ্ণুর পরমপদ লাভ করিতে ইচ্ছা করি' ॥৬২॥

ভগবান্ বলিলেন—'নারদ! আমি সেই মহাত্মশালী ভক্তের এবং সেই ভক্তও চিরদিন আমার; আর আমি সেই ভক্তের নিকট লুপ্ত হই না এবং সেই ভক্তও আমার নিকট লুপ্ত হন না ॥৬৩॥

মানুষ পঞ্চ কর্মেন্দ্রিয় ও পঞ্চ জ্ঞানেন্দ্রিয়কে সংযত করিয়া সেই দশটী ইন্দ্রিয়কে মনে, মনকে অহঙ্কারে, অহঙ্কারকে বুদ্ধিতে এবং বুদ্ধিকে পরমাত্মাতে সংযুক্ত করিবে ॥৬৪॥

তাহার পর জ্ঞানেন্দ্রিয়গুলিকে সংযত করিয়া পরমাত্মদর্শন করিবে এবং 'ইনি আমার ও আমি যাঁহার' আর যিনি এই সমস্ত জগৎ ব্যাপ্ত করিয়া রহিয়াছেন, সেই সর্ব্বশ্রেষ্ঠ পরমাত্মাকে বুদ্ধিদ্বারা অবগত হইতে থাকিবে ॥৬৫॥

মরণে সমনুপ্রাপ্তে যশ্চৈবং মামনুস্মরেৎ।
অপি পাপসমাচারঃ স যাতি পরমাং গতিম্ ॥৬৭॥
ওঁ নমো ভগবতে তস্মৈ দেহিনাং পরমাত্মনে।
নারায়ণায় ভক্তানামেকনিষ্ঠায় শাশ্বতে ॥৬৮॥
ইমামনুস্মৃতিং দিব্যাং বৈষ্ণবীং সুসমাহিতঃ।
স্বপন্ বিবুদ্ধশ্চ পঠেদ্‌যত্র তত্র সমভ্যসেৎ ॥৬৯॥
পৌর্ণমাস্যামমাবাস্যাং দ্বাদশ্যাঞ্চ বিশেষতঃ।
শ্রাবয়েচ্ছ্রদ্দধানাংশ্চ মদ্ভক্তাংশ্চ বিশেষতঃ ॥৭০॥
যদ্যহঙ্কারমাশ্রিত্য যজ্ঞদানতপঃ ক্রিয়াঃ।
কুর্বংস্তৎফলমাপ্নোতি পুনরাবর্ত্তনং ন তু ॥৭১॥

ভারতকৌমুদী

মরণ ইতি। সমনুপ্রাপ্তে উপস্থিতে। পাপ এব সমাচারো ব্যবহারো যস্য সঃ ॥৬৭॥

ওঁমিতি। একনিষ্ঠায় একমাত্রাধিষ্ঠানায়, শাশ্বতে সনাতনায়। শাশ্বচ্ছব্দ আর্ষঃ ॥৬৮॥

ইমামিতি। অনুস্মর্য্যত ইত্যনুস্মৃতির্মন্ত্রস্তাম্। বিবুদ্ধো জাগরিতঃ। সমভ্যসেৎ পৌনঃপুন্যেন পঠেৎ ॥৬৯॥

পৌর্ণেতি। অমাবাস্যাং প্রাপ্যেতি শেষঃ ॥৭০॥

যদীতি। তৎফলং তদবস্থায়াং তত্রত্যং ফলম্ ॥৭১॥

আপনি আপনাতে বুদ্ধি সংযুক্ত করিয়া পরমাত্মার ধ্যান করিতে থাকিবে; তাহার পর বুদ্ধি অপেক্ষাও শ্রেষ্ঠ পরমাত্মাকে অবগত হইয়া আর জন্মলাভ করিবে না ॥৬৬॥

মৃত্যুকাল উপস্থিত হইলে যে লোক আমাকে এইভাবে স্মরণ করে, সে পাপাচারী হইলেও পরম গতি লাভ করিতে পারে ॥৬৭॥

প্রাণিগণের জীবাত্মস্বরূপ, ভক্তগণের একমাত্র অধিষ্ঠান ও সনাতন সেই ভগবান্ নারায়ণকে নমস্কার করি ॥৬৮॥

মানুষ একাগ্রচিত্ত হইয়া শায়িত বা জাগরিত থাকিয়া, এই অলৌকিক বৈষ্ণব-মন্ত্র পাঠ করিবে এবং যেখানে সেখানে বার বার জপ করিবে ॥৬৯॥

পূর্ণিমা, অমাবস্যা এবং বিশেষতঃ দ্বাদশী তিথিতে বিশ্বাসী ব্যক্তিদিগকে এবং বিশেষভাবে আমার ভক্তগণকে এই মন্ত্র শ্রবণ করাইবে ॥৭০॥

মানুষ যদি অহঙ্কার অবলম্বন করিয়াও যজ্ঞ, দান এবং তপস্যা করে, তথাপি সে সেই অবস্থায় যথোক্ত ফললাভ করিয়া থাকে; কিন্তু সংসারে আর প্রত্যাবর্ত্তন করে না ॥৭১॥

অভ্যর্চ্চয়ন্ পিতৄন্ দেবান্ পঠন্ জুহ্বন্ বলিং দদৎ।
জ্বলন্নগ্নিং স্মরেদ্‌যো মাং স যাতি পরমাং গতিম্ ॥৭২॥
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি শরীরিণাম্।
যজ্ঞং দানং তপস্তস্মাৎ কুর্য্যাদাশীর্বিবর্জিতঃ ॥৭৩॥
নম ইত্যেব যো ব্রূয়ান্ মদ্ভক্তঃ শ্রদ্ধয়ান্বিতঃ।
তস্যাক্ষয়ো ভবেল্লোকঃ শ্বপাকস্যাপি নারদ! ॥৭৪॥
কিং পুনর্যে যজন্তে মাং সাধকা বিধিপূর্ব্বকম্।
শ্রদ্ধাবন্তো যতাত্মানস্তে মাং যান্তি মদাশ্রিতাঃ ॥৭৫॥
কর্ম্মাণ্যাদ্যন্তবন্তীহ মদ্ভক্তোঽমৃতমশ্নুতে।
মামেব তস্মাদ্দেবর্ষে! ধ্যাহি নিত্যমতন্দ্রিতঃ।
অবাপ্স্যসি ততঃ সিদ্ধিং দ্রক্ষ্যস্যেব পদং মম ॥৭৬॥

ভারতকৌমুদী

অভীতি। পঠন্ বেদান্, বলিং দেবেভ্য উপহারম্। জ্বলন্ হোমায় উদ্দীপয়ন্ ॥৭২॥

যজ্ঞ ইতি। পাবনানি পাপক্ষয়করাণি। আশীর্বিবর্জ্জিতঃ কামনাশূন্যঃ ॥৭৩॥

নম ইতি। নম ইত্যেব নম ইত্যাদিকং প্রাগুক্তং মন্ত্রমেব ॥৭৪॥

কিমিতি। যতাত্মানো রাগদ্বেষাদিশূন্যচিত্তাঃ ॥৭৫॥

কর্ম্মাণীতি। আদ্যন্তবন্তি উৎপত্তিবিনাশবন্তি। অতএব তৎফলমপ্যুৎপত্তিবিনাশবদিতি ভাবঃ। কিন্তু মদ্ভক্তঃ, অমৃতং মোক্ষম্, অশ্নুতে ভুনক্তি। অতন্দ্রিতঃ অনলসঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

যে লোক পিতৃগণ ও দেবগণের পূজা, বেদপাঠ, হোম, বলিদান এবং যজ্ঞের জন্য অগ্নি প্রজ্বালন করিতে থাকিয়া আমাকে স্মরণ করে, সে লোক পরম গতি লাভ করিয়া থাকে ॥৭২॥

যজ্ঞ, দান ও তপস্যা মানুষের পাপ নষ্ট করে; অতএব মানুষ কামনাশূন্য হইয়া সেই যজ্ঞ, দান ও তপস্যা করিবে ॥৭৩॥

নারদ! আমার যে ভক্ত শ্রদ্ধাযুক্ত হইয়া কেবল প্রাগুক্ত 'নম' ইত্যাদি মন্ত্রটী পাঠ করিবে, সে চণ্ডাল হইলেও তাহার অক্ষয় স্বর্গ হইবে ॥৭৪॥

তার পর, যে সকল সাধু শ্রদ্ধান্বিত হইয়া এবং সংযতচিত্ত থাকিয়া যথাবিধানে আমার পূজা করেন, আমার সেই সকল ভক্ত যে আমাকে লাভ করেন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি? ॥৭৫॥

অজ্ঞানিনে চ যো জ্ঞানং দদ্যাদ্ধর্ম্মোপদেশনম্।
কৃৎস্নাং বা পৃথিবীং দদ্যাত্তেন তুল্যং ন তৎ ফলম্ ॥৭৭॥
তস্মাৎ প্রদেয়ং সাধুভ্যো জন্মবন্ধভয়াপহম্।
এবং দত্ত্বা নরশ্রেষ্ঠ! শ্রেয়ো বীর্য্যঞ্চ বিন্দতি ॥৭৮॥
অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ সমাচরেৎ।
নাসৌ পদমবাপ্নোতি মদ্ভক্তৈর্যদবাপ্যতে ॥৭৯॥
ভীষ্ম উবাচ।
এবং পৃষ্টঃ পুরা তেন নারদেন সুরর্ষিণা।
যদুবাচ তদাসৌ ভো! তদুক্তং তব সুব্রত! ॥৮০॥

ভারতকৌমুদী

অজ্ঞানিন ইতি। তেন কৃৎস্নপৃথিবীদানফলেন, তৎ ফলং জ্ঞানধর্ম্মোপদেশনফলং ন তুল্যং জ্ঞান-ধর্ম্মোপদেশনফলমেবাধিকমিত্যর্থঃ ॥৭৭॥

তস্মাদিতি। জন্মবন্ধভয়াপহং জ্ঞানং ধর্ম্মোপদেশনঞ্চ ॥৭৮॥

অশ্বেতি। অসৌ সঃ, পদং তৎ স্থানম্ ॥৭৯॥

এবমিতি। অসৌ নারায়ণঃ, তদুক্তং ময়া ॥৮০॥

দেবর্ষি! সমস্ত কার্য্যেরই উৎপত্তি ও বিনাশ থাকায় তাহার ফলেরও উৎপত্তি এবং বিনাশ আছে; কিন্তু আমার ভক্ত লোক মুক্তিলাভ করেন; অতএব তুমি উদ্‌যোগী হইয়া সর্ব্বদা আমারই ধ্যান কর, তাহা হইলে সিদ্ধিলাভ করিবে এবং আমার পদ দেখিতে পাইবে ॥৭৬॥

যিনি অজ্ঞানী লোককে জ্ঞান দান ও ধর্ম্মোপদেশ দান করেন, অথবা সমগ্র পৃথিবী দান করেন, তাঁহার পক্ষে পৃথিবী দানের ফল জ্ঞান দান বা ধর্ম্মোপদেশ দানের ফলে সমান হয় না ॥৭৭॥

নরশ্রেষ্ঠ নারদ! অতএব জ্ঞানী লোক অজ্ঞানী লোককে জন্ম ও বন্ধভয়নাশক জ্ঞান দান ও ধর্ম্মোপদেশ দান করিবেন। এইরূপ দান করিয়া তিনি মঙ্গল ও বল লাভ করিতে পারিবেন ॥৭৮॥

আমার ভক্তেরা যে পদ লাভ করেন, বহু অশ্বমেধযজ্ঞকারী লোকও সে পদ লাভ করিতে পারেন না' ॥৭৯॥

ভীষ্ম বলিলেন—'সুব্রত যুধিষ্ঠির! পূর্ব্বকালে দেবর্ষি নারদ এইরূপ প্রশ্ন করিলে, ভগবান্ নারায়ণ যাহা বলিয়াছিলেন, এই আমি তাহা তোমার নিকট বলিলাম ॥৮০॥

ত্বমপ্যেকমনা ভূত্বা ধ্যাহি জ্ঞেয়ং গুণাতিগম্।
ভজস্ব সর্ব্বভাবেন পরমাত্মানমব্যয়ম্ ॥৮১॥
শ্রুত্বৈতন্নারদো বাক্যং দিব্যং নারায়ণেরিতম্।
অত্যন্তভক্তিমান্ দেব একান্তত্বমুপেয়িবান্ ॥৮২॥
নারায়ণমৃষিং দেবং দশ বর্ষাণ্যনন্যভাক্।
ইদং জপন্ বৈ প্রাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥৮৩॥
কিং তস্য বহুভির্মন্ত্রৈর্ভক্তির্যস্য জনার্দ্দনে।
নমো নারায়ণায়েতি মন্ত্রঃ সর্বার্থসাধকঃ ॥৮৪॥
ইমাং রহস্যাং পরমামনুস্মৃতিমধীত্যবুদ্ধিং লভতে চ নৈষ্ঠিকীম্।
বিহায় দুঃখান্যবমুচ্য সঙ্কটাৎ স বীতরাগো বিগতজ্বরঃ সুখী ॥৮৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে বিষ্ণুতত্ত্বকথনে পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ত্বমিতি। গুণাতিগং নির্গুণম্। অব্যয়মবিনশ্বরম্ ॥৮১॥
শ্রুত্বেতি। দেবে নারায়ণে, একান্তত্বমেকাগ্রত্বম্, উপেয়িবান্ প্রাপ্তবান্ ॥৮২॥
নারেতি। অনন্যভাক্ অনন্যসেবী। ইদং বক্ষ্যমাণং মন্ত্রপদম্ ॥৮৩॥
কিমিতি। সর্ব্বান্ অর্থান্ পুরুষার্থান্ ধর্ম্মার্থকামমোক্ষান্ সাধয়তীতি সঃ ॥৮৪॥
ইমামিতি। রহস্যাং গোপ্যাম্, অনুস্মর্য্যত ইত্যনুস্মৃতির্মন্ত্রস্তাম্, অধীত্য জপ্ত্বা। নৈষ্ঠিকীং সিদ্ধিজনিকাম্। বীতরাগস্ত্যক্তরাগঃ, বিগতজ্বরস্তিরোহিতসন্তাপঃ, সুখী চ ভবেৎ ॥৮৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

যুধিষ্ঠির! তুমিও একাগ্রচিত্ত হইয়া সর্ব্বপ্রকারে জ্ঞেয়, নির্গুণ ও অবিনশ্বর সেই পরমাত্মা নারায়ণের সেবা কর ॥৮১॥

নারদ নারায়ণোক্ত এই সকল অলৌকিক বাক্য শ্রবণ করিয়া, ভগবান্ নারায়ণে অত্যন্ত ভক্তিযুক্ত হইয়া, তাঁহাতেই একাগ্রচিত্ত হইলেন ॥৮২॥

মানুষ দশ বর্ষ পর্য্যন্ত অনন্যসেবী হইয়া চিরন্তন ঋষি নারায়ণের ধ্যান এবং এই মন্ত্র জপ করিতে থাকিয়া বিষ্ণুর সেই পরম পদ লাভ করিতে পারে ॥৮৩॥

নারায়ণের প্রতি যাহার ভক্তি থাকে, তাহার বহু মন্ত্র জপ করার কি প্রয়োজন আছে? "নমো নারায়ণায়" এই একটী মাত্র মন্ত্রই সমস্ত পুরুষার্থ সাধন করিয়া থাকে ॥৮৪॥

*'দশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

দেবাসুরমনুষ্যেষু ঋষিমুখ্যেষু বা পুনঃ।
বিষ্ণোস্তত্ত্বং যথাখ্যাতং কো বিদ্বাননুবেত্তি তৎ ॥১॥
এতন্মে সর্বমাচক্ষ্ব ন মে তৃপ্তির্হি তত্ত্বতঃ।
বর্ত্ততে ভরতশ্রেষ্ঠ! সর্ব্বজ্ঞোঽসীতি মে মতিঃ ॥২॥

ভীষ্ম উবাচ।

কারিতোঽহং ত্বয়া রাজন্! যদ্বৃত্তঞ্চ পুরা মম।
গরুড়েন পুরা মহ্যং সংবাদো ভূভৃতোত্তম! ॥৩॥

ভারতকৌমুদী

দেবেতি। দেবাসুরমনুষ্যেষু পুনঃ ঋষিমুখ্যেষু বা মধ্যে কো বিদ্বান্ জনঃ, যথাখ্যাতং তদ্বিষ্ণোস্তত্ত্বম্ অনুবেত্তি ॥১॥

এতদিতি। তত্ত্বতো যথার্থতঃ, তৃপ্তির্বিষ্ণুতত্ত্বশ্রবণজনিতা প্রীতিঃ ॥২॥

কারিত ইতি। ভূর্ভূর্তা যৈস্তে ভূভৃতা রাজানস্তেষু উত্তম! অগ্ন্যাহিতাদিবৎ ক্রিয়ায়াঃ পরনিপাতঃ। পুরা মম যদ্বৃত্তং জাতম্, তদেব ত্বয়াহং কারিতঃ পৃষ্টঃ। পুরা গরুড়েন সহ মহ্যং মম সংবাদোঽভূৎ ॥৩॥

মানুষ এই গোপনীয় পরম মন্ত্র জপ করিয়া মুক্তিজনক জ্ঞান লাভ করিতে পারে এবং সমস্ত দুঃখ অতিক্রম করিয়া বিপদ হইতে মুক্ত হইয়া রাগদ্বেষাদিশূন্য, সন্তাপবিহীন ও সুখী হইতে পারে' ॥৮৫॥

—ঃ০ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'দেবতা, অসুর, মনুষ্য কিংবা ঋষিশ্রেষ্ঠগণের মধ্যে কোন্ বিদ্বান্ লোক বিষ্ণুর সেই যথোক্ত তত্ত্ব জানেন? ॥১॥

ভরতশ্রেষ্ঠ! এই সমস্ত আপনি আমার নিকট বলুন। কারণ, বিষ্ণুকথা শুনিয়া বস্তুতই আমার তৃপ্তি হইতেছে না; এদিকে আপনিও সমস্তই অবগত আছেন, ইহা আমার ধারণা' ॥২॥

* অয়মধ্যায়শ্চ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

পুরাহং তপ আস্থায় বাসুদেবপরায়ণঃ।
ধ্যায়ন্ স্তুবন্নমস্যংশ্চ যজমানস্তমেব চ।
গঙ্গাদ্বীপে সমাসীনো দশ বর্ষাণি ভারত! ॥৪॥
মাতা চ মম সা দেবী জননী লোকপাবনী।
সমাসীনা সমীপে মে রক্ষণার্থং মমাচ্যুত! ॥৫॥
তস্মিন্ কালেঽভ্যুতঃ শ্রীমান্ সর্ববেদময়ঃ প্রভুঃ।
সুপর্ণঃ পততাং শ্রেষ্ঠো মেরুমন্দরসন্নিভঃ।
আজগাম বিশুদ্ধাত্মা গঙ্গাং দ্রষ্টুং মহাযশাঃ ॥৬॥
তমাগতং মহাত্মানং প্রত্যুদ্গম্যাহমর্থিতঃ।
প্রণিপত্য যথান্যায়ং কৃতাঞ্জলিরবস্থিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

পুরেতি। আস্থায় অবলম্ব্য। তং বাসুদেবমেব যজমানঃ পূজয়ন্ সমাসীন আসম্। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

মাতেতি। লোকপাবনী গঙ্গা। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! ॥৫॥

তস্মিন্নিতি। সর্ব্ববেদময়ঃ সর্ব্ববেদাভিজ্ঞঃ। সুপর্ণো গরুড়ঃ, পততাং পক্ষিণাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

তমিতি। অর্থিতঃ প্রার্থীব। আদিকর্ম্মণি কর্ত্তরি ক্তঃ ॥৭॥

ভীষ্ম বলিলেন—'রাজশ্রেষ্ঠ! যুধিষ্ঠির! পূর্ব্বে আমার যাহা ঘটিয়াছিল, তুমি সেই বিষয়ই আমার নিকট জিজ্ঞাসা করিয়াছ। পূর্ব্বে গরুড়ের সহিত আমার এক আলাপ হইয়াছিল' ॥৩॥

ভরতনন্দন! আমি পূর্ব্বে বিষ্ণুপরায়ণ হইয়া তপস্যা অবলম্বন করিয়া গঙ্গার একটী দ্বীপে বিষ্ণুরই ধ্যান, স্তব, নমস্কার ও অর্চ্চনা করিতে থাকিয়া দশ বৎসর যাবৎ অবস্থান করিয়াছিলাম ॥৪॥

ধার্ম্মিক! জগৎপাবনী ও জননী আমার মাতা গঙ্গাদেবীও আমার রক্ষার জন্য নিকটে অবস্থান করিতেছিলেন ॥৫॥

সেই সময়ে আশ্চর্য্য মূর্ত্তি, সৌন্দর্য্যসম্পন্ন, সর্ব্ববেদাভিজ্ঞ, প্রভাবশালী, পক্ষিশ্রেষ্ঠ, মেরু ও মন্দরপর্ব্বততুল্য বিশাল আকৃতি, নির্ম্মল চিত্ত ও অত্যন্ত যশস্বী, গরুড় গঙ্গাকে দর্শন করিবার জন্য আগমন করিলেন ॥৬॥

তখন আমি উপস্থিত সেই মহাত্মার প্রত্যুদ্গমন করিয়া এবং প্রার্থীর ন্যায় যথানিয়মে প্রণত হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহার সম্মুখে অবস্থান করিলাম ॥৭॥

সোঽপি দেবো মহাভাগামভিনন্দ্য চ জাহ্নবীম্।
তয়া চ পূজিতঃ শ্রীমানুপোপাবিশদাসনে।
ততঃ কথান্তরে তং বৈ বচনং চেদমব্রুবম্ ॥৮॥
বেদ বেদ মহাবীর্য্য! বৈনতেয়! মহাবল!।
নারায়ণং হৃষীকেশং সহমানোঽনিশং হরিম্ ॥৯॥
জানাসি তং যথা বক্তুং যাদৃগ্ভূতো জনার্দ্দনঃ।
মমাপি তস্য সদ্ভাবং বক্তুমর্হসি সত্তম! ॥১০॥

গরুড় উবাচ।

শৃণু ভীষ্ম! যথান্যায়ং পুরা ত্বমিব সত্তমাঃ।
অনেকে মুনয়ঃ সিদ্ধা মানসোত্তরবাসিনঃ।
পপ্রচ্ছুর্মাং মহাপ্রাজ্ঞা বাসুদেবপরায়ণাঃ ॥১১॥
পক্ষীন্দ্র! বাসুদেবস্য তত্ত্বং বেৎসি পরং পদম্।
ত্বয়া সমো ন তস্যাস্তি সন্নিকৃষ্টঃ প্রিয়োঽপি চ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। উপ মম সমীপে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥
বেদেতি। বেদ জানাতি চিরসান্নিধ্যাৎ। অতিশয়ে দ্বিরুক্তিঃ। সহমানো বোঢ়ুং শক্নুবন্ ॥৯॥
জানাসীতি। মম সমীপে সদ্ভাবং জগতি সত্তাম্ ॥১০॥
শৃণ্বিতি। সত্তমাঃ সাধুশ্রেষ্ঠাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
পক্ষীন্দ্রেতি। তত্ত্বং স্বরূপম্। পদং স্থানম্ ॥১২॥

ক্রমে গরুড় মহাভাগা গঙ্গাকে সম্মান করিলে, গঙ্গাও তাঁহার সম্মান করিলেন; তাহার পর গরুড় আমাদের নিকটে আসনে উপবেশন করিলেন। তদনন্তর কথার প্রসঙ্গে আমি তাঁহাকে এই কথা বলিলাম—॥৮॥

'মহাবীর্য্য! মহাবল! বিনতানন্দন! আপনি সর্ব্বদা নারায়ণকে বহন করিতে থাকিয়া তাঁহাকে সম্পূর্ণরূপে জানেন? ॥৯॥

সাধুশ্রেষ্ঠ! নারায়ণ যে প্রকার, তাহা আপনি যথাযথভাবে বলিতে পারেন; অতএব আপনি আমার নিকটে তাঁহার সত্তার বিষয় বলুন' ॥১০॥

গরুড় বলিলেন—'ভীষ্ম! তুমি শ্রবণ কর—পূর্ব্বে মানসসরোবরে উত্তরদেশবাসী, সাধুশ্রেষ্ঠ, মহাপ্রাজ্ঞ ও বিষ্ণুপরায়ণ, অনেক সিদ্ধমুনি তোমার ন্যায় আমার নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥১১॥

তেষামহং বচঃ শ্রুত্বা প্রণিপত্য মহাহরিম্।
অব্রবঞ্চ যথাবৃত্তং মম নারায়ণস্য চ ॥১৩॥
শৃণুধ্বং মুনিশার্দ্দূলাঃ! হৃত্বা সোমমহং পুরা।
আকাশে পতমানস্তু বাক্যং তত্র শৃণোমি বৈ ॥১৪॥
সাধু সাধু মহাবাহো! প্রীতোঽস্মি তব দর্শনাৎ।
বৃণীষ্ব বচনং মত্তঃ পক্ষীন্দ্র! গরুড়াধুনা ॥১৫॥
ত্বামহং ভক্তিতত্ত্বজ্ঞো ব্রবৈ বচনমুত্তমম্।
ইত্যাহ স্ম ধ্রুবং তত্র মামাহ ভগবান্ পুনঃ ॥১৬॥
ঋষিরস্মি মহাবীর্য্য! ন মাং জানাতি বা ময়ি।
অসূয়তি চ মাং মূঢ়স্তচ্ছ্রুত্বা গর্ব্বমাস্থিতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। মহাহরিং শ্বেতবর্ণং মহাবিষ্ণুম্ ॥১৩॥

শৃণুধ্বমিতি। সোমং সোমলতাম্। পতমানো গচ্ছন্ ॥১৪॥

সাধ্বিতি। বৃণীষ্ব শৃণু, মত্তো মম সকাশাৎ ॥১৫॥

ত্বামিতি। তবৈব ভক্তিতত্ত্বজ্ঞঃ ॥১৬॥

ঋষিরিতি। ঋষির্মন্ত্রপ্রণেতা। জানাতি সাধারণো জনঃ। গর্ব্বমাস্থিতঃ তস্য ভক্তত্বাৎ স্বরূপজ্ঞানাৎ অসূয়ায়া অকরণাচ্চেতি ভাবঃ ॥১৭॥

'পক্ষিরাজ! তুমি নারায়ণের স্বরূপ ও পরম পদ অবগত আছ এবং তোমার তুল্য নারায়ণের সন্নিকৃষ্ট ও প্রিয় লোক অন্য কেহ নাই' ॥১২॥

আমি তাঁহাদের সেই কথা শুনিয়া মহাবিষ্ণুকে নমস্কার করিয়া যথাযথভাবে আমার ও নারায়ণের বৃত্তান্ত বলিতে লাগিলাম ॥১৩॥

'মুনিশ্রেষ্ঠগণ! আপনারা শ্রবণ করুন, পূর্ব্বে একদা আমি সোমলতা হরণ করিয়া আকাশে চলিতে থাকিয়া একটী বাক্য শ্রবণ করিলাম—॥১৪॥

'সাধু, সাধু, মহাবাহু পক্ষিরাজ গরুড়! আমি তোমার দর্শনে প্রীতিলাভ করিলাম; তুমি এখন আমার বাক্য শ্রবণ ॥১৫॥

'আমি তোমার ভক্তিতত্ত্ব জানি; সেই জন্যই আমি তোমাকে এই উত্তম বাক্য বলিতেছি' তিনি আমাকে এই কথা বলিয়াছিলেন; তাহার পর পুনরায় আমাকে ভগবান্ বলিয়াছিলেন—॥১৬॥

'মহাবল গরুড়! সাধারণ লোক আমাকে জানে না; এমন কি, মূঢ় ব্যক্তি আমার অসূয়াও করে।' আমি সেই কথা শুনিয়া আত্মগর্ব্ব অনুভব করিলাম ॥১৭॥

অহং দেবনিকায়ানাং মধ্যে বচনমব্রবম্ ।
ঋষে ! পূর্ব্বং বরং মত্তস্ত্বং বৃণীষ্ব ততো হ্যহম্ ॥১৮॥
বৃণে ত্বত্তো বরং পশ্চাদিত্যেবং মুনিসত্তমাঃ ! ।
তস্মাত্ত্বাং ভগবান্ দেবঃ শ্রীমান্ শ্রীবৎসলক্ষণঃ ॥১৯॥
অদ্য পশ্যতি পক্ষীন্দ্র ! বাহনং ভব মে সদা ।
বৃণেঽহং বরমেতদ্ধি ত্বত্তোঽদ্য পতগেশ্বর ! ॥২০॥ (বিশেষকম্)
তথেতি তং বীক্ষ্য মাতামনহঙ্কারমাস্থিতম্ ।
জেতুকামো হ্যহং বিষ্ণুং মায়য়া মায়িনং হরিম্ ॥২১॥
ত্বত্তো হ্যয়ং বৃণে ত্বদ্য বরম্ ঋষিবরোত্তম ! ।
তবোপরিষ্টাৎ স্থাস্যামি বরমেতৎ প্রযচ্ছ মে ॥২২॥
তথেতি চ হসন্ প্রাহ হরির্নারায়ণঃ প্রভুঃ ।
ধ্বজঞ্চ মে ভব সদা ত্বমেব বিহগেশ্বর ! ।
উপরিষ্টা স্থিতোঽস্তু মম পক্ষীন্দ্র ! সর্ব্বদা ॥২৩॥

ভারতকৌমুদী

অহমিতি। মত্তঃ মম সকাশাৎ। ইত্যেবং ত্বাং বচনমব্রবমিতি সম্বন্ধঃ। শ্রীবৎসো বক্ষোরোমাবর্ত্তো লক্ষণং চিহ্নং যস্য সঃ। হে পতগেশ্বর! পক্ষিরাজ! ॥১৮—২০॥

তথেতি। মাতাং সর্ব্বপ্রমাতারম্। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥২১॥

ত্বত্ত ইতি। উপরিষ্টাৎ উপরিতনদেশে প্রাধান্যে চ ॥২২॥

তথেতি। ধ্বজং ধ্বজলাঞ্ছনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

আমি তখন দেবগণের মধ্যে এই কথা বলিলাম—'ঋষি! প্রথমে আপনি আমার নিকট বর গ্রহণ করুন; তৎপরে আমি আপনার নিকট বর লইব; সেই জন্য আমি আপনাকে এইরূপ বলিতেছি। ঋষিশ্রেষ্ঠগণ! শ্রীমান্ ও শ্রীবৎস-লক্ষণযুক্ত ভগবান্ নারায়ণ আজ তোমাকে দেখিতেছেন (এবং বলিতেছেন)—'পক্ষিরাজ! তুমি সর্ব্বদাই আমার বাহন হও। পক্ষিরাজ! আজ আমি তোমার নিকট এই বরই লইলাম' ॥১৮—২০॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া তাঁহার দিকে দৃষ্টিপাত করিয়া সর্ব্বজ্ঞ, অহঙ্কার-শূন্য ও মায়াবী নারায়ণকে আমি মায়াদ্বারাই জয় করিবার ইচ্ছা করিলাম (এবং বলিলাম)—॥২১॥

'ঋষিবরশ্রেষ্ঠ! আমি আজ আপনার নিকট এই বর লইতেছি যে, আমি আপনার উপরে থাকিব, আপনি এই বর আমাকে দিন' ॥২২॥

ইত্যুক্ত্বা ভগবান্ দেবঃ শঙ্খচক্রগদাধরঃ।
সহস্রচরণঃ শ্রীমান্ সহস্রাদিত্যসন্নিভঃ ॥২৪॥
সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রনয়নো মহান্।
সহস্রমকুটোঽচিন্ত্যঃ সহস্রবদনো বিভুঃ ॥২৫॥
বিদ্যুন্মালানিভৈর্দিব্যৈর্নানাভরণরাজিভিঃ।
ক্বচিৎ সংদৃশ্যমানস্তু চতুর্বাহুঃ ক্বচিদ্ধরিঃ ॥২৬॥
ক্বচিজ্জ্যোতির্ময়োঽচিন্ত্যঃ ক্বচিৎ স্কন্ধে সমাহিতঃ।
এবং মম জয়ং দেবস্তত্রৈবান্তরধীয়ত ॥২৭॥ (কলাপকম্)
ততোঽহং বিস্ময়াপন্নঃ কৃত্বা কার্য্যমনুত্তমম্।
অস্যা বিমুচ্য জননীং ময়া সহ মুনীশ্বরাঃ! ॥২৮॥

ভারতকৌমুদী

ইতীতি। শ্রীমান্ সুন্দরমূর্ত্তিঃ। বিভুর্ব্যাপকঃ। রাজিভিরিতি পুংস্ত্বমার্ষম্। ক্বচিৎ সংদৃশ্যমানঃ কদাচিদদৃশ্যমানোঽপি, ক্বচিৎ চতুর্ব্বাহুঃ কদাচিদ্দ্বিবাহুরপি। স্কন্ধে কস্যচিদ্বাহনস্যোপরি। মম প্রভাবম্ ॥২৪—২৭॥

তত ইতি। হে মুনীশ্বরাঃ! ততঃ অহং ময়া লক্ষ্ম্যা সহ অস্য নারায়ণস্য জননীং কার্য্যোৎপাদয়িত্রীং মতিম্ অবিমুচ্য অবিহায় অনুসৃত্যেত্যর্থঃ। অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম্, কার্য্যং বরদানাদানরূপং কর্ম্ম কৃত্বা বিস্ময়াপন্নঃ অভবম্ ॥২৮॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া প্রভু নারায়ণ হাসিতে হাসিতে বলিলেন—'পক্ষিরাজ! তুমি সর্ব্বদা আমার ধ্বজের চিহ্ন হইয়া থাক। পক্ষিশ্রেষ্ঠ! এই ভাবে সর্ব্বদা আমার উপরে তোমার স্থিতি হউক ॥২৩॥

এই কথা বলিয়া শঙ্খচক্রগদাধারী, সহস্রচরণ, সুন্দরমূর্ত্তি, সহস্রসূর্য্যতুল্য তেজস্বী, সহস্রমস্তক, সহস্রনয়ন, সহস্রমুকুট, সহস্রবদন, বিরাট পুরুষ, সর্ব্বব্যাপক, অচিন্তনীয় প্রভাব, বিদ্যুন্মালাতুল্য অলৌকিক অলঙ্কারযুক্ত, কখনও দৃশ্য, কখনও অদৃশ্য, কখন ও চতুর্ভুজ, কখন ও দ্বিভুজ, কখন ও তেজোময় এবং কখন ও কোন বাহনের স্কন্ধে অবস্থিত, সেই ভগবান্ নারায়ণ আমার প্রভাব জয় করিয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥২৪—২৭॥

হে মুনিশ্রেষ্ঠগণ! তাহার পর লক্ষ্মীর সহিত এই ভগবান্ নারায়ণের ইচ্ছার অনুসরণ করিয়া উঁহাকে বরদান এবং উঁহার নিকট হইতে বরগ্রহণরূপ সর্ব্বোত্তম কার্য্য করিয়া আমি বিস্ময়াপন্ন হইলাম ॥২৮॥

অচিন্ত্যোঽয়মহং ভূয়ঃ কোঽসৌ মামব্রবীৎ পুরা।
কীদৃগ্‌বিধঃ স ভগবানিতি মত্বা তমাস্থিতঃ ॥২৯॥
অনন্তরং দেবদেবং স্কন্ধে মম সমাশ্রিতম্।
অদ্রাক্ষং পুণ্ডরীকাক্ষং বহমানোঽহমদ্ভুতম্ ॥৩০॥
অবশস্তস্য ভাবেন যত্র যত্র স চেচ্ছতি।
বিস্ময়াপন্নহৃদয়ো হ্যহং কিমিতি চিন্তয়ন্।
অন্তর্জলমহং সর্ব্বং বহমানোঽগমং পুনঃ ॥৩১॥
সেন্দ্রৈর্দেবৈর্মহাভাগৈর্ব্রহ্মাদ্যৈঃ কল্পজীবিভিঃ।
স্তূয়মানো হ্যহমপি তৈস্তৈরভ্যর্চ্চিতঃ পৃথক্ ॥৩২॥
ক্ষীরোদস্যোত্তরে কূলে দিব্যে মণিময়ে শুভে।
বৈকর্ণনাম সদনং হরেস্তস্য মহাত্মনঃ ॥৩৩॥
দিব্যং তেজোময়ং শ্রীমদচিন্ত্যমমরৈরপি।
তেজোনিলময়ৈঃ স্তম্ভৈর্নানাসংস্থানসংস্থিতৈঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অচিন্ত ইতি। মত্বা বিভাব্য, আস্থিতঃ অপেক্ষাবস্থিতঃ ॥২৯॥

অনন্তরমিতি। অহঞ্চ অদ্ভুতং তং নারায়ণং স্কন্ধে বহমান আসন্ ॥৩০॥

অবশ ইতি। অবশঃ পরাধীনঃ, ভাবেন প্রভাবেণ। তত্র তত্রাগচ্ছমিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

সেন্দ্রৈরিতি। স্তূয়মানঃ অভ্যর্চ্চিতশ্চ তস্য বাহনত্বাদেব ॥৩২॥

'ইনি অচিন্তনীয়, কে উনি পূর্ব্বে আমাকে সেই সকল কথা বলিয়াছিলেন এবং সেই ভগবান্ কি প্রকার' ইত্যাদি ভাবিয়া তাঁহাকেই লক্ষ করিয়া আমি সেই স্থানেই রহিয়াছিলাম ॥২৯॥

তাহার পর দেখিলাম—দেবদেব পদ্মনয়ন নারায়ণ আমার স্কন্ধে আরোহণ করিয়াছেন এবং আমি সেই আশ্চর্য্য প্রভাব দেবদেবকে বহন করিতেছি ॥৩০॥

সেই ভগবানের প্রভাবে আমি অবশ হইয়া পড়িলাম; সুতরাং তিনি যেখানে যেখানে যাইতে ইচ্ছা করিতে লাগিলেন, আমি সেইখানেই যাইতে লাগিলাম এবং এই ব্যাপারটা কি—ইহা ভাবিয়া বিস্ময়াপন্ন হইলাম। ক্রমে আবার তাঁহাকে বহন করিতে থাকিয়া জলের ভিতরে যাইয়া প্রবেশ করিলাম ॥৩১॥

তৎকালে কল্পান্তজীবী ও মহাত্মা ব্রহ্মা এবং ইন্দ্রপ্রভৃতি দেবতারা পৃথক্ পৃথক্ ভাবে আমার স্তব ও অর্চ্চনা করিতে লাগিলেন ॥৩২॥

বিভূষিতং হিরণ্যেন ভাস্বরেণ সমন্ততঃ।
দিব্যং জ্যোতিঃ সমাযুক্তং গীতবাদিত্রশোভিতম্ ॥৩৫॥ (বিশেষকম্)
শৃণোমি শব্দং তত্রাহং ন পশ্যামি শরীরিণম্।
ন চ স্থলং ন চান্যচ্চ পাদয়োস্তং সমন্ততঃ।
বেপমানো হ্যহং তত্র বিষ্ঠিতোঽহং কৃতাঞ্জলিঃ ॥৩৬॥
ততো ব্রহ্মাদয়ো দেবা লোকপালাস্তথৈব চ।
সনন্দনাদ্যা মুনয়স্তথাঽন্যে পরজীবিনঃ ॥৩৭॥
প্রাপ্তাস্তত্র সভাদ্বারি দেবগন্ধর্বসত্তমাঃ।
ব্রহ্মাণং পুরতঃ কৃত্বা কৃতাঞ্জলিপুটাস্তদা ॥৩৮॥ (যুগ্মকম্)
ততস্তদন্তরে তস্মিন্ ক্ষীরোদার্ণবশীকরৈঃ।
বোধ্যমানো মহাবিষ্ণুরাবির্ভূত ইবাবভৌ ॥৩৯॥

ভারতকৌমুদী

ক্ষীরোদস্যেতি। কূলে তীরে। সদনং ভবনম্, বর্ত্ততে। সদনং বিশিনষ্টি দিব্যমিতি। নানা-সংস্থানেন বিবিধভাবেন সংস্থিতৈঃ। হিরণ্যেন স্বর্ণেন ॥৩৩—৩৫॥

শৃণোমীতি। শব্দং গীতবাদিত্রধ্বনিম, পাদয়োরধঃস্থলম্ অন্যজ্জলঞ্চ ন পশ্যামি, সমন্ততস্তু তং বাটমেব পশ্যামীতি সম্বন্ধঃ। বেপমানো ভয়াৎ কম্পমানঃ। বিষ্ঠিতঃ অবস্থিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

তত ইতি। পরজীবিনো দীর্ঘজীবিনঃ। প্রাপ্তা উপস্থিতাঃ ॥৩৭—৩৮॥

অলৌকিক, মণিময় ও মঙ্গলময় ক্ষীরোদসমুদ্রের উত্তর তীরে সেই মহাত্মা নারায়ণের বৈকর্ণনামে ভবন রহিয়াছে। তাহা অলৌকিক, তেজোময়, পরম-সুন্দর এবং দেবগণেরও অচিন্তনীয়, আর তাহা নানাভাবে অবস্থিত তেজোময় ও বায়ুময় স্তম্ভসংযুক্ত এবং সকল দিকে উজ্জ্বল স্বর্ণে অলঙ্কৃত, আর তাহাতে অলৌকিক জ্যোতি প্রকাশ পাইতেছিল এবং গান ও বাদ্য চলিতেছিল ॥৩৩—৩৫॥

তৎকালে আমি গান ও বাদ্যের শব্দ শুনিতে লাগিলাম বটে; কিন্তু তাহা যে করে, সেরূপ কোন দেহধারীকে দেখিতে পাইলাম না; কিংবা আমার চরণদ্বয়ের তলে জল বা স্থল দেখিলাম না; অথচ সকল দিকেই সেই বিষ্ণুভবন দেখিতে লাগিলাম। তখন আমি ভয়ে কাঁপিতে থাকিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইয়া রহিলাম ॥৩৬॥

তাহার পর ব্রহ্মাদি দেবগণ, লোকপালগণ, সনন্দনপ্রভৃতি মুনিগণ, অন্যান্য দীর্ঘ-জীবিগণ ও গন্ধর্ব্বশ্রেষ্ঠগণ ব্রহ্মাকে অগ্রবর্ত্তী করিয়া তত্রত্য সভাদ্বারে উপস্থিত হইলেন ॥৩৭—৩৮॥

ফণাসহস্রমালাঢ্যং শেষমব্যক্তসংস্থিতম্।
পশ্যাম্যহং মুদাকাশে যস্যোপরি জনার্দ্দনম্ ॥৪০॥
পীতাম্বরেণ সংবীতং কৌস্তুভেন বিরাজিতম্।
বক্ষঃস্থলেন সংযুক্তং পদ্ময়াধিষ্ঠিতেন চ ॥৪১॥
ঈষদুন্মীলিতাক্ষং তং সর্বকারণকারণম্।
ক্ষীরোদস্যোপরি বভৌ নীলাভ্রং পরমং যথা ॥৪২॥ (বিশেষকম্)
ন কশ্চিদ্বদতে কঞ্চিন্ন ব্যাহরতি কশ্চন।
ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তং মাশব্দমিতি রোষিতম্ ॥৪৩॥
ভ্রুকুটীকুটিলাক্ষাস্তে নানাভূতগণাঃ স্থিতাঃ।
ততোঽচিন্ত্যো হরিঃ শ্রীমানালোক্য চ পিতামহম্ ॥৪৪॥
কৃত্বা চ প্রস্থিতং তত্র জগতাং হিতকাম্যয়া।
গচ্ছধ্বমিতি তানুক্ত্বা গরুড়েত্যাহ মাং ততঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। বোধ্যমানো নিদ্রাক্ষয়ং নীয়মানঃ ॥৩৯॥

ফণেতি। শেষমনন্তনাগম্, অব্যক্তমস্পষ্টং যথা স্যাত্তথা সংস্থিতম্। সংবীতং পরিবেষ্টিতাধো-দেহম্। পদ্ময়া লক্ষ্ম্যা, সর্ব্বকারণানাং বিয়দাদীনামপি কারণম্। নীলাভ্রং নীলবর্ণমেঘঃ ॥৪০—৪২॥

নেতি। বদতে গুপ্তং ভাষতে, ব্যাহরতি স্পষ্টং ভাষতে। শব্দং মা কুর্বিতি শেষঃ। রোষিতং ক্রুদ্ধমিব স্থিতমনুচরবৃন্দম্ ॥৪৩॥

তদনন্তর সেই সময়ে ক্ষীরোদসাগরের জলবিন্দুস্পর্শে জাগরিত হইয়া মহাবিষ্ণু যেন আবির্ভূত হইয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৯॥

তৎকালে আমি আনন্দসহকারে আকাশে দর্শন করিলাম—সহস্রফণাযুক্ত অনন্ত-নাগ সুস্পষ্ট ভাবে রহিয়াছেন; যাঁহার উপরে নারায়ণ অবস্থান করিতেছিলেন। তাঁহার পরিধানে পীতবর্ণ বস্ত্র, বক্ষঃস্থলে কৌস্তুভমণি ও লক্ষ্মীদেবী শোভা পাইতে-ছিলেন; তৎকালে তিনি নয়নযুগল ঈষৎ উন্মীলন করিয়াছিলেন। এইভাবে সেই সর্ব্বকারণকারণ নারায়ণ ক্ষীরোদসাগরের উপরি দেশে পরম নীলবর্ণ মেঘের ন্যায় বিরাজ করিতেছিলেন ॥৪০—৪২॥

কোন ব্যক্তি কাহাকেও মৃদুভাবে কোন কথা বলিতেছিল না এবং স্পষ্টভাবেও কহিতেছিল না; আর অনুচরগণ ক্রুদ্ধের ন্যায় থাকিয়া ব্রহ্মা হইতে কীট পর্য্যন্ত সকলকেই যেন শব্দ করিতে নিষেধ করিতেছিল ॥৪৩॥

ততোঽহং প্রণিপত্যাগ্রে কৃতাঞ্জলিরবস্থিতঃ।
আগচ্ছেতি চ মা মুক্ত্বা পূর্ব্বোত্তরপথং গতঃ ॥৪৬॥
অতীবমৃদুভাবেন গচ্ছন্নিব স দৃশ্যতে।
অযুতং নিযুতং চাহং প্রযুতং চার্বুদং তথা।
পতমানোঽহমনিশং যোজনানি ততস্ততঃ ॥৪৭॥
ননু তত্ত্বমহং ভক্তো বিষ্ঠিতোঽস্মি প্রশাস্তু নঃ।
আগচ্ছ গরুড়েত্যেবং পুনরাহ স মাধবঃ ॥৪৮॥
ততো ভূয়ো হ্যহং পাতং পতমানো বিহায়সম্।
আজগাম ততো ঘোরং শতকোটিসমাবৃতম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

ভ্রূকুটীতি। কৃত্বা গমনায়ানুমতিমিতি শেষঃ, প্রস্থিতমুপস্থিতম্ ॥৪৪—৪৫॥
তত ইতি। অগ্রে তৎসম্মুখে। পূর্ব্বোত্তরপথম্ ঈশানকোণম্ ॥৪৬॥
অতীবেতি। পতমানো গচ্ছন্। ধর্ত্তুং নাশকমিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥
নম্বিতি। বিষ্ঠিতঃ অবস্থিতশ্চাস্মি। নঃ অস্মান্ তত্ত্বং স্বরূপম্, প্রশাস্তু ভবানুপদিশতু ॥৪৮॥
তত ইতি। পতত্যস্মিন্নিতি পাতস্তম্, বিহায়সমাকাশম্। ঘোরং ভূতম্, শতকোটিভির্ভূতৈ-রেব সমাবৃতম্ ॥৪৯॥

নানাজাতীয় প্রাণিগণ ভ্রূকুটীকুটিলনেত্রে অবস্থান করিতেছিল; তাহার পর সুন্দরমূর্ত্তি ও অচিন্তনীয়প্রভাব নারায়ণ ব্রহ্মার দিকে দৃষ্টিপাত করিয়া নয়নভঙ্গী-দ্বারা গমনের অনুমতি জানাইয়া বলিলেন—'তোমরা যাইতে পার'; কিন্তু ব্রহ্মাদি দেবগণ জগতের হিতকামনায় সে স্থানে উপস্থিত হইয়াছিলেন। তৎপরে তিনি আমাকে বলিলেন—'গরুড়!' ॥৪৪—৪৫॥

তাহার পর আমি তাঁহাকে প্রণিপাত করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহার সম্মুখে দাঁড়াইলাম। তখন তিনি আমাকে 'আইস' এই কথা বলিয়া পূর্ব্বোত্তর দিকে গমন করিলেন ॥৪৬॥

তৎকালে তিনি অত্যন্ত ধীরে ধীরে গমন করিতেছেন বলিয়াই দেখিতে লাগিলাম; অথচ আমি নানাদিকে অযুত, নিযুত, প্রযুত ও অর্বুদ যোজন গমন করিয়াও তাঁহাকে ধরিতে পারিলাম না ॥৪৭॥

'গরুড়! আমি তোমার ভক্ত এবং আমি এই স্থানে দাঁড়াইলাম, তুমি আইস, আসিয়া আমাকে তত্ত্বোপদেশ দাও।' সেই নারায়ণ পুনরায় আমাকে এইরূপ বলিলেন ॥৪৮॥

তামসানীব ভূতানি পর্বতাভানি তত্র হ।
সমানানীব পদ্মানি ততোঽহং ভীত আস্থিতঃ ॥৫০॥
ততো মাং কিঙ্করো ঘোরঃ শতযোজনমায়তম্ ।
নিগৃহ্য পাণিনা তস্মাচ্চিক্ষেপ চ স লোষ্টবৎ ॥৫১॥
তত্তমোঽহমতিক্রম্য হ্যাপং চৈব বিহায়সম্ ।
হুঙ্কারঘোষং তত্রাহমশনীপাতসন্নিভম্ ।
কর্ণমূলে হ্যশৃণবস্ততো ভূতৈঃ সমাস্থিতঃ ॥৫২॥
ততো হে দেবদেবেশ ! ত্রাহি মাং পুষ্করেক্ষণ ! ।
ইত্যব্রবমহং তত্র ততো বিষ্ণুরুবাচ মাম্ ॥৫৩॥
সুষিরস্য মুখে কশ্চিন্মাং চিক্ষেপ ভয়ঙ্করঃ ।
অতীতোঽহং ক্ষণাদগ্নিমপশ্যং বায়ুমণ্ডলম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

তামসানীতি। তামসানি অন্ধকারনির্ম্মিতানি, পর্ব্বতাভানি পর্ব্বতপ্রমাণানি। সমানানি একাদৃশানি, পদ্মানি পদ্মসংখ্যকানি বহূনীত্যর্থঃ ॥৫০॥

তত ইতি। আয়তং দীর্ঘম্। নিগৃহ্য ধৃত্বা ॥৫১॥

তদিতি। আপং প্রাপ্তবানস্মি। অশনীপাতসন্নিভং বজ্রপতনশব্দতুল্যম্। সমাস্থিতঃ অহমাশ্রিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। হে পুষ্করেক্ষণ ! পদ্মনয়ন ! ॥৫৩॥

তদনন্তর আমি আবার আকাশে চলিতে লাগিলাম ; তখন একটা ভয়ঙ্কর ভূত বহুতর ভূতে পরিবেষ্টিত হইয়া আমার সম্মুখে আগমন করিল ॥৪৯॥

সেই ভূতগুলি যেন অন্ধকারে নির্ম্মিত, পর্ব্বতপ্রমাণ এবং সকলেই সমান আকৃতি ; আর তাহারা সংখ্যায়ও অতি বহুতর ছিল। তৎপরে আমি ভীত হইয়া থামিলাম ॥৫০॥

তাহার পর একটা ভয়ঙ্কর ভূত, আমাকে হস্তদ্বারা ধারণ করিয়া একটা লোষ্ট্রের ন্যায় সেই স্থান হইতে শতযোজন দূরে নিক্ষেপ করিল ॥৫১॥

ক্রমে আমি সেই অন্ধকার অতিক্রম করিয়া আকাশ পাইলাম ; তখন বজ্রপাত শব্দের তুল্য একটা হুঙ্কারশব্দ কর্ণে শ্রবণ করিলাম ; তাহার পর কতকগুলি ভূত আসিয়া আমাকে পরিবেষ্টন করিল ॥৫২॥

তদনন্তর আমি বলিলাম—'হে দেবদেব ! হে ঈশ্বর ! হে পুণ্ডরীকাক্ষ ! আপনি আমাকে রক্ষা করুন ; তৎপরে বিষ্ণু আমার সহিত কথা বলিলেন ॥৫৩॥

আকাশমিব সংপ্রেক্ষ্য ক্ষেপ্তুকামমুপাগতম্।
তত্রাহং দুঃখিতো ভূতঃ ক্রোশমানো হ্যবস্থিতঃ ॥৫৫॥
ক্ষণান্তরেণ ঘোরেণ ক্রুদ্ধো হি পরমাত্মনা।
স্বপক্ষরাজিনা দৃষ্ট্বা মাং চিক্ষেপ ভয়ঙ্করঃ ॥৫৬॥
অহো! বিহঙ্গমঃ প্রাপ্ত ইতি বিস্ময়মানসাঃ।
মাং দৃষ্ট্বোচুরহং তত্র পশ্যামি গরুড়ধ্বজম্ ॥৫৭॥
সহস্রযোজনায়ামং সহস্রাদিত্যবর্চ্চসম্।
সহস্রগরুড়ারূঢ়ং গরুড়াস্তে মহাবলাঃ ॥৫৮॥ (যুগ্মকম্)
অত্যাশ্চর্য্যমিমং দেব! বপুষাস্মৎকুলোৎদ্ভবঃ।
স্বল্পপ্রাণঃ স্বল্পকায়ঃ কোঽসৌ পক্ষী ইহাগতঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

সুষিরস্যেতি। সুষিরস্য গর্ত্তস্য। অগ্নিম্ অগ্নিময়ম্ ॥৫৪॥

আকাশমিতি। ক্ষেপ্তুকামমিবাকাশম্। ক্রোশমানো ভগবন্তমাহ্বয়ন্ ॥৫৫॥

ক্ষণেতি। ক্ষণান্তরেণ স্বপক্ষে রাজত ইতি তেন, পরমাত্মনা নারায়ণেন প্রেরিত ইতি শেষঃ, ক্রুদ্ধো ভয়ঙ্করশ্চ কশ্চিৎ কিঙ্করঃ দৃষ্ট্বা মাং চিক্ষেপ ॥৫৬॥

অহো ইতি। বিহঙ্গমঃ পক্ষী গরুড় এব। গরুড়ধ্বজং নারায়ণম্, সহস্রযোজনায়ামং সহস্রযোজনব্যাপিনম্। তে তদানীন্তননারায়ণবাহনীভূতাঃ ॥৫৭—৫৮॥

তদ্বাহনীভূতানাং গরুড়ানামুক্তিমনুবদতি তদিতি। হে দেব! নারায়ণ! ইমং গরুড়ম্ অত্যাশ্চর্য্যং পশ্যাম ইতি শেষঃ, স্বল্পপ্রাণাদিমত্ত্বাদিতি ভাবঃ ॥৫৯॥

এই সময় কোন ভয়ঙ্কর ভূত আমাকে গর্ত্তের মুখে নিক্ষেপ করিল। পরে আমি ক্ষণকাল মধ্যেই সেই গর্ত্ত অতিক্রম করিয়া অগ্নিময় বায়ুমণ্ডল দর্শন করিলাম ॥৫৪॥

সেই সময়ে আমাকে দেখিয়া আকাশই যেন আমাকে নিক্ষেপ করিতে আসিল; তখন আমি আকুল হইয়া ভগবান্‌কে ডাকিতে লাগিলাম ॥৫৫॥

ক্ষণকাল মধ্যে স্বপক্ষবর্ত্তী, ভয়ঙ্কর মূর্ত্তি নারায়ণের প্রেরণায় কোন ভয়ঙ্কর ভূত ক্রুদ্ধ হইয়া আমাকে নিক্ষেপ করিল ॥৫৬॥

আমাকে দেখিয়া বিস্ময়াপন্ন হইয়া সেই ভূতেরা বলিল, 'ওহে! পক্ষী আসিয়াছে' তখন আমি গরুড়ধ্বজ নারায়ণকে দেখিলাম; তৎকালে তিনি সহস্রযোজনব্যাপী, সহস্র সূর্য্যের ন্যায় তেজস্বী এবং সহস্র গরুড়ে আরূঢ় ছিলেন; আর সেই গরুড়গুলিও মহাবল ছিল। (তাহারা বলিল—) ॥৫৭—৫৮॥

তচ্ছ্রুত্বাহং নষ্টগর্ব্বো ভীতো লজ্জাসমন্বিতঃ।
স্বয়ং বুদ্ধশ্চ সংবিগ্নস্ততো হ্যশৃণবং পুনঃ ॥৬০॥
আগচ্ছ গরুড়েত্যেব ততোঽহং যানমাস্থিতঃ।
পরার্দ্ধঞ্চ ততো গত্বা যোজনানাং শতং পুনঃ।
তত্রাপশ্যমহং যোগে ব্রহ্মাণং পরমেষ্ঠিনম্ ॥৬১॥
তত্রাপি চাপরং তত্র শতকোটিপিতামহান্।
পুনরেহীত্যুবাচোচ্চৈর্ভগবান্ মধুসূদনঃ ॥৬২॥
মহাকুলং ততোঽপশ্যং প্রমাণানি তমব্যয়ম্।
কপিত্থফলসঙ্কাশমন্ধকারৈঃ সমাশ্রিতম্ ॥৬৩॥
তত্র স্থিতো হরিঃ শ্রীমানণ্ডমেকং বিভেদ হ।
মহদ্ভূতং হি মাং গৃহ্য দত্ত্বা বৈ প্রাক্ষিপৎ পুনঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

তদিতি। বুদ্ধস্তৎপার্থক্যমবগতঃ, সংবিগ্নস্তেষামাক্রমণাশঙ্কয়া উদ্বিগ্নঃ ॥৬০॥
আগচ্ছেতি। যানং গমনম্ আস্থিত আরব্ধবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১॥
তত্রেতি। অপরমাশ্চর্য্যং জাতমিতি শেষঃ। শতকোটিপিতামহান্ পশ্যামীত্যনুবৃত্তিঃ ॥৬২॥
মহেতি। মহাকুলং গরুড়ানাম্। প্রমাণানি পর্ব্বততুল্যানি ভূতানি, তং নারায়ণঞ্চ ॥৬৩॥

'দেব! ইহাকে ত আমরা অত্যাশ্চর্য্য দেখিতেছি; ইহার আকৃতি দেখিয়া মনে হইতেছে যে, এ আমাদেরই বংশে উৎপন্ন হইয়াছে; কিন্তু ইহার শক্তি অল্প এবং দেহ ক্ষুদ্র; সুতরাং এ কোন্ পক্ষী এখানে আসিল?' ॥৫৯॥

তাহা শুনিয়া আমার গর্ব্ব নষ্ট হইল, আমি ভীত ও লজ্জিত হইয়া পড়িলাম এবং তাহাদের সহিত আমার পার্থক্য কি, তাহাও নিজেই বুঝিলাম। ক্রমে উদ্বিগ্ন হইয়া পড়িলাম; তাহার পর আবার শুনিলাম ॥৬০॥

'গরুড়! আইস।' তাহার পরে আমি চলিতে আরম্ভ করিলাম; ক্রমে পরার্দ্ধ যোজন, আবার শত যোজন গমন করিয়া তখন দেখিলাম, পরমেশ্বর ব্রহ্মা যোগস্থ হইয়া রহিয়াছেন ॥৬১॥

সেই অবস্থাতেও আর একটা আশ্চর্য্য দেখিলাম যে, সে স্থানে কোটি কোটি ব্রহ্মা আমার দৃষ্টি গোচর হইতে লাগিলেন; এই সময়ে ভগবান্ নারায়ণ উচ্চস্বরে পুনরায় আমাকে বলিলেন—'আইস' ॥৬২॥

তখন আবার দেখিলাম—অসংখ্য গরুড়, পর্ব্বতপ্রমাণ ভূত সকল এবং সেই অবিনশ্বর নারায়ণ কপিত্থফলের ন্যায় অন্ধকার মধ্যে রহিয়াছেন ॥৬৩॥

তন্মধ্যে সাগরান্ সপ্ত ব্রহ্মাণঞ্চ তথা সুরান্।
পশ্যাম্যহং যথাযোগং মাতরং স্বকুলং তথা ॥৬৫॥
এবং ময়ানুভূতং হি তত্ত্বান্বেষণকাঙ্ক্ষিণা।
শিবিকাসদৃশং মাং বৈ পশ্যধ্বং মুনিসত্তমাঃ! ॥৬৬॥
ইত্যেবমব্রবং বিপ্রান্ ভীষ্ম! যন্মে পুরাভবৎ।
তত্তে সর্ব্বং যথান্যায়মুক্তবানস্মি সত্তম! ॥৬৭॥
যোগিনস্তং প্রপশ্যন্তি জ্ঞানং দৃষ্ট্বা পরং হরিম্।
নান্যথা শক্যরূপোঽসৌ জ্ঞানগম্যঃ পরঃ পুমান্।
অনন্যয়া চ ভক্ত্যা চ প্রাপ্তুং শক্যো মহাহরিঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। কিঞ্চিন্মহদ্ভূতং কর্ত্তৃ, মাং গৃহ্য গৃহীত্বা তদণ্ডান্তরে দত্ত্বা চ তত্রৈব পুনঃ প্রাক্ষিপৎ ॥৬৪॥

তদিতি। মাতরং বিনতাম্, স্বকুলং গরুড়সমূহম্ ॥৬৫॥

এবমিতি। তত্ত্বান্বেষণকাঙ্ক্ষিণা ভগবৎস্বরূপজিজ্ঞাসুনা। শিবিকাসদৃশং তস্য মায়য়ৈব তথাভূতম্ ॥৬৬॥

ইতীতি। বিপ্রান্ পূর্ব্বোক্তান্ মুনীন্ ॥৬৭॥

যোগিন ইতি। যোগিনঃ জ্ঞানং জ্ঞানময়ম্ "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, পরং পরমাত্মানং হরিং দৃষ্ট্বা যোগেন সাক্ষাৎকৃত্য তং প্রপশ্যন্তি স্বরূপেণ জানন্তি। অনন্যয়া অনন্যবর্ত্তিন্যা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৮॥

সুন্দর মূর্ত্তি নারায়ণ সেইখানে থাকিয়া একটা অণ্ড (ডিম) বিদীর্ণ করিলেন; তখন একটা বিশাল ভূত আমাকে ধরিয়া অগ্রবর্ত্তী করিয়া দিয়া আবার সেই অণ্ডের ভিতরে নিক্ষেপ করিল ॥৬৪॥

ক্রমে আমি দেখিলাম—সেই অণ্ডমধ্যে সপ্ত সমুদ্র, ব্রহ্মা, দেবগণ, আমার জননী বিনতা এবং নিজবংশজাত গরুড়গণ রহিয়াছেন ॥৬৫॥

হে মুনিশ্রেষ্ঠগণ! আমি বিষ্ণুর স্বরূপ জানিবার ইচ্ছা করিয়া এইরূপ প্রত্যক্ষ করিয়াছিলাম এবং সেই নারায়ণের প্রভাবেই আমি শিবিকার তুল্য হইয়া গিয়াছি; আপনারা দেখুন ॥৬৬॥

সাধুশ্রেষ্ঠ ভীষ্ম! পূর্ব্বে আমার যাহা ঘটিয়াছিল; তাহা আমি এইভাবে সেই ব্রাহ্মণগণকে বলিয়াছিলাম এবং এখন আবার সেই সমস্ত বৃত্তান্তই তোমার নিকটে যথানিয়মে বলিলাম ॥৬৭॥

ভীষ্ম উবাচ।

ইত্যেবমুক্ত্বা ভগবান্ সুপর্ণঃ পক্ষিরাট্ প্রভুঃ।
আমন্ত্র্য জননীং মে বৈ তত্রৈবান্তরধীয়ত ॥৬৯॥
তস্মাদ্রাজেন্দ্র! সর্ব্বাত্মা বাসুদেবঃ প্রধানকৃৎ।
জ্ঞানেন ভক্ত্যা সুলভো নান্যথেতি মতির্মম ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে বিষ্ণুতত্ত্বকথনে ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ।

—ঃ০ঃ—

যুধিষ্ঠির উবাচ।

যোগং মে পরমং তাত! মোক্ষস্য বদ ভারত!।
তমহং তত্ত্বতো জ্ঞাতুমিচ্ছামি বদতাংবর! ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। সুপর্ণো গরুড়ঃ। জননীং গঙ্গাম্ ॥৬৯॥

তস্মাদিতি। প্রধানকৃৎ প্রকৃতিস্রষ্টা ভক্তানাং প্রাধান্যকারী বা ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে ষড়ধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

যোগীরা যোগবলে সেই জ্ঞানময় পরমাত্মা নারায়ণকে সাক্ষাৎ করিয়া তাঁহার স্বরূপ জানিতে পারেন; কিন্তু জ্ঞানগম্য সেই পরমপুরুষকে অন্য কোন প্রকারেই জানা যায় না; তবে অনন্যগামিনী ভক্তিদ্বারাও সেই মহাহরিকে পাওয়া যায়' ॥৬৮॥

ভীষ্ম বলিলেন—'পক্ষিরাজ ও প্রভাবশালী ভগবান্ গরুড় এইরূপ বলিয়া আমার মাতা গঙ্গাদেবীর অনুমতি লইয়া সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৬৯॥

অতএব রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! আমার ধারণা এই যে, সর্ব্বময় ও প্রকৃতির সৃষ্টি-কর্ত্তা ভগবান্ বাসুদেব কেবল জ্ঞান ও ভক্তিদ্বারাই সুলভ হন; কিন্তু অন্য প্রকারে নহে' ॥৭০॥

* '.. একাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' নি।

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
সংবাদং মোক্ষসংযুক্তং শিষ্যস্য গুরুণা সহ ॥২॥
কশ্চিদ্ব্রাহ্মণমাসীনমাচার্য্যমৃষিসত্তমম্।
তেজোরাশিং মহাত্মানং সত্যসন্ধং জিতেন্দ্রিয়ম্ ॥৩॥
শিষ্যঃ পরমমেধাবী শ্রেয়োহর্থী সুসমাহিতঃ।
চরণাবুপসংগৃহ্য স্থিতঃ প্রাঞ্জলিরব্রবীৎ ॥৪॥ (যুগ্মকম্)
উপাসনাৎ প্রসন্নোহসি যদি বৈ ভগবন্! মম।
সংশয়ো মে মহান্ কশ্চিত্তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৫॥

ভারতকৌমুদী

ইদানীং প্রকৃতমনুসরতি যোগমিতি। মোক্ষস্য পরমং যোগমুপায়ম্, "যোগঃ সন্নহনোপায়ধ্যান-সঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ ॥১॥

অত্রেতি। মোক্ষসংযুক্তং মোক্ষবিষয়কম্ ॥২॥

কশ্চিদিতি। কশ্চিৎ শিষ্য ইতি পরেণান্বয়ঃ। সুসমাহিতঃ অতীবমনোযোগী ॥৩—৪॥

উপেতি। তৎসংশয়বিষয়কং বাক্যম্, ব্যাখ্যাতুং বিশেষেণ বক্তুম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

এবমধ্যায়ত্রয়েণেশ্বরপ্রণিধানমুক্তম্, যেন শীঘ্রতরং যোগঃ সিধ্যতি যোগান্তরায়াশ্চ ব্যাধিদুঃখাদয়ো নশ্যন্ত্যথেদানীং প্রধানভূতং যোগমেব জিজ্ঞাসুঃ পৃচ্ছতি—যোগং মে ইতি। পরমং সবীজযোগাৎ পরমং নির্বীজযোগং মোক্ষস্য হেতুম্। মোক্ষং মে ইতি পাঠে উপায়োপেয়বিষয়ৌ দ্বৌ প্রশ্নৌ। তং সংযোগং মোক্ষম্ ॥১—২॥ কশ্চিদিতি শ্লোকাভ্যাং ক্রমেণ গুরুশিষ্যয়োর্গুণা বর্ণিতাঃ ॥৩—৪॥ ত্বং চাহঞ্চ কুত উপাদানাৎ কুতো বা নিমিত্তাদুৎপন্নৌ স্বস্তদ্রূহি যৎ পরং শ্রেষ্ঠমুপাদানং নিমিত্তঞ্চ

যুধিষ্ঠির বলিলেন—'তাত! ভরতনন্দন! বাগ্মিশ্রেষ্ঠ! আপনি আমার নিকট মুক্তির প্রধান উপায় বলুন; আমি তাহা যথার্থরূপে জানিতে ইচ্ছা করি' ॥১॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এ বিষয়েও মনস্বীরা কোন গুরুর সহিত কোন শিষ্যের মোক্ষবিষয়ে আলোচনারূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

ঋষিশ্রেষ্ঠ, তেজোময় রাশির স্বরূপ, মহাত্মা, সত্যপ্রতিজ্ঞ ও জিতেন্দ্রিয় এক আচার্য্য ব্রাহ্মণ উপবিষ্ট ছিলেন; সেই সময়ে অত্যন্ত মেধাবী, মঙ্গলার্থী ও বিশেষ মনোযোগী কোন শিষ্য যাইয়া গুরুদেবের চরণযুগলে নমস্কার করিয়া কৃতাঞ্জলিপুটে সম্মুখে থাকিয়া বলিল—॥৩—৪॥

কুতশ্চাহং কুতশ্চ ত্বং তৎ সম্যগ্‌ব্রূহি যৎ পরম্।
কথঞ্চ সর্ব্বভূতেষু সমেষু দ্বিজসত্তম!।
সম্যগ্‌বৃত্তানি বর্ত্তন্তে বিপরীতাঃ ক্ষয়োদয়াঃ ॥৬॥
বেদেষু চাপি যদ্বাক্যং লৌকিকং ব্যাপকঞ্চ যৎ।
এতদ্বিদ্বন্! যথাতত্ত্বং সর্বং ব্যাখ্যাতুমর্হসি ॥৭॥

গুরুরুবাচ।

শৃণু শিষ্য! মহাপ্রাজ্ঞ! ব্রহ্মগুহ্যমিদং পরম্।
অধ্যাত্মং সর্ব্ববিদ্যানামাগমানাঞ্চ যদ্বসু ॥৮॥

ভারতকৌমুদী

কুত ইতি। হে দ্বিজসত্তম! অহং কুত উৎপন্নং, ত্বঞ্চ কুতো জাতঃ, যচ্চ বস্তু পরং সর্ব্বশ্রেষ্ঠম্, তচ্চ সম্যগ্‌ব্রূহি। কথঞ্চ সর্ব্বভূতেষু ক্ষিত্যাদিষু, সমেষু সর্ব্বত্র সমানেষু সৎস্বপি, সম্যগ্‌বৃত্তা জাতা সন্তঃ পুনর্নিবর্ত্তন্তে বিনশ্যন্তি পদার্থাঃ। যেন হি ক্ষয়োদয়া বিপরীতাঃ। তথাচ একবিধিভ্যো ভূতেভ্যঃ কেবলং জন্ম বা বিনাশো বা ভবত্বিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

বেদেম্বিতি। ব্যাপকং সাধারণম্, বেদেম্বপি চ যদ্বাক্যং "বসন্তে ব্রাহ্মণোঽগ্নীনাদধীত" ইত্যাদিরূপং লৌকিকম্ ঋষ্যাদিলোকপ্রযুক্তম্ "শুধ্যেৎ বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ" ইত্যাদিরূপং যদ্বাক্যম্, তচ্চ কথং উক্তবিধং বিপরীতমিত্যনুবৃত্তিঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

ন তু মাতৃপিতৃবৎ পুণ্যাপুণ্যবচ্চান্তরালিকম্ ॥৫॥ ভূতেষু পঞ্চস্বুপাদানকারণেষু সমেষু সৎসু বিপরীতা বিষমাঃ কথং ক্ষয়োদয়া নিবর্ত্তন্তে নিতরাং বর্ত্তন্তে। বেদেষু যদ্বাক্যং বর্ণধর্ম্মব্যবস্থাপরং "ব্রাহ্মণো বৃহস্পতিসবেন যজেত। রাজা রাজসূয়েন যজেত। বৈশ্যো বৈশ্যস্তোমেন যজেত। তস্মাচ্ছূদ্রো যজ্ঞেঽনবক্লৃপ্ত" ইত্যাদিলৌকিকং স্মৃতিবাক্যং তাদৃশং ব্যাপকং সর্ব্ববর্ণাশ্রমসাধারণং "ন হিংস্যাৎ

'ভগবন্! আপনি যদি আমার উপাসনায় প্রসন্ন হইয়া থাকেন, তাহা হইলে আমার কোন গুরুতর সংশয় আছে; সে বিষয়ে আপনি আমার নিকট বিশেষ ভাবে বলিতে পারেন ॥৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি কোথা হইতে আসিলাম, আপনি বা কোথা হইতে আসিলেন এবং যে বস্তু সর্ব্বশ্রেষ্ঠ, তাহা আপনি সমীচীনভাবে বলুন। আর পৃথিবী-প্রভৃতি ভূত সকল সমান হইলেও পদার্থ সকল তাহা হইতে যথাযথভাবে উৎপন্ন হইয়া আবার বিনষ্ট হয় কেন?। কারণ, উৎপত্তি ও বিনাশ বিপরীত পদার্থ ॥৬॥

বিদ্বন্! বেদের ও স্মৃতির যে যে বাক্য আছে, তাহাও সকলের পক্ষেই সমান হওয়া উচিত; কিন্তু তাহা বিভিন্ন প্রকার হইল কেন? এই সকল আপনি যথা-যথভাবে বলুন' ॥৭॥

বাসুদেবঃ পরমিদং বিশ্বস্য ব্রহ্মণো মুখম্।
সত্যং জ্ঞানমথো যজ্ঞস্তিতিক্ষা দম আর্জবম্ ॥৯॥
পুরুষং সনাতনং বিষ্ণুং যং তং বেদবিদো বিদুঃ।
স্বর্গপ্রলয়কর্ত্তারমব্যক্তং ব্রহ্ম শাশ্বতম্ ॥১০॥
তদিদং ব্রহ্ম বার্ষ্ণেয়মিতিহাসং শৃণুষ্ব মে।
ব্রাহ্মণো ব্রাহ্মণৈঃ শ্রাব্যো রাজন্যঃ ক্ষত্রিয়ৈস্তথা ॥১১॥
বৈশ্যো বৈশ্যৈস্তথা শ্রাব্যঃ শূদ্রঃ শূদ্রৈর্মহামনাঃ।
মাহাত্ম্যং দেবদেবস্য বিষ্ণোরমিততেজসঃ ॥১২॥ (যুগ্মকম)

ভারতকৌমুদী

শৃণ্বিতি। ব্রহ্মস্ব ধারণক্ষমেষু ব্রাহ্মণেষ্বপি গুহ্যং গোপনীয়ম্। অধ্যাত্মম্ আত্মতত্ত্ববিষয়ম্। বসু ধনং ধনবদাচরণীয়ম্ ॥৮॥

বাস্বিতি। বাসুদেবো বিষ্ণুরেব, বিশ্বস্য সর্ব্বস্য ব্রহ্মণো বেদস্য ইদং পরং শ্রেষ্ঠং মুখম্ আদিঃ প্রণবঃ, "তস্য বাচকপ্রণবঃ" ইতি পাতঞ্জলসূত্রাৎ বাচ্যবাচকয়োরভেদাদিতি ভাবঃ। সত্যাদিকমপি বাসুদেব এব ।৯॥

পুরুষমিতি। বেদবিদো জনাঃ, যং তং বিষ্ণুম্, সনাতনং নিত্যং পুরুষম্, স্বর্গপ্রলয়য়োঃ সৃষ্টি-নাশয়োঃ কর্ত্তারং সন্দংশপাতন্যায়াৎ পালনকর্ত্তারঞ্চ সূক্ষ্মত্বাদব্যক্তং শাশ্বতম্, নিত্যং ব্রহ্ম চ বিদুঃ। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥১০॥

তদিতি। বৃষ্ণেরপত্যমিতি বার্ষ্ণেয়ং কৃষ্ণঃ তৎ প্রস্তুতমিদং ব্রহ্ম। তস্যেতিহাসং মে শৃণুষ্ব। মাহাত্ম্যমপি শৃণুষ্বেতি সম্বন্ধঃ ॥১১—১২॥

ভারতভাবদীপঃ

সর্ব্বভূতানী"ত্যাদি; ইদমপি কথং হেতুসাম্যেঽপি কার্য্যবৈষম্যে কিং বীজং তদগ্রহীত্যর্থঃ। শ্লোকদ্বয়মেকং বাক্যম্ ॥৬—৭॥ ব্রহ্মগুহ্যং বেদগোপ্যং বসু ধনং তদ্বদ্রক্ষণীয়মুপকারকং বা ।৮॥ ব্রহ্মণো মুখং বেদাদিঃ প্রণবঃ উপায়োপেয়য়োরভেদাৎ প্রণবাদীনাং বাসুদেবত্বম্ ॥৯॥ উপেয়স্বরূপমাহ—পুরুষমিতি ॥১০॥ এতদেবায়ং কৃষ্ণ ইত্যাহ—তদিতি। বার্ষ্ণেয়ং বৃষ্ণিষু কৃতাবতারম্ ইতিহাসং

গুরু বলিলেন—'যাহা সমস্ত বিদ্যা ও সমস্ত শাস্ত্রের ধনস্বরূপ, সেই আধ্যাত্মিক বিষয় ব্রাহ্মণের নিকটেও গোপনীয়, কিন্তু শিষ্য! তুমি মহাপ্রাজ্ঞ বলিয়া তাহা শ্রবণ কর ॥৮॥

সমস্ত বেদের আদিভূত প্রণব, সত্য, জ্ঞান, যজ্ঞ, তিতিক্ষা, ইন্দ্রিয়দমন ও সরলতা—এ সমস্তই শ্রেষ্ঠ ও বিষ্ণুস্বরূপ ॥৯॥

বেদবিদ্ মহাত্মারা যে সেই বিষ্ণুকে সনাতন পুরুষ, সৃষ্টি, স্থিতি ও প্রলয়ের কর্ত্তা, অব্যক্ত ও নিত্য ব্রহ্ম বলিয়া জানেন ॥১০॥

অর্হস্ত্বমসি কল্যাণং বার্ষ্ণেয়ং শৃণু যৎপরম্ ।
কালচক্রমনাদ্যন্তং ভাবাভাবস্বলক্ষণম্ ।
ত্রৈলোক্যং সর্ব্বভূতেশে চক্রবৎ পরিবর্ত্ততে ॥১৩॥
যত্তদক্ষরমব্যক্তমমৃতং ব্রহ্ম শাশ্বতম্ ।
বদন্তি পুরুষব্যাঘ্র ! কেশবং পুরুষর্ষভম্ ॥১৪॥
পিতৄন্ দেবান্ ঋষীংশ্চৈব তথা বৈ যক্ষরাক্ষসান্ ।
নাগাসুরমনুষ্যাংশ্চ সৃজতে পরমোঽব্যয়ঃ ॥১৫॥
তথৈব বেদশাস্ত্রাণি লোকধর্ম্মাংশ্চ শাশ্বতান্ ।
প্রলয়ং প্রকৃতিং প্রাপ্য যুগাদৌ সৃজতে পুনঃ ॥১৬॥

ভারতকৌমুদী

অর্হ ইতি। ত্বমর্হঃ শ্রোতুং যোগ্যোঽসি। অতএব যৎপরমুত্তমং তৎ কল্যাণং মঙ্গলকরং বার্ষ্ণেয়ং বৃষ্ণিবংশাবতীর্ণকৃষ্ণবিষয়েতিহাসং শৃণু। অনাদ্যন্তং কালচক্রম্, ভাবাভাবৌ উৎপত্তি-বিনাশৌ স্বং লক্ষণং যস্য তত্তাদৃশং ত্রৈলোক্যঞ্চ সর্ব্বভূতেশে তস্মিন্ কৃষ্ণে চক্রবৎ পরিবর্ত্ততে "তস্মিন্ লোকাঃ স্থিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

যদিতি। ন ক্ষরতীত্যক্ষরং নিত্যম্, অমৃতং নিত্যমুক্তম্। তৎকেশবমেব বদন্তীতি সম্বন্ধঃ ॥১৪॥

পিতৄনিতি। অব্যয়ঃ অবিনশ্বরো বিষ্ণুরেব ॥১৫॥

ভারতভাবদীপঃ

তৎস্বরূপপ্রকাশনপরং গ্রন্থম্ ॥১১—১২॥ বার্ষ্ণেয়ং কৃষ্ণাখ্যানং যৎপরং কালচক্রং ন ত্বর্ব্বাচীনং সংবৎসরাখ্যং তৎকেশবং বদন্তীত্যুত্তরেণান্বয়ঃ। ভাবাভাবৌ সৃষ্টিপ্রলয়ৌ স্বলক্ষণং স্বরূপজ্ঞাপকৌ যস্য অধ্যারোপাপবাদাভ্যাং নিষ্প্রপঞ্চং নিরূপ্যত ইতি ন্যায়েনৈব জ্ঞাতুং শক্যম্, ন তু শৃঙ্গগ্রাহিকয়া গবাশ্ববদিত্যর্থঃ ॥১৩॥ সর্ব্বভূতেশে যস্মিন্ ত্রৈলোক্যং চক্রবচ্চক্রারূঢ়পিপীলিকাবৎ পরবশত্বে পরিবর্ত্ততে কেশৈরিব চিত্রশ্মিভির্ব্বাতি সর্ব্বং ব্যাপ্নোতীতি কেশবস্তং পুরুষর্ষভং পুরুষা অন্নময়াদয়ঃ

এই কৃষ্ণই সেই ব্রহ্ম; শিষ্য! তুমি তাঁহার ইতিহাস আমার নিকট শ্রবণ কর। ব্রাহ্মণ ব্রাহ্মণকে, ক্ষত্রিয় ক্ষত্রিয়কে, বৈশ্য বৈশ্যকে এবং শূদ্র মনস্বী শূদ্রকে এই ইতিহাস আর দেবদেব অমিততেজা বিষ্ণুর মাহাত্ম্য শুনাইবেন ॥১১—১২॥

শিষ্য! তুমি শুনিবার যোগ্য; অতএব তুমি যাহা শ্রেষ্ঠ, সেই মঙ্গলময় কৃষ্ণের ইতিহাস শ্রবণ কর। নিত্য, কালচক্র এবং উৎপত্তিবিনাশশীল ত্রিভুবনচক্রের ন্যায় সেই সর্ব্বভূতেশ্বরে পরিবর্ত্তিত হইতেছে ॥১৩॥

পুরুষশ্রেষ্ঠ শিষ্য! মুনিরা পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণকেই সেই নিত্য, অব্যক্ত, মুক্ত ও শাশ্বত ব্রহ্ম বলিয়া থাকেন ॥১৪॥

সেই অবিনশ্বর পরম পুরুষই পিতৃগণ, দেবগণ, ঋষিগণ, যক্ষগণ, রাক্ষসগণ, নাগগণ, অসুরগণ ও মনুষ্যগণকে সৃষ্টি করিয়া থাকেন ॥১৫॥

যথার্ত্তাবৃতুলিঙ্গানি নানারূপাণি পর্য্যয়ে।
দৃশ্যন্তে তানি তান্যেব তথা ভাবা যুগাদিষু ॥১৭॥
অথ যদ্‌যদ্‌যদা ভাতি কালযোগাদ্‌যুগাদিষু।
তত্তদুৎপদ্যতে জ্ঞানং লোকযাত্রাবিধানজম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তথেতি। প্রলয়মতীত্য, প্রকৃতিং প্রাপ্য ॥১৬॥

যথেতি। ঋতৌ বসন্তাদৌ ঋতূনাং লিঙ্গানি চিহ্নানি পুষ্পফলাদীনি, পর্য্যয়ে তাদৃশে তাদৃশে ঋত্বন্তরে। ভাবাঃ পদার্থাঃ। পূর্ব্বযুগেষু যাদৃশা আসন্ এতদ্‌যুগেঽপি তাদৃশা এবেতি ভাবঃ ॥১৭॥

অথেতি। লোকযাত্রাবিধানাং লৌকিকসর্ব্বব্যবহারকরণাৎ জায়ত ইতি তৎ ॥১৮॥

ভারতভাবদীপঃ

পঞ্চ তেষামৃষভং শ্রেষ্ঠমুত্তমং ষষ্ঠমিত্যর্থঃ॥১৪॥ পিতৄনিতি। অব্যয়োঽপরিণামী॥১৫॥ তথৈবেতি। বেদ-কর্ত্তৃত্বং ব্রহ্মণো মহতো ভূতস্য নিঃশ্বসিতমেতদ্‌যদৃগ্বেদ ইত্যাদিশ্রুতিসিদ্ধম্। বাচা বিরূপনিত্যয়েতি বেদনিত্যত্ববচনন্তু বর্ণপদাদ্যানুপূর্ব্ব্যবিভ্রংশমাত্রপরং প্রলীয়তেঽস্মিন্মহদাদিকাযং স প্রলয়স্তং প্রকরোতীতি প্রকৃতিস্তাং লয়োৎপত্তিস্থানং মায়াশবলমপি সৃজতে ইত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ— "নাসদাসীন্নোসদাসীত্তদানীম্। নাসীদ্রজো নো ব্যোমা পরোযদি"তি। সদসদ্রজঃশব্দিতানাং প্রধানশূন্যপরমাণূনামানুমানিকানামিব শ্রৌতস্য পরব্যোম্নোঽপি মায়াশবলাপরনাম্নঃ সৃষ্টেঃ প্রাগভাবং বদন্তী তস্যাপি জন্যত্বং দর্শয়তি। মায়ায়াস্তুচ্ছত্বাদ্‌ব্রহ্মণশ্চাসঙ্গত্বান্ন তয়োরেকীভাবলক্ষণং তাত্ত্বিকং শাবল্যং সম্ভবতি। "তুচ্ছেনাভ্বপিহিতং যদাসীৎ অসঙ্গোহ্যয়ং পুরুষ" ইতি শ্রুতিভ্যাং তস্মাৎ সৃষ্টেঃ প্রাঙ্‌মায়াশবলং ব্রহ্মাসাদিত্যুক্তির্মায়ায়াঃ স্থিত্যৈব যুক্তা ন তু বস্তুবৃত্ত্যা। যথোক্তম্—অস্যাবিদ্যে-ত্যবিদ্যায়ামেবাসিত্বাপ্রকল্প্যত ইতি। অতো যুক্তমুক্তং প্রকৃতিং সৃজতে ইতি। রজ্জুরগবৎ প্রতীতিসমকালায়া এব তৎসৃষ্টেরুপগমাদিতি দিক্ ॥১৬॥ যথেতি। প্রত্যব্দং যথা বসন্তে আম্রবৃক্ষা গ্রীষ্মে মল্লিকা বর্ষাসু কদম্বা নিয়মেন পুষ্পিতা ভবন্ত্যেবং ব্রহ্মহরবিষ্ণ্বাদিষু প্রতিকল্পং সৃষ্টিপ্রলয়-স্থিতিকর্ত্তৃত্বং তদা তদা আবির্ভবতি ॥১৭॥ এতদেব ব্যাচষ্টে—অথেতি। তত্তস্মিংস্তস্মিন্ বিষয়ে লোকযাত্রাব্যবহারস্তস্য বিধানং প্রমাণেন প্রমেয়খ্যাপনং তজ্জং তেন সোপাধিকমেব জ্ঞানমুৎপদ্যতে

সেই ভগবান্ প্রলয়ের পরে যুগারম্ভ সময়ে প্রকৃতিকে সহায় করিয়া পুনরায় সেই পূর্ব্বভাবেই বেদাদিশাস্ত্র সকল এবং চিরন্তন লোকধর্ম্মসমূহ সৃষ্টি করেন ॥১৬॥

বৎসর অতীত হইলে, আবার পূর্ব্ব ঋতু আসিলে, যেমন সেই সেই ঋতুচিহ্ন-স্বরূপ পুষ্প ও ফলপ্রভৃতি দেখা যায়; সেইরূপ যুগারম্ভকালেও পূর্ব্বযুগের ভাবই দেখিতে পাওয়া যায় ॥১৭॥

তারপর, কালবশতঃ যুগারম্ভ সময়ে যখন যখন যাহা যাহা প্রকাশ পায়, লৌকিক ব্যবহারবশতঃ তখন তখন সেই সেই বিষয়ে জ্ঞান জন্মিতে থাকে ॥১৮॥

যুগান্তেঽন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ।
লেভিরে তপসা পূর্ব্বমনুজ্ঞাতাঃ স্বয়ম্ভুবা ॥১৯॥
বেদবিদ্বেদ ভগবান্ বেদাঙ্গানি বৃহস্পতিঃ।
ভার্গবো নীতিশাস্ত্রন্তু জগাদ জগতো হিতম্ ॥২০॥
গান্ধর্বং নারদো বেদ ভরদ্বাজো ধনুর্গ্রহম্।
দেবর্ষিচরিতং গার্গ্যঃ কৃষ্ণাত্রেয়শ্চিকিৎসিতম্ ॥২১॥
ন্যায়তন্ত্রাণ্যনেকানি তৈস্তৈরুক্তানি বাদিভিঃ।
হেত্বাগমসমাচারৈর্যদুক্তং তদুপাস্যতাম্ ॥২২॥

ভারতকৌমুদী

যুগেতি। যুগান্তে প্রলয়কালে অন্তর্হিতান্ মানুষাভাবাদাকাশস্থিতান্ ॥১৯॥

বেদবিদিতি। ভগবান্ ব্রহ্মা বেদ বেদান্ জানাতি স্ম ॥২০॥

গান্ধর্ব্বমিতি। গান্ধর্ব্বং গন্ধর্ব্ববেদম্। ধনুর্গ্রহং ধনুর্ব্বেদম্, দেবর্ষিচরিতমিতিহাসম্। চিকিৎসিতমায়ুর্ব্বেদম্ ॥২১॥

ন্যায়েতি। তৈস্তৈর্গৌতমাদিভিঃ। হেতুর্যুক্তিঃ আগমো বেদঃ সমাচারো লোকব্যবহারশ্চ তৈর্যুক্তম্, তৎ দর্শনশাস্ত্রম্, উপাস্যতাং জ্ঞানায় সেব্যতাম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

ন নিরুপাধিকমিত্যুক্তং ভবতি ॥১৮॥ যুগান্তে যুগাদৌ অন্তর্হিতান্ পূর্ব্বযুগে যেঽভুবংস্তান্, অনুজ্ঞাত উপদিষ্টাঃ, স্বয়ম্ভুবা ব্রহ্মণা ॥১৯॥ বেদবিদ্ভগবান্ ব্রহ্মা বেদাঙ্গানি বৃহস্পতির্ব্বেদেতি সম্বন্ধঃ ॥২০—২১॥ ন্যায়তন্ত্রাণি তার্কিকবৈশেষিককাপিলপাতঞ্জলাদীনি। হেতুর্যুক্তিঃ, আগমো বেদঃ, সদাচারঃ প্রত্যক্ষং তৈঃ প্রমাণৈঃ কৃত্বা এতৈর্মুনিভির্যদ্‌ব্রহ্ম উক্তং তদুপাস্যতামমুখ্যত্বাত্তদুপায়ত্বমেব ন বেদান্তবিজ্ঞেয়মিত্যর্থঃ। তথা চোপাস্যস্যাব্রহ্মত্বং শ্রুতিরাহ—"তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদ-

যুগশেষে ইতিহাস ও বেদসমূহ অন্তর্হিত হইয়া যায়; তাহার পর আবার যুগারম্ভে ব্রহ্মার অনুমতিক্রমে মহর্ষিরা তপোবলে প্রথমে সেই সকল বেদ ও ইতিহাস লাভ করেন ॥১৯॥

বেদজ্ঞ ভগবান্ ব্রহ্মা প্রথমে বেদ অবগত হন, বৃহস্পতি বেদাঙ্গ সকল জানিতে পারেন; আর ভৃগুর পুত্র শুক্র জগতের হিতজনক নীতি শাস্ত্র বলেন ॥২০॥

নারদ গন্ধর্ব্ববেদ, ভরদ্বাজ ধনুর্ব্বেদ, গার্গ্য ইতিহাস এবং কৃষ্ণাত্রেয় আয়ুর্ব্বেদ প্রথমে অবগত হন ॥২১॥

গৌতমপ্রভৃতি বাদিগণ, অনেক ন্যায় গ্রন্থ এবং যুক্তি, বেদ ও লোকাচারসমন্বিত যে দর্শন শাস্ত্র প্রণয়ন করিয়াছেন, তুমি জ্ঞানলাভের জন্য সেগুলির পর্য্যালোচনা কর ॥২২॥